
স্বদেশ
ও
সভ্যতা

4467
20.6.89

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা-পর্ষদ্ কর্তৃক নব-প্রবর্তিত ইতিহাসের সিলেবাস অনুসারে
নবম শ্রেণীর জন্য লিখিত ও অনুমোদিত।
[*Vide Board's Notification No. Syll/H/IX/87/75 dated 13.11.87*]

স্বদেশ ও সভ্যতা

[ভারতবর্ষ]

॥ নবম শ্রেণীর জন্য ॥

শ্রীকমলেশ চন্দ্র লাহিড়ী, এম. এ.
প্রধান অধ্যাপক, ইতিহাস বিভাগ, ত্রিবেণীদেবী ভালোটিয়া কলেজ, রানীগঞ্জ, বর্ধমান।
ইতিহাস পরিচয় (৬ষ্ঠ, ৭ম ও ৮ম) গ্রন্থের গ্রন্থকার
প্রণীত

S.C.E.R.T., West Bengal
Library
Calcutta
25/3, B. T. Road

চলন্তিকা প্রকাশক
৪, কলেজ রো, কলিকাতা-৯

প্রথম প্রকাশ : মে, ১৯৮৭

© গ্রন্থস্বত্ব গ্রন্থকার কর্তৃক সংরক্ষিত

S.C.E.R.T., West Bengal
Date....29....6....89
Acc. No....4467

মূল্য : পঁচিশ টাকা মাত্র

H VIII H IX
KAM

প্রকাশক
শ্রীশিশিরবিন্দু চৌধুরী
চলন্তিকা প্রকাশক
৪, কলেজ রো
কলিকাতা-৭০০০০৯

মুদ্রক
শ্রীদুর্গাপদ ঘোষ
শ্রীঅরবিন্দ প্রেস
১৬, হেমেন্দ্র সেন স্ট্রীট
কলিকাতা-৭০০০০৬

ভূমিকা

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ কর্তৃক নবনির্ধারিত নবম শ্রেণীর পাঠ্যসূচী অনুযায়ী "স্বদেশ ও সভ্যতা" বইটি লিখিত হলো। পর্ষদের নির্ধারিত পাঠ্যসূচী ও তৎসংক্রান্ত নির্দেশ নিষ্ঠার সঙ্গে পালিত হয়েছে এবং নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের গ্রহণ যোগ্যতা সম্পর্কে সচেতন থেকেছি। প্রশ্নপত্রের পরিবর্তিত পদ্ধতির কথা মনে রেখে পরিশিষ্ট অংশে আদর্শ প্রশ্নাবলী এবং বিশিষ্ট ঘটনার সন-তারিখ, বংশ তালিকা ও কালপঞ্জী দেওয়া হয়েছে।

নবম শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য লিখিত বইটি তাদের প্রত্যাশিত আশা মেটাতে পারবে ব'লে বিশ্বাস রাখি। কিন্তু মুদ্রণ-প্রমাদ ও ত্রুটি বিচ্যুতি থাকা অসম্ভব নয়। বইটি সম্পর্কে সহৃদয় শিক্ষক-শিক্ষয়িত্রীদের সহযোগিতা কামনা করি ও বইটিকে ত্রুটিমুক্ত করতে তাঁদের উপদেশ প্রার্থনা করি। বইটি প্রকাশের ব্যাপারে চলন্তিকা প্রকাশকের কর্ণধার শ্রীশিশিরবিন্দু চৌধুরীর আন্তরিক উৎসাহ ও সহায়তা পেয়েছি। এজন্য তাঁদের আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

টি. ডি. বি. কলেজ
রানীগঞ্জ, বর্ধমান

কমলেশ লাহিড়ী

SYLLABUS

1. **Geography & History :**

(a) Chief physical features of the Indian subcontinent and its main ethnic elements. (b) Influence of Geography on History. (c) The Fundamental unity. (d) Sources of ancient Indian History.

2. **Dawn of Indian Civilisation :**

(a) Palaeolithic, Mesolithic and Neolithic stages of cultures. (b) Harappan Civilisation (Chalcolithic), chief features—its antiquity (with special reference to its extent, urban character, town planning, and social, economic and religious life), relations with outside world.

3. **The Vedic Age :**

(a) The "Aryans"—their original homeland ; Their first literary work in India—the Rig-Veds. (b) Vedic literature ; Later *samhitas, Brahmans, Aranyakas, Upanishadas* and *Sutras.* (c) Life of the people as reflected in the Vedic literature—(i) Social economic and religious life and political and administrative activities of the people as known from the Rig-Veda ; (ii) later developments. (d) Expansion of Vedic culture in the subcontinent. (e) Beginning of the Iron Age.

4. **Protest Movement :**

(a) Social, economic and religious causes of the beginning of the movements protesting against the dominance of the age—old Vedic or Brahmanical culture. (b) Jainism and Buddhism. (c) Lives and teachings of Buddha and Mahavir.

5. **The Age of Imperialism and Political Unification :**

(a) Reference to sixteen Mahajanapadas. (b) A bare outline of the history of the growth of the power of Magadha from the days of Bimbisara to the rise of the Mauryas. (c) History of the Maurya empire—with special reference to the periods of Chandragupta (his achievements, administration of the age as known from the account of Magasthenes and the *Arthasastra* of Kautilya dated generally to the Maurya age) and Asoka (his conquest of Kalinga, limits of his empire, propagation of Buddhism and his Dharma, his humanitarian work, his contacts with outside world and his place in world history). (d) Invasions of India by foreigners—(i) Reference only to the extension of the Achaemenid empire to parts of the Indian subcontinent Alexandar's invasion and its effects ; (ii) after the fall of the Mauryas—reference to the rule of the Indo-Greeks, Sakas and Pahlavas ; (iii) Social and economic condition with reference to agriculture, trade and industry—

—foreign elements in the population—contacts with the outside world—Mauryan Art. (e) History of ths Kushana empire with special reference to the reign of Kanhiskha (his probable date, his conquests, limit of his empire, his patronage of Buddhism and Indian art and culture) and to India's contact with the outside world in the Kushana age ; Cultural importance of the Kushana period in Indian History. (f) the Satavahana empire—(i) its extent ; (ii) the achievements of its greatest ruler—Gautamiputra Satakarni. (g) History of the Gupta empire—with special reference to—(i) the periods of Sumudragupta (his conquest and achievements, war against the Saka—Kshatrapas ; (his other achievements,) Chandragupta-II—a legendary figure ; Evidence of Fa-Hien ; Kumargupta-I and Skandhagupta (his success against the Hunas) (ii) Causes of the downfall of the Gupta Empire. Distintive features of the Gupta Culture.

6. **Struggle for Domination :**

(a) *North India*—(i) Reference to the Hunas—Yasodharman ; (ii) Rise of Gauda under Sasanka, his relations with Bhaskarvarman of Kamarupa and Harshavardana of Thaneswar and Kanauj ; (iii) Conquests of Harshavardana, limits of his kingdom,—account of Huan-tsang ; (iv) Rise of the Pratihara and Pala empire—brief reference—to the tripartite struggle and its outcome ; (v) Important Pala and Sena rulers—Dharmapala, Devapala, Mahipala I, Rampala, Vijayasena and Lakshmansena. (b) *Deccan*—(i) the early Chalukyas of Badami ; (ii) Achievements of Pulakesi II ; (iii) the Rashtrakutas ; (iv) Achievements of Givinda III and Krishna III, Later Chalukyas of Kalyans, and achievements of Vikramaditya VI (c. A.D. 1076-1128). (c) *South India*—(i) The Pallavas of Kanchi—some notable rulers and their achievements—the Longdrawn conflict between the Pallavas and Chalukyas ; (ii) The Cholas of Tanjore ; (iii) Achievements of Rajaraja I and Rajendra I with special reference to their overseas campaigns.

7. (a) Social, economic and cultural life from the 7th Century to the 12th Century A. D. under the Palas, the Senas, the Chalukyas, the Rashtrakutas, the Chandellas, the greater Gangas of Orissa and the Pallavas and the Cholas of the far South. (b) Commercial and cultural contacts with outside world.

MEDIEVAL INDIA till 1707

(1) Why should we call it 'Medieval India' rather than Muslim India' ? (2) A brief note on the types of sources ; the Sultanate period. (3) Advent of Islam in India : the Arab

conquest of Sind—its impact negligible. (4) Beginning of Muslim rule : condition of Northern and Western India on the eve of the Muslim invasion—Sultan Mahmud—Results of his invasions—Al-Biruni on Indian culture and civilisation. (5) From Invasion to Empire—building ; Foundation of the Delhi Sultanate by Qutbuddin—Iltutmish and Balban : nature of the external and internal threats—consolidation of the Sultanate. (6) Khalji Imperialism : growth of the empire under Alauddin (no detailed account of his campaigns) his attemps at consolidationg the authority of the Central Government—his economic measures and their results. (7) A short assessment of Muhammad-bin-Tughluq's rule—Nature of the changes during Firuz Shah's rule : some of his beneficient measures. (8) Invasion of Timur—effects—disintegration of the Sultanate : the Sayyids and Lodis (only a brief outline). (9) Rise of some regional powers : (a) Bengal under Ilias-Sahi rulers : Hussain Saha and Nasarat Shah, cultural developments ; (b) The Bahmani Kingdom (no detail)—split up into five kingdoms. (c) The nature of the Bahamani—Vijayanagar conflict (detalis of the wars to be omitted). (d) Vijayanagar empire—Dev Rai and Krishna Rai—special emphasis on the administrative system—and the social, cultural and a economic life. (10) Impact of Islam on India during this period—with particular strees on the impact on the cultural life—the initial orthodox reaction ; gradual synthesis of cultures—the Bhakti culture—Sufism—Religious—references—their message. Art and architecture—development of vernacular literature and regional art and culture—patronage of literature etc. by the ruling groups—growth of Urdu.

THE MUGHAL AGE : 1526-1707

(1) A brief note of the types of sources. (2) Origins of the Mughals : foundation of the Padshahi by Babar,-Panipath, Khanua and Ghogra (detail of wars to be omitted), Babar's memoirs. (a) Mughal—Afghan contest—its nature—a brief narrative of the building up of an empire by Sher Shah—special strees on the administrative and revenue systems. Sher Shah's contributions—a brief reference to the re-establishment of the Mughal power. (b) Widening of the empire and its consolidation by Akbar : Stress on the methods by which Akbar achieved it : (detail of the wars to be omitted)—foundation of a new administrative system—jagirdari system—revenue system—cultural life ; Din-i-Ilahi—Akbar's Court—His building activities. (c) Jahangir and Shahjahan : assessment as rulers : particular stress on their patronage of art and architecture—Their policy towards European traders. (d) Aurangzeb : a short note on the wars of succession—stress on two develop-

ments in the political sphere : further widening of the empire on the one hand, and the emergence on the other of certain conditions which tended to weaken the imperial authority : Roots and nature of his troubles in Northern and North-western India ; the Deccan policy—Shivaji and the first phase of the Mughal—Maratha conflict—organisation of the civil and military administration by Shivaji—assessment of Shivaji as a ruler—the farreaching consequences of Aurangzeb's Deccan wars—organisation by Aurangzeb of the civil and military administration—His religious policy—his character and personality—a brief estimate as g ruler. (e) Activities of the European Trading companies (a brief outline). (3) India under the Mughals : Political unification of a large part of India—measures in connection with the assertion of the Central Authority—the Mughal rulers and Jagirdars—land revenue system—the ruler society of India in the eyes of foreigners—trade, industry and commerce—European traders—special emphasis on the cultural life : art, architecture, paintings, literature—history writing—music—some references to some distinctive regional cultures.

HISTORY OF INDIA : 1707-1947

1. Decline and distintegration of the Mughal Empire—beginning of the process during Aurangzeb's time—a threats to the Mughal Empire from different quarters—drain on the imperial finances due to wars—implications of the fast increase-ing jagirs, while the revenue income did not increase—increased factionalism in the Mughal Court—different parties and factions—Weakness of the successors of Aurangzeb—power struggle—the nobles etc. further consoiidated their powers—Central control over the different Subas and regions gradually disappeared,—effects of the invasion of Nadir Shah. 2. Growth of regional powers (emphasis on those, whose encounters with the British affected the later political scene) : (i) The reigns to be particularly studied Bengal, Hyderabad, Mysose, Awadh, the rise of the Sikhs upto Guru Govind ; (ii) Growth and decline of the Marathas (till 1761)—Expansion of the Maratha Power—Third battle of Panipath (1761)—its impact. 3. Growth of European Commerce and Conflict among European Trading Companies—Anglo-French conflict—Carnatic : the first area of conflict—Effects of the Anglo-French rivalry in Europe and elsewhere—War of Austrian succession and Seven Years' War—Reaction of Carnatic rulers to the growing conflict—Result of the Wars—causes of French failure. 4. Growth of English East India Company's Commerce and Political Power in Bengal till 1765—Growth

of English trade in Bengal in the first half of 18th Century—Farman of 1717—frictions with the Nawabs—conflict between the English and Siraj from 1756 to Plassey—its results—conflict with Mir Qasim : Buxer (1764)—Dewani (1765). 5. 1767—1857 —British Imperial Expansion : (The war operaiions to be described as briefly as possible. The main stress should be given on, (a) The British Motives ; (b) The decisive factors in the British victory)—(a) Marathas (one long narrative) (b) Mysore, Subsidiary Alliance (1798) as an instrument of British political control. (c) Other conquests, excluding relationship with the Sikhs—Anglo-Sikh relations till the death of Ranjit Singh. (d) Annexation of the Punjab. (e) Dalhousie and British imperial expansion—Novel features. 6. **Administrative Foundations**—(i) Nature of the growth of British political power till 1765 (two short paragraphs)-Implications of Diwani of 1765—and of Diarchy in 1772 ; (ii) Growth of centralisation : (Hastings to Cornwallis) ; (iii) Organisation of a new and judicial and police system ; (iv) Need for an increased income from land-revenue—Types of arrangements in this connection—their broad effects. 7. **Industry and Trade**—Expansion of India's foreign trade and decline of some Indian industries—(To stress cotton-goods during the period, 1765-1857). 8. **The Cultural Scene**—(i) Brief note on the old educational system : The changes : English Education—Decline of vernacular Education. Contact with western culture, (ii) A history of social and cultural Movements with special reference to Bengal and Maharastra. 9. **Peasant unrest and uprisings**—(a) Peasant Rebellions-Ferazi-Wahabi Movement ; (b) Tribal Movements Kols—Santhals (10). **The Revolt of 1857**—causes—Extent of popular participation—leadership—Nature of the Revolt.

সূচীপত্র

অধ্যায় | বিষয় | পৃষ্ঠা

১. **ভারতের ভৌগোলিক পরিবেশ ও ইতিহাস :** ...১—১০

(ক) ভারতের প্রাকৃতিক পরিবেশ ১—৪ ; (খ) ভারতের ইতিহাসে ভৌগোলিক প্রভাব ৪—৬ ; (গ) মূলগত ঐক্য ৬—৭ ; (ঘ) প্রাচীন ভারতবর্ষের ইতিহাসের উপাদান ৭—১০ ।

২. **ভারতীয় সভ্যতার উন্মেষ :** ...১১—১৭

(ক) পুরাতন প্রস্তর, মধ্যপ্রস্তর ও নব্যপ্রস্তর যুগের সভ্যতা —১১ ; (খ) হরপ্পার সভ্যতা ১১—১৭ ।

৩. **আর্য সভ্যতা : বৈদিক যুগ :** ...১৮—২৮

(ক) আর্যদের পরিচয় ও আদি বাসস্থান ১৮—১৯ ; (খ) বৈদিক সাহিত্য ১৯—২১ ; (গ) বৈদিক সাহিত্য থেকে পাওয়া বৈদিক যুগে ভারতের জনজীবন ২১—২৭ ; (ঘ) উপমহাদেশে বৈদিক সংস্কৃতির প্রসার ২৭—২৮ ; (ঙ) লৌহ যুগের সূত্রপাত ২৮ ।

৪. **প্রতিবাদী আন্দোলন : জৈন ও বৌদ্ধ ধর্ম :** ...২৯—৩৫

(ক) জৈন ও বৌদ্ধ ধর্ম প্রচারের কারণসমূহ ২৯—৩০ ; (খ) জৈনধর্মের অভ্যুদয় : মহাবীর ৩০—৩২ ; (গ) বৌদ্ধধর্মের অভ্যুদয় : গৌতম বুদ্ধ ৩২—৩৫ ।

৫. **সাম্রাজ্যবাদ ও রাজনৈতিক ঐক্যের যুগ :** ...৩৬—৭৩

(ক) ষোড়শ মহাজনপদ ৩৬ ; (খ) সাম্রাজ্যবাদী শক্তি রূপে মগধের উত্থান ৩৬—৩৮ ; (গ) মৌর্য সাম্রাজ্যের ইতিহাস ৩৯—৪৭ ; (ঘ) ভারতে বৈদেশিক আক্রমণ ৪৭—৫৫ ; (ঙ) কুষান সাম্রাজ্যের ইতিহাস ৫৫—৫৯ ; (চ) সাতবাহন সাম্রাজ্য ৫৯—৬১ ; (ছ) গুপ্ত সাম্রাজ্যের ইতিহাস ৬১—৭৩ ।

৬. **আধিপত্যের জন্য সংগ্রাম ঃ** ...৭৪—৯০

(ক) উত্তর ভারত ঃ হুন আক্রমণ ৭৪ ; শশাঙ্কের অধীনে গৌড়ের উত্থান ৭৪ ; হর্ষবর্ধন ৭৫ ; প্রতিহার ও পাল সাম্রাজ্যের উত্থান ও প্রতিহার-পাল-রাষ্ট্রকূট সংঘর্ষ ৭৮ ; পালবংশ ৭৯ ; সেনবংশ ৮২ ; (খ) দাক্ষিণাত্যে প্রাধান্য বিস্তারের লড়াই ঃ বাদামীর চালুক্যবংশ ৮৩ ; দ্বিতীয় পুলকেশীর কৃতিত্ব ৮৩ ; রাষ্ট্রকূটবংশ ৮৪ ; তৃতীয় গোবিন্দ ও তৃতীয় কৃষ্ণর কৃতিত্ব ৮৫ ; (গ) দক্ষিণ ভারতে আধিপত্যের জন্য লড়াই ঃ পল্লববংশ ৮৭ ; তাঞ্জোরের চোলবংশ ৮৮ ; রাজরাজ চোল ৮৯ ।

৭. **সপ্তম শতাব্দী থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত সামাজিক, অর্থ নৈতিক ও সাংস্কৃতিক জীবন ঃ** ...৯১—১০৬

(ক) পাল ও সেন যুগের সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবন ৯১—১০০ ; (খ) বহির্জগতের সঙ্গে ভারতবর্ষের বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ ১০০—১০৬ ।

মধ্যযুগের ভারতবর্ষ ঃ ...১০৭—১৫১

১. মধ্যযুগ কেন বলা হয় ১০৭
২. সুলতানী যুগের ইতিহাসের উপাদান ১০৮—১০৯
৩. ভারতবর্ষে ইসলামের আগমন—আরবদের সিন্ধু আক্রমণ ১০৯—১১০
৪. মুসলিম রাজত্বের শুরু ১১০—১১৩
৫. মুসলিম আক্রমণ থেকে সাম্রাজ্য প্রতিষ্ঠা ১১৪—১১৯
৬. খলজী সাম্রাজ্যবাদ ১১৯—১২৫
৭. তুঘলক শাসন ১২৬—১৩০
৮. তৈমুর লঙের ভারত আক্রমণ ও সুলতানীর ভাঙ্গন ১৩১—১৩২
৯. কিছু আঞ্চলিক রাজত্বের উত্থান ঃ ১৩৩—১৪২
১০. ভারতীয় সমাজ, ধর্ম ও সংস্কৃতিতে মুসলিম শাসনের প্রভাব ১৪৩—১৫১

মুঘল-যুগ ঃ ...১৫৩—১৯৪

১. **মুঘল-যুগের ইতিহাসের উপাদান** ১৫৩—১৫৪

২. মুঘলদের উৎপত্তি ও বাবর কর্তৃক পাদশাহীর প্রতিষ্ঠা ১৫৫—১৮৬

(ক) হুমায়ুন ও মুঘল-আফগান দ্বন্দ্ব ১৫৭—১৬১ ; (খ) আকবর কর্তৃক মুঘল সাম্রাজ্যের বিস্তার ও সংহতি স্থাপন ১৬১—১৬৮ ; জাহাঙ্গীর ও শাহজাহান ১৬৮—১৭২ ; ঔরঙ্গজেব ১৭২—১৮৩ ; ইউরোপীয় বাণিজ্যিক কোম্পানিগুলির কার্যকলাপ ১৮৪—১৮৬।

৩. মুঘলদের অধীনে ভারতবর্ষ ১৮৭—১৯৪

ভারতবর্ষের ইতিহাস ঃ … ১৯৫—২৮৬

১. মুঘল সাম্রাজ্যের পতন ও ভাঙ্গন ১৯৫—২০১

২. আঞ্চলিক শক্তিসমূহের উদ্ভব ২০১—২১১

৩. ইউরোপীয় বাণিজ্য-বৃদ্ধি ও ইউরোপীয় কোম্পানিগুলির মধ্যে সংঘর্ষ ২১১—২১৮

৪. বাংলাদেশে ১৭৬৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির বাণিজ্যিক ও রাজনৈতিক শক্তির প্রসার ২১৮—২২৭

৫. ব্রিটিশ সাম্রাজ্যবাদী বিস্তার (১৭৬৭—১৮৫৭) ২২৭—২৪৬

৬. শাসন-বিষয়ক ভিত্তি প্রতিষ্ঠা ২৪৬—২৫৭

৭. ব্যবসা-বাণিজ্য ও শিল্প ২৫৭—২৬১

৮. উনবিংশ শতকে সাংস্কৃতিক ও সামাজিক ক্ষেত্রে জাগরণ ২৬২—২৭১

৯. কৃষক-বিক্ষোভ ও বিদ্রোহ ২৭২—২৭৬

১০. উপজাতি-বিদ্রোহ ২৭৭—২৭৮

১১. ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ ২৭৯—২৮৯

পরিশিষ্ট-১

বিভিন্ন বংশ-তালিকা ও গভর্নর … ২৯১—২৯৭

কালপঞ্জী … ২৯৮—৩০০

পরিশিষ্ট-২

আদর্শ প্রশ্নাবলী … ৩০১—৩৪০

১

ভারতের ভৌগোলিক পরিবেশ ও ইতিহাস
[Geography and History]

সূচনাঃ ভারত-ইতিহাসের বিষয়বস্তু (Introduction)

ইতিহাস মানবসমাজের অগ্রগতির বিবরণ। পূর্বের ঘটনা না জানলে বর্তমানকে জানা যায় না। ইতিহাসপাঠের মধ্য দিয়েই আমরা অতীতের সঙ্গে বর্তমানের সম্পর্ক জানতে পারি। ইতিহাস বলতে রাজা-মহারাজাদের শাসনকালের বিবরণ, যুদ্ধবিগ্রহের কাহিনী ইত্যাদি বোঝায় না। ইতিহাসের বিষয়বস্তু হল মানুষ, তার সমাজ, সভ্যতা ইত্যাদি। ইতিহাস শুধু ঘটনার বর্ণনাও নয়—ঘটনার পিছনে যে তথ্য ও উপাদান কাজ করছে তা উদ্‌ঘাটন করা।

ইতিহাসের বিষয়বস্তু

মানুষ তার আবির্ভাবের পর বিভিন্ন স্তর পেরিয়ে আজকের মানুষে পরিণত হয়েছে। সেই মানুষ প্রথমে কি ছিল, কেমন করে বাস করত ও কেমন করে জীবনযাত্রার নানা পর্যায় পেরিয়ে, প্রকৃতি ও পরিবেশের সঙ্গে অবিরাম সংগ্রাম করে সমাজ গড়েছে, শিল্প উৎপাদন করেছে, শহর গড়েছে তাই ইতিহাসের বিষয়বস্তু। মানুষ নানা যুগে বিভিন্ন ধরনের সমাজ গড়ে তুলেছে, এই সমাজ-বিবর্তনে কত রকমের উপাদান যে কাজ করে, তা বিভিন্ন দেশের ইতিহাস পড়লেই জানা যায়। বিগত দুই, তিন দশক ধরে ভারত-ইতিহাসের বিশ্লেষণ এই দৃষ্টিভঙ্গিতেই করা হচ্ছে। এই দৃষ্টিভঙ্গির উদ্দেশ্য হল ভারতের সমাজ, সংস্কৃতি, অর্থনীতি, সামাজিক পরিবেশ ও রাজনীতির উপর এ দেশের বিভিন্ন শ্রেণীর মানুষের ভূমিকা নির্ধারণ করা। আদি যুগ থেকে ভারতের অধিবাসীদের অগ্রগতি, তার সমাজ-গঠন, অর্থনৈতিক ভিত্তি ও রাজনৈতিক সংগঠনের পরিচয়ই ভারতের ইতিহাসের বিষয়বস্তু। এই লক্ষ্য মনে রেখে গবেষকরা নতুন তথ্যের অনুসন্ধান করছেন ও পুরানো তথ্যকে নতুনভাবে বিশ্লেষণ ও ব্যাখ্যা করবেন। তাই ভারত-ইতিহাসকে গতিশীল বা প্রবহমান বলা চলে।

ভারত-ইতিহাসের বিষয়বস্তু

[ক] ভারতের প্রাকৃতিক পরিবেশ
(Chief Physical Features of the Indian Subcontinent and its Main Ethnic Elements)

ইতিহাসের সঙ্গে ভূগোলের ঘনিষ্ঠ সম্পর্ক। কোন দেশের মানুষ ও তার ইতিহাসকে জানতে হলে সেই দেশের ভৌগোলিক পরিবেশের প্রতি দৃষ্টি দেওয়া অবশ্য প্রয়োজন। দার্শনিক **বোঁদা** বলেছেন, "ভূগোল ও আবহাওয়া বিভিন্ন জাতির ভাগ্য নির্ধারণ করে"। প্রতিটি দেশের ইতিহাসে যে ভূগোলের প্রভাব বিশেষভাবে কাজ করে,—সে বিষয়ে আজ আর সন্দেহ নেই। ভারতের ক্ষেত্রেও এর ব্যতিক্রম নেই।

ভারত উপদ্বীপ এশিয়া মহাদেশের দক্ষিণ প্রান্তে অবস্থিত। এই দেশের আয়তন এত বৃহৎ যে, এই দেশকে মহাদেশ বললেও অত্যুক্তি হবে না। এই উপদ্বীপের তিনটি রাষ্ট্রের মধ্যে ভারত যুক্তরাজ্যের আয়তন সবচেয়ে বেশী। উত্তর থেকে দক্ষিণে



ভারতবর্ষ ৩,২০০ কিলোমিটার দীর্ঘ ও পূর্ব থেকে পশ্চিমে ৩,০০০ কিলোমিটার প্রস্থ। ভারতবর্ষের বর্তমান মোট আয়তন হল ৩২,৮০,৪৮৩ কিলোমিটার। আয়তনে ভারত রাশিয়া বাদে সমগ্র ইউরোপের সমান। ভারতের ভূ-প্রকৃতিও বিভিন্ন ধরনের।

প্রাকৃতিক বৈশিষ্ট্যের বিভিন্নতার জন্য ভারতকে পাঁচটি ভৌগোলিক অঞ্চলে ভাগ করা যায় : (১) উত্তর ও উত্তর-পূর্বের পার্বত্য অঞ্চল, (২) সিন্ধু-গঙ্গা-ব্রহ্মপুত্র-বিধৌত সমতলভূমি, (৩) মধ্যভারতের মালভূমি, (৪) দাক্ষিণাত্যের মালভূমি ও (৫) সুদূর দক্ষিণের উপদ্বীপ অঞ্চল।

(১) **উত্তর ও উত্তর-পূর্বের পার্বত্য অঞ্চল**—ভারতের মানচিত্রের দিকে তাকালেই প্রথমে চোখে পড়ে উত্তরের পার্বত্য ভূখণ্ড। কাশ্মীর থেকে আসামের শেষ প্রান্ত পর্যন্ত এই অঞ্চল প্রসারিত। পাহাড়-পর্বত-অরণ্য দিয়ে ঘেরা এই অঞ্চল প্রকৃতির লীলাভূমি। বনজ সম্পদে এই অঞ্চল সমৃদ্ধ। প্রকৃতির সঙ্গে লড়াই করে এখানকার মানুষকে বাঁচতে হয়।

(২) **সিন্ধু-গঙ্গা-ব্রহ্মপুত্র-বিধৌত সমতলভূমি**—ভারতের এই অঞ্চল প্রসিদ্ধ। এই অঞ্চলেই অবস্থিত সিন্ধু নদের উপত্যকা এবং গঙ্গা-যমুনা-ব্রহ্মপুত্র-বিধৌত উর্বর অঞ্চল। বহু নদনদীর অবস্থানের জন্য এই অঞ্চলে যাতায়াতের সুবিধা হয়েছে। এর ফলে এই অঞ্চলে জনবসতি দ্রুত বিস্তার লাভ করেছিল। ভারতের প্রধান সাম্রাজ্যগুলি এই অঞ্চলেই গড়ে উঠেছিল।

(৩) **মধ্যভারতের মালভূমি**—গাঙ্গেয় সমভূমির দক্ষিণে অবস্থিত মধ্যভারতের মালভূমি—গুজরাট হতে রাজমহল পর্যন্ত বিস্তৃত এই অঞ্চল পর্বত ও অরণ্যে ঘেরা। উত্তর ভারত থেকে দাক্ষিণাত্যে যাওয়ার পথে এই অঞ্চলই ছিল প্রধান বাধা। প্রাচীন উপজাতিদের বাসস্থান ছিল এই মালভূমি অঞ্চল।

(৪) **দাক্ষিণাত্যের মালভূমি**—এই অঞ্চল বিন্ধ্য পর্বত ও পশ্চিমঘাট এবং পূর্বঘাট পর্বতশ্রেণীর দ্বারা দেশের অন্য অঞ্চল থেকে বিচ্ছিন্ন। এই মালভূমির মধ্যে প্রবাহিত হয়েছে নর্মদা, তাপ্তী, গোদাবরী ও কৃষ্ণা নদী। এই অঞ্চলে বহু শক্তিশালী রাজ্যের উদ্ভব হয়েছিল।

(৫) **সুদূর দক্ষিণের উপদ্বীপ অঞ্চল**—কৃষ্ণা নদীর দক্ষিণে যে অঞ্চল ক্রমশ সরু হয়ে সমুদ্র পর্যন্ত পৌঁচেছে, সেই অঞ্চলই হল দক্ষিণের উপদ্বীপ অঞ্চল। দাক্ষিণাত্যের মালভূমি হতে এই অঞ্চল বিচ্ছিন্ন নয়। দ্রাবিড় সভ্যতার লীলাভূমি এই অঞ্চল। সমুদ্রের কোলে অবস্থিত হওয়ায় এই অঞ্চল বিদেশের সঙ্গে বাণিজ্য সম্পর্ক স্থাপন করেছিল।

ভারতের বিভিন্ন জাতিগোষ্ঠী (India's main ethnic elements) ঃ

ভারতবর্ষ হল 'মহামানবের সাগর'। বিভিন্ন যুগে নানা জাতির আবির্ভাব ঘটেছে ভারতে। এই বিভিন্ন জাতিগোষ্ঠী পরস্পরের মিলনের ফলে ভারতীয়রা মহাজাতিতে পরিণত হয়েছে। জাতিবিদ্যাগত অনুসন্ধানের ফলে ভারতীয় উপমহাদেশে প্রধান ছয়টি জাতির সন্ধান পাওয়া গেছে। (১) নেগ্রিটো, (২) আদি অস্ট্রেলীয়, (৩) মঙ্গোলীয়, (৪) ভূমধ্যসাগরীয়, (৫) নর্ডিক এবং (৬) ব্রাকিসিফেলিক। সকলের পূর্বে এসেছিল নেগ্রিটো জাতি। কালক্রমে এই জাতি নিশ্চিহ্ন হয়ে যায়। ভারতের অধিবাসীদের মধ্যে আদি অস্ট্রেলীয় শ্রেণীর মানুষদের সংখ্যাধিক্য দেখা যায়। এদের ভাষা ছিল

অস্ট্রীক। বর্তমানের কোল, ভীল, মুণ্ডা প্রভৃতি উপজাতি এদের বংশধর। মঙ্গোলীয় জাতির মানুষদের দেখা যায় নাগা, লুসাই, আসাম ও হিমালয়ের তরাই অঞ্চলে। এদের গায়ের রং হলুদ বা তামার মতো, নাক চাপা ও চোখ ছোট। মঙ্গোলীয় গোষ্ঠীর ভাষা সংস্কৃত ও দ্রাবিড় ভাষা থেকে পৃথক, চীনা-তিব্বতীয় ভাষার সদৃশ। ভূমধ্যসাগরীয় গোষ্ঠীর জাতির লক্ষণ দেখতে পাওয়া যায় কর্ণাটক, তামিলনাড়ু, কেরালা প্রভৃতি অঞ্চলে। এদের গায়ের রং কালো ও মাথার চুল কোঁকড়ান, কপাল চওড়া এবং উচ্চতা মাঝারি। এদের ভাষা সংস্কৃত ও ব্রাহ্মী থেকে পৃথক—দ্রাবিড় গোষ্ঠীর ভাষা। নর্ডিক গোষ্ঠীর মানুষের লক্ষণ দেখা যায় পাঞ্জাব, রাজপুতনা, মহারাষ্ট্র প্রভৃতি অঞ্চলে। এদের গায়ের রং ছিল গৌরবর্ণ, নাক ছিল উন্নত, উচ্চতা ছিল লম্বা। এদের ভাষা সংস্কৃত ভাষা থেকে উদ্ভূত হয়েছে। আর্যরা নর্ডিক গোষ্ঠীর মানুষ। বাংলা, বিহার, উড়িষ্যা, মধ্যপ্রদেশ অঞ্চলে প্রশস্তশির ব্রাকিসিফেলিক গোষ্ঠীর মানুষের লক্ষণ দেখা যায়। পৃথিবীর সব কটি জাতিগোষ্ঠীর অস্তিত্ব ভারতে দেখা যায়। তাই ঐতিহাসিক ভিন্সেণ্ট স্মিথের মতে ভারতকে 'নৃতত্ত্বের যাদুঘর' বলা হয়। মনে রাখতে হবে যে, সব অঞ্চলেই বিভিন্ন জাতির সংমিশ্রণ ঘটেছে। অতীত কাল থেকে যেসব বিদেশী জাতি নানা কারণে ভারতে এসেছিল, কালের স্রোতে তারা ভারতের মূল জনসমাজের সঙ্গে মিশে গিয়েছে।

[খ] ভারতের ইতিহাসে ভৌগোলিক প্রভাব
(Influence of Geography on Indian History)

ইতিহাসের সঙ্গে ভূগোলের সম্পর্ক অতি নিবিড়। আসমুদ্রহিমাচল ভারত উপমহাদেশের উপর ভৌগোলিক প্রভাব বিশেষভাবে লক্ষ্য করা যায়। মিশরের ইতিহাসে যেমন নীলনদের প্রভাব লক্ষ্য করা যায়, ভারতের ক্ষেত্রে তেমনি হিমালয়ের প্রভাব দেখা যায়। নাগাধিরাজ হিমালয় দুর্ভেদ্য প্রাচীরের মত দাঁড়িয়ে ভারতকে বাইরের আক্রমণ থেকে রক্ষা করছে। হিমালয়ের প্রাচীর ভারতের জলবায়ুকেও নিয়ন্ত্রণ করছে। মধ্য এশিয়ার শীতল বাতাস বাধা পাচ্ছে হিমালয়ের কাছে। হিমালয়ের ফলেই বৃষ্টিপাতের দরুন ভারত হয়ে উঠছে শস্যশ্যামলা। হিমালয়ের বুক থেকে নির্গত হয়ে নদীগুলি ভারতবর্ষকে সুজলা-সুফলা করেছে। হিমালয় থাকার ফলেই ভারত বহির্জগৎ থেকে বিচ্ছিন্ন হয়ে নিজস্ব স্বতন্ত্র সংস্কৃতি ও সভ্যতা গড়ে তুলতে পেরেছে। আবার হিমালয়ের মধ্যে অবস্থিত খাইবার, বোলান, গোমাল গিরিপথ ধরে নানা বিদেশী জাতির মানুষ ভারতে প্রবেশ করেছে। এদের সঙ্গে যোগাযোগের ফলে ভারতের অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবন উন্নত হয়েছে।

হিমালয়ের প্রভাব

ভারতের ইতিহাসে নদনদীগুলির প্রভাব বিশেষভাবে লক্ষ্য করা যায়। প্রাচীন মিশরীয় ও মেসোপোটেমিয়ার সভ্যতা যেমন নদী-উপত্যকাগুলিতে গড়ে উঠেছিল, সেইরকম ভারতের প্রাচীন সভ্যতাগুলিও প্রধান নদী-উপত্যকায় গড়ে উঠে। সিন্ধুনদের উপত্যকায় প্রাগৈতিহাসিক হরপ্পার সভ্যতা, পাঞ্জাবের নদনদী ও গঙ্গা উপত্যকায় আর্য সভ্যতা বিকশিত হয়।

নদনদীর প্রভাব

দাক্ষিণাত্যের গোদাবরী, কৃষ্ণা, কাবেরী, তুঙ্গভদ্রা উপত্যকায় দ্রাবিড় সভ্যতার সৃষ্টি হয়। নদীপথগুলি ধরেই বিদেশী জাতিগুলি ভারতের অভ্যন্তরে প্রবেশ করেছিল। সিন্ধু ও গঙ্গা উপত্যকার উর্বর ও সমৃদ্ধশালী অঞ্চল দখলের জন্য বিদেশী জাতিগুলি বার বার ভারত আক্রমণ করেছে। সিন্ধু, গঙ্গা, যমুনা নদনদীর উপত্যকার উর্বর অঞ্চল দখলের জন্য রাজবংশগুলি প্রায়ই যুদ্ধে লিপ্ত হয়েছে। আবার নদীপথ ধরেই চলেছে আভ্যন্তরীণ ব্যবসা-বাণিজ্য। নদীগুলির তীরেই গড়ে উঠেছিল গুরুত্বপূর্ণ রাজনৈতিক কেন্দ্রসমূহ। হস্তিনাপুর, পাটলিপুত্র, কনৌজ, বারাণসী নগরগুলি নদী উপকূলেই বিকশিত হয়েছিল। এই নদী উপত্যকা অঞ্চল উর্বর হওয়ায় কৃষিকার্যে বিশেষ সময় ব্যয় করতে হয়নি। তাই অবসর সময়ে তারা সাহিত্য, দর্শনে মনোনিবেশ করে[1] এবং এক উন্নত মননশীল সভ্যতা গড়ে তুলতে সক্ষম হয়।

সমতল অঞ্চলের প্রভাব

ভারতের ইতিহাসে সমতলভূমিরও বিশেষ প্রভাব দেখা যায়। এই অঞ্চলের বৃষ্টিপাত ও নদীপ্রবাহে জমি হয়ে উঠে উর্বর। জঙ্গলের বনসম্পদ, মাটির নীচের খনিজ-সম্পদ, উর্বর কৃষিক্ষেত্র ভারতকে সমৃদ্ধ দেশে পরিণত করেছে। জীবনযাত্রা সহজ হওয়ায় সমতলের মানুষ শিল্প-সংস্কৃতিতে পারদর্শিতা দেখিয়েছে। সমতলভূমিতেই ভারতের বড় বড় রাজ্য গড়ে উঠেছে, যারা ভারত-ইতিহাসের ধারা নির্ধারণ করেছে।

বিন্ধ্য পর্বতের প্রভাব

ভারতের মধ্যভাগে দাঁড়িয়ে আছে বিন্ধ্যপর্বত। ভারতের ঠিক মাঝখানে আড়া-আড়িভাবে বিন্ধ্যপর্বতের অবস্থান উত্তর ভারত ও দক্ষিণ ভারতের মিলনের বাধাস্বরূপ হয়ে উঠেছে। বিন্ধ্যপর্বত ভারতভূমিকে দুই ভাগে বিভক্ত করেছে, উত্তর ভাগের নাম আর্যাবর্ত্ত ও দক্ষিণ ভাগের নাম দাক্ষিণাত্য, ফলে উত্তরে আর্যসভ্যতা এবং দক্ষিণে দ্রাবিড় সভ্যতাদ্বয় পৃথকভাবে গড়ে উঠেছিল। বিন্ধ্যপর্বতের জন্যই দাক্ষিণাত্যে দ্রাবিড় সংস্কৃতি তার নিজস্বতা নিয়ে বিকশিত হয়েছিল। উত্তর ভারতের মতো বার বার বিদেশী আক্রমণের দ্বারা বিপর্যস্ত না হওয়ায় দাক্ষিণাত্যের জীবনে স্থিতিশীলতা ছিল। এর ফলে দক্ষিণ ভারত ব্যবসা-বাণিজ্যে পার-দর্শিতা দেখিয়েছে। কিন্তু বিন্ধ্যপর্বত চিরকাল বাধা হয়ে ছিল না। আর্যরা কালক্রমে দক্ষিণে এসে উপস্থিত হয়েছিলেন। পুরাণে অগস্ত্যমুনির দক্ষিণে যাওয়ার কথা আছে—তিনি ছিলেন আর্য সভ্যতার প্রতীক। উত্তর-দক্ষিণের এই মিলনের ফলে মিশ্র-সভ্যতায় ভারত সমৃদ্ধ হয়ে উঠে।

সমুদ্রের প্রভাব

ভারতের উপকূলভাগ ৪,৮০০ কিলোমিটার দীর্ঘ। ভারতের সমুদ্র উপকূল ভগ্ন হওয়ায় সমুদ্র দেশের অভ্যন্তরে প্রবেশ করেছে। তাই চোল, কেরল প্রভৃতি জাতি নৌশক্তিতে বলীয়ান হয়েছে এবং তাম্রলিপ্ত প্রভৃতি কয়েকটি প্রাচীন বন্দর গড়ে উঠেছিল। বিশেষ করে দাক্ষিণাত্যের পূর্ব ও পশ্চিম উপকূল সমুদ্রের কাছাকাছি থাকায় এই উপদ্বীপ অঞ্চল একটি স্বাভাবিক নিরাপত্তা ভোগ করেছে। ভারতের কোন শক্তিশালী সামুদ্রিক প্রতিবেশী না থাকায় অষ্টাদশ শতক পর্যন্ত ভারত উপকূলে কোন শক্তিশালী বিদেশীর অনুপ্রবেশ ঘটেনি। ভারতরাষ্ট্র

নৌশক্তিতে উপযুক্ত গুরুত্ব দেওয়ায় ইউরোপীয় রাষ্ট্রগুলি নৌবিদ্যায় পারদর্শী হয়ে ভারতবর্ষ আক্রমণ করে ঔপনিবেশিক সাম্রাজ্য প্রতিষ্ঠা করেছে। এমনিভাবে অরক্ষিত উপকূল ভারতের বিপর্যয় ডেকে আনে। সমুদ্রপথে বাণিজ্য ও উপনিবেশ বিস্তারের মাধ্যমে ভারত তার সভ্যতা প্রতিবেশী দেশগুলিতে ছড়িয়ে দেয়। ব্রহ্ম, সিংহল, মালয়, জাভা, সুমাত্রা, ইন্দোচীনে ভারতীয় ধর্ম প্রচারিত হয় ও উপনিবেশ গড়ে উঠে। এই অঞ্চলকে 'বৃহত্তর ভারত' আখ্যা দেওয়া হয়।

[গ] মূলগত ঐক্য
(Unity in Diversity or the Fundamental Unity)

বৈচিত্র্যের সমাবেশ ঘটেছে ভারতভূমিতে। ভারতের বিপুল আয়তন ও ভৌগোলিক বৈচিত্র্যের জন্য ঐতিহাসিক **এন. এন. ঘোষ** ভারতকে "পৃথিবীর এক ক্ষুদ্র সংস্করণ" বলেছেন। ভারতে বিভিন্ন জাতিগোষ্ঠী—আদি অস্ট্রেলীয়, ভূমধ্যসাগরীয়, মঙ্গোলীয়, নর্ডিক, তুর্কী, পাঠান, শক প্রভৃতি বিভিন্ন জাতির মিলন ঘটেছে। বিভিন্ন ভাষায় বিভিন্ন লিপি যেমন—আরবী, তামিল, মারাঠী, গুরুমুখী প্রভৃতি ভারতে প্রচলিত আছে। ভারতীয়দের মধ্যে বিভিন্ন ধর্মের মানুষ বাস করেন—হিন্দু, বৌদ্ধ, জৈন, ইসলাম, খ্রীষ্টান, জরথুষ্ট্রিয় প্রভৃতি।

ভারতের জাতিগত, ভাষাগত, ধর্মগত বৈচিত্র্য

ভৌগোলিক বৈচিত্র্যও ভারতবর্ষকে বিশিষ্টতা দিয়েছে। ভারতের সীমার মধ্যেই একদিকে তুষারমণ্ডিত উন্নত শির হিমালয় পর্বত, অন্যদিকে নদনদী-সমন্বিত শস্য-শ্যামলা সমতলভূমি, আবার রাজপুতনার মরুভূমি, মধ্যভারতে দণ্ডকারণ্যের গহন বনভূমি একই সঙ্গে বিরাজ করছে।

ভৌগোলিক বৈচিত্র্য

বিপুল আয়তন ও বৈচিত্র্য সত্ত্বেও ভারতবর্ষ এক ও অভিন্ন। এই বৈচিত্র্যের মধ্যেই আছে ঐক্যবোধ। এই ঐক্যবোধকে "বৈচিত্র্যের মধ্যে ঐক্য" বলে ঐতিহাসিকরা উল্লেখ করেছেন। এই ঐক্যবোধই ভারতের জাতীয়তাবাদের ভিত্তিরূপে গণ্য হয়।

বৈচিত্র্যের মধ্যে ঐক্য

ভারতের ঐক্যবোধ তার ভাবজগতের উপর ভিত্তি করে গড়ে উঠেছে। হিমালয় থেকে কন্যাকুমারী পর্যন্ত ভূভাগ ভারতবর্ষ নামে পরিচিত। কিংবদন্তী অনুসারে ভরত রাজার নাম অনুসারে ভারতবর্ষ নাম হয়েছে। ভারতের অধিবাসীদের 'ভরত-সন্ততি' বলা হয়। 'হিমবৎ-সেতু-পর্যন্তম" ভূভাগ ভারত "সহস্র যোজন ব্যাপী"। মনুসংহিতায় ভারতকে 'দেবনির্মিতম দেশম্' বলা হয়েছে। সমগ্র দেশ সম্পর্কে এই চেতনা ও অনুভূতি বহুদিন ধরে চলে আসছে।

ভাবজগতের ঐক্য

ভারতের বেশির ভাগ অধিবাসী হিন্দু সমাজের। দেশের মধ্যে বৈচিত্র্য থাকলেও "বেদ" সম্পর্কে সকলের অসীম শ্রদ্ধা। "উপনিষদ", "গীতা", বিভিন্ন সংহিতা সবার কাছেই পবিত্র ধর্মগ্রন্থ বলে গৃহীত। "রামায়ণ" ও "মহাভারতে"র মর্মকথা সকলের কাছে সমান আবেদন পায়। ভারতের সমগ্রতার কল্পনা গঙ্গা-যমুনা-গোদাবরী-সরস্বতী-নর্মদা-সিন্ধু ও কাবেরী—এই

হিন্দু সংস্কৃতির প্রভাব

সপ্তনদীর মধ্যে পরিস্ফুট। শৈব, শাক্ত, বৈষ্ণব সবার তীর্থস্থান ছড়িয়ে আছে সমগ্র ভারতময়। পুণ্যকামী হিন্দুর মনে ভারতের অখণ্ডতা হল নিশ্চিত সত্য। হিন্দুর ধর্ম এবং আচারও সর্বভারতীয় ঐক্যের ভিত্তির উপর প্রতিষ্ঠিত।

ভারতের নানা ভাষার মধ্যেও এক মৌলিক ঐক্য লক্ষ্য করা যায়। উত্তর ভারতের সব ভাষা এবং দক্ষিণের গুজরাটি, মারাঠী ভাষা প্রভৃতি সংস্কৃত থেকে উদ্ভূত। দক্ষিণের তামিল, তেলেগু, কন্নাড় ও মলয়ালম ভাষায় সংস্কৃতের প্রভাব প্রভূত। তক্ষশীলা থেকে সুদূর দক্ষিণ পর্যন্ত রামায়ণ-মহাভারত পাঠ করা হয় ও দেবভাষা হিসাবে সংস্কৃতের সমাদর ও প্রসার ঘটেছে।

সংস্কৃত ভাষার প্রভাব

ভারতে রাজনৈতিক ঐক্য স্থাপনের প্রচেষ্টা বহু প্রাচীন কাল থেকে চলে আসছে। ভারতের ধর্মশাস্ত্রগুলিতে সর্বভারতীয় রাষ্ট্র প্রতিষ্ঠার আদর্শের কথা বলা হয়েছে। বৈদিক যুগেও একরাট, সম্রাট, বৈরাট, রাজচক্রবর্তী প্রভৃতি শব্দের মধ্য দিয়ে রাজনৈতিক ঐক্য স্থাপনের প্রেরণার পরিচয় পাওয়া যায়। রাজসূয়, অশ্বমেধ, বাজপেয় যজ্ঞের প্রচলন থেকেও জানা যায় রাষ্ট্রক্ষেত্রে একত্রীকরণের কল্পনা শুধু মানসিক বিলাসই ছিল না, সে বিষয়ে বাস্তব চেষ্টাও হয়েছে। মৌর্য ও গুপ্ত সম্রাটরা এই আদর্শে বিশ্বাসী হয়ে সমগ্র ভারতব্যাপী রাজ্য স্থাপনে প্রয়াসী হয়েছেন। সুলতানী যুগে খলজী ও তুঘলকরা এবং মুঘলযুগে অনেক বাদশাহরা ভারতবর্ষময় রাজত্ব স্থাপনের চেষ্টা করেছেন। মুঘলযুগে সমগ্র ভারতকে এক শাসনাধীন করার প্রয়াস অনেক সম্রাটই করেছেন। আধুনিক কালে ইংরেজরা সমগ্র ভারত জয় করে এক শাসনের বন্ধনে আবদ্ধ করেছেন। রেলপথ, ডাক ও তার ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন প্রদেশের মধ্যে যোগাযোগের ফলে ভারতীয় ঐক্যবোধ বৃদ্ধি পেয়েছে। পাশ্চাত্ত্য শিক্ষার বিস্তার ও সংবাদপত্রের দ্বারাও এই ঐক্যবোধ সুদৃঢ় হয়েছে। স্বাধীনতা আন্দোলন ব্রিটিশ বিরোধী মনোভাব সৃষ্টি করে ভারতীয়দের একসূত্রে গ্রথিত করেছে।

রাজনৈতিক ঐক্য

ভারতে হিন্দু-মুসলিম এই দুই সংস্কৃতির ধারা একই সঙ্গে প্রবহমান। মুসলমানরা বাইরে থেকে ভারতে এসেছেন। কিছুদিন বাস করার পর তাঁদের মধ্যেও এই দেশের জল ও মাটির ছাপ পড়ে। তাঁরা ভারতের অধিবাসী হয়ে যান ও ভারতকে স্বদেশ বলে মনে করেন। ভারত হল সমন্বয়ের দেশ। হিন্দু-মুসলিম সংস্কৃতির মিলনে গড়ে উঠেছে ভারতীয় সংস্কৃতি ; ভক্তিবাদ ও সুফীবাদ এই সংস্কৃতির বাহ্য প্রতিফলন। ভারতীয় শিল্পে হিন্দু-মুসলিম রীতির সংমিশ্রণ ঘটেছে।

হিন্দু-মুসলিম সংস্কৃতির মিলন

[ঘ] প্রাচীন ভারতবর্ষের ইতিহাসের উপাদান
(Sources of Ancient Indian History)

ঐতিহাসিকরা বলেছেন যে, ভারতবর্ষের সাহিত্য বিচিত্র এবং নানা দিক থেকে পরিপূর্ণ হলেও একটি দিক থেকে তার অপূর্ণতা হয়ে গেছে, তা হল ঐতিহাসিক

সাহিত্যের অভাব। বিখ্যাত ঐতিহাসিক ডঃ রমেশচন্দ্র মজুমদার মন্তব্য করেছেন যে, ভারতীয় সংস্কৃতির সবচেয়ে বড় ত্রুটি হল ভারতীয়দের ইতিহাস লেখার প্রতি অনীহা*

প্রাচীন যুগের ইতিহাসের উপাদানের শ্রেণী বিভাগ

ব্রাহ্মণ, বৌদ্ধ এবং জৈন সাহিত্য সম্পদের মধ্যে লিভি ও হেরোডোটাসের মতো কোন ঐতিহাসিক রচনা নেই। এর অর্থ এই নয় যে ভারতের কোন স্মরণযোগ্য অতীত নেই। বরং বলা যায় আমাদের প্রাচীন যুগ নানা বীরত্বপূর্ণ সাফল্য, উত্থান, পতন ও নানা বিচিত্র ঘটনার দ্বারা রঞ্জিত। যা নেই, তা হল নিয়মমাফিক, কালানুক্রমিক লিপিবদ্ধ ঘটনাবলী। তবুও প্রাচীন ভারতের ইতিহাসের উপাদান হিসাবে নিম্নলিখিত উপাদান-গুলি আমাদের দৃষ্টি আকর্ষণ করে—(১) প্রাচীন সাহিত্য ও ধর্মশাস্ত্র, (২) প্রাচীন ঐতিহাসিক রচনাবলী, (৩) বৈদেশিকদের বিবরণ এবং (৪) প্রত্নতাত্ত্বিক উপাদান।

১। **প্রাচীন সাহিত্য ও ধর্মশাস্ত্র:** ভারতের প্রাচীনতম সাহিত্য মূলতঃ ধর্মীয় চরিত্রের। অসংখ্য পণ্ডিতের ধৈর্য্য ও পরিশ্রমের ফলে এইসব সাহিত্য থেকে

ধর্মশাস্ত্র ও প্রাচীন সাহিত্য

ইতিহাসের তথ্য খুঁজে পাওয়া গেছে। বেদ, উপনিষদ (বৃহদারণ্যক ও ছান্দোগ্য), বৌদ্ধ ধর্মগ্রন্থগুলি (ত্রিপিটক, নিকায়, জাতক) এবং জৈন ধর্মগ্রন্থগুলি (কল্পসূত্র ও পরিশিষ্টপর্ব্বন) প্রভৃতি ঐতিহাসিক তথ্যে পরিপূর্ণ। বৈদিক সাহিত্য থেকে আর্যদের রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক জীবনের পরিচয় পাওয়া যায়। আধুনিক গবেষণার ফলে প্রাচীন সাহিত্য যেমন "গার্গী সংহিতা" (জ্যোতির্বিদ্যা সংক্রান্ত রচনা) বা কালিদাস ও ভাসের নাটকাবলী পাণিনি'র ব্যাকরণ সংক্রান্ত পুস্তক 'অষ্টাধ্যায়ী' ও পতঞ্জলি'র 'মহাভাষ্য' ইতিহাসের অন্ধকার দিকগুলিকে আমাদের সামনে তুলে ধরেছে।

২। **প্রাচীন ঐতিহাসিক রচনাবলী:** ভারতের প্রাচীন অধিবাসীরা ইতিহাস রচনায় সম্পূর্ণ উদাসীন ছিলেন না। প্রাচীন দুটি মহাকাব্য রামায়ণ ও মহাভারত হিন্দুদের পক্ষে এই দিক থেকে প্রথম মহৎ প্রচেষ্টা। যদিও ধর্মীয় ও সামাজিক পরিস্থিতি বর্ণনায় এই দুই মহাকাব্যের মূল্য অসামান্য। কিন্তু রাজনৈতিক ঘটনা বর্ণনায় ও কালানুক্রমিক সময় তালিকায় এই দুটি বিশ্বাসযোগ্য নয়।

প্রাচীন ঐতিহাসিক রচনাবলী

অনেকের মতে এই অভাব পূরণ করতে পারে পুরাণ সমূহ যা সংখ্যায় ১৮টি। বংশানুচরিত পাওয়া যায় মৎস্য, বায়ু, বিষ্ণু, ব্রহ্মাণ্ড, ভাগবত ও ভবিষ্য পুরাণে। জীবনচরিতকারদের রচনা ইতিহাসের পক্ষে খুবই সাহায্যকারী। মৌর্যযুগে রচিত কৌটিল্যের "অর্থশাস্ত্র", পরবর্তী যুগে কবি বাণভট্ট রচিত "হর্ষচরিত", বাকপতি'র "গৌড়বহো", সন্ধ্যাকর নন্দীর "রামচরিত", পদ্মগুপ্তের "নবসাহসাঙ্কচরিত", বিহ্লনের "বিক্রমাঙ্কদেবচরিত" এই ক্ষেত্রে উল্লেখযোগ্য। প্রাচীন যুগের একমাত্র ইতিহাস রচনা বলতে দ্বাদশ শতকে রচিত কল্হনের "রাজতরঙ্গিনী" একমাত্র উল্লেখ-যোগ্য পুস্তক। সংস্কৃত সাহিত্য ছাড়াও তামিল সাহিত্যিক উপাদান পাওয়া যায়—যা

* Dr R. C. Majumder—Ancient India.

সঙ্গম সাহিত্যের অন্তর্গত। তিন-চার শতক ধরে বিভিন্ন কবি এই সাহিত্য রচনা করেন। কবিদের সমাবেশকে 'সঙ্গম' আখ্যা দেওয়ায়, সাহিত্যের নামও হয়েছে সঙ্গম সাহিত্য। এই সাহিত্য খ্রীষ্টজন্মের পরবর্তী কালে তামিলনাড়ুর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ইতিহাসের গুরুত্বপূর্ণ উপাদান।

৩। **বৈদেশিকদের বিবরণ:** প্রাচীন যুগ হতে বহু বিদেশী পর্যটক, রাজদূত এদেশে এসেছেন ও ভারত সম্পর্কে বিবরণ লিখেছেন। ভারত ইতিহাসের উপাদান হিসাবে আমাদের এইসব বিবরণের আশ্রয় নিতে হয়। এই বিদেশী লেখকদের মধ্যে আছেন গ্রীক, রোমক, চীনা, তিব্বতী, মুসলমান প্রভৃতি নানা জাতির মানুষ। কুইন্টাস, কার্টিয়াস, ডায়াডোরাস প্রমুখ গ্রীক লেখকদের রচনায় আলেকজাণ্ডারের ভারত আক্রমণের কথা জানা যায়। গ্রীকরাজ সেলুকাসের দূত মেগাস্থিনিস মৌর্য সম্রাট চন্দ্রগুপ্তের দরবারে এসেছিলেন। তাঁর রচিত "ইণ্ডিকা" থেকে মৌর্যযুগের সামাজিক ও অর্থনৈতিক চিত্র পাওয়া যায়। প্লিনির রচনা ও টলেমি'র ভূগোল থেকে ঐ যুগের বন্দর, ব্যবসা ও ভৌগোলিক পরিচয় পাওয়া যায়। অজ্ঞাতনামা নাবিক রচিত 'পেরিপ্লাস অব দি এরিথ্রান সি' থেকে ভারতের বিদেশের সঙ্গে বাণিজ্য সম্পর্কের কথা জানা যায়। চীনা পর্যটকদের মধ্যে ফা-হিয়েন, হিউয়েন-সাঙ ও ইৎ-সিঙ বিখ্যাত। ফা-হিয়েনের বিবরণীতে গুপ্তযুগের পরিচয় ও হিউয়েন-সাঙ-এর বিবরণীতে হর্ষবর্ধনের আমলের বিস্তৃত বিবরণ পাওয়া গেছে। তিব্বতী লামা তারানাথের রচনায় পাল যুগ ও মহাযান বৌদ্ধ মত সম্পর্কে জানা গেছে। অষ্টম শতক থেকে আরব পর্যটকরা এদেশে আসেন ও তাঁদের বিবরণ লিপিবদ্ধ করেন। এঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন আলবিরুনী। তাঁর রচিত "তাহকিক্-ই-হিন্দ" তৎকালীন সমাজ, সংস্কৃতি, অর্থনীতির একটি তথ্যের খনি। এছাড়াও সুলেমান, আল-মাসুদি প্রমুখের রচনাতেও ভারতের বিবরণ আছে।

৪। **প্রত্নতাত্ত্বিক উপাদান:** সাহিত্য যেখানে অবোধ্য ও অস্পষ্ট, প্রত্নতাত্ত্বিক উপাদান সেখানে আমাদের সাহায্য করে। প্রত্নতাত্ত্বিক উপাদানকে তিন ভাগে ভাগ করা হয়—(ক) লিপি, (খ) মুদ্রা ও (গ) স্থাপত্য ভাস্কর্য ইত্যাদি।

প্রত্নতাত্ত্বিক উপাদানের শ্রেণীবিভাগ

(ক) লিপি: প্রাচীন ভারতের ইতিহাসের তথ্য হিসাবে খ্রীষ্টপূর্ব চতুর্থ ও পঞ্চম শতাব্দী থেকে বহু সহস্র লেখ বা লিপি আবিষ্কার করা হয়েছে। এই লেখগুলি পাথরের উপর, স্তম্ভে, ধাতুপাত্রে, গুহায়, মন্দিরে বিভিন্ন ভাষায় খোদিত অবস্থায় পাওয়া যায়। প্রাচীনকালে কাগজপত্রের ব্যবহার ছিল না, তখন শাসকরা পাথরের উপর অথবা তামা, লোহ, ব্রোঞ্জ প্রভৃতি ধাতুর উপর তাঁদের আদেশ, দানপত্র, উপদেশ ইত্যাদি খোদাই করে দিতেন। পরবর্তী কালে এইগুলির কোনও পরিবর্তন না হওয়ায় ইতিহাসের তথ্য হিসাবে বিশ্বাসযোগ্য। ব্রাহ্মী, খরোষ্ঠী, তামিল, পালি, প্রাকৃত, সংস্কৃত প্রভৃতি ভাষায় বহু লেখ পাওয়া গেছে। এই লেখগুলি পাঠোদ্ধারের ফলে আমরা জানতে পারি এইগুলি রচিত হয়েছে বিভিন্ন

লিপির গুরুত্ব

কারণে—ব্যক্তিগত ঘটনা স্মরণীয় করার জন্য, দানধ্যানের জন্য, যুদ্ধ জয়ের গৌরব হিসাবে বা ধর্মীয় উপদেশ হিসাবে। অশোকের লেখগুলি, সমুদ্রগুপ্তের রাজত্বে এলাহাবাদ শিলালেখ, রুদ্রদামনের জুনাগড় শিলালেখ, খারবেলের হস্তিগুম্ফা লেখ উল্লেখযোগ্য।

(খ) মুদ্রা : প্রাচীন ভারতের ইতিহাসের অপর উল্লেখযোগ্য উপাদান হল মুদ্রা। এই মুদ্রাগুলি ছিল প্রধানত সোনা, রূপা, তামা ও ব্রোঞ্জের। এই মুদ্রাগুলি থেকে সন, তারিখ, রাজার শাসনকাল, ধাতুশিল্পের উন্নতি, শাসকের ধর্মমত, অর্থ নৈতিক অবস্থা ও রাজত্বের সীমার ধারণা করা যায়। সমুদ্রগুপ্তের মুদ্রায় বীণাবাদনরত তাঁর মূর্তি থেকে তাঁর সঙ্গীতানুরাগের পরিচয় পাওয়া যায়। মুদ্রার বিস্তৃতি থেকে রাজার রাজত্ব সীমা বা বাণিজ্য সম্পর্কে জানা যায়। শক, পহ্লব ও কুষানদের ইতিহাস আমরা মূলতঃ তাদের মুদ্রা থেকেই উদ্ধার করেছি।

মুদ্রার গুরুত্ব

(গ) স্থাপত্য, ভাস্কর্য ইত্যাদি : প্রাচীন সৌধমালা, স্থাপত্য ও ভাস্কর্য থেকে রাজনৈতিক ইতিহাস পাওয়া না গেলেও প্রাচীন যুগের সমাজ, অর্থনীতি, শিল্প ইত্যাদির অনেক তথ্য পাওয়া যায়। খননের ফলে আবিষ্কৃত হয়েছে মহেঞ্জোদরো—হরপ্পার প্রাচীন সভ্যতা, তক্ষশীলার নগর জীবন, অঙ্কোরভাটের ও বরবুদুরের মন্দির, সাঁচীর বৌদ্ধ বিহার, সারনাথের স্তূপ, মথুরায় কনিষ্কের মূর্তি ইত্যাদি। বিভিন্ন স্থানে বিক্ষিপ্তভাবে অবস্থিত প্রাসাদ, সৌধমালা, মূর্তি, শিল্পদ্রব্য ইত্যাদি আমাদের প্রাচীন যুগের সংস্কৃতি, অর্থনীতি, শিল্প, আচার-ব্যবহার নির্ণয়ে মহামূল্যবান সহায়ক।

স্থাপত্য ও ভাস্কর্যের গুরুত্ব

২

ভারতীয় সভ্যতার উন্মেষ
[Dawn of Indian Civilisation]

[ক] পুরাতন প্রস্তর, মধ্যপ্রস্তর ও নব্যপ্রস্তর যুগের সভ্যতা
(Palaeolithic, Mesolithic and Neolithic Stages of Cultures)

পুরাতন প্রস্তর যুগ : খ্রীষ্টজন্মের ৫০০,০০০ বছর পূর্ব থেকে ভারতে মানুষের বসতি শুরু হয়েছে। সেই প্রাচীন আমলের মানুষ পাথরের জিনিস ব্যবহার করত। তবে তাতে মসৃণতা ছিল না বা কোন সৌন্দর্যও ছিল না। এই প্রস্তরনির্মিত জিনিস পাওয়া গেছে দক্ষিণ ভারতে, পাকিস্তানের শোন নদীর উপত্যকায় ও কাশ্মীরে। এইসব পাথরের টুকরো ব্যবহার করা হত শিকার ও অন্যান্য কাজে। তখন মানুষ ছিল খাদ্য-সংগ্রাহক। কোনও মতে ফলমূল সংগ্রহ করে ও শিকার করে জীবিকা নির্বাহ করত। কৃষিকাজ বা ঘরবাড়ী তৈরির অভিজ্ঞতা তখন তাদের ছিল না। ৮,০০০ খ্রীষ্টপূর্বাব্দ পর্যন্ত ভারতের মানুষ এই ধরনের জীবনযাত্রা অনুসরণ করে। ভারতে পুরাতন প্রস্তর যুগ ভূতত্ত্ববিদ্যার বরফযুগের সমসাময়িক ছিল।

পুরাতন প্রস্তর যুগ

মধ্যপ্রস্তর যুগ : আনুমানিক ৮,০০০ খ্রীষ্টপূর্বাব্দে বরফের যুগের অবসান হয়। আবহাওয়া শুকনো ও গরম হওয়ায় মানুষের পক্ষে নতুন অঞ্চলে ছড়িয়ে পড়া সম্ভব হল। এই সময় শুরু হয় মধ্যপ্রস্তর যুগ। ভারতে এই যুগ স্থায়ী হয়েছিল ৮,০০০ খ্রীষ্টপূর্বাব্দ থেকে ৪,০০০ খ্রীষ্টপূর্বাব্দ পর্যন্ত। মধ্যপ্রস্তর যুগের ব্যবহৃত পাথরগুলি ছিল আকারে ছোট। ছোটনাগপুর, মধ্যভারত এবং কৃষ্ণা নদীর দক্ষিণে বিভিন্ন অঞ্চলে মধ্যপ্রস্তর যুগের বহু নিদর্শন আবিষ্কার করা হয়েছে।

মধ্যপ্রস্তর যুগ

নব্যপ্রস্তর যুগ : ভারতে নব্য প্রস্তর যুগের সূচনা হয়েছিল ৬,০০০ খ্রীষ্টপূর্বাব্দ নাগাদ। মধ্যপ্রস্তর যুগের মানুষ মসৃণ পাথরের তৈরী জিনিস ব্যবহার করত। এরা বিশেষভাবে পাথরের কুঠার ব্যবহার করত। কাশ্মীর উপত্যকার বুরজাহমে এর নিদর্শন পাওয়া গেছে। এখানকার মানুষ যে মাটির পাত্র ব্যবহার করত, তাতে মসৃণতা বা কারুকার্যের কোনও ছাপ নেই। গোদাবরী নদীর দক্ষিণে নব্যপ্রস্তর যুগে ব্যবহার করা হত পাথরের কুঠার ও ধারালো পাথরের অস্ত্রশস্ত্র। অনুমান করা হয় এরা গবাদি পশুপালন করত। আসামের পার্বত্য অঞ্চল, কর্ণাটকের মাসকি, ব্রহ্মগিরি, হাল্লুর প্রভৃতি অঞ্চলেও নব্যপ্রস্তর যুগের চিহ্ন পাওয়া গেছে।

নব্যপ্রস্তর যুগ

[খ] হরপ্পার সভ্যতা (Harappan Civilisation)

মিশরের নীলনদ, পশ্চিম এশিয়ার টাইগ্রিস ও ইউফ্রেটিস নদী উপত্যকায় যে প্রাচীন

সভ্যতার উদ্ভব ঘটেছিল, সেইরকম ভারতেও সিন্ধু উপত্যকায় সমসাময়িক এক বহু বিস্তৃত সভ্যতার সন্ধান গবেষকরা পান। ইতিহাসে এই সভ্যতাকে হরপ্পার সভ্যতা বলা



হয়েছে। ১৯২১ খ্রীষ্টাব্দে এই সভ্যতার আবিষ্কারের কৃতিত্ব রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের প্রাপ্য বললে অন্যায্য হবে না। স্যার জন মার্শাল, মিঃ ম্যাকে, দয়ারাম সাহনী,

ননীগোপাল মজুমদার, মার্টিমার হুইলার প্রমুখ পণ্ডিতদের এই সভ্যতার আবিষ্কারের পিছনে বিশিষ্ট অবদান আছে। বয়সে হরপ্পার সভ্যতা তাম্র-প্রস্তরযুগের চেয়েও প্রাচীন। কিন্তু হরপ্পার সভ্যতা তাম্র-প্রস্তর যুগের চেয়ে অনেক বেশী উন্নত ছিল। হরপ্পার সভ্যতা খ্রীষ্টপূর্ব ৩,০০০ বছর পূর্বে শুরু হয়েছিল বলে পণ্ডিতরা অনুমান করেন। খ্রীষ্টপূর্ব ১,৭৫০ অব্দ বছর পর্যন্ত এই সভ্যতার অস্তিত্ব ছিল। এই সভ্যতা পূর্ণতা লাভ করেছিল খ্রীষ্টপূর্ব ২,২০০ অব্দ ও ২,০০০ অব্দের মাঝামাঝি।

আবিষ্কার ও বয়স

পাঞ্জাবের কিছু অংশ, সিন্ধুপ্রদেশ, বালুচিস্তান, গুজরাট, রাজস্থান ও পশ্চিম-উত্তর প্রদেশের প্রত্যন্ত অঞ্চল ছিল এই সভ্যতার অন্তর্গত। উত্তরে জম্মু থেকে দক্ষিণে নর্মদা নদী, পশ্চিমে বালুচিস্তানের মাকরান উপকূল থেকে উত্তর-পূর্বে মীরাট পর্যন্ত এই সভ্যতা বিস্তৃত ছিল। অঞ্চলটি ত্রিভুজের মত এবং আয়তন ১,২৯৯,৬০ বর্গকিলোমিটার। সিন্ধু বা হরপ্পার সভ্যতার ২৫০টি কেন্দ্র আবিষ্কৃত হলেও ছ'টিকে নগর বলে চিহ্নিত করা যায়। এর মধ্যে পাঞ্জাবের হরপ্পা ও সিন্ধুপ্রদেশের মহেঞ্জোদরো পাকিস্তানের অন্তর্গত। তৃতীয় শহরটি মহেঞ্জোদরো থেকে ১৩০ কিলোমিটার দূরে চানহুদারোতে। গুজরাটের কাম্বে উপত্যকায় লোথাল হল চতুর্থ শহর। উত্তর রাজস্থানের কালিবানগানে পঞ্চম ও হরিয়ানার হিসার জেলার বনওয়ালিতে ষষ্ঠ শহরটি পাওয়া গিয়াছে। এ ছাড়াও গুজরাটের রংপুর ও রাজোদিতেও হরপ্পা-সভ্যতার শেষ পর্যায়ের নিদর্শন পাওয়া গিয়েছে।

হরপ্পার সভ্যতার বিস্তৃতি

শহর-জীবন ও নগর পরিকল্পনা (Urban Life and Town Planning) ঃ

হরপ্পার সভ্যতার বৈশিষ্ট্য হল এই সভ্যতা ছিল নগরভিত্তিক সভ্যতা। সুসভ্য ও সমৃদ্ধ সভ্যতার যেসব লক্ষণ, তার সবই আমরা হরপ্পার সভ্যতার নগরসমূহে লক্ষ্য করি। এই সভ্যতার প্রতীক নগরসমূহ হচ্ছে মহেঞ্জোদরো, হরপ্পা, কালিবানগান ও লোথাল। এইসব নগরে রাস্তাঘাট সুপরিকল্পিত ছিল, ঘরবাড়ী পোড়া ও কাঁচা ইট ও পাথরের তৈরী ছিল, বাড়ীর দূষিত জল রাস্তার পাকা-বাঁধানো পয়ঃপ্রণালীতে গিয়ে পড়ত।

নাগরিক সভ্যতা

হরপ্পার সভ্যতার নগরগুলি ছিল সুপরিকল্পিত। হরপ্পা ও মহেঞ্জোদরোতে একটি করে নগর-দুর্গ নির্মিত হয়েছিল। শাসকশ্রেণীর ব্যক্তিরা এই অঞ্চলে বাস করতেন। নগর-দুর্গের নিচেই উভয় শহরেই ছিল উপনগরী।

নগর-দুর্গ ও উপনগরী

শহরের রাস্তাগুলি ছিল সোজা—উত্তর-দক্ষিণ ও পূর্ব-পশ্চিমে সমান্তরালভাবে বিস্তৃত। ম্যাকে বলেছেন রাস্তাগুলি এমনভাবে তৈরি ছিল যে, একে অপর রাস্তাকে সমকোণে বিভক্ত করেছিল এবং প্রাকৃতিক হাওয়ায় আপনা-আপনি পরিষ্কার হয়ে যেত। এই রাস্তাগুলির দ্বারা

রাস্তা

শহরটি সাতটি সমআয়ত ব্লকে বিভক্ত করা ছিল। গলিপথ বড় রাস্তায় মিলিত হত। এই গলির দুপাশেই ছিল বসতবাড়ী।



মহেঞ্জোদরোর স্নানাগার

বাড়ী-নির্মাণ-পদ্ধতি

বাড়ীগুলি বেশির ভাগ পোড়া ইটের তৈরী হত। বাড়ীগুলির প্রবেশপথ গলির দিকে ছিল। বাড়ীগুলিতে কোন জানালা থাকত না; তবে বায়ুচলাচলের জন্য উপরের দিকে পাথরের ঝাঝরি লাগান থাকত। প্রতি বাড়ীতেই কূপ থাকত। অনেক বাড়ী দ্বিতল হত ও দোতলায় যাবার জন্য সিঁড়ি থাকত।

মহেঞ্জোদরোতে একটি স্নানাগার আবিষ্কৃত হয়েছে। এই স্নানাগারের বাইরের দিকের মাপ ছিল ১০০ × ১০৮ ফুট। স্নানাগারের মাঝখানে একটি জলাশয় ছিল, যার মাপ ছিল দৈর্ঘ্যে ৩৯ ফুট, প্রস্থে ২৩ ফুট ও গভীরতায় ৮ ফুট।

স্নানাগার ও শস্যাগার

এর চারধারে জামা-কাপড় পরার জন্য ছোট ছোট ঘর ছিল। স্নানাগারের মেঝে পোড়ামাটির ইটের তৈরি ছিল। হরপ্পায় একটি শস্যাগারও পাওয়া গিয়েছে, যার আয়তন ছিল ১৬৯ × ১৩৫ ফুট। পোড়ামাটির ইটের শক্ত ভিতের উপর এই শস্যাগার নির্মিত হয়েছিল।



মহেঞ্জোদরোর পয়ঃপ্রণালী

পোড়া ইটের ব্যবহার ও পয়ঃপ্রণালী

হরপ্পার সভ্যতার নগর পরিকল্পনার বিশিষ্টতা ছিল পোড়ামাটির ইটের ব্যবহার। সমসাময়িক মিশরের সভ্যতায় তখনও পোড়া ইটের ব্যবহার ছিল না। মহেঞ্জোদরো নগর পরিকল্পনায় পয়ঃপ্রণালীর ব্যবস্থা ছিল যথেষ্ট উন্নত। বাড়ীগুলি থেকে জল গিয়ে পড়ত রাস্তার নর্দমায়। কখনও ইট দিয়ে আবার কখনও পাথরের চাঁই দিয়ে এই পয়ঃপ্রণালীগুলি ঢাকা থাকত। জলের সঙ্গে আসা আবর্জনা পরিষ্কারের জন্য মাঝে মাঝে বিশেষ ব্যবস্থা ছিল।

হরপ্পার সভ্যতায় ধনী ও দরিদ্রের বাসস্থানের মধ্যে পার্থক্য দেখা যায়। হরপ্পায় একটি বাড়ীর উঠানের চারিদিকে দুই কক্ষবিশিষ্ট অনেক ঘর দেখতে পাওয়া গেছে। এইগুলি শ্রমিকদের বাসস্থান বলে অনুমান করা হয়। কোন কোন ঐতিহাসিক মনে করেন, হরপ্পার সভ্যতায় সমাজে শ্রেণীগত বিভেদ বর্তমান ছিল।

বাড়ীগুলির তারতম্য

সামাজিক অবস্থা (Social Life) :

হরপ্পা-সভ্যতা ছিল কৃষিভিত্তিক। শহরগুলির বাইরে বিস্তীর্ণ অঞ্চলে কৃষিকাজ হত। সিন্ধু ও উপনদীগুলিকে বাঁধ দিয়ে জল ধরে রাখা হত। এই সভ্যতার অধিবাসীরা খাদ্য হিসাবে গম, যব, তরিতরকারি, কড়াইশুঁটি, বাদাম, খেজুর ব্যবহার করত। গ্রামাঞ্চলে এই খাদ্যশস্যগুলি উৎপন্ন হত। অনুমান করা হয় ১,৫০০ খ্রীষ্টপূর্ব লোথালে ধানের চাষ হত। আমিষ খাদ্যের মধ্যে ছিল ভেড়ার মাংস, শূকরের মাংস, পাখীর মাংস এবং মাছ। সিন্ধু-উপত্যকায় ব্যাপকভাবে পশুপালনও করা হত। বলদ, মহিষ, ছাগল, ভেড়া ও শূকর ছিল গৃহপালিত প্রাণীদের মধ্যে প্রধান। অশ্বের দেখা পাওয়া যায় না।

কৃষি ও খাদ্য

হরপ্পায় পাওয়া একটি ছোট মূর্তি থেকে এই সভ্যতার পোশাকের পরিচয়ও পাওয়া যায়। এরা নিম্ন অঙ্গে ধুতির মত কাপড় ও ঊর্ধ্ব-অঙ্গে চাদর ব্যবহার করত। এই সভ্যতায় তুলার ব্যবহার ব্যাপক ছিল। সিন্ধু-অঞ্চলে তুলা উৎপন্ন হত বলে গ্রীকরা এর নাম দিয়েছিল "সিণ্ডন"। এই অঞ্চলের অধিবাসীরা পশমের পোশাকও ব্যবহার করত। মহিলারা নানা অলঙ্কার ব্যবহার করত ; যেমন—কান, হাত ও গলায় অলঙ্কার পরা হত। অলঙ্কার তৈরী হত সোনা, রূপা ও দামী পাথরের। মহিলারা কেশবিন্যাস করত নানাভাবে।

পোশাক ও অলঙ্কার

অর্থনৈতিক জীবন (Economic Life) :

কৃষিই ছিল মূল জীবিকা ; তবে হরপ্পার সভ্যতা কারিগরি ও শিল্পে উন্নত ছিল। এই সভ্যতা ব্রোঞ্জযুগের সমসাময়িক। পাথরের তৈরী বহুবিধ জিনিসপত্র ও অস্ত্রশস্ত্র তৈরী হত বটে, তবে ব্রোঞ্জ তৈরী করা ও ব্যবহারে তারা সুদক্ষ ছিল। টিনের সঙ্গে তামা মিশিয়ে ব্রোঞ্জ তৈরী হত। শুধু মূর্তি বা বাসনপত্র নয়, ব্রোঞ্জশিল্পীরা কুঠার, করাত প্রভৃতি অস্ত্র ও যন্ত্র তৈরী করতেন। হরপ্পার সভ্যতার শহরগুলিতে অনেক ধরনের শিল্প গড়ে উঠেছিল। বোনা কাপড় থেকে অনুমান করা হয় বস্ত্রশিল্প গড়ে উঠেছিল। সম্ভবত টাকুর সাহায্যে সুতা কাটা হত। বড় বড় ইটের ভাটিখানা দেখে মনে হয় ইট তৈরী ছিল বিশেষ পেশা। রাজমিস্ত্রী ও স্থপতিরা ছিলেন বিশেষ শ্রেণী। তাঁরা নৌকা নির্মাণের চেষ্টাও করেছেন। স্বর্ণকাররা সোনা, রূপা ও দামী পাথর দিয়ে অলঙ্কার তৈরী করতেন। সীলমোহর ও পোড়ামাটির মূর্তি তৈরীও ছিল বিশেষ জীবিকা। মাটির পাত্র তৈরী হত কুমোরের চাকা দিয়ে। মৃৎশিল্পে বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়। অধিকাংশ পাত্রই ছিল উজ্জ্বল ও মসৃণ।

কারিগরি ও শিল্প

সিন্ধুবাসীর যেসব পণ্য তৈরী করত তার কাঁচামাল ঐ অঞ্চলে মিলত না। তারা

ধাতুর তৈরী মুদ্রা ব্যবহার করত না। পণ্যই ছিল বিনিময় মাধ্যম। উৎপাদিত পণ্যের বিনিময়ে তারা ধাতু সংগ্রহ করত। রাজস্থান, আফগানিস্তান ও ইরানের সঙ্গে সিন্ধু-বাসীদের বাণিজ্যিক যোগাযোগ ছিল। টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীতীরের নগরগুলির সঙ্গে সিন্ধু উপত্যকার শহরগুলির বাণিজ্য সম্পর্ক ছিল। এই সভ্যতার অনেক সীলমোহর মেসোপোটেমিয়ায় পাওয়া গিয়েছে। লোথালে একটি জাহাজের বন্দর আবিষ্কৃত হয়েছে। স্থলপথে মহীশূর ও

ব্যবসা ও বাণিজ্য



মহেঞ্জোদরোতে আবিষ্কৃত সীলমোহর

গুজরাট পর্যন্ত বাণিজ্য চলত। বাণিজ্যের সুবিধার জন্য এই সভ্যতায় শহরবাসীরা বিভিন্ন ওজনের বাটখারা ব্যবহার করত।

ধর্মীয় জীবন (Religious Life):

হরপ্পায় অসংখ্য নারীমূর্তি আবিষ্কৃত হয়েছে। নারী ছিল পৃথিবীর অধিষ্ঠাত্রী দেবী। মনে হয় হরপ্পাবাসীরা পূজা করত পৃথিবীর দেবীকে। একটি সীলমোহরে পুরুষ দেবতার ছবি পাওয়া যায়। এই মূর্তি যোগীর আসনে বসে আছেন—তিনটি হাত এবং মাথায় শিং। তাঁর পায়ের তলায় দুটি হরিণশিশু। এই সীলমোহর আমাদের পশুপতি মহাদেবের কথা মনে করিয়ে দেয়। এ ছাড়া লিঙ্গমূর্তি পূজার প্রমাণও পাওয়া যায়। হরপ্পাবাসীরা গাছপালারও উপাসনা করতেন। পিপ্পলীগাছের শাখার মাঝে বসা এক দেবতার ছবি সীলমোহরে আছে।

নারীমূর্তি ও পুরুষ দেবতা



পশুপতি-মূর্তি

গাছপালার সঙ্গে অনেক প্রাণীও উপাসনার বিষয়বস্তু ছিল। প্রাণীদের মধ্যে কুঁজ-বিশিষ্ট ষাঁড়ই ছিল প্রধান।

বহির্বিশ্বের সঙ্গে সম্পর্ক (Relations with Outside World):

হরপ্পার সভ্যতার নগর পরিকল্পনা, বিশেষ করে ঘরবাড়ী নির্মাণ-পদ্ধতি ও পয়ঃ-প্রণালী, লক্ষ্য করে কোনও কোনও ঐতিহাসিক পশ্চিম এশিয়ার স্থমেরীয় ও মেসো-পোটেমিয়ার সভ্যতার সঙ্গে সাদৃশ্য দেখতে পান। উভয় সভ্যতাই ছিল তাম্রযুগের ও নদীমাতৃক। স্থমেরীয়দের মত সিন্ধু-উপত্যকার অধিবাসীরা চিত্রলিপি ব্যবহার করত ও কুমোরের চাক ব্যবহার করত। অনেকে মনে করেন স্থমেরীয় ও মেসোপোটেমিয়ার সভ্যতার প্রভাবে হরপ্পার সভ্যতা গড়ে উঠেছিল।

স্থমেরু সভ্যতার প্রভাব

সিন্ধু-অঞ্চলের শহরগুলির সঙ্গে ইউফ্রেটিস ও টাইগ্রিস নদীতীরের শহরগুলির বাণিজ্যিক সম্পর্কও ছিল। মেসোপোটেমিয়ার শহরবাসীর অনেক প্রসাধন-দ্রব্য সিন্ধু-বাসীরা ব্যবহার করত। খ্রীষ্টপূর্ব ২,৫০০ অব্দ থেকে মেলুহার সঙ্গে মেসোপোটেমিয়ার বাণিজ্য চলত বলে প্রমাণ পাওয়া গেছে। মেলুহা সম্ভবত সিন্ধু-অঞ্চলের প্রাচীন নাম। মেসোপোটেমিয়া থেকে সিন্ধু-অঞ্চলে জেড, কর্নেলিয়াম প্রভৃতি দামী পাথর আমদানি কর হত। মিশরীয় সভ্যতার বৈশিষ্ট্যযুক্ত কাঠের টুল ও দীপাধার সিন্ধু-শহরে পাওয়া গেছে। মনে হয়, মিশরীয় সভ্যতার সঙ্গে সিন্ধু-অঞ্চলের যোগাযোগ ছিল।

হরপ্পার সভ্যতার পতনের কারণ (Cause of down fall of Harappan Civilisation):

হরপ্পার সভ্যতা কি কারণে ধ্বংস হয় তা সঠিকভাবে জানা যায় না। ঐতিহাসিকদের অনুমান ২০০০-১৫০০ খ্রীঃ পূঃ মধ্যে এই সভ্যতার পতন হয়। সিন্ধু উপত্যকায় বৃষ্টিপাতের পরিমাণ হ্রাস পেলে পানীয় জল ও কৃষিকাজে প্রয়োজনীয় জলের অভাব হয়। জলাভাবে সিন্ধু অঞ্চলে বসতি ধ্বংস হয়ে যায়। আবার কোনও কোনও ঐতিহাসিক মনে করেন, সিন্ধু উপত্যকার ভূ-প্রকৃতির পরিবর্তন হরপ্পা সভ্যতার বিলুপ্তির কারণ। জমি ক্রমাগত লোনা হয়ে যাওয়ায় তার উর্বরতা নষ্ট হয়ে গিয়েছিল। কাছেই মরুভূমি থাকায় সিন্ধু উপত্যকার জমি শুষ্ক হয়ে যাওয়ার প্রবণতা দেখা দিয়েছিল। ঐতিহাসিক রাইকসের মতে, "সিন্ধু নদীর জল প্রাকৃতিক কারণে অবরুদ্ধ হওয়ার ফলে যে ক্রমাগত বন্যা দেখা দিয়েছিল তাঁর ফলেই সিন্ধু-সভ্যতা শেষ পর্যন্ত বিলুপ্ত হয়ে গিয়েছিল।" প্রখ্যাত প্রত্নতত্ত্ববিদ্ হুইলার মনে করেন যে, উত্তর দিক থেকে বৈদিক আর্যদের আগমনই হরপ্পা সংস্কৃতির বিলুপ্তির একমাত্র কারণ। সিন্ধু অঞ্চলে পাওয়া নিদর্শন ও বৈদিক সাহিত্যের প্রমাণ থেকে হুইলারের বক্তব্যকে সমর্থন করা যায়। সিন্ধু অঞ্চলে খননের ফলে দেখা গেছে যে, গয়না-অলংকার সব জড়ো করে কেউ যেন পুঁতে রেখেছে। ঋকৃবেদে থেকে জানা যায় যে, আর্যরা প্রথমে সাত নদীর দেশ অর্থাৎ সিন্ধু উপত্যকায় তাদের বসতি স্থাপন করেছিল। ঋকৃবেদে দেবতা ইন্দ্রকে 'পুরন্দর' অর্থাৎ শহর ধ্বংসকারী বলা হয়েছে। এই সব আলোচনা করে বলা যায় আর্যদের আগমনই হরপ্পা সভ্যতার ধ্বংসের কারণ।

৩

আর্য সভ্যতা ঃ বৈদিক যুগ
[The Vedic Age]

[ক] আর্যদের পরিচয় ও আদি বাসস্থান
(The Aryans--their Original Homeland)

আর্যরা ইন্দো-ইউরোপীয় ভাষায় কথা বলতেন। 'আর্য' শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহার করা হয়েছে। সংস্কৃত ভাষায় আর্য হল সৎবংশ-জাত ব্যক্তি। আবার পণ্ডিত ম্যাক্সমুলার ও উইলিয়াম জোন্সের মতে 'আর্য' হল ভাষার নাম, কোন জাতির নাম নয়। ভারতে 'আর্য' শব্দটি জাতি হিসাবে ব্যবহার করা হয়। পারসিকরা 'আর্য' শব্দটি জাতি হিসাবেই ব্যবহার করত। সুতরাং 'আর্য' শব্দ জাতি অর্থেও ব্যবহার করা হত।

পরিচয়

আর্যদের আদি বাসস্থান সম্পর্কে পণ্ডিতদের তীব্র মতভেদ আছে। ডঃ এ. সি দাস, পণ্ডিত গণনাথ ঝাঁ, ডি. এস. ত্রিবেদী প্রমুখ পণ্ডিতরা মনে করেন আর্যরা ভারতেরই আদি অধিবাসী। মুলতান বা কাশ্মীর কিংবা পাঞ্জাবের 'সপ্তসিন্ধু' অঞ্চলে তাদের আদি বাসস্থান ছিল। ঋকৃবেদে 'সপ্তসিন্ধু'র উল্লেখ আছে। তাঁদের যুক্তি হল—(১) বৈদিক সাহিত্যে যে গাছপালা ও পশুপাখির কথা আছে, তা ঐ অঞ্চলে দেখতে পাওয়া যায়। (২) যারা দেশ ত্যাগ করে আসে, তারা পুরানো দেশের কথা স্মরণ করে। কিন্তু বৈদিক সাহিত্যে সপ্তসিন্ধু ছাড়া অন্য অঞ্চলের উল্লেখ নেই। (৩) সংস্কৃত ভাষায় আর্য ভাষা গোষ্ঠীর বেশী শব্দ পাওয়া যায়। কিন্তু এর বিরুদ্ধে অভিমত হল—(ক) আর্যদের পূর্বে দ্রাবিড় সভ্যতার অস্তিত্ব ছিল। বৈদিক সাহিত্যে সিন্ধু-সভ্যতার উল্লেখ নেই। (খ) আর্যদের ভারতে বসবাস সম্পর্কে প্রত্নতাত্ত্বিক কোন প্রমাণ পাওয়া যায় নি। (গ) পূর্ব ইউরোপের লিথুয়ানিয়ার ভাষার সঙ্গে প্রাচীন আর্য ভাষার সাদৃশ্য দেখা যায়। ইউরোপের গ্রীক, ল্যাটিন, জার্মান প্রভৃতি ভাষার সঙ্গে আর্য ভাষার ঘনিষ্ঠ সম্পর্ক দেখা যায়। তাই বলা হয় ইউরোপই আর্যদের আদি বাসস্থান, ক্রমে তারা ভারতে চলে আসে। অধ্যাপক গাইলসের মতে, দক্ষিণ-পূর্ব ইউরোপ ছিল আর্যদের আদি বাসস্থান। অধ্যাপক ব্রাণ্ডেনস্টাইনের মতামত বেশী পণ্ডিত গ্রহণ করেছেন। তাঁর মতে, উরাল পর্বতের দক্ষিণে কিরঘিজের স্তেপ বা তৃণভূমি অঞ্চলে আর্যরা আদিতে বাস করত। এই অঞ্চল থেকে একটি শাখা পশ্চিম দিকে চলে আসে। এই শাখার একটি ভাগ ইরান হয়ে ভারতে প্রবেশ করে।

আদি বাসস্থান সমস্যা

আর্যদের আদি সাহিত্য ঃ ঋক্‌বেদ (Their First Literary Work in India—the Rig-Veds) :

ভারতবর্ষে আর্যদের কথা আমরা জানতে পারি ঋক্‌বেদ থেকে। ঋক্‌বেদ ইন্দো-ইউরোপীর ভাষার সর্বপ্রথম গ্রন্থ। বেদ প্রথমে লিখিত অবস্থায় ছিল না। ঋক্‌বেদের

স্তোত্রগুলি প্রথমে রচিত হলেও তা লেখা হত না। শ্রুতি বা কানে শুনে স্মরণ রাখা ও আবৃত্তি দ্বারা বহুদিন বংশপরম্পরায় ঋক্‌বেদের রচনা মুখে মুখে চলে এসেছে। পরবর্তী-কালে ঋক্‌বেদ লিপিবদ্ধ হয়। অগ্নি, মিত্র, বরুণ ও অন্যান্য দেবতার উদ্দেশ্যে বহু কবি ও সন্ন্যাসী যে প্রার্থনা-মন্ত্র রচনা করেছিলেন, ঋক্‌বেদ তারই সংকলন। ঋক্‌বেদের দশটি মণ্ডল বা অধ্যায় আছে। এর মধ্যে দ্বিতীয় থেকে সপ্তম অধ্যায় প্রথমে রচিত হয়েছিল। প্রথম ও দশম অধ্যায়, অনুমান করা হয়, সবশেষে সংযোজিত হয়েছিল। ইরানীয় ভাষায় আদি গ্রন্থ আবেস্তার সঙ্গে বহু বিষয়েই ঋক্‌বেদের মিল আছে। দুটি গ্রন্থেই কয়েকজন দেবতা ও কয়েকটি সামাজিক শ্রেণীকে একই নামে বর্ণনা করা হয়েছে। ঋক্‌বেদের রচনাকাল খ্রীষ্টপূর্ব ১,৪০০ অব্দ থেকে ১,০০০ অব্দ পর্যন্ত বলেই অনুমান করা হয়।

ঋক্‌বেদ

[খ] বৈদিক সাহিত্য (Vedic Literature)

আর্যদের প্রাচীনতম সাহিত্য হল বেদ। বেদ রচিত হয়েছিল সংস্কৃত ভাষায়। বেদকে অপৌরুষের বলে হিন্দুরা মনে করেন। কারণ, বলা হয় ঈশ্বরের কাছ থেকে বেদের বাণী শুনে ঋষিরা তা স্মৃতিতে ধরে রাখতেন। এর জন্য বেদকে "শ্রুতি" বলা হয়। বেদ হল চারটি—ঋক্‌, সাম, যজুঃ ও অথর্ব। বেদ ও বেদাঙ্গ নিয়ে হল বৈদিক সাহিত্য। ঋক্‌বেদ হল সবচেয়ে প্রাচীন। সামবেদের স্তোত্রগুলি ছন্দে রচিত ও যজ্ঞের সময় গান করে এইগুলি আবৃত্তি করা হত। যজুর্বেদ কিছু পদ্যে ও কিছু গদ্যে রচিত। এর মধ্যে যাগ-যজ্ঞ, তন্ত্র ও মন্ত্রের কথা পাওয়া যায়। অনেক পরে রচিত হয় অথর্ববেদ—এর মধ্যে চিকিৎসা বিদ্যা, মারণ, উচাটন, বশীকরণের মন্ত্র দেখতে পাওয়া যায়।

বেদ বা শ্রুতি

প্রতিটি বেদের ৪টি ভাগ লক্ষ্য করা যায়—সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ। সংহিতা অংশ পদ্যে রচিত ও প্রধানত স্তোত্র, মন্ত্র ইত্যাদি। ঋক্‌ সংহিতার অনেক অংশই সাম, যজু ও অথর্ব বেদের সংহিতায় নেওয়া হয়েছে। সামবেদের স্তোত্রগুলি যজ্ঞের সময় গান করা হত। ব্রাহ্মণ অংশ গদ্যে রচিত, যাতে যাগ-যজ্ঞের নিয়ম, প্রকরণ ও মন্ত্রগুলির টীকা দেওয়া হয়েছে। আরণ্যক ও উপনিষদ অংশ অনেক পরে রচিত হয়। আরণ্যকে দার্শনিক চিন্তার প্রকাশ দেখা যায়। যে-সব মানুষ যাগ-যজ্ঞে বিশ্বাস না করে অরণ্যে বাস করত ও আত্মার মুক্তির চিন্তা করত তাদের কথাই আরণ্যকে বলা হয়েছে। আরণ্যকে ভক্তিবাদ ও জন্মান্তরবাদের বিকাশ ঘটতে থাকে। উপনিষদে যাগ-যজ্ঞ বা পূজা বাদ দিয়ে মানুষের মুক্তির কথা চিন্তা করা হয়েছে। মৃত্যুর পর মানুষ তার কর্মফলের জন্য পূর্বজন্মের ফল ভোগ করে ও আত্মার পুনর্জন্ম হয়। জীবাত্মা পরম আত্মায় লীন হয়ে যায় বলেও উপনিষদে বলা হয়েছে। বেদের শেষে রচিত বলে উপনিষদকে বেদান্ত বলা হয়। অনেক উপনিষদ গদ্যে রচিত হয়েছিল।

বেদের ভাগ

বেদ যাতে সঠিকভাবে অনুশীলন করা যায় তার জন্য বেদাঙ্গ রচিত হয়। বেদাঙ্গকে সূত্র-সাহিত্য বলা হয়। এতে ছ'টি সূত্র ও ছ'টি দর্শন আছে। ছ'টি সূত্র হল—

বেদাঙ্গ ও সূত্র সাহিত্য

(১) শিক্ষা বা শুদ্ধ উচ্চারণে বেদ পাঠ করার উপায়, (২) ছন্দ বা স্তোত্রগুলির ছন্দ আলোচনা, (৩) ব্যাকরণ বা ভাষাকে শুদ্ধভাবে প্রয়োগ করা, (৪) নিরুক্ত বা বৈদিক ভাষাতত্ত্ব, (৫) জ্যোতিষ বা গ্রহ-নক্ষত্রের অবস্থান নির্ণয় ও (৬) কল্প বা সমাজ ও যাগ-যজ্ঞের নিয়মাবলী।



কল্প অংশ অত্যন্ত প্রয়োজনীয়; কারণ আর্যদের সমাজ, পারিবারিক ও ধর্মীয় জীবন-যাপনের অনুশাসন দেওয়া হয়েছে কল্পসূত্র আবার কয়েকটি সূত্রে বিভক্ত; যেমন—শ্রৌত, গৃহ্য, শুল্ব ও ধর্ম।

ছ'টি দর্শন বা ষড়দর্শন বেদাঙ্গের অপর অংশ। এই ছ'টি দর্শন হল—(১) সাংখ্য, (২) যোগ, (৩) ন্যায়, (৪) বৈশেষিক, (৫) পূর্ব-মীমাংসা ও (৬) উত্তর-মীমাংসা। যে ঋষিরা এই ছ'টি দর্শনের প্রবর্তক, তাঁরা হলেন যথাক্রমে কপিল, পতঞ্জলি, গৌতম, কণাদ, জৈমিনি ও বেদব্যাস।

ষড়দর্শন

[গ] বৈদিক সাহিত্য থেকে পাওয়া বৈদিক যুগে ভারতের জনজীবন

(Life of the People as reflected in the Vedic Literature)

সামাজিক (Social)—ঋক্‌বেদের যুগের সামাজিক কাঠামো গড়ে উঠে আত্মীয়তার সূত্রে। এই যুগে ব্যক্তির পরিচয় নির্ধারিত হত তার গোষ্ঠীর পরিচয় দিয়ে। মানুষের আনুগত্য ছিল গোষ্ঠী বা 'জনের' প্রতি। ঋক্‌বেদে অন্তত ৭৫ বার 'জন' শব্দটির উল্লেখ আছে। গোষ্ঠীর অপর নাম ছিল 'বিশ', যার উল্লেখ আছে অন্তত ১৭০ বার। পরিবার বা কুল শব্দের উল্লেখ ঋক্‌বেদে কম থাকলেও, পরিবারই ছিল সমাজের মূল ভিত্তি। পিতা, মাতা, সন্তান, দাস, দাসী ছাড়াও আরও অনেককে নিয়ে পরিবার গঠিত হত। আদি বৈদিক যুগে 'গৃহ' শব্দটি ছিল পরিবারের পরিপূরক। পরিবার ছিল বৃহৎ ও যৌথ। পরিবারের কর্তা ছিলেন পিতা—তাঁকে 'গৃহপতি' বলা হত। পুত্রসন্তানদের জন্ম বিশেষভাবে কামনা করা হত। ঋক্‌বেদে কন্যাসন্তানের জন্মের জন্য কোন ইচ্ছা দেখা যায় না। সন্তানপালন ও গবাদি পশুপালন ছিল পরিবারের প্রধান কাজ।

পরিবার

মহিলারা সভা-সমিতিতে অংশ নিতে পারতেন। স্বামীদের সঙ্গে পূজা-অর্চনা করার অধিকারও ছিল তাঁদের। এই যুগে ঘোষা, আপালা, বিশ্ববারা প্রমুখ পাঁচজন মহিলা স্তবগান রচনা করেছিলেন। বিবাহকে পবিত্র ও অবিচ্ছেদ্য বলে মনে করা হত। পতিনির্বাচনে মেয়েদের স্বাধীনতা ছিল। মেয়েরা ইচ্ছা করলে একাধিক স্বামীর সঙ্গে ঘর করতে পারতেন—তবে এই ঘটনা ছিল খুবই বিরল। নিঃসন্তান ভ্রাতৃবধূকে বাধ্যতামূলক বিবাহ করার প্রথা ও বিধবা-বিবাহ করার উল্লেখ ঋক্‌বেদে আছে। মহিলাদের মধ্যে পর্দা-প্রথা ছিল না।

নারীর স্থান.

সেই যুগে নারী ও পুরুষের পোশাকের কোন পার্থক্য ছিল না। পোশাকের তিনটি অংশ ছিল—নিবি (ভেতরের পোশাক); বাস (বাইরের পোশাক) এবং অধিবাস (চাদর জাতীয়)। পোশাকের জন্য বিভিন্ন রকম তুলা, পশম ও হরিণের চামড়া ব্যবহার করা হত।

পোশাক

ঋক্‌বেদের যুগের আর্যদের খাদ্যাভাস ছিল সাধারণ ও অনাড়ম্বর। তরকারি, ফল, দুধ, দুধের তৈরী জিনিস ও মাংস তাদের খাদ্য-তালিকায় স্থান পেয়েছিল। গোমাংস আহার নিষিদ্ধ ছিল না, তবে দুগ্ধবতী গাভীকে 'অঘ্ন' বা হত্যার যোগ্য নয় বলা হত। ঋক্‌বেদে লবণের কোন উল্লেখ নেই। উত্তেজক পানীয় ছিল সোমরস ও সুরা।

খাদ্যাভাস

S.C.E.R.T., West Bengal
Date 29. 6. 89
S.C.E.R.T., West Bengal Library

ঋক্‌বৈদিক যুগে আর্যদের দৈনন্দিন জীবনযাপন নিরানন্দ ছিল না। নাচ, গান, দৌড়, শিকার, মুষ্টিযুদ্ধ তাদের আমোদ-প্রমোদের অঙ্গ ছিল। জীবনের আনন্দের দিক নিয়ে তারা গান রচনা করতেন।

আমোদ-প্রমোদ

গায়ের রং'কে বলা হত বর্ণ। অনুমান করা যায় আর্যদের গায়ের রং ছিল ফর্সা ও স্থানীয় অধিবাসীদের রং ছিল কালো। এই বর্ণবৈষম্য, মনে হয়, আংশিকভাবে সামাজিক বৈষম্যের জন্ম দিয়েছিল। স্থানীয় অধিবাসীদের বিরুদ্ধে আর্যদের জয়লাভই পরবর্তী কালে সামাজিক বৈষম্যের জন্ম দেয়। আর্যরা যে 'দাস' বা 'দস্যু'দের পরাজিত করেছিলেন, তাদের ক্রীতদাস বা শূদ্রের মর্যাদা দেওয়া হত। যুদ্ধজয়ের ফলে গোষ্ঠীপতি ও পুরোহিত সম্প্রদায় অধিক লাভবান হতেন ও তাঁদের এই লাভ হত সাধারণ মানুষকে বঞ্চিত করে। ক্রমে উপজাতি সমাজে তিনটি শ্রেণীর আবির্ভাব হল—যোদ্ধা, পুরোহিত ও সাধারণ মানুষ। চতুর্থ শ্রেণী শূদ্রের আবির্ভাব ঘটে এই যুগের শেষদিকে।

বর্ণভেদ

ঋক্‌বেদের যুগে পেশা বা জীবিকাভিত্তিক বিভাগও হতে শুরু হয়—তবে এই বিভাগ তীব্র ছিল না। একটি পরিবারের উল্লেখ আছে যার এক সদস্য বলছে "আমি একজন কবি। আমার বাবা একজন চিকিৎসক। আমার মা শস্য পেষাই করেন। এইরকম বিভিন্ন উপায়ে আমরা সকলে জীবনযাপন করি"। গৃহস্থালীতে ক্রীতদাসের উল্লেখ থাকলেও মজুরি উপার্জনকারীদের উল্লেখ নেই। সমাজের চরিত্র ছিল উপজাতীয় ও উদ্দেশ্য ছিল সকলের মঙ্গল কামনা করা।

পেশাভিত্তিক বিভাজন

অর্থনৈতিক জীবন (Economic Life)—ঋক্‌বেদের যুগে আর্যদের মূল জীবিকা ছিল কৃষি ও পশুপালন। বৈদিক যুগে অধিকাংশ মানুষ গ্রামে বাস করত। আর্যদের অর্থনৈতিক জীবন ছিল গ্রামভিত্তিক। এই যুগের অধিবাসীদের চাষ-আবাদ সম্পর্কে ভাল ধারণা ছিল। ঋক্‌বেদের প্রথম অংশে লাঙলের ফলার উল্লেখ আছে। এই লাঙলের ফলাটি সম্ভবত কাঠের তৈরী ছিল। শস্য বোনা, শস্য কাটা ও মাড়াই করা সম্পর্কে আর্যদের সম্যক জ্ঞান ছিল। বিভিন্ন ঋতু সম্পর্কে আর্যরা পরিচিত ছিলেন।

জীবিকা ও গ্রাম

ঋক্‌বেদে অসংখ্যবার "গোরু" শব্দটির উল্লেখ থেকে মনে হয় প্রথমদিকে আর্যরা প্রধানত পশুপালন করেই জীবিকা নির্বাহ করতেন। গোরুকে কেন্দ্র করেই এদের বেশির ভাগ যুদ্ধবিগ্রহ বাধত। ঋক্‌বেদে যুদ্ধকে 'গাভিস্থি' বলে উল্লেখ করা হয়েছে। 'গাভিস্থি'র অর্থ হল গো-অন্বেষণ। সাধু-সন্ন্যাসীকে গোরু ও স্ত্রী-দাসী দান করা হত, জমি দানের উল্লেখ পাওয়া যায় না। এই যুগের আর্যরা কোন কোন ক্ষেত্রে কয়েক খণ্ড জমির মালিক ছিলেন। জমি নিয়ে প্রায় গোষ্ঠীগুলির মধ্যে লড়াই বাধত।

গোরু বা পশুপালন

ঋক্‌বেদে ছুতোর, রথ নির্মাতা, তাঁতী, চর্মশিল্পী, মৃৎশিল্পী ইত্যাদি বিভিন্ন শ্রেণীর কারিগরের উল্লেখ আছে। "আয়াস" শব্দটি থেকে মনে হয় আর্যরা তামা ও ব্রোঞ্জ ধাতুর ব্যবহার জানতেন। তুলা ও পশমের বয়ন একটি বড় শিল্প ছিল।

শিল্প

বৈদিক যুগে ব্যবসা-ব্যাণিজ্যের সুস্পষ্ট প্রমাণ পাওয়া না গেলেও ব্যবসা-বাণিজ্যের প্রচলন ছিল। 'পণি' নামে একশ্রেণীর মানুষ ব্যবসায়ে লিপ্ত থাকতেন। সাধারণতঃ বিনিময়ের মাধ্যমে, ব্যবসাই চলত, মুদ্রার প্রচলন ছিল না। 'নিস্ক' নামে স্বর্ণমুদ্রা ও 'মণা' নামে মুদ্রার প্রচলন হয়েছিল। গোরুকে বিনিময়ের মাধ্যম হিসাবে ব্যবহার করা হত। আর্যরা সমুদ্রযাত্রা বা বৈদেশিক বাণিজ্য করত কিনা তা নিয়ে ঐতিহাসিকদের মধ্যে মতভেদ আছে।

ব্যবসা ও বাণিজ্য

ধর্মীয় জীবন (Religious Life) **:** প্রত্যেক জাতির মানুষ তার পারিপার্শ্বিকের মধ্যে তাঁদের ধর্মকে খুঁজে পায়। প্রকৃতির কার্যকলাপ যেমন, সূর্যের উপস্থিতি, নদীর উদ্ভব ইত্যাদি ব্যাখ্যা করার ক্ষমতা আর্যদের ছিল না। সুতরাং তারা প্রাকৃতিক শক্তিতে ব্যক্তিত্ব ও দেবত্ব আরোপ করলেন ও পূজা করতে লাগলেন। এই যুগের সবচেয়ে উল্লেখযোগ্য দেবতা হলেন ইন্দ্র, যাকে পুরন্দর বা দুর্গ ধ্বংসকারী বলা হয়। ঋক্‌বেদে ২৫০টি স্তোত্র তাঁর উদ্দেশ্যে নিবেদিত হয়েছিল। তিনি ছিলেন বৃষ্টির দেবতা। এরপর গুরুত্বপূর্ণ দেবতা ছিলেন অগ্নি। এঁর উদ্দেশে ২০০টি স্তোত্র নিবেদিত হয়েছিল। অগ্নি ছিলেন দেবতা ও মানুষের সংযোগরক্ষাকারী দেবতা। বরুণ ছিলেন জলের দেবতা। মর্তভূমিতে শান্তিরক্ষা করা ছিল বরুণের কাজ। পৃথিবীর সব ঘটনা তাঁর ইচ্ছা ও অনিচ্ছা অনুসারে ঘটত বলে মনে করা হত। সোম ছিলেন উদ্ভিদকূলের দেবতা। মরুত ছিলেন ঝড়ের দেবতা। উষা বা অদিতি নামে দেবীর উল্লেখ ছিল। এঁরা ভোরের দেবতা ছিলেন। ঋক্‌বেদের যুগে এঁদের তেমন প্রাধান্য ছিল না। পিতৃতান্ত্রিক ব্যবস্থা থাকায় পুরুষ-দেবতারা মহিলা-দেবতাদের চেয়ে প্রাধান্য পেয়েছিলেন। স্তোত্র উচ্চারণ করে ও বলি উৎসর্গ করে সাধারণতঃ পূজা-অর্চনা করা হত। ব্যক্তিগত ও সমষ্টিগত এই দু'ভাগে প্রার্থনা করা হত। প্রথমে প্রতি উপজাতীয় গোষ্ঠী বিশেষ এক দেবতার ভক্ত ছিল। সবাই সমবেতভাবে দেবতার কাছে প্রার্থনা জানাত। শাক, সব্‌জি ও বার্লি ইত্যাদি দেবতার উদ্দেশ্যে নিবেদন করা হত। পূজার উদ্দেশ্য ছিল প্রজা বা সন্তান, পশু, খাদ্য ও সম্পত্তি লাভ করা।

রাজনৈতিক ও প্রশাসনিক অবস্থা (Political and Administrative Activities) **:** ঋক্‌বেদের যুগে আর্যদের রাজনৈতিক অবস্থা ছিল উপজাতীয়। আর্যরা প্রথমে ছোট ছোট গোষ্ঠীতে বিভক্ত হয়ে গোষ্ঠীপতির নেতৃত্বে বাস করত। ঋক্‌বেদের যুগে এই গোষ্ঠী যেমন, যদু, অনু, পুরু ইত্যাদির নাম পাওয়া যায়। মানুষের আনুগত্য ছিল গোষ্ঠীর প্রতি। গোষ্ঠীর নাম ছিল 'জন'—ঋক্‌বেদে 'জন' শব্দটি ২৭৫ বার উল্লেখিত হয়েছে। গোষ্ঠীর অপর নাম ছিল 'বিশ'। আবার, 'বিশ' বিভক্ত ছিল কয়েকটি গ্রামে।

গোষ্ঠী বা জন ও বিশ

ঋক্‌বেদের যুগে আর্যদের প্রশাসনের মধ্যমণি ছিলেন গোষ্ঠীপতি। যুদ্ধে সাফল্য অর্জনের জন্য গোষ্ঠীপতিকে এই মর্যাদা দেওয়া হত। তাঁকে বলা হত 'রাজন'। এই যুগে রাজার পদ বোধ হয় বংশানুক্রমিক ছিল। রাজা একচ্ছত্র ক্ষমতার অধিকারী ছিলেন না, বিভিন্ন সংগঠন তাঁকে সংযত রাখত। বংশানুক্রমিক হলেও রাজা গোষ্ঠী-সদস্যদের দ্বারা মনোনীত হয়েছেন এমন প্রমাণ আছে। যে সংগঠন রাজা নির্বাচন করত, তাকে বলা হত সমিতি। রাজা ছিলেন গোষ্ঠীভুক্ত সকলের রক্ষক। গোষ্ঠীর মুখপাত্র হিসাবে তিনি গোরু ও পশুদের রক্ষা করতেন, যুদ্ধ করতেন ও ঈশ্বরের কাছে প্রার্থনা উৎসর্গ করতেন।

রাজন

ঋক্‌বেদে সভা, সমিতি, বিদাথা, গণ প্রভৃতি নানা গোষ্ঠীসংগঠনের উল্লেখ আছে। এই সংগঠনগুলি সভার অধিবেশন আহ্বান করত এবং সামরিক ও ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করত। মহিলারাও এই সভা-সমিতিতে যোগ দিতেন। রাজনৈতিক দিক থেকে 'সভা' ও 'সমিতি' ছিল সবচেয়ে গুরুত্বপূর্ণ। রাজা সর্বদা এই দুটি সংগঠনের সাহায্য নিতেন।

সভা ও সমিতি

রাজাকে প্রতিদিনের শাসনে কয়েকজন কর্মচারী সাহায্য করতেন। রাজকর্মচারীদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন পুরোহিত। দ্বিতীয় গুরুত্বপূর্ণ কর্মচারীর নাম ছিল সেনানী— এঁরা বল্লম, কুঠার, তরবারি ইত্যাদি ব্যবহার করতেন। গ্রামের শাসন করত 'গ্রামণী' নামে কর্মচারীরা। বিচারের কাজ করার জন্য কোনও কর্মচারীর উল্লেখ ঋক্‌বেদে নেই। পশুচারণভূমি যে কর্মচারীর অধীনে থাকত, তাকে বলা হত ব্রজপতি। পরিবার-প্রধান বা কুলপ এবং সেনাবাহিনীর বা গ্রামণীদের নেতৃত্ব দিত ব্রজপতি। রাজার অধীনে কোনও স্থায়ী সেনাবাহিনী ছিল না। যুদ্ধ বিগ্রহে তিনি নিজে সেনাবাহিনী পরিচালনা করতেন। ব্রত, গণ, গ্রাম, সার্ধ প্রভৃতি উপজাতীয় গোষ্ঠীর মানুষদের নিয়ে সেনাবাহিনী গঠিত হত।

কর্মচারীবৃন্দ

সেনাবাহিনী

সাধারণতঃ রাজারা জনসাধারণের কাছ থেকে দান গ্রহণ করতেন। এই দানকে 'বলি' বলা হত। রাজস্ব সংগ্রহের জন্য কোন নির্দিষ্ট কর্মচারী ছিল বলে মনে হয় না।

পরবর্তী বৈদিক যুগের পরিবর্তনসমূহ
(Later Developments)

বৈদিক যুগকে দু'ভাগে বিভক্ত করা হয়—ঋক্‌বৈদিক যুগ ও পরবর্তী বৈদিক যুগ। খ্রীষ্টপূর্ব ১,৫০০ অব্দ থেকে ১,০০০ অব্দ পর্যন্ত ছিল ঋক্‌বৈদিক যুগ। পরবর্তী বৈদিক যুগের ব্যাপ্তি ছিল খ্রীষ্টপূর্ব ১,০০০ অব্দ থেকে ৬০০ অব্দ পর্যন্ত। আর্যরা এই সময় গঙ্গা-যমুনা উপত্যকা অঞ্চলে ছড়িয়ে পড়েছিল। পরবর্তী বৈদিকযুগে আর্যদের সামাজিক, অর্থনৈতিক, ধর্মীয় ও রাজনৈতিক জীবনে নানা পরিবর্তন দেখা যায়।

পরবর্তী বৈদিকযুগের সময়সীমা

সামাজিক (Social)—পরবর্তী বৈদিক যুগে যৌথ পরিবার সমাজ-ব্যবস্থার ভিত্তি হয়ে উঠে। গৃহকর্তার ক্ষমতা আরও বৃদ্ধি পায়। তিনি তাঁর পুত্রকে উত্তরাধিকার থেকে বঞ্চিত করতে পারতেন। এই সময় পিতৃ-পুরুষের পূজা প্রচলিত হয়। পরবর্তী বৈদিক যুগে সমাজে নারীর মর্যাদা হ্রাস পায়। মহিলারা আর ধর্মীয় অনুষ্ঠানে যোগ দিতে পারতেন না ও রাজনীতিতেও অংশ নিতে পারতেন না। পুরুষদের বহুবিবাহে বাধা ছিল না।

নারীর স্থান

বৈদিক যুগে আশ্রম প্রথার ব্যাপক প্রচলন ছিল না। পরবর্তী বৈদিক যুগের সাহিত্যে চারটি আশ্রমের উল্লেখ দেখা যায়—(ক) ব্রহ্মচারী বা ছাত্র অবস্থায় গুরুগৃহে অবস্থান ও বিদ্যাশিক্ষা লাভ। (খ) গার্হস্থ্য বা সংসার জীবন। (গ) বানপ্রস্থ বা সংসার-জীবন থেকে অবসর নিয়ে বনে বাস। (ঘ) সন্ন্যাস বা সব ত্যাগ করে ঈশ্বরমুখী হওয়া।

চতুরাশ্রম

পরবর্তী বৈদিক সমাজ চারটি বর্ণে বিভক্ত ছিল—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। বৃত্তিমূলক বর্ণভেদ জন্মভিত্তিক হয়ে যায়। ব্রাহ্মণরা ছিলেন সমাজের উচ্চবর্ণের মানুষ। এই সময় যাগযজ্ঞ ও পশুবলির জনপ্রিয়তায় ব্রাহ্মণদের ক্ষমতা বৃদ্ধি ঘটেছিল। রাজা থেকে সাধারণ মানুষ ঈশ্বরকে সন্তুষ্ট করার জন্য ব্রাহ্মণ পুরোহিতের সাহায্য নিতেন। ক্ষত্রিয়রা ছিল যোদ্ধা ও শাসক। ব্রাহ্মণ ও ক্ষত্রিয়রা সব সামাজিক সুযোগ সুবিধা ভোগ করত। বৈশ্যরা ছিল সাধারণ মানুষ। তারা কৃষিকাজ ও ব্যবসা-বাণিজ্য করত। এরা রাজাকে কর দিত। এই তিন শ্রেণীকে সেবা করত শূদ্ররা। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যরা যাগযজ্ঞ ও বেদ পাঠ করতে পারতেন। কিন্তু শূদ্রদের সেই অধিকার ছিল না।

বর্ণভেদ

অর্থনৈতিক জীবন (Economic Life)—পরবর্তী বৈদিক যুগে কৃষিই ছিল আর্যদের মূল জীবিকা। ব্যাপক কৃষিকাজ চলত। শতপথ ব্রাহ্মণে কৃষিকাজ সংক্রান্ত বিবিধ অনুষ্ঠানের উল্লেখ আছে। এই যুগের মানুষ বার্লির সঙ্গে ধান ও গম উৎপাদন করত। গঙ্গা-যমুনা দোয়াব অঞ্চলে বৈদিক যুগের মানুষ প্রথম ধানের সঙ্গে পরিচিত হয়। পরবর্তী বৈদিক যুগে ধানকে 'ব্রীহি' বলা হত। বিভিন্ন ধরনের শস্যদানাও উৎপন্ন হত।

কৃষিকাজ

পরবর্তী বৈদিক যুগের বিভিন্ন রকমের শিল্প ও কারিগরি নিদর্শন পাওয়া গেছে। খ্রীষ্টপূর্ব ১,০০০ অব্দে লোহার ব্যবহার শুরু হয়েছিল। বিহার ও উত্তরপ্রদেশে লোহা ও তামার তৈরী যন্ত্রপাতির আবিষ্কার প্রমাণ করে যে, সেই আমলে ধাতু শিল্পের যথেষ্ট উন্নতি হয়েছিল। তাঁত শিল্পে মহিলারা কাজ করতেন। চর্ম শিল্প, মৃৎ শিল্প ও সূত্রধরের কাজ যথেষ্ট উন্নতি লাভ করেছিল। এই যুগে চার রকমের মাটির পাত্র তৈরী হত লাল-কালো পাত্র, কালো পাত্র, ধূসর রংয়ের অঙ্কিত পাত্র ও লাল পাত্র। অলঙ্কার নির্মাতাদেরও উল্লেখ আছে।

শিল্প

পরবর্তী বৈদিক যুগে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটে। বংশগতভাবে ব্যবসায় লিপ্ত এমন পরিবারের উল্লেখ পাওয়া যায়। দেশের ভিতরের সঙ্গে ও বিদেশের সঙ্গে বাণিজ্যের

প্রসার হয়। সমুদ্রপথে বাণিজ্যের কথাও জানা যায়। নিষ্ক শতনাম ও কুশল নামে মুদ্রা প্রচলিত হওয়ায় ব্যবসা-বাণিজ্যের প্রসার সম্ভব হয়। এই সময় কারিগররা ও ব্যবসায়ীরা পৃথক 'সংঘ' স্থাপন করে তাদের কাজকর্ম পরিচালনা করতেন।

ব্যবসা-বাণিজ্য

ধর্মীয়জীবন (Religious Life)—ধর্মের ক্ষেত্রেও কতকগুলি উল্লেখযোগ্য পরিবর্তনের সূচনা হয়। ধর্মীয় আচরণে ক্রিয়াকলাপের চেয়ে দর্শনের উপর গুরুত্ব দেওয়া হয়। তবে ধর্মীয় আচার অনুষ্ঠানে জটিলতাও বৃদ্ধি পায়। পূর্বের দেবতা 'ইন্দ্র' ও 'অগ্নি'র স্থানে সৃষ্টিকর্তা 'প্রজাপতি' সর্বপ্রধান স্থান পেলেন। 'শিব' এই যুগে উপাস্য হয়ে উঠেন। 'বরুণে'র স্থানে 'বিষ্ণু' হলেন মানুষের রক্ষাকর্তা। পূজা অর্চনার পদ্ধতির পরিবর্তন হল। পুরোহিতদের সাহায্যে যজ্ঞে উৎসর্গ করার রীতি জটিল হয়ে উঠল। এর ফলে সমাজে ব্রাহ্মণদের আধিপত্য বেড়ে গেল।

দেবতার পরিবর্তন ও জটিলতা

রাজনৈতিক অবস্থা (Political Activities)—পরবর্তী বৈদিক যুগে আর্যরা গোষ্ঠী বা উপজাতি অবস্থা থেকে রাষ্ট্র ব্যবস্থাতে উন্নীত হয়। ক্ষমতা বিস্তারের ক্ষেত্র বেড়ে যাওয়ায় রাজাদের প্রতিপত্তি বৃদ্ধি পায়। এক রাজা অপর রাজার উপর প্রভুত্ব বিস্তারে আগ্রহী হয়ে উঠেন। এই যুগের প্রভাবশালী উপজাতির নাম আঞ্চলিক নাম গ্রহণ করে—পাঞ্চাল গোষ্ঠীর নামে পাঞ্চাল হল অঞ্চলের নাম। রাজারা 'সম্রাট', 'একরাট', 'বিরাট', 'অধিরাজ' ইত্যাদি উপাধি গ্রহণ করে সাম্রাজ্যবাদী মনোভাব দেখান। রাজ্যজয়কে স্মরণ করার জন্য অশ্বমেধ, রাজসূয় প্রভৃতি যজ্ঞ অনুষ্ঠানের উল্লেখ দেখা যায়। তবে এই যুগে রাজার ক্ষমতা বৃদ্ধি পেলেও স্থায়ী সেনাবাহিনী ছিল না।

রাজার ক্ষমতা বৃদ্ধি

রাজার ক্ষমতাবৃদ্ধির সঙ্গে সঙ্গে পূর্বের গণ-সংগঠন 'সভা' ও 'সমিতি'র গুরুত্ব অনেকটা কমে যায়। 'সভা' ও 'সমিতি' রইল তবে তার প্রকৃতির পরিবর্তন হল। রাজপুত্র ও ধনী মানুষরা সভা-সমিতির তত্ত্বাবধানের ভার পেলেন। এই সংগঠনগুলির অধিবেশনে মহিলাদের প্রবেশ নিষিদ্ধ হল।

সভা ও সমিতির ক্ষমতা হ্রাস

এই যুগে রাজস্ব ও উপহার আদায় করা হত। নিয়মিত কর দেওয়ার রেওয়াজ প্রচলিত হল। সংগ্রহিত্রী নামে রাজকর্মচারী কোষাগারের দায়িত্বে ছিল। রাজার কাজে সাহায্য করতেন রাজপুরোহিত, সেনাপতি, বড় রানী ও অন্যান্য উচ্চপদস্থ রাজকর্মচারী। নিচের দিকের শাসনব্যবস্থা ছিল গ্রামীণ সভা ও সমিতির হাতে। এরা স্থানীয় বিচারের কাজও করতেন।

রাজস্ব ও কর্মচারীবৃন্দ

রাজার ক্ষমতা পরবর্তী বৈদিক যুগে অনেক বেড়ে গেলেও রাজা সম্পূর্ণ স্বেচ্ছাচারী হয়ে উঠতে পারতেন না। 'সভা' ও 'সমিতি' তখনও রাজার স্বেচ্ছাচারিতার প্রতিবন্ধক ছিল। রাজা অনেক ক্ষেত্রে নির্বাচিত হওয়ায়, তাঁর যা খুশি তাই করার ক্ষমতায় বাধা সৃষ্টি হত। তাই রাজাকে শপথ নিতে হত যে, তিনি প্রজাদের মঙ্গল করবেন।

রাজার ক্ষমতার সীমাবদ্ধতা

আর্যসভ্যতা ও হরপ্পার সভ্যতার মধ্যে পার্থক্য (Difference between Vedic Civilisation and Harappan Civilisation):

ঐতিহাসিকদের অনেকে বলেছেন হরপ্পার সভ্যতা ও আর্য সভ্যতা অভিন্ন। কিন্তু দুটি সভ্যতার তুলনামূলক বিচার করলেই বোঝা যায় যে, দুই সভ্যতাই পৃথক। প্রথমতঃ সিন্ধু-সভ্যতা ছিল নগরকেন্দ্রিক। নগর জীবনের বিকাশ এই সভ্যতার প্রধান বৈশিষ্ট্য। আর্যদের জীবন গ্রামকে কেন্দ্র করে গড়ে উঠেছিল। দ্বিতীয়তঃ হরপ্পা-বাসীদের মধ্যে মাতৃদেবীর পূজা প্রচলিত ছিল। কিন্তু আর্যদের মধ্যে মাতৃদেবীর পূজার কোনও প্রমাণ পাওয়া যায় না। তৃতীয়তঃ, সিন্ধু-উপত্যকাবাসীদের কাছে ঘোড়া নামক জন্তু অজ্ঞাত ছিল। কিন্তু আর্যদের কাছে ঘোড়া ছিল অন্যতম শ্রেষ্ঠ জন্তু। চতুর্থতঃ ঘোড়া ও লোহার ব্যবহার জানত বলেই আর্যরা যুদ্ধ বিদ্যায় পারদর্শী ছিল। হরপ্পার সভ্যতার মানুষ লোহার ব্যবহার জানতো না। পঞ্চমতঃ, আর্য-সভ্যতা যে অঞ্চলে বিস্তার লাভ করেছিল সেইসব জায়গার মৃৎপাত্রের রঙ ছিল ধূসর, অন্যদিকে হরপ্পা সভ্যতার অধিবাসীদের তৈরী মৃৎপাত্রের রঙ ছিল লাল-কালো। ষষ্ঠতঃ, হরপ্পা সভ্যতার অধিবাসীরা শবদেহকে সমাধি দিত, কিন্তু আর্যরা শবদেহ দাহ করত।

যাইহোক আর্যসভ্যতার উপর হরপ্পা সভ্যতার ছাপ দেখা যায়। হিন্দু ধর্মের শক্তি-পূজা, লিঙ্গপূজা ও শিবপূজা সিন্ধু সভ্যতা থেকে পাওয়া। কর্মফলে বিশ্বাস, যোগ ও সন্ন্যাস হিন্দু সভ্যতার প্রভাবেই গড়ে উঠেছে বলে বিশ্বাস করা হয়। পোড়ামাটির মূর্তি, পোড়ামাটির ইট, ছাপ লাগানো মুদ্রা, হরপ্পা সভ্যতারই দান। প্রাচীন ভারতে ওজন ও মাপ করার পদ্ধতি সিন্ধু সভ্যতারই অবদান।

[ঘ] উপমহাদেশে বৈদিক সংস্কৃতির প্রসার (Expansion of Vedic Culture in the Subcontinent)

বৈদিক গ্রন্থগুলি থেকে জানা যায় যে, আর্যরা পাঞ্জাব থেকে সরে ক্রমশ পশ্চিম উত্তরপ্রদেশ বা গঙ্গা-যমুনা দোয়াব অঞ্চলে বিস্তার লাভ করে। এই সময়েই তাঁরা বেদের সামবেদ সংহিতা, যজুর্বেদ সংহিতা ও অথর্ববেদ সংহিতা ও ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ অংশ রচনা করেন। এই উঁচু গাঙ্গেয় অববাহিকা অঞ্চলে খননের ফলে ৫০০টি মনুষ্য বসতি আবিষ্কৃত হয়েছে। এইসব অঞ্চলের মানুষরা ধূসর রঙের মাটির পাত্র ব্যবহার করত এবং লোহার অস্ত্রশস্ত্রের ব্যবহার জানত। পরবর্তী বৈদিক যুগের গ্রন্থ ও প্রত্নতাত্ত্বিক নিদর্শনের উপর ভিত্তি করে আমরা এই যুগের ইতিহাস জানতে পারি।

কুরুগোষ্ঠী

আর্যদের দুটি গোষ্ঠী "ভরত" ও "পুরু" একত্রিত হয়ে "কুরু" নাম নেয়। এই গোষ্ঠী সরস্বতী ও দোয়াবের প্রান্তে দৃষদ্বতী নদীর মধ্যবর্তী অঞ্চলে বসবাস করতেন। কিছুদিনের মধ্যে "কুরু" গোষ্ঠী দিল্লী ও দোয়াবের উপর আধিপত্য বিস্তার করে। এই অঞ্চলকে বলা হয় কুরুক্ষেত্র

বা কুরুদের আবাসস্থল। ক্রমেই এরা দোয়ারের মধ্যভাগে বসবাসকারী পাঞ্চালদের সঙ্গে একত্রিত হয়। এই "কুরু-পাঞ্চাল" গোষ্ঠী মীরাট জেলার হস্তিনাপুরে তাঁদের রাজধানী স্থাপন করেন। এঁদের যুদ্ধেই মহাভারতের বিষয়বস্তু।

আধুনিক কালের বেরিলি, বাদাউন ও ফারুখাবাদ নিয়ে গঠিত ছিল পাঞ্চাল রাজ্য। পাঞ্চাল তার দার্শনিক রাজা ও ব্রহ্মবাদী ব্রাহ্মণদের জন্য বিখ্যাত ছিল। পরবর্তী বৈদিক যুগের শেষদিকে খ্রীষ্টপূর্ব ৬০০ অব্দ নাগাদ বৈদিক আর্যরা দোয়াব অঞ্চল থেকে আরও পূর্বদিকে উত্তরপ্রদেশের কোশল ও উত্তর বিহারের বিদেহ অঞ্চলে বসবাস শুরু করে। এই দ্বিতীয় পর্বে আর্যদের বিস্তৃতিলাভের মূল কারণ ছিল লোহার অস্ত্রশস্ত্রের ব্যবহার।

কোশল ও বিহারে বিস্তার

[ঙ] লৌহযুগের সূত্রপাত
(Beginning of Iron Age)

খ্রীষ্টপূর্ব, ১,০০০ অব্দে পাকিস্তানের গান্ধার অঞ্চলে লোহার ব্যবহারের প্রমাণ পাওয়া যায়। শবদেহের সমাধিক্ষেত্রে লোহার তৈরী বহু জিনিস পাওয়া গেছে। বালুচিস্তানের এই সব জিনিসের সন্ধান ঐ সময় পাওয়া যায়। এই সময় পূর্ব-পাঞ্জাব, পশ্চিম উত্তরপ্রদেশ ও রাজস্থানেও লোহার ব্যবহার লক্ষ্য করা যায়। খননের ফলে জানা যায়, পশ্চিম উত্তরপ্রদেশে খ্রীষ্টপূর্ব ৮০০ অব্দে ধনুকের ফলা বা ঐ রকমের অস্ত্রের ব্যবহার প্রচলিত ছিল। গঙ্গা-যমুনা দোয়াবে বিরোধী অনার্যদের আর্যরা, সম্ভবত, লোহার অস্ত্রের সাহায্যেই পরাজিত করেছিলেন। উঁচু গাঙ্গেয় উপত্যকায় জঙ্গল পরিষ্কার করার কাজে লোহার তৈরী কুঠার ব্যবহার করা হত। বৈদিক যুগের শেষভাগে লোহার ব্যবহার পূর্ব-উত্তরপ্রদেশ ও বিদেহতে বিস্তার লাভ করে। ৭০০ খ্রীষ্টপূর্বে সব অঞ্চলেই লোহার ব্যবহার জানা ছিল।

প্রতিবাদী আন্দোলন ঃ জৈন ও বৌদ্ধ ধর্ম

[Protest Movement—Jainism and Buddhism]

[ক] জৈন ও বৌদ্ধ ধর্ম প্রচারের কারণসমূহ

(Social, Religious and Economic Causes)

বৈদিক যুগের শেষভাগে ব্রাহ্মণ পুরোহিতদের প্রভাবে বৈদিক ব্রাহ্মণ্যধর্ম ক্রমশ তার সরলতা হারিয়ে নানারকম আচার-অনুষ্ঠান ও যাগযজ্ঞসর্বস্ব হয়ে উঠল। জাতি-ভেদ-প্রথাও খুব কঠোর হয়ে পড়ল। যাগযজ্ঞে পশুবধের নিষ্ঠুর প্রথা প্রচলিত ছিল। উপনিষদের সরল ধর্মানুষ্ঠান ও আদর্শ লোপ পেয়ে ধর্ম হয়ে উঠল আড়ম্বরপূর্ণ ও ব্যয়-সাধ্য। দেশের সাধারণ মানুষের কাছে এই জটিল ধর্মানুষ্ঠান নীরস মনে হল। তারা একটি সহজ ও সরল ধর্মমতের জন্য ব্যগ্র হয়ে উঠল। ব্রাহ্মণ্যধর্মের এই আচার-অনুষ্ঠান ও সংকীর্ণতার বিরুদ্ধে চিন্তাশীল মানুষের মনে প্রতিবাদের মনোভাব জেগে উঠে। এই প্রতিক্রিয়ায় খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকে যে আলোড়ন দেখা দেয়, তারই ফল হল জৈন ও বৌদ্ধ ধর্মমতের প্রচার।

ধর্মীয় কারণ

আর্যদের সমাজব্যবস্থায় সমাজ চারটি বর্ণে বিভক্ত ছিল—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। ব্রাহ্মণরা যজমানি ও শিক্ষকতা করতেন ও সামাজিক মর্যাদায় তাঁরাই ছিলেন সবার উপরে। সমাজে তাঁরা বিশেষ সুযোগ-সুবিধা ভোগ করতেন। কালক্রমে ক্ষত্রিয়রা বা শাসকশ্রেণী ধর্মে কর্মে ব্রাহ্মণদের একাধিপত্যের বিরোধী হয়ে উঠলেন। বর্ণ-বৈষম্য-প্রথায় জন্মের উপর গুরুত্বের বিরুদ্ধে তাঁরা আন্দোলন শুরু করেন। ক্ষত্রিয়দের এই বিরোধিতাই নতুন নতুন ধর্মমতের জন্মের একটি কারণ বলে পণ্ডিতরা মনে করেন। জৈন ও বৌদ্ধ ধর্মের প্রতিষ্ঠাতা যথাক্রমে মহাবীর ও গৌতম বুদ্ধ। উভয়েই ছিলেন ক্ষত্রিয় ও উভয়েই ব্রাহ্মণদের কর্তৃত্বের বিরোধিতা করেছেন।

সামাজিক কারণ

উত্তর-পূর্ব ভারতের অর্থনীতিতে এই সময় এক নতুন দিকের সূত্রপাত হয়। ৬০০ খ্রীষ্টপূর্বাব্দে লোহার ব্যবহার শুরু হওয়ায় এক নতুন কৃষি-অর্থনীতির উদ্ভব হল। লোহার কুঠার ব্যবহার করে জঙ্গল পরিষ্কার করা ও লোহার লাঙ্গলের ব্যবহার হওয়ায় কৃষিকাজ ও উপনিবেশ স্থাপিত হতে থাকে। তার ফলে পশুপালনের উপর গুরুত্ব দেওয়া হতে থাকে। বৈদিক পূজা-অর্চণায় বলিদানের ফলে কৃষিকাজে বাধা সৃষ্টি হতে থাকে। নতুন অর্থনীতিকে স্থায়ী করার জন্য পাইকারী পশু হত্যা বন্ধ করা প্রয়োজন হয়ে পড়ে। সেইজন্য নতুন ধর্মমতগুলি অহিংসার উপর প্রতিষ্ঠিত হয়। এ ছাড়াও উত্তর-পূর্ব ভারতে কৌশাম্বী, কুশীনগর, বেনারস, বৈশালী, রাজগীর প্রভৃতি নগর গড়ে উঠে। এইসব নগরে কারিগর ও ব্যবসীয়ারা বসবাস করতেন। যাঁরা মুদ্রার ব্যবহার শুরু করেন।

অর্থনৈতিক কারণ

ফলে বৈশ্যদের প্রভাব বৃদ্ধি পায়। বৈশ্যরা এমন এক ধর্ম চাইছিলেন যা তাঁদের অবস্থার উন্নতি ঘটাতে পারে। মহাবীর ও গৌতম বুদ্ধ বৈশ্যদের সমর্থন পেয়েছিলেন। অহিংসা-নীতি গ্রহণ করলে, যুদ্ধবিগ্রহ বন্ধ হয়ে ব্যবসা-বাণিজ্যের প্রসার হওয়া সম্ভব ছিল। তাই তাঁরা অহিংসাবাদী ধর্মমতকে সমর্থন জানিয়েছিলেন।

ব্যক্তিগত সম্পত্তির বিরুদ্ধেও, এই সময়, প্রতিক্রিয়া দেখা যায়। প্রাচীনপন্থীরা রূপা, তামা ও সোনার তৈরী মুদ্রার ব্যবহার ও সঞ্চয় ভালো চোখে দেখতেন না।

অন্যান্য কারণ

নতুন বাসস্থান, পোশাক ও পরিবহণের তাঁরা বিরোধী ছিলেন। তাঁরা আদিম তপস্যার জীবনে ফিরে যেতে চাইছিলেন। জৈন ও বৌদ্ধ ধর্ম সাধারণ তপস্বীর জীবনযাত্রার কথাই প্রচার করেছিল। গঙ্গা উপত্যকায় যে ধরনের জীবনধারা চলছিল তার প্রতিবাদ করেছিলেন তাঁরা। এঁরা ফিরে যেতে চাইছিলেন প্রাক্-লোহার যুগে।

[খ] জৈন ধর্মের অভ্যুদয়ঃ মহাবীর
(The Rise and Growth of Jainism : Mahavira)

খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকে গঙ্গা অববাহিকা অঞ্চলে জৈনধর্ম নামে এক নতুন ধর্মমত প্রচারিত হয়। এই ধর্মমত প্রচার করেন মহাবীর। জৈন সাহিত্য অনুসারে মহাবীরের

তীর্থঙ্করগণ

পূর্বে তেইশ জন তীর্থঙ্কর ছিলেন। এঁদের মধ্যে পার্শ্বনাথ ছাড়া আর কারো সম্পর্কে কিছু জানা যায় না। এই 'তীর্থঙ্কর'-রা লোভ, কাম, ক্রোধ ও হিংসাকে জয় করেছিলেন বলে এঁরা 'জিন' বা জয়ী বলে পরিচিত হন। 'জিন' থেকে জৈন কথাটি এসেছে। ২৪তম তীর্থঙ্কর হলেন মহাবীর। তিনি পার্শ্বনাথ প্রচারিত ধর্মমতকে সংস্কার করে জৈনধর্মকে জনপ্রিয় করে তোলেন। সেইজন্য মহাবীরকেই জৈনধর্মের প্রধান প্রবর্তক বলে মনে করা হয়।

মহাবীর

বর্ধমান মহাবীর ৫০৪ খ্রীষ্টপূর্বাব্দে বিহারের বৈশালী নগরে কুন্দপুরে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা সিদ্ধার্থ ছিলেন 'জ্ঞাত্রিক' নামে ক্ষত্রিয় গোষ্ঠীর দলপতি ও মাতা ত্রিশলা ছিলেন লিচ্ছবী রাজকন্যা। মহাবীর যশোদা নামে এক কন্যাকে বিবাহ করে ৩০ বছর পর্যন্ত সংসারধর্ম পালন করেন। কিন্তু সত্যের সন্ধানে তিনি ৩০ বছর বয়সে গৃহত্যাগ করেন। গোসালা নামে এক সন্ন্যাসীর কাছে দীক্ষা নিয়ে তিনি যোগীর জীবন

বরণ করেন। দীর্ঘ বারো বছর তিনি বিভিন্ন স্থান পরিভ্রমণ করেন। কোনোও গ্রামে একদিনের বেশী ও কোনো নগরে পাঁচদিনের বেশী থাকতেন না। এই সুদীর্ঘ বারো বছরে তিনি একবারও পোশাক পরিবর্তন করেননি। ৪২ বছর বয়সে তিনি "কৈবল্য জ্ঞান" বা দিব্যজ্ঞান লাভ করেন। তিনি লোভ, মায়া, মোহ প্রভৃতি সাংসারিক বন্ধন থেকে মুক্ত হয়ে 'নির্গ্রন্থ' নাম পান। তিনি 'জিন' বা জিতেন্দ্রিয় হন। তাঁর শিষ্যদের বলা হয় জৈন। এরপর দীর্ঘ ৩০ বছর তিনি কোশল, মগধ, মিথিলা, চম্পা ইত্যাদি জায়গা ঘুরে তাঁর ধর্মমত প্রচার করেন। ৫২৭ খ্রীষ্টপূর্বাব্দে ৭২ বছর বয়সে বর্ধমান মহাবীর পাটনার কাছে পাবাপুরী নামক স্থানে দেহত্যাগ করেন।

মহাবীরের জীবনী

জৈন ধর্মমত : অহিংসা, প্রেম, ত্যাগ ও মোক্ষলাভের উপর জৈন ধর্মমত প্রতিষ্ঠিত ছিল। এই মত পার্শ্বনাথ প্রচার করেছিলেন। এর সঙ্গে কিছু যোগ করেছিলেন মহাবীর। জৈনদের মতে পার্শ্বনাথ চারটি শিক্ষা দিয়েছিলেন—(১) হিংসা দেখিও না ; (২) মিথ্যা কথা বোলো না ; (৩) চুরি কোরো না ; (৪) সম্পত্তি অর্জন কোরো না। এই চারটি শিক্ষার সঙ্গে মহাবীর পঞ্চমটি যোগ করেন। এটি হল—ব্রহ্মচর্য পালন করা। পার্শ্বনাথ প্রচারিত চারটি শিক্ষাকে 'চতুর্যাম' বলা হয়। এ ছাড়া মহাবীর আত্মার মুক্তির জন্য তিনটি পন্থা'র উপর জোর দেন—(১) সৎকর্ম, (২) সৎ ব্যবহার ও (৩) সৎ জ্ঞান। এই তিনটি পন্থাকে 'ত্রিরত্ন' বলা হয়। মহাবীর বলতেন যে. আত্মার মুক্তির জন্য পৃথিবীর সব বস্তুর প্রতি লোভ বা আসক্তি দূর করা প্রয়োজন। এই আসক্তি দূর করতে হলে কষ্ট স্বীকার, অনশন করা প্রয়োজন। জৈনরা বিশ্বাস করে যে, গাছপালা, এমন কি পাথরেরও প্রাণ আছে। সুতরাং এইগুলিকে রক্ষা করতে হবে। পার্শ্বনাথ তাঁর শিষ্যদের দেহের উপর ও নিম্নভাগ ঢেকে রাখার উপদেশ দিয়েছিলেন। কিন্তু মহাবীর পুরোপুরি পোশাক ত্যাগের পক্ষপাতী ছিলেন। এইজন্য তাঁকে নির্গ্রন্থ বা বন্ধনহীন বলা হয়। পরবর্তী কালে এই মতকে কেন্দ্র করে জৈনরা "শ্বেতাম্বর" ও "দিগম্বর" দু'ভাগে বিভক্ত হয়ে পড়েন। "শ্বেতাম্বর"রা সাদা কাপড় পড়তেন এবং "দিগম্বর"রা সম্পূর্ণ নগ্ন থাকতেন।

ধর্মমত

ভাগ

জৈনধর্মে মনে করা হয় সৃষ্টি অনন্ত ও অনাদি। সেইজন্য জৈনধর্ম ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস করে না ও ঈশ্বর উপাসনার কোন স্থানও এই ধর্মে নেই। বৌদ্ধধর্মের মত জৈনধর্ম বর্ণভেদ-প্রথার কোনও সমালোচনা করেনি। মহাবীর মনে করতেন যে একজন, মানুষের কৃতকর্মের উপর তার পরজন্ম নির্ভর করে।

জৈন ধর্মের প্রসার ও জৈন ধর্মগ্রন্থ : মহাবীরের মৃত্যুর পর জৈনধর্ম আরও জনপ্রিয় হয়ে উঠে। চন্দ্রগুপ্ত মৌর্য জৈন ধর্ম গ্রহণ করেছিলেন। পূর্বভারত থেকে এই ধর্মমত ক্রমে পশ্চিম ও দক্ষিণ ভারতে প্রসার লাভ করে। এখনও রাজপুতনা ও

গুজরাটের বিভিন্ন অঞ্চলে জৈন ধর্মের বহু মানুষ আছেন। জৈন ধর্ম ভারতের বাইরে কখনও প্রচারিত হয় নি। বৌদ্ধধর্মের মত জৈনধর্ম রাষ্ট্রের সমর্থন ও সাহায্য লাভ করে নি। ধর্মপ্রচারের উদ্দেশ্যে জৈনরা সাধারণ মানুষের ভাষা প্রাকৃতকে গ্রহণ করেছিলেন। তাদের ধর্মীয় সাহিত্য সংকলিত হয়েছিল অর্ধমাগধীতে।

জৈনধর্ম ও প্রসার

মহাবীরের জীবদ্দশায় তাঁর ধর্মমত লিপিবদ্ধ করা হয়নি। খ্রীষ্টপূর্ব ৩০০ অব্দে পাটলিপুত্রে এক সম্মেলনে মহাবীরের উপদেশ ১২টি খণ্ডে লিপিবদ্ধ করা হয় যা দ্বাদশ 'অঙ্গ' নামে পরিচিত। ষষ্ঠ শতাব্দীতে গুজরাটের বলভীতে জিনভদ্রের নেতৃত্বে অপর এক সম্মেলনে জৈনধর্ম সাহিত্য পূর্ণতা পায়। জৈন ধর্মশাস্ত্রকে চারভাগে ভাগ করা হয়—অঙ্গ, উপাঙ্গ, মূল ও সূত্র। 'পরিশিষ্ট পার্বণ' ও 'রাজবলীকথে' নামক পুস্তকে জৈনধর্ম-সংক্রান্ত অনেক কাহিনী লিপিবদ্ধ আছে। জৈন সাহিত্যের একটি বড় অংশ এখন পাণ্ডুলিপির আকারে গুজরাট ও রাজস্থানের জৈন মন্দিরে সংরক্ষিত আছে।

জৈন ধর্মশাস্ত্র

[গ] বৌদ্ধ ধর্মের অভ্যুদয় : গৌতম বুদ্ধ
(The Rise and Growth of Buddhism : Gautam Buddha)

ব্রাহ্মণ্যধর্মের প্রতিবাদে ষষ্ঠ খ্রীষ্টপূর্বাব্দে যেসব ধর্মমতের উদ্ভব হয়েছিল, তার মধ্যে বৌদ্ধধর্ম হল সবচেয়ে উল্লেখযোগ্য। গৌতম বুদ্ধ এই ধর্মমত প্রচার করেছিলেন। গৌতম বুদ্ধ বর্ধমান মহাবীরের সমসাময়িক ছিলেন। তাঁর নাম অনুসারে এই ধর্মমতের নাম হয় বৌদ্ধধর্ম।

গৌতম বুদ্ধ

গৌতম বুদ্ধের পূর্বে নাম ছিল সিদ্ধার্থ। তিনি ছিলেন শাক্যবংশীয় শাসক শুদ্ধোদনের পুত্র। সিদ্ধার্থ কপিলাবস্তুর কাছে লুম্বিনী গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর জন্ম ও মৃত্যুর তারিখ নিয়ে ঐতিহাসিকদের মধ্যে মতবিরোধ আছে। অনুমান করা হয় ৫৬৬ খ্রীষ্টপূর্বাব্দে তিনি জন্মগ্রহণ করেন। তাঁর পরিবার, বাল্যজীবন সম্পর্কে তথ্য পাওয়া যায় ত্রিপিটক, নিকায় প্রভৃতি বৌদ্ধধর্ম গ্রন্থে। তাঁর জন্মের পর তাঁর মাতা মায়াদেবীর মৃত্যু হলে, সিদ্ধার্থ বিমাতা গৌতমীর কাছে মানুষ হন।

বাল্যকাল

শৈশব থেকে সিদ্ধার্থের প্রকৃতি ছিল ভাবুক ও তিনি সংসারের প্রতি উদাসীন ছিলেন। ১৬ বছর বয়সে যশোধরা বা গোপা নামে এক সুন্দরী কন্যার সঙ্গে তাঁর বিবাহ হয়।

২৯ বছর বয়সে তাঁর রাহুল নামে এক পুত্রসন্তান জন্মগ্রহণ করে। দাম্পত্য-জীবন তাঁকে আকর্ষণ করেনি। পুত্রের জন্মের পর তিনি দেখলেন যে, সংসারের জালে তিনি ক্রমেই জড়িয়ে পড়ছেন। বার্ধক্য, জরা ও মৃত্যুর হাত থেকে মানুষ কিভাবে মুক্তি পেতে পারে এই চিন্তা তাঁকে ব্যাকুল করত। এই চিন্তায় তিনি ২৯ বছর বয়সেই এক গভীর রাতে গৃহত্যাগ করেন। এই ঘটনাকে বৌদ্ধধর্মে 'মহাভিনিষ্ক্রমণ' বলা হয়।

গৃহত্যাগ

গৃহত্যাগের পর সিদ্ধার্থ আত্মার মুক্তির জন্য নানা স্থান পরিভ্রমণ করেন। এই সময় তিনি বিভিন্ন সন্ন্যাসীর কাছে দীক্ষা নেন ও নানা যোগের অভ্যাস করেন। অবশেষে গয়ার কাছে উরুবিল্ব নামক স্থানে গভীর ধ্যানমগ্ন হলেন। একটানা ছ'বছর কৃচ্ছ্রসাধন করে সিদ্ধার্থ বুঝলেন শরীরকে কষ্ট দিয়ে মুক্তিলাভ সম্ভব নয়। এরপর নৈরঞ্জনা নদীতে স্নান করে তিনি সুজাতা নামে এক বণিককন্যার (মতান্তরে গোয়ালিনী) কাছে খাদ্য-পানীয় গ্রহণ করে গয়ার কাছে এক অশ্বত্থগাছের তলায় ধ্যানমগ্ন হলেন। বৈশাখ মাসের পূর্ণিমার রাতে সিদ্ধার্থ বা গৌতম 'বোধি' বা দিব্যজ্ঞান লাভ করলেন। সেইদিন থেকে তিনি গৌতম বুদ্ধ নামে পরিচিত হন। ঐ স্থানের নাম হয় বুদ্ধগয়া ও অশ্বত্থগাছটি বোধিবৃক্ষ নামে পরিচিত হয়।

'বোধি' জ্ঞানলাভ

বোধিজ্ঞান লাভ করার পর গৌতম বেনারসের কাছে সারনাথে প্রথম তাঁর ধর্মীয় উপদেশ দেন। এই ঘটনা বৌদ্ধদের কাছে 'ধর্মচক্র প্রবর্তন' নামে পরিচিত। এরপর ৪৫ বছর ধরে গৌতম বুদ্ধ মগধ, কোশল প্রভৃতি দেশে ধর্মপ্রচার করেন। খ্রীষ্টপূর্ব ৪৮৬ (মতান্তরে ৫৪৪ খ্রীষ্টপূর্ব) ৮০ বছর বয়সে গৌতম বুদ্ধ কুশীনগরে দেহত্যাগ করেন। বুদ্ধের দেহত্যাগকে বৌদ্ধরা 'মহাপরিনির্বাণ' বলে অভিহিত করেন।

মহাপরিনির্বাণ

বৌদ্ধ ধর্মমত : বুদ্ধ তাঁর শিষ্যদের বাস্তব উপায়ে সত্যে উপনীত হতে উপদেশ দিয়েছিলেন। তিনি 'আর্যসত্য' নামে চারটি সত্যের কথা উল্লেখ করেন—(১) পৃথিবীতে দুঃখ আছে (দুঃখ); (২) আকাঙ্ক্ষা তৃষ্ণার কারণ (সমুদয়); (৩) এই তিন পার্থিব দুঃখ-কষ্ট দূর করা যায় (নিরোধ); (৪) দুঃখ নিবারণের জন্য সঠিক পথ বা মার্গ অনুসরণ করতে হবে। এই প্রসঙ্গে বুদ্ধ আটটি মার্গ বা পথের কথা বলেছেন,—যা 'অষ্টাঙ্গিক মার্গ' নামে পরিচিত। এই মার্গগুলি হল—(১) সঠিক বিশ্লেষণ, (২) সঠিক প্রত্যয়, (৩) সঠিক বাক্য, (৪) সঠিক কর্ম, (৫) সঠিক জীবনযাত্রা, (৬) সঠিক অনুশীলন, (৭) সঠিক স্মৃতি এবং (৮) সঠিক সাধনা। আত্মা ও ব্রহ্মকে নিয়ে যে বিতর্ক সেই সময় চলছিল তাতে তিনি মনোযোগ দিতে বারণ করেন। অষ্টাঙ্গিক মার্গ পালনের জন্য কোন মানুষকে পুরোহিতের কাছে যেতে হবে না। পুরোহিত ছাড়াই তিনি তাঁর নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছে যাবেন। বুদ্ধদেব বলেছিলেন ভোগবিলাস ও কৃচ্ছ্রসাধন এই দুইয়ের বাড়াবাড়ি এড়িয়ে মধ্যপথ অবলম্বন প্রয়োজন। তিনি বৈদিক ধর্মের আচার-অনুষ্ঠান ও যাগযজ্ঞে বিশ্বাস

আর্য সত্য ও আটটি মার্গ

করতেন না। ঈশ্বর ও বেদ সম্পর্কে তিনি কিছু বলেন নি। বুদ্ধদেব কর্মফলে ও জন্মান্তরবাদে বিশ্বাস করতেন। তাঁর মতে মানুষ জন্মের পর কর্মফলের জন্য দুঃখকষ্ট ভোগ করে। এই দুঃখকষ্ট থেকে মুক্তি পেতে হলে আত্মার পুনর্জন্ম রোধ করতে হবে। পুনর্জন্ম না হলে কর্মফলও লোপ পাবে—বুদ্ধদেব আত্মার এই মুক্তিকে 'নির্বাণ' বলেছেন। অষ্টাঙ্গিক মার্গ অনুসরণে 'নির্বাণ' লাভ সম্ভব। বুদ্ধদেব জাতিভেদ মানতেন না।

মধ্যপথ ও নির্বাণ

জৈন প্রচারকদের মত বুদ্ধদেবও তাঁর শিষ্যদের কতকগুলি উপদেশ দিয়েছেন। এইগুলির মধ্যে উল্লেখযোগ্য হল—(১) অন্যের সম্পত্তিতে লোভ কোর না, (২) হিংসা থেকে বিরত থাক, (৩) উত্তেজক জিনিস ব্যবহার কোর না, (৪) মিথ্যা কথা বোল না, (৫) দুর্নীতিকে প্রশ্রয় দিও না।

উপদেশ-সমূহ

বুদ্ধদেবের মৃত্যুর পর তাঁর প্রচারিত ধর্মমত নিয়ে বৌদ্ধ সন্ন্যাসীদের মধ্যে মতভেদ দেখা দেয়। এই মতভেদ দূর করার জন্য চারটি বৌদ্ধ সঙ্গীতি বা ধর্ম-সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল। খ্রীষ্টীয় দ্বিতীয় শতকে কাশ্মীরে অনুষ্ঠিত চতুর্থ ধর্ম-সম্মেলনে বৌদ্ধরা দুই ভাগে বিভক্ত হয়ে যান—হীনযান ও মহাযান। হীনযানীরা বৌদ্ধধর্মের আদিরূপ ও ধর্মের মূল-নীতিতে বিশ্বাসী ছিলেন। অন্যদিকে মহাযানীরা বুদ্ধদেবকে অবতাররূপে মনে করতে থাকেন। মহাযান মতের বৌদ্ধরা গৌতম বুদ্ধের মূর্তিকে ভগবান রূপে পূজা করতে শুরু করেন। বুদ্ধদেব তাঁর শিষ্যদের ধন সঞ্চয় করতে নিষেধ করেন। বৌদ্ধ সন্ন্যাসীরা ভিক্ষা করে জীবন ধারণ করতেন; এই জন্য তাঁদের 'ভিক্ষু' বলা হয়। কালক্রমে বৌদ্ধধর্ম ভারতের সীমা অতিক্রম করে পৃথিবীর বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে। পরবর্তী কালে ভারতে এই ধর্মের প্রভাব হ্রাস পেলেও, বিশ্বের বিভিন্ন দেশে আজও সাফল্যের সঙ্গে বিরাজমান।

হীনযান ও মহাযান

বৌদ্ধ ধর্মসাহিত্য ঃ বুদ্ধদেব তাঁর ধর্মমত মুখে মুখে প্রচার করেছিলেন। তাঁর মৃত্যুর পর রাজগৃহে এক সম্মেলনে তাঁর শিষ্যরা বুদ্ধের ধর্মমত ও বাণী লিপিবদ্ধ করেন। এই সংকলনকে 'ত্রিপিটক' বলা হয়। 'ত্রিপিটক' বা তিনটি 'পিটক' হল—(১) সূত্রপিটক—যাতে বুদ্ধের উপদেশাবলী ও তা প্রচারের বর্ণনা আছে, (২) বিনয়পিটক—যাতে বৌদ্ধ ভিক্ষুদের পালনীয় কর্তব্যের কথা বলা হয়েছে ও (৩) অভিধর্ম পিটক—যাতে ধর্মের দার্শনিক তত্ত্ব ব্যাখ্যা করা হয়েছে। এইগুলি পালি ভাষায় রচিত। বৌদ্ধধর্ম গ্রন্থ 'জাতকে' বুদ্ধের পূর্বজন্মের কাহিনী বর্ণনা করা হয়েছে।

পিটকসমূহ

জাতক

বৌদ্ধ ধর্মের বিলুপ্তির কারণ ঃ ভারতে বৌদ্ধধর্ম বিলোপের কারণ সম্পর্কে ঐতিহাসিকরা বলেন যে, এই ধর্ম প্রভাবশালী রাজাদের পৃষ্ঠপোষকতায় বিস্তারলাভ করেছিল। হর্ষবর্ধনের মৃত্যুর পর এই ধর্মমত আর কোনও শক্তিশালী রাজার আনুকূল্য লাভ করে নি। ফলে প্রভাব হ্রাস পায়। বুদ্ধের মৃত্যুর কয়েক শতক পরে বৌদ্ধ

ধর্মের ঐক্য নষ্ট হয়। বৌদ্ধরা হীনযান ও মহাযান, এই দুই ভাগে বিভক্ত হয়ে যান। মহাযান ধর্মমত মূর্তিপূজা ও তান্ত্রিক আচার অনুষ্ঠান অনুসরণ করায় হিন্দুধর্ম এই ধর্মকে গ্রাস করে ফেলে। গুপ্তযুগে হিন্দুধর্মমত নবজাগরণের ফলে আচার-অনুষ্ঠান ও যাগযজ্ঞ বাদ দিয়ে লৌকিক ধর্মে পরিণত হওয়ায় মানুষ বৌদ্ধধর্মের চেয়ে হিন্দুধর্মের দিকে ঝুঁকে পড়ে। মুসলমান আক্রমণের ফলে বৌদ্ধমঠ বা বিহারগুলির ধ্বংসের ফলে এই ধর্মমত দ্রুত বিলোপের দিকে এগিয়ে যায়।

জৈন ও বৌদ্ধধর্মের মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য (Relations between Buddhism and Jainism): জৈন ও বৌদ্ধ ধর্ম প্রায় একই সময় প্রচারিত হয়েছিল। নানা দিক থেকে এই দুটি ধর্মমতের মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য দেখা যায়।

সাদৃশ্য

উভয় ধর্মমতই হিন্দুধর্মের প্রতিবাদী ধর্ম হিসাবে প্রচারিত হয়েছিল। উভয় ধর্মেই আচার-অনুষ্ঠান বর্জন করে নৈতিক দিকে জোর দেওয়া হয়েছিল। জৈন ও বৌদ্ধ ধর্ম 'অহিংসা'র উপর প্রতিষ্ঠিত। উভয় ধর্মই কর্মফল ও জন্মান্তরবাদে বিশ্বাসী। জৈন ও বৌদ্ধ ধর্ম বিশ্বস্রষ্টা ও পরম-পুরুষে বিশ্বাস করে না।

বৈসাদৃশ্য

উভয় ধর্মের মধ্যে পার্থক্যও প্রচুর। জৈন ধর্মে অহিংসার উপর বেশী গুরুত্ব দেওয়া হয়েছে। বৌদ্ধ ধর্মে অহিংসার উপর এত ব্যাপক জোর দেওয়া হয় নি। জৈনরা আত্মার মুক্তির জন্য অত্যধিক কষ্টস্বীকার করতে বলেছেন। কিন্তু বৌদ্ধধর্মে মধ্যপথ অবলম্বনের উপদেশ দেওয়া হয়েছিল। জৈনরা হিন্দু দেবদেবী যেমন, গণেশ, লক্ষ্মী প্রভৃতির পূজা করেন ও হিন্দু আচার-অনুষ্ঠান পালন করেন। বৌদ্ধরা এইসব থেকে বিরত থাকেন। জৈনরা তপশ্চর্য্যায় বিশ্বাসী ছিলেন, কিন্তু বৌদ্ধরা সংসারধর্ম পালনের মধ্য দিয়ে 'নির্বাণ'-লাভে বিশ্বাসী ছিলেন।

৫

সাম্রাজ্যবাদ ও রাজনৈতিক ঐক্যের যুগ

[Age of Imperialism and Political Unification]

[ক] ষোড়শ মহাজনপদ (Sixteen Mahajanapadas)

ষষ্ঠ খ্রীষ্টপূর্বাব্দে উত্তরপ্রদেশ ও বিহারে লোহার ব্যাপক ব্যবহারের ফলে বহু আঞ্চলিক রাজ্য গড়ে উঠে। লোহার তৈরী অস্ত্রশস্ত্র ব্যবহারের ফলে যোদ্ধাশ্রেণী এই সময় সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। নতুন যন্ত্রপাতি, যেমন লোহার কুঠার, লাঙ্গল আবিষ্কারের ফলে কৃষকরা প্রয়োজনের তুলনায় বেশী খাদ্যশস্য উৎপাদন করতে থাকে। সৈন্যপোষণ ও শাসন পরিচালনার জন্য এই বাড়তি ফসল রাজাদের দিতে হত। নগরগুলিতেও এই বাড়তি ফসল সরবরাহ করতে হত। জীবনধারণের রীতির এই পরিবর্তনের ফলে মানুষ জমির সঙ্গে নিজেদের যুক্ত রাখার প্রয়োজনীয়তা অনুভব করে। অন্যকে বঞ্চিত করে জমি বিস্তারের ইচ্ছাও মানুষের মধ্যে দেখা দেয়। এই সময় কয়েকটি নগরকে কেন্দ্র করে বড় বড় রাজ্যের সৃষ্টি হয়। জন বা গোষ্ঠীর চেয়ে জনপদের প্রতি মানুষ অনুগত হয়।

লোহার আবিষ্কার ও আঞ্চলিক রাজ্যের উদ্ভব

ষোড়শ মহাজনপদ (Sixteen Mahajanapadas): ষষ্ঠ খ্রীষ্টপূর্বাব্দে আমরা ষোলটি জনপদ বা রাজ্যের সন্ধান পেয়েছি। জৈন, বৌদ্ধ শাস্ত্রে ও পাণিনি'র ব্যাকরণে ষোলটি রাজ্য বা 'ষোড়শ মহাজনপদের' উল্লেখ পাওয়া যায়। সেইগুলি হল—(১) কম্বোজ, (২) গান্ধার, (৩) কুরু, (৪) শূরসেন, (৫) মৎস্য, (৬) পাঞ্চাল, (৭) কোশল, (৮) মল্ল, (৯) বৎস, (১০) চেদী, (১১), অবন্তী, (১২) কাশী, (১৩) মগধ, (১৪) অঙ্গ, (১৫) বৃজি, (১৬) অশ্মক। এদের অধিকাংশ ছিল বিন্ধ্যপর্বতের উত্তরে, উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চল ও বিহারে অবস্থিত। এই ষোলটি মহাজনপদের মধ্যে মগধ, কোশল, বৎস ও অবন্তী ছিল যথেষ্ট শক্তিশালী। এদের মধ্যে কিছু ছিল রাজতান্ত্রিক ও কিছু ছিল গণ বা সাধারণতন্ত্রী রাজ্য।

ষোড়শ মহাজনপদ

[খ] সাম্রাজ্যবাদী শক্তিরূপে মগধের উত্থান (Growth of the Power of Magadha)

'ষোড়শ মহাজনপদে'র মধ্যে পারস্পরিক লড়াইয়ে কালক্রমে মগধ রাজ্যটি শক্তিশালী হয়ে উঠে ও একটি সাম্রাজ্য স্থাপন করে। বর্তমান বিহারের পাটনা ও গয়া জেলা নিয়ে ছিল প্রাচীন মগধ। মগধের শক্তিশালী হয়ে উঠার পিছনে কিছু কারণও ছিল। ভারতের সবচেয়ে সমৃদ্ধ লৌহাঞ্চলে ছিল মগধ রাজ্য, ফলে সে উন্নত অস্ত্র ব্যবহারের সুযোগ পায়। রাজধানী, রাজগৃহ ছিল পাঁচটি পর্বতবেষ্টিত। পরবর্তী রাজধানী পাটলিপুত্র গঙ্গা ও শোণ নদীর মধ্যে অবস্থিত হওয়ার নিরাপত্তা, নদীপথের যোগাযোগের ও ব্যবসা-বাণিজ্যের সুযোগ পায় মগধ। বৃষ্টিপাতের দরুন মগধের উর্বর জমিতে ফসলও হত প্রচুর।

মহাভারতে আছে জরাসন্ধের পিতা বৃহদ্রথ ছিলেন মগধের প্রতিষ্ঠাতা। তবে হর্যঙ্ক বংশের বিম্বিসারের আমলেই মগধের উত্থানের সূত্রপাত হয়। বিম্বিসার তিনটি



উপায়ে রাজ্য বিস্তার করেন—(১) বৈবাহিক সম্পর্কের মাধ্যমে, (২) রাজ্যজয়ের মাধ্যমে ও (৩) মৈত্রী সম্পর্কের দ্বারা। তিনি কোশল রাজকন্যা কোশলদেবীকে বিবাহ করে কাশী লাভ করেন এবং লিচ্ছবি রাজকন্যা চেল্লনা, বিদেহের রাজকন্যা বাসবী ও মদ্র রাজকন্যা ক্ষেমাকে বিবাহ করে রাজ্য বিস্তার করেন। তিনি অঙ্গরাজ ব্রহ্মদত্তকে পরাজিত করে অঙ্গরাজ্য দখল করেন ও তক্ষশীলারাজ পুক্কুসাতি ও অবন্তীরাজ প্রদ্যোতের সঙ্গে মৈত্রী সম্পর্ক স্থাপন করেন।

বিম্বিসার

বিম্বিসারের আমলে মগধের যে উত্থান শুরু হয় তা শেষ হয় অশোকের রাজত্বে। তিনি সর্বত্র সুশাসন প্রতিষ্ঠা করেন। বিম্বিসারের সঙ্গে বুদ্ধদেবের সাক্ষাৎ হয়েছিল।

কথিত আছে যে অজাতশত্রু পিতা বিম্বিসারকে নিহত করে মগধের সিংহাসনে বসেন (খ্রীঃ পূঃ ৪৯২—৪৬০)। অজাতশত্রুর আমলে মগধ আরও শক্তিশালী হয়ে উঠে। তাঁকে সারা জীবনই যুদ্ধ করতে হয়। অজাতশত্রু কোশলরাজ্যের সঙ্গে যুদ্ধে লিপ্ত হয়ে কাশী রাজ্যটিকে স্থায়ী ভাবে দখল করেন। কোশলরাজ প্রসেনজিতের কন্যা ভজিরাকে তিনি বিবাহ করেন। অজাতশত্রু দীর্ঘ ১৬ বছর ধরে বৈশালীর সঙ্গে যুদ্ধ করে বৈশালীকে নিজরাজ্যভুক্ত করেন। অবন্তীর সঙ্গে তাঁর সম্পর্কের অবনতি ঘটলেও অবন্তীর সঙ্গে অজাতশত্রুর যুদ্ধের কথা জানা যায় না। অজাতশত্রুর সময়ে রাজ্যসীমা আরও ২০০ যোজন বৃদ্ধি পায়। তিনিই গঙ্গা ও শোণ নদীর মধ্যবর্তী পাটলি গ্রামে ভবিষ্যৎ পাটলিপুত্রের ভিত্তি স্থাপন করেন। প্রথম জীবনে বৌদ্ধধর্মবিদ্বেষী হলেও পরবর্তী কালে অজাতশত্রু বৌদ্ধধর্ম গ্রহণ করেন। তাঁর রাজত্বকালেই বুদ্ধদেব দেহত্যাগ করেন।

অজাতশত্রু

অজাতশত্রুর পর তাঁর সিংহাসনে বসেন উদয়ন, যিনি ৪৬০ খ্রীঃ পূঃ পর্যন্ত রাজত্ব করেন। তিনি গঙ্গা ও শোণ নদীর সঙ্গমস্থলে পাটলিপুত্রে একটি দুর্গ নির্মাণ করেন। এই বংশের শেষ রাজা ছিলেন নাগদাসক।

নাগদাসককে হত্যা করে বেনারসের অমাত্য শিশুনাগ মগধের সিংহাসনে বসেন ও শিশুনাগ বংশের শাসন শুরু হয়। এই বংশের রাজত্বে সাময়িক ভাবে বৈশালীতে রাজধানী স্থানান্তরিত হয়। শিশুনাগ অবন্তীরাজ প্রদ্যোতকে পরাজিত করে অবন্তী দখল করেন। তিনি কোশল ও বৎসকেও পরাজিত করে মগধের এই দুই প্রতিদ্বন্দ্বীকে ধ্বংস করেন। এরপর মগধের রাজা হন কালাশোক বা কাকবর্ণ। তাঁর আমলে বৈশালীতে বৌদ্ধধর্ম সঙ্গীতির অধিবেশন হয়।

শিশুনাগ বংশ

মহাপদ্মনন্দ নামে এক শূদ্রবংশীয় বীর শিশুনাগ বংশকে উচ্ছেদ করে মগধের সিংহাসনে বসেন। নন্দ বংশের আমলে মগধ চরম সাম্রাজ্যবাদী হয়ে উঠে। ঐতিহাসিক নীলকণ্ঠ শাস্ত্রীর মতে মহাপদ্মনন্দের আমলে মগধ সার্বভৌম সাম্রাজ্যে পরিণত হয়। মহাপদ্ম 'একরাট' উপাধি নিয়েছিলেন। তিনি 'সর্বক্ষত্রান্তক' বা ক্ষত্রিয়দের উচ্ছেদকারী উপাধিও নিয়েছিলেন। মহাপদ্ম ষোড়শ মহাজনপদের বাকী রাজ্যগুলিও দখল করেন। তাঁর রাজ্য মহীশূরের কুন্তল পর্যন্ত বিস্তৃত হয়েছিল। উত্তরে পাঞ্জাব থেকে দক্ষিণে গোদাবরী, পূর্বে মগধ ও পশ্চিমে নর্মদা নদী পর্যন্ত অঞ্চল দখল করে মহাপদ্ম ভারতে রাজনৈতিক ঐক্য আনার চেষ্টা করেছিলেন।

মহাপদ্মনন্দ ও নন্দ বংশ

মহাপদ্মের পর আটজন নন্দ রাজা রাজত্ব করেন। এই বংশের শেষ রাজা ছিলেন ধননন্দ। তাঁর শক্তির পরিচয় পেয়ে আলেকজাণ্ডার ভারতের ভিতরে প্রবেশ করতে চাননি। ধননন্দের অত্যাচারী শাসনে প্রজারা অসন্তুষ্ট হয়ে উঠে। এই সুযোগে মৌর্য বংশের চন্দ্রগুপ্ত, কৌটিল্য নামে এক ব্রাহ্মণের সাহায্যে সিংহাসন দখল করেন ও নন্দবংশের অবসান হয়।

ধননন্দ

[গ] মৌর্য সাম্রাজ্যের ইতিহাস
(History of the Maurya Empire)

চন্দ্রগুপ্ত (Chandragupta) : নন্দবংশের ধননন্দকে পরাজিত ও সিংহাসনচ্যুত করে মৌর্যবংশের চন্দ্রগুপ্ত ৩২৪ খ্রীঃ পূর্বাব্দে মগধের সিংহাসনে বসেন। মৌর্য শাসনকাল ভারতের ইতিহাসের এক গৌরবময় অধ্যায়। ভারতের বিভিন্ন অংশ মগধের অধীনস্থ হওয়ায় রাজনৈতিক ঐক্যের পথ সুগম হয়। মৌর্য শাসকরা সার্বভৌম সম্রাটরূপে শাসন করেন।

মৌর্যরাজ চন্দ্রগুপ্তের জন্ম-পরিচয় সম্পর্কে সমসাময়িক তথ্য থেকে তিন রকমের মত পাওয়া যায়। পুরাণ ও মুদ্রারাক্ষস নাটকে চন্দ্রগুপ্তকে শূদ্রবংশের সন্তান বলা হয়েছে। তার মাতা মুরা ছিলেন ধননন্দের উপপত্নী। মুরার নাম থেকে মৌর্য শব্দের উৎপত্তি হয়েছে বলে অনুমান করা হয়। গ্রীক লেখক জাস্টিন বলেছেন, তিনি ছিলেন 'সামান্য' ও 'সাধারণ' মানুষ। ঐতিহাসিক রোমিলা থাপারও তাঁকে নীচু বর্ণের মানুষ বলেছেন। বৌদ্ধ ও জৈন ধর্মগ্রন্থে চন্দ্রগুপ্তকে পিপ্পলীবর্ণের 'মোরিয়' নামে ক্ষত্রিয় বংশজাত বলে উল্লেখ করা হয়েছে। ঐতিহাসিকদের মতে পুরাণ ও নাটক পরবর্তী কালে রচিত বলে ঐ মত গ্রহণযোগ্য নয়। বেশির ভাগ ঐতিহাসিক বৌদ্ধ ও জৈন মত গ্রহণ করে চন্দ্রগুপ্তকে 'মোরিয়' ক্ষত্রিয় বংশজাত বলার পক্ষপাতী।

চন্দ্রগুপ্তের বংশ

কিংবদন্তী অনুসারে চন্দ্রগুপ্তের পিতা ধননন্দের হাতে নিহত হন। তিনি পিতৃহত্যার প্রতিশোধ নেওয়ার জন্য চাণক্য নামে এক ব্রাহ্মণের সাহায্য নেন। চাণক্যও ধননন্দের কাছে কোনো এক সময়ে অপমানিত হয়েছিলেন। সুতরাং তিনি নন্দবংশের উচ্ছেদের জন্য চন্দ্রগুপ্তের সঙ্গে যোগ দেন। চন্দ্রগুপ্ত নন্দদের উচ্ছেদের জন্য পাঞ্জাবে গিয়ে আলেকজাণ্ডারের সঙ্গে দেখা করেন ও সাহায্য চান। কিন্তু গ্রীকরা সাহায্য দিতে না চাইলে, তিনি নিজের চেষ্টায় এক সেনাদল গঠন করে নন্দরাজ ধননন্দকে পরাজিত করেন। এ ছাড়াও তিনি উত্তর-পশ্চিম ভারতের গ্রীক শাসিত অঞ্চল নিজ অধিকারে আনেন। নন্দবংশ উচ্ছেদ ও গ্রীক রাজ্য দখলের মধ্যে কোন্‌টি প্রথমে ঘটেছিল তা সঠিকভাবে জানা যায় না। কেউ কেউ বলেন, চন্দ্রগুপ্ত প্রথমে গ্রীক শাসিত অঞ্চল দখল করেন ও তারপরে নন্দবংশের শাসন উচ্ছেদ করেন। তিনি সম্মুখযুদ্ধে নন্দ সেনাপতি ভদ্রশালকে পরাজিত করেছিলেন।

সিংহাসন আরোহণ

মগধের সিংহাসনে আরোহণের পর চন্দ্রগুপ্তকে গ্রীক আক্রমণের সম্মুখীন হতে হয়। আলেকজাণ্ডারের মৃত্যুর পর তাঁর সুবিশাল সাম্রাজ্য বিভিন্ন খণ্ডে বিভক্ত হয়। গ্রীক সেনাপতিগণ সাম্রাজ্যের বিভিন্ন অংশ নিজেদের মধ্যে ভাগ করে নিয়েছিলেন। সিরিয়া ও ভারতের উত্তর-পশ্চিম সীমান্তের অংশগুলি সেলুকাস নামে একজন গ্রীক সেনাপতির ভাগে পড়ে। তিনি পাঞ্জাব ও সিন্ধুদেশ চন্দ্রগুপ্তের হাত থেকে পুনরুদ্ধারের জন্য

দৃঢ়প্রতিজ্ঞ হন। ৩০৫ খ্রীঃ পূর্বাব্দে সেলুকাস এক শক্তিশালী সৈন্যবাহিনী নিয়ে সিন্ধুনদ অতিক্রম করে ভারত আক্রমণ করলে চন্দ্রগুপ্ত তাঁকে বাধা দেন ও যুদ্ধে পরাজিত করেন। শেষ পর্যন্ত সেলুকাস চন্দ্রগুপ্তের সঙ্গে সন্ধি করতে বাধ্য হন। সেলুকাস কাবুল, কান্দাহার, বেলুচিস্তান ও হিরাট প্রদেশ চন্দ্রগুপ্তের হাতে সমর্পণ করেন। চন্দ্রগুপ্তও ৫০০ রণহস্তী সেলুকাসকে উপহার দেন। উভয়ের মধ্যে বৈবাহিক সম্পর্ক স্থাপিত হয় ও চন্দ্রগুপ্ত সেলুকাসের কন্যাকে বিবাহ করেন। বন্ধুত্বের নিদর্শন স্বরূপ সেলুকাস চন্দ্রগুপ্তের রাজসভায় মেগাস্থিনিস নামে এক দূত পাঠান। মেগাস্থিনিসের ভারত সম্পর্কে লিখিত বিবরণ 'ইণ্ডিকা' নামে পরিচিত। এরপর থেকে পশ্চিম এশিয়ার গ্রীকদের সঙ্গে মৌর্যদের সুসম্পর্ক স্থাপিত হয়।

সেলুকাসের সঙ্গে যুদ্ধ

চন্দ্রগুপ্ত নন্দবংশ কর্তৃক স্থাপিত মগধের সীমাকে আরও প্রসারিত করেন। গিরনগর শিলালেখ থেকে জানা যায় তিনি গুজরাট, অবন্তী ও মালব অধিকার করেছিলেন। চন্দ্রগুপ্ত মহারাষ্ট্র ও কোঙ্কন অঞ্চলও জয় করেছিলেন বলে জানা যায়। গোদাবরী নদী অতিক্রম করে তিনি মহীশূর ও মাদ্রাজের তিনেভেলী পর্যন্ত অগ্রসর হয়েছিলেন। এই তথ্য পাওয়া যায় মাস্কি শিলালেখ থেকে। চন্দ্রগুপ্তের রাজ্যের সীমানা ছিল—উত্তরে হিন্দুকুশ পর্বত থেকে দক্ষিণে মহীশূর ও মাদ্রাজ, পশ্চিমে আরব সাগর থেকে পূর্বে মগধ পর্যন্ত। কিছুদিন পূর্বে পাওয়া মহাস্থানগড়ের শিলালেখ প্রমাণ করে বাংলাদেশও তার রাজ্যভুক্ত ছিল। চন্দ্রগুপ্ত শুধু রাজ্যবিজেতাই ছিলেন না, তিনি একটি সুশাসনব্যবস্থাও প্রতিষ্ঠা করেছিলেন। ডঃ আর. কে. মুখোপাধ্যায় তাঁকে সর্বপ্রথম সর্বভারতীয় সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা বলে উল্লেখ করেছেন। চন্দ্রগুপ্ত শেষজীবনে বৌদ্ধধর্ম গ্রহণ করেছিলেন।

রাজ্যবিস্তার

চন্দ্রগুপ্তের শাসনব্যবস্থা ঃ মৌর্য শাসনব্যবস্থা
(Chandragupta Maurya's Administration or Maurya Administration)

চন্দ্রগুপ্তের সময় থেকেই মৌর্যরা সুপরিকল্পিত শাসনব্যবস্থা প্রবর্তন করেছিলেন। মেগাস্থিনিসের বর্ণনা ও কৌটিল্যের অর্থশাস্ত্র এই বিষয়ে আমাদের প্রধান উপাদান। মেগাস্থিনিস সেলুকাসের দূত হিসাবে, মৌর্য রাজধানী পাটলিপুত্রে থাকতেন। মেগাস্থিনিস শুধু মৌর্য শাসনব্যবস্থারই উল্লেখ করেন নি, সামগ্রিকভাবে মৌর্য সাম্রাজ্যের কথা বলেছেন। মেগাস্থিনিসের গ্রন্থ অক্ষত অবস্থায় পাওয়া যায় নি। পরবর্তী কয়েকজন গ্রীক লেখকের রচনায় মেগাস্থিনিসের বিবরণের উদ্ধৃতি দেখা যায়। এই খণ্ড খণ্ড অংশ 'ইণ্ডিকা' নামে প্রকাশ করা হয়েছে। মৌর্য শাসন, সমাজ ও অর্থনীতির পরিচয়ে এই বিবরণ প্রামাণ্য তথ্য।

মেগাস্থিনিসের বিবরণ

অর্থশাস্ত্র

মেগাস্থিনিসের বিবরণের পরিপূরক হল কৌটিল্যের অর্থশাস্ত্র। এই গ্রন্থটির সংকলন মৌর্য যুগের কয়েক শতাব্দী পরে হয়েছে। তবুও অর্থশাস্ত্রে কয়েকটি অংশ মৌর্য যুগের শাসন ও অর্থনীতি সম্পর্কে খুবই নির্ভরযোগ্য উপাদান। এই দুইটি উপাদানের ভিত্তিতেই মৌর্য শাসনের একটি রূপরেখা আমরা পাই।

রাজা

মৌর্য শাসনব্যবস্থা ছিল রাজতান্ত্রিক—রাজা ছিলেন সর্বময় ক্ষমতার অধিকারী। শাসন, বিচার, আইন প্রণয়ন ও সামরিক বিভাগ তাঁরই নির্দেশে পরিচালিত হত। মৌর্য রাজারা দৈবস্বত্বের কথা না বললেও—দেবতাদের প্রিয় (দেবানাম পিয়) বলেছেন। রাজা 'পোরাণ পকিতি' বা পুরোন অনুশাসন অনুযায়ী দেশ শাসন করতেন। হিন্দু ধর্মশাস্ত্র অনুসারে প্রজাদের সন্তান বলে উল্লেখ করতেন।

মন্ত্রী ও কর্মচারীবৃন্দ

অর্থশাস্ত্রে বলা হয়েছে শাসনের চাকা রাজা একা ঘোরাতে পারতেন না। তাঁকে সাহায্য করতেন নানা শ্রেণীর অমাত্যরা। মহামন্ত্রী বা 'মন্ত্রীণ' নামে উচ্চপদস্থ কর্মচারী ছিলেন, যাদের বেতন ছিল বছরে ৪৮,০০০ পণ (রূপার মুদ্রা)। এ ছাড়াও ছিল মন্ত্রিপরিষদ—যার সদস্যরা ১২,০০০ পণ বেতন পেতেন। মন্ত্রিপরিষদের পরামর্শ রাজা গ্রহণ করতে বাধ্য ছিলেন না। এ ছাড়াও গুপ্তচর, সচিব, অমাত্য, অধ্যক্ষ ইত্যাদি নামে বহু রাজ-কর্মচারী ছিলেন।

প্রাদেশিক শাসন

মৌর্য সাম্রাজ্য কয়েকটি প্রদেশে বিভক্ত ছিল যাকে বলা হত 'দেশ'। চন্দ্রগুপ্তের সময় এই রকম চারটি ও অশোকের সময় পাঁচটি ভাগ পাওয়া গেছে। প্রদেশগুলির শাসক ছিল 'কুমারামাত্য' নামে রাজপরিবারের বংশধরদের হাতে। প্রদেশগুলি 'বিষয়ে' বা 'বিষয়গুলি' 'জনপদ' বা গ্রামে বিভক্ত ছিল। জেলার ভারপ্রাপ্ত কর্মচারী ছিল রজক। এ ছাড়া প্রদেষ্টি, যুত, স্থানিক, গোপ, গ্রামিক নামে কর্মচারীরা প্রদেশের শাসন চালাতেন। গ্রামগুলি ছিল স্বয়ংশাসিত।

বিচারব্যবস্থা

মৌর্য বিচারব্যবস্থা সুগঠিত ছিল। 'ধর্মস্থির' ও 'কণ্টক শোধণ' নামে দু'ধরনের বিচারালয়ের উল্লেখ অর্থশাস্ত্রে আছে। দণ্ডবিধি ছিল খুবই কঠোর। নগরশাসনের দিকে বিশেষ নজর দেওয়া হত।

শহরে শাসনব্যবস্থা

মেগাস্থিনিস উল্লেখ করেছেন পাটলিপুত্রের শাসনভার ন্যস্ত ছিল ৩০ জন সদস্যবিশিষ্ট একটি সমিতির হাতে। এই সমিতি ছ'টি উপসমিতিতে বিভক্ত ছিল, যার প্রতিটির সদস্যসংখ্যা ছিল পাঁচ। শহরের পয়ঃপ্রণালীর ব্যবস্থা, বিদেশীদের ভরণপোষণ ও তত্ত্বাবধান, জন্মমৃত্যুর হিসাব রাখা ইত্যাদি কাজের ভার ছিল এই সমিতিগুলির। মেগাস্থিনিস বলেছেন,

সামরিক শাসন

সেনাবাহিনীর দায়িত্ব ছিল ৩০ জন কর্মচারীবিশিষ্ট একটি বোর্ডের হাতে। এই বোর্ড ছ'টি সমিতিতে বিভক্ত ছিল—যার প্রতিটির সদস্য ছিল পাঁচ জন। সেনাবাহিনীর ছ'টি শাখার—পদাতিক বাহিনী

অশ্বারোহী বাহিনী, হস্তি-বাহিনী, রথ-বাহিনী ও পরিবহণের দায়িত্ব পৃথকভাবে এই ছ'টি সমিতির উপর অর্পিত হয়েছিল।

অর্থশাস্ত্র অনুসারে সাম্রাজ্যের যাবতীয় অর্থনৈতিক কার্যকলাপ নিয়ন্ত্রণ করত রাষ্ট্র।

কর ব্যবস্থা

সম্ভবত রাজস্বের পরিমাণ ছিল উৎপাদিত ফসলের $\frac{১}{৪}$ অংশ থেকে $\frac{১}{৬}$ অংশের মধ্যে সীমাবদ্ধ। বিক্রির জন্য যেসব পণ্য শহরে আসত, তার উপর কর দিতে হত। খনি, মাদক দ্রব্য বিক্রি, অস্ত্র তৈরি ইত্যাদির উপর রাষ্ট্রের একচেটিয়া অধিকার ছিল।

অশোকের আমলে মৌর্য শাসনব্যবস্থায় কিছু পরিবর্তন হয়েছিল। তিনি যুত ও

অশোকের পরিবর্তন

ধর্মমহামাত্র নামে নতুন কর্মচারী নিয়োগ করেছিলেন। রজুকদের শাসনে বিশেষ স্বাধীনতা দিয়েছিলেন। অশোক 'দণ্ড ক্ষমতা' ও 'ব্যবহার ক্ষমতা'র নীতি প্রবর্তন করেছিলেন।

বিন্দুসার (Bindusara) **:** চন্দ্রগুপ্তের মৃত্যুর পর আনুমানিক ২৯৮ খ্রীষ্টপূর্বাব্দে তাঁর পুত্র বিন্দুসার মৌর্য সিংহাসনে বসেন। বিন্দুসার 'অমিত্রঘাত' বা শত্রুনিধনকারী উপাধি নিয়েছিলেন। তাঁর রাজত্বকালে তক্ষশীলায় বিদ্রোহ দেখা দেয়। রাজপুত্র অশোক এই বিদ্রোহ দমন করেন। গ্রীকদের সঙ্গে অবিচ্ছিন্ন সম্পর্ক বজায় রাখা তাঁর রাজত্বের উল্লেখযোগ্য ঘটনা। সিরিয়ার গ্রীক রাজা তাঁর রাজসভায় ডেইমেকাস নামে এক দূত পাঠান। আনুমানিক ২৭৩ খ্রীষ্টপূর্বাব্দে বিন্দুসারের মৃত্যু হয়।

অশোক (Asoka) **:** বিন্দুসারের মৃত্যুর পর তাঁর পুত্র অশোক মগধের সিংহাসনে আরোহণ করেন। অশোক পৃথিবীর শ্রেষ্ঠ নৃপতিদের মধ্যে অন্যতম। তাঁর

সিংহাসন আরোহণ

শাসনকাল ভারতের ইতিহাসে এক গৌরবময় কাল। তিনি 'দেবানাং পিয়' বা দেবতাদের প্রিয় উপাধি নিয়েছিলেন। বৌদ্ধ কাহিনী অনুসারে অশোক প্রথম জীবনে অত্যন্ত নিষ্ঠুর ছিলেন। জানা যায় তিনি

অশোক

৯৯ জন ভাইকে হত্যা করে সিংহাসনে বসেছিলেন ও তাঁকে 'চণ্ডাশোক' বলা হত। কিন্তু ঐতিহাসিক ভাণ্ডারকার এই কাহিনীকে কল্পকাহিনী বলেই মনে করেন। অশোকের ইতিহাস রচনায় আমাদের তাঁর লেখর উপর নির্ভর করতে হয়। পাথরের উপর, স্তম্ভের উপর ও গুহার গায়ে এই লেখগুলি খোদিত করা হয়েছিল। বেশির ভাগ লেখই খরোষ্ঠী লিপিতে,—এ ছাড়াও অ্যারমারিক ও গ্রীক লিপিতে খোদাই করা হয়েছে।

অশোক পিতামহের রাজ্যবিস্তার নীতি বজায় রেখেছিলেন। তাঁর রাজত্বের উল্লেখযোগ্য ঘটনা হল 'কলিঙ্গযুদ্ধ'। কলিঙ্গ ছিল বর্তমান উড়িষ্যা ও অন্ধ্রপ্রদেশের কিছু অংশ

নিয়ে গঠিত। গুপ্তদের আমলে কলিঙ্গ মগধের অধীনে আসে, কিন্তু চন্দ্রগুপ্তের সময়ে স্বাধীন হয়ে যায়। কলিঙ্গ দখলের কারণ ছিল—কলিঙ্গ ছিল স্থল ও জলপথে দক্ষিণের সঙ্গে যোগাযোগের কেন্দ্র। ২৬১ খ্রীষ্টপূর্বাব্দে অশোক কলিঙ্গ আক্রমণ করেন। তুমুল ও ভয়াবহ যুদ্ধের পর কলিঙ্গ মৌর্য রাজ্যভুক্ত হয়। অশোক বলেছেন এই যুদ্ধে এক লক্ষ মানুষ প্রাণ হারিয়েছিলেন ও দেড়

কলিঙ্গযুদ্ধ



লক্ষ মানুষ বন্দী হয়েছিলেন। এই যুদ্ধের পর কি ব্রাহ্মণ পুরোহিতকুল, কি বৌদ্ধ সন্ন্যাসী,—সবাই চরম দুর্দশার সম্মুখীন হয়েছিলেন। এই যুদ্ধের পর অশোক ভীষণ মর্মাহত হন।

তিনি যুদ্ধজয়ের পরিবর্তে সাংস্কৃতিক বিজয়ের নীতি নেন। 'ভেরী ঘোষের' স্থান নিল "ধর্মঘোষ"।

অশোকের আমলে একমাত্র কলিঙ্গযুদ্ধ ছাড়া আর কোন যুদ্ধ হয়নি। অশোকের লেখগুলির দ্বারা তাঁর রাজ্যসীমা নির্ধারণ করা যায়। ধৌলি ও জৌগড় গ্রামে অশোকের শিলালেখ থেকে তাঁর রাজ্যের পূর্বসীমা বোঝা যায়। উত্তর-পশ্চিমে হাজারা জেলায় মানসেরা'য় তাঁর লেখ পাওয়া গেছে। হিন্দুকুশ পর্বত পেরিয়েও মৌর্য রাজ্য ছিল। জুনাগড় লেখ থেকে পশ্চিমে আরবসাগর পর্যন্ত রাজ্যসীমা ছিল বোঝা যায়। দক্ষিণে অন্ধ্রপ্রদেশের কুরনুল ও মহীশূরের চিতল দুর্গে অশোকের শিলালেখ পাওয়া গেছে।

রাজ্যসীমা

অশোকের ধর্মমত ও ধর্মপ্রচার (Asoka's Dharma and Measures of Propagation) **:** অশোক প্রথম জীবনে জৈনধর্মের অনুরাগী ছিলেন। কলিঙ্গ-যুদ্ধের পর তাঁর মনে তীব্র অনুশোচনা দেখা দেয় ও তিনি উপগুপ্ত নামে এক বৌদ্ধ সন্ন্যাসীর কাছে বৌদ্ধধর্মে দীক্ষা নেন। বৌদ্ধধর্মের অহিংসা-নীতির মধ্যে তিনি মনে শান্তি ফিরে পান ও রাজর্ষির মত বৌদ্ধধর্মের অনুষ্ঠানগুলি মেনে চলতেন। অশোক 'বুদ্ধ, ধর্ম ও সংঘ' বৌদ্ধধর্মের এই ত্রিরত্নের প্রতি আনুগত্য জানান। বৌদ্ধ ভিক্ষুর মত কিছুকাল তিনি বৌদ্ধ তীর্থস্থান-গুলি পরিভ্রমণ করেন। বৌদ্ধধর্মের অহিংসা-নীতি তাঁর আভ্যন্তরীণ ও বৈদেশিক নীতিতে প্রতিফলিত হয়।

বৌদ্ধধর্ম গ্রহণ

অশোক শুধু নিজে বৌদ্ধধর্ম গ্রহণ করেই শান্তি পান নি। তিনি প্রজাদের কাছেও ধর্মমত প্রচার করেন। জনসাধারণের কাছে তিনি যে ধর্মমত প্রচার করেন, তা কোন সংকীর্ণ ধর্ম ছিল না। এই ধর্মকে কোন বিচ্ছিন্ন গোষ্ঠীর ধর্মও বলা যায় না। এর মূল উদ্দেশ্য ছিল সামাজিক ব্যবস্থাকে রক্ষা করা। নানা ধর্মের মৌলিক নীতিগুলিই ছিল তাঁর 'ধর্ম'। ডঃ আর. কে. মুখার্জির মতে, অশোক তাঁর ধর্মে ব্যক্তি ও সমাজ জীবনকে পরিশুদ্ধ করতে চেয়েছিলেন। অশোক তাঁর দ্বিতীয় ও সপ্তম স্তম্ভলিপিতে ব্যক্তিজীবনকে সুপথে পরিচালনার জন্য নির্দেশ দিয়েছেন। বলেছেন, প্রতিটি ব্যক্তি দয়া, দান, শুচিতা, সত্য কথা বলা ও নম্রতা মেনে চলবে। এই নীতিগুলিকে জীবনে পালনের জন্য প্রত্যেকে —(১) প্রাণিহত্যা থেকে বিরত থাকবে ; (২) প্রাণীর ক্ষতি করবে না ; (৩) পিতা-মাতা ও গুরুজনদের প্রতি শ্রদ্ধা জানাবে ; (৪) গুরুর প্রতি শ্রদ্ধা জানাবে ; (৫) দাস ও ভৃত্যদের প্রতি সৎ ব্যবহার করবে ; (৬) অহিংসা পালন করবে। মানুষ যাতে পাপ কাজ না করে এইজন্য তিনি হিংসা, নিষ্ঠুরতা, ক্রোধ, ঈর্ষা ত্যাগ করার উপদেশ দিয়েছেন। তিনি প্রত্যেকের আত্মসমালোচনার কথা বলেছেন। সপ্তম স্তম্ভলিপিতে অশোক উপদেশ দিয়েছেন— (১) অন্য ধর্ম ও অন্য সম্প্রদায়কে ঘৃণা না করা। নিজের ধর্মকে শ্রেষ্ঠ ও অপরের ধর্মকে হেয় মনে করা পাপ। (২) সব সম্প্রদায়ের মানুষকে তিনি একত্রে বাস করে পরস্পরের শাস্ত্র পড়ে 'বহুশ্রুত' হতে বলেছেন। (৩) ধর্মমহামাত্রদের ব্রাহ্মণ, শ্রমণ,

ধর্মের নীতিগুলি

নিগ্রন্থ, আজীবিক সকলের মঙ্গলের জন্য কাজ করতে বলেছেন। (৪) জীবহিংসা ও পশুবলির নিন্দা করেছেন—যে 'সমাজ' জীবহত্যা করে, তাদের নিষিদ্ধ করেছেন। (৫) মহামাত্রদের বৈশ্য ও গৃহপতি ও ব্রাহ্মণদের কাজেও মহিলাদের ধর্মমঙ্গল পালনে উৎসাহ দিতে বলেছেন। অশোক প্রজাদের বলেছেন এইসব আচার পালন করলে 'স্বর্গ'-লাভ হবে। অশোকের ধর্ম শুধু বৌদ্ধধর্মের মূলনীতি মেনে প্রচারিত হয় নি। সব ধর্মের সার এই ধর্মে সন্নিবিষ্ট হয়েছে। ডঃ ডি. আর. ভাণ্ডারকার অবশ্য বলেছেন যে, অশোকের ধর্মমত হল লৌকিক বৌদ্ধধর্ম। অশোক অষ্টাঙ্গিক মার্গ বা 'নির্বাণে'র উল্লেখ করেন নি। ভাণ্ডারকার বলেছেন, অশোক গৃহীদের পালনের বিধি নির্ণয় করেছিলেন।

বৌদ্ধধর্মের সঙ্গে সম্পর্ক

ধর্ম প্রচার (Propagation of Dharma)**:** অশোক তাঁর ধর্ম প্রচারের জন্য নানা ব্যবস্থা গ্রহণ করেছিলেন। তিনি 'বিহারযাত্রা'র স্থানে 'ধর্মযাত্রা'র ব্যবস্থা করেন। 'ধর্মযাত্রা'য় তিনি প্রজাদের উপদেশ দিতেন—'বিমানদর্শণ' 'হস্তিদর্শণ' প্রভৃতি নানা অলৌকিক দৃশ্য দেখাতেন। তিনি আচার-অনুষ্ঠান-সর্বস্ব পূজা-অর্চনা বন্ধ করে ধর্মমঙ্গল স্থাপনে উৎসাহ দেন। অশোক রাজ্যের সর্বত্র শিলা ও স্তম্ভ লিপি খোদাই করে তাঁর প্রজাদের ধর্মে উপদেশ দেওয়ার ব্যবস্থা করেন। জনসাধারণ যাতে বুঝতে পারে, এইজন্য এই লেখগুলি কথ্যভাষায় উৎকীর্ণ হত। তিনি ধর্মমহামাত্র নামে একশ্রেণীর কর্মচারী নিয়োগ করে ধর্মপ্রচার ও জনকল্যাণমূলক কাজের দায়িত্ব দেন। অশোক বলতেন 'সব মুনিষে পজা মমা'—সব মানুষই আমার প্রজা। ইহলোকে তারা যাতে সুখে থাকে তা দেখাও তাঁর ধর্মের কাজ ছিল। বৌদ্ধধর্মের মূলনীতিগুলি বজায় রাখার জন্য অশোক পাটলিপুত্রে তৃতীয় বৌদ্ধ সঙ্গীতি আহ্বান করেন। এই সম্মেলনে বিতর্কিত বিষয়গুলির ঐক্যমত প্রতিষ্ঠিত হয় ও সারনাথ লেখতে তা প্রচার করা হয়।

অলৌকিক দৃশ্য

উপদেশ স্তম্ভলিপি

প্রজাকল্যাণ

অশোক তাঁর ধর্মপ্রচারের জন্য বিদেশেও ধর্মপ্রচারক পাঠিয়েছিলেন। তাঁর পুত্র মহেন্দ্র ও কন্যা সংঘমিত্রাকে (মতান্তরে ভ্রাতা ও ভগিনী) সিংহলে পাঠান ধর্মপ্রচারের জন্য। তাঁর প্রেরিত প্রচারকরা দক্ষিণের চোল, কেরল, পাণ্ড্য দেশে এবং ভারতের বাইরে মিশর, সিরিয়া, কাইরেনী, ম্যাসিডন ও এপিরাসে তাঁর ধর্মমত প্রচার করে। অশোক দাবি করেছেন তাঁর রাজধানীর ৬০০ যোজন ব্যাসার্ধে সর্বত্র তাঁর ধর্মবিজয় সফল হয়েছে। অশোক বৌদ্ধধর্মকে ভারতীয় ধর্ম থেকে বিশ্বধর্মে পরিণত করেন।

বিদেশে ধর্মপ্রচার

অশোকের জনহিতকর কাজকর্ম (Asoka's Humanitarian Work)**:** সম্রাট অশোকের কাছে রাজকর্তব্য ছিল অনেক উঁচুতে। মানবজাতির সার্বিক কল্যাণসাধনই তিনি তাঁর রাজকর্তব্যের অন্তর্গত বলে মনে করতেন। কলিঙ্গ অনুশাসনে তিনি প্রজাদের নিজের সন্তান বলে উল্লেখ করেন ও প্রজাদের পার্থিব জীবনের উন্নতিসাধন করা তাঁর কর্তব্য বলে

রাজকর্তব্য

ঘোষণা করেন। ধাত্রীর হাতে সন্তান দিয়ে যেমন পিতা ও মাতা নিশ্চিন্ত হন, অশোকও সেই রকম রাজকর্মচারীদের হাতে প্রজা প্রতিপালনের দায়িত্ব দিয়ে নিশ্চিন্ত হয়েছিলেন।

প্রজাদের উন্নতির জন্য তিনি ধর্মমহামাত্র নামে কর্মচারী নিয়োগ করেন। রজুক নামে কর্মচারীদের কাজের স্বাধীনতা দিয়েও তিনি প্রজাদের অভাব-অভিযোগ দূর করার চেষ্টা করেন। যুত, রজুক ও মহামাত্রদের প্রতি ৩ ও ৫ বছর অন্তর তাদের এলাকা পরিভ্রমণ করে প্রজাদের অভাব-অভিযোগ দূর করার নির্দেশ দেন। রাজকর্মচারীদের নির্দেশ দিয়েই অশোক সন্তুষ্ট ছিলেন না, স্বয়ং এই বিষয়ে খোঁজখবর নিতেন। তিনি বলতেন, তিনি প্রজাদের কাছে ঋণী—তাদের উন্নতির মাধ্যমে তিনি ঋণমুক্ত হতে চান।

কর্মচারী নিয়োগ

কর্মচারীদের নির্দেশ

অশোক জনহিতকর কাজকেও তাঁর রাজ-কর্তব্যের অন্তর্ভুক্ত বলে মনে করতেন। প্রজাদের ইহলোকের সুখ-স্বাচ্ছন্দ্য বৃদ্ধির জন্য তিনি রাস্তার পাশে বৃক্ষরোপণ, কূপ খনন, দাতব্য চিকিৎসালয় স্থাপন করেছিলেন। তিনি পশুদের জন্যও পৃথক চিকিৎসালয় স্থাপন করেন। তাঁর এই জনহিতকর কাজ তাঁর প্রতিবেশী রাজ্যেও প্রসারিত হয়েছিল।

জনহিতকর কাজ

ইতিহাসে অশোকের স্থান (Place of Asoka in History) **:** অনেক ঐতিহাসিকের ধারণা, অশোকের অহিংস নীতি মৌর্য সাম্রাজ্যের পতনের কারণ। আধুনিক গবেষকরা এই ধারণা সত্য বলে মনে করেন না। অশোক বহু কৃতিত্বের অধিকারী। প্রাচীন ভারতের ইতিহাসে তিনিই হলেন সর্বশ্রেষ্ঠ ধর্মপ্রাণ সম্রাট। অশোকের মত অনন্যসাধারণ অহিংসা-ধর্মের প্রচারক শাসক ইতিহাসে খুবই বিরল।

দেশে রাজনৈতিক ঐক্য প্রতিষ্ঠায় অশোক গৌরবজনক সাফল্য অর্জন করেছিলেন। দেশকে তিনি একটি ধর্ম, একটি ভাষা ও একটি লিপি (ব্রাহ্মী) দিয়ে একসূত্রে বেঁধেছিলেন। অবশ্য অন্যান্য ভাষা ও লিপির (যেমন খরোষ্ঠী, অ্যারামিক, গ্রীক প্রভৃতি) প্রতিও তিনি অশ্রদ্ধা দেখান নি।

ঐক্য প্রতিষ্ঠা

অশোকের ধর্মের মূল কথা ছিল সহনশীলতা। তিনি তাঁর ধর্ম প্রজাদের উপর জোর করে চাপিয়ে দেননি। বৌদ্ধধর্মের বিরোধী ধর্মসম্প্রদায়গুলিকেও তিনি দানধ্যান করেছেন। ধর্মমহামাত্রদের নির্দেশ দিয়েছেন অপর ধর্মমতের মানুষদেরও সমানভাবে সেবা করতে।

ধর্ম

ধর্ম প্রচারের ক্ষেত্রেও অশোক ছিলেন অত্যন্ত উৎসাহী। এই উদ্দেশ্য সাম্রাজ্যের দূরতম অঞ্চলের জন্য তিনি কর্মচারী নিয়োগ করেছিলেন। এর ফলে উর্বর ও উন্নত গাঙ্গেয় উপত্যকার সংস্কৃতির সঙ্গে অনুন্নত অঞ্চলগুলির যোগসূত্র স্থাপিত হয়েছিল। সাম্রাজ্যের কেন্দ্রস্থলের সংস্কৃতি কলিঙ্গ, নিম্ন দাক্ষিণাত্য ও অন্যান্য অঞ্চলে ছড়িয়ে পড়েছিল।

সংস্কৃতির মিলন

অশোক তাঁর শান্তি ও অহিংস ধর্মবিজয়ের নীতির জন্য ইতিহাসে গুরুত্বপূর্ণ স্থান দাবি করতে পারেন। প্রাচীন ভারতের ইতিহাসে এমন দৃষ্টান্ত আর নেই। কৌটিল্য তাঁর অর্থশাস্ত্রে শক্তির সঙ্গে রাজ্যজয়ের উপদেশ দিয়েছিলেন। অশোক সেই নীতি অনুসরণ করেন নি। এমন কি তিনি তাঁর বংশধরদেরও নির্দেশ দিয়েছিলেন হিংসা ও যুদ্ধের নীতি বর্জন করার জন্য। দু' শতাব্দী ধরে যুদ্ধে বিধ্বস্ত ভারতবর্ষে অশোক তাঁর বংশধরদের শান্তির পথ অনুসরণ করতে উপদেশ দেন। অশোক এই নীতিতে অবিচল থেকে কলিঙ্গ-যুদ্ধের পর আর কোনও যুদ্ধ করেন নি।

শান্তিবাদী ও অহিংস নীতি

অশোকের রাজ্যশাসনের আদর্শও তাঁকে মহিমা দিয়েছে। তিনি প্রজাদের সন্তানতুল্য দেখতেন। প্রজাদের সর্বাবিধ উন্নতি তাঁর শাসনের মূল আদর্শ ছিল। তিনি কর্মচারীদের সেইরকম ভাবে নির্দেশ দিয়েছিলেন। এইজন্য মনীষী এইচ. জি. ওয়েল্‌স্ অশোককে পৃথিবীতে অসংখ্য রাজার মধ্যে উজ্জ্বল তারকার মত উদ্ভাসিত বলে উল্লেখ করেছেন।

রাজ্য আদর্শ

[খ] ভারতে বৈদেশিক আক্রমণ
(Invasion of India by Foreigners)

উত্তর-পূর্ব ভারতের ছোট ছোট রাজ্যগুলি ক্রমে মগধের সঙ্গে মিশে যায়। কিন্তু ষষ্ঠ খ্রীষ্টপূর্বাব্দের প্রথম দিকে উত্তর-পশ্চিমে ভারতের রাজনৈতিক অবস্থা ছিল অন্য রকম। ঐ অঞ্চলে কম্বোজ, গান্ধার, মদ্র প্রভৃতি রাজ্য পরস্পরের সঙ্গে যুদ্ধে লিপ্ত ছিল। এই রাজ্যগুলিকে সংঘবদ্ধ করে এক শাসনের অধীনে আনার মত শক্তিশালী রাজ্য ঐ অঞ্চলে ছিল না। কিন্তু ঐ অঞ্চল ছিল সম্পদশালী ও হিন্দুকুশ পর্বত পেরিয়ে সহজেই ঐ অঞ্চলে প্রবেশ করা যেত।

(i) অ্যাকেমেনীয় আক্রমণ ও আলেকজাণ্ডারের ভারত অভিযান ও ফলাফল
(Achaemenid Invasion & Alexander's Invasion and its effects)

অ্যাকেমেনীয় আক্রমণ (Achaemenid Invasion) : ইরানের অ্যাকেমেনীয় শাসকরা ছিলেন মৌর্যদের সমসাময়িক। তাঁরাও সাম্রাজ্যবিস্তারে মনোযোগী হয়েছিলেন। উত্তর-পশ্চিম ভারতের রাজনৈতিক অনৈক্যের সুযোগ তাঁরা নিয়েছিলেন। ৫১৬ খ্রীঃ পূঃ ইরানের শাসক দারায়ুস উত্তর-পশ্চিম ভারতে এসে উপস্থিত হন। তিনি পাঞ্জাব ও সিন্ধুনদের পশ্চিমভাগ দখল করেন। ইরান রাজার মোট ২৮টি রাজ্যের মধ্যে ঐ অঞ্চল ছিল বিংশতিতম অঞ্চল। উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চল, সিন্ধু'র পশ্চিমভাগ ও পাঞ্জাব ছিল ইরানের রাজার ভারতীয় 'সত্রাপি'র (রাজ্য) অন্তর্ভুক্ত। ইরান সাম্রাজ্যের মধ্যে ঐ অঞ্চলই ছিল উর্বর ও জনবহুল—সাম্রাজ্যের মোট রাজস্বের $\frac{1}{3}$ অংশ আসত ঐ অঞ্চল

দারায়ুসের অভিযান

থেকে। দারায়ুসের উত্তরসূরী জারেক্‌সস্ গ্রীকদের বিরুদ্ধে সুদীর্ঘ দিনের যুদ্ধে ভারতীয় সেনাদের নিয়োগ করেছিলেন। আলেকজাণ্ডারের ভারত আক্রমণের সময় পর্যন্ত ঐ অঞ্চল ইরান সম্রাটের অধীন ছিল বলে অনুমান করা হয়। ইরানের সঙ্গে ভারতের এই যোগাযোগের ফলে ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি পেয়েছিল ও ইরানের লিপি খরোষ্ঠী ভারতে প্রচলিত হয়েছিল। ভারতীয় মুদ্রার উপরও প্রভাব পড়েছিল।

প্রভাব

আলেকজাণ্ডারের ভারত অভিযান (Alexander's Invasion): চতুর্থ খ্রীষ্ট পূর্বাব্দে ম্যাসিডোনিয়ার রাজা আলেকজাণ্ডার ইরানীয় রাজ্য ধ্বংস করেন। সম্পদের লোভে এরপর আলেকজাণ্ডার ভারতের দিকে আকৃষ্ট হন। গ্রীক ঐতিহাসিক হেরোডোটাস ও অন্য গ্রীক লেখকরা ভারতকে খুবই সম্পদশালী দেশ বলে বর্ণনা করেছেন, এবং বলেছেন এই সম্পদের লোভে আলেকজাণ্ডার ভারত অভিযানে অগ্রসর হন। এ ছাড়াও আলেকজাণ্ডারের ভূগোল সম্পর্কে জানার আগ্রহ ছিল—তিনি বিশ্বজয়ীও হতে চেয়েছিলেন। ৩২৭ খ্রীষ্ট পূর্বাব্দে আলেকজাণ্ডার ভারতে প্রবেশ করেন।

অভিযানের কারণ

এই সময়ে উত্তর-পশ্চিম অঞ্চলে কিছু রাজতান্ত্রিক ও কিছু সাধারণতন্ত্রী নিয়ে মোট ২৮টি রাজ্য ছিল। রাজতান্ত্রিক রাজ্যগুলির মধ্যে অশ্মক, পুষ্কলাবতী, তক্ষশীলা ও পুরুর রাজ্য ছিল প্রধান। সাধারণতন্ত্রী রাজ্যগুলির মধ্যে কঠ, শিবি, মল্ল, ক্ষুদ্রক ছিল প্রসিদ্ধ। রাজ্যগুলির মধ্যে সদ্ভাব ছিল না, ফলে ঐক্যবদ্ধভাবে তারা আলেকজাণ্ডারকে বাধা দিতে পারে নি। তক্ষশীলা রাজ্য ছিল ঝিলাম ও সিন্ধুর মধ্যে অবস্থিত। পুরুর রাজ্য ছিল ঝিলাম ও ইরাবতী নদীর মধ্যে অবস্থিত। এরা পরস্পর বিবাদে লিপ্ত হওয়ায় তক্ষশীলার রাজা অম্ভি আলেকজাণ্ডারকে পুষ্কলাবতী ও পুরুর বিরুদ্ধে যুদ্ধে সাহায্য করেছিলেন।

উত্তর-পশ্চিম ভারতের অবস্থা

ইরান দখলের পর আলেকজাণ্ডার কাবুল অধিকার করেন ও সেখান থেকে খাইবার গিরিপথ দিয়ে ভারতে প্রবেশ করেন। সিন্ধুনদের কাছে আসতে তাঁর পাঁচমাস সময় লেগেছিল। তক্ষশীলার রাজা অম্ভি তাঁর বশ্যতা স্বীকার করেন ও সেনাবাহিনীতে যোগ দেন। ঝিলাম নদীর তীরে আলেকজাণ্ডার পুরুর তীব্র প্রতিরোধের সম্মুখীন হলেন। পুরুর সঙ্গে আলেকজাণ্ডারের যে যুদ্ধ হয়েছিল তা "হিদাপসিসের যুদ্ধ" নামে খ্যাত। পুরু পরাজিত হলেও তাঁর বীরত্বে ও সাহসে সন্তুষ্ট হয়ে আলেকজাণ্ডার তাঁর রাজ্য তাঁকে ফিরিয়ে দিলেন ও বন্ধুত্ব সম্পর্ক স্থাপন করলেন। এরপর আলেকজাণ্ডার বিপাশা নদী ধরে অগ্রসর হন। তাঁর ইচ্ছা ছিল পূর্বদিকে অগ্রসর হওয়ার। কিন্তু আলেকজাণ্ডারের সেনাবাহিনী আর অগ্রসর হতে সম্মত হল না। ক্রমাগত যুদ্ধে তারা ক্লান্ত হয়ে পড়েছিলেন। ভারতের গরম আবহাওয়া তাদের সহ্য হচ্ছিল না। দীর্ঘ ১০ বছর দেশ ছাড়ায় তারা দেশে ফেরার জন্য ব্যাকুল হয়ে উঠেন। সিন্ধুনদের তীরের রাজ্যগুলির কাছ থেকে তারা যা বাধা পেয়েছিলেন, তাতে ভারতের ভিতরে প্রবেশের আর

রাজ্যজয় ও পুরুর সঙ্গে যুদ্ধ

ইচ্ছা তাদের হয়নি। এ্যারিয়ান ভারতীয়দের যুদ্ধবিদ্যায় পারদর্শিতার প্রচুর প্রশংসা করেছেন। বিশেষ করে গঙ্গা-তীরবর্তী একটি শক্তিশালী রাষ্ট্রের কথা তাঁরা শুনেছিলেন। অনুমান করা হয় এই রাজ্যটি ছিল মগধ। আলেকজাণ্ডারের বহু অনুরোধ সত্ত্বেও তাঁর সেনাবাহিনী কিছুতেই অগ্রসর হতে রাজী হল না। শেষ পর্যন্ত আলেকজাণ্ডারকে তাঁর সেনাবাহিনীর কাছে নতিস্বীকার করতে হয়। আলেকজাণ্ডারকে তাঁর পূর্ব সাম্রাজ্যের পরিকল্পনা ত্যাগ করে পিছু হটতে হয়। ফেরার পথে ভারতের সীমান্ত পর্যন্ত তিনি ছোট ছোট রাজ্যগুলিকে ধ্বংস করেন। ভারতে আলেকজাণ্ডারের দীর্ঘ ১৯ মাস শুধু যুদ্ধ নিয়ে কেটেছিল। সাম্রাজ্য গঠনের অবকাশ তিনি পাননি। অধিকাংশ বিজিত রাজ্য তিনি বশ্যতা স্বীকারের বিনিময়ে পুরানো শাসকদের হাতে তুলে দেন। আর অধিকারভুক্ত অঞ্চলকে তিনি তিনটি ভাগ করে তিনজন গ্রীক শাসক নিযুক্ত করে যান।

আলেকজাণ্ডার

উত্তর-পশ্চিম ভারতে তিনি কয়েকটি শহরের পত্তন করে গ্রীকদের বসতি স্থাপন করেন। ৩২৩ খ্রীষ্টপূর্বাব্দে ব্যাবিলনে জ্বর রোগে আক্রান্ত হয়ে আলেকজাণ্ডারের মৃত্যু হয়।

আলেকজাণ্ডারের অভিযানের ফলাফল (**Effects of Alexander's Invasion**): আলেকজাণ্ডারের ভারত অভিযান সামরিক দিক থেকে সফল হয় নি। কারণ অভিযান বন্ধ রেখেই তাঁকে দেশে ফিরতে হয়। ধ্বংস ও প্রাণনাশ ছাড়া এই অভিযান কোনও প্রত্যক্ষ ফল বা প্রভাব সৃষ্টি করতে পারে নি। সমসাময়িক রচনাতে এই আক্রমণের কোনও উল্লেখ নেই। আলেকজাণ্ডারের ভারতীয় রাজ্য স্থায়ী হয় নি। তাঁর প্রত্যাবর্তনের পরেই চন্দ্রগুপ্ত মৌর্য ঐসব অঞ্চল দখল করে নেন। ভারতের রাজনৈতিক ও সামাজিক দিক থেকে এই আক্রমণের প্রত্যক্ষ কোনও প্রভাব ছিল না।

প্রত্যক্ষ ফল

তবে পরোক্ষভাবে আলেকজাণ্ডারের অভিযান নানাদিকে ভারতকে প্রভাবিত করেছে। এই অভিযানের গুরুত্বপূর্ণ ফল হল বিভিন্ন ক্ষেত্রে ভারত ও গ্রীসের মধ্যে প্রত্যক্ষ যোগাযোগ স্থাপন। আলেকজাণ্ডারে অভিযানের ফলে স্থল ও জলে চারটি নতুন পথ আবিষ্কৃত হয়েছিল। গ্রীক ব্যবসায়ীরা ভবিষ্যতে এই পথগুলি ব্যবহারের ফলে উভয় দেশের মধ্যে বাণিজ্য-সম্পর্ক আরও সহজ হয়ে গিয়েছিল।

পরোক্ষ ফলাফল

আলেকজাণ্ডারের আক্রমণের ফলে উত্তর-পশ্চিম ভারতে কয়েকটি গ্রীক উপনিবেশ গড়ে উঠে—কাবুল অঞ্চলে আলেকজান্দ্রিয়া, ঝিলামের তীরে বুকাফেলা, এবং সিন্ধু-প্রদেশে সোগডিয়ান আলেকজান্দ্রিয়া। এই শহরগুলি মৌর্য সাম্রাজ্যভুক্ত হলেও উপনিবেশগুলি নিশ্চিহ্ন হয় নি। অশোকের আমলেও এইসব শহরে গ্রীকরা বসবাস করত।

ভূগোল সম্পর্কে আলেকজাণ্ডারের উৎসাহ ছিল। তাঁর বন্ধু নিয়ারকাসকে তিনি জলপথে সিন্ধু থেকে ইউফ্রেটিস পর্যন্ত নদীপথে পাঠান। তাঁর বিবরণ ভৌগোলিক তথ্যে পরিপূর্ণ।

আলেকজাণ্ডারের সঙ্গে যে ঐতিহাসিকরা ভারতে এসেছিলেন, তাঁরা যে সন-তারিখ উল্লেখ করেছেন, তার সাহায্যে ভারতের পরবর্তী ইতিহাসের সন-তারিখ নির্ধারণ সুনিশ্চিত করা সম্ভব হয়েছে। এইসব ঐতিহাসিকদের বিবরণ ঐ সময়ের ভারতের সামাজিক ও অর্থনৈতিক ইতিহাস-রচনার প্রামাণ্য উপাদান হিসাবে গণ্য হয়।

ভারতীয় মুদ্রায় গ্রীকদের প্রভাব বিশেষভাবে উল্লেখযোগ্য। গ্রীক ভাস্কর্যের প্রভাবে পরবর্তী কালে 'গান্ধার শিল্প' গড়ে উঠে। ভারতের নাট্য-সাহিত্যেও গ্রীক প্রভাব সুস্পষ্ট। 'যবনিকা' শব্দটি 'যবন' (গ্রীক) শব্দ থেকে উদ্ভব হয়েছে।

(ii) ইন্দো-গ্রীক, শক ও পহ্লবদের আগমন (Coming of Indo Greeks, Sakas and Pahlavas) ঃ

ইন্দো-গ্রীক (Indo-Greeks) ঃ ২০০ খ্রীষ্টপূর্বাব্দ থেকে ভারতের উপর ক্রমাগত বিদেশী আক্রমণ শুরু হয়। হিন্দুকুশ অতিক্রম করে গ্রীকরা ব্যাকট্রিয়ায় একটি রাজ্যস্থাপন করেছিলেন। ব্যাকট্রিয়া ও পার্থিয়ায় ক্রমে গ্রীক সাম্রাজ্য গড়ে উঠে। কিন্তু সাইথিয়ান উপজাতির চাপে গ্রীকরা এই অঞ্চলে তাদের অধিকার বজায় রাখতে পারে নি। সাইথিয়ানরা চীনের প্রাচীর হওয়ায় চীনে প্রবেশ করতে পারছিল না। তাদের চাপে পরে ব্যাকট্রিয় গ্রীকরা ভারত আক্রমণ করতে বাধ্য হয়। অশোকের বংশধররা সেই আক্রমণ প্রতিহত করতে পারেনি।

প্রথম যে গ্রীকরা, এই যুগে ভারত আক্রমণ করে, তাদেরকে বলা হয় ব্যাকট্রিয় গ্রীক। দ্বিতীয় খ্রীষ্টপূর্বাব্দের প্রথম ভাগে এই গ্রীকরা উত্তর-পশ্চিম ভারতের এক বিস্তীর্ণ অঞ্চল দখল করে নিয়েছিলেন। আয়তনে এই অঞ্চল আলেকজাণ্ডারের অধিকৃত অঞ্চলের

ইন্দো-গ্রীক

চেয়েও বড় ছিল। তারা বোধ হয় অযোধ্যা ও পাটলিপুত্র পর্যন্ত অগ্রসর হয়েছিলেন। কিন্তু ভারতে ঐক্যবদ্ধ শাসন চালাতে ইন্দো-গ্রীকরা ব্যর্থ হন। একই সময়ে উত্তর-পশ্চিম ভারতে সমান্তরাল দুটি ইন্দো-গ্রীক বংশ শাসন করছিলেন। ইন্দো-গ্রীকদের মধ্যে প্রসিদ্ধ শাসক ছিলেন মিনান্দার (১৬৫—১৪৫ খ্রীষ্টপূর্ব)। তাঁকে মিলিন্দ্‌ও বলা হত। তাঁর রাজধানী ছিল শকল,

মিনান্দার

আধুনিক শিয়ালকোট। তিনি গঙ্গা-যমুনা-দোয়াব অঞ্চলে আক্রমণ চালিয়ে ছিলেন। নাগসেন বা নাগার্জুন নামে এক বৌদ্ধ সন্ন্যাসী তাঁকে বৌদ্ধধর্মে দীক্ষিত করেন। নাগসেনকে মিনান্দার বৌদ্ধধর্ম সম্পর্কে

অনেক প্রশ্ন করেছিলেন। তাঁর প্রশ্ন ও নাগসেনের উত্তর 'মিলিন্দ পান্‌হো' নামক গ্রন্থে লিপিবদ্ধ করা হয়েছে।

ইন্দো-গ্রীকরা অসংখ্য মুদ্রা চালু করেছিলেন। ইন্দো-গ্রীক মুদ্রাগুলি ছিল সঠিক ওজনে ও ছাঁচে ঢালা। এই মুদ্রার এক পিঠে থাকত রাজার প্রতিকৃতি ও অন্য পিঠে সন, তারিখ ইত্যাদি। ইন্দো-গ্রীকরাই প্রথম ভারতে স্বর্ণ-মুদ্রার প্রচলন করেন। গ্রীক শিল্প বা 'গান্ধার শিল্পে'র জন্যও তাদের শাসন ভারত-ইতিহাসে গুরুত্বপূর্ণ।

ইন্দো-গ্রীকদের প্রভাব

শকরা (Sakas): ইন্দো-গ্রীকদের পরে আসে শকরা। শকরা গ্রীকদের চেয়েও বড় অঞ্চল অধিকার করে। শকরা পাঁচটি শাখায় বিভক্ত ছিল। এই পাঁচটি শাখা আফগানিস্তানে ও ভারতে শাসন করত। একটি শাখা আফগানিস্তানে তাদের শাসন প্রতিষ্ঠা করে। একটি চলে আসে পাঞ্জাবে, যার রাজধানী ছিল তক্ষশীলা। তৃতীয়টি বসতি স্থাপন করে মথুরায়। মথুরাতে তারা ২০০ বছর রাজত্ব করেছিল। চতুর্থ শাখাটি পশ্চিম ভারতে রাজ্যস্থাপন করে। চতুর্থ খ্রীষ্টাব্দ পর্যন্ত তাদের অস্তিত্ব ছিল। পঞ্চম শাখাটি দাক্ষিণাত্যের উত্তর অংশে বসতি স্থাপন ও শাসন করে। শকরা ভারতের শাসক বা জনগণের কাছ থেকে কোনও বাধা পায় নি। জানা যায় উজ্জয়িনীর এক রাজা ৫৮ খ্রীষ্টপূর্ব শকদের বিরুদ্ধে যুদ্ধ করে তাদের বিতাড়িত করতে পেরেছিলেন। তিনি নিজেকে 'বিক্রমাদিত্য' নামে অভিহিত করেন ও শকদের পরাজিত করার জন্য শুরু করেন 'বিক্রম সম্বৎ'। সেই সময় থেকে কোনও ব্যক্তি বড় কোন কাজ করলেই 'মর্যাদা পুত্র বিক্রমাদিত্য' নাম গ্রহণ করত।

শকদের শাখা

শকরা ভারতের বিভিন্ন স্থানে রাজ্য স্থাপন করলেও, শুধুমাত্র পশ্চিম ভারতেই শক শাসন স্থায়ী হয়েছিল। কর্দামক বংশের এই শক শাসকদের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য শাসক ছিলেন রুদ্রদামন (১৩০—১৫০ খ্রীষ্টপূর্ব)। তিনি সিন্ধু, কচ্ছ উপত্যকা ও গুজরাটের উপর আধিপত্য স্থাপন করেন। সাতবাহন রাজাদের কাছ থেকে তিনি কোঙ্কন, মালব, নর্মদা উপত্যকা ও সৌরাষ্ট্র জয় করেছিলেন। রুদ্রদামন সৌরাষ্ট্রের সুদর্শন হ্রদের সংস্কার করেছিলেন—এই হ্রদ কৃষিতে সেচের প্রয়োজন মেটাত। রুদ্রদামন সংস্কৃত ভাষায় অনুরাগী ছিলেন। বিদেশী হলেও তাঁর পৃষ্ঠপোষকতায় এদেশে প্রথম সংস্কৃতে দীর্ঘ শিলালিপি রচিত হয়েছিল (জুনাগড় শিলালেখ)।

রুদ্রদামন

পহ্লব বা পার্থিয়ান গ্রীকরা (Pahlavas): উত্তর-পশ্চিম ভারতে শকদের পরে আসে পহ্লবরা। প্রাচীন সংস্কৃত গ্রন্থে শক-পহ্লব দু' ধরনের জাতি বলে উল্লেখ করা হয়েছে। পৃথক হলেও শক ও পহ্লবরা একই সময়ে পাশাপাশি রাজত্ব করেছেন। পহ্লবদের আদি বাসস্থান ছিল ইরানে। ইরান থেকে তারা ভারতের দিকে অগ্রসর হয়েছিলেন। তাঁদের অধিকৃত অঞ্চলের আয়তনও ছিল শক ও গ্রীকদের চেয়ে ছোট। পহ্লব রাজাদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন গণ্ডোফার্নেস। তাঁর আমলে সেন্ট টমাস খ্রীষ্টধর্ম প্রচারের জন্য ভারতে আসেন। ধীরে ধীরে পহ্লবরা শকদের মত ভারতীয় সমাজের সঙ্গে মিশে যায়।

(iii) সামাজিক ও অর্থনৈতিক অবস্থা (Social and Economic Condition) ঃ

অর্থনৈতিক অবস্থা (Economic Condition) : মৌর্যযুগে কৃষিই ছিল ভারতের বেশির ভাগ মানুষের জীবিকা। কৃষকরা বংশানুক্রমিক ভাবে জমির মালিকানা ভোগ করতেন। রাজা এই জমির মালিক ছিলেন না। জমিতে কৃষকের অধিকার তিনি রক্ষা করতেন ও তার বিনিময়ে ফসলের $\frac{1}{6}$ অংশ কর পেতেন। দ্বিতীয় ধরনের জমিকে 'সীতা' জমি বলত, যাতে রাজ্যের নিরঙ্কুশ মালিকানা ছিল। তিনি কৃষকদের দ্বারা এই জমি আবাদ করাতেন। বিনিময়ে কৃষকদের ফসলের একাংশ দিতেন। গ্রীক লেখক স্ট্রাবোর মতে, কৃষকরা জমির $\frac{1}{4}$ অংশ ফসল পাওয়ার শর্তে জমি চাষ করত। 'বলি' নামে কর ছিল অতিরিক্ত ভূমি-রাজস্ব। মৌর্য আমলে কৃষকদের সামাজিক মর্যাদা না থাকলেও অর্থনৈতিক দিক থেকে তাদের ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ। ঐতিহাসিক কোশাম্বীর মতে, শূদ্ররা কৃষিকাজ করত।

মৌর্যযুগে কৃষি

মৌর্যযুগের পর ইন্দো-গ্রীক, শক প্রভৃতি জাতি ভারতে আসায় ভারতের অর্থনীতিতেও নানা পরিবর্তন ঘটেছিল। এই যুগেও বেশির ভাগ মানুষও ছিল কৃষিনির্ভর। এই যুগে জলসেচ ব্যবস্থার উপর বেশী নজর দেওয়া হয়। রুদ্রদামন তাঁর গিরিনগর শিলালিপিতে বলেছেন যে, চন্দ্রগুপ্ত নির্মিত সুদর্শন হ্রদের তিনি সংস্কারসাধন করেন। এই যুগে ভূমির মালিকানা ও রাজস্বের পরিমাণ মৌর্যযুগের মতই ছিল। এই ক্ষেত্রে তারা ভারতীয় ব্যবস্থাই মেনে নিয়েছিলেন।

মৌর্য পরবর্তী যুগের কৃষি

মৌর্যযুগে হস্তশিল্পের বিশেষ প্রসার হয়। লোহা, কাঠ, চামড়া, মাটি, বাঁশ ও পাথরের নানা জিনিস তৈরী হত। সোনা ও রূপার অলঙ্কারের কাজেও সূক্ষ্ম কারিগরী প্রয়োগ করা হত। বস্ত্রশিল্পও ছিল উন্নত। ভারতীয় বস্ত্রের চাহিদা দেশে ও বিদেশে ছিল। বাংলা, কর্ণাটক, কাশী ও কোঙ্কন ছিল বস্ত্র উৎপাদনের কেন্দ্র। স্থল ও জল পথে আভ্যন্তরীণ বাণিজ্য চলত। মৌর্যযুগে ভারতের বন্দরগুলি থেকে ভারতের বাইরে বাণিজ্য চলত। উত্তর ভারতে তক্ষশীলা ছিল মূল বাণিজ্যের কেন্দ্র এবং বন্দরের মধ্যে ছিল গুজরাটের ভৃগুকচ্ছ, মহারাষ্ট্রের সোপারা, কল্যাণ ও বাংলার তাম্রলিপ্ত প্রধান। মৌর্যযুগের বণিকরা সংঘ বা নিগম গঠন করত। মুদ্রা-ব্যবস্থা প্রচলিত হওয়ায় ব্যবসা-বাণিজ্যে উন্নতি হয়।

মৌর্যযুগে শিল্প ও বাণিজ্য

মৌর্য-পরবর্তীযুগে—শক, কুষান যুগেও রেশম, সূতীবস্ত্র, হাতীর দাঁতের কাজ, সোনা-রূপার অলংকার, লৌহ শিল্প, চামড়ার কাজ প্রভৃতি শিল্পের প্রসার ঘটে। শক-কুষান যুগে কাঁচশিল্পেও উন্নতি হয়।

মৌর্য-পরবর্তী যুগে বাণিজ্যের বিশেষভাবে প্রসার ঘটেছিল। ব্যাকট্রিয়ার মধ্য দিয়ে উত্তর-পশ্চিম ভারতের সঙ্গে মধ্য-এশিয়ার যোগাযোগ বিস্তৃত হয়। ইরানের সঙ্গে

রোমের যুদ্ধ শুরু হলে চীনা রেশম ইরানের পথে রোমে যেতে পারত না। চীনের পণ্য ব্যাকৃট্রিয়া হয়ে সিন্ধুর বন্দর বারবারিকামে আসত। বিদেশীদের আগমনের ফলে মধ্য এশিয়া ও ভারতের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপিত হয়েছিল। ফলে মধ্য এশিয়া থেকে ভাল পরিমাণ সোনা ভারতে প্রবেশ করেছিল। রোমান সাম্রাজ্যের সঙ্গে ব্যবসা-বাণিজ্যের সূত্রেও প্রচুর সোনা আমদানি হচ্ছিল। রোমের সঙ্গে উত্তর ভারতের সরাসরি যোগাযোগ ছিল না; ছিল দক্ষিণ ভারতের। চীন থেকে মধ্য-এশিয়া ও আফগানিস্তানের ভিতর দিয়ে যে পথটি রোমান সাম্রাজ্যে গিয়েছিল তা নিয়ন্ত্রণ করত (রেশম রাস্তা) কুষানরা।

মৌর্য পরবর্তী যুগের শিল্প-বাণিজ্য

বিদেশের সঙ্গে যোগাযোগ

ব্যবসা-বাণিজ্যে আভ্যন্তরীণ ক্ষেত্রেও উন্নতি হয়েছিল। তক্ষশীলা, পেশোয়ার, বারাণসী, মথুরা, পাটলিপুত্র ও উজ্জয়িনী প্রভৃতি শহর ছিল বাণিজ্যকেন্দ্র। ব্যবসা-বাণিজ্যের প্রসারের ফলে মুদ্রা-অর্থনীতির বিকাশ ঘটেছিল। বিদেশীরা আসায় এদেশে প্রচুর মুদ্রার প্রচার হয়েছিল। সোনা ও রূপার মুদ্রা প্রচলিত ছিল।

ব্যবসা-বাণিজ্যের উন্নতির ফলে কারিগরী শিল্পেরও উন্নতি হয়। বৌদ্ধগ্রন্থ ও "মিলিন্দ্ পন্‌হো'তে ৭৫ রকমের পেশার উল্লেখ আছে। এর মধ্যে ৬০টি হল কারিগরী শিল্প সংক্রান্ত। সীসা, তামা, টিন, সোনা, রূপা প্রভৃতি ধাতুর ব্যবহার ছিল ও সেইগুলি থেকে নানা জিনিস তৈরী হত। বস্ত্রশিল্পেও এই সময় মথুরা উন্নত হয়ে উঠেছিল।

কারিগরী উন্নতি

ব্যবসা-বাণিজ্যের আকার যত বৃদ্ধি পায়, ততই উৎপাদন বণ্টন ও সুষ্ঠু পরিচালনার প্রয়োজন হয়। এই সময় 'সংঘ' বা 'নিগম'-প্রথা শক্তিশালী হয়ে উঠে। কারিগর ও ব্যবসায়ীদের পৃথক নিগম ছিল। নিগমগুলি আধুনিক ব্যাঙ্কের মত টাকা জমা রাখত ও সুদে টাকা ধার দিত। নিগম-প্রথার ফলে কারিগরদের সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছিল।

নিগম-প্রথা

সামাজিক অবস্থা (Social Condition): এই সময় ভারতীয় সমাজে যে নতুন বৈশিষ্ট্য দেখা যায়, তা হল শক, পহ্লব, কুষান প্রভৃতি বিদেশীদের সমাজে অন্তর্ভুক্ত করা। খ্রীষ্টপূর্ব দ্বিতীয় শতাব্দী থেকে ক্রমাগতভাবে বিদেশীরা ভারতে আসছিল। ক্রমে তারা তাদের নিজস্বতা হারিয়ে সম্পূর্ণভাবে ভারতের সমাজে মিশে যায়। বিদেশী শাসকদের নানা শিলালিপি প্রভৃতি থেকে জানা যায় তারা ভারতীয় ধর্ম, ভাষা, আচার-আচরণ, সামাজিক রীতিনীতি প্রভৃতি গ্রহণ করে এদেশের সমাজের অংশে পরিণত হয়েছিল।

তখনও ভারতীয় সমাজে বর্ণভেদ-প্রথা প্রচলিত থাকায় শক, পহ্লব, বহ্লিক প্রভৃতি বিদেশীদের পক্ষে বৌদ্ধধর্ম গ্রহণ সহজ হয়েছিল। তবুও নবাগত জাতিগুলিকে ব্রাহ্মণ্য হিন্দুসমাজে গ্রহণের প্রয়োজন হয়েছিল। যেহেতু অভিযানকারী হিসাবে তাদের প্রবেশ ঘটেছিল, তাই তারা যোদ্ধাশ্রেণী অর্থাৎ ক্ষত্রিয় হিসাবে অভিহিত হয়েছিলেন। মনু বলেছিলেন, শক

বিদেশীদের সমাজে গ্রহণ

ও পহ্লবরা ক্ষত্রিয় হলেও তারা দায়িত্ব থেকে ভ্রষ্ট হয়েছিলেন। তারা 'পতিত ক্ষত্রিয়' হিসাবে দ্বিতীয় শ্রেণীর ক্ষত্রিয়। নতুন আসা জনগোষ্ঠীর সঙ্গে পুরানো ভারতীয় সমাজের বৈবাহিক ও অন্যান্য সামাজিক সম্পর্কও স্থাপিত হয়। চন্দ্রগুপ্ত মৌর্য সেলুকাসের কন্যাকে বিবাহ করেছিলেন। শক রাজা রুদ্রদামনের সঙ্গে সাতবাহন রাজবংশের বৈবাহিক সম্পর্ক স্থাপিত হয়েছিল। গুণানুসারে বিদেশীরা ভারতীয় সমাজে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র জাতির মধ্যে চলে আসে। ঐতিহাসিক ভিনসেণ্ট স্মিথ বলেছেন যে, বিদেশী আক্রমণ ভারতের সামাজিক ও রাজনৈতিক ইতিহাসে গভীর প্রভাব বিস্তার করেছিল।

নারীর অবস্থা ও পোশাক

বিদেশীদের আগমনের ফলে সমাজে নারীর অধিকার সঙ্কুচিত হয়েছিল। পূর্বের মত নারীদের বিশেষ ক্ষেত্রে দ্বিতীয়বার বিবাহের অধিকার রইল না। বিধবাবিবাহ অচল হয়ে যায়। সতীদাহ ও সহমরণ প্রথা সমাজে স্বীকৃতিলাভ করে। সামাজিক রীতিনীতিতেও পরিবর্তন দেখা দেয়। পাগড়ি, জামা, কোট ইত্যাদি পোশাকের প্রচলন শক ও কুষানরাই করে। মধ্য-এশিয়া থেকে টুপি বা জুতার ব্যবহার প্রচলিত হল।

মৌর্য শিল্প (Mauryan Art) : হরপ্পার সভ্যতার পর থেকে খ্রীঃ পূঃ তৃতীয় শতক পর্যন্ত ভারতীয় শিল্প ও স্থাপত্যের নিদর্শন খুব একটা পাওয়া যায়নি। মৌর্যযুগে পুনরায় শিল্প ও ভাস্কর্যের অগ্রগতি লক্ষ্য করা যায়। ঐতিহাসিক নীলকণ্ঠ শাস্ত্রী ও প্রবোধ বাগ্‌চী সেইজন্য বলেছেন যে, স্থাপত্য ও শিল্পের ক্ষেত্রে মৌর্যযুগ বিশেষ উল্লেখের দাবি রাখে। ঐতিহাসিক ডি. ডি. কোশাম্বীও মন্তব্য করেছেন যে, ভারতীয় শিল্প ও স্থাপত্যের উন্নতি প্রকৃতপক্ষে অশোকের সময় থেকেই শুরু হয়।

মেগাস্থিনিসের বর্ণনা থেকে জানা যায় যে, পাটলিপুত্রে চন্দ্রগুপ্তের কাঠের তৈরী রাজপ্রাসাদ ইরানের রাজার রাজপ্রাসাদের মত সুন্দর ছিল। প্রাসাদের থামগুলিতে সোনা ও রূপার পাত লাগানো ছিল ও তার গায়ে সোনার তৈরী লতা ও রূপার পাখী খোদাই করা ছিল। অশোকের প্রাসাদ ছিল বিশাল ও পাথরের তৈরী। তাঁর প্রাসাদের আয়তন দেখে পরবর্তী কালে ফা-হিয়েন বিস্মিত হন। আধুনিক পাটনার কাছে কুমারহতে ৮০টি স্তম্ভযুক্ত হলঘরের নিদর্শন পাওয়া গেছে। মৌর্যযুগের কারিগররা স্তম্ভ পালিশ করার কাজে যে অপূর্ব দক্ষতা অর্জন করেছিলেন, তার প্রমাণ এইখানে লক্ষ্য করা যায়। স্তম্ভগুলির মাথায় শোভা পেত সিংহ ও বৃষের প্রতিকৃতি।

অশোকের আমলে স্থাপত্য ও ভাস্কর্যের বিপুল বিকাশ ঘটে। তিনি বৌদ্ধ ও আজীবিক সন্ন্যাসীদের জন্য বহু স্তূপ নির্মাণ করেছিলেন। বলা হয় অশোক ৮৪ হাজার স্তূপ নির্মাণ করেছিলেন। গয়ার ৩০ কিলোমিটার দূরে বারবার গুহা মৌর্যযুগের গুহা নির্মাণের কৌশলের প্রমাণ। অশোকের আমলে ভাস্কর্যের শ্রেষ্ঠত্ব প্রকাশিত হয়েছে তাঁর স্তম্ভনির্মাণে। ভারতে অশোকই প্রথম পাথর খোদাই করে স্তম্ভ তৈরী করান। এইসব স্তম্ভের গায়ে লিপি খোদাই করা থাকত। স্তম্ভগুলি ছিল একক—গায়ে থাকত পদ্ম বা সিংহ মূর্তি বা নানারকম কারুকাজ-করা। সারনাথের সিংহ-শীর্ষ স্তম্ভ সুবিখ্যাত।

ভারত সরকার এইটিকে জাতীয় প্রতীক হিসাবে নিয়েছেন। চারটি প্রাণীর মূর্তি আছে—হাতি, ঘোড়া, বৃষ ও সিংহ। এর উপর চারটি সিংহ-মূর্তি। সিংহগুলির পিঠে একটি করে চক্র—যাকে 'ধর্মচক্র' বলা হয়। ভিন্‌সেণ্ট স্মিথের মতে, প্রাচীন যুগে এর চাইতে সুন্দর পাথরের ভাস্কর্য দেখা যায় না।

মৌর্যযুগে মৃৎশিল্পেরও উন্নতি হয়েছিল। পালিশ-করা—কালো রংয়ের মৃৎপাত্র পাওয়া গেছে। পাটলিপুত্র ও কোশাম্বীর মৃৎপাত্রের খুব খ্যাতি ছিল। মৌর্যযুগে ছেনী দিয়ে চিহ্ন করা সোনা ও রূপার মুদ্রা পাওয়া গেছে। এই মুদ্রায় রাজার প্রতিকৃতি, নাম ও সন-তারিখ থাকত না।

মৌর্যযুগে পোড়ামাটির ইটের ও কাঠের ব্যাপক ব্যবহার লক্ষ্য করা যায়। মৌর্য স্থাপত্যে ও ভাস্কর্যে গ্রীক ও ইরানীয় প্রভাব দেখা যায় বলে অনেকে মনে করেন। ব্যাকট্রিয়, শক ও কুষানরা ভারতে আসার পর শিল্পরীতিতে নতুন ভাবধারার সৃষ্টি হয়। 'গান্ধার শিল্প' ছিল ভারত, গ্রীক ও রোমান শিল্পরীতির সমন্বয়।

[ঙ] কুষান সাম্রাজ্যের ইতিহাস
(History of the Kushana Empire)

কুষানদের আদি ইতিহাস (Early History of the Kushanas) **:** চীনা সূত্র সি-চিও ছিয়েন-হান-সু-এর সাক্ষ্য অনুসারে কুষানরা ইউ-চি জাতির শাখা। ইউ-চিরা চীনের পশ্চিমে কানসু ও নি-শিয়া প্রদেশে বাস করত। আনুমানিক খ্রীঃ পূঃ ১৬৫ অব্দে হিয়ুং-নু (হূন) নামে এক জাতির আক্রমণে তারা পরাজিত হয়ে পশ্চিম দিকে অগ্রসর হয় ও উ-সুন নামে এক জাতিকে পরাজিত করে ইসিককুল হ্রদের কাছে উপস্থিত হয়। এইখানে তাদের এক ক্ষুদ্র শাখা বিভক্ত হয়ে তিব্বতের দিকে চলে যায়। বড় শাখাটি শিরদরিয়া নদীতীরে এসে উপস্থিত হয়। সেখানে তারা শকদের বিতাড়িত করে। কিছুদিনের মধ্যে উ-সুন জাতি তাদের পরাজিত করলে তারা আমুদরিয়া নদীর তীরে উপস্থিত হয়। এইখানে তারা যাযাবর বৃত্তি ত্যাগ করে পাঁচটি শাখায় বিভক্ত হয়। এই পাঁচটি শাখার মধ্যে কুই-সুয়াং বা কুষানরাই প্রধান হয়ে উঠে ও কেন্দ্রীয় নেতৃত্ব প্রতিষ্ঠা করে।

কুষানদের আদি ইতিহাস

খ্রীঃ পূঃ ৩০ অব্দ নাগাদ কুজল কদ্‌ফিসেস কুষানদের স্বাধীনতা ঘোষণা করেন। তিনি ভারতের ভিতরে প্রবেশ করতে পারেন নি। তিনি পার্থিয়া জয় করেন ; কাবুল, কাশ্মীর ও পেশোয়ার দখল করেন। তিনি শিবের উপাসক ছিলেন।

কুজল কদ্‌ফিসেস

কুজল কদ্‌ফিসেস-এর পর বিম কদ্‌ফিস বা দ্বিতীয় কদ্‌ফিস, কুষান সিংহাসনে বসেন। তিনি তক্ষশীলা ও পাঞ্জাব তাঁর রাজ্যভুক্ত করেন। নিম্ন সিন্ধু অঞ্চলে তাঁর মুদ্রা পাওয়া গেছে। মথুরায় তাঁর মূর্তি পাওয়া যাওয়ায় মনে হয় মথুরাও তাঁর রাজ্যভুক্ত ছিল। তাঁর মুদ্রায় শিবের মূর্তি

বিম বা দ্বিতীয় কদ্‌ফিস

খোদিত ছিল। তিনি 'মহেশ্বর' উপাধি নেন। এইসব দেখে অনুমান করা হয়, তিনি শৈবধর্মের অনুরাগী ছিলেন।

কনিষ্ক (Kanishka) : কুষান রাজাদের মধ্যে কনিষ্ক ছিলেন সর্বশ্রেষ্ঠ। কনিষ্কের সিংহাসনে আরোহণের তারিখ নিয়ে ঐতিহাসিকদের মধ্যে মতবিরোধ আছে। দুটি বিষয়ে ঐতিহাসিকরা প্রায় একমত—(১) কনিষ্ক বিম কদ্‌ফিসের পর সিংহাসনে বসেছেন ও (২) কনিষ্ক একটি সম্বত বা অব্দের প্রবর্তন করেন। ডঃ ফ্লিট ক্যানিংহ্যাম প্রমুখ কনিষ্কের সম্বত শুরু হয় ৫৮ খ্রীঃ পূঃ বলে মনে করেন। মার্শাল, ষ্টেনকনো ও ভিন্‌সেণ্ট স্মিথ এই তারিখ খ্রীঃ পূঃ ১২৫-১২৮ বলে মনে করেন। ডঃ রমেশচন্দ্র মজুমদার মনে করেন, কনিষ্ক সিংহাসনে বসেন ২৪৮-৪৯ খ্রীষ্টাব্দে, তবে ঐতিহাসিক ফার্গুসনের অভিমতকে সম্ভাব্য বলে বেশির ভাগ ঐতিহাসিক মনে করেন। ফার্গুসন বলেন, কনিষ্ক ৭৮ খ্রীঃ সিংহাসনে বসেন ও একটি সম্বত চালু করেন। দ্বিতীয় কদ্‌ফিসের সঙ্গে কনিষ্কের কি সম্পর্ক ছিল তা জানা যায় না। ডঃ বি. এন. মুখোপাধ্যায় মনে করেন, কনিষ্ক বিম কদ্‌ফিসের উত্তরাধিকারী রূপেই হয়ত সিংহাসনে বসেছিলেন।

কনিষ্কের তারিখ

কনিষ্কের আমলে কুষান সাম্রাজ্য বহুদূর বিস্তৃত হয়েছিল। কুমার লাতর 'কল্পনা-মণ্ডটীকা' অনুসারে পূর্বভারত কনিষ্কের রাজ্যভুক্ত ছিল। চীনা ও তিব্বতী সূত্র থেকে জানা যায় তিনি সাকেত (অযোধ্যা) জয় করেন ও পাটলিপুত্রে তাঁর অধিকার প্রতিষ্ঠা করেন। কনিষ্কের খরোষ্ঠী লিপি থেকে জানা যায় উত্তর ও উত্তর-পশ্চিম ভারতে পাঞ্জাব, উত্তর সিন্ধুদেশ এবং গান্ধার তাঁর অধিকার ভুক্ত ছিল। অনেক মনে করেন, পশ্চিম ভারতের মালব ও সুরাষ্ট্রের শক ক্ষত্রপরা তাঁর আধিপত্য মেনে নিয়েছিলেন। মথুরা তাঁর অধিকারে ছিল। আল-বিরুণীর তথ্য অনুসারে আফগানিস্তান ও মধ্য এশিয়ার সংলগ্ন কনিষ্কের অধিকার-ভুক্ত ছিল। 'রাজতরঙ্গিণী'তে জানা যায় কাশ্মীর ছিল তাঁর অধিকারে। চীনের সঙ্গে তাঁর সম্পর্ক নিয়ে অনিশ্চয়তা আছে। অনেকে বলেন, তিনি চীনকে পরাজিত করে কাসগড়, খোটান ও ইয়ারখণ্ড দখল করেন। তবে এই তথ্য প্রমাণসিদ্ধ নয়। কনিষ্কের রাজধানী ছিল পুরুষপুর বা পেশোয়ার। কনিষ্কের রাজ্য-সীমা ছিল—উত্তরে খোটান থেকে দক্ষিণে মহারাষ্ট্র পর্যন্ত ; পশ্চিমে খোরাসান থেকে পূর্বে বেনারস পর্যন্ত।

কুষান সাম্রাজ্যের বিস্তার

রাজ্যসীমা

ডঃ হেমচন্দ্র রায়চৌধুরী বলেছেন, কনিষ্কের খ্যাতি তাঁর রাজ্যজয়ের চেয়ে বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষকতার জন্যই বেশী। কনিষ্ক কখন বৌদ্ধধর্ম গ্রহণ করেছিলেন তা নিয়েও মতভেদ আছে। কনিষ্ক মহাযান বৌদ্ধমতের সমর্থক ছিলেন। মহাযান মতে বুদ্ধদেবের মূর্তিপূজা চালু হয়। বৌদ্ধ পণ্ডিত পার্শ্বের পরামর্শে তিনি চতুর্থ বৌদ্ধ সঙ্গীতির অধিবেশন আহ্বান করেন। এই অধিবেশন বসে কাশ্মীরে অথবা জলন্ধরে। বৌদ্ধ পণ্ডিত বসুবন্ধু এই অধিবেশনে সভাপতিত্ব করেন। এই অধিবেশনে মহাযান বৌদ্ধমত সংগঠিত হয়। বৌদ্ধ পণ্ডিত

বৌদ্ধ ধর্মমত

পার্শ্ব ও অশ্বঘোষ বৌদ্ধধর্মের মধ্যে যে মতবিরোধ ছিল তা মিটিয়ে দেওয়ার দায়িত্ব নেন। নবগঠিত মহাযান বৌদ্ধমত প্রচারের জন্য কনিষ্ক বিশেষ উৎসাহ দেখিয়েছেন। কনিষ্কের প্রচেষ্টায় চীনে ও পূর্ব এশিয়ায় বৌদ্ধধর্মের প্রসার ঘটেছিল। তাঁর সাম্রাজ্যের বিভিন্ন অংশ হতে তাঁর আমলের অনেক মুদ্রা আবিষ্কৃত হয়েছে। তিনি যে হিন্দু দেবদেবীর মতো গ্রীক ও পারসিক দেবদেবীর প্রতিও শ্রদ্ধাশীল ছিলেন, এই সমস্ত মুদ্রা থেকেই তার প্রমাণ পাওয়া যায়।

কনিষ্কের কৃতিত্ব শুধুমাত্র ধর্মানুরাগী বা রাজ্যবিজেতা হিসাবে ছিল না। তাঁর আমলে স্থাপত্যে, ভাস্কর্যে ও সাহিত্যে বিপুল উন্নতি হয়। পুরুষপুর বা পেশোয়ারে বুদ্ধের বিখ্যাত চৈত্যটি তাঁর আমলে নির্মিত হয়। এই চৈত্যের গঠনশৈলী দেখে হিউয়েন-সাঙ বিস্মিত হয়েছিলেন। কনিষ্কের আমলে মথুরাতে একটি নগর স্থাপিত হয়েছিল। মথুরাতে কনিষ্কের যে মুণ্ডহীন মূর্তি পাওয়া গেছে, সেই মূর্তির ব্যক্তিত্ব ও গঠনরীতি অপূর্ব। কনিষ্কের আমলে গান্ধার-শিল্পের চরম বিকাশ ঘটেছিল। গ্রীক, রোমান ও ভারতীয় শিল্পরীতির সংমিশ্রণে গান্ধার-শিল্প গড়ে উঠেছিল। কনিষ্কের আমলে বহু স্তূপ ও বিহার নির্মিত হয়েছিল।

শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষক



কনিষ্ক

সাহিত্যের ক্ষেত্রেও কনিষ্কের রাজত্বকাল স্মরণীয়। বৌদ্ধ পণ্ডিত বসুবন্ধু তাঁর রাজসভায় ছিলেন। পণ্ডিত অশ্বঘোষ তাঁর 'বুদ্ধচরিত' কনিষ্কের আমলেই রচনা করেন। 'সৌন্দরনন্দ কাব্য' ও 'সূত্রালঙ্কার' তাঁর রাজত্বকালে রচিত হয়েছিল। তাঁর রাজসভায় সংস্কৃত ভাষার কবি ছিলেন মাতৃচেত। দার্শনিক নাগার্জুন কনিষ্কের আমলেই মহাযান বৌদ্ধমতের ব্যাখ্যা করেন। তিনি 'প্রজ্ঞা-পারমিতা-সূত্র' রচনা করেন। কনিষ্কের রাজত্বকালে বিখ্যাত ভেষজ বিজ্ঞানের পণ্ডিত চরক ও শল্যবিদ্ সুশ্রুত বিরাজ করেছেন। সুতরাং জ্ঞান-বিজ্ঞানেও কনিষ্কের কাল ছিল স্মরণীয়।

পরবর্তী কুষান রাজাগণঃ কনিষ্কের পরবর্তী কুষান রাজাদের সম্পর্কে বিস্তারিত কিছু জানা যায় না। বশিষ্ক, হুবিষ্ক, দ্বিতীয় কনিষ্ক ও বাসুদেব যথাক্রমে

কনিষ্কের পরে রাজত্ব করেন। বাসুদেব ছিলেন শেষ উল্লেখযোগ্য কুষান রাজা। তাঁর মৃত্যুর পর নাগ, মালব ও শক ক্ষত্রপরা স্বাধীন হয়ে যায় ও কুষান সাম্রাজ্য ভেঙ্গে পড়ে।

কুষানদের সঙ্গে বিদেশের যোগাযোগ (Contact with Outside World): কুষান সাম্রাজ্য ভারতে প্রসারিত হওয়ার পূর্বে মধ্য-এশিয়ার ব্যাকৃট্রিয়া, পার্থিয়া, কাশগড়, খোটান ইত্যাদি অঞ্চলে বিস্তৃত ছিল। ব্যাকৃট্রিয়া ছিল কুষানদের মূল কেন্দ্র। কুষান সম্রাটদের পৃষ্ঠপোষকতায় ভারতীয় বৌদ্ধধর্ম মধ্য-এশিয়ার খোটান, চীন, জাপান পর্যন্ত বিস্তার লাভ করেছিল। আধুনিক ঐতিহাসিকরা মনে করেন কুষান সাম্রাজ্যবাদের ভিত্তি ছিল অর্থনৈতিক। কুষান সাম্রাজ্যের উন্নতিও ঘটেছিল বাণিজ্যকে কেন্দ্র করে। চীন থেকে ইরানের মধ্য দিয়ে যে পথটি রোমসাম্রাজ্য পর্যন্ত গিয়েছিল, তাকে "সিল্ক রুট" বা রেশমের রাস্তা বলা হত। ইরানের সঙ্গে রোমের যুদ্ধ ও পার্থিয়ার রাজার উঁচুহারে শুল্ক আদায়ের ফলে এই রাস্তা বন্ধ হয়ে যায়। এর ফলে চীন থেকে পণ্য ব্যাকৃট্রিয়া হয়ে ভারতে এসে সিন্ধুর বন্দর থেকে রোমে যেতে থাকে। এইভাবে কুষান যুগে পশ্চিম এশিয়ার রোমান সাম্রাজ্যের সঙ্গে ভারতের বাণিজ্যিক সম্পর্ক গড়ে উঠে। জলপথে পশ্চিম ভারতের ভৃগুকচ্ছ ও অন্যান্য বন্দর ও সিন্ধুর বারবারিকাম থেকে জাহাজ পণ্যসামগ্রী লোহিত সাগর পর্যন্ত যেত। স্থলপথে ভারতের মসলিন ও বস্ত্রাদি ব্যাকৃট্রিয়ার পথে রোমান সাম্রাজ্যের পালমিয়ায় পৌঁছাত। ভারত থেকে হীরা, মুক্তা, হাতির দাঁতের জিনিস ও মসলা রপ্তানি হত। এই বাণিজ্যের ফলে ভারতে প্রচুর স্বর্ণমুদ্রা আমদানি হত। স্থলপথে ভারতীয় পণ্য মধ্য-এশিয়ার বাজারগুলিতে যেত। ভারতীয় পণ্য খোটান হয়ে কাস্পিয়ান সাগরের তীরে পৌঁছাত। এই যুগেই রোমান বণিকরা মৌসুমী বায়ুর গতিবিধি আবিষ্কার করে সেইমত জাহাজ চালিয়ে দক্ষিণ ভারতে এসে উপস্থিত হন। দক্ষিণ ভারতের আরিকামেডু বিখ্যাত বাণিজ্যকেন্দ্র ছিল। রোমসাম্রাজ্য থেকে এত স্বর্ণমুদ্রা ভারতে আসত যে ঐতিহাসিক প্লিনি তার জন্য দুঃখ প্রকাশ করেছেন।

মধ্য এশিয়ার সঙ্গে

রোমান সাম্রাজ্যের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক

দক্ষিণ ভারতের সঙ্গে রোমের সম্পর্ক

ভারতীয় সংস্কৃতিতে কুষান যুগের গুরুত্ব (Cultural Importance of Kushana Period): কুষান সাম্রাজ্য প্রথমে বৈদেশিক থাকলেও পরে এর ভারতীয়করণ ঘটেছিল। কুষান শাসকরা ভারতীয় ধর্ম, ভাষা ও সংস্কৃতি গ্রহণ করে সেইগুলি সম্পর্কে উৎসাহী হয়ে উঠেন। মধ্য-এশিয়া ও উত্তর ভারতের বিস্তীর্ণ অঞ্চল জুড়ে বিভিন্ন স্থানের শিল্পীরা এই সময়ে ভারতে এসে পৌঁছে ছিল। উত্তর-পশ্চিম ভারতে কুষান আমলে গ্রীক ও রোমান পদ্ধতির অনুসরণে বুদ্ধদেবের মূর্তিনির্মাণ শুরু হয়। গ্রীক ও রোমান শিল্পরীতির সঙ্গে ভারতীয় পদ্ধতির মিশ্রণে যে শিল্পরীতি গড়ে উঠেছিল, তাকে গান্ধার রীতি বলা হয়। এই রীতিতে পেশীবহুল দেহভঙ্গী ও কোঁকড়ান চুলের সঙ্গে ভারতীয় ধ্যানী বুদ্ধমূর্তি তৈরী হত।

ভারতীয়করণ

গান্ধার রীতি

কুষান রাজাদের আমলে ভারতীয় মথুরা-শিল্পধারারও উন্নতি হয়েছিল। মথুরার ভাস্কর্য-শিল্পও তাঁরা পছন্দ করতেন। লাল রঙের বালি পাথরের উপর ভাস্কর্যের ধারা মথুরা ও আশেপাশে দেখা যেত। মথুরার সংগ্রহশালায় কুষান যুগের বহু মূর্তি রক্ষিত আছে। মথুরা-শিল্পরীতি সম্পূর্ণভাবে ভারতীয় হলেও কুষান রাজারা উৎসাহিত হয়েছিলেন। ভারতীয় শিল্পরীতি এই যুগে সারনাথ, অমরাবতীতেও বিকশিত হয়।

মথুরা শিল্পরীতি

কুষান রাজারা সংস্কৃত ভাষা ও সাহিত্যের পৃষ্ঠপোষকতা করেছেন। মহাযান মতের বৌদ্ধ পণ্ডিতরা সংস্কৃত ভাষাকেই তাঁদের মতের বাহন করেন। বিখ্যাত পণ্ডিত বসুবন্ধু এই যুগে রচনা করেন "বিভাষাশাস্ত্র।" অশ্বঘোষ ছিলেন পণ্ডিত সাহিত্যিক। তাঁর রচিত 'বুদ্ধচরিত', 'সূত্রালঙ্কার' ও 'সৌন্দরনন্দ কাব্য' সংস্কৃতসাহিত্যে অমর হয়ে আছে। দার্শনিক নাগার্জুন রচনা করেন "প্রজ্ঞা-পারমিতা-সূত্রশাস্ত্র" ও "মাধ্যমিক সূত্র"। কুষানদের মাধ্যমে গ্রীকদের সঙ্গে যোগাযোগের ফলে জোতির্বিদ্যা ও জ্যোতিষ বিদ্যার যথেষ্ট উন্নতি হয়। গ্রহ-নক্ষত্রের গতিবধি-সংক্রান্ত অনেক গ্রীক শব্দ সংস্কৃত ভাষায় স্থান পেয়েছিল। এই সময় গ্রীক জ্যোতিষশাস্ত্রও ভারতীয়দের প্রভাবিত করেছিল। গ্রীক শব্দ 'হরস্কোপ' থেকে 'হোরাশাস্ত্র' কথাটির সৃষ্টি হয়। চিকিৎসাবিজ্ঞানে ও শল্যবিদ্যায় চরক ও শুশ্রুতের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। 'চরকসংহিতা'র রচয়িতা চরক ছিলেন শ্রেষ্ঠ চিকিৎসাশাস্ত্রবিদ্।

সংস্কৃতভাষা, সাহিত্য ও জ্ঞান-বিজ্ঞান

উত্তর ভারতের বিভিন্ন স্থানে মাটির তলা থেকে কুষান আমলের বহু নিদর্শন পাওয়া গেছে। সেই যুগে মেঝে ও ছাদ তৈরীতে পোড়ামাটির ইটের ব্যবহার ছিল। পালিশ-করা বা সাধারণ মাটির পাত্রগুলির রং ছিল রক্তবর্ণ। এই ধরনের মাটির পাত্র মধ্য এশিয়া থেকেই ভারতে প্রচলিত হয়েছিল। কুষান যুগের মুদ্রায় রোমান মুদ্রার প্রভাব লক্ষ্য করা যায়।

মাটির পাত্র ও মুদ্রা

[চ] সাতবাহন সাম্রাজ্য (The Satavahana Empire)

মৌর্য সাম্রাজ্যের পতনের পর মধ্য ভারত ও দাক্ষিণাত্যে সাতবাহনরা শক্তিশালী হয়ে উঠে স্বাধীন রাজ্যের পত্তন করে। অশোকের শিলালিপিতে, ঐতরেয় ব্রাহ্মণে ও প্লিনির বিবরণে সাতবাহনদের উল্লেখ আছে। সাতবাহনরা বর্তমান নাসিককে ঘিরে দাক্ষিণাত্যের উত্তর-পশ্চিম অংশে রাজত্ব প্রতিষ্ঠা করেছিলেন। এদেরকে অন্ধ্র রাজবংশও বলা হয়। সম্ভবত অন্ধ্র অঞ্চল থেকে এদের মহারাষ্ট্রে আগমন ঘটেছিল। পূর্ব-উপকূলের কৃষ্ণা ও গোদাবরী নদী দুটির ব'-দ্বীপ অঞ্চল থেকে সাতবাহনরা গোদাবরী নদীর তীর ধরে পশ্চিমদিকে চলে আসে। তারপর মৌর্য সাম্রাজ্যের পতনের পরবর্তী বিশৃঙ্খলার সুযোগ নিয়ে এরা নিজেদের আধিপত্য স্থাপন করে। আবার কারো কারো মতে এই রাজপরিবার এসেছিল পশ্চিমদিক থেকেই। পূর্বদিকে নিজেদের রাজ্যবিস্তারের পর নিজেদের নাম

অনুসারে অঞ্চলটির নাম দেয় অন্ধ্র। অশোক তাঁর শিলালিপিতে সাতবাহনদের তাঁর সাম্রাজ্যের এক উপজাতি বলে উল্লেখ করেছেন। সম্ভবত সাতবাহনরা মৌর্যদের অধীনে শাসনকাজে নিযুক্ত ছিল। পুরাণের মতে, দাক্ষিণাত্যে শুঙ্গদের যে ক্ষমতা অবশিষ্ট ছিল, সাতবাহনরা তা ধ্বংস করে দেয়।

প্রথম শতাব্দীর মধ্যভাগে শিমুক নামে একজন সাতবাহন রাজ্যের সূত্রপাত ঘটান। সাতবাহনদের কর্মকেন্দ্র ছিল পৈঠান বা প্রতিষ্ঠান নগর। শুরুতে তারা মহারাষ্ট্র অঞ্চলেই রাজত্ব করত। শিমুকের পর তাঁর ভাই কৃষ্ণ রাজত্ব করেন। তাঁর রাজ্যসীমা নাসিক পর্যন্ত বিস্তৃত ছিল। সাতবাহন বংশের তৃতীয় রাজা ছিলেন প্রথম সাতকর্ণী। তিনি ছিলেন কৃষ্ণের পুত্র। প্রথম সাতকর্ণী তাঁর সাম্রাজ্যের অধীনে দাক্ষিণাত্যের উত্তর অংশ অর্থাৎ নর্মদা-উপত্যকা, বিদর্ভ, পশ্চিম মালব অন্তর্ভুক্ত করেছিলেন। তাঁর রাজ্যসীমা পূর্বে কলিঙ্গরাজ খারবেলের রাজ্য স্পর্শ করেছিল। তিনিই প্রতিষ্ঠান বা পৈঠানে সাতবাহনদের রাজধানী স্থাপন করেন।

শিমুক, কৃষ্ণ ও প্রথম সাতকর্ণী

প্রথম সাতকর্ণীর পর শক জাতির আক্রমণে সাতবাহনরা পশ্চিম দাক্ষিণাত্যের উপর অধিকার হারিয়ে অন্ধ্র অঞ্চলে সরে যেতে বাধ্য হয়। প্রথম সাতকর্ণীর পর, পুরাণ অনুসারে, কয়েকজন সাতবাহন রাজার নাম পাওয়া যায়,—তবে কেউই উল্লেখযোগ্য ছিলেন না।

গৌতমীপুত্র সাতকর্ণী (Gautamiputra Satkarni): গৌতমীপুত্র সাতকর্ণী সাতবাহন সিংহাসনে আরোহণ করলে সাতবাহনদের শক্তি পুনঃপ্রতিষ্ঠিত হয়। তিনি ছিলেন সাতবাহন বংশের সর্বশ্রেষ্ঠ রাজা। তাঁর নিজের 'নাসিক-শিলালিপি' ও তাঁর মা গৌতমী বলশ্রীর 'নাসিক-প্রশস্তি' থেকে গৌতমীপুত্র সম্পর্কে তথ্য পাওয়া যায়। গৌতমীপুত্রের সিংহাসন আরোহণের তারিখ শকরাজা নহপানের সঙ্গে তাঁর যুদ্ধের তারিখ থেকে নির্ণয় করা হয়। নহপানের সঙ্গে গৌতমীপুত্রের যুদ্ধ হয়েছিল ১২৪-২৫ খ্রীষ্টাব্দে। নাসিক-প্রশস্তিতে জানা যায়, তাঁর রাজত্বের অষ্টাদশ বছরে তিনি নহপানকে পরাজিত করেছিলেন। তা হলে গৌতমীপুত্র ১০৬ খ্রীষ্টাব্দে সিংহাসনে বসেন।

গৌতমীপুত্র সাতকর্ণী

নাসিক-লিপি ও নাসিক-প্রশস্তি থেকে জানা যায়, গৌতমীপুত্র শকরাজা নহপান ও তাঁর সেনাপতি ঋষভদত্তকে পরাজিত করে মহারাষ্ট্র পুনরুদ্ধার করেন। জোগালথম্বি নামক স্থানে নহপানের অনেক মুদ্রা পাওয়া গেছে, যেগুলি গৌতমীপুত্র পরিবর্তন করে নিজের নামে প্রচারিত করেছিলেন। তিনি শকদের কাছ থেকে সৌরাষ্ট্র, গুজরাট, মালব, বেরার ও উত্তর কোঙ্কন দখল করেন। নাসিক-প্রশস্তি অনুসারে এই অঞ্চলগুলি ছাড়াও তিনি অনুপ বা নর্মদা-উপত্যকা, মূলক বা পৈঠানের পার্শ্ববর্তী অঞ্চল ও ঋষিক বা কৃষ্ণা উপত্যকা জয় করেন। নাসিক-প্রশস্তিতে বলা হয়েছে, তিনি পূর্বঘাট থেকে পশ্চিমঘাট পর্বতমালা পর্যন্ত রাজ্যবিস্তার করেছিলেন। নাসিক-প্রশস্তিতে অন্ধ্র অঞ্চলের নাম নেই। অথচ,

রাজ্যজয়

অন্ধ্র অঞ্চল থেকেই তিনি মহারাষ্ট্র পুনরুদ্ধার করেন। তাই অন্ধ্র ও মহাকোশলকে গৌতমীপুত্রের রাজ্যভুক্ত ছিল বলে ধরা হয়।

গৌতমীপুত্রের এই খ্যাতি বেশীদিন স্থায়ী হয়নি। খহরত বংশের শক রাজা নহপানের মৃত্যুর পর উজ্জয়িনীর কর্দমক শকরা চস্টানের নেতৃত্বে শক্তিশালী হয়ে উঠেন। ক্ষত্রপ চস্টানও তাঁর সহকারী রুদ্রদামন সাতবাহনদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হন। টলেমির রচনা থেকে জানা যায় যে, চস্টানের রাজধানী ছিল উজ্জয়িনী। অর্থাৎ সাতবাহনরা মালবের উপর অধিকার হারিয়েছিল। নাসিক-প্রশস্তিতে যে সব জায়গার উল্লেখ আছে, সেইসব জায়গার উল্লেখ দেখতে পাওয়া যায় রুদ্রদামনের জুনাগড় শিলা-লিপিতে। মনে হয় রুদ্রদামন ঐ জায়গাগুলি পুনরধিকার করেছিলেন। গৌতমীপুত্র শক আক্রমণ থেকে রক্ষা পাওয়ার জন্য রুদ্রদামনের কন্যার সঙ্গে তাঁর পুত্রের বিবাহ দেন। তবে এর ফলে গৌতমীপুত্রের কোনও লাভ হয়নি। কারণ জুনাগড় লিপিতে দেখা যায় যে, রুদ্রদামন সাতবাহনদের পরাজিত করলেও আত্মীয় বলে তাদের ক্ষতি করেন নি।

কৃতিত্ব

গৌতমীপুত্র সাতকর্ণী সুশাসকও ছিলেন। তিনি সমাজসংস্কারকও ছিলেন। গৌতমীপুত্র ব্রাহ্মণ্যধর্মের মানুষ ছিলেন। ব্রাহ্মণদের জন্য তিনি ক্ষত্রিয়দের ক্ষমতা খর্ব করেন ও বিভিন্ন বর্ণের মধ্যে মিশ্রণ বন্ধ করে দেন। ব্রাহ্মণ্যধর্মের অনুসরণকারী হলেও গৌতমপুত্র অন্য ধর্মমতের প্রতি সহনশীল ছিলেন। নাসিক ও কার্লের বৌদ্ধ বিহারগুলিতে তিনি বহু জমি দান করেছিলেন।

পতন

পরবর্তী সাতবাহন রাজারা : গৌতমীপুত্রের পর উল্লেখযোগ্য সাতবাহন-রাজা ছিলেন, বশিষ্টপুত্র পুলুমায়ী ও যজ্ঞশ্রী সাতকর্ণী। এঁদের আমলে শকদের কাছ থেকে কিছু রাজ্য উদ্ধার করা সম্ভব হয়েছিল। তবুও সাতবাহন রাজত্ব দীর্ঘস্থায়ী হয়নি। খ্রীষ্টীয় তৃতীয় শতাব্দীতে সাতবাহন রাজ্যের পতন হয়। সাতবাহনদের দুর্বলতার সুযোগে প্রাদেশিক শাসন-কর্তারা একে একে স্বাধীনতা ঘোষণা করেন।

[ছ] গুপ্ত সাম্রাজ্যের ইতিহাস
(History of the Gupta Empire)

গুপ্তবংশের উত্থান

মৌর্য সাম্রাজ্যের পতনের পর ভারতে এক রাজনৈতিক বিচ্ছিন্নতার প্রবণতা দেখা দেয়। এর ফলে ঐক্যবদ্ধ সাম্রাজ্য গড়ে উঠা সম্ভব হয়নি। কুষান ও সাতবাহনদের আমলে যথাক্রমে উত্তর ভারত ও দক্ষিণ ভারতের উত্তর অঞ্চলে কিছুদিনের জন্য রাজনৈতিক ঐক্যের সূচনা হয়েছিল। কিন্তু কুষান ও সাতবাহনদের পতনের পর ঐক্য-স্থাপনের প্রচেষ্টা ধূলিসাৎ হয়ে যায়। পুনরায় তৃতীয় শতাব্দীতে বিচ্ছিন্নতার প্রবণতা প্রবল হয়ে উঠে। কিন্তু ভারতীয়দের ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠনের স্বপ্ন মন থেকে যে মুছে যায়নি, তার প্রমাণ

পাওয়া গেল খ্রীষ্টীয় চতুর্থ শতাব্দীতে। এই সময় গুপ্ত রাজারা উত্তর ভারতের এক বিস্তীর্ণ অঞ্চল এক সাম্রাজ্যের অধীনে আনেন।

(i) গুপ্তবংশের আদি ইতিহাস
(Early History of the Guptas)

কুষান সাম্রাজ্যের ধ্বংসস্তূপের উপর উদ্ভূত হয়ে গুপ্ত সাম্রাজ্য কুষান ও সাতবাহন উভয় সাম্রাজ্যের বিস্তৃত ভূখণ্ডের উপর আধিপত্য বিস্তার করতে সমর্থ হয়েছিল। গুপ্তরা মৌর্যদের মত অত বিশাল সাম্রাজ্য প্রতিষ্ঠা করতে না পারলেও প্রায় এক শতাব্দীকাল উত্তর ভারতের রাজনৈতিক ঐক্য অক্ষুণ্ণ রেখেছিলেন (৩৩৫-৪৫৫ খ্রীঃ)। খ্রীষ্টীয় তৃতীয় শতাব্দীতে গুপ্ত রাজাদের কার্যকলাপ বিহার ও উত্তরপ্রদেশে সীমাবদ্ধ ছিল। বিহারের চেয়ে উত্তরপ্রদেশে গুপ্তদের অধিকাংশ মুদ্রা ও শিলালিপি পাওয়া গেছে। অনুমান করা হয় উত্তরপ্রদেশেই ছিল গুপ্তদের কাজকর্মের প্রধান কেন্দ্র। গুপ্তরা সম্ভবত কুষানদের অধীনে সামন্ত ছিলেন। কারণ উত্তরপ্রদেশ ও বিহারের অনেক জায়গায় কুষান যুগের নিদর্শনের নিচেই গুপ্ত যুগের নিদর্শন পাওয়া গেছে। কুষানদের কাছ থেকে সম্ভবত গুপ্তরা অশ্বচালন শিখেছিল। গুপ্তরাজারা কয়েকটি বাস্তব সুবিধাও ভোগ করতেন। বিহার ও উত্তরপ্রদেশের উর্বর জমি ছিল তাঁদের কার্যকলাপের কেন্দ্রস্থল। মধ্যভারত ও বিহারের লৌহ-সম্পদ তাঁদের হস্তগত হয়েছিল। উত্তর ভারতের যে অঞ্চল পূর্ব রোমান সাম্রাজ্যের সঙ্গে ব্যবসাবাণিজ্য করত, তার নিকটবর্তী ছিল রাজ্যের সীমানা। এই সুযোগ লাভ করায় গুপ্তরা অনুগঙ্গা (মধ্য গাঙ্গেয় উপত্যকা), প্রয়াগ, সাকেত (অযোধ্যা) ও মগধের উপর তাদের প্রভুত্ব কায়েম করতে সমর্থ হয়।

আদি ইতিহাস

বাস্তব সুবিধাগুলি

গুপ্তদের আদি নিবাস সম্পর্কে ঐতিহাসিকদের মধ্যে মতভেদ থাকলেও, বেশীর ভাগ ঐতিহাসিক মনে করেন বাংলাদেশের বরেন্দ্রভূমি বা মালদহ জেলায় তাঁদের আদিনিবাস ছিল। গুপ্তবংশের প্রথম দু'জন রাজার নাম ছিল মহারাজ শ্রীগুপ্ত ও মহারাজ ঘটোৎচক গুপ্ত। তাঁরা বাংলার কিছু অংশ ও দক্ষিণ বিহারে রাজত্ব করতেন সম্ভবত ২৭৫ থেকে ৩১০ খ্রীষ্টাব্দ পর্যন্ত।

শ্রীগুপ্ত ও ঘটোৎকচ গুপ্ত

প্রথম চন্দ্রগুপ্ত (Chandragupta I): ঘটোৎকচ গুপ্তের পুত্র প্রথম চন্দ্রগুপ্ত ছিলেন গুপ্তবংশের প্রথম স্বাধীন রাজা। প্রথম দু'জন গুপ্ত রাজা যখন নিজেদের সামন্ত পদমর্যাদা জ্ঞাপক 'মহারাজা' আখ্যায় ভূষিত করেছিলেন, তখন প্রথম চন্দ্রগুপ্ত নিজেকে 'মহারাজাধিরাজ'-রূপে ঘোষণা করে নিজের শক্তি ও প্রতিপত্তির পরিচয় দিয়েছিলেন। তাঁর সময় থেকেই প্রকৃতপক্ষে গুপ্তবংশের সাম্রাজ্য বিস্তার আরম্ভ হয়। তিনি আঞ্চলিক গুপ্ত রাজ্যকে সাম্রাজ্যের দ্বারদেশে পৌঁছে দেন। ডঃ সুধাকর চট্টোপাধ্যায় বলেছেন যে, শক মুরুণ্ডদের উৎখাত করে মগধ দখল করার পর তিনি 'মহারাজাধিরাজ' উপাধি গ্রহণ করেন। প্রথম

প্রথম চন্দ্রগুপ্ত

চন্দ্রগুপ্ত প্রতিবেশী কোশল রাজ্যের মঘ রাজবংশও উচ্ছেদ করেন। তিনি কোশল ও কোশাম্বী অধিকার করে তাঁর রাজ্যসীমা বাড়ান। পুরাণে প্রমাণ পাওয়া যায় যে, প্রথম চন্দ্রগুপ্ত নিশ্চিতভাবে উত্তরপ্রদেশ ও মগধ জয় করেছিলেন। তিনি লিচ্ছবি রাজকন্যা কুমারদেবীকে বিবাহ করেন। এর ফলে তাঁর রাজ্য ও ক্ষমতা বৃদ্ধি পায়। ঐতিহাসিক এ্যালানের মতে, সামাজিক প্রতিষ্ঠা লাভ করার উদ্দেশ্যেই প্রথম চন্দ্রগুপ্ত লিচ্ছবিকুলের সঙ্গে বৈবাহিক সম্পর্ক স্থাপন করেছিলেন। এই বিবাহের ফলে গুপ্ত অধিকৃত মগধ বা দক্ষিণ বিহারের সঙ্গে বৈশালী বা উত্তর বিহারের যোগাযোগ স্থাপিত হয়। আধুনিক ঐতিহাসিক ডঃ গয়ালের মতে, লিচ্ছবি বিবাহের ফলে প্রথম চন্দ্রগুপ্ত লিচ্ছবিদের অধীন লোহার খনিগুলি লাভ করেন। তিনি এই খনির আয় থেকে অর্থ পান ও লোহা দিয়ে অস্ত্র তৈরী করেন। প্রথম চন্দ্রগুপ্তের মুদ্রায় একদিকে প্রথম চন্দ্রগুপ্ত ও কুমারদেবী ও অন্যদিকে ধনের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মীর মূর্তি অঙ্কিত থাকত। প্রথম চন্দ্রগুপ্তের রাজত্ব সমগ্র বিহার, বাংলাদেশের কিছু অংশ, এবং উত্তরপ্রদেশের অযোধ্যা অঞ্চল পর্যন্ত বিস্তৃত ছিল। প্রথম চন্দ্রগুপ্ত ৩২০ খ্রীষ্টাব্দে 'গুপ্ত সম্বত' বা গুপ্তাব্দ প্রবর্তন করেছিলেন। ঐ বছরেই তিনি সিংহাসনে আরোহণ করেন বলে অনুমান করা হয়।

সমুদ্রগুপ্ত (Samudragupta) : প্রথম চন্দ্রগুপ্তের পর তাঁর পুত্র সমুদ্রগুপ্ত গুপ্ত রাজসিংহাসনে আরোহণ করেন। তিনি কুমারদেবীর পুত্র হিসাবে 'লিচ্ছবি দৌহিত্র' বলে পরিচিত ছিলেন। সমুদ্রগুপ্ত পিতার প্রথম পুত্র না হয়েও সিংহাসন লাভ করায় অনেকে অনুমান করেন সিংহাসনে আরোহণের কালে তাঁকে বিরোধিতার সম্মুখীন হতে হয়েছিল। তিনি ৩৩৫ খ্রীষ্টাব্দে সিংহাসনে বসেন। সমুদ্রগুপ্তের শাসনকালে গুপ্তসাম্রাজ্য বিশাল আকার ধারণ করে। তাঁর প্রচেষ্টাতে বিহার অঞ্চলের একটি প্রাদেশিক রাজ্য মগধ সর্বভারতীয় রাজ্যে পরিণত হয়। সুদীর্ঘদিনের লুপ্ত রাজনৈতিক ঐক্যকে তিনি পুনঃপ্রতিষ্ঠিত করেন, তাঁর রাজ্যজয়ের মাধ্যমে। অশোক অহিংসা ও শান্তির নীতিতে বিশ্বাসী ছিলেন, সমুদ্রগুপ্ত কিন্তু রাজ্যজয় ও যুদ্ধের নীতিতে আনন্দ পেতেন। তিনি একাধারে সুনিপুণ যোদ্ধা, সুশাসক ও সংস্কৃতিবান ছিলেন। তাঁর একমাত্র উদ্দেশ্য ছিল সমগ্র ভারতকে একসূত্রে বেঁধে গুপ্ত বংশকে সার্বভৌম শক্তিতে পরিণত করা। এলাহাবাদে অশোকের শিলালিপির উপর সমুদ্রগুপ্তের সভাকবি হরিষেণ তাঁর বিজিত রাজ্য ও রাজাদের দীর্ঘ তালিকা দিয়ে গেছেন। হরিষেণ-রচিত 'এলাহাবাদ-প্রশস্তি' থেকে সমুদ্রগুপ্তের রাজ্যজয়ের বিস্তৃত বিবরণ পাওয়া যায়।

সিংহাসনে আরোহণ

সাম্রাজ্যবাদী নীতিগ্রহণ

হরিষেণের প্রশস্তি অনুযায়ী সমুদ্রগুপ্ত উত্তর ভারতে রাজ্যজয়ের ক্ষেত্রে 'দিগ্বিজয়' নীতি অনুসরণ করেন। এই নীতি অনুসারে তিনি পরাজিত রাজ্যকে নিজ সাম্রাজ্যভুক্ত করে নেন। উত্তর ভারতের যেসব রাজা সমুদ্রগুপ্তের কাছে পরাজিত হয়েছিলেন তাদের নাম হল—রুদ্রদেব, মতিল,

উত্তর ভারত জয়

নাগদত্ত, অচ্যুত, গণপতি নাগ, নাগসেন, চন্দ্রবর্মন, নন্দী ও বলবর্মন। অচ্যুত ছিলেন অহিচ্ছত্রের রাজা (বেরিলী), নাগসেন ছিলেন গোয়ালিয়র বা পদ্মাবতীর রাজা, গণপতি নাগ সম্ভবত মথুরায় রাজত্ব করতেন, চন্দ্রবর্মণ ছিলেন বাঁকুড়ার পুষ্করণের অধিপতি। উত্তর ভারতে নাগবংশীয় রাজাদের ক্ষমতা খর্ব করে সমুদ্রগুপ্ত গুপ্তদের প্রাধান্য প্রতিষ্ঠা করেন।

আটবিক অঞ্চল জয়

সমুদ্রগুপ্ত মধ্যভারতে আটবিক রাজ্যগুলিকেও পরাজিত করেন। এই অরণ্যময় রাজ্যগুলি ছিল উত্তরপ্রদেশের গাজীপুর অঞ্চল থেকে মধ্যপ্রদেশের জব্বলপুর পর্যন্ত। এই রাজ্যগুলি দখলের ফলে উত্তর ভারত থেকে দক্ষিণে যাওয়ার পথ সহজ হয়ে যায়।

দক্ষিণ ভারত অভিযান

উত্তর ভারত জয় সম্পূর্ণ করে সমুদ্রগুপ্ত দক্ষিণ ভারত অভিযান করেন। দক্ষিণ-ভারত অভিযানে তিনি 'ধর্মবিজয়ে'র নীতি গ্রহণ করেন। এই নীতি অনুসারে তিনি 'গ্রহণ পরিমোক্ষ' পদ্ধতি নেন। অর্থাৎ, বিজিত রাজ্যের রাজা সমুদ্রগুপ্তের বশ্যতা স্বীকার করলে তাঁর রাজ্য তাঁকে ফিরিয়ে দেন। সমুদ্রগুপ্ত বুঝতে পেরেছিলেন যে, সুদূর উত্তর ভারত থেকে দক্ষিণেররাজ্যগুলিকে সরাসরি শাসন করা সম্ভব নয়। তাই দক্ষিণের রাজ্যগুলিকে বশ্যতা স্বীকারের বিনিময়ে স্বায়ত্তশাসন দান করেন। দক্ষিণের যে সমস্ত রাজা ও রাজ্যগুলি সমুদ্রগুপ্ত কর্তৃক পরাজিত হয়েছিলেন, তাঁরা হলেন—কোশলরাজ মহেন্দ্র, পিষ্টপুররাজ মহেন্দ্রগিরি, কট্টুররাজ স্বামীদত্ত, এরণ্ডপল্লের দমন, কাঞ্চীর বিষ্ণুগোপ, বেঙ্গির হস্তিবর্মণ, অবমুক্তের নীলারাজা, পলক্কের উগ্রসেন প্রমুখ।

সীমান্ত অঞ্চলের বশ্যতা

আর্যাবর্ত ও দাক্ষিণাত্য অঞ্চল জয়ের ফলে সীমান্তবর্তী রাজ্য ও উপজাতিগুলিও সমুদ্রগুপ্তের বশ্যতা স্বীকার করে। এই রাজ্যগুলি হল—সমতট (পূর্ব বাংলা), দাভক (আসাম বা ঢাকা), কামরূপ, নেপাল, কর্তৃপুর (পাঞ্জাবের জলন্ধর)। এই রাজ্যগুলি সামন্তরাজ্যে পরিণত হয়। এ ছাড়াও পাঞ্জাব ও রাজপুতানার নয়টি উপজাতি যেমন, অর্জুনায়ণ, মালব, সনকানিক, কাক প্রমুখ সমুদ্রগুপ্তের বশ্যতা স্বীকার করেছিল। অধিকন্তু, উত্তর-পশ্চিমের কুষাণ রাজা ও দক্ষিণ-পশ্চিমের শক শাসকরা তাঁর বশ্যতা স্বীকার করেছিলেন। সিংহলরাজ মেঘবর্ণ তাঁর অনুমতি নিয়ে বুদ্ধগয়ায় এক মন্দির নির্মাণ করেন। সমুদ্রগুপ্তের সরাসরি রাজ্যভুক্ত ছিল উত্তরপ্রদেশ, বিহার, বাংলা ও মধ্যপ্রদেশের কিছু অংশ।

অশ্বমেধ যজ্ঞ

রাজ্যজয় সমাপ্ত করে সমুদ্রগুপ্ত 'অশ্বমেধ যজ্ঞ' করেন ও এই ঘটনা স্মরণীয় করে রাখার জন্য একটি স্বর্ণমুদ্রা'র প্রচলন করেন। তাঁর এই সাম্রাজবাদী নীতি ও জয়লাভের জন্য ভিন্সেণ্ট স্মিথ তাঁকে 'ভারতীয় নেপোলিয়ন' আখ্যা দিয়াছিলেন। যদিও সমুদ্রগুপ্ত পশ্চিম দাক্ষিণাত্য ও মহারাষ্ট্রের বাকাটক রাজ্য জয় করতে পারেননি তবুও তাঁর আমলে রাজনৈতিক ঐক্য অন্ততপক্ষে কিছুটা প্রতিষ্ঠিত হয়েছিল। সমুদ্রগুপ্তের রাজ্যসীমা উত্তরে হিমালয় থেকে

দক্ষিণে মাদ্রাজ পর্যন্ত এবং পূর্বে ব্রহ্মপুত্র থেকে পশ্চিমে যমুনা নদী পর্যন্ত বিস্তৃত ছিল। মহারাষ্ট্র, গুজরাট, পশ্চিম পাঞ্জাব তাঁর রাজ্যের অন্তর্ভুক্ত ছিল না।

সমুদ্রগুপ্ত ছিলেন এক বিশিষ্ট রাজ্যবিজেতা। ডঃ ভিন্সেন্ট স্মিথ সেইজন্যই তাঁকে 'ভারতীয় নেপোলিয়ন' বলে অভিহিত করেছেন। সমুদ্রগুপ্ত নিজ পরাক্রমে গঙ্গাতীরবর্তী এক ছোট রাজ্যকে সর্বভারতীয় সাম্রাজ্যে পরিণত করেন। যদিও তিনি সমগ্র দক্ষিণ ভারত জয় করতে পারেন নি বা মহারাষ্ট্রের বাকাটক ও পশ্চিম ভারতের শকদের নিজের শাসনে আনতে পারেন নি, তবুও তাঁর সাম্রাজ্য ভারতের রাজনৈতিক ঐক্য পুনঃ-প্রতিষ্ঠিত করে একথা সত্য। তাঁর "পরাক্রমাঙ্ক" উপাধি গ্রহণ যুক্তিযুক্ত হয়েছিল। দুর্গম অরণ্য ও পর্বতসঙ্কুল পথ অতিক্রম করে তিনি সুদূর দক্ষিণে অভিযান করতে দ্বিধা করেন নি। সম্পূর্ণ অপরিচিত অঞ্চলের সাফল্যের সঙ্গে যুদ্ধাভিযান পরিচালনা করে তিনি যে কৃতিত্বের পরিচয় দেন, ইতিহাসে তার দৃষ্টান্ত বিরল। তিনি স্বীয় সামরিক কৃতিত্বের পরিচায়করূপে 'সর্বরাজচ্ছেত্তা' উপাধি গ্রহণ করেছিলেন। জাতীয়তাবাদী ঐতিহাসিকগণ মনে করেন, সমুদ্রগুপ্তকে নেপোলিয়নের মত সাম্রাজ্যবাদী বলা যুক্তিযুক্ত নয়। কারণ সমুদ্রগুপ্ত ভারতীয় ঐক্যের আদর্শকে রূপ দেওয়ার জন্যই সাম্রাজবাদী নীতি গ্রহণ করেছিলেন। নেপোলিয়ন অপর দেশ দখল করে সাম্রাজ্য স্থাপন করেছিলেন। আধুনিক ঐতিহাসিক রোমিলা থাপার বলেছেন যে, সমুদ্রগুপ্ত পাঞ্জাব ও রাজপুতানার উপজাতিগুলি জয় করার ফলে পরবর্তী কালে হূনজাতি সহজেই ভারতে প্রবেশ করতে পারে। যদি এই উপজাতিগুলির ক্ষমতা বজায় থাকত, তবে হূনরা সহজে ভারতে প্রবেশ করতে পারত না। অপর আধুনিক ঐতিহাসিক ডঃ গয়াল মনে করেন যে, দক্ষিণের অধীনস্থ রাজাদের কাছ থেকে নিয়মিত কর ও সম্পদ এবং উত্তরের গঙ্গা-যমুনা উপত্যকার সম্পদের দ্বারা সমুদ্রগুপ্ত ও তাঁর বংশধরেরা এক বিরাট সেনাদল গড়ে তোলেন। সমুদ্রগুপ্ত বিবিধ গুণাবলীর অধিকারী ছিলেন। তাঁর সভাকবি হরিষেণের মতে, তিনি কাব্য রচনা, সঙ্গীত ও যুদ্ধবিদ্যায় পারদর্শী ছিলেন। তাঁর মুদ্রায় বীণাবাদনরত মূর্তি দেখে তাঁর সঙ্গীত-প্রীতির পরিচয় পাওয়া যায়। তিনি কাব্যচর্চার জন্য "কবিরাজ" আখ্যা পেয়েছিলেন। হরিষেণ ও বসুবন্ধু প্রমুখ পণ্ডিত তাঁর সমাদর লাভ করেছিলেন। যদিও সমুদ্রগুপ্ত ব্রাহ্মণ্যধর্মের অনুরাগী ছিলেন তবুও তিনি অন্য ধর্মের প্রতি শ্রদ্ধা দেখাতেন। তাঁর মুদ্রায় বিভিন্ন দেবদেবীর ছাপ দেখে তাঁর পরধর্মসহিষ্ণুতার পরিচয় পাওয়া যায়। বহুমুখী প্রতিভা, বিদ্যানুরাগ ও সামরিক কৃতিত্বের জন্য সমুদ্রগুপ্ত ভারতের ইতিহাসে স্থায়ী আসন লাভ করেছেন।

সমুদ্রগুপ্তের কৃতিত্ব

বীণাবাদনরত সমুদ্রগুপ্ত

দ্বিতীয় চন্দ্রগুপ্ত (Chandragupta II) **:** সমুদ্রগুপ্তের মৃত্যুর পর তাঁর পুত্র দ্বিতীয় চন্দ্রগুপ্ত সিংহাসনে বসেন। বিশাখদত্তের 'দেবীচন্দ্রগুপ্তম' ও বাণভট্টের 'হর্ষচরিত'-এ

রামগুপ্ত নামে সমুদ্রগুপ্তের এক পুত্রের উল্লেখ আছে। বলা হয় এই রামগুপ্তকে হত্যা করেই দ্বিতীয় চন্দ্রগুপ্ত সিংহাসনে বসেন। আধুনিক ঐতিহাসিকরা এই ঘটনার সত্যতা সম্পর্কে সন্দেহ পোষণ করেন। দ্বিতীয় চন্দ্রগুপ্তের আমলেই গুপ্ত সাম্রাজ্য তার গৌরবের শিখরে আরোহণ করে।

সিংহাসনে আরোহণ

দ্বিতীয় চন্দ্রগুপ্ত বৈবাহিক সম্বন্ধ, সন্ধি ও যুদ্ধজয়ের মাধ্যমে তাঁর রাজত্বের সীমানা আরও বর্ধিত করেন। তিনি মধ্যভারতের নাগবংশের রাজকন্যা কুবের নাগকে বিবাহ করে নাগদের মৈত্রী লাভ করেন। কদম্ববংশীয় এক রাজকন্যাকেও তিনি বিবাহ করেছিলেন। তিনি তাঁর কন্যা প্রভাবতীকে মহারাষ্ট্রের বাকাটকবংশীয় দ্বিতীয় রুদ্রসেনের সঙ্গে বিবাহ দেন। রুদ্রসেনের মৃত্যুর পর পিতার সাহায্যে প্রভাবতী শিশুপুত্রের হয়ে বাকাটক রাজত্ব শাসন করতে থাকেন। বাকাটকদের সঙ্গে বৈবাহিক সম্পর্ক স্থাপনের ফলেই দ্বিতীয় চন্দ্রগুপ্তের পক্ষে শকদের পরাজিত করা সহজ হয়েছিল।

বৈবাহিক-সম্পর্ক মাধ্যমে রাজ্য বিস্তার

দ্বিতীয় চন্দ্রগুপ্ত মালব, গুজরাট ও কাথিয়াবাড়ের শক ক্ষত্রপদের পরাজিত করে তাঁদের উচ্ছেদ করেন। এর ফলে ব্যবসা-বাণিজ্যের জন্য বিখ্যাত পশ্চিম সমুদ্র-উপকূলভাগ গুপ্তদের অধিকারে আসে। মালব ও তার প্রধান শহর উজ্জয়িনীর সমৃদ্ধির পিছনে এর যথেষ্ট অবদান আছে। অনুমান করা হয় দ্বিতীয় চন্দ্রগুপ্ত উজ্জয়িনীকে তাঁর দ্বিতীয় রাজধানীতে পরিণত করেছিলেন। সমসাময়িক একটি লেখ-তে দ্বিতীয় চন্দ্রগুপ্তকে "বিশ্ববিজেতা" বলে উল্লেখ করা হয়েছে। তবে তিনি কোন্ কোন্ রাজ্য দখল করেছিলেন তার উল্লেখ নেই। দিল্লীর কুতুবমিনারের কাছে মেহরৌলিতে একটি সুপ্রাচীন লৌহস্তম্ভের গায়ে চন্দ্র নামে এক নৃপতির দিগ্বিজয়ের কাহিনী খোদাই করা আছে। তিনি প্রথমে বাংলা-নৃপতিদের সম্মলিত প্রতিরোধ ধ্বংস করেন। এরপর তাঁর বিজয়বাহিনী নিম্ন সিন্ধু-উপত্যকা পর্যন্ত অগ্রসর হয় এবং সেখান থেকে চন্দ্র বহ্লীক দেশ বা ব্যাকট্রিয়ার বিরুদ্ধে যুদ্ধাভিযান করেন। ডঃ রমেশচন্দ্র মজুমদার সহ অনেক ঐতিহাসিক এই দিগ্বিজয়ী নৃপতিকে দ্বিতীয় চন্দ্রগুপ্ত বলে মনে করেন। তাঁর আমলে দক্ষিণের কিছু অঞ্চল বাদে প্রায় সমগ্র ভারতের উপর গুপ্ত-আধিপত্য প্রতিষ্ঠিত হয়।

শকদের বিরুদ্ধে যুদ্ধ

দ্বিতীয় চন্দ্রগুপ্ত

দ্বিতীয় চন্দ্রগুপ্তকে অনেকে কিংবদন্তীর 'বিক্রমাদিত্য' বলে মনে করেন। দ্বিতীয় চন্দ্রগুপ্তের কোন কোন মুদ্রায় 'বিক্রমাদিত্য' কথাটি লেখা আছে। কিংবদন্তীর

বিক্রমাদিত্যের উপাধি ছিল 'শকারি' ও তাঁর রাজসভায় নবরত্ন ছিলেন। যেহেতু

কিংবদন্তীর বিক্রমাদিত্য

দ্বিতীয় চন্দ্রগুপ্ত শক রাজাকে পরাস্ত করেছিলেন ও যেহেতু কবি কালিদাস তাঁর সময়ে জীবিত ছিলেন, এইজন্য অনেকে বলেন যে, তিনিই কিংবদন্তীর বিক্রমাদিত্য, যাঁর কথা বত্রিশ সিংহাসন গল্পে উল্লেখিত

হয়েছে। এই অনুমান সত্য নয় কারণ বিক্রমাদিত্যের রাজধানী ছিল উজ্জয়িনী ও

দ্বিতীয় চন্দ্রগুপ্তের পাটলিপুত্র। নবরত্নের সব পণ্ডিত দ্বিতীয় চন্দ্রগুপ্তের সময় জীবিত ছিলেন না ও দ্বিতীয় চন্দ্রগুপ্ত 'বিক্রম সম্বতও' প্রবর্তন করেন নি।

গুপ্তবংশের যে ক'জন শ্রেষ্ঠরাজা গুপ্ত সাম্রাজ্যের স্থাপন, বিস্তার ও সংগঠনের জন্য কাজ করেন, দ্বিতীয় চন্দ্রগুপ্ত তাদের অন্যতম। সমুদ্রগুপ্ত যদি সাম্রাজ্যের বিস্তার-কর্তা হন, তবে দ্বিতীয় চন্দ্রগুপ্ত হলেন সংগঠক। সেই দিক থেকে দ্বিতীয় চন্দ্রগুপ্ত সমুদ্রগুপ্তের পরিপূরক কাজ করেছেন।

কৃতিত্ব

দ্বিতীয় চন্দ্রগুপ্ত কেবল যুদ্ধজয় ও রাজ্যবিস্তারের জন্যই স্মরণীয় নন, একজন পরধর্মসহিষ্ণু ব্যক্তি ও সাহিত্য-সংস্কৃতির পৃষ্ঠপোষক হিসাবেও তিনি খ্যাতিলাভ করেছেন। দ্বিতীয় চন্দ্রগুপ্তের আমলেই গুপ্ত-সভ্যতার সূচনা হয়। অমর কবি কালিদাস ছিলেন তাঁর সভাকবি। কিংবদন্তীর নবরত্নের কয়েকজন বিদ্বান তাঁর রাজসভায় ছিলেন। গুপ্ত যুগের সাহিত্য, শিল্প, ভাস্কর্য সকল ক্ষেত্রে দ্বিতীয় চন্দ্রগুপ্তের অবদান নিশ্চয়ই ছিল। দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালে চীনা পর্যটক ফা-হিয়েন ভারত পরিভ্রমণে আসেন। ফা-হিয়েন তৎকালীন ভারতের চিত্র তাঁর বিবরণীতে তুলে ধরেছেন।

ফা-হিয়েনের বিবরণ (Fa-hien's Accounts) **:** বিখ্যাত বৌদ্ধ পণ্ডিত ফা-হিয়েন ৩৯৯ খ্রীঃ ভারতে এসে পৌছান। বৌদ্ধ তীর্থস্থান ভ্রমণ ও বৌদ্ধশাস্ত্র অধ্যয়ন ছিল তাঁর মুখ্য উদ্দেশ্য। "ফো-কুয়ো-কিং" নামক গ্রন্থে তিনি ভারত সম্পর্কে তাঁর নানা অভিজ্ঞতার কথা লিপিবদ্ধ করে যান। তাঁর বিবরণ অনুসারে দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজ্যসীমা ছিল—পশ্চিমে কাথিয়াবাড় থেকে পূর্বে বাংলাদেশ, উত্তরে হিমালয় থেকে দক্ষিণে নর্মদা নদী।

ফা-হিয়েন দীর্ঘ ছ'বছর ধরে গুপ্তরাজ্য ছাড়া আরও ত্রিশটি দেশ পরিভ্রমণ করেন। পাটলিপুত্র, নালন্দা ও অন্যান্য বৌদ্ধ কেন্দ্রগুলি তাঁকে বেশী আকৃষ্ট করেছিল। ফা-হিয়েন বলেছেন, ভারতবাসী অহিংসার প্রতি শ্রদ্ধাশীল ছিল। চণ্ডাল ছাড়া অন্য কেউ শিকার বা মাছের ব্যবসা করত না। ফা-হিয়েন দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজ্য শাসন-ব্যবস্থার ভূয়সী প্রশংসা করেছেন। সেই সময় দেশে চুরি-ডাকাতি ছিল না। দেশের মানুষ দরজা খোলা রেখেই ঘুমোত। তিনি ভারতীয়দের জাতিভেদ প্রথার উল্লেখ করেছেন। চণ্ডালরা সাধারণত শহরের বাইরে বাস করত এবং তারা ছিল অস্পৃশ্য।

সাধারণ মানুষের আর্থিক সচ্ছলতা ছিল। সমাজের ধনীব্যক্তিরা সাধারণ মানুষের মঙ্গলের জন্য দাতব্য চিকিৎসালয় ও অন্যান্য জনহিতকর প্রতিষ্ঠান স্থাপন করত। রাস্তার পাশে বিশ্রামাগার ও পান্থশালা ছিল। ফা-হিয়েন ভারতবর্ষকে শস্যশ্যামলা ও সম্পদশালী দেশ বলে বর্ণনা করেছেন।

ভারতে অবস্থানকালে ফা-হিয়েন অনেক নগরী পরিভ্রমণ করেছিলেন—যেমন, পাটলিপুত্র, কনৌজ, মথুরা, গয়া, শ্রাবস্তী প্রভৃতি। পাটলিপুত্রের মৌর্য রাজপ্রাসাদের ধ্বংসাবশেষ দেখে তিনি বিস্ময় প্রকাশ করেন—তাঁর মনে হয় ঐটি দানবের সৃষ্টি, কারণ এত বড় বিশাল প্রাসাদ নির্মাণ মানুষের অসাধ্য। পাটলিপুত্রের দাতব্য চিকিৎসালয়ে

ধনী-দরিদ্র নির্বিশেষে সকলেরই চিকিৎসার সুবন্দোবস্ত ছিল। ফা-হিয়েন বলেছেন, পাটলিপুত্র নগরে হীনযান ও মহাযান বৌদ্ধদের পৃথক 'বিহার' ছিল। মথুরা নগরীতে বৌদ্ধ ভিক্ষুদের কার্যাবলী তাঁকে মুগ্ধ করেছিল। গয়া ও শ্রাবস্তীকে তিনি 'জনমানবহীন নগরী' বলে বর্ণনা করেছেন।

ফা-হিয়েনের বিবরণীতে তাম্রলিপ্ত বন্দরের উল্লেখ আছে। ব্যবসা-বাণিজ্যের কেন্দ্র হিসাবে তাম্রলিপ্ত ছিল অন্যতম প্রধান কেন্দ্র। প্রতি বিহারে বহু ভিক্ষু বাস করতেন। পাঞ্জাব, বাংলা ও মথুরা অঞ্চলে বৌদ্ধধর্ম খুব জনপ্রিয় ছিল। ফা-হিয়েন প্রায় ১১ বছর ভারতবর্ষে কাটিয়ে তাম্রলিপ্ত বন্দর হয়ে সমুদ্রপথে চীনে ফিরে যান।

প্রথম কুমারগুপ্ত (Kumargupta I) : দ্বিতীয় চন্দ্রগুপ্তের পর ৪১৪ খ্রীষ্টাব্দে প্রথম কুমারগুপ্ত গুপ্ত সাম্রাজ্যের সিংহাসনে আসীন হন। তিনি "মহেন্দ্রাদিত্য" উপাধি নিয়েছিলেন। রাজ্যবিজেতা হিসাবে প্রথম কুমারগুপ্তের সাফল্যের কোনও পরিচয় পাওয়া যায় না। তবে তাঁর আমলে রাজ্যের বিস্তৃতি না ঘটলেও, তিনি গুপ্ত সাম্রাজ্যের সীমানা অক্ষুণ্ন রেখেছিলেন। তাঁর আমলের প্রচলিত মুদ্রা বিভিন্ন জায়গায় পাওয়া গেছে। সেই দেখে অনেকেই অনুমান করেন যে, ঐসব স্থান কুমারগুপ্তের অধীনস্থ ছিল। তাঁর রাজত্বের শেষদিকে নর্মদা নদীতীরের পুষ্যমিত্র নামে এক উপজাতি গুপ্তসাম্রাজ্য আক্রমণ করলে যুবরাজ স্কন্দগুপ্ত তাদের দমন করেন। ঐতিহাসিক রোমিলা থাপারের মতে, এই পুষ্যমিত্ররা হূনজাতি ছাড়া আর কেউ নন।

স্কন্দগুপ্ত (Skandagupta) : প্রথম কুমারগুপ্তের মৃত্যুর পর তাঁর জ্যেষ্ঠ পুত্র স্কন্দগুপ্ত ৪৫৫ খ্রীষ্টাব্দে গুপ্ত সিংহাসনে আরোহণ করেন। স্কন্দগুপ্তের রাজত্ব কালে উত্তর-পশ্চিম ভারত থেকে হূনজাতি গুপ্তসাম্রাজ্য আক্রমণ করে। হূনরা ছিল মধ্য-এশিয়াবাসী, নিষ্ঠুর ও রক্তপিপাসু। পঞ্চম শতাব্দীতে হূনরা অক্ষুনদী অতিক্রম করে ভারতে প্রবেশ করে। স্কন্দগুপ্ত অমিতবিক্রমে হূনদেরকে পরাজিত করে গুপ্তসাম্রাজ্যকে রক্ষা করেছিলেন। এইজন্য স্কন্দগুপ্তকে "ভারতের রক্ষাকর্তা" বলা হয়। স্কন্দগুপ্ত দক্ষিণ ভারতের বাকাটকদের আক্রমণও প্রতিহত করেছিলেন। তাঁর আমলে গুপ্তসাম্রাজ্যের সীমা প্রসারিত না হলেও, পূর্বসীমা অক্ষুণ্ণই ছিল। স্কন্দগুপ্ত ছিলেন গুপ্তবংশের শেষ শক্তিশালী সম্রাট। সীমা অক্ষুণ্ণ থাকলেও বৈদেশিক আক্রমণ ও ক্রমাগত যুদ্ধ প্রভৃতি কারণে গুপ্ত সাম্রাজ্যের প্রাণশক্তি শেষ হয়ে আসে।

হূন-আক্রমণ

৪৬৭ খ্রীষ্টাব্দে স্কন্দগুপ্তের মৃত্যুর পর পরবর্তী গুপ্ত সম্রাটরা আর যোগ্যতা দেখাতে পারেন নি। পুরুগুপ্ত, বুধগুপ্ত, নরসিংহগুপ্ত ও ভানুগুপ্ত প্রমুখ গুপ্তরাজগণ পরপর রাজত্ব করেন। এই সময় হূন-আক্রমণ পুনরায় দেখা দেয়। এই আক্রমণ প্রতিরোধ করতে গিয়ে গুপ্তসাম্রাজ্য দুর্বল হয়ে যায়; এবং প্রাদেশিক শাসনকর্তারা একাদিক্রমে স্বাধীনতা ঘোষণা করতে থাকেন।

গুপ্তদের পতন

(ii) গুপ্তসাম্রাজ্যের পতনের কারণ
(Causes of the Downfall of the Gupta Empire)

গুপ্তসাম্রাজ্য ছিল প্রাচীন ভারতের শেষ সর্বভারতীয় সাম্রাজ্য। ষষ্ঠ শতাব্দীর মাঝামাঝি এই সাম্রাজ্য ভেঙ্গে পড়ে। ইতিহাসের নিয়মে কোন সাম্রাজ্যই চিরকাল টিকে থাকে না। বিভিন্ন কারণের সমন্বয়ে গুপ্তসাম্রাজ্যেরও পতন ঘটেছিল।

শেষ গুপ্ত রাজাদের যোগ্যতার অভাব

গুপ্ত-শাসনব্যবস্থা ছিল রাজতান্ত্রিক ব্যবস্থা। এই ব্যবস্থায় রাজার দক্ষতা, চরিত্র ও যোগ্যতার উপর শাসন নির্ভর করে। প্রথম চন্দ্রগুপ্ত থেকে স্কন্দগুপ্ত পর্যন্ত রাজারা যোগ্যতার সঙ্গে রাজত্ব করে গুপ্তসাম্রাজ্যকে মহিমা দান করেছেন। পরবর্তী গুপ্ত-রাজারা আর যোগ্যতার সঙ্গে শাসন-ব্যবস্থা টিকিয়ে রাখতে পারেন নি। বুধগুপ্ত'র পর যোগ্য শাসকের অভাবে গুপ্তসাম্রাজ্য ভেঙ্গে পড়ে।

বিলাস ও অহিংস নীতি

দ্বিতীয় চন্দ্রগুপ্তের আমল থেকে অপরিমিত সম্পদের আমদানির ফলে গুপ্ত রাজ-সভায় বিলাস ও বৈভবের মাত্রা বাড়তে থাকে। উচ্চ অভিজাতশ্রেণী ও রাজ্যের কর্মচারীরা এই বিলাসবৈভবের প্রভাবে দক্ষতা হারায়। ডঃ হেমচন্দ্র রায়চৌধুরী'র মতে শেষদিকে গুপ্তরাজারা—যেমন তথাগত গুপ্ত, নরসিংহ গুপ্ত, বৌদ্ধধর্মের প্রভাবে অহিংস-নীতি গ্রহণ করেন। তাদের নিষ্ক্রিয় নীতিও গুপ্তসাম্রাজ্য ভেঙ্গে পড়ার অন্যতম কারণ।

সামন্ত প্রথার উদ্ভব

সাম্রাজ্যের বিভিন্ন প্রান্তে সামন্তরাজাদের উত্থানের ফলেও গুপ্তদের শক্তি অনেকটা হ্রাস পেয়েছিল। গুপ্তযুগেই ভূমিদানের ফলে সামন্তব্যবস্থার উদ্ভব হয়েছিল। গুপ্ত-সম্রাটরা কিছু পরিমাণে উদাসীন ও শিথিল হয়ে পড়লে সেই সুযোগে সামন্ত শাসকরা নিজ নিজ অঞ্চলে স্বাধীন হয়ে যায়। বাংলাদেশে, সমতটে, বিহার ও উত্তরপ্রদেশে মৌখরীরা, মালবে যশোধর্মন প্রভৃতি শক্তিশালী হয়ে উঠেন।

অর্থনৈতিক দৈন্য

খুব সম্ভবত অর্থনৈতিক কারণেও গুপ্ত সাম্রাজ্যের পতন হয়েছিল। একটি বড় ও সুশিক্ষিত সেনাবাহিনীর ভরণ-পোষণ করার সামর্থ্য আর গুপ্তরাজাদের ছিল না। ধর্ম ও শাসনের কারণে জমি দান করায় রাজস্বের পরিমাণ হ্রাস পায়। বিদেশী ব্যবসা ও বাণিজ্যের মন্দার ফলে আয় হ্রাস পেয়েছিল। ফা-হিয়েন বলেছেন, লোকে জিনিসপত্র কেনার জন্য কড়ি ব্যবহার করত। হূন আক্রমণে আভ্যন্তরীণ বাণিজ্যও বাধাপ্রাপ্ত হয়েছিল। এই অর্থনৈতিক বিপর্যয় গুপ্তসাম্রাজ্যের পতনের অন্যতম কারণ।

এই পরিস্থিতিতেই বিদেশী হূনদের আক্রমণ আরম্ভ হয়। স্কন্দগুপ্তের পর তাঁর বংশধররা হূন আক্রমণকারীদের সঙ্গে এঁটে উঠতে পারেন নি। অশ্বযুদ্ধে হূনরা গুপ্ত-যোদ্ধাদের চেয়ে অনেক উন্নত ছিল। ৪৮৫ খ্রীষ্টাব্দে হূনরা পূর্ব মালব ও মধ্য ভারতের এক বিস্তীর্ণ অঞ্চলে প্রভুত্ব স্থাপন করে। ক্রমে পাঞ্জাব এবং রাজস্থানও হূনদের অধিকারে

এসেছিল। মালবের রাজা যশোবর্ধন হুনদের বিতাড়িত করেন ও গুপ্তরাজাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন ও সফল হন। তিনি তাঁর উত্তর ভারত জয়কে স্মরণীয় করার জন্য ৫৩২ খ্রীষ্টাব্দে একটি স্তম্ভ নির্মাণ করান। তাঁর রাজত্ব স্থায়ী না হলেও গুপ্তসাম্রাজ্যের ভিত কাঁপিয়ে দিতে সক্ষম হয়েছিল।

হুন-আক্রমণ

গুপ্তযুগের সভ্যতা ও সংস্কৃতির বৈশিষ্ট্য
(Distinctive Features of the Gupta Culture)

সভ্যতা ও সংস্কৃতির দিক থেকে গুপ্তযুগকে 'প্রাচীন ভারতের স্বর্ণযুগ' আখ্যা দেওয়া হয়ে থাকে। ঐতিহাসিক বারনেট এই যুগকে গ্রীসের পেরিক্লিসের যুগের সঙ্গে তুলনা করেছেন। ঐতিহাসিক ভিন্‌সেণ্ট স্মিথ গুপ্তযুগকে ইংলণ্ডের এলিজাবেথের যুগের সদৃশ বলেছেন। জ্ঞান-বিজ্ঞান, শিল্প-সাহিত্য সর্বক্ষেত্রেই তখন যেন নতুন জীবনের জোয়ার উপস্থিত হয়েছিল।

সভ্যতা ও সংস্কৃতিতে উন্নত যুগ

গুপ্তযুগে ধর্মীয় সাহিত্য ও ধর্মনিরপেক্ষ সাহিত্য একই সঙ্গে বিকাশলাভ করে। ধর্মীয় সাহিত্যের ক্ষেত্রে, নারদ, বিষ্ণু, যাজ্ঞবল্ক্য, মনুসংহিতা প্রভৃতি স্মৃতিশাস্ত্র গুপ্তযুগেই সংকলিত হয়েছিল। বর্তমানকালে প্রচলিত হিন্দুধর্ম, আচার, নিত্যকর্ম, সমাজবিধান ইত্যাদি গুপ্তযুগেই প্রকাশিত হয়। রামায়ণ, মহাভারত ও অষ্টাদশ পুরাণকে যে আকারে আজ আমরা পাই, তা নির্ধারিত হয়েছিল গুপ্ত-রাজত্বকালে। পাণিনি'র কাল থেকে কালিদাসের সময় পর্যন্ত, সংস্কৃত ভাষার পূর্ণ বিকাশ ঘটেছিল।

ধর্মীয় সাহিত্য

ধর্মনিরপেক্ষ সাহিত্যসৃষ্টির বিচারে গুপ্তযুগ অসাধারণ 'বৈশিষ্ট্যপূর্ণ। ভাস তাঁর ১৩টি নাটক লিখেছিলেন এই যুগেই। তবে এই যুগের সবচেয়ে শ্রেষ্ঠ সাহিত্যিক হলেন কালিদাস। কালিদাসকে অনেকে দ্বিতীয় চন্দ্রগুপ্তের আমলের বলে মনে করেন। এই মহাকবির রচনাবলী গুপ্তযুগের সাহিত্যকে অমরত্ব দান করেছে। 'শকুন্তলা', 'মেঘদূত', 'রঘুবংশ', কুমারসম্ভব' প্রভৃতি অমর রচনায় কালিদাসের যে কবি-প্রতিভা প্রকাশিত হয়েছে, তা যুগ যুগ ধরে বন্দিত হয়েছে ও হবে। অনুপম নাটক "মৃচ্ছকটিক"-এর রচয়িতা শূদ্রক, "মুদ্রারাক্ষস"-এর প্রণেতা বিশাখদত্ত, বৌদ্ধ দার্শনিক ও সাহিত্যিক বসুবন্ধু, "এলাহাবাদ প্রশস্তির" রচয়িতা হরিষেণ প্রমুখ গুপ্ত-সাহিত্যের ক্ষেত্রে প্রচুর অবদান রেখে গিয়েছেন। হরিষেণ যাঁর সভাকবি ছিলেন, সেই সমুদ্রগুপ্ত নিজেকে "কবিরাজ" আখ্যা দিয়েছিলেন। বৌদ্ধ দর্শনের যে অভাবনীয় বিকাশ ঘটেছিল, তা অসঙ্গ, বসুবন্ধু, কুমারজীব ও দিঙনাগের মতো বৌদ্ধচার্যদের রচনা থেকে প্রমাণ পাওয়া যায়। এই যুগে দর্শনশাস্ত্র ছয়টি শাখা বা ষড়দর্শনে বিভক্ত হয়; যেমন—ন্যায়, বৈশেষিক, সাংখ্য, যোগ, মীমাংসা, বেদান্ত। এই যুগের অপর দার্শনিকদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন ঈশ্বরকৃষ্ণ তাঁর সাংখ্যকারিকা, পক্ষিল স্বামী তাঁর ন্যায়সূত্র, ও বসুবন্ধু তাঁর পরমার্থ সপ্ততি রচনার জন্য।

ধর্মনিরপেক্ষ সাহিত্য

স্থাপত্য ও ভাস্কর্যে অপরূপ অভিব্যক্তি গুপ্তযুগেই দেখা গিয়েছে। হিন্দু ও বৌদ্ধ উভয়ধর্মের মানসিকতা ও অনুভূতি সেই সময়ের শিল্পকর্মে প্রকাশিত হয়। গ্রীক ও কুষান প্রভাব থেকে মুক্ত হয়ে ভারতীয় প্রতিভার নিজস্ব ধারা গুপ্তযুগে দেখা যায়।

স্থাপত্য ও ভাস্কর্য

ভাগলপুরের কাছে সুলতানগঞ্জে দুই মিটার দীর্ঘ একটি বৌদ্ধ মূর্তি পাওয়া গেছে। গুপ্তযুগে বুদ্ধের অপরূপ কয়েকটি মূর্তি নির্মিত হয়েছিল সারনাথ ও মথুরায়। অজন্তার চিত্রকলাও বোধহয় এই যুগের বৌদ্ধ-শিল্পরীতির সর্বোত্তম নিদর্শন। এইগুলির অধিকাংশই গুপ্তযুগের কীর্তি। চিত্রে গৌতমবুদ্ধ ও বুদ্ধদেবের পরবর্তী জীবনের বহু ঘটনা অঙ্কিত হয়েছে, যা জীবন্ত ও স্বাভাবিক। এইসব চিত্রের রং আজও মলিন হয়নি। উত্তরপ্রদেশের ইটের তৈরী কয়েকটি মন্দির ও একটি পাথরের মন্দির এই যুগের স্থাপত্য-শিল্পের সর্বশ্রেষ্ঠ নিদর্শন। কানপুরের ভিতরগাঁও, গাজীপুরের ভিতারি ও ঝাঁসীর দেওগড়ের ইটের মন্দিরও বিশেষ উল্লেখযোগ্য।

গুহাচিত্র

জ্ঞান-বিজ্ঞানের বিচারে গুপ্তযুগের উৎকর্ষ উল্লেখযোগ্য। ভারতীয় ও গ্রীক পণ্ডিতদের ভাবের আদান-প্রদানের ফল দেখা যায় ভূগোলে, গণিতে ও জ্যোতির্বিদ্যায়। গর্গ, আর্যভট্ট, বরাহমিহির, ও ব্রহ্মগুপ্তের নাম এই উপলক্ষে স্মরণীয়। গণিতের উপর ভিত্তি করে আর্যভট্ট গ্রহ-নক্ষত্রের অবস্থিতি সম্পর্কে নির্ভুল সিদ্ধান্ত করেন। পৃথিবী যে নিজ কক্ষপথে ঘুরছে একথা তিনি জানতে পেরেছিলেন। বরাহমিহির ৫টি প্রাচীন সিদ্ধান্ত সংকলন করেন, যার মধ্যে শুধু সূর্যসিদ্ধান্তটিই পাওয়া গেছে।

জ্ঞান ও বিজ্ঞান

ব্রহ্মগুপ্ত পৃথিবীর মাধ্যাকর্ষণ-বিধি সম্পর্কে ধারণা করতে পেরেছিলেন। কালিদাসকে নিয়ে গুপ্তযুগে যে 'নবরত্নের' কথার উল্লেখ আছে, তার মধ্যে ছিলেন চিকিৎসক ধন্বন্তরি। ধাতুশিল্পের উন্নতির পরিচয় পাওয়া যায় দিল্লীর মেহরৌলিতে আবিষ্কৃত লোহ স্তম্ভ। এই স্তম্ভটি ১৫ শতাব্দী পেরিয়ে এসেছে, আজ পর্যন্ত মরচে পড়েনি। রসায়নশাস্ত্রে নাগার্জুনের মতো প্রতিভার সাক্ষাৎ গুপ্তযুগেই পাওয়া গেছে। এ ছাড়া বৈজ্ঞানিক অভিধান-রচয়িতা অমরসিংহ, চিকিৎসাবিজ্ঞানখ্যাত বানভট্ট ছিলেন গুপ্তযুগের মানুষ। ভারতীয় চিকিৎসকরা সেই যুগে ভেষজবিদ্যা ও শল্যবিদ্যায় দক্ষতা দেখান। তৎকালে ভারতীয় ভেষজবিজ্ঞান প্রাচ্য ও গ্রীসে সমাদর লাভ করে।

জ্ঞান-বিজ্ঞান ও সংস্কৃতির বিকাশের জন্য গুপ্তযুগকে পৃথিবীর যে-কোনও উন্নত যুগের সঙ্গে তুলনা করা যায়। তবে গুপ্তযুগকে "সুবর্ণযুগ" বলা যায় কিনা এই বিষয়

নিয়ে ঐতিহাসিকদের মধ্যে বিতর্ক আছে। গুপ্তরাজাদের রাজনৈতিক ও সাংস্কৃতিক সাফল্যের কথা সবাই স্বীকার করেন। কিন্তু যে সর্ববিধ উন্নতির ফলে একটি যুগকে 'স্বর্ণযুগ' বলা হয়, অন্তত অর্থনৈতিক ও সামাজিক দিক থেকে গুপ্তযুগ সেই পর্যায়ে পৌঁছতে পারে নি বলে আধুনিক ঐতিহাসিকরা মনে করেন। অর্থনৈতিক অবনতির সূচনা হয় গুপ্তযুগের মাঝামাঝি সময় থেকে। সামাজিক দিক থেকেও গুপ্তযুগেই নারীর মর্যাদার অবনতি ঘটে। এই সময় বাল্যবিবাহ ও সতীদাহ প্রথার সূচনা হয়। গুপ্তযুগেই অস্পৃশ্যতার ব্যাধি সমাজে সুপ্রতিষ্ঠিত হয়। পণ্ডিত ম্যাক্সমূলার গুপ্তযুগকে "হিন্দু রেঁনেসাস"-এর যুগ বলেছেন। এই মন্তব্যও অনেকে স্বীকার করেন না। তাঁদের যুক্তি হল ভারতে জৈন ও বৌদ্ধ ধর্মের জনপ্রিয়তার যুগেও হিন্দুধর্মের ধারায় কোনও ব্যাঘাত ঘটে নি। সুতরাং, পুনর্জন্মের প্রশ্নই উঠে না। বরং বলা যায়, রাজাদের পৃষ্ঠপোষকতায় হিন্দুধর্মে নবজাগরণ ঘটেছিল। হিন্দুধর্ম নতুন উদ্যম ও শক্তি লাভ করেছিল গুপ্তযুগেই।

'স্বর্ণ যুগ' বলা যায় কি ?

হিন্দু রেঁনেসাস কিনা ?

———

৬

আধিপত্যের জন্য সংগ্রাম
(Struggle for Domination)

[ক] উত্তর ভারত (North India)

(i) **হূন-আক্রমণ (Huna' Invasion) :** শেষ গুপ্তরাজাদের আমলে হূন-আক্রমণের আঘাতে গুপ্ত সাম্রাজ্য হীনবল হয়ে পড়ে। বুধগুপ্তের মৃত্যুর পর পাঞ্জাব এবং মালবের একটা বড় অংশ হূনদের অধিকারে চলে যায়। সংস্কৃত সাহিত্যে ও শিলালিপিতে হূনদের উল্লেখ পাওয়া যায় খ্রীষ্টপূর্ব দ্বিতীয় শতাব্দীতে। অনুমান করা হয় যে, সেইসময় তারা চীনের উত্তর-পশ্চিমের ইউ-চি জাতিকে বিতাড়িত করেছিল। ক্রমে যাযাবর হূনজাতি তৃণভূমি ও বাসস্থানের সন্ধানে দুটি দলে বিভক্ত হয়ে পড়ে।

হূনদের আক্রমণ

খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীর গোড়াতে তাদের একটি দল রোম-সাম্রাজ্য অভিমুখে চলে যায়। অপর দলটি 'শ্বেতহূন' নামে অক্ষুনদীর দিকে এগিয়ে যায় ও ক্রমে আফগানিস্তানের মধ্য দিয়ে ভারতে প্রবেশ করে। ভারতে এসে হূনরা গুপ্তসাম্রাজ্য আক্রমণ করেছিল। গুপ্তসম্রাট প্রথম স্কন্দগুপ্ত কৃতিত্বের সঙ্গে হূন-আক্রমণ প্রতিহত করেছিলেন (৪৫৫ খ্রীষ্টাব্দ)।

গুপ্তসাম্রাজ্যের পতনের যুগে সাম্রাজ্যের বিভিন্ন অংশে সামন্তরা শক্তিশালী হয়ে উঠেন। মালবে যশোধর্মন নামে এক সামন্ত এই সময় নিজের শক্তি বাড়ান। আনুমানিক ৫৩০ খ্রীষ্টাব্দে যশোধর্মন যুদ্ধে হূনদের চরম পরাজয় ঘটান। মান্দাসোর শিলালিপিতে 'সম্রাট' যশোধর্মনের বর্ণনা আছে। তিনি শক্তিশালী রাজাদের পরাস্ত করেন এবং চির উদ্ধত হূনরাজ মিহিরকুলের মস্তক অবনত করতে বাধ্য করেন।

যশোধর্মন

তিনি গৌড় ও উড়িষ্যা হয়ে পূর্বঘাট পর্বত পর্যন্ত রাজ্য জয় করেন। বলা হয় তাঁর রাজ্য বিস্তৃত হয়েছিল ব্রহ্মপুত্র থেকে পশ্চিম সাগর এবং হিমালয় থেকে পূর্বঘাট পর্বত পর্যন্ত। এই বিশাল রাজ্যের অধীশ্বর হওয়া অবিশ্বাস্য বলে মনে করা হয়। কারও মতে যশোধর্মন ছিলেন উজ্জয়িনীর 'শকারি' বিক্রমাদিত্য—এই মতও গ্রহণযোগ্য নয়। কারণ, যশোধর্মন যুদ্ধ করেছিলেন হূনদের বিরুদ্ধে, শকদের বিরুদ্ধে নয়। উজ্জয়িনী নয়, মান্দাসোর ছিল তাঁর কর্মকেন্দ্র। যশোধর্মনের সাফল্য তাঁর মৃত্যুর সঙ্গে সঙ্গে শেষ হয়ে যায়। তাঁর বংশধরদের সম্পর্কে প্রায় কিছুই জানা যায় না।

(ii) **শশাঙ্কের অধীনে গৌড়ের উত্থান** (Rise of Gauda under Sasanka) : গুপ্ত শাসনের অবসানের পর গৌড়রাজ্যে শশাঙ্কের শাসনকাল বাংলার ইতিহাসে এক উল্লেখযোগ্য অধ্যায়। গুপ্তরাজাদের পতনের পর প্রাদেশিক শাসকরা স্বাধীনতা ঘোষণা করলেও সাম্রাজ্যের মাধ্যমে ভারতে রাজনৈতিক ঐক্য স্থাপনের

প্রয়াস চলতে থাকে। পূর্ব ভারতে গৌড়রাজ শশাঙ্ক এই আদর্শকে বাস্তবে রূপ দেওয়ার চেষ্টা করেন। গৌড় বলতে বোঝাত উত্তরবঙ্গ ও আংশিকভাবে পশ্চিমবঙ্গকে। ঐতিহাসিক ব্যক্তিত্ব হিসাবে শশাঙ্ককে সর্বপ্রথম বাংলাদেশের সার্বভৌম নরপতি বলা যায়। তিনি হয়তো প্রথম জীবনে গুপ্ত রাজার সামন্ত ছিলেন, পরে ৬০৬ খ্রীষ্টাব্দের পূর্বে গৌড়ে এক স্বাধীন রাজ্য স্থাপন করেন। ডঃ রমেশচন্দ্র মজুমদার বলেছেন যে, শশাঙ্ক ছিলেন প্রথম বাঙালী রাজা যিনি বাংলার বাইরে রাজত্ববিস্তার করেন।

শশাঙ্কের পূর্ব পরিচয়

শশাঙ্কের পূর্বপরিচয় বিশেষ কিছু জানা যায় না। অনুমান করা হয় শশাঙ্ক গুপ্তরাজা মহাসেন গুপ্তের অধীনে মহাসামন্ত ছিলেন। ৬০৬ খ্রীষ্টাব্দে মহাসেন গুপ্ত'র অধীনতা থেকে মুক্ত হয়ে তিনি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করেন। তাঁর রাজধানী ছিল কর্ণসুবর্ণ। স্বাধীনতা ঘোষণা করেই শশাঙ্ক রাজ্যবিস্তারে মনোযোগী হন। শশাঙ্ক দক্ষিণে দণ্ডভুক্তি (মেদিনীপুর জেলা), উৎকল, গঞ্জাম জেলায় অবস্থিত কঙ্গোদ জয় করেন। উৎকল ও দণ্ডভুক্তি তাঁর রাজ্যভুক্ত ছিল। পশ্চিমে মগধও পরে শশাঙ্কের রাজ্যের অন্তর্ভুক্ত হয়। গৌড়ের সীমানায় অবস্থিত থাকায় কামরূপ রাজ্যের সঙ্গে তার বিরোধ দেখা দেয়। দুটি তাম্রশাসন থেকে জানা যায় কামরূপ রাজা সুস্থিতবর্মনের মৃত্যুর পর তাঁর দুই পুত্র সুপ্রতিষ্ঠবর্মন ও ভাস্করবর্মন গৌড়ের সেনাবাহিনীর কাছে পরাজিত ও বন্দী হন। কিন্তু কিছুকাল পরে মুক্তিও পান। অনেকে মনে করেন শশাঙ্কই এই বিজয়ী গৌড়রাজা।

রাজ্যবিস্তার

এরপর শশাঙ্ক তাঁর রাজ্যের পশ্চিম দিকে নজর দেন। গৌড়ের সীমানা মগধ পর্যন্ত বিস্তার লাভ করলে কনৌজের মৌখরীরা ঈর্ষা বোধ করেন। কামরূপরাজ ভাস্করবর্মনও শশাঙ্কের ভয়ে থানেশ্বররাজ্যের সঙ্গে মিত্রতা করেন। শশাঙ্ক এই দুই মিত্র-শক্তির বিরুদ্ধে সাহায্যদানের জন্য মালবরাজ দেবগুপ্তের সঙ্গে সন্ধি করেন। শশাঙ্কের কাছে থানেশ্বর-অধিপতি রাজ্যবর্ধন পরাজিত ও নিহত হন।

কনৌজের মৌখরীদের সঙ্গে যুদ্ধ

রাজ্যবর্ধনের মৃত্যুর পর তাঁর কনিষ্ঠভাই হর্ষবর্ধন থানেশ্বরের সিংহাসনে বসেন। হর্ষবর্ধন ভগিনী রাজ্যশ্রী ও কনৌজ রাজ্যকে শত্রুর হাত থেকে উদ্ধারের জন্য শশাঙ্কের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। পূর্বদিক থেকে শশাঙ্ককে আক্রমণের জন্য হর্ষ কামরূপরাজ ভাস্করবর্মনের সঙ্গে মিত্রতা করেন। শশাঙ্কের জীবদ্দশায় হর্ষ তাঁকে পরাজিত করতে পারেন নি বলেই ঐতিহাসিকরা মনে করেন। হিউয়েন-সাঙ বলেছেন, ৬৩৭ খ্রীষ্টাব্দে তিনি মগধে উপস্থিত হওয়ার কিছুদিন পূর্বেই শশাঙ্ক বোধিবৃক্ষটি কেটে ফেলেছিলেন। ঐতিহাসিক ভিন্‌সেণ্ট স্মিথও বলেছেন যে, শশাঙ্ক তাঁর জীবিতকালে তাঁর রাজত্ব অক্ষুণ্ণ রেখেছিলেন। অনুমান করা হয় ৬৩৭ খ্রীষ্টাব্দে শশাঙ্কের মৃত্যু হয়।

হর্ষর সঙ্গে যুদ্ধ

(iii) **হর্ষবর্ধন** (Harshavardhan) **:** ৬০৬ খ্রীষ্টাব্দে হর্ষবর্ধন সিংহাসনে আরোহণ করলে উত্তর ভারতের ইতিহাসে রাজনৈতিক ঐক্য প্রতিষ্ঠার পুনরায়

প্রয়াস দেখা যায়। তাঁর রাজত্বকালে কনৌজকে কেন্দ্র করে এক শক্তিশালী রাজ্য প্রতিষ্ঠার চেষ্টা হয়। ডঃ হেমচন্দ্র রায়চৌধুরীর মতে, এককালে রোম ও ব্যাবিলনের মত কনৌজ ভারতের সার্বভৌমত্বের প্রতীক হয়ে উঠে। হর্ষ ছিলেন থানেশ্বরের অধিপতি। ভগিনীপতি গ্রহবর্মার মৃত্যুতে কনৌজের সিংহাসন শূন্য হয় ও কনৌজের সভাসদ্‌দের অনুরোধে তিনি কনৌজের সিংহাসনে নিজেকে প্রতিষ্ঠিত করেন। গ্রহবর্মার কনিষ্ঠ ভাই অবন্তীবর্মার দাবি অগ্রাহ্য হয়। ৬১২ খ্রীষ্টাব্দের মধ্যে কনৌজের উপর আধিপত্য প্রতিষ্ঠিত হলে হর্ষবর্ধন "মহারাজা" উপাধি গ্রহণ করেন।

কনৌজের গুরুত্ব বৃদ্ধি

হর্ষবর্ধন

বাণভট্ট-রচিত 'হর্ষচরিতে' আছে সিংহাসনে আরোহণের পরেই হর্ষবর্ধন গৌড়রাজকে পৃথিবীর বুক থেকে নিশ্চিহ্ন করার প্রতিজ্ঞা করেন। শশাঙ্কের বিরুদ্ধে যুদ্ধে অগ্রসর হয়ে তিনি জানতে পারেন যে, তাঁর ভগিনী রাজ্যশ্রী কারাগার থেকে মুক্ত হয়ে বিন্ধ্যপর্বতে আশ্রয় নিয়েছেন। মন্ত্রী ভণ্ডি'র হাতে কনৌজের শাসনভার সাময়িক-কালের জন্য দিয়ে হর্ষবর্ধন রাজ্যশ্রীর সন্ধানে বিন্ধ্যপর্বত অভিমুখে অগ্রসর হন। আদিম জাতিগুলির সাহায্যে রাজ্যশ্রীকে উদ্ধার করে তিনি কনৌজে ফিরিয়ে আনেন। শশাঙ্কের বিরুদ্ধে হর্ষ'র সাফল্যের কোন প্রমাণ পাওয়া যায় না। হিউয়েন-সাঙ-এর বিবরণ অনুসারে বোঝা যায় হর্ষবর্ধন শশাঙ্ককে পরাজিত করতে পারেন নি। অনুমান করা হয়, শশাঙ্কের মৃত্যুর পর তিনি কর্ণসুবর্ণ দখল করেন। অনেকে বলেন ভাস্করবর্মনকে বাংলার কিছু অংশ তিনি দিয়েছিলেন। এই সময় হর্ষবর্ধন মগধ দখলের পর অভিযান চালিয়ে দক্ষিণে কঙ্গোদ (বর্তমান গঞ্জাম জেলা) পর্যন্ত রাজ্যবিস্তার করেন।

শশাঙ্কের বিরুদ্ধে যুদ্ধ

হিউয়েন-সাঙ-এর বিবরণে হর্ষবর্ধন সম্বন্ধে ছ'বছর নিরন্তর যুদ্ধের ফলে "পঞ্চভারত" জয়ের কথা উল্লেখ করা হয়েছে। শশাঙ্কের বিরুদ্ধে অভিযানের পরই সৌরাষ্ট্রের বলভীর মৈত্রক রাজবংশের সঙ্গে হর্ষর যুদ্ধ হয়। সাময়িকভাবে তিনি বলভীরাজ্যও নাকি অধিকার করেছিলেন। কিন্তু বলভীরাজ ধ্রুবসেন গুর্জররাজ দ্বিতীয় দদ্দ'র সাহায্যে তাঁর রাজ্য পুনরুদ্ধার করেন ও ধ্রুবসেনের সঙ্গে হর্ষের কন্যার বিবাহ হয়। মৈত্রক বংশ যে স্বাধীনভাবে রাজত্ব করছিল তা তাদের শিলালিপি ও হিউয়েন-সাঙ-এর বিবরণ থেকে জানা যায়। হর্ষচরিতে হর্ষবর্ধনের সিন্ধুদেশ জয়ের কথা উল্লেখ করা হয়েছে। কিন্তু হিউয়েন-সাঙ তাঁর বিবরণীতে বলেছেন যে, তিনি দেখেছিলেন সিন্ধুদেশ এক স্বাধীন রাজ্য। সুতরাং মনে হয় হর্ষ সিন্ধুর বিরুদ্ধে

রাজ্যজয়

সাময়িক সাফল্যলাভ করেছিলেন মাত্র। কাশ্মীর সম্পর্কে বলা হয় 'তুষারশৈল' দেশে অভিযান পাঠিয়ে তিনি সেখান থেকে কর আদায় করেন। কিন্তু কখন এই অভিযান হয় তা জানা যায় না।

উত্তর ভারতে তাঁর আধিপত্য স্থাপন করে হর্ষবর্ধন দক্ষিণ ভারতের দিকে অগ্রসর হন। হর্ষর সমসাময়িক দাক্ষিণাত্যে শক্তিশালী শাসক ছিলেন চালুক্যরাজা দ্বিতীয় পুলকেশী। নর্মদা নদীতীরে দুই শক্তিশালী নৃপতির মধ্যে যুদ্ধে হর্ষ পরাজিত হন। ঐতিহাসিক ভিন্‌সেন্ট স্মিথ নর্মদা নদীকে হর্ষর দক্ষিণ সীমান্ত বলেছেন। দ্বিতীয় পুলকেশীর আইহোল লিপিতে মালব, গুর্জর ও লাটদের উপর তাঁর আধিপত্যের কথা বলা হয়েছে। এর ফলে হর্ষর দক্ষিণ-ভারত জয়ের আশা ব্যর্থ হয়।

দ্বিতীয় পুলকেশীর বিরুদ্ধে যুদ্ধ

আইহোল শিলালিপিতে হর্ষকে 'উত্তরপথনাথ' বলা হয়েছে। ঐতিহাসিক ডঃ কে. এম. পাণিক্কর প্রমুখ হর্ষকে 'সকলোত্তরপথনাথ' বা সমগ্র উত্তর ভারতের অধিপতি বলেছেন। ডঃ রমেশচন্দ্র মজুমদার এই মত স্বীকার করেন না। তিনি নানা তথ্যের সাহায্যে এই মতকে খণ্ডন করেছেন। তাঁর মতে হর্ষর রাজত্ব ছিল পূর্ব পাঞ্জাব, উত্তরপ্রদেশ, মগধ, পশ্চিমবঙ্গ, উড়িষ্যা ও গঞ্জাম জেলাকে নিয়ে। সমগ্র উত্তর ভারত নিয়ে এই রাজ্য ছিল না।

উত্তরপথনাথ

হর্ষবর্ধন শুধু সমরবিজেতাই ছিলেন না, তিনি ছিলেন সুশাসক, বিদ্যানুরাগী ও বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষক। তিনি নিজে রচনা করেন 'নাগানন্দ', 'রত্নাবলী' ও 'প্রিয়দর্শিকা' নামে তিনটি নাটক। হর্ষর সভাকবি ছিলেন বাণভট্ট—তাঁর রচিত "কাদম্বরী" ও "হর্ষচরিত" যুগোত্তীর্ণ সাহিত্য। বৌদ্ধধর্মের অনুরাগী হলেও হর্ষবর্ধনও অন্যান্য ধর্মের প্রতি সহনশীল ছিলেন। তিনি প্রয়াগে প্রতি ৫ বছর অন্তর একটি 'দানমেলা' অনুষ্ঠান করতেন, —যা "মহামোক্ষ পরিষদ্" নামে পরিচিত ছিল ও ৭৫ দিন ধরে এই মেলা চলত। ৬৪৭ খ্রীষ্টাব্দে হর্ষবর্ধনের জীবনাবসান হয়।

কীর্তি

হিউয়েন-সাঙয়ের বিবরণ (Account of Huan-Tsang): চীনা পরিব্রাজক হিউয়েন-সাঙ হর্ষবর্ধনের রাজত্বকালে ভারতবর্ষে আসেন। তাঁর "সি-ইউ-কি" অর্থাৎ পশ্চিম জগতের বিবরণ নামে পুস্তকে ভারত সম্পর্কে নানা তথ্য জানা যায়। বৌদ্ধধর্ম সম্পর্কে মূল গ্রন্থগুলি অধ্যয়নের জন্য ৬২৯ খ্রীষ্টাব্দে তিনি চীন থেকে ভারত অভিমুখে রওনা হন। ভারতবর্ষের আন্তরিক আতিথেয়তা তাঁকে মুগ্ধ করে। কাশ্মীরে তিনি সম্মান পান ও সংস্কৃত ও দর্শন পাঠের সব সুযোগও পান। নালন্দা বিশ্ববিদ্যালয়ে তাঁকে দু'শ ভিক্ষু অভ্যর্থনা জানান। সেখানে তিনি ৫ বছর কাটান। প্রায় ১৪ বছর নানা স্থান পরিভ্রমণের পর তিনি (৬৩০-৬৪৪ খ্রীঃ) দেশে ফেরেন।

ভারতে আগমন

হিউয়েন-সাঙ দেখেন তখন ভারতবর্ষে ব্রাহ্মণ্যধর্মই প্রধান ও সংস্কৃতভাষা সবচেয়ে প্রচলিত ভাষা। 'মধ্যদেশ' সম্পর্কে তিনি উচ্ছ্বসিত প্রশংসা করেছেন। কাশ্মীর,

জলন্ধর, কনৌজ, বৈশালী ও বুদ্ধগয়ায় তিনি অনেক বৌদ্ধ ভিক্ষু ও পণ্ডিতদের দেখেন। তিনি প্রায় ১৩৮টি ভারতীয় রাজ্যের নাম করেছেন—যার মধ্যে বড় ছিল হর্ষবর্ধনের ও দ্বিতীয় পুলকেশীর রাজত্ব। হর্ষের রাজত্বের অনেক বর্ণনা তিনি দিয়েছেন।

হিউয়েন-সাঙ বলেছেন, বিদ্বানদের উৎসাহ দেওয়ার জন্য জমি দান করার রীতি ছিল। কৃষিকাজের অবস্থা ভাল ছিল, ধান, গম প্রভৃতি উৎপন্ন হত ও নানা রকম ফলের উল্লেখও করেছেন। পথঘাট নিরাপদ ছিল না, চোর-ডাকাতের উপদ্রবের কথা তিনি বলেছেন। দণ্ডবিধিও গুপ্তযুগের তুলনায় কঠোর ছিল। দেশের সাধারণ মানুষ শান্তিপ্রিয় ও নীতিপরায়ণ বলে হিউয়েন-সাঙ-এর মনে হয়েছে। ব্যবসা-বাণিজ্য তখন বেশ উন্নত ছিল; গুজরাট প্রভৃতি অঞ্চল থেকে সমুদ্রপথে পশ্চিম জগতের সঙ্গে বাণিজ্য চলত। তাম্রলিপ্ত ছিল প্রধান বন্দর।

হিউয়েন-সাঙ্

হিউয়েন-সাঙ বলেছেন, কাশ্মীর, কনৌজ, বৌদ্ধগয়া প্রভৃতি স্থানে বহু মঠ ও বৌদ্ধ বিহার ছিল। কাশী বা বারাণসী ছিল হিন্দুদের প্রধান তীর্থ। হিউয়েন-সাঙ-এর সম্মানে হর্ষ কনৌজে এক বৌদ্ধ সম্মেলন ডাকলেন, সেখানে তিনি মহাযান বৌদ্ধমত ব্যাখ্যা করেন। প্রয়াগে হর্ষ 'মহামোক্ষ পরিষদ' নামে এক পঞ্চবার্ষিকী মেলা'র অনুষ্ঠান করতেন, যেখানে তিনি রাজকোষে সঞ্চিত সব অর্থ দান করতেন। এই মেলায় তিন দিনে বুদ্ধ, সূর্য ও শিবের মূর্তির শোভাযাত্রা হত। শেষদিনে হর্ষ তাঁর পরিধানের বস্ত্রটিও দান করতেন।

নালন্দা বিশ্ববিদ্যালয়

হিউয়েন-সাঙ-এর বিবরণ থেকে নালন্দা বিশ্ববিদ্যালয় সম্পর্কে অমূল্য তথ্য পাওয়া যায়। দেশবিদেশের প্রায় দশ হাজার ছাত্র এই বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করত। বহু প্রসিদ্ধ বৌদ্ধ আচার্য এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষা দিতেন এবং তাঁদের পাণ্ডিত্যের খ্যাতি দেশ বিদেশে ছড়িয়ে পড়েছিল। ছাত্রদের ভরণপোষণের ভার নিয়েছিলেন ছ'জন রাজা ও অন্যান্য ধনী ব্যক্তিরা।

(iv) **প্রতিহার ও পাল সাম্রাজ্যের উত্থান ও প্রতিহার-পাল-রাষ্ট্রকূট সংঘর্ষ :** (Rise of Pratihara and Pala Empires and Struggle between Pratihara, Pala and Rastrakutas) : হর্ষবর্ধনের মৃত্যুর পর যশোবর্মন নামে একজন যশস্বী রাজা কিছুদিন কনৌজ শাসন করেন। যশোবর্মনের পর প্রতিহার রাজবংশের অধীনে কনৌজের গৌরব কিছুদিনের জন্য বজায় থাকে। প্রতিহাররা ছিলেন রাজপুতানার গুর্জরদের শাখা ও রাজপুতানার একটি অঞ্চলে তাঁরা শাসন করতেন। ক্রমে প্রতিহারবংশ তাঁদের রাজ্যের বিস্তার ঘটিয়ে মধ্যভারতের

উজ্জয়িনী ও উত্তরপ্রদেশের কনৌজ দখল করে। হর্ষবর্ধনের সময় থেকে কনৌজ উত্তর ভারতের সার্বভৌমত্বের প্রতীক হয়ে উঠেছিল। প্রতিহারদের সমকালে বাংলাদেশের পালবংশ ও দক্ষিণ ভারতের রাষ্ট্রকূট বংশ শক্তিশালী হয়ে উঠে। প্রতিহাররা পূর্বদিকে রাজ্যবিস্তার করলে, পশ্চিমদিকে বিস্তারশীল পালদের সঙ্গে তাদের যুদ্ধ অনিবার্য হয়ে উঠে। এই দ্বন্দ্বে দক্ষিণের রাষ্ট্রকূটবংশ জড়িয়ে পড়লে কনৌজকে কেন্দ্র করে ত্রি-পাক্ষিক লড়াই শুরু হয়।

ত্রি-পাক্ষিক দ্বন্দ্ব

প্রতিহাররাজ বৎসরাজ পালরাজা ধর্মপালকে পরাজিত করে কনৌজে তাঁর আশ্রিত ইন্দ্রায়ুধকে বসান। তাঁর এই ক্ষমতাবৃদ্ধিতে শঙ্কিত হয়ে রাষ্ট্রকূটরাজ ধ্রুব দক্ষিণ থেকে এসে বৎসরাজকে পরাজিত করেন। তিনি ধর্মপালকেও পরাজিত করেন।

বৎসরাজ

বৎসরাজের পুত্র দ্বিতীয় নাগভট্ট তাঁর পিতার নীতি অনুসরণ করে কনৌজ আক্রমণ করে ধর্মপালের আশ্রিত চক্রায়ুধকে বিতাড়িত করে কনৌজ দখল করেন। কিন্তু পুনরায় দক্ষিণ থেকে রাষ্ট্রকূটরাজ তৃতীয় গোবিন্দ উত্তর ভারতে এসে নাগভট্টকে পরাজিত করেন। ধর্মপাল ও চক্রায়ুধ তৃতীয় গোবিন্দের বশ্যতা স্বীকার করেন। কিন্তু তৃতীয় গোবিন্দ দক্ষিণ ভারতে ফিরে গেলেই কনৌজ পুনরায় প্রতিহারদের অধিকারভুক্ত হয়। প্রতিহার বংশের শ্রেষ্ঠ রাজা মিহিরভোজের আমলে কনৌজ ছিল প্রতিহারদের রাজধানী। তিনি দেবপালকে পরাজিত করেছিলেন ও রাষ্ট্রকূট রাজা দ্বিতীয় কৃষ্ণকে পরাজিত করে মালব ও গুজরাট দখল করেন। পরবর্তী প্রতিহাররাজ মহেন্দ্রপালও বংশগত প্রতিদ্বন্দ্বিতার নীতি অনুসরণ করেন। পাল রাজাদের দুর্বলতার সুযোগে তিনি মগধ ও গৌড় দখল করেন। ৯১২ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যুর পর প্রতিহার রাজ্য পতনের দিকে ধাবিত হয় এবং কনৌজের গৌরবও অস্তমিত হয়।

দ্বিতীয় নাগভট্ট

মিহিরভোজ

ত্রি-পাক্ষিক যুদ্ধের ফলে তিনটি রাজ্যেরই আর্থিক অবস্থা বিপর্যস্ত হয়ে যায়। রাজ-শাসনে দেখা দেয় শিথিলতা। সামন্তরা সুযোগ বুঝে তাদের ক্ষমতা বৃদ্ধি করে নেয়। কেন্দ্র-শক্তি যুদ্ধে ব্যস্ত থাকায় সামন্তদের ক্ষমতা খর্ব করতে পারেনি। রাজনৈতিক ঐক্যের আদর্শ সামন্ত রাজাদের পছন্দ ছিল না। সামন্ত রাজাদের বিদ্রোহ এই তিনটি রাজ্যকে দুর্বল করে তোলে।

(v) **পালবংশ** (Pala Dynasty) **:** আনুমানিক ৬৩৭ খ্রীষ্টাব্দে শশাঙ্কের মৃত্যুর পর প্রায় ১০০ বছর ধরে বাংলাদেশে প্রচণ্ড অরাজকতা চলে। রাজনৈতিক ঐক্য বিনষ্ট হয়ে ভদ্র, খড়্গবংশ ইত্যাদি ছোট ছোট বংশ রাজত্ব প্রতিষ্ঠা করে। বৌদ্ধ পণ্ডিত তারানাথ বলেছেন, "সমগ্র দেশে কোন রাজা ছিল না, প্রত্যেক ক্ষত্রিয়, সম্ভ্রান্ত ব্যক্তি, ব্রাহ্মণ, বণিক প্রভৃতি ছোট ছোট ভূখণ্ডে স্বাধীনভাবে শাসনকাজ পরিচালনা করত। ফলে সাধারণ মানুষের

শশাঙ্কের মৃত্যুর পর বাংলা

দুঃখদুর্দশায় অন্ত ছিল না।” দুর্বলের উপর প্রবলের এই অত্যাচার পণ্ডিতরা ‘মাৎস্যন্যায়’ বলে উল্লেখ করেছেন—অর্থাৎ যেমন বড় মাছ ছোট মাছকে ধরে খায়। ভারতের অন্যান্য অঞ্চলে এই অরাজকতা ‘গৌড়তন্ত্র’ নামে বলা হত।

দীর্ঘদিন এই অরাজকতা চলার পর বাংলার গণ্যমান্য ব্যক্তিরা বুঝতে পারেন যে, একটি কেন্দ্রীয় শাসন না থাকলে দেশের অস্তিত্ব বিপন্ন হয়ে পড়বে। সেইজন্য তাঁরা গোপাল (৭৫০-৭৭০ খ্রীঃ) নামে এক ব্যক্তিকে জনমত অনুসারে রাজা রূপে নির্বাচিত করেন। গোপালের রাজপদে নির্বাচনের পর থেকে বাংলার ইতিহাসে এক নতুন যুগের সূচনা হয়। বাংলাদেশ সুদীর্ঘ দিনের অরাজকতা থেকে মুক্ত হয়ে পালবংশের অধীনে প্রায় ৪০০ বছর সুশাসন ও সুখ-শান্তি ভোগ করে। ৭৭০ খ্রীঃ গোপালের মৃত্যু হয়।

গোপাল



ধর্মপাল (Dharmapala) **:** ৭৭০ খ্রীষ্টাব্দে গোপালের পর তাঁর পুত্র ধর্মপাল সিংহাসনে বসেন। তিনি ছিলেন পালবংশের সর্বশ্রেষ্ঠ রাজা। ধর্মপালের চেষ্টায় ও

বাহুবলে ক্ষুদ্র গৌড়রাজ্য এক ভারতীয় রাজ্যে পরিণত হয়েছিল। তাঁর আমলেই কনৌজকে কেন্দ্র করে পাল-প্রতিহার-রাষ্ট্রকূট ত্রিপাক্ষিক যুদ্ধ শুরু হয়। সিংহাসনে বসেই তিনি বিহার ও মগধ দখল করে কনৌজ অধিকারের জন্য লড়াইয়ে অবতীর্ণ হন। ধর্মপাল গঙ্গা-যমুনা-দোয়াব অঞ্চল দখল করার চেষ্টা করলে প্রতিহাররাজ বৎসরাজার কাছে পরাজিত হন। কিন্তু বৎসরাজ তাঁর বিজয়-সাফল্য ভোগ করতে পারেননি। তিনি রাষ্ট্রকূটরাজ ধ্রুব'র হাতে পরাজিত হন। ধ্রুব দাক্ষিণাত্যে ফিরে গেলে ধর্মপাল কনৌজ থেকে বৎসরাজের অনুগত ইন্দ্রায়ুধকে পরাজিত ও বিতাড়িত করে নিজের অনুগত চক্রায়ুধকে কনৌজের সিংহাসনে বসান।

কনৌজ অধিকারের ফলে ধর্মপালের সম্মান ও প্রতিষ্ঠা বহুগুণ বৃদ্ধি পায়। তিনি কনৌজে এক দরবার আহ্বান করেন। খালিমপুর তাম্রশাসন থেকে জানা যায়, পাঞ্জাব থেকে বাংলা পর্যন্ত অঞ্চলের বিভিন্ন রাজা এই দরবারে উপস্থিত হয়েছিলেন ও তাঁর বশ্যতা স্বীকার করেছিলেন। কিন্তু প্রতিহাররাজ দ্বিতীয় নাগভট ধর্মপালকে মুঙ্গেরের যুদ্ধে পরাজিত করে কনৌজ পুনরধিকার করে নেন। রাষ্ট্রকূটরাজ তৃতীয় গোবিন্দ দ্বিতীয় নাগভট্টকে পরাজিত করলে, সেই সুযোগে ধর্মপাল কনৌজ আবার নিজ-কর্তৃত্বে নিয়ে আসেন। ধর্মপালের রাজ্যসীমা নিয়ে পণ্ডিতদের মধ্যে মতভেদ আছে। তারানাথ বলেছেন, তাঁর রাজত্ব ছিল বঙ্গোপসাগর থেকে পাঞ্জাব পর্যন্ত বিস্তৃত। বাংলা ও বিহার ছিল প্রত্যক্ষ শাসনাধীন—অন্যান্য অঞ্চল ছিল সামন্তদের অধীন। ধর্মপাল ছিলেন বিদ্যোৎসাহী রাজা। তাঁর আমলে 'বিক্রমশীলা' ও 'সোমপুর' বিহার নির্মিত হয়েছিল। ধর্মপাল প্রায় ৫০টি শিক্ষাকেন্দ্র স্থাপন করেছিলেন। ধর্মপাল বৌদ্ধধর্মানুরাগী হলেও অন্য ধর্ম-মতের প্রতিও সহনশীল ছিলেন। গর্গ নামে এক ব্রাহ্মণ ছিলেন তাঁর মন্ত্রী।

রাজ্যজয়

দেবপাল (Devapala): ৮১০ খ্রীষ্টাব্দে ধর্মপালের মৃত্যুর পর তাঁর পুত্র দেবপাল পাল-সিংহাসনে বসেন। দেবপালের আমলে পালরাজত্ব উত্তরভারতে শ্রেষ্ঠ রাজত্বে পরিণত হয়েছিল। দেবপাল তাঁর রাজত্বের পূর্বে অবস্থিত আসাম বা কামরূপ ও দক্ষিণে অবস্থিত কলিঙ্গরাজ্য দখল করেন। তাঁর আমলেও কনৌজকে কেন্দ্র করে ত্রিপাক্ষিক যুদ্ধ চলতে থাকে। প্রতিহাররাজ দ্বিতীয় নাগভট্টের মৃত্যুর পর প্রতিহার-শক্তি দুর্বল হয়ে পড়ে ও সেই সুযোগে দেবপাল কনৌজ দখল করেন। প্রতিহাররাজ প্রথম ভোজের কনৌজ দখলের চেষ্টা তিনি প্রতিহত করেন। দেবপাল হিমালয়ের পার্বত্য অঞ্চলে হূনদের রাজত্ব দখল করেন ও কম্বোজ রাজ্য জয় করেন। তিনি দক্ষিণের দ্রাবিড়দের পরাজিত করেন। আসাম বা প্রাগ্‌জ্যোতিষপুরের রাজাও তাঁর বশ্যতা স্বীকার করেন। দেবপালের রাজত্বের সীমা ছিল—হিমালয়ের পাদদেশ থেকে বিন্ধ্যপর্বত এবং উত্তর-পশ্চিমে কম্বোজ থেকে পূর্বে কামরূপ পর্যন্ত। তিনি দক্ষিণ-পূর্ব এশিয়ার শৈলেন্দ্রবংশীয় রাজা বালপুত্রদেবকে নালন্দায় একটি বৌদ্ধ-বিহার নির্মাণে অনুমতি দিয়েছিলেন। তাঁর পৃষ্ঠপোষকতায় নালন্দা বিশ্ববিদ্যালয়ের উন্নতি ঘটেছিল। বৌদ্ধধর্মের সমর্থক হলেও দেবপাল অন্যান্য ধর্মমতের প্রতি

রাজ্যজয়

শ্রদ্ধা পোষণ করতেন। তাঁর রাজত্বকালে গর্গদেব ও দর্ভপাণি নামে দু'জন ব্রাহ্মণ মন্ত্রীর কথা জানা যায়।

দেবপালের মৃত্যুর পর বিগ্রহপাল, নারায়ণপাল প্রমুখদের রাজত্বকালে পালবংশের গৌরব হ্রাস পেতে থাকে। এই সময় প্রতিহারদের আক্রমণে পাটলিপুত্র, মুঙ্গের প্রভৃতি অঞ্চল হস্তচ্যুত হয় ও প্রতিহাররাজ মহেন্দ্রপাল উত্তরবঙ্গ অধিকার করে নেন।

প্রথম মহীপাল (Mahipala): আনুমানিক ৯৮৮ থেকে ১০৫৮ খ্রীষ্টাব্দের মধ্যে প্রথম মহীপাল পালরাজাদের গৌরব পুনরুদ্ধার করেন। তাঁর রাজত্বকালে চোলরাজা রাজেন্দ্র চোল বাংলাদেশ আক্রমণ করেন ও কলচুরি রাজা গাঙ্গেয়দেব মহীপালকে পরাজিত করে বারাণসী অধিকার করেন। এই দুই প্রবল রাজশক্তির বিরুদ্ধে লড়াই করে বাংলার পূর্ব প্রান্ত থেকে বারাণসী পর্যন্ত ভূভাগে পাল-রাজ্য পুনরায় প্রতিষ্ঠা করা মহীপালের শৌর্য ও দক্ষতার পরিচায়ক। তিনি অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত নালন্দা বিশ্ববিদ্যালয়ের পুনরায় সংস্কারসাধন করেন ও বুদ্ধগয়া ও কাশীতে মন্দির নির্মাণ করেন।

প্রথম মহীপাল

মহীপালের পর পুনরায় পালরাজারা দুর্বল হয়ে পড়েন। পরে রামপাল (১০৭৫-১১২০ খ্রীঃ) পালবংশের গৌরব কিছুটা ফিরিয়ে আনেন। তিনি আত্মীয়তাসূত্রে রাষ্ট্রকূটরাজবংশের সাহায্যে পালবংশের শক্তি পুনঃ প্রতিষ্ঠিত করেন। সন্ধ্যাকর নন্দী রচিত "রামচরিতে" রামপালের রাজত্বের বর্ণনা পাওয়া যায়। এরপরে কুমারপাল, তৃতীয় গোপাল, মদনপাল ইত্যাদি রাজার নাম পাওয়া গেলেও সেনদের আক্রমণে পালরাজত্বের বিলোপ ঘটে।

পতন

সেনবংশ (Sena Dynasty): দাক্ষিণাত্যের কর্ণাট অঞ্চল থেকে বাংলায় এসে সেনবংশের সামন্তসেন ও হেমন্তসেন প্রথমে রাঢ় অঞ্চলে প্রাধান্য বিস্তার করেন। তখনও তাঁরা পালরাজাদের সামন্ত ছিলেন। পালবংশের দুর্বলতার সুযোগে বিজয়সেন (১০৯৫-১১৫৮ খ্রীঃ) প্রায় সমগ্র বাংলা, কামরূপ ও মিথিলা জয় করে সেনরাজত্বের পত্তন করেন। কলিঙ্গের সঙ্গে তাঁর মৈত্রী-সম্পর্ক ছিল। দক্ষিণ রাঢ়ের শূরবংশের রাজকন্যাকে বিবাহ করার ফলে তাঁর প্রতিপত্তি বৃদ্ধি পেয়েছিল। দেওপাড়ালিপি থেকে জানা যায় যে, তিনি নান্য, বীর, রাঘব, বর্ধন প্রভৃতি স্থানীয় রাজগণ এবং গৌড়, কামরূপ, কলিঙ্গ প্রভৃতি দেশের রাজগণকে পরাজিত করেছিলেন।

উদ্ভব

বিজয়সেন

এরপর ১১৫৮ খ্রীষ্টাব্দে বিজয় সেনের পুত্র বল্লালসেন (১১৫৮-১১৭৯ খ্রীঃ) সিংহাসনে বসেন। বল্লালসেন রাজ্য বিস্তারের চাইতে আভ্যন্তরীণ পুনরুজ্জীবনের দিকে বেশী দৃষ্টি দিয়েছিলেন। কিন্তু তাঁর আমলে সেনরাজত্ব সুরক্ষিত ছিল। বল্লালসেন বাংলায় কৌলীন্য প্রথার প্রবর্তক হিসাবে বিখ্যাত হয়ে আছেন। বল্লালসেন 'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' নামে দুটি মূল্যবান গ্রন্থ রচনা করেছিলেন।

বল্লালসেন

বল্লালসেনের পর তাঁর পুত্র লক্ষ্মণসেন (১১৭৯-১২০৫ খ্রীঃ) সেনবংশের সিংহাসনে বসেন। তাঁর রাজধানী ছিল নদীয়া। তিনি দক্ষিণ-পশ্চিম বিহার নিজের রাজ্যভুক্ত করেছিলেন ও গাহড়বাল বংশের রাজা গোবিন্দচন্দ্রের বিরুদ্ধে বেনারস ও এলাহাবাদ পর্যন্ত অগ্রসর হয়েছিলেন। দ্বাদশ শতকের শেষদিকে খলজীবংশের ইক্তিয়ারউদ্দিন মহম্মদ-বিন-বক্তিয়ার খলজী বাংলাদেশ আক্রমণ করলে বৃদ্ধ লক্ষ্মণসেন নদীয়া ত্যাগ করে পূর্ববঙ্গে চলে যান। সেখানে তাঁর মৃত্যুর পর বহুদিন ধরে সেনবংশের রাজারা মুসলমান আক্রমণ প্রতিহত করে স্বাধীনভাবে রাজত্ব করেন।

[খ] দাক্ষিণাত্যে প্রাধান্য বিস্তারের লড়াই
(Struggle for Domination in the Deccan)

(i) **বাদামীর চালুক্যবংশ** (Chalukyas of Badami) **:** ষষ্ঠ শতাব্দীতে দাক্ষিণাত্যে সাতবাহন রাজ্যের ঐতিহ্য অনুসরণ করে চালুক্যবংশীয় রাজারা প্রবল হয়ে উঠে। ভারতের প্রায় মধ্যস্থলে বাদামী বা বাতাপী নগরে রাজধানী প্রতিষ্ঠিত হয়। চালুক্যরা সূর্যবংশীয় বলে গর্ব করত। অনেকে মনে করেন, চালুক্যরা রাজপুতানা থেকে আগত গুর্জরদের একটি শাখা। সম্ভবত তারা ছিল একটি স্থানীয় গোষ্ঠী। রাষ্ট্রকূটরাজাদের সঙ্গে বহুদিনব্যাপী সংঘর্ষের পর তারা আধিপত্য স্থাপনে সাফল্য লাভ করে। চালুক্যদের প্রথম শক্তিশালী রাজা ছিলেন জয়সিংহ। তিনি রাষ্ট্রকূটরাজা ইন্দ্রকে পরাজিত করে চালুক্যবংশের ক্ষমতা প্রতিষ্ঠা করেন। জয়সিংহের পুত্র প্রথম পুলকেশী 'অশ্বমেধ যজ্ঞ' করেছিলেন। এই বংশের শক্তি ও প্রতিপত্তি বর্ধিত হয় পুলকেশীর পুত্র কীর্তিবর্মনের রাজত্বকালে। তিনি প্রতিবেশী শাসকদের পরাজিত করে চারিদিকে রাজ্যবিস্তার করেন। তাঁর রাজ্যসীমা উত্তরে বঙ্গোপসাগর, পূর্বে সমুদ্রোপকূল ও দক্ষিণে তামিল রাজ্যগুলির সীমা পর্যন্ত বিস্তার লাভ করেছিল।

উদ্ভব ও রাজ্যস্থাপন

(ii) **দ্বিতীয় পুলকেশীর কৃতিত্ব** (Achievements of Pulakeshi II) **:** চালুক্যবংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন দ্বিতীয় পুলকেশী। তিনি ৬০৯ থেকে ৬৪২ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। সংস্কৃত ভাষায় তাঁর সভাকবি রবিকীর্তির লেখা প্রশস্তি থেকে রাজা দ্বিতীয় পুলকেশী সম্পর্কে নানা তথ্য জানা যায়। দ্বিতীয় পুলকেশী কদম্ব-রাজাকে পরাজিত করেন। তিনি পশ্চিমের গঙ্গদেরও পরাজিত করে তাদের উপর চালুক্য-আধিপত্য বিস্তার করেন। হর্ষবর্ধন দক্ষিণ-ভারত জয়ে অগ্রসর হলে নর্মদা নদীতীরে পুলকেশীর কাছে বাধা পান। রবিকীর্তির আইহোল শিলালিপিতে হর্ষর পরাজয়ের কথা উল্লেখ আছে। দ্বিতীয় পুলকেশী পল্লবদের পরাজিত করে তাদের রাজধানী পর্যন্ত অগ্রসর হয়েছিলেন। কৃষ্ণা ও গোদাবরী নদীর মধ্যবর্তী বেঙ্গীরাজ্য ছিল পল্লব ও চালুক্যদের মধ্যে বিরোধের কারণ। পুলকেশী বেঙ্গী দখল করে নেন। দ্বিতীয়বার পুলকেশীর দ্বিতীয় আক্রমণ ব্যর্থ হয় ও

দ্বিতীয় পুলকেশীর রাজ্যবিস্তার

পল্লবরাজা নরসিংহবর্মন ৬৪২ খ্রীষ্টাব্দে চালুক্য-রাজধানী বাদামী দখল করে নেন; অনুমান করা হয় এই যুদ্ধে পুলকেশী পরাজিত ও নিহত হন।

দ্বিতীয় পুলকেশী কেবলমাত্র শক্তিশালী রাজা ছিলেন না, প্রাচীন ভারতের অন্যতম শ্রেষ্ঠ রাজা বলে তাঁকে গণ্য করা হয়। তিনি তাঁর সামরিক কৌশলে চালুক্যরাজ্যকে উত্তরে গুজরাট থেকে দক্ষিণে পাণ্ড্যরাজ্য পর্যন্ত বিস্তৃত করেন। দ্বিতীয় পুলকেশী পারসিক সম্রাট দ্বিতীয় খসরুর দরবারে দূত পাঠান ও তাঁর দরবারেও পারস্যের দূত আসে। অজন্তাগুহার দেওয়ালে এক সুন্দর পুরুষের চিত্র দেখা যায়। অনেকের মতে এই চিত্রটি দ্বিতীয় পুলকেশীর। হিউয়েন-সাঙ তাঁর রাজত্বকালে চালুক্যরাজ্য পরিভ্রমণ করেন। তিনি পুলকেশীর শাসন-ব্যবস্থার ভূয়সী প্রশংসা করেছেন। হিউয়েন-সাঙ-এর মতে দ্বিতীয় পুলকেশী বহু জনহিতকর কাজ করেন। প্রজারা পুলকেশীকে শ্রদ্ধা করত। তাঁর রাজ্য ছিল ৮৩৬ বর্গমাইল বিস্তৃত। রাজ্যে নিয়মিতভাবে কৃষিকাজ হত। প্রজারা ছিল সৎ, পরিশ্রমী ও শিক্ষানুরাগী। চালুক্যরাজ্যের জনসাধারণ ছিল যুদ্ধে দক্ষ ও প্রতিহিংসা-পরায়ণ। হর্ষবর্ধনকে 'উত্তরপথনাথ' বললে দ্বিতীয় পুলকেশীকে "দক্ষিণাপথনাথ" বলা যেতে পারে।

দ্বিতীয় পুলকেশীর কৃতিত্ব

৬৪২ খ্রীষ্টাব্দে পল্লবদের সঙ্গে যুদ্ধে দ্বিতীয় পুলকেশী নিহত হলে প্রায় ১৩ বছর চালুক্যশক্তি হীনবল হয়ে পড়ে। এরপর পুলকেশীর পুত্র প্রথম বিক্রমাদিত্য চালুক্য-শক্তিকে পুনরায় গড়ে তোলেন। তিনি পল্লবদের হাত থেকে বাতাপী পুনরুদ্ধার করেন ও চালুক্যরাজ্য থেকে পল্লব-সৈন্য হাটিয়ে দেন। প্রথম বিক্রমাদিত্য ক্রমাগতভাবে পল্লবরাজ প্রথম নরসিংহবর্মন, দ্বিতীয় মহেন্দ্রবর্মন ও পরমেশ্বরবর্মনের সঙ্গে একাধিক যুদ্ধ করে যান। তিনি চোল, পাণ্ড্য ও কেরলদেরও বশ্যতা স্বীকার করতে বাধ্য করেন। বিক্রমাদিত্যের পর বিনয়াদিত্যের আমলেও পল্লব ও চোলদের সঙ্গে নিয়মিত যুদ্ধ চলে। পরবর্তী রাজা বিজয়াদিত্য (৬৯৬-৭৩৩ খ্রীঃ) পল্লবরাজা পরমেশ্বরবর্মনকে কর দিতে বাধ্য করেন। তিনি বিজাপুরের বিখ্যাত শিবমন্দিরটি নির্মাণ করেন। দ্বিতীয় বিক্রমাদিত্য (৭০৩-৭৪৫ খ্রীঃ) পল্লবরাজ নন্দীবর্মনকে পরাজিত করে কাঞ্চী অধিকার করে নিয়েছিলেন। তিনি চোল, পাণ্ড্য ও কেরলদেরও পরাজিত করেছিলেন। তাঁর রাজত্বকালে সিন্ধু থেকে আরবরা গুজরাট আক্রমণ করলে তিনি গুজরাটের শাসনকর্তার সাহায্যে আরবদের শোচনীয়ভাবে পরাজিত করেন। তাঁর পরে চালুক্যরাজ্যে ভাঙ্গন শুরু হয়। শেষ পর্যন্ত সামন্ত রাষ্ট্রকূট দন্তিদুর্গ চালুক্যরাজ্যের একাংশ অধিকার করে নেন রাষ্ট্রকূট প্রথম কৃষ্ণও চালুক্য-শক্তিকে ধ্বংস করে রাষ্ট্রকূট-শক্তি স্থাপন করেন।

পরবর্তী চালক্য শাসকগণ

(iii) **রাষ্ট্রকূটবংশ** (The Rastrakutas): রাষ্ট্রকূটরা নিজেদের যাদব-বংশীয় শ্রীকৃষ্ণের সহচর সাত্যকির বংশধর বলে উল্লেখ করতেন। কোনও কোনও ঐতিহাসিকের মতে রাষ্ট্রকূটরা অন্ধ্রদেশের কৃষক ছিলেন এবং চালুক্যদের অধীনে এরা

রাজকার্যে নিযুক্ত হয়ে সামন্তে পরিণত হন। চালুক্যদের পতনের পর রাষ্ট্রকূটরা শক্তিশালী হয়ে উঠেন। চালুক্যরাজা দ্বিতীয় পুলকেশীর সমসাময়িক ছিলেন রাষ্ট্রকূটরাজা দন্তিবর্মা। কিন্তু রাষ্ট্রকূটদের প্রকৃত শক্তি প্রতিষ্ঠা করেন দন্তিদুর্গ। তিনি চালুক্যদের পরাজিত করে দাক্ষিণাত্যে রাষ্ট্রকূট-শক্তিকে প্রতিষ্ঠিত করেন। বলা হয় দন্তিদুর্গ কলিঙ্গ, কোশল, কাঞ্চী ইত্যাদি দখল করে নিয়েছিলেন। বর্তমানে শোনপুরের কাছে মান্যক্ষেতে তিনি রাজধানী স্থাপন করেন।

উদ্ভব ও দন্তিদুর্গ

(iv) **তৃতীয় গোবিন্দ ও তৃতীয় কৃষ্ণর কৃতিত্ব** (Achievements of Gobinda III and Krishna III): এরপর প্রথম কৃষ্ণ (৭৫৮-৭৭৩ খ্রীঃ) রাষ্ট্রকূট-সিংহাসনে বসেন। তিনি চালুক্যরাজ দ্বিতীয় কীর্তিবর্মনকে পরাজিত করে সমগ্র মহারাষ্ট্র অধিকার করেন। তিনি মহীশূরের গঙ্গ ও বেঙ্গীর পূর্ব চালুক্যদেরও পরাস্ত করেন। তিনি ইলোরাতে পাহাড় কেটে বিখ্যাত শিবমন্দির নির্মাণ করান। তাঁর পরে দ্বিতীয় গোবিন্দ কিছুকাল রাজত্ব করেন।

প্রথম কৃষ্ণ ও দ্বিতীয় গোবিন্দ

দ্বিতীয় গোবিন্দের পর রাষ্ট্রকূট-সিংহাসনে বসেন ধ্রুব। ধ্রুব দাক্ষিণাত্যের বিস্তীর্ণ অঞ্চলে রাষ্ট্রকূটদের আধিপত্য বিস্তার করেন। তিনি পূর্ববর্তী রাজা দ্বিতীয় গোবিন্দের সমর্থক সামন্ত ও রাজকর্মচারীদের দমন করে নিজের শক্তিকে সুদৃঢ় করেন। তিনি গঙ্গদের পরাজিত করে মহীশূর নিজরাজ্যভুক্ত করেন। পল্লবরাজ ও বেঙ্গীর পূর্ব চালুক্যরাও তার হাতে পুনরায় পরাজিত হন। ধ্রুব'র উল্লেখযোগ্য কৃতিত্ব হল উত্তর ভারত অভিযান। এই সময় উত্তর ভারতের গাঙ্গেয় উপত্যকায় আধিপত্য প্রতিষ্ঠার জন্য প্রতিহার-পাল প্রতিদ্বন্দ্বিতা চলছিল। ধ্রুব শক্তিসাম্য রক্ষার জন্য এই দ্বন্দ্বে যোগ দিয়ে এটিকে ত্রিশক্তি-দ্বন্দ্বে পরিণত করেন। তিনি যে নীতি গ্রহণ করেন, তা রাষ্ট্রকূট-রাজারা বংশপরম্পরায় মেনে চলেন। ধ্রুব প্রতিহাররাজ বৎসরাজকে পরাজিত করে গঙ্গা-যমুনা দোয়াব অঞ্চলে এগিয়ে যান। এরপর তিনি বাংলার ধর্মপালকে পরাস্ত করেন। ধ্রুব তাঁর পতাকায় গঙ্গা-যমুনার প্রতীক গ্রহণ করেন। ৭৯০ খ্রীষ্টাব্দে তিনি দক্ষিণ ভারতে ফিরে আসেন।

ধ্রুব

ধ্রুবর পর তাঁর পুত্র তৃতীয় গোবিন্দ (৭৯৪-৮১৪ খ্রীঃ) রাষ্ট্রকূট-সিংহাসনে বসেন। তিনি ধ্রুবর মতই উত্তর ভারতে আধিপত্য স্থাপনে প্রয়াসী হন। তিনি প্রতিহাররাজ দ্বিতীয় নাগভট্টকে পরাজিত করেন। বাংলার শাসক ধর্মপাল ও কনৌজের শাসক চক্রায়ুধও তাঁর বশ্যতা স্বীকার করেন। রাষ্ট্রকূট-লেখ-তে দেখা যায় যে, তিনি উত্তর ভারতের আরও বহু শাসককে পরাজিত করেন ও হিমালয়পর্বত পর্যন্ত তাঁর রাজ্য বিস্তার করেন। ৮০০ খ্রীঃ তিনি দক্ষিণ ভারতে ফিরে আসেন। তৃতীয় গোবিন্দ উত্তর ভারতে অভিযানে ব্যস্ত থাকার সময় বেঙ্গীর চালুক্যরাজা বিজয়াদিত্য বিদ্রোহ ঘোষণা করলে তিনি তাঁকে সিংহাসনচ্যুত করে তাঁর ভাই ভীমকে সিংহাসনে বসান। ইতিমধ্যে গঙ্গ-পল্লব-কেরল

তৃতীয় গোবিন্দ

প্রভৃতি শক্তি রাষ্ট্রকূট-বিরোধী জোট গঠন করলে গোবিন্দ তাঁদের পরাস্ত করেন। সিংহলের রাজাও তাঁর বশ্যতা স্বীকার করেন। গোবিন্দ ছিলেন অসাধারণ শক্তিশালী রাজা,—যিনি কোন শত্রুর কাছে পরাজিত হননি। হিমালয় থেকে কন্যাকুমারী পর্যন্ত তিনি তাঁর বিজয়পতাকা স্থাপন করেছিলেন। রাষ্ট্রকূট-রাজাদের মধ্যে তৃতীয় গোবিন্দ ছিলেন সর্বশ্রেষ্ঠ।

তৃতীয় গোবিন্দের পুত্র অমোঘবর্ষ (৮১৪-৮৭৭ খ্রীষ্টাব্দ) এরপর রাজ্যশাসন শুরু করেন। তিনি যুদ্ধবিদ্যায় পারদর্শী ছিলেন না। তিনি পূর্ব চালুক্যরাজ বিজয়াদিত্যের বিদ্রোহ দমন করে রাষ্ট্রকূট-সিংহাসনে তাঁর অধিকার বজায় রাখেন। তবে মহীশূরের গঙ্গদের বিরুদ্ধে দীর্ঘ ২০ বছর যুদ্ধ করেও তিনি ব্যর্থ হন। প্রতিহাররাজ ভোজকে প্রতিহত করে গুজরাটে তাঁর অধিকার বজায় রাখেন।

অমোঘবর্ষ

অমোঘবর্ষ রাজনীতির চেয়ে সংস্কৃতিতেই অধিক প্রতিভাবান ছিলেন। জৈন পণ্ডিত জীনসেন ও মহাবিজয়াচার্য তাঁর রাজসভায় আশ্রয় পান। তিনি জৈনধর্মের অনুরাগী হলেও অন্যান্য ধর্মের প্রতি সহনশীল ছিলেন।

পরবর্তী রাষ্ট্রকূট-রাজাদের মধ্যে তৃতীয় ইন্দ্র (৯১৪—৯২২ খ্রীঃ) ও তৃতীয় কৃষ্ণ (৯৩১—৯৬৫ খ্রীঃ) ছিলেন উল্লেখযোগ্য। ৯১৫ খ্রীষ্টাব্দে তৃতীয় ইন্দ্র প্রতিহাররাজ প্রথম মহীপালকে পরাজিত করে কনৌজ অধিকার করেন।

তৃতীয় ইন্দ্র ও তৃতীয় কৃষ্ণ

আরব পর্যটক আল-মাসুদী বলেছেন, রাষ্ট্রকূটরাজ ছিলেন ঐ সময়ের সর্বশ্রেষ্ঠ নরপতি। তৃতীয় কৃষ্ণ মালবের পরমার ও বেঙ্গির চালুক্যদের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হন। তিনি তাঞ্জোরের চোলদেরও পরাজিত করেন এবং ৯৪৯ খ্রীষ্টাব্দে চোলরাজ প্রথম পরান্তককে পরাজিত করে চোলরাজ্যের উত্তরাংশ দখল করে নেন। তিনি রামেশ্বরম্ পর্যন্ত অগ্রসর হয়ে সেখানে একটি বিজয়স্তম্ভ ও মন্দির নির্মাণ করান। আনুমানিক ৯৭৩ খ্রীষ্টাব্দে তৃতীয় কৃষ্ণের সামন্ত চালুক্যবংশীয় দ্বিতীয় তৈল রাষ্ট্রকূট-শক্তির বিলোপসাধন করেন।

কল্যাণের পরবর্তী চালুক্যবংশ (The Chalukyas of Kalyans): অষ্টম শতাব্দীর মধ্যভাগে বাতাপীর চালুক্যবংশের পতনের পরবর্তী প্রায় ২৫০ বৎসর চালুক্যরা রাষ্ট্রকূটদের অধীন সামন্ত রূপে ছিল। অবশেষে রাষ্ট্রকূট-সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে বাতাপীর চালুক্যবংশের সপ্তম রাজা বিজয়াদিত্যের বংশধর তৈল বা দ্বিতীয় তৈলপ আনুমানিক ৯৭৩ খ্রীষ্টাব্দে চালুক্যবংশের নতুন শাখার পত্তন করেন। ক্রমে বিদর জেলার কল্যাণনগর বা কল্যাণীতে এদের রাজধানী প্রতিষ্ঠিত হয় এবং সেই থেকে চালুক্যদের এই শাখা 'কল্যাণীর চালুক্য' নামেই অভিহিত হয়। এই বংশের প্রায় বারোজন রাজা ২২৩ বছর ধরে রাজত্ব করেছিলেন। এই রাজবংশের সঙ্গে চোলদের ও পল্লবদের দীর্ঘ সংঘর্ষ চলে। কল্যাণীর চালুক্যবংশের সবচেয়ে উল্লেখযোগ্য রাজা ছিলেন ষষ্ঠ বিক্রমাদিত্য (১০৭৬—১১২৮ খ্রীষ্টাব্দ)।

ষষ্ঠ বিক্রমাদিত্য

ষষ্ঠ বিক্রমাদিত্য ১০৭৬ খ্রীষ্টাব্দে সিংহাসনে বসেই শকাব্দের পরিবর্তে 'বিক্রম-সম্বৎ' প্রচলিত করেন। সুপণ্ডিত ও বিদ্যোৎসাহী

বলে তাঁর খ্যাতি ছিল। ষষ্ঠ বিক্রমাদিত্যের মৃত্যুর পরেই চালুক্যবংশের এই শাখার ক্ষমতা স্তিমিত হয়ে আসে। দ্বাদশ শতকের মধ্যে কল্যাণীর চালুক্যরাজ্য কলচুরি, যাদব ও হোয়সলদের দ্বারা অধিকৃত হয়।

ভাষা ও সাহিত্যের উন্নতি

কল্যাণীর চালুক্য-রাজারা ভাষা ও সাহিত্যের পৃষ্ঠপোষক রূপে বিখ্যাত হয়ে আছেন। দ্বিতীয় তৈলপের পৃষ্ঠপোষকতায় কানাড়ী ভাষা ও সাহিত্যের বিকাশ ঘটেছিল। 'অজিতপুরাণ'-এর রচয়িতা কানাড়ী কবি রাম্না দ্বিতীয় তৈলপের সভাসদ্ ছিলেন। 'বিক্রমাঙ্কদেব-চরিত'-প্রণেতা বিল্হন ছিলেন রাজা ষষ্ঠ বিক্রমাদিত্যের সভাকবি। এই গ্রন্থে বিক্রমাদিত্যের কীর্তিসমূহের উল্লেখ আছে। এ ছাড়া 'যাজ্ঞবল্ক্যস্মৃতি'র টীকাকার ও 'মিতাক্ষরা'-রচয়িতা বিজ্ঞানেশ্বরও এই রাজত্বকালে আবির্ভূত হন।

[গ] দক্ষিণ ভারতে আধিপত্যের জন্য লড়াই
(Struggle for Domination in South India)

উদ্ভব

পল্লব বংশ (The Pallavas) :—পল্লবরা সম্ভবত সাতবাহনদের অধীনস্থ সাম্রাজ্যের দক্ষিণ প্রদেশের শাসনকর্তা ছিলেন। সাতবাহনদের পতনের পর তাঁরা স্বাধীনতা ঘোষণা করেন। সমুদ্রগুপ্ত দক্ষিণ অভিযানে কাঞ্চী অধিপতি বিষ্ণুগোপকে পরাজিত করেছিলেন। অনেকে মনে করেন, পল্লবরা পহ্লবদের বংশজাত। আধুনিককালে ডঃ কৃষ্ণস্বামী আয়েঙ্গার বলেছেন, পল্লবরা ছিল চোল-নাগ বংশীয় ও তোণ্ডামণ্ডলম অঞ্চলের অধিবাসী।

পল্লব-চালুক্য সংঘর্ষের সূত্রপাত

ভারতীয় উপদ্বীপের ২০০ বছরের ইতিহাসের (ষষ্ঠ থেকে অষ্টম শতাব্দী) মূল ঘটনা হল কাঞ্চীর পল্লববংশ ও বাতাপীর চালুক্যবংশের মধ্যে বিরোধ ও সংঘর্ষ। রাজনৈতিক আধিপত্য প্রতিষ্ঠার জন্য ছিল এই লড়াই। মাদুরা ও তিন্নেভেলী জেলার পাণ্ডবরাজারা ছিলেন এই যুদ্ধের তৃতীয় পক্ষ। পল্লব ও চালুক্যরা উভয়েই ব্রাহ্মণ্যধর্ম, বৈদিক অনুশাসন ও পশুবলি-প্রথার পৃষ্ঠপোষক ছিলেন। কিন্তু সামাজিক মর্যাদা বৃদ্ধি, লুঠতরাজ ও আঞ্চলিক সম্পদের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য তারা পারস্পরিক দ্বন্দ্বে লিপ্ত হয়েছিল। কৃষ্ণা ও তুঙ্গভদ্রার মধ্যবর্তী অঞ্চলে অধিকার প্রতিষ্ঠার জন্য উভয়পক্ষই উদগ্রীব ছিল। কৃষ্ণা ও গোদাবরীর মধ্যবর্তী অঞ্চল 'বেঙ্গী' দখলও ছিল উভয় শক্তির মধ্যে বিবাদের অপর কারণ। বেঙ্গীতে মূল রাজবংশের শাখা হিসাবে পূর্বের চালুক্যরা শাসন করত। ৬১০ খ্রীষ্টাব্দে চালুক্যরাজা দ্বিতীয় পুলকেশী পল্লবদের হাত থেকে বেঙ্গী দখল করে নিলে পল্লব-চালুক্য সংঘর্ষের সূত্রপাত হয়। পারস্পরিক বিরোধ ও সংঘর্ষ বহুদিন চলে ;—যার ফলে দু'পক্ষই কখনও লাভবান এবং কখনও ক্ষতিগ্রস্ত হয়।

ষষ্ঠ শতাব্দীতে কাঞ্চীকে কেন্দ্র করে পল্লবরা শক্তিশালী হয়ে উঠে। এই বংশের প্রথম উল্লেখযোগ্য রাজা ছিলেন মহেন্দ্রবর্মন। তিনি চালুক্যরাজা দ্বিতীয় পুলকেশী

কর্তৃক পরাজিত হয়েছিলেন। মহেন্দ্রবর্মন পল্লবরাজত্বে পাহাড় কেটে বহু মন্দির নির্মাণ করিয়েছিলেন। তিনি সাহিত্যের অনুরাগী ছিলেন ও 'মত্তবিলাস প্রহসন' নামে নাটক রচনা করেছিলেন। প্রথম জীবনে তিনি ছিলেন জৈন, পরবর্তীকালে সন্ন্যাসী আপ্পার প্রভাবে শিবের উপাসক হন।

মহেন্দ্রবর্মন

পরবর্তী রাজা নরসিংহবর্মন (৬২৫-৬৪৫ খ্রীষ্টাব্দ) ছিলেন সর্বশ্রেষ্ঠ পল্লব শাসক। তিনি চালুক্যরাজা দ্বিতীয় পুলকেশীকে পরাজিত ও নিহত করে বাদামী দখল করে নেন। তাঁর আমলে উত্তরে কৃষ্ণা নদী ও দক্ষিণে পাণ্ড্যরাজ্যের মাদুরা অঞ্চল পর্যন্ত পল্লবরাজত্ব বিস্তৃত হয়েছিল। তিনি বাতাপী দখল করে "বাতাপীকোণ্ডা" উপাধি নিয়েছিলেন। নরসিংহবর্মন দক্ষিণে চোল, কেরল, পাণ্ড্য ও কলভ্রদের পরাজিত করেন। সিংহলেও তিনি দু'বার নৌ-অভিযান পাঠিয়েছিলেন। মহাবলীপুরমের মন্দিরগুলি, বিশেষ করে 'সপ্তরথ' তাঁর আমলেই নির্মিত হয়।

নরসিংহবর্মন

নরসিংহবর্মনের পর পল্লবরাজা হন পরমেশ্বরবর্মন। তাঁর আমলে পল্লব-চালুক্য-সংঘর্ষ পুনরায় শুরু হয়। চালুক্য-সেনাবাহিনী প্রথম বিক্রমাদিত্যের অধীনে কাঞ্চী পর্যন্ত অগ্রসর হয়। পরমেশ্বরবর্মনের পর দ্বিতীয় নরসিংহবর্মনের আমলে কাঞ্চীর কৈলাসনাথের মন্দির নির্মিত হয়। এরপর রাজা হন দ্বিতীয় পরমেশ্বরবর্মন এবং তাঁর আমলে চালুক্যরাজা দ্বিতীয় বিক্রমাদিত্য কাঞ্চী অধিকার করে নিয়ে ছিলেন। শেষ উল্লেখযোগ্য রাজা ছিলেন দ্বিতীয় নন্দীবর্মন, তিনি ৭৩০ খ্রীষ্টাব্দে সিংহাসনে বসেন। ৭৩১ খ্রীষ্টাব্দে চালুক্য ও গঙ্গ রাজারা একসঙ্গে পল্লবরাজ্য আক্রমণ করে ও পল্লবরাজা নিহত হন। এরপর পল্লবশক্তি দুর্বল হয়ে পড়ে। চোলদের আক্রমণে পল্লবদের পতন ঘটে।

পরবর্তী পল্লব রাজারা

পল্লব রাজাদের রাজনৈতিক কৃতিত্বের চেয়ে সাংস্কৃতিক কৃতিত্বই বেশী ছিল। সেই সময় কাঞ্চীনগরী শিক্ষাকেন্দ্র হিসাবে প্রসিদ্ধি লাভ করেছিল। দক্ষিণে আর্য সংস্কৃতির বিস্তার পল্লবদের আমলেই হয়। সংস্কৃত ভাষা শিক্ষা ও চর্চার জন্য দক্ষিণ ভারতের বিভিন্ন অঞ্চলের মানুষ কাঞ্চীতে আসতেন। পণ্ডিত দণ্ডিন ও ভারবী পল্লবযুগের মানুষ ছিলেন। রাজা মহেন্দ্রবর্মন ছিলেন নাট্যকার। পল্লবযুগে স্থাপত্য ও ভাস্কর্যের অভূতপূর্ব উন্নতি হয়। পল্লব রাজারা ব্রহ্মা, বিষ্ণু ও শিব, এই তিন দেবতার জন্য বহু পাথরের মন্দির নির্মাণ করান। মহাবলীপুরমের 'রথ' মন্দিরগুলি নির্মাণ করান রাজা নরসিংহবর্মন। পল্লবরাজারা তাঁদের রাজধানী কাঞ্চীতেও এই ধরনের বেশ কিছু মন্দির স্থাপন করেন। এর মধ্যে উল্লেখযোগ্য হল অষ্টম শতাব্দীর কৈলাসনাথের মন্দির। পল্লবরা পাহাড় কেটে মন্দির-নির্মাণ-রীতি প্রবর্তন করেন।

পল্লব সংস্কৃতি ও শিল্প

(ii) **তাঞ্জোরের চোলবংশ** (The Cholas of Tanjore):—খ্রীষ্টীয় নবম শতকে দক্ষিণ ভারতের বিস্তীর্ণ অঞ্চল জুড়ে চোলসাম্রাজ্য গড়ে উঠে। চোল-

রাজারা সিংহল ও মালদ্বীপ পর্যন্ত অভিযান চালিয়ে জয় করেছিলেন। চোলরা কিছুদিনের জন্য কলিঙ্গ ও তুঙ্গভদ্রার দোয়াব অঞ্চলেও তাদের শাসন স্থাপন করেছিল। চোল নৌবাহিনী দক্ষিণ-পূর্ব এশিয়াতেও প্রভাব বিস্তার করেছিল। অনেক ঐতিহাসিকের মতে প্রায় দু'শো বছর চোল-শাসন দাক্ষিণাত্যের ইতিহাসে গৌরবময় যুগ।

উদ্ভব

খ্রীষ্টীয় নবম শতাব্দীতে পল্লববংশের দুর্বলতার সুযোগে চোলদের উত্থান হয়। চোলদের প্রথম উল্লেখযোগ্য শাসক ছিলেন বিজয়ালয় চোল, যিনি প্রথমে পল্লবদের অধীনে একজন সামন্ত ছিলেন। ৮৫০ খ্রীষ্টাব্দে তিনি তাঞ্জোর দখল করে পাণ্ড্যদের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। ৮৯৭ খ্রীষ্টাব্দে চোলরা শেষ পল্লবরাজা অপরাজিত বর্মনকে পরাজিত করে পল্লব-রাজত্ব দখল করে নেয়। কিন্তু রাষ্ট্রকূট-শক্তির বিরুদ্ধে চোলদের কঠিন সংগ্রাম করতে হয়েছিল। রাষ্ট্রকূটরাজ তৃতীয় কৃষ্ণও চোলরাজ পরান্তককে পরাজিত করে চোলসাম্রাজ্যের উত্তর ভাগ দখল করে নেন ও চোলরা শক্তিহীন হয়ে পড়ে। রাষ্ট্রকূটদের পতনের পর চোলরা পুনরায় শক্তিশালী হয়ে উঠে।

(iii) **রাজরাজ চোল** (Rajraj Chola): চোলবংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন রাজরাজ (৯৮৫—১০১২ খ্রীষ্টাব্দ)। পিতার আমলেই রাজরাজ রাজপ্রতিনিধি হিসাবে রাজ্যশাসনের সঙ্গে যুক্ত ছিল। সিংহাসনে বসেই তিনি পাণ্ড্য, চের ও তাদের মিত্ররাজ্য সিংহলের সঙ্গে যুদ্ধে লিপ্ত হন। ত্রিবান্দ্রমে চের নৌবাহিনীকে ধ্বংস করে রাজরাজ কুইলন আক্রমণ করেন ও মাদুরা জয় করে পাণ্ড্যরাজাকে বন্দী করেন। তিনি সিংহল আক্রমণ করে উত্তর অংশ দখল করে নেন। রাজরাজের সমুদ্র-উপকূলের এই অভিযানের উদ্দেশ্য ছিল দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলির সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক চোলদের নিয়ন্ত্রণে আনা। আরব বাণিজ্যের গুরুত্বপূর্ণ কেন্দ্র মালদ্বীপ জয় করে রাজরাজ নৌযুদ্ধে গৌরব অর্জন করেন। তিনি উত্তরের গঙ্গদের রাজত্বের উত্তর-পশ্চিম অংশ জয় করেন ও বেঙ্গি প্রদেশ বিধ্বস্ত করেন। রাজরাজ তাঁর রাজত্বে সুশাসন করার জন্যই খ্যাতি অর্জন করেন। জমি জরিপ করে রাজস্ব নির্ধারণ ও আঞ্চলিক স্বায়ত্তশাসনদান তাঁর বিশেষ কৃতিত্ব। তিনি তাঞ্জোরের রাজরাজেশ্বরের মন্দিরটি নির্মাণ করান ও তাঁর গায়ে তাঁর বিজয়-কাহিনী খোদাই করিয়ে দেন।

রাজরাজ

রাজেন্দ্র চোল (Rajendra Chola): রাজরাজের মৃত্যুর পর রাজেন্দ্র চোল সিংহাসনে বসেন (১০১২—১০৪৪ খ্রীষ্টাব্দ)। রাজেন্দ্র চোল পিতার রাজ্যবিস্তারের নীতি অনুসরণ করে পাণ্ড্য ও চের দেশগুলি বিধ্বস্ত করেন। তিনি সিংহলবিজয়ও সমাপ্ত করেন। এরপর প্রায় ৫০ বছর সিংহল চোল শাসনাধীন ছিল। কলিঙ্গ অতিক্রম করে বাংলাদেশ অভিযান রাজেন্দ্র চোলের অন্যতম কৃতিত্ব। চোল সেনা-বাহিনী গঙ্গা পার হয়ে বাংলার পালরাজা মহীপাল, পূর্ববাংলার গোবিন্দচন্দ্র ও দক্ষিণ-পশ্চিম বাংলার রণশূরকে পরাস্ত করেন। এই অভিযান সমাপ্ত হয় ১০২২ খ্রীষ্টাব্দে। এই বিজয় অভিযানকে স্মরণীয়

রাজেন্দ্র চোল

করে রাখার জন্য রাজেন্দ্র চোল "গঙ্গইকোণ্ড" উপাধি গ্রহণ করেন ও কাবেরী নদীর মোহনায় "গঙ্গইকোণ্ড-চোলপুরম" নামে নতুন রাজধানী স্থাপন করেন।

সমুদ্র অতিক্রম করে মালয়ের শৈলেন্দ্রসাম্রাজ্যের বিরুদ্ধে নৌ-অভিযান রাজেন্দ্রচোলের অপর উল্লেখযোগ্য কৃতিত্ব। শৈলেন্দ্ররাজাদের সঙ্গে প্রথমে চোলদের সুসম্পর্ক ছিল। শৈলেন্দ্ররাজ শ্রীমার বিজয়তুঙ্গবর্মন নেগাপত্তমে একটি বৌদ্ধ বিহার নির্মাণ করান। অনুমান করা হয় চীনের সঙ্গে চোলদের বাণিজ্যিক সম্পর্ক স্থাপনকে কেন্দ্র করে শৈলেন্দ্রবংশের সঙ্গে বিরোধ শুরু হয়। রাজেন্দ্র চোল নৌ-অভিযান করে কাদারাম এবং মালয় উপদ্বীপ ও সুমাত্রার কয়েকটি স্থান জয় করেন। তবে এই সাফল্য দীর্ঘস্থায়ী হয়নি; কিন্তু কিছুদিনের জন্য বঙ্গোপসাগর "চোল হ্রদে" পরিণত হয়।

শৈলেন্দ্ররাজ্য জয়

চোল রাজারা কল্যাণীর চালুক্যদের সঙ্গে অবিরাম সংঘর্ষে লিপ্ত হয়েছিলেন। বেঙ্গী, তুঙ্গভদ্রা এবং উত্তর-পশ্চিম কর্ণাটকে অবস্থিত গঙ্গ দেশের প্রভুত্ব নিয়ে চোল-চালুক্য সংঘর্ষ লেগেই থাকত। এই সংগ্রামে কোনপক্ষই সম্পূর্ণ জয়লাভ করতে পারেনি। শেষ পর্যন্ত উভয়পক্ষই ক্লান্ত হয়ে পড়ে। এই সময়কার যুদ্ধগুলিও ছিল নিষ্ঠুর প্রকৃতির। চোল রাজারা কল্যাণীসহ চালুক্যদের নগরগুলি অবরোধ করেন, লুণ্ঠন করেন এবং ব্রাহ্মণ ও শিশুসহ মানুষকে হত্যাও করেন। পাণ্ড্য দেশেও তাঁরা ঐ একই নীতি গ্রহণ করেছিলেন ও সেই দেশের মানুষের মনে ভীতিসৃষ্টির জন্য সেখানে সেনানিবাস স্থাপন করেন। সিংহলের প্রাচীন রাজধানী অনুরাধাপুরও ধ্বংস করে দিয়েছিলেন। তবে চোলরাজারা যে দেশ জয় করতেন, সেখানে সুদক্ষ শাসনব্যবস্থা প্রতিষ্ঠার চেষ্টা করতেন। রাজ্যব্যাপী সমস্ত গ্রামে স্বায়ত্তশাসন প্রতিষ্ঠা ছিল চোল-শাসনের বৈশিষ্ট্য।

চোল-চালুক্য সংঘর্ষ

প্রথম রাজেন্দ্রর পরবর্তী রাজারা ভারতীয় উপদ্বীপের মধ্যে সীমাবদ্ধ হয়ে পড়েন। বেঙ্গিকে কেন্দ্র করে চালুক্যদের সঙ্গে যুদ্ধ শুরু হয়। চোল রাজা কুলুত্তুঙ্গের (১০৭০-১১১৮ খ্রীষ্টাব্দ) সময় এই বিরোধ হ্রাস পায়, কারণ তাঁর মা ছিলেন চালুক্য রাজকন্যা। কিন্তু পাণ্ড্য, চের ও সিংহলের সঙ্গে যুদ্ধ চলতেই থাকে। ১০৭৭ খ্রীষ্টাব্দে রাজা কুলুত্তুঙ্গ ৭২ জন ব্যবসায়ীর এক প্রতিনিধিদল চীনে পাঠিয়েছিলেন।

দ্বাদশ শতকের শেষদিকে চোলদের গৌরব দিনের অবসান সূচনা হয়। কেন্দ্রীয় শাসনের দুর্বলতার ফলে সামন্তরা শক্তিশালী হয়ে উঠতে লাগল। ক্রমাগত যুদ্ধে রাজকোষও শূন্য হয়ে পড়ে। যাদবদের আক্রমণে চোলদের পতন ঘটে।

পতন

সপ্তম শতাব্দী থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত সামাজিক, অর্থ নৈতিক ও সাংস্কৃতিক জীবন

(Social, Economic and Cultural Life from 7th to 12th century A. D.)

[ক] পাল ও সেন যুগের সামাজিক, অর্থ নৈতিক ও সাংস্কৃতিক জীবন

(Social, Economic and Cultural Life under Palas and Senas)

পাল ও সেন যুগে বাংলার ইতিহাস গৌরবময় অধ্যায়। সমাজ, সাহিত্য, সংস্কৃতি বিষয়ে পাল ও সেনযুগে বহু অগ্রগতি ও সাফল্যের চিহ্ন লক্ষ্য করা যায়।

সপ্তম শতাব্দীতে চীনা পরিব্রাজক হিউয়েন-সাঙ বাংলাদেশ ঘুরে মন্তব্য করেছিলেন, "সমতটের মানুষ স্বভাবতই শ্রমসহিষ্ণু, তাম্রলিপ্তের অধিবাসীরা দৃঢ় ও সাহসী, কিন্তু চঞ্চল ও ব্যস্তবাগীশ, এবং কর্ণসুবর্ণবাসীরা সাধু ও অমায়িক।" বাংলাদেশের সামাজিক বিন্যাস উত্তর ভারতের অন্যান্য অঞ্চল থেকে পৃথক ছিল। পুরাতন বৈদিক ব্রাহ্মণ্যধর্মের চতুর্বর্ণের ব্যবস্থা বাংলাদেশে সম্পূর্ণ কার্যকর হয়নি। বাংলাদেশে ক্ষত্রিয় ও বৈশ্যদের কমই দেখতে পাওয়া যায়।

পালযুগে সমাজ

সমাজের সর্বোচ্চ ছিল ব্রাহ্মণরা ও সর্বনিম্নে ম্লেচ্ছ, আর সবাই ছিল শূদ্রবর্ণের। বৃত্তি অনুযায়ী শূদ্ররা নানা উপবর্ণের ছিল। পালরাজাদের আমলে একটি বর্ণ সৃষ্টি হয় যাদের বলা হত "কায়স্থ" বা "করণ কায়স্থ"। বৈদ্য বৃত্তিধারীরা "বৈদ্য" উপবর্ণ হিসাবে গড়ে উঠে। এ ছাড়া "কৈবর্ত"রা উত্তরবঙ্গে সামাজিক প্রতিষ্ঠা পেয়েছিল।

সেনরাজারা ব্রাহ্মণ্যধর্মের অনুরাগী ছিলেন। তাঁদের চেষ্টায় ও উদ্যমে যাগযজ্ঞ ও পূজা-পার্বণ বাংলাদেশে ব্যাপক প্রসার লাভ করে। এর ফলে ব্রাহ্মণদের সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছিল। বল্লালসেন 'কৌলীন্য' প্রথার প্রচলন করেন ও ব্রাহ্মণদের নতুন মর্যাদা দেন। সেনযুগে হিন্দুধর্মের প্রাধান্যের ফলে বৌদ্ধরা হিন্দুধর্ম গ্রহণ করায় সমাজে নানা উপবর্ণের সৃষ্টি হয়।

সেনযুগে সমাজ

পালযুগে বিভিন্ন ধর্মমতের প্রতি সহিষ্ণুতা দেখানো হত। সেনযুগে এই সহনশীলতার নীতি পরিত্যাগ করা হয়। বিশুদ্ধ বৈদিক আচারের উপর জোর দেওয়া হয়। সেনরাজারা নতুন করে জাতিবিভাগ করেন। সেনরাজারা আচার-পদ্ধতি, বিবাহ-বিষয়ক রীতি, জাতিবিভাগ করে হিন্দুসমাজকে কঠোর নিয়মে বাঁধার চেষ্টা করেন। এর পিছনে কারণ ছিল—সেনরাজাদের দক্ষিণ-ভারতীয় হিন্দু গোঁড়ামি ও অন্ধবিশ্বাস। সেনযুগে ব্রাহ্মণরা কুলীন, ভঙ্গ-কুলীন, অভঙ্গ-কুলীন, রাঢ়ী, বৈদিক, বারেন্দ্র ইত্যাদি

অসংখ্য কুলে বিভক্ত হয়। অব্রাহ্মণদের ক্ষেত্রেও নানা ভাগ করা হয়। অনুগত ব্রাহ্মণ পণ্ডিতদের দিয়ে পুরাণ ও পুঁথি লিখিয়ে নিজেদের ইচ্ছামত বিভিন্ন জাতির উৎপত্তি বর্ণনা করা হয়। স্বৈরাচারী ভাবে কাউকে উঁচু, আবার কাউকে নীচু বলে ঘোষণা করা হয়। সমাজে জাতিবিভাগ প্রবল হয়ে উঠে। এমন এক উচ্চ বর্ণ ও গোষ্ঠী গড়ে উঠে যারা সমাজের বিভিন্ন সুযোগ-সুবিধা একচেটিয়া ভোগ করতে থাকে। পালযুগের ভূমিদান থেকে জানা যায়, বহু বৌদ্ধ ও ব্রাহ্মণদের ভূমিদান করা হয়েছে। সেনযুগে নিম্নবর্ণের হিন্দুকে দানসম্বলিত কোন ভূমিপট্টলী পাওয়া যায়নি। পালযুগে নিম্নবর্ণের সম্পদ-উৎপাদনকারী, যেমন—কৃষক, কৈবর্ত, কামার প্রভৃতির কল্যাণের জন্য চেষ্টা করা হত। সেন যুগে হিন্দুধর্মের গোঁড়ামির জন্য এই নীতি পরিত্যাগ করা হয়। সেনযুগে ব্রাহ্মণদের পূজন ছাড়া আর কোন বৃত্তি, এমন কি চিকিৎসকের বৃত্তিগ্রহণ পর্যন্ত নিষিদ্ধ হয়।

জাতিবিভাগ

বাংলার মেয়েদের বর্ণনায় বাৎস্যায়ন তাদের বলেছেন মৃদুভাষিনী, কোমলাঙ্গী ও অনুরাগিনী। অবরোধ-প্রথা থাকলেও কঠোর ছিল না—পর্দা-প্রথা ছিল। দেশের অন্যান্য অঞ্চলের মত মেয়েদের প্রকৃত স্বাধীনতা ছিল না। বিধবা-বিবাহ নিন্দিত ছিল, কিন্তু পুরুষের বহুবিবাহে বাধা ছিল না, সতীদাহ-প্রথার উল্লেখ আছে। জীমূতবাহন তাঁর 'দায়ভাগে' বিধবার সম্পত্তির অধিকারের স্বীকৃতির উল্লেখ করেছেন। সমাজে সেই সময়, কিছু দুর্নীতি ও অশ্লীলতার কথা জানা যায়। বাঙ্গালীর প্রধান খাদ্য ছিল ভাত, মাছ, মাংস, শাকসব্জী, ফলমূল ও দুগ্ধজাত জিনিস। ভবদেব ভট্ট ব্রাহ্মণদের আমিষ ভক্ষণ সমর্থন করেছেন। তাদের পোশাকে কোনও আড়ম্বর ছিল না—পুরুষদের ধুতি ও মেয়েদের শাড়ী পরাই রেওয়াজ ছিল। চাদর ও ওড়নার ব্যবহার ছিল এবং মেয়ে-পুরুষ সকলেই গহনা পরত।

মেয়েদের অবস্থা

খাদ্য ও পোশাক

পাল ও সেনযুগে দেশ ছিল মূলত কৃষিনির্ভর। জমির মালিকদের এবং অন্যান্য কারণে অবস্থাপন্নদের আর্থিক অবস্থা উন্নত ছিল, কিন্তু ভূমিহীন কৃষক ও শ্রমিকদের আর্থিক সাচ্ছল্য ছিল না। দেশের বেশির ভাগ মানুষ গ্রামে বাস করে কৃষিকাজে নিযুক্ত থাকত। প্রধান শস্য ছিল ধান ও চাষের পদ্ধতিও ছিল এখনকার মত। আখের চাষ হত খুব ;—গুড় ও চিনি উৎপাদিত হয়ে দেশ-বিদেশে রপ্তানি করা হত। তুলা, সরষে, পান, সুপারি, আম, কাঁঠাল, নারকেল, কলা, লেবু প্রভৃতি নানারকম ফলের চাষ হত। এ ছাড়া লবঙ্গ, দারুচিনি ও লঙ্কার চাষ হত। উত্তর বাংলায় বিখ্যাত পুন্ড্রী আখের চাষ হত—যা থেকে তৈরী হত উৎকৃষ্টমানের চিনি। সেই সময় বাংলাদেশে উচ্চমানের তুলা উৎপাদিত হত। পর্যটক মার্কোপোলো বাংলার উঁচুমানের তুলার কথা বলেছেন। চর্যাপদেও তুলাচাষের উল্লেখ আছে। চর্যাপদে রেশমের গুটিপোকার উল্লেখ থেকে রেশম উৎপাদনের কথা জানা যায়।

অর্থনৈতিক অবস্থা—কৃষি

পাল আমলে বাংলাদেশে প্রচুর খনিজ দ্রব্যের উৎপাদন হত। দক্ষিণ মেদিনীপুরের

দাঁতন বা তৎকালের দন্তভুক্তি সমুদ্রের জল থেকে লবণ তৈরির জন্য বিখ্যাত ছিল। বাঁকুড়া, বীরভূম ও রাঢ়দেশে প্রচুর লোহা পাওয়া যেত। লোহা গলানোর পদ্ধতিও সেই সময় জানা ছিল। বাংলার উৎপাদিত ইস্পাত দিয়ে দুই দিকে ধারাল তরবারি তৈরী হত। সুবর্ণরেখা অঞ্চলে তামার খনি ছিল। বাংলার সুতীবস্ত্রের খ্যাতি ছিল সর্বাধিক। বাংলার মিহি সুতার কাপড় প্রশংসা পেয়েছে আরব ও চীনা পর্যটকদের কাছে। এ ছাড়া সাধারণের ব্যবহারের জন্য প্রচুর মোটা কাপড়ও তৈরী হত। চর্যাপদে তাঁতশিল্পের উল্লেখ আছে। এ ছাড়া চিনিশিল্প বাংলার অন্যতম শিল্প। ভারতের বিভিন্ন অঞ্চলে, সিংহল, আরবদেশ ও পারস্যে গুড় ও চিনি রপ্তানি করা হত। বাংলা থেকে ভারতের অন্যান্য অঞ্চলে লবণও রপ্তানি করা হত। এ ছাড়াও স্বর্ণকার, কামার, কুমোর, ছুতোর নানা রকমের সোনার গহনা, অস্ত্র, মাটির জিনিস, কাঠের জিনিস তৈরী করত। সেই যুগে তন্তুবায়, গন্ধবণিক, স্বর্ণকার, কর্মকার, কুমোর, কাংস্যকার, মালাকার প্রভৃতি কারিগরেরা নিজেদের সংঘ স্থাপন করত। পাল-সেন যুগে বাংলার বাণিজ্য খুব একটা সফল ছিল না। সেই যুগে স্বর্ণমুদ্রার চলন ছিল না। রূপা ও তামার মুদ্রার সংখ্যা বেশী না হওয়ায় ব্যবসা-বাণিজ্যে বাধা পড়ে। সেনযুগে রূপার মুদ্রাও লোপ পায়। মুদ্রাসংকট ও রাজনৈতিক অস্থিরতার জন্য বহির্বাণিজ্য হ্রাস পায়। তাম্রলিপ্ত ও সপ্তগ্রাম ছিল বিদেশী বাণিজ্যের প্রধান বন্দর।

শিল্প ও বাণিজ্য

পালযুগের সভ্যতা ও সংস্কৃতির প্রাণ ছিল বাংলাদেশ। এই যুগে বাঙ্গালীর মনীষা নিজস্ব বৈশিষ্ট্যলাভ করেছিল। বাংলাদেশে এর পূর্ব থেকেই সংস্কৃতে সাহিত্য-রচনার গৌড়মার্গ বা গৌড়ীয় রীতির উল্লেখ আছে। পালযুগে বাংলায় সংস্কৃত-রচনার ঐতিহ্য আরও পুষ্ট হয়েছিল। তখনকার বহু তাম্রশাসনে বৈদিক সাহিত্য, মীমাংসা, ব্যাকরণ, তর্ক, বেদান্ত ও প্রমাণ শাস্ত্রে বিভিন্ন ব্যক্তির পাণ্ডিত্যের প্রমাণ আছে। বিখ্যাত "গৌড়পাদকারিকা" গ্রন্থের রচয়িতা গৌড়পাদ বোধ হয় বাঙ্গালী ছিলেন। গৌড়াচার্য নামে এই পণ্ডিত শংকরাচার্যের গুরুর গুরু ছিলেন। রাজপুরুষদের মধ্যে দেবপালের মন্ত্রী দর্ভপানি ও কেদার মিশ্র ও ভবদেব ভট্টের নাম উল্লেখযোগ্য। গৌড় অভিনন্দকৃত 'কাদম্বরী কথাসার' কাব্য নবম শতাব্দীতে রচিত। রামপালের সভাকবি সন্ধ্যাকর নন্দী'র 'রামচরিত' কাব্য এই যুগেই রচিত। চরক ও সুশ্রুতের টীকাকার চক্রপাণি দত্ত বাঙ্গালী ছিলেন। জীমূতবাহন তাঁর "দায়ভাগ" গ্রন্থ এই সময় রচনা করেন। প্রসিদ্ধ বাঙ্গালী দার্শনিক ছিলেন 'ন্যায়কন্দলী' রচয়িতা শ্রীধর ভট্ট।

পালযুগের সংস্কৃত-সাহিত্য

বাংলাভাষার সবচেয়ে প্রাচীন নিদর্শন পাওয়া পায় পালযুগে। প্রাচীন বৌদ্ধ চর্যাপদ আবিষ্কার করেন পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী। পালযুগে লুইপাদ ও কাহ্নপাদ প্রভৃতি বৌদ্ধগুরুদের লেখা চর্যাপদ বাংলা রচনার সবচেয়ে পুরানো নমুনা। পালযুগের রাজাদের শ্রদ্ধায় ও দানে বৌদ্ধধর্ম ও দর্শনের প্রতিষ্ঠা হয়েছিল। নালন্দা মহাবিহার তাঁদের দানে সমৃদ্ধ হয়েছিল।

চর্যাপদ

বৌদ্ধ শিক্ষালয় ও পণ্ডিতরা

ওদন্তপুরী, সোমপুর ও বিক্রমশীলা মহাবিহার ও বিশ্ববিদ্যালয়গুলি পালযুগেই প্রতিষ্ঠিত হয়েছিল। রাজসাহী জেলার পাহাড়পুরে ছিল সোমপুর বিহার। বিক্রমশীলা মহাবিহার নির্মিত হয়েছিল ভাগলপুরের কাছে গঙ্গার ধারে এবং সেখানে ১০৭টি মন্দির ও ২টি মহাবিদ্যালয় ছিল। বুদ্ধ জ্ঞানপাদ এর প্রধান আচার্য ছিলেন। তান্ত্রিক বৌদ্ধধর্ম, ন্যায়, ব্যাকরণ, তর্কশাস্ত্র ইত্যাদির এখানে পঠন-পাঠন হত। কমলশীল, রাহুলভদ্র, কল্যাণরক্ষিত, প্রভাকর, পূর্ণবর্ধন, বুদ্ধশান্তি প্রমুখ পণ্ডিত এখানে অধ্যাপনা করতেন। বিক্রমশীলা'র পণ্ডিতদের মধ্যে দীপঙ্কর শ্রীজ্ঞান (অতীশ) চিরস্মরণীয় হয়ে আছেন। অতীশ বাংলার ঢাকা বিক্রমপুরে জন্মগ্রহণ করেন। অতীশের পিতা ছিলেন কল্যাণশ্রী, মাতা প্রভাবতী। অতীশ ছিলেন দার্শনিক জেতারির ছাত্র ও বিক্রমশীলা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। অতীশ ১৯ বছর বয়সে সন্ন্যাস নেন ও ওদন্তপুরী বিহারের স্থবির শীল রক্ষিতের শিষ্যত্ব গ্রহণ করেন। তিনি চন্দ্রাকীর্তি, ধর্মরক্ষিতেরও কাছে দর্শনে শিক্ষা নেন। পরে তিনি তিব্বতের রাজার অনুরোধে তিব্বত গিয়েছিলেন। সেইখানেই দেহত্যাগ করেন।

অতীশ দীপঙ্কর

সেনযুগের সাহিত্য

সেনযুগে বাংলাদেশে সংস্কৃত-সাহিত্যে সোনার ফসল উঠে। সেনরাজারা ব্রাহ্মণ্যধর্মের অনুরাগী ছিলেন। তাই এই যুগের সাহিত্য প্রধানত জ্যোতিষ, মীমাংসা ও ধর্মবিষয়ক। তবে কাব্য এবং নাটকও কম ছিল না। শাস্ত্রজ্ঞ পণ্ডিতদের মধ্যে ভবদেব ভট্ট ও গোবর্ধন ছিলেন প্রধান। দার্শনিকদের মধ্যে প্রধান ছিলেন কুমারিল ভট্ট। সেনরাজা বল্লালসেন চারটি গ্রন্থ রচনা করেন—'দানসাগর', 'প্রতিষ্ঠাসাগর', 'আচারসাগর' ও 'অদ্ভুতসাগর'। হলায়ুধ রচনা করেন "ব্রাহ্মণসর্বস্ব" ও মীমাংসাসর্বস্ব"। সেনযুগে পাঁচজন কবি বিখ্যাত হয়ে আছেন—শরণ, ধোয়ী, উমাপতিধর, গোবর্ধন ও জয়দেব। মেঘদূতের অনুকরণে ধোয়ী 'পবনদূত' কাব্য রচনা করেন। জয়দেব-রচিত "গীতগোবিন্দ" এই যুগের সর্বশ্রেষ্ঠ কাব্য। এই কাব্য ভারতের বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে।

পালযুগে স্থাপত্য ও ভাস্কর্য

পালযুগে স্থাপত্য, ভাস্কর্য, চিত্রশিল্পেও প্রভূত উন্নতি লক্ষ্য করা যায়। মন্দির, স্তূপ ও বিহারের যে ধ্বংসাবশেষ পাওয়া গেছে, তা থেকে বোঝা যায় যে, পাথর ও পোড়া-মাটির উপর কারুকার্যে বাংলার শিল্পরী যথেষ্ট কৃতিত্ব দেখিয়েছেন। পালযুগের শিল্পীদের মধ্যে সবচেয়ে বিখ্যাত হলেন ধীমান ও তাঁর পুত্র বীতপাল। পাথর ও ধাতুমূর্তি নির্মাণে এঁরা সিদ্ধহস্ত ছিলেন। বিভিন্ন শিলালিপি থেকে শঙ্খদাস, বিমলদাস, বিষ্ণুদাস, কর্মভদ্র প্রভৃতি শিল্পীর নাম দেখা

যায়। মানুষের মূর্তি-নির্মাণই ছিল পাল-ভাস্কর্যের প্রধান বিষয়বস্তু। মূর্তি-নির্মাণে নানা 'মুদ্রা' ও ভঙ্গিমা ব্যবহার করা হত। মহীপালের আমলের তৈরী বাঘাউরার বিষ্ণুমূর্তি ও তৃতীয় গোপালের রাজত্বকালের সদাশিব-মূর্তি পাল-ভাস্কর্যের উৎকৃষ্ট নিদর্শন। সেই যুগে মাটির তৈরী মূর্তিতেই লোক-শিল্পের বিকাশ ঘটেছিল। পাহাড়পুর ও ময়নামতীর মৃৎশিল্পে জীবনের নানা দিক ভাস্কর্যে রূপায়িত করা হত। দেবদেবীকে শিল্পের বিষয়বস্তু না করে সাধারণ মানুষের জীবনযাত্রা শিল্পে রূপ দেওয়া হত। পালযুগের চিত্রকলার পরিচয় আছে এশিয়াটিক সোসাইটি ও কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে রক্ষিত কয়েকটি চিত্রে। বজ্রযান ও তন্ত্রযান ধর্মমতকে বিষয়বস্তু করে চিত্রগুলি অঙ্কিত হয়েছে। পালযুগের স্থাপত্যের কোন চিহ্ন এখন প্রায় পাওয়া যায় না, কারণ কালের গ্রাসে সেইগুলি ধ্বংস হয়েছে। তবুও সোমপুর ও ওদন্তপুর বিহারের ভুবন বিখ্যাত স্থাপত্যের কথা এখনও শোনা যায়। বাংলাদেশের রাজসাহী জেলার পাহাড়পুরে খননের ফলে সোমপুরী বিহারের ধ্বংসস্তূপ আবিষ্কৃত হয়েছে। সোমপুরী বিহারের ভিত ছিল ১০০ বর্গফুট, কক্ষ ছিল ১৮০টি। কক্ষের চারিদিকে ছিল অলিন্দ। তারপর ছিল বিশাল অঙ্গন। এই অঙ্গনের মাঝখানে ছিল প্রধান মন্দির। ডঃ নীহাররঞ্জন রায়ের মতে সোমপুরের বিহার ছিল "প্রাচীন বাংলার স্থাপত্য-শিল্পের বিস্ময়"। সেনযুগের স্থাপত্যের কোন বিশেষ নিদর্শন পাওয়া যায় না। সুন্দরবনের 'জটার দেউল' ও বাঁকুড়ার 'বহুলারার' মন্দির সেনযুগে নির্মিত। সেনযুগে মূর্তিনির্মাণে অষ্টধাতু ও কষ্টিপাথর ব্যবহার করা হত। দেবদেবীর মূর্তিতে মানুষের কামনা-বাসনার প্রতিফলন ছিল বলে পণ্ডিতরা মনে করেন। সেন-রাজত্বকালে শ্রেষ্ঠ শিল্পী ছিলেন শূলপাণি।

পালযুগের স্থাপত্য ও ভাস্কর্য

দক্ষিণ ভারতের সামাজিক, অর্থ নৈতিক ও সাংস্কৃতিক জীবন (Social Economic and Cultural Life of Deccan) :

ভৌগোলিক ও রাজনৈতিক দিক থেকে দক্ষিণ ভারতকে দুটো পৃথকভাগে ভাগ করা যায়—বিন্ধ্যপর্বত থেকে কৃষ্ণা ও তুঙ্গভদ্রা নদী অঞ্চল পর্যন্ত দক্ষিণ ও তার দক্ষিণ অঞ্চলকে সুদূর দক্ষিণ বলা হয়। আর্য-সভ্যতা দক্ষিণ ভারতে প্রবেশের পূর্বে এই অঞ্চলে দ্রাবিড়-সভ্যতার একাধিপত্য ছিল। মাতৃপূজা, প্রকৃতিপূজা, ছিল দ্রাবিড়দের

পূজা-পদ্ধতির বৈশিষ্ট্য। বৈদিক যুগের শেষদিক থেকে দাক্ষিণাত্যে আর্য-সভ্যতা বিস্তার লাভ করে। দক্ষিণ-ভারতের সমাজ-ব্যবস্থায় সমাজের উঁচুশ্রেণীর মানুষের মধ্যে আর্য-প্রভাব বেশী পড়েছিল। আর্য-প্রভাবে দক্ষিণী সমাজে ব্রাহ্মণরা সর্বোচ্চ সম্মানের অধিকারী হয়। তবে দক্ষিণের মানুষরা নিজেদের সংস্কৃতিকে আঁকড়ে থেকেছে। আর্য সভ্যতা উঁচুস্তরের মানুষকে প্রভাবিত করলেও নীচুস্তরের মানুষ ততটা প্রভাবিত হয়নি।

আর্য-সভ্যতার বিস্তৃতি

সামাজিক সম্পর্কের ক্ষেত্রে বর্ণসচেতনতা প্রবল হয়ে উঠেছিল। সমাজে অন্যদের চেয়ে ব্রাহ্মণদের সম্মান ছিল বেশী। দক্ষিণ-ভারতের ব্রাহ্মণরা একই সঙ্গে সামাজিক মর্যাদা ও আর্থিক ক্ষমতার অধিকারী ছিলেন ; —তারা কর থেকে অব্যাহতি পেতেন, অনেকের জমি ছিল ও সর্বোপরি তাদের পিছনে ছিল জনসমর্থন। দক্ষিণ ভারতে অব্রাহ্মণদের তালিকায় ক্ষত্রিয় ও বৈশ্যদের উল্লেখ কম। বেশী দেখা যায় শূদ্রদের—এরাও আবার দু'ভাগে বিভক্ত ছিল—যে শূদ্রদের স্পর্শ দূষণীয় নয় ও যারা অস্পৃশ্য এবং যারা মন্দিরে ঢুকতে পারত না। অনুমান করা হয়, ব্রাহ্মণরাই ছিল সব ক্ষমতার অধিকারী। যোদ্ধাদের 'এনাদি' বলা হত ও বেসামরিক রাজকর্মচারীদের নিয়ে গঠিত একশ্রেণীর মানুষকে "বল্লাল" বলা হত। এঁরা ছিলেন গ্রামের বিত্তশালী শ্রেণীর কৃষক ও চতুর্থ বর্ণের মানুষ। শাসকশ্রেণী 'আদসার'দের সঙ্গে বল্লালদের সামাজিক মেলামেশায় বাধা ছিল না। সম্পদভিত্তিক সামাজিক প্রভেদ থাকলেও দক্ষিণ ভারতে জন্মভিত্তিক জাতিভেদ প্রথা ছিল না। আর্থিক মর্যাদা অনুসারে বর্ণমর্যাদার পরিবর্তনও হত।

সামাজিক বিভাগ

সমাজে ক্রীতদাস-প্রথার প্রচলন ছিল। স্ত্রী-পুরুষ নিজেরাও নিজেদের বিক্রি করত। সমাজে নারীরা সম্মানের পাত্রী ছিল। দেশের শাসনকাজে প্রয়োজনে নারীরা অংশগ্রহণ করত। মল্লযুদ্ধ, নৃত্য, শিল্প ও সঙ্গীতেও নারীরা পারদর্শিতা দেখাত। পুরুষদের মধ্যে বহুবিবাহ ও সমাজে সতীদাহ-প্রথা প্রচলন ছিল।

ক্রীতদাস-প্রথা ও নারীর স্থান

আর্যসভ্যতার বিস্তারের ফলে দক্ষিণ ভারতের ধর্মব্যবস্থাতেও পরিবর্তন দেখা দেয়। ব্রাহ্মণ্যধর্মের প্রভাব লক্ষ্য করা যায়। এছাড়াও জৈন ও বৌদ্ধধর্মও দক্ষিণ ভারতে জনপ্রিয়তা অর্জন করে। বৌদ্ধ ও জৈনদের বহু বিহার ও স্তূপ এই সময়ে নির্মিত হয়েছিল। অবশেষে শৈব ও বৈষ্ণব ধর্মের প্রভাবে বৌদ্ধ ও জৈন ধর্মের প্রভাব হ্রাস পায়। "নায়নার" নামে শৈব সাধু ও "আলবার" নামে বৈষ্ণব সাধুরা বহু জনপ্রিয় ধর্মসঙ্গীত রচনা করেন। পল্লব, রাষ্ট্রকূট ও চালুক্যদের আমলে এইসব সাধু ও তাদের সম্প্রদায়ের প্রভাব ছিল যথেষ্ট। দক্ষিণে ভারতে হিন্দুধর্মের প্রতিষ্ঠায় শঙ্করাচার্য, কুমারিল ভট্ট, রামানুজের নাম উল্লেখযোগ্য। শঙ্করাচার্য ছিলেন কেরালার মানুষ, বৈদান্তিক ও অদ্বৈতবাদী। ঈশ্বর এক ও অদ্বিতীয় বলে তিনি, হিমালয় থেকে কন্যাকুমারিকা পর্যন্ত প্রচার করেন। তাঁর প্রচারিত ধর্মমত পরে ভক্তিবাদে পরিণত হয়।

ধর্ম

এই সময়ে দাক্ষিণাত্যে রাজাই ছিলেন জমির মালিক। প্রজাস্বত্ব ছিল দু'ধরনের—জমির সমবেত মালিকানার ব্যবস্থা ছিল ও ব্যক্তিগত মালিকানাও ছিল। কৃষকরা রাজকর্মচারীর কাছে বা মন্দিরে কর জমা দিত। খাজনার পরিমাণ পূর্বনির্ধারিত থাকত, উদ্বৃত্ত অংশ কৃষক নিজে ভোগ করত। জমির মালিক ও করদাতাদের সঙ্গে সাধারণ চাষীর, অর্থাৎ যারা অর্থের বিনিময়ে জমিতে কাজ করত, প্রচুর পার্থক্য ছিল। সাধারণ চাষী গ্রামসভার সদস্য হতে পারত না ও স্থানীয় শাসনে কোন গুরুত্বপূর্ণ পদলাভ করতে পারত না। ভূমিহীন কৃষকদের অবস্থা প্রায় কৃষকদের মতই ছিল। গ্রামগুলি ছিল আর্থিকভাবে স্বনির্ভর। প্রয়োজনীয় খাদ্য ও বস্ত্র উৎপাদিত হত। কারিগররা অন্যান্য প্রয়োজনীয় জিনিস তৈরী করত। বহির্বাণিজ্যের প্রসার এই সময়েই ঘটে। পূর্ব-উপকূলের মহাবলীপুরম্, কাবেরীপত্তনম্, শালিয়ুর ও কোরকাই বন্দর ও মালাবার উপকূলের কুইলন বহির্বাণিজ্যের প্রধান কেন্দ্র ছিল। চীনের সঙ্গে বাণিজ্যের প্রসার ঘটে। দক্ষিণ ভারত থেকে বস্ত্র, ওষুধ, দামী পাথর, হাতির দাঁত, আবলুস কাঠ ও কর্পূর চীনে রপ্তানি হত। বৈদেশিক বাণিজ্যের প্রসারের ফলে দেশে উৎপাদনে উৎসাহের সৃষ্টি হল। হাতি, ঘোড়া, মসলা, গন্ধদ্রব্য, দামী পাথর ইত্যাদি নিয়ে প্রচুর ব্যবসা হত। বাণিজ্য নিয়ন্ত্রণ করত ব্যবসায়ীদের সমবায় সংঘগুলি।

অর্থনৈতিক অবস্থা

সপ্তম থেকে দ্বাদশ শতাব্দীর মধ্যে সংস্কৃতই ছিল দক্ষিণ ভারতের শিক্ষার মাধ্যম। সাহিত্যের ভাষা হিসাবেও সংস্কৃতের ব্যবহার শুরু হয়। দাক্ষিণাত্যের দুটি উল্লেখযোগ্য বই হল ভারবি'র "কিরাতার্জুনীয়" ও দণ্ডিনের "দশকুমার-চরিত।" রাষ্ট্রকূটরাজ আমোঘবর্ষ ছিলেন একজন কবি। তাঁরা রচিত "কবিরাজমার্গ" বিখ্যাত গ্রন্থ। জীনসেন, মহাবীরাচার্য ও শক্তায়ন প্রমুখ হিন্দু ও জৈন পণ্ডিত রাষ্ট্রকূট রাজসভা অলংকৃত করেছিলেন। পল্লবরা ছিলেন সংস্কৃতের পৃষ্ঠপোষক। পল্লব রাজধানী কাঞ্চী ছিল সংস্কৃতচর্চার প্রধান কেন্দ্র। চোল-রাজধানী তাঞ্জোরও সংস্কৃতচর্চার কেন্দ্রে পরিণত হয়। শঙ্করাচার্য ও রামানুজ সংস্কৃতভাষায় তাঁদের ধর্মমত প্রচার করেন।

সংস্কৃত সাহিত্য

দাক্ষিণাত্যের আদিভাষা ছিল তামিল। দাক্ষিণাত্যের নতুন সাহিত্য তামিল ও কানাড়া ভাষায় লেখা হতে থাকে। বাদামীর চালুক্যরাজের সপ্তম শতকের এক শিলালিপিতে কানাড়া ভাষাকে স্থানীয় প্রচলিত ভাষা বলা হয়েছে। তামিল ভাষায় ছোট কবিতা ও মহাকাব্য দুই-ই লেখা হয়েছে। জৈনধর্মের দ্বারা অনুপ্রাণিত কবিতা লেখা হত ও আবৃত্তি করা হত—যেমন "কুরাল" ও "নালাদিয়ার।" তারপর এল দুটি তামিল মহাকাব্য—"শিলপ্পাদীগরম" ও "মনিমেগলাই"। একদল ধর্মপ্রচারক স্তবগানের মাধ্যমে তামিল ভাষার চর্চার প্রসার ঘটালেন। কানাড়া ভাষা মহীশূর অঞ্চলে জৈন সাধুদের সমর্থনে প্রচলিত হয়। 'লিঙ্গায়েত' বা শৈব মত প্রচারের ভাষা ছিল কানাড়া। নবম শতকে অন্ধ্র অঞ্চলে গড়ে উঠল তেলেগু ভাষা ও পশ্চিম দাক্ষিণাত্যে মারাঠী ভাষা।

তামিল, কানাড়া ও তেলগু ভাষা

স্থাপত্য ও ভাস্কর্যে দক্ষিণ ভারতের বৈভব বিপুল, বিস্ময়কর ও অপরিমিত। গুপ্ত-যুগের পর ভারতে তিনটি শিল্পধারার সৃষ্টি হয়—উত্তর ভারতীয়, উৎকল ও দক্ষিণী। উড়িষ্যার শিল্পরীতির বিকাশ ঘটে নবম থেকে ত্রয়োদশ শতাব্দীর মধ্যে। উড়িষ্যার মন্দির-শিল্প ছিল বৈশিষ্ট্যপূর্ণ। ভুবনেশ্বরের 'লিঙ্গরাজ' ও 'রাজারানী' মন্দির, পুরীর 'জগন্নাথের মন্দির' ও কোনারকের 'সূর্যমন্দির' এই মন্দিরগুলির মধ্যে বিখ্যাত। উড়িষ্যার মন্দির-শিল্পের বৈশিষ্ট্য হল মন্দির-শিখর বা চূড়ার উপর একটি কলস স্থাপন করা। মন্দিরের সামনের দিকে থাকে নাট-মন্দির বা সভাগৃহ। উত্তর ভারতীয় রীতিতে মন্দিরচূড়া হয় গম্বুজাকৃতি এবং সর্বোচ্চ চূড়া হয় তীক্ষ্ণ। দক্ষিণ ভারতীয় মন্দির-তৈরীশৈলীও ছিল বৈশিষ্ট্যপূর্ণ। পল্লবযুগের অবদান এই ক্ষেত্রে স্মরণীয়। উত্তর ভারতের প্রস্তরশিল্পের বৈশিষ্ট্য পল্লবরা দাক্ষিণাত্যে নিয়ে আসেন। অমরাবতীর শিল্পরীতিতে তৈরী হয় পল্লবযুগের 'সবমন্দির'। পল্লব-যুগের যে শিল্প আজও বিস্ময়ের সৃষ্টি করে, তার মধ্যে আছে কাঞ্চীর অপরূপ স্তম্ভ ও তোরণসমেত শৈব ও বিষ্ণুর মন্দির-সমূহ, মহাবলীপুরমের পাহাড় কেটে তৈরী মন্দির, সপ্তরথ, ভাস্কর্যে গঙ্গাবতরণ, নরনারী ও জীবজন্তুর অপূর্ব সুন্দর জীবন্ত শিল্পমূর্তি। পাহাড় কেটে গুহানির্মাণ এবং গুহার ভিতর তিনকোণা স্তম্ভ ও নানা নক্শার কাজ পল্লবযুগের বৈশিষ্ট্যের অন্যতম।

বিভিন্ন শিল্প-রীতি

পল্লব-রীতি



কৈলাসনাথের মন্দির

চালুক্যের রাজনীতি লোকে বিস্মৃত হলেও চালুক্য-শাসনকালে শিল্পকীর্তি অক্ষয় হয়ে থাকবে। বাদামীর বিখ্যাত গুহামন্দিরগুলির স্থাপত্যগুণ সম্পর্কে শিল্পরসিকদের মধ্যে কোনও মতভেদ নেই। আইহোল নামক স্থানের গোলাকৃতি দুর্গামন্দির শিল্পরীতিতে বিশিষ্ট। চালুক্য-শাসন-কালে অজন্তার গুহাচিত্রগুলির অনেকগুলি অঙ্কিত হয়েছিল। রাষ্ট্রকূটদের শিল্পকীর্তিও

চালুক্য ও রাষ্ট্রকূট রীতি

অবিস্মরণীয়। ইলোরার জগদ্বিখ্যাত 'কৈলাসনাথের মন্দির' ইতিহাস কখনও ভুলতে পারবে না। এই মন্দিরে হিন্দুদের পুরাণ-কাহিনীর বিপুল সম্ভার পাথর, কাঠ, তামা, ব্রোঞ্জ প্রভৃতি উপাদানে নির্মিত বিভিন্ন মূর্তিতে যেভাবে প্রকাশিত হয়েছে, তা বিস্ময়কর।

মন্দির-স্থাপত্যের পূর্ণ হিন্দুরূপ দেখা যায় চোলদের রাজত্বকালে। ভারতীয় শিল্পীমন চোলযুগে যেন নিজস্ব চেতনায় উদ্বুদ্ধ হয়ে সুবিশাল ও অলঙ্কারবহুল আতিশয্যে নিজেকে প্রকাশ করেছিল। পল্লবশিল্পে স্বল্প-আয়তন স্থাপত্যের সুষমা লক্ষ্য করা গেছে। চোলযুগে আকাশচুম্বী বিশালকায় মন্দির ও মন্দির-তোরণ বা গোপুরম্ শোভা বৃদ্ধি করেছে। যে মন্দিরে দেবতা থাকবেন, তার আকৃতি ক্ষুদ্র, কিন্তু মন্দিরকে কেন্দ্র করে রয়েছে সুবিশাল প্রাঙ্গণ, গোপুরম্, নাটমন্দির, জলাশয়। অজস্র প্রস্তরমূর্তি ও সূক্ষ্ম কারু-কার্যের ঐশ্বর্য চারিদিকে ছড়িয়ে আছে। চোলযুগে পাহাড়-কাটা মন্দিরের চেয়ে সমতল জমির উপর খাড়া-মন্দির নির্মাণের চেষ্টাই বেশী দেখা যায়। মন্দিরের গর্ভগৃহ নির্মাণের উপর চোলরা গুরুত্ব দিত। গর্ভগৃহের বাইরে উপরের দিকে উঁচু পিরামিডের মত শিখর নির্মাণ করা হত। শিখরের উচ্চতা হত মন্দিরের আয়তন অনুসারে। মন্দিরের চারদিকেই দেওয়ালবেষ্টিত প্রাঙ্গণ থাকত। তাঞ্জোর, গঙ্গইকোণ্ডচোলপুরম্, চিদাম্বরম্, ত্রিচিণপল্লী এবং মাদুরার মন্দিরে ও সেইসব জায়গার ভাস্কর্যের যে স্বাক্ষর আছে, তা ইতিহাসে অম্লান থাকবে। চোল-রাজারা পূর্তকাজের জন্য বিখ্যাত ছিলেন, তারা জলসেচের ব্যবস্থা, কাবেরী নদীর খাল খনন ও গঙ্গইকোণ্ডচোলপুরম্-এ নতুন রাজধানী স্থাপন করেন। ভারতীয় স্থাপত্যের বিখ্যাত ঐতিহাসিক ফার্গুসন মন্তব্য করেছেন যে, চোলশিল্পের পরিকল্পনা করেছেন যেন অতিমানুষেরা; তাকে ভূষিত করেছে মণিকারের দল। চোলযুগের ব্রোঞ্জভাস্কর্যের কারিগররা বেশী নৈপুণ্য দেখিয়েছেন—তাঁদের নির্মিত মূর্তিগুলির সঙ্গে পৃথিবীর যে-কোনও ভাস্কর্য তুলনা করা যায়।

অজন্তার গুহাচিত্র (ইলোরা)

চোল-রীতি

নটরাজ-মূর্তি

পরবর্তী চালুক্য ও হোয়সলদের আমলে মন্দিরের পরিকল্পনার মধ্যে নতুনত্ব দেখা দিল। হালেবিড়, বেলুড়, সোমনাথপুরের হোয়সল-মন্দিরগুলিতে এই ব্যতিক্রম দেখা

যায়। মন্দিরের ভিত্তিভূমি আগেকার মত আয়তক্ষেত্রাকার না হয়ে বহুভুজাকৃতি হয়েছে। তার মধ্যেই গর্ভগৃহ ও অন্যান্য কক্ষ ইত্যাদি ছিল। বড় মন্দিরগুলিতে উঁচু স্তম্ভ ও শিখর থাকত না বলে মন্দিরগুলির উচ্চতা কম দেখাত। বাইরের সাজসজ্জা ছিল মন্দিরের গায়ে সমান্তরাল কয়েকটি অলংকরণ। পশু, ফুল, নর্তকী, গায়ক, যুদ্ধের দৃশ্য ও ধর্মীয় দৃশ্যকে অলংকরণ করা হত।

পরবর্তী রীতি

[খ] বহির্জগতের সঙ্গে ভারতবর্ষের বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ

(Commercial and Cultural Contacts with Outside World)

বাইরের পৃথিবীর সঙ্গে ভারতের অতি প্রাচীনকাল থেকে যোগাযোগ ছিল। অতি প্রাচীনকাল থেকে ব্যাবিলনের সঙ্গে এদেশের বাণিজ্য-সম্পর্ক ছিল। খ্রীষ্টজন্মের কয়েক শতাব্দী পূর্ব থেকে ভারতবর্ষের সংস্কৃতি ও প্রভাব একদিকে মধ্য ও পশ্চিম এশিয়াতে, অন্যদিকে প্রশান্ত মহাসাগরের বিভিন্ন দ্বীপ-উপদ্বীপে যে ছড়িয়ে পড়েছিল, তা ইতিহাসে উল্লেখ আছে। আরব, মিশর, রোম, মধ্য এশিয়া, চীন, মালয় প্রভৃতি অঞ্চলে স্থলপথে ও জলপথে ভারতের বাণিজ্য ছড়িয়ে পড়ে। অশোক বৌদ্ধধর্ম প্রচারের জন্য তাঁর ধর্মপ্রচারকদের পাঠিয়েছিলেন সিংহলে, পশ্চিম এশিয়ার বিভিন্ন প্রান্তে, এমন কি এণ্টিয়োক, আলেকজান্দ্রিয়া প্রভৃতি প্রসিদ্ধ নগরে। এই ধর্মপ্রচারের ফলাফল সঠিক জানা যায় না। কিন্তু ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত-অঞ্চলে ও তার পরে ব্যাকৃট্রিয় গ্রীক রাজ্যগুলিতেও এর প্রভাব যে পড়েছিল, তার প্রমাণ পাওয়া যায় "মিলিন্দ-পন্হো" নামক গ্রন্থে।

প্রাচীন ভারতের বৈদেশিক যোগাযোগ

মধ্য এশিয়া (Central Asia): কুষান-সাম্রাজ্য প্রতিষ্ঠিত হওয়ার সঙ্গে সঙ্গে ভারতের ধর্ম ও চিন্তাধারা মধ্য এশিয়ায় ছড়িয়ে পড়ার সম্ভাবনা দেখা দেয়। কনিষ্ক মহাযান বৌদ্ধমতের অনুরাগী ছিলেন বলে ভারতের বাইরে যেখানে তাঁর সাম্রাজ্য বিস্তৃত ছিল, সেখানে মহাযান-মতের প্রচার সহজ হয়ে যায়। মধ্য এশিয়ার মরু-অঞ্চলে অরেল্‌স্টাইন প্রমুখ পণ্ডিত খনন করে ভারতীয় নগরের কিছু ধ্বংসাবশেষ আবিষ্কার করেছেন। খোটান, কাশগড়, সমরখন্দ প্রভৃতি ইতিহাসবিখ্যাত স্থানগুলিতে ভারতীয় ধর্ম ও সংস্কৃতির বহু চিহ্ন পাওয়া গেছে। বৌদ্ধ বিহারের ধ্বংসাবশেষ, বহু স্তূপ, বৌদ্ধ ও হিন্দু দেবদেবীর মূর্তি, ছবি, পুঁথিপত্র, প্রাকৃত ও সংস্কৃত ভাষায় লিখিত গ্রন্থ পর্যন্ত পাওয়া গেছে। অরেল্‌স্টাইন মন্তব্য করেছেন যে, তাঁর মনে হচ্ছিল তিনি যেন পাঞ্জাবের কোন প্রাচীন শহরে আছেন। হিউয়েন-সাঙ ঐসব অঞ্চলে বৌদ্ধধর্ম ও ভারতীয় সংস্কৃতির প্রভাব লক্ষ্য করেছেন। ফা-হিয়েন ও হিউয়েন-সাঙ উভয়েই খোটানে বৌদ্ধধর্মের প্রভাবের কথা উল্লেখ

কুষান-যুগ থেকে মধ্য এশিয়ার সঙ্গে যোগাযোগ

চীনা পর্যটকদের মন্তব্য

করেছেন। ফা-হিয়েন 'গোমতী বিহার' নামে এক বিরাট বৌদ্ধমঠের বর্ণনা দিয়েছেন। হিউয়েন-সাঙ বলেছেন যে, তিনি ফেরার সময় খোটানের ভারতীয় রাজা বিজিত সিংহের



বহির্ভারতের সহিত ভারতের যোগাযোগ

আতিথ্য গ্রহণ করেছিলেন। মধ্য এশিয়ার দক্ষিণে খোটান ও উত্তরে কুচ এই অঞ্চলে ভারতীয় সংস্কৃতির প্রধান কেন্দ্র ছিল।

চীন (China) **:** কুষানযুগ থেকেই চীনের সঙ্গে ভারতের যোগাযোগ-ব্যবস্থা লক্ষ্য করা যায়। রাষ্ট্রদূত-বিনিময় হত দু'দেশের মধ্যে। এর চেয়েও গুরুত্বপূর্ণ হল বণিকদের যাতায়াত ও ধর্মীয় পণ্ডিত ও বিদ্বানদের মধ্যে যোগাযোগ। মহাপণ্ডিত কশ্যপমাতঙ্গ এবং ধর্মরত্ন যখন শকদের রাজত্বে ধর্মপ্রচারে গিয়েছিলেন, তখন আনুমানিক ৬৮ খ্রীষ্টাব্দে চীন-সম্রাটের দূতের সঙ্গে তাঁদের সাক্ষাৎ হয়েছিল। প্রসিদ্ধ পণ্ডিত কুমারজীব চীনা ভাষায় অশ্বঘোষ, নাগার্জুন ও বসুবন্ধুর রচনাবলী অনুবাদ করেন। এঁদের পথ অনুসরণ করে সংঘভূতি, বুদ্ধজীব, ধর্মমিত্র, ধর্মযশ প্রমুখ ভিক্ষু চীনে গিয়েছিলেন।

চীন-ভারত যোগাযোগ

বলা হয়, পঞ্চম শতকে কাশ্মীরের রাজকুমার গুণবর্মন যবদ্বীপে বৌদ্ধধর্ম-প্রচারে গেলে চীন-দেশের সম্রাট তাঁকে আমন্ত্রণ জানিয়েছিলেন। ফা-হিয়েন হিউয়েন-সাঙ, ইৎ-সিঙ প্রমুখ চীনা পরিব্রাজক দল এদেশে এসেছিলেন বৌদ্ধধর্ম ও আচার সম্পর্কে গবেষণার জন্য। হিউয়েন-সাঙ দেশে ফিরে ৭৪টি ভারতীয় গ্রন্থ চীনাভাষায় অনুবাদ করেন। ইৎ-সিঙ সপ্তম শতাব্দীতে নালন্দা বিশ্ববিদ্যালয়ে ১০ বছর শিক্ষা গ্রহণ করেছিলেন। ভারত থেকেও শত শত পণ্ডিত চীনদেশে বসবাস করেন এবং অধ্যয়ন ও অধ্যাপনায় জীবন কাটান। ভারতীয় সঙ্গীত, চিকিৎসা ও গণিতও চীনদেশে সমাদরের সঙ্গে গৃহীত হয়। উভয় দেশের মধ্যে বাণিজ্যিক সম্পর্কও দৃঢ়ভাবে স্থাপিত হয়। চীনদেশের রেশমের নানা জিনিসপত্র ভারতে পৌঁছতে শুরু করেছিল। উল্লেখযোগ্য যে চীন থেকে কোরিয়া এবং কোরিয়া থেকে জাপানে ভারতীয় ধর্ম প্রচারিত হয়।

তিব্বত (Tibet) **:** প্রাচীনকালে তিব্বত আমাদের কাছে অজ্ঞাত ছিল না। চীন থেকে নেপালে যাওয়ার রাস্তা ছিল তিব্বতের মধ্য দিয়ে। তিব্বতী ভাষায় লেখা পুঁথিতে উল্লেখ আছে যে এক ভারতীয় রাজকুমার তিব্বতের রাজবংশের প্রতিষ্ঠা করেন। সপ্তম শতকে হর্ষবর্ধনের সমসাময়িক তিব্বতের রাজা ছিলেন স্রং-সান্-গাম্পো। তিনিই তিব্বতে বৌদ্ধধর্ম প্রবর্তন করেন। বৌদ্ধ-চর্চা ও ভারতীয় লিপির চর্চা এর পর থেকে শুরু হয় এবং বহু মঠ ও মন্দির তিব্বতে নির্মিত হয়। বৌদ্ধ-ধর্ম ও দর্শন-শিক্ষার জন্য বহু তিব্বতী পণ্ডিত এদেশের নালন্দা, বিক্রমশীলা প্রভৃতি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা গ্রহণ করেন। বাংলার পাল রাজাদের সময়ে বাংলার পণ্ডিতরা তিব্বতে যান। বাংলার বিশিষ্ট বৌদ্ধশাস্ত্রজ্ঞ পণ্ডিত অতীশ দীপঙ্কর তিব্বতী রাজার আমন্ত্রণে তিব্বতে যান ও সেইখানেই দেহত্যাগ করেন। বৌদ্ধধর্মের অসংখ্য গ্রন্থ তিব্বতী ভাষায় অনুবাদ করা হয়েছিল। "তঞ্জুর" ও "কঞ্জুর" নামে দুটি সংগ্রহ-গ্রন্থ আজও আছে।

মধ্য এশিয়া, চীন ও তিব্বতের মধ্য দিয়ে ভারতীয় সংস্কৃতির প্রভাব মঙ্গোলিয়া, কোরিয়া ও জাপানে বিস্তৃত হয়েছিল। ইৎ-সিঙ-এর রচনা থেকে জানা যায় কোরিয়া থেকে পাঁচ জন পরিব্রাজক ভারত পরিভ্রমণে এসেছিলেন। শোনা যায় অষ্টম শতকের প্রথম দিকে দক্ষিণ ভারত থেকে বোধিসেন নামে এক বৌদ্ধ পণ্ডিত জাপানে গিয়েছিলেন। জাপানের সম্রাট তাঁকে সংবর্ধনা জানিয়ে বৌদ্ধ-সংঘের অধ্যক্ষপদে নিয়োগ করেছিলেন।

জাপান ও কোরিয়ার সঙ্গে যোগাযোগ

দক্ষিণ-পূর্ব এশিয়া (South East Asia)—**সুবর্ণভূমি** (Suvarnabhumi)**:** দক্ষিণ-পূর্ব এশিয়াতে মালয় উপদ্বীপ, সুমাত্রা, জাভা, বলী, বোর্নিও প্রভৃতি দ্বীপপুঞ্জ এবং অনাম, কম্বোডিয়া প্রভৃতি দেশগুলি 'সুবর্ণভূমি' নামে পরিচিত ছিল। খ্রীষ্টীয় দ্বিতীয় শতাব্দী থেকে বাংলা, কলিঙ্গ ও পূর্ব-উপকূলের বন্দরগুলি থেকে ভারতীয় বণিকের দল সমুদ্রপথে সুবর্ণভূমির দিকে যেত। ঐ অঞ্চলে মসলা ও খনিজ জিনিস প্রচুর পাওয়া যেত। ক্রমে সেখানে ভারতীয়দের বসবাস শুরু হয় ও উপনিবেশ গড়ে উঠে। বৌদ্ধ জাতক ও কথা-সরিৎ-সাগরে এইসব অভিযানের কথা উল্লেখ করা হয়েছে। ভাগ্যহত অনেক রাজবংশীয় ভাগ্য-পরিবর্তনের চেষ্টাতেও নাকি ঐ অঞ্চলে যেতেন। দ্বিতীয় ও পঞ্চম শতাব্দীর মধ্যে ভারতীয় নামে মালয়, কম্বোডিয়া, অনাম ও সুমাত্রা, বলী, জাভা, বোর্নিও প্রভৃতি দ্বীপে নানা রাজ্য স্থাপনের সংবাদ পাওয়া যায়। এইসব রাজবংশ সুবর্ণভূমিতে ভারতীয় সভ্যতা ও সংস্কৃতিকে প্রচারিত করেন। সাধারণত হিন্দু ব্রাহ্মণ্যধর্মই সেখানে প্রবল ছিল। শৈবদের কথাই বেশী শোনা যায়। প্রায় হাজার বছরের অধিককাল সুবর্ণভূমিতে ভারতীয় সভ্যতার ছাপ স্পষ্ট ছিল।

সুবর্ণভূমির সঙ্গে যোগাযোগ

কম্বোজ রাজ্য (Kamboj)**:** বর্তমান ইন্দোচীন অঞ্চলের কম্বোডিয়া নামক রাজ্যের প্রাচীন ভারতীয় নাম ছিল কম্বোজ। চীনারা বলত "ফু-নান।" প্রবাদ-কাহিনীতে বলা হয় যে, কৌণ্ডিন্য নামে এক ব্রাহ্মণ এখানে এসে নাগবংশীয় এক রাজকন্যাকে বিবাহ করে রাজবংশ প্রতিষ্ঠা করেন। খ্রীষ্টীয় প্রথম বা দ্বিতীয় শতাব্দীতে এই রাজত্ব প্রতিষ্ঠিত হয়েছিল। কৌণ্ডিন্যের উত্তরাধিকারীরা নিজেদের ক্ষত্রিয় বলে পরিচয় দিতেন; এবং "বর্মা" উপাধি গ্রহণ করতেন। চীনা ইতিবৃত্তে বলা হয়েছে, কৌণ্ডিন্য নামে এক ব্যক্তি "ফু-নান" রাজ্যের আইনকানুন স্থির করে দেন। কম্বোজের এই 'বর্মা' রাজবংশ প্রায় ৯০০ বছর রাজত্ব করেছিলেন। এই বংশের কৃতী রাজাদের মধ্যে জয়বর্মন, যশোবর্মন, সূর্যবর্মনের নাম উল্লেখযোগ্য। জয়বর্মন ও সূর্যবর্মনের রাজত্বকালে প্রতিবেশী রাজ্যগুলি কম্বোজের অন্তর্ভুক্ত হয়েছিল। মহাপতিবর্মন ছিলেন বংশের শ্রেষ্ঠ শাসক। সপ্তম জয়বর্মনের রাজত্বকালে কম্বোজ-রাজত্ব সবচেয়ে বিস্তারলাভ করেছিল।

কম্বোজে ভারতীয় সভ্যতা

কম্বোজ-রাজ্যে শৈবধর্মের প্রচলন ছিল। সেখানে সংস্কৃতভাষা শিক্ষার ব্যবস্থা ছিল। রাজা ভববর্মনের প্রশস্তি রচিত হয়েছিল কালিদাসের রঘুবংশমের অনুকরণে। কম্বোজের বর্মন রাজারা শিল্প ও স্থাপত্যের পৃষ্ঠপোষক ছিলেন। পল্লব-শিল্পের প্রভাব এই রাজ্যে দেখতে পাওয়া যায়। রাজা সূর্যবর্মন 'আঙ্কোরভাট' নামে এক অপরূপ বিষ্ণুমন্দির নির্মাণ করান। সমগ্র মন্দিরটি একটি পাথরের দেওয়াল দিয়ে ঘেরা। মন্দিরটি আধ মাইল চওড়া ও ⅔ মাইল লম্বা একটি প্রকাণ্ড সমতল বেদীর উপর প্রতিষ্ঠিত। সূক্ষ্ম ভাস্কর্য, অনুপাতবোধ, গঠন-সামঞ্জস্য ও বিচিত্র শিল্পসৌন্দর্যে এই মন্দির বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ সৌধসমূহের অন্যতম। কম্বোজ-রাজা যশোবর্মন আঙ্কোরথাম নামে একটি নগর নির্মাণ করান।

আঙ্কোরভাট ও আঙ্কোরথাম

এর তৎকালীন নাম ছিল যশোধরপুর। পল্লব-রীতিতে এই নগর নির্মিত হয়েছিল। নগরের চারদিকে পরিখা ছিল,—যা সেতুর সাহায্যে পার হতে হত ও প্রবেশের জন্য পাঁচটি তোরণও ছিল। নগরের মধ্যস্থলে পিরামিডের আকারে নির্মিত এক বিরাট



আঙ্কোরভাটের বিষ্ণুমন্দির

শিবমন্দির ছিল। এর চূড়া ছিল ৪০টি। প্রশস্ত রাজপথ, বিশাল তোরণ, অলিন্দ, বৃহৎ রাজপুরী, স্বচ্ছ পুষ্করিণী শহরের সৌন্দর্য বর্ধন করত। চীনা রাষ্ট্রদূত এই শহরের ভূয়সী প্রশংসা করে বিস্তৃত বিবরণ দিয়েছেন।

চম্পারাজ্য (Champa) **:** কম্বোজরাজ্যের পূর্বদিকে আর একটি হিন্দু রাজ্য ছিল, যার নাম চম্পা বা অনাম। দ্বিতীয় শতাব্দীতে এই অঞ্চলে পাণ্ডুরঙ্গ ও ভৃগু নামে দুটি রাজ্যের সংবাদ পাওয়া যায়। চম্পাতে ছিল বহু সমৃদ্ধিশালী নগর ও হিন্দু ও বৌদ্ধ মন্দির। ঈশ্বর-মূর্তি, হরিবর্মন, জয়সিংহবর্মন প্রমুখ পরাক্রমশালী রাজাদের শাসনে চম্পা'র অগ্রগতি প্রায় তের শ' বছর (১৫০—১৪৭১ খ্রীঃ) পর্যন্ত বজায় ছিল। চম্পাতে ব্রাহ্মণের সম্মান ছিল খুব উঁচুতে ও শিবের উপাসনা ছিল জনপ্রিয়। সংস্কৃতভাষা রাজকার্যের ভাষা ছিল। পঞ্চদশ শতকে প্রতিবেশী চীন ও মোঙ্গলদের আক্রমণে চম্পা তার স্বাধীনতা হারায়।

চম্পার হিন্দু-সংস্কৃতি

শৈলেন্দ্র সাম্রাজ্য (Sailendra Empire) **:** মালয় উপদ্বীপেও বহু হিন্দু উপনিবেশ হয়েছিল, যাদের মধ্যে শৈলেন্দ্র সাম্রাজ্য ছিল বিশেষ পরাক্রমশালী। অষ্টম শতাব্দীতে মালয় উপদ্বীপ, আধুনিক মালয়, সুমাত্রা, জাভা, বোর্নিও নিয়ে শৈলেন্দ্র-বংশের অধীনে এক শক্তিশালী সাম্রাজ্য গড়ে উঠেছিল। আরবীয় রচনায় আছে যে, 'মহারাজ' উপাধিভূষিত এই রাজারা চম্পা ও কম্বোজের বিরুদ্ধে বহুবার অভিযান করেছেন। শৈলেন্দ্র-বংশের রাজাদের বিপুল নৌবাহিনী ছিল। ভারতবর্ষ ও চীনের শাসকরা পর্যন্ত তাঁদের

সংস্কৃতি

সমীহ করতেন। শৈলেন্দ্র-রাজারা মহাযান বৌদ্ধধর্ম অনুসরণ করতেন। শৈলেন্দ্র-রাজা বালপুত্রদেব বাংলার পালরাজা দেবপালের কাছে নালন্দায় এক মঠ-নির্মাণের অনুমতি চেয়ে দূত পাঠিয়েছিলেন। বৌদ্ধ পণ্ডিত কুমার ঘোষ বাংলাদেশ থেকে গিয়ে শৈলেন্দ্র-রাজত্বে রাজগুরুর পদে আসীন হয়েছিলেন।

শৈলেন্দ্র-রাজারা ছিলেন শিল্পের পৃষ্ঠপোষক। আজও বরবুদুরের বিখ্যাত স্তূপ শৈলেন্দ্র-রাজাদের শিল্পানুরাগের পরিচয় বহন করছে। পাহাড়শীর্ষে অবস্থিত এই



বরবুদুরের বিখ্যাত স্তূপ

মন্দির ন'টি স্তরে নির্মিত, প্রতিটির উপর প্রশস্ত ছাদ, একেবারে উপরে ঘণ্টার আকারে তৈরী একটি বড় স্তূপ আছে। এ ছাড়াও তাঁরা তারাদেবীর একটি বিখ্যাত মন্দির নির্মাণ করান। একাদশ শতকে চোলরাজা রাজেন্দ্র চোল শৈলেন্দ্র-রাজা শ্রীমার বিজয়োত্তুঙ্গবর্মনকে পরাজিত করেছিলেন; এরপর কিছুদিন বঙ্গোপসাগর "চোল-হ্রদে" পরিণত হয়।

স্থাপত্য ও শিল্প

শৈলেন্দ্র সাম্রাজ্যের পতনের পর সুবর্ণদ্বীপে (মালয়ে) মাজাপহিত রাজ্য স্থাপিত হয়। পূর্ব জাভায় ত্রয়োদশ শতকে 'বিজয়' নামে এক ব্যক্তি এই রাজ্যটি স্থাপন করেন। তাঁর রাজধানীর নাম ছিল তিক্তবিল্ব। এই বংশের বিশিষ্ট রাজা রাজাসনাগর (১৩৫০ খ্রীষ্টাব্দে) সম্পর্কে উল্লেখ আছে নগরকৃতগম্ গ্রন্থে। সমগ্র পূর্বভারতীয় দ্বীপপুঞ্জ ও মালয় উপদ্বীপে বিস্তৃত ছিল তাঁর সাম্রাজ্য। ভারত ও চীনের সঙ্গে তাঁর বাণিজ্যিক সম্পর্ক ছিল। পঞ্চদশ শতকে ইসলামের প্রভাবে মাজাপহিত সাম্রাজ্যের পতন শুরু হয়। মুসলমানদের আক্রমণের চাপে জাভার হিন্দুরাজা দেশ ত্যাগ করেন ও বালিদ্বীপে আশ্রয় নেন এবং জাভায় ইসলামের আধিপত্য প্রতিষ্ঠিত হয়। কিন্তু বালিদ্বীপে বহুদিন হিন্দু সংস্কৃতি বজায় থাকে।

মাজাপহিত রাজ্য

সিংহল, ব্রহ্ম ও শ্যাম দেশ (Ceylon, Burma and Shyam): সিংহল, ব্রহ্ম ও শ্যাম দেশে ভারতবর্ষ থেকে বৌদ্ধধর্ম প্রচারিত হয়ে সেখানকার সমাজ ও সংস্কৃতিতে প্রভাব বিস্তার করেছিল। তৃতীয় খ্রীষ্টাব্দে দক্ষিণব্রহ্মে শ্রীক্ষেত্র নামে এক হিন্দুরাজ্যের উদ্ভব হয়েছিল। বলা হয় যে, মগধ থেকে শ্যামদেশে বৌদ্ধধর্ম প্রচারিত

হয়েছিল। সিংহলের স্থাপত্য, চিত্রাঙ্কন প্রভৃতিতে ভারতীয় শিল্পরীতির প্রভাব সুস্পষ্ট। ব্রহ্ম ও শ্যাম দেশের মন্দির, মঠ ইত্যাদিতেও হিন্দু-রীতির প্রভাব লক্ষ্য করা যায়। এই দুই দেশের বিভিন্ন অঞ্চল ও নদীর নামকরণে ভারতীয় ধারা ফুটে রয়েছে।

ভারত মহাসাগরের দ্বীপগুলিতে ভারতীয় উপনিবেশ স্থাপনের প্রচেষ্টা ত্রয়োদশ শতাব্দী পর্যন্ত কার্যকর ছিল। শেষের দিকে স্থানীয় অধিবাসীদের সঙ্গে ভারতীয়রা মিশে গিয়েছিলেন। এই সংমিশ্রণের ফলে জন্ম নিল এক নতুন শিল্প, সাহিত্য, ভাষা ও সংস্কৃতি। তাই এইসব অঞ্চলে যে শিল্পকর্ম পাওয়া গেছে, তাতে ভারতীয় শিল্প-সুষমার সঙ্গে স্থানীয় উপাদানের মিশ্রণ লক্ষ্য করা যায়। আশ্চর্যের বিষয় হল সবচেয়ে বড় বৌদ্ধ মন্দিরটি ভারতে না হয়ে বরবুদুরে গড়ে উঠেছে। ইন্দোনেশিয়াতে রামায়ণের কাহিনী এত জনপ্রিয় যে, সেখানকার লোকনাট্যের অনেক কাহিনীই রামায়ণকে আশ্রয় করে গড়ে উঠেছে। ইন্দোনেশিয়ার ভাষাতেও সংস্কৃত শব্দের অনুপ্রবেশ ঘটেছে। ভাস্কর্যের ক্ষেত্রেও ভারতীয় ও দক্ষিণ-পূর্ব এশিয়ার রীতির-সংমিশ্রণ দেখতে পাওয়া যায় থাইল্যাণ্ড ও কম্বোজের বুদ্ধমূর্তি ও জাভার অসংখ্য ব্রোঞ্জ-মূর্তিতে। ভারতের অজন্তাগুহার চিত্রের প্রভাব দেখতে পাওয়া যায় সিংহল ও চীনে। শুধু ধর্ম ও সংস্কৃতিতেই নয়, ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রেও পারস্পরিক প্রভাব লক্ষণীয়। মধ্য-এশিয়া ও দক্ষিণ-পূর্ব এশিয়ার সঙ্গে ভারতের যোগসূত্রে ব্যবসা-বাণিজ্য একটি বড় ভূমিকা পালন করেছিল। বাণিজ্য-প্রসারের সঙ্গে সাংস্কৃতিক বিনিময়ও ঘটেছিল। ভারত যে অন্য দেশকে শুধু সমৃদ্ধ করেছিল তা নয়, বিনিময়ে নিজেও কিছু গ্রহণ করেছিল। গ্রীক ও রোমানদের কাছ থেকে ভারত শিখেছিল স্বর্ণমুদ্রা তৈরীর পদ্ধতি, চীনের কাছ থেকে রেশম উৎপাদন ও ইন্দোনেশিয়ার কাছ থেকে পানের চাষ। এ ছাড়াও প্রতিবেশী দেশগুলি থেকে আরও অনেক কিছু পেয়ে ভারত সমৃদ্ধ হয়েছিল। মধ্য এশিয়া ও চীন ভারত থেকে শিখেছিল তুলা-উৎপাদন-পদ্ধতি।

পারস্পরিক প্রভাব

মধ্যযুগের ভারতবর্ষ (১৭০৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত)
Medieval India (upto 1707 A.D.)

॥ ১ ॥ মধ্যযুগ কেন বলা হয়
(Why we should call it Medieval India rather than Muslim India)

ভারতবর্ষের ইতিহাসের যুক্তিসংগত যুগবিভাগ আধুনিক ভারতের ইতিহাসের পণ্ডিতদের দৃষ্টি আকর্ষণ করেছে। কিছুদিন পূর্বে ভারতবর্ষের ইতিহাসকে তিনটি ভাগে ভাগ করা হত—হিন্দু যুগ, মুসলিম যুগ ও ব্রিটিশ যুগ। এই নামকরণ থেকেই বোঝা যায়, প্রতিটি যুগে এক-একটি বিশেষ ধর্মের মানুষ রাজনৈতিক প্রাধান্য অর্জন করেছিল। প্রাচীনযুগে ছিল হিন্দুধর্মের প্রাধান্য, মধ্যযুগে মুসলমানদের ও আধুনিক যুগে ইংরেজদের অর্থাৎ খ্রীষ্টানদের। কিন্তু এই ধর্মভিত্তিক যুগবিভাগ বর্তমান কালে গ্রহণীয় নয় ও বিজ্ঞানসম্মত নয়। কারণ, হিন্দুযুগে শুধু হিন্দুরাই শাসকশ্রেণী ছিলেন না, অনেক বৌদ্ধ রাজাও রাজত্ব করেছেন। অনুরূপ ভাবে মুসলিমযুগে অনেক হিন্দু-রাজ্যের অস্তিত্ব ছিল, আবার ব্রিটিশযুগে ছিল বহু দেশীয় রাজ্য।

বর্তমানে ইতিহাসের বিষয়বস্তুর পরিবর্তন ঘটেছে। জাতির উত্থান বা ধর্মের পরিবর্তে মানুষের সামাজিক ও অর্থনৈতিক ক্রমবিবর্তনের উপর গুরুত্ব দেওয়া হচ্ছে। ইউরোপের ইতিহাসে প্রাচীন, মধ্য ও আধুনিক যুগের বৈশিষ্ট্য সম্পূর্ণ পৃথক। প্রাচীন গ্রীক ও রোমান সভ্যতা ছিল দাসভিত্তিক সমাজব্যবস্থা, মধ্যযুগের বৈশিষ্ট্য হল সামন্ততন্ত্র আর নবজাগরণ ও ধর্মসংস্কার হল আধুনিক যুগের প্রারম্ভকাল। ইউরোপের ইতিহাসের যুগবৈশিষ্ট্য ভারতে না থাকলেও তার প্রবণতাগুলি ছিল। আধুনিক ঐতিহাসিকরা অষ্টম শতক পর্যন্ত কালকে প্রাচীন যুগ বলে অভিহিত করেন। অষ্টম শতক থেকে ভারতে সামন্ততন্ত্রের বৈশিষ্ট্যগুলি দেখা যায়। তুর্কী আক্রমণের পূর্বে ও পরে এই বৈশিষ্ট্যগুলি যেমন বেতনের পরিবর্তে ভূমিদান, অধীনস্থ সামন্তদের কাছ থেকে সামরিক সাহায্য দাবি ইত্যাদি লক্ষ্য করা যায়। এইজন্য আধুনিক কালকে মুসলিমযুগ বা মুসলমানদের আধিপত্যের যুগ বলা হয় না। সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তনের ধারার জন্য বলা হয় মধ্যযুগ। কারণ পৃথিবীর প্রায় সর্বত্রই সামন্ততন্ত্র ছিল মধ্যযুগের বৈশিষ্ট্য। এই যুগে আঞ্চলিকতা, আবদ্ধ অর্থনীতি, ব্যবসা-বাণিজ্যের অবনতি, পর-মুখাপেক্ষী কৃষক ইত্যাদি এবং অর্থনৈতিক ও সামাজিক বৈশিষ্ট্য দেখা যায়। তাই ভারতের ইতিহাসের এই সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তনের সঙ্গে সঙ্গতি রেখেই এই যুগকে 'মুসলিমযুগ' না বলে 'মধ্যযুগ' আখ্যা দেওয়া হয়েছে।

॥ ২ ॥ সুলতানী যুগের ইতিহাসের উপাদান
(Sources of History of the Sultanate Period)

প্রাচীন যুগের ইতিহাসের উপাদানের পরিমাণ খুবই অল্প। সেইজন্য প্রত্নতত্ত্বের উপর নির্ভর করতে হয়। মধ্যযুগের ক্ষেত্রে এই অসুবিধা দেখা দেয়নি। মুসলিম পণ্ডিতরা ছিলেন ইতিহাস-সচেতন। ঐ যুগের ঐতিহাসিক জিয়াউদ্দিন বারানি মনে করতেন যে, জ্ঞানচর্চার ক্ষেত্রে ইতিহাস হল একটি বড় ধাপ। আরব আক্রমণ থেকে মুঘলযুগ পর্যন্ত অনেক ঐতিহাসিক-গ্রন্থ পাওয়া যায়, যা ইতিহাস রচনার উপাদান হিসাবে অমূল্য। এ ছাড়াও আছে প্রত্নতাত্ত্বিক উপাদান ও বিদেশীদের বিবরণ।

উপাদানের প্রাচুর্য

আরবদের সিন্ধুবিজয়ের কাহিনী পাওয়া যায় "চাচ্‌নামা" নামক গ্রন্থে ও মীর মুহম্মদ মাসুম রচিত "তারিখ-ই-সিন্ধ" গ্রন্থে। আল-বিরুনীর "কিতাব-উল-হিন্দ", থেকে সুলতান মামুদের ভারত অভিযানের পূর্বের ভারতের অবস্থা জানা যায়। হাসান নিজামি'র 'তাজ-উল-মাসির' থেকে ১১৯২—১২২৮ খ্রীঃ অব্দ পর্যন্ত ঘটনা জানা যায়। মিন্‌হাজ-উদ্দিন-সিরাজ রচিত "তবকৎ-ই-নাসিরি" মুসলিম জগতের ইতিহাস নামে পরিচিত। মুহম্মদ ঘুরীর ভারত আক্রমণ থেকে বক্তিয়ার খলজীর বাংলাজয় পর্যন্ত বিবরণ এই গ্রন্থে পাওয়া যায়। গিয়াস্‌উদ্দিন বলবনের আমল থেকে ফিরোজ শাহ তুঘলকের রাজত্বকালের বিবরণ লিখেছেন, জিয়াউদ্দিন বারানি "তারিখ-ই-ফিরোজ শাহী" গ্রন্থে। তাঁর মতামত ধর্মীয় মতামতের দ্বারা প্রভাবিত। তাঁর অপর গ্রন্থ হল "ফতোয়া-ই-জাহান্দারি।" সুলতানী যুগের উল্লেখযোগ্য ঐতিহাসিক ও কবি ছিলেন আমীর খসরু। তিনি সুলতানদের সভাসদ্, সভাকবি ও উচ্চ-রাজকর্মচারী হিসাবে সরকারের গোপন খবরাখবর রাখতেন। এইজন্য আমীর খসরু'র রচনার গুরুত্ব অধিক। তাঁর রচিত "ইজাজ-ই-খসরুভি" ও "খাজাইন-উল-ফুতুহ" ইতিহাসের উপাদান হিসাবে বিশেষ গুরুত্বপূর্ণ। সুফী সন্ত নাসিরউদ্দিন চিরাগের "খয়ের-উল-মজলিশ" গ্রন্থ থেকে আলাউদ্দিন খলজীর মূল্যনিয়ন্ত্রণ-নীতি সম্পর্কে জানা যায়। প্রসিদ্ধ ঐতিহাসিক ইসামী রচনা করেন "ফতুহা-উস-সালাতিন।" সুলতান মামুদ থেকে মুহম্মদ বিন্ তুঘলকের আমল পর্যন্ত ঘটনার বিবরণ এতে পাওয়া যায়। সামস্‌-ই-সিরাজ আফিফের "তারিখ-ই-ফিরোজশাহী" থেকে ফিরোজ শাহ তুঘলকের রাজত্বকাল সম্পর্কে জানা যায়। ফিরোজশাহের নিজের ঘোষণাপত্র "ফুতুহা-ই-ফিরোজ শাহী" থেকে তাঁর ধর্মনীতি সম্পর্কেও জানতে পারা যায়। পাঠান ও আফগান যুগের ইতিহাস জানা যায় "তারিখ-ই-শেরশাহী" ও "মাখজাম-ই-আফগানা" নামক গ্রন্থ থেকে।

ঐতিহাসিকদের রচনা

বিদেশী লেখকদের মধ্যে মুর-ভ্রমণকারী ইবন-ই-বতুতার রচনা "কিতাব-উর-রহলা" তুঘলকযুগের ইতিহাস-রচনার গুরুত্বপূর্ণ এক বিশেষ উপাদান। এ ছাড়াও নিকোল

কন্তি, আবতুল রজ্জাক, মার্কোপোলো'র ভ্রমণসংক্রান্ত বিবরণ থেকে বিজয়নগর ও দক্ষিণ-ভারত সম্পর্কে জানা যায়। আবার, রাজপুত, শিখ, মারাঠাদের লেখা ইতিহাস স্থানীয় বিষয়ে বহু তথ্য যোগায়। এসব ছাড়াও স্থলতানী যুগের মুদ্রা, স্থাপত্য ও চিত্রকলা আমাদের বহু ঐতিহাসিক তথ্য সংগ্রহ করে।

বিদেশীদের রচনা ও অন্যান্য উপাদান

॥ ৩ ॥ ভারতবর্ষে ইসলামের আগমন—আরবদের সিন্ধু আক্রমণ

(Advent of Islam in India—Arab Conquest of Sind)

সপ্তম শতকে আরবরা সিন্ধুদেশ দখল করে নেয়। ধর্মপ্রচার ও রাজ্যবিস্তার ছিল আরবদের প্রধান উদ্দেশ্য। তা ছাড়াও, পশ্চিম ভারতের প্রসিদ্ধ বন্দর দখল করে তারা ভারতের রপ্তানি-বাণিজ্যকে হাত করতে চেয়েছিল। এই সময় সিন্ধুর রাজা ছিলেন দাহির।

উদ্দেশ্য

হজরত মুহম্মদের মৃত্যুর কিছু পরে খলিফা ওমরের শাসনকালে (৬৩৪-৪৪ খ্রীঃ) ভারতে প্রথম আরব অভিযান শুরু হয়। কিন্তু নৌ-অভিযান, ও গিরিপথগুলি দিয়ে স্থলপথে অভিযান ভারতের স্থানীয় অধিবাসীদের বাধা দেওয়ার ফলে ব্যর্থ হয়।

প্রথম চেষ্টা

৭০৮ খ্রীঃ ইরাকের আরব শাসনকর্তা হজ্জাজের চেষ্টায় পুনরায় সিন্ধু অভিযান শুরু হয়। এই সময় সিংহলের রাজা উপঢৌকনসহ একটি জাহাজ হজ্জাজের কাছে পাঠান। কিন্তু সিন্ধুর দেবল বন্দরে জলদস্যুরা এই জাহাজ লুঠ করলে হজ্জাজ এর জন্য দাহিরকে দায়ী করেন এবং ক্ষতিপূরণ দাবি করেন। দাহির ক্ষতিপূরণ না দেওয়ায় হজ্জাজ তুটি অভিযান পাঠান। কিন্তু তুটি অভিযানই ব্যর্থ হয়। এরপর তিনি সেনাপতি মহম্মদ-বিন-কাশেমের নেতৃত্বে একটি শক্তিশালী অভিযান পাঠান। ৭১২ খ্রীঃ মুহম্মদ-বিন-কাশেম দেবল শহর দখল করেন। মোকা নামে স্থানীয় প্রভাবশালী এক সামন্ত ও তাঁর পরিবার কাশেমকে বিশেষ সাহায্য করেন। রাও নামক স্থানে সিন্ধুরাজা দাহির কাশেমের কাছে পরাজিত ও নিহত হন। মুলতানও কাশেমের অধিকারে চলে যায়। মুহম্মদ-বিন্-কাশেম সিন্ধু-অঞ্চলে আরব শাসন প্রবর্তন করেন। হজ্জাজের মৃত্যুর পর খলিফার নির্দেশে কাশেম দেশে ফিরে যান ও প্রাণদণ্ডে দণ্ডিত হন। সিন্ধুর নতুন শাসনকর্তা জুনাইদ দাহিরের পুত্র জয়সিংহকে নিহত করে সমগ্র সিন্ধু অধিকার করেন। কিন্তু রাজপুতানার প্রতিহারবংশ, গুজরাটের চৌলুক্যবংশ ও কাশ্মীরের

হজ্জাজের আমলে সিন্ধু দখল

মুহম্মদ-বিন্-কাশেমের সিন্ধু অভিযান

কার্কটবংশের বাধা দেওয়ার ফলে আরবরা ভারতের অভ্যন্তরে প্রবেশ করতে পারেনি।

আব্বাসীয় খলিফাদের শাসন প্রতিষ্ঠিত হলে সিন্ধুর মধ্য দিয়ে পুনরায় রাজ্যবিস্তারের চেষ্টা করা হয়। আরবরা সিন্ধু থেকে মধ্যপ্রদেশের দিকে এগিয়ে গিয়ে উজ্জয়িনীর কাছে চলে আসে ; কিন্তু অগ্রসর হতে পারেনি। আব্বাসীয়দের পতনের পর সিন্ধুদেশে আরবদের ক্ষমতা কমে যায়।

ফলাফল

সিন্ধুদেশে আরব আক্রমণ ছিল ভারত তথা ইসলামের ইতিহাসে ফলাফলহীন বিজয়মাত্র। আরবদের সিন্ধুজয় কোন স্থায়ী ফল রাখতে পারেনি। কিছুদিনের মধ্যে মানুষ এই অভিযানের কথা ভুলে যায়। আরব আক্রমণ ছিল ক্ষুদ্র অঞ্চলে সীমাবদ্ধ। এর প্রভাব ভারতের অন্য কোথাও পড়েনি। স্থানীয় ভাষা ও সংস্কৃতির উপর আরব শাসকরা কোন প্রভাব বিস্তার করতে পারেনি। কতকগুলি পুরানো প্রাসাদ ধ্বংস করা ছাড়া তাদের আর কোন উল্লেখযোগ্য প্রভাব ছিল না।

॥ ৪ ॥ মুসলিম রাজত্বের শুরু
(Beginning of Muslim Rule)

মুসলিম আক্রমণের পূর্বে উত্তর ও পশ্চিম ভারতের অবস্থা (Condition of the North Western Indin on the Eve of the Muslim Invasion) **:** হূন আক্রমণ থেকে গজনীর সুলতান মামুদের ভারত আক্রমণ পর্যন্ত প্রায় পাঁচ শ' বছর বৈদেশিক আক্রমণ থেকে ভারত মুক্ত ছিল। ঐতিহাসিক পানিক্করের* মতে ভারতীয়দের মধ্যে আত্মসন্তুষ্টি দেখা দেয় ও দেশরক্ষা সম্পর্কে চেতনা নষ্ট হয়ে যায়। সাহিত্যে বা অন্য কোথাও তখন ভারত-চেতনা স্থান পায় নি। সাহিত্য ছিল সংকীর্ণ। আত্মতুষ্টি নিয়ে আসে অহংকার। এই অহংকারই ভারতীয়দের পৃথিবীর অন্যান্য অঞ্চল থেকে বিচ্ছিন্ন করে রাখে।

আত্মসন্তুষ্টি

ভারতীয় সভ্যতা, সংস্কৃতি ও ধর্মে তখন ক্রমাবনতি, অবক্ষয় ও সংকীর্ণতা দেখা দিয়েছিল। জাতিভেদের কঠোরতা সমাজে স্থানুভাব নিয়ে এসেছিল। সমাজ এত দুর্বল হয়ে পড়েছিল যে, মুসলিম আক্রমণের ঝড়কে বাধা দেওয়ার মত ক্ষমতা সমাজের তখন ছিল না। রাষ্ট্রের বন্ধনও ক্রমশ শিথিল হয়ে পড়েছিল। রাষ্ট্র সম্পর্কে উদাসীন জনসমাজ এই পরিবর্তনকে বাধা দেওয়ার ব্যাপারে নিরাসক্ত হয়ে পড়েছিল। সামন্তপ্রথাজনিত অর্থনীতি সমাজের

সামাজিক অবক্ষয়

---

* (K. M. Pannikkar—Survey of Indian History).

নিচুশ্রেণীর মানুষের জীবনে কোনও আশার সঞ্চার করত না। ধর্মও হয়ে উঠেছিল অন্তঃসারশূন্য, অনুষ্ঠানসর্বস্ব ও তান্ত্রিকতার প্রভাবে প্রভাবিত। ভারতীয় হিন্দু সভ্যতার গতি হয়ে উঠেছিল শ্লথ, তার প্রাণশক্তি ফুরিয়ে গিয়েছিল।

উত্তর ভারতে তুর্কী মুসলমানদের আক্রমণকালে উত্তর ভারতীয় রাজ্যগুলি ঐক্যবদ্ধ ভাবে বাধা দিতে পারে নি। তখন উত্তর ভারতে কোনও সার্বভৌম শক্তি ছিল না। কতকগুলি ছোট ছোট রাজবংশ উত্তর ভারতে রাজত্ব করত। একাদশ শতাব্দীর প্রথম দিকে পশ্চিম পাঞ্জাবের শাহী বংশ, কাশ্মীরের লোহর বংশ, পশ্চিম ও মধ্যভারতের বিভিন্ন রাজপুতরাজ্য ও বাংলার পালরাজ্য ছিল উত্তর ভারতের উল্লেখযোগ্য রাজ্য। সেই সময়ে উত্তর ভারতের শ্রেষ্ঠ নগরী ছিল কনৌজ। মুসলমান আক্রমণের পূর্বকালে কনৌজের প্রতিহারবংশ দুর্বল হয়ে পড়ে। আজমীরের চৌহানবংশ ও কনৌজের গাহড়বালবংশ শক্তিশালী হয়ে উঠে। সুলতান মামুদের আক্রমণ বা মুহম্মদ ঘুরীর অভিযানের সময় এইসব রাজবংশ সমবেত ভাবে বাধা দিতে পারে নি। শাহীবংশকে ধ্বংসের দিকে যেতে হয়েছিল মামুদকে বাধা দিতে গিয়ে। সেই একই ঘটনা ঘটল দ্বাদশ শতাব্দীতে আজমীর-দিল্লীর চৌহানবংশের ক্ষেত্রে। অপর শক্তিশালী রাজ্যের মধ্যে ছিল মালবের পরমারবংশ ও গুজরাটের চৌলুক্যবংশ। কিন্তু এদের মধ্যেই চলছিল শক্তির প্রতিদ্বন্দ্বিতা। গাহড়বালবংশের জয়চাঁদ তরাইনের যুদ্ধে (১১৯১ খ্রীঃ) চৌহানবংশের পৃথ্বীরাজকে সাহায্য করেননি। উত্তর ভারতে তখন বীর শাসকের অভাব ছিল না; —যা ছিল তা হলো একত্রিত হয়ে বিদেশী শক্তিকে বাধা দেওয়ার কর্তব্য সম্পর্কে অনীহা। রাজপুতদের নানা গুণ থাকলেও বংশগরিমা ও অহমিকা তাদের পতনের পথ প্রস্তুত করে।

রাজনৈতিক অবস্থা

সুলতান মামুদের ভারত অভিযান (Sultan Mahmud's Invasion) **:** আরবরা যেখানে রাজ্যবিস্তার করতে পারেন নি, সেইখানে তুর্কীরা সফল হলেন। ৯৬২ খ্রীঃ আফগানিস্তানের গজনীকে কেন্দ্র করে তুর্কী আলপ্‌তিগীন একটি ছোট রাজ্য স্থাপন করেন। ৯৭৭ খ্রীঃ আলপ্‌তিগীনের জামাতা সবুক্তগীনের আমলে গজনীর গুরুত্ব বৃদ্ধি পায়। সবুক্তগীন মধ্য এশিয়ার কিছু অংশ ও শাহী রাজত্বের সিন্ধুনদসংলগ্ন অঞ্চল অধিকার করে নেন। ৯৯৭ খ্রীঃ সবুক্তগীনের মৃত্যুর পর তাঁর পুত্র মামুদ সিংহাসনে বসেন। মামুদ গজনীকে মধ্য এশিয়ার শ্রেষ্ঠ শক্তিতে পরিণত করার পরিকল্পনা করেন।

গজনী রাজ্য

মামুদ ১০০০ খ্রীষ্টাব্দ থেকে ১০২৭ খ্রীষ্টাব্দের মধ্যে অন্তত সতেরো বার ভারত অভিযান করেন। মামুদের ভারত আক্রমণের লক্ষ্য ছিল ভারতের অপরিমেয় ধনৈশ্বর্য ও উর্বরা পাঞ্জাব সমভূমি অঞ্চল দখল করা। অনেক ঐতিহাসিক ধর্মবিস্তারকে তাঁর ভারত-অভিযানের উদ্দেশ্য বলে বর্ণনা করেছেন। আফগানিস্তানের অনুর্বর পার্বত্য অঞ্চলের তুলনায় পাঞ্জাবের সমভূমি তাদের কাছে লোভনীয় মনে হত। এই

সুলতান মামুদের ভারত আক্রমণের কারণ

সময় আফগানিস্তানের রাজনীতির সঙ্গে মধ্য এশিয়ার যোগাযোগ ছিল গভীর, কিন্তু ভারতের সঙ্গে নয়। সুতরাং সুলতান মামুদ দীর্ঘস্থায়ী কোন পরিকল্পনা নিয়ে ভারত আক্রমণ করেননি। ভারতবর্ষে রাজত্ব করার চেয়ে মধ্য এশিয়ায় রাজত্ব করাই মামুদের কাছে গুরুত্বপূর্ণ ছিল। ভারতের ধনসম্পদ লুণ্ঠন করে তাঁর নিজের রাজকোষ পূরণের জন্যই তিনি ভারত আক্রমণ শুরু করেছিলেন। ভারত আক্রমণ শেষ করেই তিনি দ্রুতগতিতে মধ্য এশিয়ায় যুদ্ধযাত্রা করেন।

সুলতান মামুদ সতেরো বার ভারত আক্রমণ করলেও তাঁর সব অভিযান সমান গুরুত্বপূর্ণ ছিল না। মামুদের সমসাময়িক সীমান্তে গুরুত্বপূর্ণ শক্তিশালী রাজ্য ছিল শাহীবংশের অধীনে উদ্‌ভাণ্ডপুরে। শাহীবংশের রাজা জয়পাল মামুদের আক্রমণ থেকে সীমান্তরক্ষার দায়িত্ব নেন। ১০০১ খ্রীষ্টাব্দে উভয়ে এক রক্তক্ষয়ী যুদ্ধে লিপ্ত হয়েছিলেন। প্রথমদিকে জয়পাল অগ্রসর হয়ে গজনী আক্রমণ করলেও, শেষ পর্যন্ত তাঁকে পিছিয়ে এসে আত্মরক্ষা করতে হয়। মামুদ জয়পালকে পরাজিত ও বন্দী করেন ; ফলে জয়পাল মামুদের সঙ্গে এক অপমানজনক সন্ধি করতে বাধ্য হন। জয়পালের পুত্র আনন্দপাল মামুদের আক্রমণ প্রতিরোধ করার জন্য ভারতীয় রাজাদের নিয়ে এক জোট গড়ে তোলেন। ডঃ ঈশ্বরীপ্রসাদের* মতে, এই মৈত্রী জোটে গোয়ালিয়র, কালিঞ্জর, উজ্জয়িনী, কনৌজ ও দিল্লীর রাজপুত রাজারা যোগ দিয়েছিলেন। পেশোয়ারের কাছে এক যুদ্ধে আনন্দপাল সুলতান মামুদের কাছে পরাজিত হন। সুলতান মামুদ সহজেই সিন্ধু থেকে নগরকোট পর্যন্ত সমস্ত অঞ্চল দখল করে নিলেন।

শাহীদের সঙ্গে যুদ্ধ

ভারতের মন্দিরগুলিতে প্রচুর ধনসম্পদ জমা থাকত। সোনা, রূপা, মূল্যবান অলংকার ইত্যাদি যে-কোনও আক্রমণকারীর পক্ষে লোভের বস্তু ছিল। সুলতান মামুদকেও এই অপরিমিত সম্পদ আকৃষ্ট করেছিল। তিনি ১০১৪—১০১৮ খ্রীষ্টাব্দের মধ্যে কয়েকবার চক্রস্বামী-মন্দির ও মথুরানগরী লুণ্ঠন করেন এবং কনৌজ ও কালিঞ্জর দখল করেন।

থানেশ্বর, কনৌজ ও মথুরা আক্রমণ

সুলতান মামুদের ভারত অভিযানের শেষ ও উল্লেখযোগ্য অভিযান ছিল গুজরাটের সোমনাথ-মন্দির লুণ্ঠন। তৎকালে সোমনাথ-মন্দির প্রভূত ধনৈশ্বর্যের জন্য বিখ্যাত ছিল। সেইজন্য মামুদ এই মন্দির লুণ্ঠন করার জন্য প্রলুব্ধ হয়েছিলেন। আনাইলবাড়ের চৌলুক্যরাজা ভীম ও অন্যান্য হিন্দু রাজারা সুলতান মামুদের আক্রমণ থেকে সোমনাথের মন্দিরকে রক্ষা করার চেষ্টা করেন। অনেকে মনে করেন যে, ধর্মীয় প্রেরণা মামুদকে সোমনাথ-মন্দির আক্রমণে উৎসাহিত করেছিল। ১০২৬ খ্রীষ্টাব্দে মামুদ চৌলুক্যরাজ ভীমকে পরাজিত করে সোমনাথের মন্দির লুণ্ঠন করেন ও নিজের হাতে বিগ্রহ চূর্ণ করেন। এই মন্দির লুণ্ঠন

সোমনাথ অভিযান

* Dr Iswari Prasad—Short History of Muslim Rule in India.

করে মামুদ প্রায় ২ কোটি স্বর্ণমুদ্রা ও বহু ধনরত্ন ও হীরা-জহরৎ পান। ১০৩০ খ্রীষ্টাব্দে স্থলতান মামুদের মৃত্যু ঘটে।

ডঃ ভিন্‌সেন্ট স্মিথ* বলেছেন যে, স্থলতান মামুদ ভারতে শাসন ও সাম্রাজ্য স্থাপনের চেষ্টা করেননি। তিনি এক বড় লুণ্ঠনকারী রূপে ভারতে এসেছিলেন। ভারতবর্ষে স্থলতান মামুদ লুণ্ঠনকারী ও মূর্তিভঙ্গকারী বলেই পরিচিত। ভারতবাসীর চোখে স্থলতান মামুদ এক নির্মম যোদ্ধা, ধর্মান্ধ ছাড়া আর কিছু ছিলেন না। মামুদের আক্রমণ কোন স্থায়ী মুসলমান রাজত্ব প্রতিষ্ঠা করেনি। তিনি ভারতের হিন্দুদের ধর্মান্তরিত করারও কোন চেষ্টা করেননি। ধনরত্নের লোভেই তিনি ভারত আক্রমণ করেন। কিন্তু গজনীতে স্থলতান মামুদের শাসন ছিল প্রশংসনীয়। নিজদেশে মামুদ শিক্ষা, সংস্কৃতির প্রতি যথেষ্ট অনুরাগ দেখিয়েছিলেন। 'শাহনামা'-রচয়িতা কবি ফির্‌দৌসী, আন্‌সারি, উৎবী ও পণ্ডিত আল্‌-বিরুনী তাঁর পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন। ভারতের লুণ্ঠিত সম্পদ তিনি গজনীর শ্রীবৃদ্ধির জন্য ব্যয় করেন। সংস্কৃতিবান মামুদ গজনীতে গ্রন্থাগার, মসজিদ ও জাদুঘর নির্মাণ করেছিলেন। এই প্রতিষ্ঠানগুলির নির্মাণের ক্ষেত্রে তৎকালীন শ্রেষ্ঠ ইসলামী স্থাপত্যের নিদর্শন দেখতে পাওয়া যায়।

ফলাফল

আল্‌-বিরুনী : স্থলতান মামুদের রাজসভা যাঁরা অলংকৃত করেছিলেন, তাঁদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন আল্‌-বিরুনী, যাঁর অপর নাম আবু রয়হান। ৯৭৩ খ্রীষ্টাব্দে খিবা অঞ্চলে আল্‌-বিরুনীর জন্ম হয়। মামুদ খিবা অভিযানকালে তাঁকে বন্দী করে নিয়ে আসেন। তাঁর গুণের পরিচয় পেয়ে মামুদ আল্‌-বিরুনীকে সম্মানের আসনে বসান। আল্‌-বিরুনী স্থলতান মামুদের আদেশে দশ বছর ভারতবর্ষে কাটান। তিনি দুরূহ সংস্কৃত ভাষা, হিন্দু-দর্শন আয়ত্ত করে নেন। আল্‌-বিরুনী কর্তৃক রচিত "তাহকিক-ই-হিন্দ" বইটি হল ভারতের ইতিবৃত্ত। ভারতবাসীর চরিত্র, ধর্মবিশ্বাস, আচার-ব্যবহার, জ্ঞান ও বিজ্ঞানের আকর-গ্রন্থ হল "তাহকিক-ই-হিন্দ"। ভারত সম্পর্কে আল্‌-বিরুনীর রচনা জগদ্বিখ্যাত হয়ে আছে। তীক্ষ্ণ ও গভীর পর্যবেক্ষণের দিক থেকে এই বইয়ের তুলনা নেই।

---

* Vincent Smith—Oxford History of India.

॥ ৫ ॥ মুসলিম আক্রমণ থেকে সাম্রাজ্য প্রতিষ্ঠা
(From Invasion to Empire)

মুহম্মদ ঘুরীর ভারত অভিযান (Muhammad Ghuri's Indian invasions) : উত্তর-পশ্চিম আফগানিস্থানে গজনী ও হিরাটের মধ্যবর্তী অঞ্চলে ঘুরকে কেন্দ্র করে ঘুরী সাম্রাজ্য গড়ে উঠে বারো শতকের মাঝামাঝি। খিবা বা খারিজমি সাম্রাজ্যের উত্থানের ফলে ঘুরীদের মধ্য-এশিয়ায় রাজ্যবিস্তারের আশা বাধাপ্রাপ্ত হয়। ফলে ভারতের দিকে তারা দৃষ্টি দেয়। ১১৭৩ খ্রীষ্টাব্দে মুইজউদ্দিন মুহম্মদ ঘুরী গজনীর সিংহাসনে বসেন। তাঁর অগ্রজ তখন ঘুর রাজ্যের শাসনকর্তা। মুহম্মদ ঘুরী ছিলেন কৌশলী সেনাপতি ও উচ্চ-ভিলাষী ব্যক্তি। তিনি সুলতান মামুদের মত ভারত আক্রমণের সিদ্ধান্ত নেন। গোমাল গিরিপথ ধরে অগ্রসর হয়ে মুহম্মদ ঘুরী মুলতান ও উচ্ জয় করেন। ১১৭৮ খ্রীঃ তিনি মরুভূমি পার হয়ে গুজরাটে প্রবেশের চেষ্টা করলে গুজরাটের চৌলুক্যরাজ দ্বিতীয় ভীমের কাছে পরাজিত হন ও কোনও ক্রমে প্রাণ নিয়ে ফিরে যান। তিনি বুঝতে পারলেন, ভারতবিজয়ের পূর্বে পাঞ্জাবে একটি শক্ত ঘাঁটি নির্মাণ প্রয়োজন। পাঞ্জাবের গজনীবংশীয় শাসকদের পরাজিত করে তিনি ১১৭৯-৮০ খ্রীষ্টাব্দের মধ্যে পেশোয়ার দখল করেন। ১১৮৫ খ্রীঃ মুহম্মদ লাহোর দখল করলেন।

ঘুরী রাজত্ব গঠন

মহম্মদ ঘুরীর ভারত আক্রমণ

এর পরের আক্রমণের সম্মুখীন হল গাঙ্গেয় সমভূমির রাজপুত রাজ্যগুলি। এই সময় চৌহানবংশীয়রা দিল্লী ও আজমীর অঞ্চলে শাসন করছিলেন। মহম্মদ ঘুরী সীমান্তে অবস্থিত ভাতিন্দা দখল করলে প্রতিবেশী রাজপুত রাজাদের নিয়ে পৃথ্বীরাজ বাধা দেন ও তরাইনের প্রথম যুদ্ধে (১১৯১ খ্রীঃ) মুহম্মদ ঘুরী পরাজিত হন। পর-বছর (১১৯২ খ্রীঃ) মুহম্মদ ঘুরী এক বিরাট সেনাবাহিনী-সহ প্রতিশোধ নেওয়ার জন্য পুনরায় উপস্থিত হলেন। তরাইনের যুদ্ধক্ষেত্রে প্রবল পরাক্রমে যুদ্ধ করে রাজপুতবাহিনী রণকৌশলে তুর্কীদের কাছে পরাজিত হল। পাঞ্জাব, দিল্লী, আজমীর মুহম্মদ ঘুরীর অধিকারভুক্ত হল। ১১৯৪ খ্রীঃ জয়চন্দ্র পরাজিত ও নিহত হওয়ায় কনৌজ মুহম্মদ ঘুরীর অধিকারভুক্ত হয়। তরাইনের যুদ্ধই ভারতে মুসলিম সাম্রাজ্য স্থাপনের পথ প্রস্তুত করেছিল বলে মন্তব্য করেছেন ঐতিহাসিক ঈশ্বরীপ্রসাদ। মুহম্মদ ঘুরীর সেনাপতি কুতুবউদ্দিন আইবক দিল্লী, গোয়ালিয়র, কালিঞ্জর ও গুজরাট জয় করেন। কুতুবউদ্দিন মুহম্মদ ঘুরীর ভারতীয় সাম্রাজ্যের শাসনকর্তা নিযুক্ত হন। ১২০৬ খ্রীঃ মুহম্মদ ঘুরী এক গুপ্তঘাতকের হাতে নিহত হন।

তরাইনের দুটি যুদ্ধ

দিল্লীর সুলতানীর প্রতিষ্ঠা ঃ কুতুবউদ্দিন, ইলতুৎমিস ও বলবন

(Foundation of Delhi Saltanate by Qutubuddin, Iltutmish and Balban)

কুতুবউদ্দিন আইবক—১২০৬-১২১০ খ্রীঃ (Qutubuddin Aibak) : ১২০৬ খ্রীষ্টাব্দে মুহম্মদ ঘুরীর মৃত্যুর পর তাঁর সেনাপতি কুতুবউদ্দিন আইবক ঘোষণা করলেন যে, ঘুরী-অধিকৃত ভারতীয় অঞ্চলগুলির তিনিই সুলতান। কুতুবউদ্দিন প্রথম-জীবনে মুহম্মদ ঘুরীর বিশস্ত ক্রীতদাস ছিলেন। কুতুবউদ্দিন সুলতান বলে ঘোষণা করার সঙ্গে সঙ্গে মুহম্মদ ঘুরীর অপর দুই সেনাপতি সিন্ধুর শাসক নাসিরউদ্দিন কুবাচা ও গজনীর শাসক তাজউদ্দিন ইলদাজও নিজেদেরকে স্বাধীন সুলতান বলে ঘোষণা করেন। এরা দু'জনে কুতুবউদ্দিনের কাছ থেকে দিল্লীর সিংহাসন কেড়ে নেওয়ার চেষ্টা করে ব্যর্থ হন। গজনীর শাসক পাঞ্জাব জয় করার ইচ্ছা করলে কুতুবউদ্দিন সেই চেষ্টা ব্যর্থ করার জন্য দিল্লী থেকে লাহোরে রাজধানী স্থানান্তরিত করলেন। দিল্লীকে স্বাধীন সুলতানিতে পরিণত করায় আফগান রাজত্বের সঙ্গে আর কোন সম্পর্ক রইল না। ১২১০ খ্রীষ্টাব্দে চৌঘান বা পোলো খেলার সময় ঘোড়া থেকে পড়ে গিয়ে কুতুবউদ্দিন আইবকের মৃত্যু হয়।

ইলতুৎমিস—১২১১-১২৩৬ খ্রীঃ (Iltutmish) : কুতুবউদ্দিনের মৃত্যুর পর তাঁর অযোগ্য পুত্র আরাম শাহ সুলতানী সিংহাসনে বসেন। পরে দিল্লীর আমির-ওমরাহদের আমন্ত্রণে কুতুবউদ্দিনের জামাতা ও বদাউনের শাসনকর্তা ইলতুৎমিস আরাম শাহকে পরাজিত ও নিহত করে সুলতানী সিংহাসনে বসেন।

সিংহাসন আরোহণ

ইলতুৎমিসকে উত্তর ভারতে তুর্কী শাসনের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা যায়। তাঁর সিংহাসনে আরোহণের সময় বাংলাদেশে আলি মর্দান খলজী নিজেকে স্বাধীন বলে ঘোষণা করেন এবং বাংলা ও বিহারে আধিপত্য বিস্তার করেন। সিন্ধু ও মুলতানের শাসনকর্তা কুবাচা নিজেকে স্বাধীন বলে ঘোষণা করে লাহোর ও পাঞ্জাবের কিছু অংশ দখল করে নেন। দিল্লীর কয়েকজন কুতবী ও মুইজী আমির এই ইলতুৎমিসকে মানতে রাজী হলেন না। এই-ভাবে কালিঞ্জর, গোয়ালিয়র ও আজমীর ও বায়নাসহ পূর্ব-রাজস্থান তুর্কী শাসনমুক্ত হল।

নানা বিপদের সম্মুখীন

ইলতুৎমিস ১২১৫ খ্রীঃ গজনীর শাসক ইলদাজকে পরাজিত ও নিহত করেন। এর পর উত্তর-পশ্চিম সীমান্তের সমস্যা তাঁর দৃষ্টি আকর্ষণ করে। মোঙ্গলগণ খিবা ও গজনী দখল করলে খিবার শাসনকর্তার পুত্র জালালউদ্দিন ভারতে আশ্রয়ের সন্ধানে এলে মোঙ্গল-নেতা চেঙ্গিস খান তাঁর পিছনে তাড়া করে সিন্ধুনদ পর্যন্ত আসেন। ইলতুৎমিস জালাল-উদ্দিনকে আশ্রয় না দিলে তিনি কুবাচার রাজ্য বিধ্বস্ত করে পারস্যের দিকে চলে

মোঙ্গল আক্রমণ

যান। চেঙ্গিসও ভারতে প্রবেশ না করে ফিরে যান ও ভারতের শিশু স্থলতান রাজ্য রক্ষা পায়।

পশ্চিমের নিরাপত্তা নিশ্চিত করে ইলতুৎমিস বাংলা ও বিহারের দিকে দৃষ্টি দিলেন। গিয়াসউদ্দিন ইয়াজ খলজী স্বাধীনভাবে বাংলায় রাজত্ব করছিলেন। ১২২৫ খ্রীষ্টাব্দে ইলতুৎমিস নিজে ইয়াজের বিরুদ্ধে অগ্রসর হন। ইয়াজ প্রথমে বশ্যতা স্বীকার করলেও পরে পুনরায় স্বাধীনতা ঘোষণা করেন। ১২২৭ খ্রীষ্টাব্দে ইলতুৎমিসের জ্যেষ্ঠপুত্র নাসিরউদ্দিন ইয়াজকে পরাজিত করে বাংলা দখল করেন। ১২২৯ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যুর পর বাংলা পুনরায় বিদ্রোহ ঘোষণা করলে ইলতুৎমিস পুনরায় অভিযান করে বাংলা দখল করেন ও আলাউদ্দিন জানিকে বাংলার শাসনকর্তা নিয়োগ করেন। ইলতুৎমিস নাসিরউদ্দিন কুবাচাকেও পরাজিত ও নিহত করে সিন্ধু ও মুলতান জয় করেন। প্রায় একই সময়ে ইলতুৎমিস গোয়ালিয়র ও বয়ানা পুনরুদ্ধার করেন। আজমীর ও জালোর তাঁর অধীন ছিল। তিনি নিজের প্রভুত্ব স্থাপনের জন্য রনথম্বোর ও জালোরের বিরুদ্ধে অভিযান পাঠান। ১২২৯ খ্রীষ্টাব্দে ধর্মগুরু খলিফা ইলতুৎমিসকে স্বীকৃতি দিয়ে রাজকীয় পোশাক পাঠান। ১২৩৬ খ্রীষ্টাব্দে ইলতুৎমিসের মৃত্যু হয়।

বাংলাদেশ

অন্যান্য অঞ্চলে আধিপত্য বিস্তার

রাজিয়া—১২৩৬-১২৪০ খ্রীঃ (Rajiya) : শেষবয়সে সিংহাসনের উত্তরাধিকার নিয়ে ইলতুৎমিসের বড় সমস্যা হয়। পুত্রদের কেউই যোগ্য ছিলেন না, তাই তিনি কন্যা রাজিয়াকে উত্তরাধিকারিণী মনোনীত করে আমির-ওমরাহদের দিয়ে অনুমোদন করিয়ে নেন। ইলতুৎমিসের মৃত্যুর পর কিছুদিন রুকুনউদ্দিন ফিরোজ রাজত্ব করেন। তাঁর দুর্বল শাসনে অসন্তুষ্ট হয়ে দিল্লীর আমির-ওমরাহরা রাজিয়াকে সমর্থন করেন ও রাজিয়া সিংহাসনে বসেন। রাজিয়া ছিলেন বুদ্ধিমতী ও বলিষ্ঠ শাসক। তিনি আমির-ওমরাহ ও ইলতুৎমিসের সৃষ্ট 'চহলগানী' বা চল্লিশের চক্রের হাতের পুতুল হতে চাইলেন না। তিনি পুরুষের মত পোশাক পড়ে দরবারে আসতেন ও ঘোড়ায় চড়তেন ও শিকার করতেন। আমির-ওমরাহরা তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করে এক শত্রুদল গড়ে তুললেন। শেষ পর্যন্ত বিদ্রোহীদের দমন করতে গিয়ে দস্যুদের হাতে তিনি প্রাণ হারান। রাজিয়ার মৃত্যুর পর পরপর কয়েকজন পুতুল-স্থলতান রাজ্যশাসন করেন ১২৬৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত। এই সময়ে মূল ক্ষমতা ছিল 'চহলগানী' বা চল্লিশের চক্রের হাতে।

ওমরাহদের সঙ্গে বিরোধ

গিয়াসউদ্দিন বলবন—১২৬৫-৮৬ খ্রীঃ (Giyasuddin Balban) : পুতুল-স্থলতান নাসিরউদ্দিন মামুদের (১২৪৬-১২৬৫ খ্রীঃ) মৃত্যুর পর গিয়াসউদ্দিন বলবন স্থলতানী সিংহাসনে বসেন। ইলতুৎমিসের মৃত্যুর পর রাজতন্ত্র তার মর্যাদা হারিয়ে আমির-ওমরাহদের হাতের পুতুলে পরিণত হয়েছিল। বলবন রাজতন্ত্রের মর্যাদা পুনঃ-প্রতিষ্ঠা করতে বদ্ধপরিকর হলেন। তিনি বিশ্বাস করতেন যে, একমাত্র এইভাবে দেশের

ভিতরেও বাইরের সব বিপদ দূর করা সম্ভব। বলবন ঘোষণা করলেন, তিনি তুর্কী বীর আফরাসিয়াবের বংশধর। তিনি বললের ঈশ্বরের ইচ্ছায় তিনি সিংহাসনে বসেছেন ও সুলতানের হৃদয় হলো ঈশ্বরের ইচ্ছার আধার। তিনি উঁচুবংশীয় অভিজাতদের উঁচুপদে নিয়োগ করতেন না। রাজসভার জাঁকজমক পারস্যের সাসানিডদের কায়দায় বৃদ্ধি করলেন। নিজে গম্ভীর হয়ে থাকতেন—হাসি ও পরিহাস করতেন না। তাঁর চারিদিকে ঘিরে থাকত উন্মুক্ত তরবারি হাতে বলিষ্ঠ দেহরক্ষীদল। তিনি রাজসভায় 'সিজদা' ও 'পাইবস' (দণ্ডবৎ ও পদচুম্বন)-প্রথা প্রবর্তন করেন। বলবন কাউকে, এমনকি নিজ পরিবারের সদস্যদের ক্ষমতার ভাগ দিতে চাননি। তিনি ঘোরতর স্বৈরতান্ত্রিক ছিলেন—কারও কাছ থেকে সমালোচনা শুনতে চাইতেন না। তিনি 'চহলগানী' বা চল্লিশের চক্রের ক্ষমতা চূর্ণ করেন—আমির শের খাঁকে বিষপ্রয়োগে হত্যা করেন। অযোধ্যার শাসনকর্তা ও বদাউনের শাসনকর্তা তাদের ক্রীতদাসদের উপর অত্যাচার করার জন্য তাঁর কাছে কঠোর শাস্তি-ভোগ করেন।

বলবনের রাজশক্তি বৃদ্ধি

বলবন এক সুগঠিত গুপ্তচর ব্যবস্থা প্রতিষ্ঠা করেন। আভ্যন্তরীণ বিশৃঙ্খলা দূর করা ও মোঙ্গল আক্রমণ প্রতিরোধের জন্য তিনি শক্তিশালী কেন্দ্রীয় সেনাবাহিনী গঠন করেন। বলবন সামরিক বিভাগ পুনর্গঠন করেন ও কাজের অযোগ্য সব সেনাকে বৃত্তি দিয়ে চাকরি থেকে বিদায় দেন।

ইলতুৎমিসের মৃত্যুর পর থেকে দিল্লী ও দোয়াব অঞ্চলে আইনশৃঙ্খলার অবনতি ঘটে। গঙ্গা-যমুনা দোয়াব অঞ্চলে ও অযোধ্যার রাস্তাঘাট ভাল ছিল না। চোর-ডাকাতের উপদ্রবে পূর্বাঞ্চলের সঙ্গে যোগাযোগ রাখা ছিল দুষ্কর। মেওয়াটিরা এত ক্ষমতাশালী হয়েছিল যে, দিল্লীর উপকণ্ঠে এসে লুঠপাঠ করত। এদের দমনের জন্য বলবন কঠোর দমননীতি নেন। দস্যুদের খুঁজে বের করে হত্যা করা হয়। বদাউনের চারপাশে রাজপুতদের দুর্গ ধ্বংস করে ও জঙ্গল পরিষ্কার করে পথঘাট নিরাপদ করা হয়। রাজপুতদের দুর্গ ধ্বংস করে সেইসব জায়গায় আফগান সৈন্যদের বসতি স্থাপন করা হয়। ১২৮৬ খ্রীষ্টাব্দে বলবন মারা যান। সুলতানী সরকারের নানা প্রতিষ্ঠান গঠনে তিনি ছিলেন প্রধান সংগঠক।

সংহতি ও নিরাপত্তা বৃদ্ধি

আভ্যন্তরীণ বিপদ ও সাম্রাজ্য গঠনে দিল্লীর সুলতানীর সংগ্রাম (Internal Threats and Struggle of the Sultans)ঃ প্রথম থেকেই দিল্লীর সুলতানীকে আভ্যন্তরীণ বিদ্রোহের সম্মুখীন হতে হয়েছিল। এই বিদ্রোহগুলির কয়েকটি ঘটে ক্ষমতালোভী মুসলিম অভিজাতদের দ্বারা ও বাকিগুলি ঘটে রাজপুত রাজা ও জমিদারদের দ্বারা। রাজপুত শাসকরা তাদের এলাকা থেকে তুর্কীদের বিতাড়িত করে স্বাধীন হতে চেয়েছেন বারবার। পাশের রাজ্য দখল করে, অর্থনৈতিক দিক থেকে তারা সমৃদ্ধ হতে চেয়েছিলেন। তুর্কী প্রাদেশিক শাসনকর্তারা কিছুটা স্বাধীনতা ভোগ করতেন। স্থানীয় অধিবাসীদের উপর প্রভাব বিস্তার করেও তারা প্রায়ই স্বাধীন বলে ঘোষণা করতেন।

সমস্যাবলী

ইলতুৎমিস বাংলার খলজী আমিরদের বিদ্রোহ দমন করে বাংলাকে স্থলতানীর অধীন করেছিলেন। ইলতুৎমিসের মৃত্যুর পর বাংলাদেশের শাসনকর্তারা সুযোগ বুঝে কখনো স্বাধীনভাবে রাজত্ব করেন, আবার কখনো দিল্লীর আনুগত্য স্বীকার করে নেন। বলবনের মতো শক্তিশালী শাসক দিল্লীর সিংহাসনে বসলে বাংলাদেশের উপর কর্তৃত্ব পুনরায় প্রতিষ্ঠিত হয়। বলবন বাংলার শাসনকর্তা তুঘরিল বিদ্রোহ করলে তাঁকে পরাজিত ও নিহত করে নিজপুত্র বুঘরা খাঁকে বাংলার শাসক নিয়োগ করেন। বলবন কঠোর হাতে ও নিষ্ঠুরভাবে কাটেহারিয়া রাজপুতদের দমন করেন।

বাংলায় অধিপত্য স্থাপন

উত্তর-ভারতে সংহতি স্থাপন

আইবকের আমলে আলওয়ার, গোয়ালিয়র, বায়ানা, রনথম্বোর, কালিঞ্জর প্রভৃতি দুর্গগুলি তুর্কীদের দখলে যায়। নাগোর, আজমীর, জেলর প্রভৃতিও আক্রমণ করা হয়েছিল। পূর্ব-রাজস্থানের এইসব অঞ্চল রক্ষা করতে এবং দিল্লী ও গাঙ্গেয় অঞ্চলে প্রতিরক্ষার দুর্গগুলি রক্ষা করতে বিশেষ বেগ পেতে হয়েছিল।

রাজপুতদের দমন

ইলতুৎমিস উত্তর-পশ্চিমে ব্যস্ত থাকার সুযোগে রাজপুতরা গোয়ালিয়র ও কালিঞ্জর পুনরুদ্ধার করে। রণথম্বোর, জেলর অন্যান্য রাজ্যও তুর্কী প্রভুত্ব অস্বীকার করে। ১২২৬ খ্রীঃ থেকে ইলতুৎমিস রাজ্যগুলি পুনরুদ্ধার করেন। গুজরাট ও মালবের উপর প্রভুত্ববিস্তারে তাঁর চেষ্টা ব্যর্থ হয়।

ইলতুৎমিসের মৃত্যুর পর সুলতানী শাসনের দুর্বলতার সুযোগে পূর্ব-রাজপুতনায় বহু রাজপুত রাজ্য তুর্কী-প্রভুত্ব অস্বীকার করেন। রণথম্বোর জয় ও গোয়ালিয়র পুনরুদ্ধারের চেষ্টা বলবন করেছিলেন, কিন্তু সফল হননি। আজমীর ও নাগোরে সুলতানী শাসন সুদৃঢ় হয়। বলবন পূর্ব-রাজস্থানে তুর্কী আধিপত্য সুদৃঢ় করেন।

সুলতানীর বিদেশ হতে বিপদ ও উত্তর-পশ্চিম সমস্যা (External Threats and Consolidation): প্রাকৃতিক দিক থেকে ভারত চারিদিকেই সুরক্ষিত। শুধুমাত্র উত্তর-পশ্চিম অঞ্চল নিরাপদ ছিল না'। এই অঞ্চলের গিরিপথ দিয়েই হূন, শক, গ্রীকরা ভারত আক্রমণ করেছিল। কান্দাহার থেকে কাবুল পর্যন্ত সীমানার উপর আধিপত্য প্রয়োজন ছিল। খিবার শক্তি বৃদ্ধিতে তাদের ক্ষমতা সিন্ধুনদ পর্যন্ত বিস্তৃত হয়। এই সময় আর এক বিপদ দেখা দেয় চেঙ্গিস খাঁর নেতৃত্বে মোঙ্গল আক্রমণ।

উত্তর-পশ্চিমের সমস্যা

১২২১ খ্রীঃ মোঙ্গলবীর চেঙ্গিস খাঁ খিবার রাজপুত্রের পিছনে তাড়া করে সিন্ধু নদী পর্যন্ত এলেও ইলতুৎমিসের বুদ্ধিমত্তার জন্য সুলতানী রক্ষা পায়। ১২২৬ খ্রীষ্টাব্দে চেঙ্গিসের মৃত্যুর পর ১২৪০ খ্রীষ্টাব্দ পর্যন্ত মোঙ্গলরা শতদ্রু নদী অতিক্রম করে আর ভারত প্রবেশের চেষ্টা করেনি। এই সুযোগে দিল্লীর সুলতানরা ভারতে রাষ্ট্র ও শক্তিশালী সেনাবাহিনী সংগঠন করার সুযোগ পান। ১২৪১ খ্রীষ্টাব্দে ঘুর, গজনী ও তুখারিস্তানের মোঙ্গল সেনাপতি তের বাহাদুর লাহোরে আসেন ও লাহোরের

সুলতানী প্রতিরক্ষা-ব্যবস্থা ধ্বংস করে দেন। ১২৪৫ খ্রীষ্টাব্দে মোঙ্গলরা মুলতান অবরোধ করলে বলবন অগ্রসর হয়ে পরিস্থিতির মোকাবিলা করেন। ক্রমে সুলতানী সীমানা ঝিলাম নদী থেকে বিপাশা নদীতে পিছিয়ে যায়। বলবন ভাতিন্দা, সুনাম ও সামানা'র দুর্গগুলি সংস্কার করেন ও মোঙ্গলরা যাতে বিপাশা নদী অতিক্রম করতে না পারে সেইজন্য ঐ দুর্গে সামরিক শক্তি জোরদার করেন। তিনি মোঙ্গলদের হাত থেকে মুলতান উদ্ধার করেন ও জ্যেষ্ঠপুত্র মাহমুদ-এর উপর এখানকার শাসনভার দেন। ১২৮৫ খ্রীষ্টাব্দে মাহমুদ মুলতান-বিপাশা সীমানা রক্ষা করতে গিয়ে মোঙ্গলদের সঙ্গে যুদ্ধে মারা যান।

মোঙ্গল আক্রমণ

এইভাবে শক্তিশালী রাজতন্ত্র প্রতিষ্ঠা, মোঙ্গল অনুপ্রবেশকারীদের প্রতিরোধ, সুদূর গঙ্গা-দোয়াব অঞ্চলে সুলতানীর শাসন প্রতিষ্ঠা ও পূর্ব-রাজস্থানের উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা সুলতানীর ইতিহাসে পরবর্তী ব্যবস্থা নেওয়ার পথ প্রস্তুত করে দেয়।

॥ ৬ ॥ খলজী সাম্রাজ্যবাদ
(Khalji Imperialism)

১২৮৬ খ্রীষ্টাব্দে বলবনের মৃত্যুর পর তাঁর কনিষ্ঠ পুত্র বাংলার শাসক বুঘরা খাঁকে সিংহাসনে বসার জন্য আমির-ওহরাহরা আমন্ত্রণ জানালেন। বুঘরা খাঁ বাংলা ও বিহারের শাসনভার ছেড়ে দিল্লীতে আসতে চাইলেন না। সুতরাং দিল্লীর আমিররা বলবনের পৌত্র ও বুঘরা খাঁ'র পুত্র কায়কোবাদকে সিংহাসনে বসালেন। কায়কোবাদ ছিলেন অল্পবয়স্ক ও অনভিজ্ঞ। তিনি বিলাসের স্রোতে নিজেকে ভাসিয়ে দিয়ে অভিজাতদের হাতে শাসনক্ষমতা ছেড়ে দিলেন। এই সময় তুর্কী আমিররা অতুর্কীদের হাত থেকে সব ক্ষমতা কেড়ে নিলে দুই পক্ষে তীব্র বিরোধ দেখা দেয়। অতুর্কী আমিরদের মধ্যে খলজীবংশের জালালউদ্দিন খলজী ১২৯০ খ্রীষ্টাব্দে বলবন বংশধরদের সরিয়ে নিজেকে সুলতান বলে ঘোষণা করেন।

বলবন পরবর্তী শাসকরা

জালালউদ্দিন খলজী—১২৯০-১২৯৬ খ্রীঃ (Jalaluddin Khalji—1290-1296): জালালউদ্দিন খলজী মাত্র ছ' বছর রাজত্ব করেন। ১২৯০ খ্রীষ্টাব্দে তাঁর সিংহাসনে আরোহণ খলজী-বিপ্লব নামে পরিচিত। এর ফলে ইলবারী তুর্কীদের শাসনের অবসান হয়। অতুর্কীরা শাসন-ক্ষমতা লাভ করে। জালালউদ্দিন বলবনের শাসনের কঠোরতা হ্রাস করার চেষ্টা করেন। জালালউদ্দিন সর্বপ্রথম সুলতান, যিনি মনে করতেন শাসিতের স্বেচ্ছাকৃত সমর্থনের উপর রাষ্ট্রকে গড়ে তোলা উচিত এবং ভারতের বেশির ভাগ মানুষ যেহেতু হিন্দু, সুতরাং ভারতরাষ্ট্রকে সত্যিকারের ইসলামিক রাষ্ট্র বলা যায় না। কঠোর

জালালউদ্দিনের নরম শাসন

শাস্তি না দিয়ে সহিষ্ণুতার নীতি গ্রহণ করে তিনি অভিজাতদের সমর্থনলাভে সচেষ্ট হন। জালালউদ্দিনের শাসনকালে হল্যাগুর নেতৃত্বে মোঙ্গলরা ভারত আক্রমণ করে। জালালউদ্দিন তাদের পরাজিত করলে বহু মোঙ্গল বন্দী হয়ে ইসলামধর্ম গ্রহণ করেছিল। তারা 'নব মুসলমান' নাম নিয়ে দিল্লীর কাছে বসবাস করতে থাকে। জালালউদ্দিন তাঁর ভ্রাতুষ্পুত্র আলাউদ্দিনের প্রতি স্নেহে অন্ধ ছিলেন। ১২৯৬ খ্রীষ্টাব্দে আলাউদ্দিন গুপ্তঘাতকের দ্বারা জালালউদ্দিনকে হত্যা করিয়ে নিজে সিংহাসনে বসেন।

আলাউদ্দিন খলজী—১২৯৬-১৩১৬ খ্রীঃ (Alauddin Khalji): জালালউদ্দিনের ভ্রাতুষ্পুত্র ও জামাতা আলাউদ্দিন খলজী ১২৯৬ খ্রীষ্টাব্দে জালালউদ্দিনকে হত্যা করে সিংহাসনে বসলে দিল্লীর সুলতানী ইতিহাসে বিশিষ্ট শাসনের সূত্রপাত ঘটে। জালালউদ্দিনের রাজত্বকালে আলাউদ্দিন কারা প্রদেশের শাসনকর্তা ছিলেন। তাঁর স্ত্রী ও শাশুড়ী তাঁর ক্ষমতা ও প্রতিভাকে ছোট করে দেখতেন বলে আলাউদ্দিনের মনে অভিমান জন্মেছিল। তিনি ছিলেন মনেপ্রাণে উচ্চাকাঙ্ক্ষী। সুলতান জালালউদ্দিনের অনুমতি না নিয়েই আলাউদ্দিন দেবগিরি ও ভিলসা আক্রমণ করে প্রচুর ধনরত্ন লাভ করেন। জালালউদ্দিন তাঁর সঙ্গে দেখা করতে এলে তিনি তাঁকে হত্যা করে নিজেকে সুলতান বলে ঘোষণা করেন। আলাউদ্দিন অধিকাংশ অভিজাত ও সৈন্যদের প্রচুর পরিমাণে সোনা বিতরণ করে তাঁদের সমর্থন লাভ করেন। সিংহাসনে সুপ্রতিষ্ঠিত হয়ে তিনি যে সব জালালী অভিজাত অর্থের লোভে তাঁর পক্ষে যোগ দিয়েছিল তাদের নিষ্ঠুরভাবে দমন করেন। কারণ আলাউদ্দিন মনে করতেন এই সব অভিজাত বিশ্বাসের অযোগ্য। তিনি জালালউদ্দিনের দুই পুত্র আরকলি খাঁ ও রুকনুউদ্দিনকে অন্ধ করে বন্দী করেন।

প্রথম জীবন

আলাউদ্দিন খলজী

আলাউদ্দিনের সিংহাসন আরোহণের পর থেকে অন্ততঃপক্ষে পাঁচবার মোঙ্গলরা ভারতবর্ষ আক্রমণ করে। মোঙ্গল আক্রমণের প্রকৃতিও এই সময় থেকে পরিবর্তিত হয়। বলবনের সময় তারা সীমান্ত আক্রমণ করত, কিন্তু আলাউদ্দিনের রাজত্বকালে মোঙ্গলরা রাজধানী দিল্লী আক্রমণের নীতি নেয়। মোঙ্গলদের এই দুর্ধর্ষ আক্রমণ প্রতিরোধ করা ছিল খুবই কষ্টসাধ্য কাজ। আলাউদ্দিনের সুযোগ্য সেনাপতি জাফর খাঁ অত্যন্ত সাহসিকতার সঙ্গে মোঙ্গল আক্রমণ প্রতিহত করেন। কিন্তু ১২৯৭ খ্রীষ্টাব্দে তিনি মোঙ্গল নেতা কতলু খাজার হাতে নিহত হন। এরপর আলাউদ্দিন মোঙ্গল আক্রমণ প্রতিহত করার জন্য সামরিক বাহিনীকে নতুনভাবে সংগঠিত করেন। বলবনের নীতি

গ্রহণ করে তিনি সীমান্তবর্তী অঞ্চলে নতুন নতুন দুর্গ নির্মাণ করেছিলেন এবং সেখানে স্থায়িভাবে সেনা মোতায়েন রেখেছিলেন। কিন্তু তা সত্ত্বেও মোঙ্গলরা সীমান্ত অতিক্রম করে রাজধানীর দিকে ছুটে আসতে থাকে। গুজরাট লুণ্ঠনের একটি অংশ দাবি করায় আলাউদ্দিন দিল্লীর নিকটে বসবাসকারী 'নব-মুসলমান' নামে মোঙ্গলদের ব্যাপকভাবে হত্যা করেন। বিদ্রোহীদের স্ত্রী-পুত্রদেরও কঠোর শাস্তি দেওয়া হয় যা ঐতিহাসিক বরাণীর মতে, এক নতুন ধরনের শাস্তির ব্যবস্থা। আলাউদ্দিনের সেনাবাহিনীর সাহসিকতায় মোঙ্গল আক্রমণের তীব্রতা হ্রাস পায়। আলাউদ্দিনের সতর্ক ব্যবস্থা ও নব-মুসলমানদের উপর অত্যাচারের ফলে ক্রমে মোঙ্গল আক্রমণ স্তিমিত হয়ে যায়।

মোঙ্গল আক্রমণ

এর পূর্বে সুলতানী রাজত্ব আজমীর ও তার পার্শ্ববর্তী ভূখণ্ডের কিছু অংশসহ পূর্ব রাজস্থান পর্যন্ত বিস্তৃতি লাভ করেছিল। বলবনের সময়েই রণথম্বোর হাতছাড়া হয়ে যায়। আলাউদ্দিন খলজী ক্ষমতায় আসার পর নতুন পরিস্থিতির উদ্ভব হলো। পাঁচ বছরের মধ্যে সুলতানী সেনাবাহিনী গুজরাট ও মালব অধিকার করে, রাজস্থানের উপর প্রভাব বিস্তার করে ও সুদূর দক্ষিণ পর্যন্ত অগ্রসর হয়। সুলতানী সাম্রাজ্যের এই প্রসার শুরু হয় আলাউদ্দিন খলজীর সময়ে। প্রকৃতপক্ষে আলাউদ্দিনের রাজত্বকাল থেকে সুলতানীর সাম্রাজ্যবাদ শুরু হয়।

মালব ও গুজরাটের প্রতি সুলতানীর দৃষ্টি পড়ে, কারণ অঞ্চলগুলি ছিল উর্বর ও জনাকীর্ণ। পশ্চিম উপকূলের বন্দরগুলি ও গঙ্গা-উপত্যকার বাণিজ্যপথগুলিকে এই রাজ্য দুটি নিয়ন্ত্রণ করত। বিদেশী বাণিজ্যের মাধ্যমে প্রচুর সোনা ও রূপার আমদানি হত। গুজরাটের উপর প্রভাব বিস্তারের অপর কারণ ছিল ঐ রাজ্যের বন্দরগুলির মাধ্যমে যুদ্ধের প্রয়োজনীয় অশ্বের আমদানি করা।

১২৯৭ খ্রীষ্টাব্দে আলাউদ্দিন তাঁর সেনাপতি উলুঘ খাঁকে গুজরাট অভিযানে পাঠান। সুলতানী সেনাবাহিনী পথে জয়সলমীর দখল করে গুজরাটে উপস্থিত হলে শাসক রাইকরণ যুদ্ধ না করেই কন্যা দেবলাদেবীসহ পলায়ন করেন। রাইকরণের স্ত্রী কমলা-দেবীসহ প্রচুর ধনরত্ন দিল্লীতে পাঠানো হল। কমলাদেবীকে বিবাহ করে আলাউদ্দিন তাঁকে প্রধানা মহিষীর সম্মান দেন। এই অভিযানেই মালিক কাফুরকে বন্দী করে আনা হয়। আলাউদ্দিন মালিক কাফুরকে তাঁর সেনাপতি-পদে নিয়োগ করেন ও কাফুর আলাউদ্দিনের পক্ষ নিয়ে অনেক রাজ্য জয় করেন। গুজরাটের পর আলাউদ্দিন রণথম্বোর দুর্গ অধিকার করেন। রণথম্বোরের অধিপতি হামীরদেব প্রথম অভিযান প্রতিরোধ করলে আলাউদ্দিন স্বয়ং অভিযানের নেতৃত্ব করেন। তিনমাস অবরোধের পর ১৩০১ খ্রীষ্টাব্দে রণথম্বোরের পতন ঘটল। রণথম্বোরের পর আলাউদ্দিন রাজস্থানের চিতোর অভিযানে অগ্রসর হন। মেবারের রানা রতন সিংহ গুজরাট অভিযানের সময় সুলতানী বাহিনীকে বাধা দেওয়ায় আলাউদ্দিনের অসন্তোষের কারণ হন। এ ছাড়াও আজমীড়-মালব সড়কের উপর চিতোরের আধিপত্য ছিল। প্রচলিত কাহিনী হলো যে, আলাউদ্দিন মেবারের রানা রতন সিংহের অসামান্যা সুন্দরী রানী

পদ্মিনীকে পাওয়ার জন্য চিতোর আক্রমণ করেছিলেন। কিন্তু ঐতিহাসিক তথ্য তা প্রমাণ করে না। আলাউদ্দিন চিতোর অবরোধ করেন। রাজপুতরা বীরত্বের সঙ্গে যুদ্ধ করে পরাজিত হন (১৩০৩ খ্রীঃ)। চিতোরের শাসনভার পেলেন আলাউদ্দিনের পুত্র খিজির খাঁ। গুজরাট-বিজয়ের পরই আলাউদ্দিন জালোর, চান্দেরী, উজ্জয়িনী দখল করেছিলেন। মনে হয় কর দেওয়া ও সুলতানের বশ্যতা স্বীকারের বিনিময়ে রাজপুত রাজ্যগুলি স্বাধীনভাবে রাজত্ব করত। আলাউদ্দিন রাজস্থান-জয় সম্পূর্ণ করার পূর্বেই মালব অধিপতি রায় মহলকদেবকে পরাজিত করে মালব দখল করেছিলেন।

উত্তর ভারত জয়



উত্তর ভারত অভিযান শেষ করে আলাউদ্দিন দক্ষিণের দিকে দৃষ্টি দেন। আলাউদ্দিনই প্রথম সুলতান যিনি সর্বপ্রথম দাক্ষিণাত্যে অভিযান করেন। খলজীবংশের উপর গবেষক ও বিশিষ্ট ঐতিহাসিক ডঃ কে. এস. লাল বলেছেন, দক্ষিণের সম্পদের প্রতি লোভেই আলাউদ্দিন দাক্ষিণাত্য অভিযান করেন। দক্ষিণের মন্দিরগুলি ছিল সোনা-রূপা ও মণিমুক্তার পরিপূর্ণ। ডঃ ইউ. এন. দে বলেছেন, আলাউদ্দিনের সাম্রাজ্যবাদী লিপ্সাই এই অভিযানগুলির কারণ। সম্পদের আকর্ষণ ও দক্ষিণের রাজ্যগুলিকে করদরাজ্যে পরিণত করার বাসনায় আলাউদ্দিন দক্ষিণ অভিযান করেন। ১৩০৯ খ্রীঃ আলাউদ্দিন দেবগিরির রাজা রামচন্দ্রদেবের বিরুদ্ধে মালিক কাফুরের নেতৃত্বে এক অভিযান পাঠান। গুজরাটের শাসক রাইকরণকে আশ্রয় দেওয়া ও পূর্ব প্রতিশ্রুতিমত কর না দেওয়া ছিল রামচন্দ্র-

দক্ষিণ ভারত জয়

দেবের অপরাধ। রামচন্দ্রদেব আত্মসমর্পণ করেন। তাঁকে দিল্লীতে পাঠানো হলে 'রায়রায়ন' উপাধি দিয়ে পুনরায় নিজের রাজ্যে প্রতিষ্ঠিত করা হল। এই মৈত্রী আলাউদ্দিনের দক্ষিণী অভিযানে সাহায্য করেছিল। এরপর ১৩০৯ থেকে ১৩১১ খ্রীষ্টাব্দের মধ্যে কাফুর দুটি অভিযানে নেতৃত্ব দেন—একটি তেলেঙ্গানা অঞ্চলে বরঙ্গল ও অপরটি দ্বারসমুদ্রের হোয়সলরাজ্যের বিরুদ্ধে ও মবারের বিরুদ্ধে। বরঙ্গলের রাজা প্রতাপরুদ্রদেব, হোয়সলরাজা তৃতীয় বীর বল্লাল ও মবারের পাণ্ড্য রাজা কাফুরের কাছে পরাজিত হন। সুলতানী সেনা সুদূর মাদুরা পর্যন্ত অগ্রসর হয়ে প্রচুর ধনরত্নসহ ফিরে আসে। বারণীর মতে, প্রায় এক হাজার উট সোনা বয়ে নিয়ে আসে। আলাউদ্দিন দক্ষিণের রাজ্যগুলিকে বশ্যতা স্বীকারের বিনিময়ে রাজ্য ফিরিয়ে দেন। এই ক্ষেত্রে তিনি রাজনৈতিক জ্ঞানের পরিচয় দেন, কারণ উত্তর ভারতে থেকে দক্ষিণের রাজ্যগুলিকে সরাসরি শাসন করা সম্ভব ছিল না।

আলাউদ্দিনের শাসনব্যবস্থা ও অর্থনৈতিক সংস্কার (Administration and Economic Reforms of Alauddin): আলাউদ্দিন স্বৈরতান্ত্রিক রাজতন্ত্রে বিশ্বাসী ছিলেন। তিনি বলবনের মত দৈবস্বত্বে বিশ্বাসী ছিলেন। আলাউদ্দিন জানতেন যে, তাঁর কেন্দ্রীয় ক্ষমতার বাধা হল দুটি—(১) উলেমা ও মৌলবীরা ও (২) অভিজাতদের আকাঙ্ক্ষা। আলাউদ্দিন উলেমাদের কোন বিশেষ ক্ষমতা দিতে অস্বীকার করেন। তিনি শাসন ও ধর্ম পৃথক করে দেখতেন। তাঁর শাসনব্যবস্থা ছিল ধর্মনিরপেক্ষ।

রাজ্যশাসন নীতি

আলাউদ্দিন সিংহাসনে বসার পর কয়েকটি বিদ্রোহের সম্মুখীন হন। এইসব বিদ্রোহের স্বরূপ বিশ্লেষণ করে তিনি চারটি কারণ নির্ণয় করেন—(১) সুলতানের রাজকাজে অবহেলা ও গুপ্তচরদের ব্যর্থতা; (২) অভিজাতদের মধ্যে মেলামেশা ও সামাজিক সম্পর্ক স্থাপন; (৩) অভিজাতদের আর্থিক স্বচ্ছলতা ও (৪) অভিজাতদের মদ্যপান। অভিজাতদের দমন করার জন্য আলাউদ্দিন গুপ্তচর ব্যবস্থা সুসংগঠিত করলেন। সুলতানের অনুমতি ছাড়া অভিজাতদের মধ্যে ভোজ, উৎসব অনুষ্ঠান ও বিবাহাদি নিষিদ্ধ হল। তিনি ভূমি-রাজস্বের পরিমাণ ৫০% বৃদ্ধি করলেন। নিষ্কর জমি, ধর্মীয় কারণে দেওয়া বা বৃত্তি হিসাবে দেওয়া জমি বাজেয়াপ্ত করলেন। খুৎ, মোকদ্দম ও চৌধুরীদের তাদের নিজস্ব জমিরও রাজস্ব দিতে নির্দেশ দিলেন। এইভাবে তিনি অভিজাতদের ক্ষমতা খর্ব করলেন।

অভিজাতদের দমন

আলাউদ্দিনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সংস্কার ছিল তাঁর বাজার-নিয়ন্ত্রণ ও পণ্যমূল্য-নিয়ন্ত্রণ। অনেকে মনে করেন, অল্পবেতনে সৈন্যসংগ্রহ করার উদ্দেশ্যে আলাউদ্দিন বাজার নিয়ন্ত্রণ করেন। আলাউদ্দিন স্থায়ী সেনাবাহিনী নিয়োগ করেন ও সেনারা বছরে ২৩৮ তঙ্কা বেতন পেত। তাদের জীবিকানির্বাহের জন্য মূল্য-নিয়ন্ত্রণ করা আবশ্যক হয়। আধুনিক লেখকরা বলেন, জরুরী অবস্থায় যাতে খাদ্যসংকট না হয় তা

বাজার ও মূল্য-নিয়ন্ত্রণ বিধিসমূহ

দিল্লীর অধিবাসীরা যাতে নিয়মিত খাদ্য পায়, তার জন্যই এই বাজার নিয়ন্ত্রণ। বাজার নিয়ন্ত্রণের জন্য তিনি তিনটি বাজার স্থাপন করেন—খাদ্যশস্যের বাজার, অশ্বের, ক্রীতদাস ও গবাদি পশুর বাজার এবং বিদেশ বস্ত্র ও পণ্যের বাজার। শাহান-ই-মণ্ডী নামে কর্মচারীর কাছে ব্যবসায়ীদের নাম নথীভুক্ত করতে হত। দেওয়ান-ই-রিয়াসৎ নামে কর্মচারী মূল্য ও ওজন প্রভৃতির দিকে লক্ষ্য রাখত। ন্যায্য ও নির্ধারিত মূল্যে জিনিস বিক্রি না করলে কঠোর শাস্তি দেওয়া হত। বাজারে সরবরাহ যাতে বজায় থাকে তার জন্য দিল্লী থেকে অযোধ্যা পর্যন্ত অঞ্চলের কৃষকদের কাছ থেকে নগদের পরিবর্তে শস্যে রাজস্ব আদায় করা হত। বানজাররা বা ভ্রাম্যমাণ ব্যবসায়ীরা এই শস্য শহরে নিয়ে গিয়ে শস্যভাণ্ডারে জমা করত। যাতে কেউ প্রয়োজনের অতিরিক্ত জিনিস না কেনে, সেইজন্য পরিবার প্রতি খাদ্যদ্রব্যের পরিমাণও নির্ধারিত করা হল। বারণী বলেছেন যে, এমন কি দুর্ভিক্ষের সময়েও কোনও জিনিসের এক 'জিতল' (এক টাকার $\frac{১}{৪৮}$ অংশ) পরিমাণ মূল্যও বৃদ্ধি করা যেত না।*

খাদ্যশস্য ছাড়াও আলাউদ্দিন দৈনন্দিন প্রয়োজনীয় প্রায় প্রতিটি জিনিসের মূল্য-নিয়ন্ত্রণ করেছিলেন। বারণীর মতে চাল, গম, কাপড় ও রেশমের জিনিস ছাড়াও আলাউদ্দিন অশ্ব, গোরু ও দাসদাসীর মূল্যও নিয়ন্ত্রণ করেছিলেন। তিনি দিল্লীর বাদাউন গেটের কাছে সরাই-আদল নামে এক নতুন বাজার স্থাপন করেন। কাপড় ও অন্যান্য জিনিসের বিক্রেতাদের সরকারের কাছে নাম নথীভুক্ত করতে হত। এদের প্রতি কঠোর দৃষ্টি রাখার জন্য বিস্তৃত কর্মচারীবাহিনী ছিল। আলাউদ্দিন ভালজাতের একটি অশ্বের মূল্য ১০০ থেকে ১২০ তঙ্কার মধ্যে নির্দিষ্ট করে দেন। গবাদি পশু ও দাসদাসীর মূল্যও কঠোরভাবে নিয়ন্ত্রিত হয়। এ ছাড়াও দামী বস্ত্র, গন্ধদ্রব্য ও শৌখীন দ্রব্যেরও মূল্য বেঁধে দেওয়া হয়। এই সব জিনিসের উঁচু মূল্য সাধারণ মূল্যমানের উপর প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে অনুমান করে অভিজাতদের খুশী করার জন্য দামী জিনিসেরও মূল্য বেঁধে দেওয়া হয়েছিল। আলাউদ্দিনের এই নিয়ন্ত্রণ-ব্যবস্থা শুধু দিল্লীতেই কার্যকর হয়েছিল, কিংবা সাম্রাজ্যের সর্বত্র বলবৎ ছিল, এই নিয়ে ঐতিহাসিকদের মধ্যে মতবিরোধ আছে। সমসাময়িক ঐতিহাসিক বারণী বলেছেন, এই নিয়ন্ত্রণ-বিধি সারা দেশেই বলবৎ ছিল। এই বিষয়ে তথ্য-প্রমাণ উপযুক্তভবে পাওয়া যায় নি। তবে আলাউদ্দিনের বাজার-নিয়ন্ত্রণ-ব্যবস্থায় মুনাফা অর্জনের উপায় না থাকায় ব্যবসায়ীরা নিরুৎসাহ হয়। আলাউদ্দিনের মৃত্যুর সঙ্গে সঙ্গে এই ব্যবস্থারও অবসান হয়। খলজী বংশের ইতিহাসে বিশেষজ্ঞ ডঃ কে. এস. লাল† মন্তব্য করেছেন যে, প্রচলিত মূল্যের সঙ্গে সামঞ্জস্য না থাকায় এই ব্যবস্থা স্থায়ী হয় নি। তবুও মধ্যযুগে এই ব্যবস্থা গ্রহণ অবশ্যই অভিনব ছিল।

অন্যান্য জিনিসের মূল্য-নিয়ন্ত্রণ

বাজার-নিয়ন্ত্রণ ছাড়াও আলাউদ্দিনই প্রথম সুলতান, যিনি জমির খাজনাস্বরূপ

* সতীশচন্দ্র—মধ্যযুগের ভারত।

† Dr. K. S. Lal—History of the Khaljis.

কৃষকদের দেয় কি, তা জানার জন্য কৃষকদের সঙ্গে প্রত্যক্ষভাবে সম্পর্ক স্থাপন করেছিলেন। পূর্বেই উল্লেখ করা হয়েছে, তিনি ধর্মীয় দান ও অন্যান্যভাবে রাষ্ট্র থেকে দেওয়া সম্পত্তি কেড়ে নিয়ে সরকারী জমিতে পরিণত করেন। তাঁর রাজস্ব-নীতির লক্ষ্য ছিল প্রজাদের কাছ থেকে যতদূর সম্ভব বেশী কর আদায় করে বিপুল সেনাবাহিনীর ব্যয় নির্বাহ করা ও অভিজাতরা যাতে সম্পদশালী হয়ে বিদ্রোহী হতে না পারে সেদিকে লক্ষ্য রাখা। তিনি ভূমি-রাজস্বের পরিমাণ করেন উৎপাদনের ৫০ শতাংশ। এ ছাড়া হিন্দুদের উপর জিজিয়া কর, গোচারণ কর, বাসস্থানের উপর কর আরোপ করা হয়েছিল। খুৎ, মুকদ্দম ও চৌধুরী-শ্রেণীর রাজস্ব আদায়কারীদেরও তাদের নিজস্ব জমির কর দিতে তিনি বাধ্য করেন। বারণী বলেছেন, হিন্দু বিত্তশালীদের ক্ষমতা খর্ব করার জন্যই সুলতান এই ব্যবস্থা নিয়েছিলেন। কিন্তু ঐতিহাসিক মোরল্যাণ্ড* বলেছেন যে, হিন্দু জমিদাররা ছিল রাজদ্রোহী ও গরীব প্রজাদের শোষণকারী। তাদের শাস্তি দেওয়ার জন্য আলাউদ্দিন এই ব্যবস্থা নিয়েছিলেন, কোন ধর্মীয় কারণ ছিল না। তাঁর রাজস্ব ব্যবস্থা বহুদিন প্রচলিত ছিল।

রাজস্ব-ব্যবস্থা

দিল্লীর সুলতানদের মধ্যে আলাউদ্দিন খলজী ছিলেন অন্যতম শ্রেষ্ঠ সুলতান। তিনি ছিলেন ঘোরতর সাম্রাজ্যবাদী ও নিরঙ্কুশ শাসক। ইবন বতুতা তাঁকে 'একজন শ্রেষ্ঠ সুলতান' আখ্যায় ভূষিত করেছেন। কিন্তু জিয়াউদ্দিন বারণী তাঁকে রক্তপিপাসু ও নিষ্ঠুর বলেছেন। আলাউদ্দিন এক সুষ্ঠু শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করেছিলেন ও শাসনে ধর্মীয় উলেমা ও মৌলবীদের হস্তক্ষেপ করতে দেননি। ধর্মনিরপেক্ষ এক স্বাধীন শাসন-ব্যবস্থা তিনি প্রতিষ্ঠা করেন। আলাউদ্দিন ভারতব্যাপী সাম্রাজ্য স্থাপন, শাসনসংস্কার, সুলতানের ক্ষমতাবৃদ্ধি, মোঙ্গল আক্রমণ প্রতিরোধ, বাজার-নিয়ন্ত্রণ-ব্যবস্থা ইত্যাদি করে গিয়াসউদ্দিন বলবন ও শের শাহের মধ্যে যোগসূত্র স্থাপন করেছিলেন। ডঃ আর. পি. ত্রিপাঠীর মতে† আলাউদ্দিনের শাসন-সংস্কারে নতুন উদ্ভাবনী প্রতিভা দেখা যায়। তাঁর মূল্য ও বাজার-নিয়ন্ত্রণ-বিধি ছিল সেযুগের পক্ষে অভিনব। আলাউদ্দিন প্রকৃতপক্ষে সামরিক শক্তির উপরেই তাঁর শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত করেন। তিনি প্রথম সুলতান যিনি সুসংগঠিত স্থায়ী সেনাবাহিনী গঠন করেছিলেন। আলাউদ্দিন সাহিত্য ও সংস্কৃতিরও পৃষ্ঠপোষক ছিলেন। কবি আমির খসরু, মীর হাসান ও বিখ্যাত সুফী সন্ন্যাসী নিজামউদ্দিন আওলিয়া তাঁর পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন। দিল্লীর 'আলাই দরওয়াজা' তাঁরই আদেশে নির্মিত হয়েছিল। তবে সামরিক শক্তির উপর প্রতিষ্ঠিত তাঁর শাসনব্যবস্থা প্রজাসাধারণের স্বাভাবিক আনুগত্যলাভে ব্যর্থ হয়। ১৩১৬ খ্রীষ্টাব্দে আলাউদ্দিনের মৃত্যু হয়।

কৃতিত্ব

———

* Moreland—Agrarian System of Muslim India.

† Dr. R. P. Tripathy—Some Aspect of Muslim Administration of India.

তুঘলক শাসন
(Tughluq Rule)

তুঘলক বংশ—গিয়াসউদ্দিন তুঘলক—১৩২০-১৩২৫ খ্রীষ্টাব্দ (Tughluq Dynasty—Giyasuddin Tughluq) : ১৩১৬ খ্রীষ্টাব্দে আলাউদ্দিনের মৃত্যুর পর খলজীবংশের পতন শুরু হয়। শেষ পর্যন্ত এই বংশের উচ্ছেদ ঘটেছিল গাজী মালিক নামে এক অভিজাত আমীরের হাতে। ১৩২০ খ্রীষ্টাব্দে গাজী মালিক সুলতান খসরু শাহকে পরাজিত ও নিহত করে গিয়াসউদ্দিন তুঘলক নাম নিয়ে সিংহাসনে বসেন। তুঘলকরা ছিলেন বর্ণসংকর মুসলমান। তুর্কীদের মতো আভিজাত্য তাঁদের ছিল না। আলাউদ্দিনের মৃত্যুর পর রাজ্যে যে বিশৃঙ্খলা ও অব্যবস্থা দেখা দিয়েছিল, গিয়াসউদ্দিন তুঘলক তা দূর করার জন্য সচেষ্ট হলেন। পূর্বের কঠোরতা হ্রাস করা হল ও ভূমি-রাজস্ব পূর্বের তুলনায় কমিয়ে আনা হল। সামরিক অভিযানের মাধ্যমেও তিনি সম্পদ-সংগ্রহের চেষ্টা করেন। ১৩২৫ খ্রীষ্টাব্দে বাংলাদেশ থেকে ফেরার পর আকস্মিক দুর্ঘটনায় গিয়াসউদ্দিনের মৃত্যু হয়। কথিত আছে, তাঁর পুত্র জুনা খাঁ পিতার মৃত্যুর জন্য দায়ী ছিলেন।

মুহম্মদ-বিন-তুঘলক—১৩২৫-১৩৫১ খ্রীষ্টাব্দ (Muhammad-Bin-Tughluq) : গিয়াসউদ্দিন তুঘলকের মৃত্যুর পর ১৩২৫ খ্রীষ্টাব্দে মুহম্মদ-বিন-তুঘলক দিল্লীর সিংহাসনে বসেন। কয়েকটি দিক থেকে তিনি মধ্যযুগের ভারতবর্ষের ইতিহাসে অন্যতম উল্লেখযোগ্য সুলতান ছিলেন। ধর্ম ও দর্শনশাস্ত্রে তাঁর গভীর জ্ঞান ছিল, দৃষ্টিভঙ্গিও ছিল সমালোচনামুলক অথচ সংস্কারমুক্ত। কিন্তু তাঁর চরিত্র ছিল অস্থির ও ধৈর্যহীন। তাঁর মধ্যে সাধারণ কাণ্ডজ্ঞানেরও অভাব ছিল। ফলে তাঁর আমলের অধিকাংশ সংস্কারই ব্যর্থ হয়ে যায়।

মুহম্মদ-বিন তুঘলক

মুহম্মদ-বিন-তুঘলক শাসনক্ষেত্রে কয়েকটি দুঃসাহসিক পরিকল্পনা গ্রহণ করেন ও কৃষিকাজে আগ্রহ দেখান। তিনি গঙ্গা-যমুনা-দোয়াব-অঞ্চলে ভূমি-রাজস্ব বৃদ্ধি করলেন। জিয়াউদ্দিন বারনীর মতে, এই বৃদ্ধির পরিমাণ ছিল ১০ থেকে ২০ গুণ। বর্ধিত ভূমি-রাজস্ব কঠোরভাবে আদায়ের নির্দেশও দেন। এর আগে আলাউদ্দিন রাজস্বের হার নির্ধারণ করেছিলেন শতকরা ৫০ ভাগ। মুহম্মদ এমন সময় রাজস্ব-বৃদ্ধি করেছিলেন যখন দোয়াব অঞ্চলে অনাবৃষ্টির জন্য দুর্ভিক্ষ চলছে। সরকারী কর্মচারীদের অত্যাচারে কৃষকরা ঘরবাড়ী ছেড়ে বনেজঙ্গলে পালিয়ে গেলেন ও বহু লোক মারা গেলেন। সুলতান অবস্থা

দোয়াব-অঞ্চলে রাজস্ব-বৃদ্ধি

বুঝতে পেরে কৃষি-ঋণ দেওয়ার ব্যবস্থা ও জলসেচের ব্যবস্থা করলেন। কিন্তু তখন আর করার কিছু ছিল না। অনেক লেখক রাজস্ব-বৃদ্ধি সম্পর্কে বারণীর মন্তব্যকে অতিশয়োক্তি বলেছেন। গোঁড়া বারণী উদার মুহম্মদ-বিন-তুঘলককে পছন্দ করতেন না, তাই তাঁর সমালোচনা করতেন।

সিংহাসনে বসার কিছুদিন পরেই মুহম্মদ-বিন-তুঘলক দিল্লী থেকে দেবগিরিতে রাজধানী স্থানান্তরিত করেন। ইসামী ও ইবন্ বতুতা বলেছেন, দিল্লীতে কিছু লোক সুলতানের বিরোধিতা করায় ও তাঁর নামে কুৎসা রটনা করায় সুলতান রাজধানী পরিবর্তনের সিদ্ধান্ত নেন। ডঃ ঈশ্বরীপ্রসাদ, ডঃ মাধি হোসেন প্রমুখ আধুনিক কিছু ঐতিহাসিক মনে করেন, দিল্লী থেকে দাক্ষিণাত্যে মুসলিম রাজ্যগুলি শাসন করা সম্ভব হচ্ছিল না বলেই কেন্দ্রস্থলে অবস্থিত দেবগিরিতে রাজধানী স্থানান্তরের সিদ্ধান্ত নেন। এছাড়া মোঙ্গল আক্রমণথেকে দূরেথাকাওঅপর কারণ ছিল। ডঃ মাধি হোসেন বলেছেন, দক্ষিণে মুসলিম সংস্কৃতি-বিস্তারের ইচ্ছাতেও সুলতান দেবগিরিতে রাজধানী নিয়ে যান। এইসব বিভিন্ন কারণে তিনি রাজধানী দেবগিরিতে নিয়ে যান। দেবগিরির নতুন নাম হয় দৌলতাবাদ। এই সিদ্ধান্ত ভুল ছিল না ;—যা ভুল তা হল তিনি দিল্লীর সব অধিবাসীকেই দেবগিরিতে যেতে বাধ্য করেন। দিল্লী থেকে দেবগিরি পর্যন্ত ৭০০ মাইল রাস্তা নির্মাণ করান ও রাস্তার ধারে মাঝে মাঝে সরাইখানাও বানিয়ে দেন। এই স্থানপরিবর্তনে বহু লোক পথেই মারা যায়। আট বছর পর সুলতান পুনরায় দৌলতাবাদ থেকে দিল্লী ফেরার নির্দেশ দেন। কারণ তিনি বুঝতে পারেন দক্ষিণ থেকে উত্তর ভারত শাসন করা সম্ভব নয়। আধুনিক গবেষকরা মনে করেন, দিল্লীর সবাইকে তিনি দেবগিরি যেতে বাধ্য করেননি। যাই হোক, এই অহেতুক রাজধানী পরিবর্তনের ফলে সুলতানের জনপ্রিয়তা হ্রাস পায়।

রাজধানী পরিবর্তন

এই সময়ে তামার মুদ্রা প্রচলন করে মুহম্মদ-বিদ-তুঘলক আরও একটি পরীক্ষা করলেন। পৃথিবীর সর্বত্র আজ 'নিদর্শন মুদ্রা' চালু আছে। চতুর্দশ শতকে রূপার ঘাটতি দেখা দেয়। চীনে কুবলাই খাঁ ও পারস্যের সম্রাট গাই খাটু 'নিদর্শন মুদ্রা' চালু করেছিলেন। এইসব দেখে সুলতান ১৩২৯ খ্রীষ্টাব্দে তামার মুদ্রা চালু করলেন। কিন্তু তামার নোট যাতে জাল না হয় তার কোনও ব্যবস্থা নিলেন না। এর ফলে জালনোটে বাজার ছেয়ে গেল। বিদেশী ব্যবসায়ীরা তামার নোট নিতে অস্বীকার করল। সুলতান বাধ্য হয়ে তামার নোট বন্ধ করে দিলেন। সাধারণ মানুষকে নির্দেশ দেওয়া হল তামার নোট জমা দিয়ে তার পরিবর্তে রাজকোষ থেকে রূপার টাকা নিতে। এর ফলে রাজকোষ শূন্য হয়ে যায়। নীতির দিক থেকে তামার নোট প্রচলন ভুল ছিল না। ঐতিহাসিক গার্ডিনার ব্রাউন বলেছেন, রূপার অভাবের জন্যই তামার নোট চালু করা হয়েছিল। কিন্তু নোট জাল করার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করায় তাঁর এই মুদ্রা-সংস্কার ব্যর্থ হয়ে যায়। এ ছাড়া ধর্মীয় পণ্ডিতরা তামার নোট প্রচলন সমর্থন করেননি। ত্রুটি

মুদ্রা-সংস্কার

পরিকল্পনা ব্যর্থ হওয়ায় সুলতানের মর্যাদায় যেমন আঘাত পড়ল, তেমনি অর্থক্ষতিও হল প্রচুর।

কৃষির উন্নতির জন্য সুলতান আগ্রহী ছিলেন। এইজন্য তিনি "দেয়ান-ই-কোহি" নামে একটি পৃথক বিভাগ খুলেছিলেন। ৬০ বর্গমাইল এলাকা নিয়ে বিভিন্ন ধরনের উন্নতমানের চাষের পরীক্ষা করা হয়েছিল। কিন্তু এই পরিকল্পনাও ব্যর্থ হয়ে গিয়েছিল। প্রথমতঃ, যে জমি নেওয়া হয়েছিল, তা উর্বর ছিল না। দ্বিতীয়তঃ, রাজকর্মচারীরা ছিল অসৎ ও অলস। তৃতীয়তঃ, সুলতানেরও ধৈর্য্য ছিল না। মুহম্মদ-বিন-তুঘলক দিগ্বিজয়েরও স্বপ্ন দেখতেন। তিনি খোরাসান ও ইরাক জয়ের জন্য এক ব্যর্থ পরিকল্পনা করে প্রচুর অর্থ ব্যয় করেন। হিমালয়ের মধ্যে অবস্থিত দুর্গম কারাজল দখলের চেষ্টাতেও তিনি ব্যর্থ হন। দূর ও দুর্গম অঞ্চল দখলের চেষ্টায় তাঁর সেনাবাহিনীর বেশির ভাগ পথেই মারা যায়। তাঁর পরিকল্পনার ও অভিযানের ব্যর্থতায় তাঁর বিরুদ্ধে দাক্ষিণাত্যে, বাংলা ও সিন্ধুতে সামরিক বিদ্রোহ শুরু হয়। সিন্ধুর বিদ্রোহ দমন করতে গিয়েই মুহম্মদ-বিন-তুঘলকের মৃত্যু হয় (১৩৫১ খ্রীঃ)।

কৃষি-বিভাগ

খোরাসান ও ইরাক জয়ের পরিকল্পনা

সমসাময়িক ঐতিহাসিক জিয়াউদ্দিন বারণী ও ইবন্ বতুতা মুহম্মদ-বিন-তুঘলকের বিরূপ সমালোচনা করেছেন। মুহম্মদ-বিন-তুঘলক মোল্লা ও মৌলবীদের কোন বিশেষ সুযোগ না-দেওয়ায় বারণীর মত গোঁড়া মুসলমান ঐতিহাসিক অসন্তুষ্ট হয়েছিলেন। ডঃ হাবিবের মতে, মুহম্মদ-বিন-তুঘলক ধর্মনিরপেক্ষ শাসন প্রবর্তন করেন ও যোগ্যতার ভিত্তিতে কর্মচারী নিয়োগ করতেন। ডঃ আর. পি. ত্রিপাঠি বলেছেন, মুহম্মদ-বিন-তুঘলক মোল্লাদের উপদেশকে মূল্য না দিয়ে ন্যায়-নীতি ও বিবেকের বেশী মূল্য দিতেন। এন্‌ফিনস্টোন তাঁকে 'বিকৃত-মস্তিষ্ক' বলেছেন। কিন্তু আধুনিক ঐতিহাসিকরা তা স্বীকার করেন না। ডঃ ঈশ্বরী-প্রসাদের মতে, মধ্যযুগের সম্রাটদের মধ্যে তিনি ছিলেন সর্বাপেক্ষা যোগ্য। দর্শন, গণিত, জ্যোতির্বিদ্যা, সাহিত্যে তিনি ছিলেন পারদর্শী। কিন্তু তাঁর মধ্যে বাস্তব জ্ঞান ও ধৈর্যের অভাব ছিল। সমসাময়িক কাল থেকে তিনি ছিলেন অনেক এগিয়ে।

চরিত্র

ফিরোজ-শাহ তুঘলক—১৩৫১-১৩৮৬ খ্রীঃ (Firuz-Shah Tughluq): মুহম্মদ-বিন-তুঘলকের মৃত্যুর পর আমীর-ওমরাহদের অনুরোধে তাঁর খুল্লতাত-পুত্র ফিরোজ শাহ দিল্লীর সিংহাসনে বসেন। তিনি মুহম্মদের ধর্মনিরপেক্ষ নীতির অবসান ঘটিয়ে পুনরায় শাসন-ব্যবস্থাকে উলেমা ও মৌলবীদের অধীন করে তোলেন। ডঃ আর. পি. ত্রিপাঠি সেইজন্য ফিরোজের শাসনকে 'ধর্মীয় শাসন' আখ্যা দিয়েছেন। ফিরোজ শাহ সামরিক নেতা ছিলেন না। তাঁর আমলে বাংলাদেশে পরপর দুটি অভিযান ব্যর্থ হলে ইলিয়াস শাহীদের অধীনে বাংলা স্বাধীন হয়ে যায়। দাক্ষিণাত্যেও বাহমনী ও বিজয়নগর রাজ্য স্বাধীনতা ঘোষণা করে। ফিরোজ শাহ জাজনগর বা উড়িষ্যা আক্রমণ করে পুরীর

যুদ্ধে ব্যর্থতা

জগন্নাথের মন্দির ধ্বংস করেন ও পাঞ্জাবের কাংড়াদুর্গ আক্রমণ করে জ্বালামুখীর মন্দির ধ্বংস করেন। তিনি সিন্ধুদেশের বিদ্রোহ-দমনেও ব্যর্থ হন। তবে তাঁর রাজত্বকালে শান্তি ছিল ও নানা উন্নতি হয়েছিল।

ফিরোজ শাহ শাসন-সংস্কারে বিশেষ কৃতিত্ব দেখান। ঐতিহাসিকরা তাঁকে প্রজাহিতৈষী স্বৈরাচারী বলেছেন। তিনি বিরক্তিকর নানা রকমের কর বিলোপ করে কোরান-নির্দেশিত চারটি কর শুধু বজায় রাখেন। এই করগুলি ছিল—খারাজ বা ভূমি-রাজস্ব, জাকাৎ বা সম্পত্তির উপর আড়াই ভাগ কর, জিজিয়া বা অমুসলমানদের উপর কর ও খামস্ বা যুদ্ধে লুণ্ঠিত দ্রব্যের $\frac{1}{5}$ অংশ। উৎপন্ন ফসলের $\frac{1}{10}$ অংশ তিনি সেচকর হিসাবে নিতেন। ফিরোজ শাহ বহু খাল সংস্কার ও খনন করে কৃষিকাজের উন্নতিসাধন করেন। সামস-ই-সিরাজ আফিফ নামে সমসাময়িক ঐতিহাসিক বলেছেন যে, ফিরোজ শাহ পাঁচটি খাল খনন করিয়াছিলেন। এই খালগুলির মধ্যে দীর্ঘতম হল ১৫০ মাইল লম্বা যমুনা খাল। ফিরোজ শাহ অনেক নতুন শহরও নিমার্ণ করিয়েছিলেন; যেমন,—হিসার ফিরোজ, ফিরোজাবাদ, ফতেহাবাদ, জৌনপুর ইত্যাদি। তিনি দিল্লীর কাছে ১২০০ ফলের বাগান স্থাপন করেছিলেন।

কৃষি-সংস্কার

ফিরোজ শাহ কতকগুলি জনহিতকর কাজও করেছিলেন। চুরি ও অন্যান্য অপরাধের জন্য হাত-পা কেটে নেওয়া বা অঙ্গচ্ছেদ তিনি নিষিদ্ধ করেছিলেন। তিনি বিচার-ব্যবস্থাকে ঢেলে সাজান। 'দার-উল-সাফা' নামে তিনি দরিদ্রের চিকিৎসার জন্য দাতব্য চিকিৎসালয় স্থাপন করেন। তিনি নগর-কোতয়ালদের বেকারদের এক তালিকা প্রণয়নের জন্য আদেশ দেন। 'দিওয়ান-ই-খয়রাত' নামে এক বিভাগ স্থাপন করে তিনি অভিজাত মুসলিমদের দুর্দিনে সাহায্যের ব্যবস্থা করেন ও দরিদ্র মেয়েদের বিবাহে পণের জন্য সরকারী সাহায্যের ব্যবস্থা করেন। ফিরোজ শাহ বিচার-ব্যবস্থার সংস্কার করেন। তিনি ইসলামের আইন অনুযায়ী বিচারের ব্যবস্থা করেন। রাজধানীতে প্রধান কাজী এবং শহর ও প্রদেশে অন্য কাজীরা বিচার করতেন। শাস্তি হিসাবে দৈহিক নির্যাতন তিনি বিলোপ করেন।

জনহিতকর কাজ

ফিরোজ শাহ এক নির্দেশ জারী করে জানান যে, অভিজাতদের মৃত্যুতে তাঁর পুত্র পিতার মর্যাদা ও ইক্তা লাভ করবে। বংশগত অধিকারের নীতি তিনি সেনাবাহিনীতেও প্রয়োগ করেন। পিতার মৃত্যুর পর পুত্র বংশগতভাবে সেই সামরিক পদ লাভ করত। সৈন্যদের নগদে বেতন দেওয়া হত না, গ্রামের ভূমি-রাজস্ব থেকে তাদের প্রাপ্য অংশ পেত। এর ফলে সামরিক শাসন দুর্বল হয়ে পড়ে।

সামরিক সংস্কার

মুসলিম উলেমা ও মৌলবীদের সন্তুষ্ট করার জন্য ফিরোজ শাহ ঘোষণা করেন যে, তিনি সত্যিকারের মুসলমান শাসক ও তাঁর রাষ্ট্র ইসলামিক রাষ্ট্র। আধুনিক ঐতিহাসিকরা মনে করেন যে, তিনি উলেমা ও মৌলবীদের শাসন-নীতি নির্ধারণের অধিকার দেন নি, শুধুমাত্র কতকগুলি বিশেষ

উলেমা ও মৌলবীদের প্রাধান্য

সুযোগ দিয়েছিলেন। উলেমারা যেসব প্রথাকে ইসলামধর্ম-বহির্ভূত বলে মনে করেনি, তিনি তা নিষিদ্ধ করেন। শরিয়তে উল্লেখ না থাকায় তিনি ব্রাহ্মণদের উপর থেকে জিজিয়া কর মকুব করতে অস্বীকার করেন। এর ফলে রাজ্যের শাসনের সুফল শুধু সুন্নী মুসলমানরাই ভোগ করতে থাকেন।

ক্রীতদাস-প্রীতি

ফিরোজ শাহ তুঘলকের ক্রীতদাস-সংগ্রহের প্রতি ছিল অত্যধিক আকর্ষণ। তাঁর সময়ে ১ লক্ষ ৮০ হাজার ক্রীতদাস তাঁর অধীনে ছিল। এদের কয়েকজনকে তিনি শিক্ষা দিয়ে সরকারী কারখানায় নিয়োগ করেন, আর অন্যদের সরাসরি নিজের অধীনে সেনাদলে রাখেন। ১৩৮৮ খ্রীঃ ফিরোজ শাহ তুঘলকের মৃত্যু হয়। তাঁর আমল থেকেই সুলতানী শাসনের পতনের চিহ্ন স্পষ্ট হয়ে উঠে। ফিরোজ শাহ তুঘলক শিক্ষা ও সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। তিনি নগরকোট অবরোধ করার সময়ে ১২০০ সংস্কৃত পুঁথি নিয়ে আসেন ও সেইগুলির ফারসী ভাষায় অনুবাদ করান। ঐতিহাসিক জিয়াউদ্দিন বারণী ও সামস্-ই-সিরাজ আফিফ তাঁর পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন। তিনি বহু মাদ্রাসা ও ইসলামী শিক্ষাকেন্দ্রও স্থাপন করেছিলেন। অনেক ঐতিহাসিক ফিরোজ তুঘলককে ধর্মপ্রাণ ও সুশাসক হিসাবে প্রশংসা করেছেন। হেনরী এলিয়ট তাঁকে আকবরের মত মহৎ সম্রাট বলেছেন। তবে ফিরোজের শাসন ত্রুটিমুক্ত ছিল না। যোদ্ধা ও সাম্রাজ্য-সংগঠক রূপে তিনি ব্যর্থতার পরিচয় দিয়েছিলেন। তাঁর রাজত্বকালেই বাংলাদেশ, সিন্ধু ও দাক্ষিণাত্য সুলতানী শাসন থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। বংশগতভাবে নিয়োগের ফলে সুলতানীর মেরুদণ্ড, সেনাবাহিনীর দক্ষতা ও শৃঙ্খলা নষ্ট হয়ে যায়। ফিরোজ তুঘলকের ধর্মনীতি নিয়ে ঐতিহাসিকদের মধ্যে মতবিরোধ আছে। বারণী প্রমুখ লেখকদের মতে ফিরোজ শাহ ছিলেন গোঁড়া সুন্নী মুসলমান। অ-মুসলমানদের উপর তিনি নির্যাতন করেন এবং পুরীর জগন্নাথের মন্দির ও কাংড়ার জ্বালামুখী মন্দির ধ্বংস করতে তিনি দ্বিধা করেন নি। আধুনিক ঐতিহাসিক ডঃ রোমিলা থাপার ফিরোজকে ধর্মান্ধ বলে মনে করেন না। তাঁর মতে রাজনৈতিক কারণেই ফিরোজ এই কাজ করেছিলেন। তবে ফিরোজ শাহ উলেমা ও মৌলবীদের প্রভাব থেকে মুক্ত হতে পারেন নি। তিনি জায়গির-প্রথা ও ক্রীতদাস-প্রথার পৃষ্ঠপোষকতা করে সুলতানী শাসনের পতনের পথ প্রস্তুত করেন। প্রকৃতপক্ষে ফিরোজের আমল থেকেই সুলতানীর পতন শুরু হয়।

সাহিত্যের পৃষ্ঠপোষকতা

Romilla Thapar—Ancient India.

॥ ৮ ॥ তৈমুর লঙের ভারত আক্রমণ ও সুলতানীর ভাঙ্গন

(Invasion of Timur and Disintegration of the Sultanate)

তৈমুর লঙের আক্রমণ (Invasion of Timur): ১৩৯৮ খ্রীষ্টাব্দে তৈমুর লঙের দিল্লী অভিযান দিল্লীর দুর্বল অবস্থাকে আরও সঙ্গীন করে তুলল। তৈমুর ছিলেন জাতিতে মোঙ্গল ও চেঙ্গিসের সঙ্গে তাঁর রক্তের সম্পর্ক ছিল। ১৩৭০ খ্রীষ্টাব্দে তিনি বিজয় অভিযান শুরু করেন। কিছুদিনের মধ্যেই তিনি সিরিয়া থেকে ট্রান্স-অক্সিয়ানা এবং দক্ষিণ রাশিয়া থেকে সিন্ধুনদ পর্যন্ত সমগ্র ভূখণ্ড দখল করেন। তাঁর ভারত-অভিযানের উদ্দেশ্য ছিল লুণ্ঠন ও সুলতানী আমলের ধনসম্পদ করতলগত করা। তুঘলকবংশের দুর্বলতার জন্য দিল্লীতে তৈমুরকে বাধা দেওয়ার কেউ ছিল না। তৈমুরের সেনাবাহিনী দিল্লী-প্রবেশের পথে বিভিন্ন নগর নিষ্ঠুরভাবে ধ্বংস ও লুঠতরাজ করল। তৈমুর দিল্লীতে প্রবেশ করে শহরটি ধ্বংস ও লুণ্ঠন করলেন এবং স্ত্রী-পুরুষ, শিশু-বৃদ্ধ নির্বিশেষে নির্বিচারে ব্যাপকভাবে হত্যা করলেন। তৈমুরের ভারত অভিযানের ফলে তুর্কী সুলতানীর দুর্বলতা প্রকাশ পেল। প্রচুর সোনা, রূপা, মণিমুক্তা প্রভৃতি ধনসম্পদ দেশ থেকে চলে গেল। তৈমুর ভারত থেকে সঙ্গে করে অনেক ভারতীয় কারিগর, রাজমিস্ত্রী, সূত্রধর ও খোদাই-শিল্পীকে ধরে নিয়ে গেলেন। এদের দ্বারাই তিনি সমরখন্দে সুন্দর সুন্দর অট্টালিকা ও সৌধ নির্মাণ করিয়েছিলেন। তৈমুরের আক্রমণের ফলে পাঞ্জাব ও দিল্লীতে দুর্ভিক্ষ দেখা দেয় ও সুলতানীর পতনের সূচনা হয়।

সুলতানীর পতনের কারণ (Causes of Disintegration): দিল্লীর সুলতানীর ভাঙ্গন ও পতনের দায়িত্ব কোনও একজন শাসকের উপর দেওয়া যায় না। মধ্যযুগে কতকগুলি মৌলিক সমস্যা ছিল ; যেমন—সম্রাটের সঙ্গে অভিজাতদের সম্পর্ক, স্থানীয় শাসক ও জমিদারদের মধ্যে দ্বন্দ্ব, আঞ্চলিক ও ভৌগোলিক সমস্যা। ব্যক্তিগত ভাবে প্রত্যেক সুলতান এইগুলি সমাধানের চেষ্টা করেছিলেন। কিন্তু সমাজের কাঠামো পরিবর্তন করে এই দীর্ঘদিনের ত্রুটিবিচ্যুতি দূর করার চেষ্টা করেন নি। এ ছাড়াও সুলতানী সাম্রাজ্যের প্রধান স্তম্ভই ছিল সামরিক বাহিনী। ফিরোজ শাহের আমলে সামরিক ক্ষমতা নষ্ট হলে এর ভিত্তি দুর্বল হয়ে পড়ে। সুলতানী সাম্রাজ্যের সামরিক শক্তির স্তম্ভ ছিলেন অভিজাতরা। অতিরিক্ত বিলাস ও মদ্যপানে অভিজাতদের শৌর্য নষ্ট হয়ে গিয়েছিল। চতুর্দশ শতকে বলবন, আলাউদ্দিন বা মালিক কাফুরের মত কোন সামরিক প্রতিভার আবির্ভাব হয়নি। আলাউদ্দিন ও মুহম্মদ-বিন-তুঘলক ব্যতীত কোন সুলতানই ধর্ম-নিরপেক্ষ শাসন প্রবর্তন করেন নি। ফলে সুলতানী রাজত্বে জাতীয় ঐক্য গড়ে উঠতে পারেনি। ফিরোজ তুঘলকের ধর্ম-অসহিষ্ণুতা উত্তর ভারতে রাজপুতদের ও দক্ষিণের বিজয়নগর রাজ্যের স্বাধীন হওয়ার পথ প্রস্তুত করে। দিল্লীর সুলতানরা আকবরের মত কোনও জাতীয় নীতি গ্রহণ করতে পারেন নি। অ-মুসলমানদের

ভাঙ্গনের কারণসমূহ

প্রতি বৈষম্যমূলক আচরণ তাদের আনুগত্য নষ্ট করে দেয়। সাম্রাজ্যের বিস্তৃতিও ছিল ভাঙ্গনের অন্যতম কারণ। বিশালতা ও যোগাযোগের অভাব ও প্রাদেশিক শাসকদের বিদ্রোহও সাম্রাজ্যের পতন আসন্ন করে তোলে। তুঘলক শাসকরা উত্তর-পশ্চিম সীমান্তকে অবহেলা করতেন। অথচ ঐ পথেই বিদেশী আক্রমণকারীরা ভারতে প্রবেশ করত। ফলে তৈমুর লঙ ঐ পথেই ভারতে প্রবেশ করেন।

সৈয়দবংশ—১৪১৫-১৪৫১ খ্রীষ্টাব্দ (Sayyid Dynasty): তুঘলক বংশের শেষ প্রতিনিধি নাসিরউদ্দিন মহম্মদ শাহের মৃত্যুর পর দিল্লীর আমির ওমরাহগণ দৌলত খাঁ নামে এক ব্যক্তিকে সিংহাসনে বসান। দিল্লীতে তৈমুরের প্রতিনিধি খিজির খাঁ, দৌলত খাঁকে সিংহাসনচ্যুত করে দিল্লী অধিকার করেন এবং সৈয়দ বংশের প্রতিষ্ঠা করেন। খিজির খাঁর পর যথাক্রমে মুবারক শাহ, মুহম্মদ শাহ ও আলাউদ্দিন আলম শাহ রাজত্ব করলেও তাঁরা ছিলেন দুর্বল ও অক্ষম। এই বংশের শেষ সুলতান আলাউদ্দিন আলম শাহকে পদচ্যুত করে বাহলুল লোদী নামে এক আফগান সর্দার সিংহাসনে বসে লোদীবংশের শাসন পত্তন করেন।

লোদীবংশ—১৪৫১-১৫২৬ খ্রীষ্টাব্দ (Lodi Dynasty): বাহলুল লোদী আফগান রাজত্ব শুরু করেন। জৌনপুরের শার্কী সুলতানদের বিরুদ্ধে সংগ্রামে বাহলুল লোদীর বেশির ভাগ সময় ব্যয় হয়। বাহলুল লোদীর পর সিংহাসনে বসেন সিকন্দর লোদী (১৪৮৯-১৫১৭ খ্রীঃ)। তিনি আফগান সর্দারদের দমন করেন। নানা অসুবিধা সত্ত্বেও সিকন্দর সুশাসন প্রবর্তন করেন। তিনি ন্যায়বিচারের উপর গুরুত্ব দিতেন। তিনি রাজপথগুলিকে দস্যুদের কবল থেকে মুক্ত করেন। সিকন্দর লোদী ছিলেন বিদ্যোৎসাহী। তিনি জ্ঞানী-গুণী-পণ্ডিত ও দার্শনিকদের মুক্তহস্তে দান করতেন। তিনি আগ্রা শহর নির্মাণ করান (১৫০৬ খ্রীঃ) এবং ক্রমে আগ্রা দ্বিতীয় রাজধানীতে পরিণত হয়।

সিকন্দরের মৃত্যুর পর ইব্রাহিম লোদী সিংহাসনে বসেন। তিনি ছিলেন একাধারে উদ্ধত ও অপদার্থ। তিনি মেবারের বিরুদ্ধে অভিযান করে ব্যর্থ হন। মালবে রানার ক্ষমতাবৃদ্ধি ও আগ্রার দিকে তাঁর অগ্রগতিতে, লোদীবংশ ও মেবারের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয়। এই পরিস্থিতিতেই বাবর ভারত আক্রমণ করেন।

।। ৯ ।। কিছু আঞ্চলিক রাজশক্তির উত্থান
(Rise of Some Regional Powers)

[ক] বাংলাদেশঃ ইলিয়াসশাহী বংশ
(Bengal, Ilyas Sahi Dynasty)

সুলতানী আমলে দেখা যায় যে, বঙ্গদেশ প্রায়ই দিল্লীর অধীনতামুক্ত ছিল। এর কারণ ছিল দিল্লী থেকে বাংলার দূরত্ব, জলবায়ুর পার্থক্য এবং দিল্লীর ও বাংলাদেশের মধ্যে যোগাযোগের অসুবিধা। মুহম্মদ-বিন-তুঘলক যখন রাজত্বের বিভিন্ন অংশে বিদ্রোহ দমন করতে ব্যস্ত ছিলেন, সেই সুযোগে ১৩৩৮ খ্রীষ্টাব্দে বাংলাদেশ দিল্লীর সঙ্গে সম্পর্ক ছিন্ন করে। এর চার বছর পরে ইলিয়াস খাঁ নামে এক অভিজাত লখ্‌নৌতি ও সোনার গাঁ দখল করে সুলতান 'শামস্‌উদ্দিন ইলিয়াস শাহ' উপাধি ধারণ করে লখ্‌নৌতির সিংহাসনে বসেন।

ইলিয়াস শাহ

ইলিয়াস শাহ পশ্চিমে ত্রিহুত থেকে চম্পারণ ও গোরখপুর এবং অবশেষে বেনারস পর্যন্ত রাজ্য বিস্তার করেন। এর ফলে সুলতান ফিরোজ শাহ তুঘলকের সঙ্গে তাঁর যুদ্ধ শুরু হয়। ১৩৫১ সালে ফিরোজ শাহ তাঁকে শিক্ষা দেওয়ার জন্য সেনাবাহিনীসহ বাংলাদেশে এলেও এবং বহুদিন অবরোধ করা সত্ত্বেও একডালা দুর্গ থেকে ইলিয়াস শাহকে বের করতে না পেরে ফিরে যান। ইলিয়াস শাহের রাজত্বকালে হিন্দু-মুসলমানের মধ্যে প্রীতির সম্পর্ক ছিল। সংস্কৃতি, বিশেষ করে স্থাপত্যের বিকাশে তাঁর বিশিষ্ট অবদান ছিল। বাংলার স্বাধীন সুলতানদের মধ্যে ইলিয়াস শাহ অন্যতম যশস্বী সুলতান ছিলেন।

এর পরে বাংলার সিংহাসনে বসেন ইলিয়াসের পুত্র সিকন্দার শাহ (১৩৫৭-৯৩ খ্রীঃ)। এই সময় সুলতান ফিরোজ শাহ দ্বিতীয়বার বাংলাদেশ আক্রমণ করেন। সিকন্দার পিতার কৌশল অবলম্বন করে একডালাদুর্গে আশ্রয় নেন ও ফিরোজকে দ্বিতীয়বার ব্যর্থ হয়ে ফিরে যেতে হয়। সুনিপুণ শাসক হিসাবে সিকান্দরের খ্যাতি ছিল। পিতার মতো তিনি স্থাপত্য-শিল্পের সহায়ক ছিলেন ও দেশের সমৃদ্ধি বৃদ্ধি করেছিলেন। পাণ্ডুয়ার বিখ্যাত আদিনা মসজিদ সিকন্দার নির্মাণ করেন। তাঁর পুত্র গিয়াসউদ্দিন পিতাকে যুদ্ধে পরাজিত ও নিহত করে অধীশ্বর হন।

সিকন্দার শাহ

ইলিয়াসশাহী বংশের উল্লেখযোগ্য শাসক ছিলেন গিয়াসউদ্দিন আজম শাহ (১৩৯৩-১৪১০ খ্রীঃ)। তিনি ছিলেন সুকবি, সাহসী ও ন্যায়পরায়ণ। পারস্যের বিখ্যাত কবি হাফিজের সঙ্গে তাঁর পত্রবিনিময় হত। তিনি চীনদেশে দূত পাঠিয়েছিলেন। চীনের মিং সম্রাট এবং বাংলার সুলতানরা বহুদিন ধরে এই সম্পর্ক রক্ষা করেছেন। চীনের সঙ্গে সুসম্পর্ক স্থাপনের ফলে বাংলাদেশের সমুদ্রপথে বৈদেশিক বাণিজ্য প্রসারের পথ সুগম হয়।

আজম শাহ

গণেশ : ইলিয়াসশাহী বংশের কয়েকজন সুলতানের পর আনুমানিক ১৪১৫ খ্রীঃ ভাতুড়িয়ার ব্রাহ্মণ জমিদার কংসনারায়ণ বা গণেশ বাংলার সিংহাসন অধিকার করেন। কেউ কেউ বলেন, এই সময় দনুজমর্দন নামে এক হিন্দু রাজা পাণ্ডুয়া থেকে আরাকান পর্যন্ত ভূখণ্ড দখল করেছিলেন। তবে ঐতিহাসিক তথ্য এই সবের প্রমাণ দেয় না। রাজা গণেশের পর তাঁর পুত্র যদু 'জালালউদ্দিন' নামে রাজত্ব করেন। ১৪৪২ খ্রীঃ ইলিয়াসশাহী বংশ আবার ক্ষমতায় ফিরে আসে এবং ১৪৮৬ খ্রীঃ পর্যন্ত রাজত্ব করে। নাসিরউদ্দিন, রুকনউদ্দিন প্রভৃতি সুলতানদের আমলে আবিসিনিয়া থেকে আগত হাবসী ক্রীতদাসরা রাজসভায় প্রবল হয়ে ওঠে। তাদের অত্যাচারে জনগণের অবস্থা চরমে পৌছায়। এই পরিস্থিতিতে মুসলিম অভিজাতরা সিদ্দি বদরের মন্ত্রী আলাউদ্দিন হুসেন শাহকে সিংহাসনে বসালে বাংলার ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা হয়।

পরবর্তী শাসকরা

হাবসী শাসন

হুসেনশাহী বংশ (Husainsahi Dynasty) **:** আলাউদ্দিন হুসেন শাহের (১৪৯৩-১৫১৮ খ্রীঃ) রাজত্বকাল বাংলার ইতিহাসে স্মরণীয়। বিচক্ষণ, দূরদৃষ্টিসম্পন্ন সুশাসকরূপে তিনি হাবসীদের বিদায় করলেন, প্রাসাদরক্ষীদের ক্ষমতাও খর্ব করলেন। জৌনপুরের শার্কি সুলতানদের কাছ থেকে তিনি বিহারের কিছু অংশ উদ্ধার করেন। আলাউদ্দিন হুসেন শাহ অহোমদের সাহায্যে কামতাপুর (বর্তমান কুচবিহার) আক্রমণ করে ধ্বংস করেন ও নিজরাজ্যভুক্ত করেন। কিছুকাল ত্রিপুরা ও আসাম তাঁর অধিকারে থাকে ও উড়িষ্যার সীমা পর্যন্ত তিনি রাজ্যবিস্তার করেন। হুসেন শাহ দেশে আইন শৃঙ্খলা পুনঃ স্থাপন করেন এবং হিন্দুদের উঁচু রাজপদে নিয়োগ করে শাসনকাজে উদার নীতির পরিচয় দেন। প্রজাহিতৈষণা, বিদ্যা ও বিদ্যোৎসাহিত্য ও স্থাপত্যশিল্পে তাঁর আগ্রহ ছিল। রাজ্যের বহু জায়গায় তিনি মসজিদ ও চিকিৎসালয় প্রতিষ্ঠা করেছিলেন। তাঁর রাজত্বকালে শ্রীচৈতন্যের আবির্ভাব হয়েছিল। হুসেন শাহের উচ্চ রাজকর্মচারীদের মধ্যে ছিলেন বিখ্যাত বৈষ্ণব রূপ ও সনাতন গোস্বামী, গোপীনাথ বসু ও পুরন্দর খান। বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাসে তাঁর রাজত্বকাল উল্লেখযোগ্য।

রাজ্যবিস্তার

সাংস্কৃতিক উন্নতি

নসরৎ শাহ (১৫১৮-১৫৩৩ খ্রীঃ) হুসেন শাহের পর সিংহাসনে বসেন। তিনি পিতার মত উদার ও ন্যায়বান শাসক ছিলেন। সুদক্ষ শাসক ও বাংলা ভাষার পৃষ্ঠপোষক বলে নসরৎ শাহ বিখ্যাত হয়ে আছেন। গৌড়ের "কদম রসুল" ও "বড় সোনা মসজিদ" তাঁর আমলেই নির্মিত হয়। প্রাসাদরক্ষীদের হাতে তাঁর মৃত্যু হয়। এরপর গিয়াস-উদ্দিন মামুদের রাজত্বকালে শের শাহ বাংলা দখল করে নেন।

বাংলায় স্বাধীন সুলতানদের অধীনে শাসনের বৈশিষ্ট্য হল হিন্দু মুসলমানের একত্রে বন্ধুভাবে বসবাস করা। ধর্ম ও আচারগত পার্থক্য সত্ত্বেও উভয় ধর্মই পরস্পরের দ্বারা প্রভাবিত হয়েছিল। সুলতানী আমলে বাংলা সাহিত্যেরও যথেষ্ট উন্নতি হয়। হুসেন

শাহী রাজত্বে বাংলা সাহিত্যের বিশেষ উন্নতি লক্ষ্য করা যায়। "বিদগ্ধমাধব" ও "ললিতমাধব" নামে ছুটি বই রচনা করেন রূপ গোস্বামী। হুসেন শাহের পৃষ্ঠপোষকতায় মালাধর বসু শ্রীমদ্ভাগবতের বাংলা অনুবাদ করেন এবং উপাধি পান "গুণরাজ খান"। সেনাপতি পরাগল খানের পৃষ্ঠপোষকতায় কবীন্দ্র পরমেশ্বর বাংলাভাষায় মহাভারত অনুবাদ করেছিলেন। সংস্কৃত ভাষা ও হিন্দু ধর্মশাস্ত্রেরও যথেষ্ট চর্চা ও সমাদর তখন ছিল। নবদ্বীপ প্রভৃতি স্থানে টোল, চতুষ্পাঠী ইত্যাদিতে সাহিত্য, ব্যাকরণ ও দর্শনের চর্চা হত। স্থাপত্যের নিদর্শন-গুলির মধ্যে "একলক্ষা", "আদিনা মসজিদ", "কদম রসুল" ও "বড় সোনা মসজিদ"-এর শিল্প-সৌন্দর্য্য প্রসিদ্ধ।

হুসেন শাহী শাসনের বৈশিষ্ট্য

[খ] বাহমনী রাজ্য (Babamani Kingdom)

মুহম্মদ-বিন-তুঘলকের রাজত্বকালে দাক্ষিণাত্যে সেনাপতিদের মধ্যে যখন বিদ্রোহ দেখা দেয়, সেই সময় তাঁদের মধ্যে একজন ১৩৪৭ খ্রীষ্টাব্দে এক স্বাধীন রাজ্য স্থাপন করেন। এই আফগান বীর হলেন আলাউদ্দিন হাসান। তিনি প্রথম জীবনে গঙ্গু নামে এক ব্রাহ্মণের অধীনে কাজ করতেন। তাই তাঁকে হাসান গঙ্গু বলা হত। স্বাধীন রাজ্য স্থাপনের পর তিনি 'আলাউদ্দিন বাহমন শাহ' উপাধি গ্রহণ করেন। বলা হয়েছে তিনি নিজেকে পারস্যের পৌরাণিক বীর বাহমনের বংশধর বলে দাবি করতেন। ফেরিস্তার মতে, "বাহমন শাহ" উপাধি তিনি নিয়েছিলেন ব্রাহ্মণ পৃষ্ঠপোষকের সম্মানে। তাঁর এই উপাধি থেকে তাঁর রাজ্যকে বাহমনী রাজ্য বলা হয়। নর্মদা ও কৃষ্ণা নদীর মধ্যবর্তী অঞ্চলে এই রাজ্য স্থাপিত হয়েছিল। প্রথম রাজধানী ছিল গুলবর্গা, হাসান যার নাম দেন "হাসানাবাদ"। ১৩৫৮ খ্রীঃ পর্যন্ত হাসান রাজত্ব করেন।

উৎপত্তি ও হাসান বা বাহমন শাহ

হাসানের পর ১৫২৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত ১৪ জন সুলতান বাহমনী রাজ্যে রাজত্ব করেন। এঁদের মধ্যে প্রায় সবাই যুদ্ধবিগ্রহ নিয়েই ব্যস্ত ছিলেন—শাসনেও ছিলেন অত্যাচারী। যুদ্ধবিগ্রহের প্রধান কারণ ছিল বাহমনী রাজ্যের দক্ষিণে বিজয়নগর ও দক্ষিণ-পূর্বে বরঙ্গল নামে হিন্দু-রাজ্য। বিশেষ করে বিজয়নগর রাজ্যের সঙ্গে সীমান্ত ও অন্যান্য প্রশ্ন নিয়ে ক্রমাগত সংঘর্ষ চলেছিল। বাহমনী রাজ্যকে তার সেনাবাহিনী নিয়ে সর্বদা যুদ্ধের জন্য প্রস্তুত থাকতে হত।

১৪ জন সুলতান ও সব সময় যুদ্ধের প্রস্তুতি

১৩৫৮ খ্রীষ্টাব্দে মহম্মদ শাহ বাহমনী সিংহাসনে বসেন ও ১৩৭৩ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। মহম্মদ শাহ বিজয়নগর ও বরঙ্গল রাজ্যকে পরাজিত করে বাহমনী রাজ্যের কৃতিত্বের পরিচয় দেন। বরঙ্গলের কাছ থেকে গোলকুণ্ডা শহর সহ তিনি প্রচুর অর্থ পান। বলা হয় তিনি বিজয়নগর রাজ্যের অভ্যন্তরে প্রবেশ করে বহু লোকের প্রাণনাশ করেন। মহম্মদ শাহের মৃত্যুর পর বাহমনী রাজত্বে দুর্দিন দেখা দেয়। পঁচিশ বছরের মধ্যে পাঁচজন

সুলতান রাজত্ব করেন ও যুদ্ধবিগ্রহও ক্রমাগত ভাবে চলতে থাকে। ১৩৯৭ খ্রীষ্টাব্দে ফিরোজ শাহ সিংহাসনে বসলে বাহমনী রাজ্যে বিশৃঙ্খলার অবসান হয়। ফিরোজ শাহ ১৪২২ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। ফিরোজ শাহ ছিলেন কৃতী সুলতান—ধর্মশাস্ত্রে তাঁর পাণ্ডিত্য ছিল। প্রকৃতি-বিজ্ঞান, উদ্ভিদ-বিদ্যা, জ্যামিতি, তর্কশাস্ত্র প্রভৃতি বিষয়ে তিনি পারদর্শী ছিলেন। তিনি ছিলেন সুকবি। ফেরিস্তার মতে, তিনি ফারসী, আরবী ও তুর্কী ভাষাতেই নয়, তেলেগু, কানাড়া ও মারাঠী ভাষাতেও পারদর্শী ছিলেন। ফিরোজ শাহ দাক্ষিণাত্যকে ভারতের সংস্কৃতির কেন্দ্র হিসাবে গড়ে তুলতে চেয়েছিলেন। ইরান ও ইরাক থেকে যেসব জ্ঞানী-গুণী ব্যক্তি আসতেন তাঁদের তিনি পৃষ্ঠপোষকতা করতেন। ফিরোজ শাহ শাসনকাজে বহু হিন্দু নিয়োগ করেন। বিজয়নগরের সঙ্গে যুদ্ধে তিনি দু'বার তাদের পরাজিত করেন। কিন্তু তৃতীয়বারের যুদ্ধে তিনি বিজয়নগরের কাছে পরাজিত হন। ফেরিস্তার মতে, ফিরোজ শাহ বাহমনী রাজত্বের সর্বশ্রেষ্ঠ সুলতান। শিল্পেও তাঁর আগ্রহ ছিল। ফিরোজাবাদে তিনি এক বিশাল প্রাসাদ নির্মাণ করান। অনেকে ফিরাজ শাহকে "দাক্ষিণাত্যের আকবর" আখ্যা দিয়েছেন। তাঁর রাজত্বের শেষদিকে তাঁর ভাই আহ্‌মদ শাহ তাঁকে সিংহাসনচ্যুত করে হত্যা করেন।

ফিরোজ শাহ

১৪২২ খ্রীষ্টাব্দে আহ্‌মদ শাহ বাহমনী সিংহাসনে বসেন। তিনি বিজয়নগর রাজ দ্বিতীয় দেবরায়কে পরাজিত করে প্রচুর অর্থ ক্ষতিপূরণ হিসাবে আদায় করেন। এই সময় বিজয়নগরকে বাহমনী রাজ্যকে বার্ষিক কর দিতে হত। আহ্‌মদ শাহ বরঙ্গল রাজ্যটি দখল করেন ও গোলকুণ্ডার হীরার খনি তাঁর অধিকারে আসে। গুজরাট ও মালবের বিরুদ্ধে যুদ্ধেও তিনি সফল হয়েছিলেন। তিনি গুলবর্গা থেকে বিদরে রাজধানী স্থানান্তরিত করেন।

আহ্‌মদ শাহীর শাসনকাল

পরবর্তী সুলতান আলাউদ্দিন (১৪৩৫-৫৭ খ্রীঃ) বিজয়নগরকে যুদ্ধে পরাজিত করে বার্ষিক কর দিতে বাধ্য করেন। শাসনে তিনি খুবই কঠোর ছিলেন, তবে শিল্পেও তাঁর আগ্রহ ছিল। সুলতান হুমায়ুন শাহ ছিলেন অত্যাচারী ও অপদার্থ। তিনি "জালিম" বলে অভিহিত হয়েছিলেন।

এরপর থেকে বাহমনী রাজত্বে ভাঙ্গনের সূত্রপাত হয়। ১৪৬১ খ্রীষ্টাব্দে নাবালক বয়সে সিংহাসনে বসেন তৃতীয় আহ্‌মদ শাহ। এই সময়ে মামুদ গাওয়ান মন্ত্রী হয়ে বাহমনী রাজত্ব পরিচালনা করেন। পূর্বদিকে আরও রাজ্যজয় করে তিনি বাহমনী রাজ্যের সীমানা বর্ধিত করেন। বিজয়নগরের অভ্যন্তরে প্রবেশ করে কাঞ্চী পর্যন্ত আক্রমণ করে তিনি বাহমনী শক্তির পরিচয় দেন। মামুদ গাওয়ান দাভল ও গোয়া সহ পশ্চিম উপকূল দখল করেন। রাজ্যের উত্তরে গণ্ডোয়ানা, বেরার ও কোঙ্কনের উপর আধিপত্য বিস্তারের জন্য তিনি সংগ্রাম চালান। গুজরাটের শাসকের সাহায্যে মামুদ গাওয়ান মালবের খলজী শাসককে পরাজিত করেন। তিনি বাহমনী রাজ্যের বহু আভ্যন্তরীণ ব্যাপারে সংস্কারসাধন করেন। রাজ্যকে দশটি 'তরফ' বা প্রদেশের ভাগ করেন, যার ভার থাকত "তরফদার"-দের উপর।

মামুদ গাওয়ান

প্রতিটি অভিজাত ব্যক্তির বেতন ও কর্তব্যকর্ম নির্দিষ্ট ছিল। জমি জরিপ করে কৃষকদের রাজস্বের পরিমাণ নির্দিষ্ট করে দেওয়া হত।

এই সময় বাহমনী রাজ্যের মুসলিম অভিজাতরা দুটি দলে বিভক্ত হয়ে যান ;—এক দলে ছিলেন স্থায়ীভাবে বসবাসকারী বিদেশী বা দক্ষিণীরা, অন্যদলে ছিলেন নবাগত বিদেশী বা আফাকিরা। এই পারস্পরিক বিরোধিতায় ১৪৮২ খ্রীষ্টাব্দে মামুদ গাওয়ানকে সুলতান মৃত্যুদণ্ডে দণ্ডিত করেন। তখন কাসিম বারিদ নামে এক মন্ত্রী সর্বেসর্বা হয়ে উঠেন এবং পরে তাঁর উত্তরাধিকারীরা বিদরে এক নতুন রাজবংশ স্থাপন করেন। প্রাদেশিক শাসনকর্তারা প্রত্যেকে নিজেদের এলাকায় স্বাধীন হতে থাকেন। ১৫২৬ খ্রীষ্টাব্দে বাহমনী রাজ্যের বিলোপ ঘটে, এবং তার জায়গায় পাঁচটি বিভিন্ন রাজ্য দেখা দেয় ; যেমন—আহম্মদনগরের নিজামশাহী বংশ, বেরারের ইমাদশাহী বংশ, বিদরের বারিদশাহী বংশ, বিজাপুরের আদিলশাহী বংশ, এবং গোলকুণ্ডার কুতুবশাহী বংশ।

বাহমনী রাজ্যের পতন

[গ] বিজয়নগর ও বাহমনী রাজ্যের মধ্যে সংঘর্ষের প্রকৃতি

(Nature of Bahamani-Vijaynagar Conflict)

দাক্ষিণাত্যে বিজয়নগর ও বাহমনী রাজ্য প্রায় একই সময়ে স্থাপিত হওয়ায় উভয় রাজ্যের মধ্যে দীর্ঘদিন ধরে আধিপত্যের জন্য সংঘর্ষ চলতে থাকে। তুঙ্গভদ্রা-দোয়াব, কৃষ্ণা-গোদাবরী ব-দ্বীপ ও মারাঠা দেশ—এই তিনটি পৃথক ও সুস্পষ্ট অঞ্চলের স্বার্থ নিয়ে বিজয়নগর ও বাহমনীর মধ্যে বিরোধ ও সংঘর্ষ বাধে। তুঙ্গভদ্রা-দোয়াব অঞ্চল ছিল কৃষ্ণা ও তুঙ্গভদ্রা নদীর মধ্যবর্তী অঞ্চল। পূর্বে চালুক্য ও চোলদের মধ্যে এই অঞ্চল নিয়ে বিরোধ চলত।, কৃষ্ণা-গোদাবরী-অববাহিকা ছিল অত্যন্ত উর্বর। এই অঞ্চলে অনেক বন্দর থাকায় বৈদেশিক বাণিজ্যের সুযোগ ও সুবিধাও ছিল। তাই, তুঙ্গভদ্রা-দোয়াবের সংগ্রামের সঙ্গে কৃষ্ণা-গোদাবরী-অববাহিকার আধিপত্যের জন্য লড়াই যুক্ত হয়ে যেত। মারাঠা অঞ্চল নিয়ে বিরোধের কারণ ছিল কোঙ্কন ও পার্শ্ববর্তী অঞ্চলের উপর কর্তৃত্ব। জায়গাটি ছিল উর্বর ও গোয়া বন্দরটি ছিল এই অঞ্চলে। এই অঞ্চলের উৎপন্ন পণ্য রপ্তানি করার এবং ইরান ও ইরাক থেকে ঘোড়া আমদানির প্রধান কেন্দ্র ছিল গোয়া।

কারণ সমূহ

বিজয়নগর ও বাহমনীর মধ্যে সামরিক সংঘর্ষ প্রায়ই ঘটত ও রাজ্য দুটির বিলুপ্তি পর্যন্ত এই সংঘর্ষ চলতে থাকে। এইসব সামরিক সংঘর্ষের ফলে বিস্তৃত অঞ্চল ধ্বংস হত, বহু লোক প্রাণ হারাত ও প্রচুর ধনসম্পদ নষ্ট হত। উভয় পক্ষই শহর ও গ্রাম অঞ্চল লুণ্ঠন করত ও স্ত্রী-পুরুষ নির্বিশেষে সকলকে বন্দী করে ক্রীতদাস হিসাবে বিক্রি করত।

প্রকৃতি

১৩৬৭ খ্রীষ্টাব্দে বিজয়নগররাজ প্রথম বুক্কা তুঙ্গাভদ্রা-দোয়াবে মুদকল দুর্গ আক্রমণ করেন। এই সূত্রেই শুরু হল দীর্ঘস্থায়ী সংঘর্ষ। বাহমনী সুলতান কৃষ্ণানদী অতিক্রম করে বিজয়নগরের অভ্যন্তরে প্রবেশ করেন। কিন্তু কয়েক-মাস যুদ্ধ চলার পরও বাহমনী সুলতান বিজয়নগরের রাজধানী দখল করতে পারেননি। শেষ পর্যন্ত উভয়পক্ষে সন্ধি হয় ও তুঙ্গভদ্রা-দোয়াব দু'পক্ষের মধ্যে ভাগাভাগি হয়ে যায়।

সংঘর্ষের সূত্রপাত

দ্বিতীয় হরিহর বুক্কার (১৩৭৭—১৪০৬ খ্রীষ্টাব্দ) সময়ে বিজয়নগর মাদুরাই-এর সুলতানকে উচ্ছেদ করে দক্ষিণ ভারতে নিজেদের সুপ্রতিষ্ঠিত করে পূর্ব উপকূলের দিকে দৃষ্টি দেন। এই অঞ্চলে ছিল বরঙ্গল রাজ্যটি। বরঙ্গলের সঙ্গে বাহমনী রাজ্যের সুসম্পর্ক থাকায় বিজয়নগর তুঙ্গাভদ্রা-দোয়াব অঞ্চল বিধ্বস্ত করতে পারেনি ও এই অঞ্চলে বাহমনীদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে পারেনি। এই দু'পক্ষের যুদ্ধে ভাগ্যলক্ষ্মী কখনো এক পক্ষে আবার কখনো অপর পক্ষের প্রতি প্রসন্না হওয়ায় প্রকৃত অবস্থার কোনও হেরফের হয়নি। প্রথম দেবরায়ের রাজত্বকালে তুঙ্গভদ্রা দোয়াবে পুনরায় যুদ্ধ শুরু হয়। বাহমনী সুলতান ফিরোজ শাহ দেবরায়কে পরাজিত করেন ও তাঁর কন্যাকে বিবাহ করেন। কিন্তু শান্তি স্থাপিত হয় নি। কৃষ্ণা-গোদাবরী মধ্যবর্তী অঞ্চলের প্রশ্নে পুনরায় যুদ্ধ শুরু হয় ও বরঙ্গল বিজয়নগরের সঙ্গে যোগ দেয়। এইবার ফিরোজ শাহ প্রথম দেবরায় কর্তৃক পরাজিত হন ও কৃষ্ণা নদীর মোহনা পর্যন্ত ভূ-ভাগ বিজয়নগরের অধিকার-ভুক্ত হল। দ্বিতীয় দেবরায়ের (১৪২২—১৪৪৬ খ্রীঃ) রাজত্বকালে এক নতুন ও বিশাল সেনাবাহিনী তৈরী করা হয়। তিনি তুঙ্গভদ্রা নদী অতিক্রম করে মুদকল, বাঁকাপুর প্রভৃতি পুনরুদ্ধার করার চেষ্টা করেন। এইসব স্থান ছিল কৃষ্ণা নদীর দক্ষিণে। দুটি রাজ্যের মধ্যে তুমুল যুদ্ধ হয়, কিন্তু শেষ পর্যন্ত উভয় রাজ্যেই স্থিতাবস্থা বজায় থাকে।

কয়েকটি উল্লেখযোগ্য সংঘর্ষ

[ঘ] বিজয়নগর সাম্রাজ্য (Vijaynagar Empire)

হরিহর ও বুক্কা নামে দুই ভাই ১৩৩৬ খ্রীষ্টাব্দে বিজয়নগর রাজ্য প্রতিষ্ঠা করেন। এঁরা ছিলেন পাঁচ ভাই ও দেবগিরির যাদববংশীয় সঙ্গমের পুত্র। বলা হয় এঁরা ছিলেন বরঙ্গলের কাকতীয় বংশের অধীনে সামন্ত ও পরে কর্ণাটকের অন্তর্গত কম্পিলির মন্ত্রী হন। মুহম্মদ-বিন-তুঘলক কম্পিলি আক্রমণ করলে দুই ভাই বন্দী হন ও ইসলামধর্ম গ্রহণ করেন। দক্ষিণের রাজ্যগুলি দিল্লীর অধীনতা অস্বীকার করে স্বাধীন হতে থাকলে হরিহর ও বুক্কা তাদের গুরু মাধব বিদ্যারণ্যের চেষ্টায় পুনরায় হিন্দুধর্ম গ্রহণ করেন ও তুঙ্গাভদ্রা নদীর দক্ষিণ তীরে বিজয়নগরে রাজধানী স্থাপন করে স্বাধীনতা ঘোষণা করেন।

উদ্ভব

প্রতিষ্ঠার পর থেকে বিজয়নগরের সঙ্গে মহীশূরের হোয়সল রাজ ও মাদুরাই'-এর সুলতানের সংঘর্ষ বাধে। ১৩৪৬ খ্রীঃ সমগ্র হোয়সল রাজ্য বিজয়নগরের অন্তর্গত হয়। এই যুদ্ধে হরিহর ও বুক্কার অন্যান্য ভাইরা সাহায্য করেছিলেন। ১৩৫৬ খ্রীঃ পর্যন্ত রাজত্ব করে হরিহরের মৃত্যু হয়। এরপর বুক্কা ১৩৭৯ খ্রীঃ পর্যন্ত রাজত্ব করেন।

হরিহর ও বুক্কা

১৩৭৯ খ্রীঃ বিজয়নগরের সিংহাসনে বসেন বুক্কার পুত্র দ্বিতীয় হরিহর। তিনি "মহারাজাধিরাজ", "রাজাপরমেশ্বর" প্রভৃতি উপাধি গ্রহণ করেছিলেন। তাঁকেও বাহমনী রাজ্যের সঙ্গে যুদ্ধ করতে হয়েছিল। তিনি ফিরোজ শাহের কাছে পরাজিত হয়ে প্রচুর অর্থ ক্ষতিপূরণ দেন। কিন্তু তাঁর আমলেই মহীশূর, কাঞ্চী, ত্রিচিনাপল্লী প্রভৃতি বিজয়নগরের রাজ্যভুক্ত হয়েছিল। তাঁর আমলে বাহমনী ও বরঙ্গল রাজ্য মৈত্রীজোট তৈরী করে। বাহমনী ও বরঙ্গল জোট সত্ত্বেও দ্বিতীয় হরিহর নিজ-কর্তৃত্ব অক্ষুণ্ণ রাখেন। তাঁর অন্যতম কৃতিত্ব হল তিনি বাহমনীদের কাছ থেকে পশ্চিমে বেলগাঁও ও গোয়া অধিকার করেন। উত্তর সিংহলেও তিনি অভিযান পাঠান। দ্বিতীয় হরিহর শৈব ছিলেন কিন্তু অন্যান্য সম্প্রদায়ের প্রতি সহনশীলতা ও আনুকূল্য দেখিয়েছেন।

দ্বিতীয় হরিহর

দ্বিতীয় হরিহরের মৃত্যুর পর কিছুদিন তাঁর পুত্রদের মধ্যে উত্তরাধিকার নিয়ে সংঘর্ষ চলে। এরপর সিংহাসনে বসেন প্রথম দেবরায় (১৪০৬—১৪২২ খ্রীঃ)। তাঁর রাজত্বের প্রথমে তুঙ্গভদ্রা-দোয়াবে পুনরায় যুদ্ধ শুরু হয়। বাহমনী সুলতান ফিরোজ শাহ দেবরায়কে পরাস্ত করেন ও যুদ্ধের ক্ষতিপূরণস্বরূপ দশ লক্ষ মুদ্রা আদায় করেন। এ ছাড়াও তিনি সুলতানের সঙ্গে নিজ কন্যার বিবাহ দিতে বাধ্য হন ও ভবিষ্যতে সব বিরোধের অবসানের জন্য বিবাহের যৌতুকস্বরূপ দোয়াব অঞ্চলের বাঁকাপুর সুলতানকে অর্পণ করেন। কিন্তু এই বিবাহের ফলেও শান্তি প্রতিষ্ঠিত হয়নি। কৃষ্ণা-গোদাবরী-অববাহিকার আধিপত্য নিয়ে পুনরায় যুদ্ধ শুরু হয় বিজয়নগর, বাহমনী ও উড়িষ্যার মধ্যে। দেবরায় বরঙ্গলকে বাহমনী-মৈত্রী থেকে বিচ্ছিন্ন করে নিজপক্ষে নিয়ে আসেন। বাহমনী-জোট থেকে বরঙ্গল বেরিয়ে আসায় দাক্ষিণাত্যের রাজধানীতে শক্তি-সাম্যের পরিবর্তন হল। দেবরায় ফিরোজ শাহকে পরাজিত করে কৃষ্ণানদীর মোহনা পর্যন্ত সমগ্র ভূখণ্ড দখল করে নিলেন। প্রথম দেবরায় দেশে শান্তি বজায় রাখার জন্য সচেষ্ট ছিলেন। তিনি তুঙ্গভদ্রা নদীতে বাঁধ নির্মাণ করে শহর পর্যন্ত খাল কেটে শহরের জলের অভাব মেটান ও বাঁধের পাশের জমিতে জলসেচের ব্যবস্থা করেন। জলসেচের জন্য তিনি হরিদ্রা নদীতেও একটি বাঁধ নির্মাণ করিয়েছিলেন।

প্রথম দেবরায়

প্রথম দেবরায়ের মৃত্যুর পর উত্তরাধিকার নিয়ে বিরোধ দেখা দেয়। এর পরে রাজা দ্বিতীয় দেবরায় সিংহাসনে বসলেন ১৪২২ খ্রীষ্টাব্দে। তিনি ১৪৪৬ খ্রীঃ পর্যন্ত রাজত্ব করেন। সঙ্গমবংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন দ্বিতীয় দেবরায়। সেই সময় বাহমনী রাজ্যও ছিল পরাক্রমশালী। দ্বিতীয় দেবরায় বাহমনীদের বিরুদ্ধে যুদ্ধে নেমে পরাজিত

হয়েছিলেন ও প্রতিকূল শর্তে সন্ধি করতে বাধ্য হয়েছিলেন। ফেরিস্তা বলেছেন, দ্বিতীয় দেবরায় বুঝেছিলেন যে, বাহমনীদের অশ্বারোহী বাহিনী ও তীরন্দাজ বাহিনীর জন্য তারা জয়লাভ করছে। তাই গতানুগতিক পথে না গিয়ে সেনাবাহিনীর উন্নতির জন্য তিনি বিজয়নগরের সেনাবাহিনীতে মুসলিমদের নিয়োগ করলেন। দেশের শাসন-ব্যবস্থা, বাণিজ্য, নৌশক্তি—সব বিষয়েই রাজ্যের উন্নতিতে তিনি সচেষ্ট ছিলেন। সমুদ্রপথে বাণিজ্যবৃদ্ধির জন্য তিনি লক্ষণ নামে এক কর্মচারীর উপর দায়িত্ব অর্পণ করেন। নতুন সেনাবাহিনী তৈরী করে দ্বিতীয় দেবরায় ১৪৪৩ খ্রীষ্টাব্দে তুঙ্গভদ্রা নদী পার হয়ে মুদকল, বাঁকাপুর প্রভৃতি পুনরুদ্ধারের চেষ্টা করেন। দুই রাজ্যের মধ্যে তুমুল যুদ্ধের পর স্থিতাবস্থা বজায় থাকে। ষোড়শ শতকের পর্তুগীজ লেখক নুইজ বলেছেন যে, কুইলন, সিংহল, পুলিকট, পেগু ও তেনাসারিম (বর্মা ও মালয়) রাজ্যসমূহ দ্বিতীয় দেবরায়কে কর দিত। তবে সন্দেহ জাগে যে, বিজয়নগরের রাজাদের নৌ-বাহিনী এত শক্তিশালী ছিল কিনা। মনে হয় ঐসব দেশের রাজারা বিজয়নগর রাজার সঙ্গে যোগাযোগ রাখতেন। ইতালীয় পর্যটক নিকোলো কোন্তি ও পারসিক পর্যটক আবদুর রজ্জাক তাঁকে দাক্ষিণাত্যের শ্রেষ্ঠ রাজা বলে বর্ণনা করেছেন। সেই সময়কার বিজয়নগরের সমৃদ্ধি দেখে তাঁরা বিস্মিত হয়েছিলেন।

দ্বিতীয় দেবরায়

দ্বিতীয় দেবরায়ের মৃত্যুর পর বিজয়নগর রাজ্যে নানা অরাজকতা দেখা দেয়। সিংহাসনে জ্যেষ্ঠপুত্রের উত্তরাধিকার স্বীকৃত না হওয়ায় সিংহাসনের দাবি নিয়ে বিভিন্ন প্রতিযোগীর মধ্যে গৃহযুদ্ধ শুরু হয়। এর ফলে বিজয়নগরের বহু সামন্ত-রাজা স্বাধীন হয়ে যায়। মন্ত্রীরাও শক্তিশালী হয়ে নিরীহ প্রজাদের কাছ থেকে বেশী করে কর আদায় করতে থাকেন। বিজয়নগরের রাজ্যসীমাও কর্ণাটক ও পশ্চিম অন্ধ্র অঞ্চলে সীমাবদ্ধ হয়ে পড়ে। পরবর্তী রাজারা শাসনে অবহেলা করে বিলাসে মগ্ন হন। এই অরাজকতার সুযোগে বিজয়নগরের মন্ত্রী নরসিংহ শালুভ সিংহাসন দখল করে নেন। শুরু হয় শালুভবংশের রাজত্ব। এঁদের রাজত্বকালে রাজত্বের অরাজকতা সাময়িকভাবে বন্ধ হলেও অবস্থার বিশেষ উন্নতি হল না। শেষ পর্যন্ত বীর নরসিংহ নামে এক মন্ত্রী এই বংশের শেষ রাজাকে সরিয়ে দিয়ে নিজে সিংহাসনে বসলে তুলুভবংশের সূত্রপাত ঘটল (১৫০৫ খ্রীঃ)।

শালুভবংশের প্রতিষ্ঠা

তুলুভ বংশ

বীর নরসিংহের ভ্রাতা কৃষ্ণদেব রায় (১৫০৫-৩০ খ্রীঃ) শুধু তুলুভবংশ নয়, বিজয়নগরের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন। কৃষ্ণদেব রায় শুধু দেশের আইনশৃঙ্খলার উন্নতিই করলেন না, তিনি বাহমনী ও উড়িষ্যা রাজ্যকেও যুদ্ধে পরাস্ত করেন। এমনকি তিনি পর্তুগীজদেরও বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন। সাত বছর ধরে পরপর কয়েকটি যুদ্ধ করে কৃষ্ণদেব রায় উড়িষ্যার রাজাকে কৃষ্ণা নদী পর্যন্ত অঞ্চল বিজয়নগরকে ফিরিয়ে দিতে বাধ্য করেছিলেন। এরপর তিনি তুঙ্গভদ্রা-দোয়াবে কর্তৃত্ব প্রতিষ্ঠার জন্য সংগ্রামে নামেন। এই সময় বিজাপুর-উড়িষ্যা মৈত্রীজোটে আবদ্ধ হয়। কৃষ্ণদেব রায় রাইচুর ও মুদকল বিধ্বস্ত করেন ও বিজাপুরের শাসককে সম্পূর্ণ পরাস্ত

কৃষ্ণদেব রায়

করেন। বিজয়নগরের সেনাবাহিনী বেলেগাঁও পর্যন্ত গিয়ে বিজাপুর দখল করে কয়েকদিন লুঠপাঠ করে ও গুলবর্গা দুর্গটি ধ্বংস করে। এইভাবে কৃষ্ণদেবের অধীনে বিজয়নগর শক্তিশালী রাষ্ট্ররূপে আত্মপ্রকাশ করে। দক্ষিণে সমুদ্র-উপকূল পর্যন্ত রাজ্য প্রসারিত করে তিনি ভারতমহাসাগরে কয়েকটি দ্বীপের উপরও কর্তৃত্ব স্থাপন করেছিলেন বলে বলা হয়।

কৃতিত্ব

কৃষ্ণদেব রায় শুধু যোদ্ধা হিসাবেই নয়, শাসক হিসাবেও যথেষ্ট কৃতিত্বের পরিচয় দিয়েছিলেন। পর্তুগীজ পর্যটক পায়েজ বলেছেন যে, তিনি ছিলেন উদারচেতা, অতিথি-বৎসল ও পরধর্মসহিষ্ণু। প্রজাদের প্রতি তিনি সুব্যবহার করতেন ও তাদের মঙ্গলের জন্য তাঁর চিন্তার কথা প্রবাদে পরিণত হয়েছিল। কৃষ্ণদেব নির্মাতাও ছিলেন। তিনি বিজয়নগরের কাছে একটি নতুন শহর নির্মাণ করান ও বড় বড় পুষ্করিণী খনন করান। কৃষ্ণদেব রায় নিজে ছিলেন তেলেগু ও সংস্কৃতভাষায় পণ্ডিত। তাঁর রচিত বহু গ্রন্থের মধ্যে তেলেগু ভাষায় লেখা রাজনীতি-বিষয়ক গ্রন্থ ও সংস্কৃতভাষায় রচিত নাটক আজও পাওয়া যায়। তাঁর রাজত্বকালে তেলেগুভাষায় নবযুগের সূচনা হয়। কৃষ্ণদেব রায় তেলেগু, কানাড়া ও তামিল কবিদের সমানভাবে পৃষ্ঠপোষকতা করেছেন। বারবোসা, পায়েজ, নুইজ প্রমুখ বিদেশী পর্যটক তাঁর রাজত্বের সমৃদ্ধির বর্ণনা করে গেছেন। কৃষ্ণদেব রায় বৈষ্ণবধর্মের প্রতি শ্রদ্ধাশীল হলেও, তাঁর সাম্রাজ্য ধর্মবিষয়ে কোনও বাধানিষেধ বা গোঁড়ামি ছিল না।

কৃষ্ণদেব রায়

কৃষ্ণদেব রায়ের মৃত্যুর পর তাঁর পুত্রদের মধ্যে সিংহাসন নিয়ে বিরোধ দেখা দেয়। শেষ পর্যন্ত ১৫৪৩ খ্রীষ্টাব্দে সদাশিব রায় সিংহাসনে বসেন ও ১৫৫৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। তবে রাজ্যের মূল ক্ষমতা ব্যবহার করতে থাকেন মন্ত্রী রাম রায়। তিনি দাক্ষিণাত্যের বিভিন্ন মুসলিম রাজ্যগুলির মধ্যে পারস্পরিক লড়াই শুরু করিয়ে দেন। তিনি পর্তুগীজদের সঙ্গে এক বাণিজ্যিক চুক্তি করেন। পরপর কয়েকটি যুদ্ধে তিনি বিজাপুর রাজ্যকে পরাজিত করেন। এরপর তিনি বিজাপুরকে সঙ্গে নিয়ে গোলকুণ্ডা ও আহম্মদনগরকে পরাজিত করার পরিকল্পনা করেন। এইভাবে শক্তিসাম্য তিনি বিজয়নগরের অনুকূলে আনতে চান। কিন্তু ১৫৬৫ খ্রীষ্টাব্দে বিজাপুর, গোলকুণ্ডা ও আহম্মদনগর একত্রিত হয়ে তালিকোটার যুদ্ধে বিজয়নগরকে পরাজিত করে। রাম রায় বন্দী অবস্থায় নিহত হন। বিজয়নগরের গৌরব অস্তমিত হয়। এর পরও বিজয়নগর রাজ্য আরও একশ বছর টিকেছিল। আর বিভুবংশের শাসকরা পেনুগোণ্ডা থেকে রাজ্যশাসন করতে থাকেন। ক্রমে রাজ্যের সামন্তরা নিজ নিজ এলাকায় স্বাধীন হয়ে গেলেন। বিজয়নগরের গৌরব চিরতরে মুছে গেল।

বিজয়নগরের পতন

বিজয়নগরের রাজত্বকালে নুইজ, নিকোল কোন্তি, পায়াজ, রেজ্জাক প্রমুখ বিদেশী পর্যটক পরিভ্রমণে আসেন। তাঁদের বিবরণী থেকে বিজয়নগরের শাসনব্যবস্থা, সমাজ ও সংস্কৃতির চিত্র পাওয়া যায়। শাসনব্যবস্থা বিষয়েও বিজয়নগর রাজ্য ছিল উল্লেখযোগ্য। বিজয়নগরের রাজাদের শাসন-ব্যবস্থা সম্পর্কে উঁচু ধারণা ছিল। কৃষ্ণদেব রায় তাঁর "আমুক্তমাল্যদা" নামক পুস্তকে বলেছেন যে, রাজা অত্যন্ত সতর্কতার সঙ্গে ও নিজশক্তি অনুসারে শিষ্টের পালন ও দুষ্টের দমন করতেন। রাজাকে পরামর্শ দেওয়ার জন্য অভিজাতদের নিয়ে একটি মন্ত্রিসভা ছিল। সমগ্র রাজ্য কয়েকটি মণ্ডলম বা প্রদেশে, প্রদেশগুলি আবার নাড়ু বা জেলায়, নাড়ু স্থলে ও গ্রামে বিভক্ত ছিল। চোল আমলের মত গ্রাম্য স্বায়ত্তশাসন ছিল। রাজকুমার ও অভিজাতরা প্রদেশের শাসনকর্তা নিযুক্ত হতেন। প্রাদেশিক শাসনকর্তারা প্রচুর স্বায়ত্তশাসন ভোগ করতেন। গ্রাম-শাসক ও কেন্দ্রীয় সরকারের মধ্যে যোগাযোগ রাখতেন মহানায়কাচার্য নামে রাজকর্মচারী। রাজার অধীনে এবং শাসকদের অধীনেও বহু অঞ্চল ছিল। রাজা সেনাপতিদেরও নির্দিষ্ট পরিমাণ রাজস্ব-দেয় ভূখণ্ড দিতেন, এদের বলা হত 'পলিগর'। কৃষকদের উৎপন্ন শস্যের কত অংশ রাজস্ব দিতে হত, তা জানা যায় না। ভূমি-রাজস্ব ছাড়াও সম্পদ-কর, বিক্রয় কর, পেশা-কর, প্রয়োজনে সামরিক-কর, বিবাহ-কর ইত্যাদি দিতে হত।

শাসনব্যবস্থা

শাসনকর্তা নিযুক্ত হতেন প্রাদেশিক

বিজয়নগরের রাজারা অনেকেই বৈষ্ণবধর্মের প্রতি অনুরাগী ছিলেন। বিজয়নগর-বাসীদের অনেকে বৈষ্ণব হলেও ধর্মীয় ব্যাপারে অসহনশীলতা ছিল না। বৌদ্ধ, জৈন, মুসলমান, ইহুদির সংখ্যাও কম ছিল না। ব্রাহ্মণরা বেশী সম্মান পেতেন। ব্রাহ্মণরা ছাড়া অন্য অধিবাসীরা মাছ, মাংস-ভোজী ছিলেন। সতীদাহ ও মল্লযুদ্ধের প্রচলন ছিল। মেয়েদের স্বাধীনতা ছিল, কারণ, সঙ্গীত, জ্যোতির্বিদ্যা, অসিচালনা ও মল্লযুদ্ধেও মেয়েদের নৈপুণ্যের উল্লেখ পাওয়া যায়। মহিলারা রাজসভায় হিসাবরক্ষকের কাজও করতেন।

সমাজ

বিজয়নগরের রাজারা সংস্কৃত, তেলেগু, তামিল ও কানাড়া ভাষার পৃষ্ঠপোষকতা করতেন। কৃষ্ণদেব রায় নিজে ছিলেন সংস্কৃত ও তেলেগু ভাষায় পণ্ডিত। তেলেগু ভাষায় তিনি 'আমুক্তমাল্যদা' নামে গ্রন্থ রচনা করেছিলেন। তাঁর রাজসভায় "অষ্টদিগ্‌গজ" নামে আট জন সভাকবি ছিলেন। এঁদের মধ্যে তেলেগু ভাষার শ্রেষ্ঠ কবি পেদনও ছিলেন। বেদের ভাষ্যকার সায়নাচার্য ও তাঁর ভাই মাধবাচার্য ও ভক্তিবাদের অন্যতম শ্রেষ্ঠ মনীষী বল্লভাচার্য বিজয়নগরের ইতিহাসকে গৌরবান্বিত করেছেন। স্থাপত্য ও শিল্পকর্মেও বিজয়নগর পিছিয়ে ছিল না। হাম্পিতে বিজয়নগরের যে স্থাপত্যকলা আছে, তাকে বলা হয় হাম্পি-হস্তিনাবতী। রাজপ্রাসাদ ও অন্যান্য সৌধাবলীর যে পরিচয় পাওয়া যায়, তার তুলনা কমই দেখা যায়। বিঠলদেবের মন্দির আজও শিল্প-সৌন্দর্যের পরিচয় বহন করছে।

সাহিত্য ও শিল্প

॥ ১০ ॥

ভারতীয় সমাজ, ধর্ম ও সংস্কৃতিতে মুসলিম শাসনের প্রভাব

(Impact of Muslim Rule on Indian Society, Religion and Culture)

হিন্দু সমাজ ও ধর্মের উপর ইসলামের প্রতিক্রিয়া (Impact of Islam on Hindu Society and Religion) : মুসলিম আক্রমণ ভারতের ইতিহাসে এক উল্লেখযোগ্য ঘটনা। এর পূর্বেও উত্তর ভারতে বারবার বিদেশী আক্রমণ ঘটেছে। গ্রীক, শক, হূন প্রভৃতি বিদেশীরা ভারতের বিস্তীর্ণ অঞ্চল দখল করে বেশ কিছু বছর বাস করেছে। বিদেশী হিসেবে শাসন করতে করতে তারা ভারতীয় সমাজের সঙ্গে মিশেও গেছে। এদেশের সমাজে ম্লেচ্ছদের অঙ্গীভূত করার ব্যবস্থা থাকায়, বিদেশীরা যে বিধর্মী তা অনায়াসে ভুলে যেত। তবে এইসব বিদেশীরা যে অঞ্চলে বসবাস শুরু করেছিলেন, সেখানে গোঁড়া হিন্দুধর্মের প্রভাব ছিল না। শক, হূন, গ্রীক প্রভৃতি বিদেশী জাতিগোষ্ঠী সঙ্গে করে কোন বিশেষ ধর্মতত্ত্বও নিয়ে আসেনি যে হিন্দুধর্মের সঙ্গে তাদের সংঘাত দেখা দেবে। তারা ভারতীয় সমাজে এমনভাবে মিশে গেল যে, তাদের আলাদা বলে চেনার আর উপায় রইল না। কিন্তু ইসলামের আগমনের পর এই সংঘাত অনিবার্য হয়ে উঠল। মুসলমানরা এসেছিলেন এক নতুন ধর্মের বাহক হিসাবে। ইসলামের সঙ্গে এসেছিল এক নতুন জীবনধারা। সুতরাং বিদেশ থেকে আগত মুসলমানদের সঙ্গে এদেশের মানুষের কোন ক্ষেত্রেই মিল ছিল না। পণ্ডিত আল-বিরুণী বলেছেন, "হিন্দুরা সবদিক থেকেই আমাদের চেয়ে বিসদৃশ।" মুসলমানরা একেশ্বরবাদী ও পৌত্তলিকতা-বিরোধী। অপরদিকে মূর্তিপূজা ছিল হিন্দুদের ধর্ম। হিন্দুধর্মের বৈশিষ্ট্য ছিল জাতিভেদ-প্রথা, কিন্তু মুসলমানসমাজে ছিল ভ্রাতৃত্ববোধ ও গণতান্ত্রিকতা।

বিভিন্ন বিদেশী আক্রমণে প্রভেদ

রাজনৈতিক পরিস্থিতিও এই ধর্মের ও সমাজের মধ্যে পার্থক্যকে আরও স্পষ্ট করে তোলে। এদেশের মুসলমানরা ছিল বিজয়ীর জাতি ও শাসকশ্রেণী, আর হিন্দুরা ছিল বেশির ভাগ ক্ষেত্রে শাসিত। সুতরাং মুসলমানদের মধ্যে প্রথমদিকে বিজয়গর্ব থাকা স্বাভাবিক ছিল। হিন্দুধর্মেও প্রবল প্রতিক্রিয়া দেখা দিল। হিন্দুসমাজকে বাঁচাবার জন্য জাতিভেদ প্রথা পূর্বের চেয়ে আরো অনেক কঠোর হয়ে উঠল। হিন্দুরা আত্মরক্ষার তাগিদ অনুভব করলেন। ভারতীয় সবকিছুকে আঁকড়ে ধরার একটা রক্ষণশীল মনোভাব তাদের পেয়ে বসেছিল। পূর্বে পরিবর্তিত পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য রাখার যে শক্তি হিন্দু-সমাজের ছিল, তা অনেকটা হ্রাস পেল। সমাজ সংকীর্ণ ও আচারসর্বস্ব হয়ে উঠতে লাগল। উচ্চশ্রেণীর মধ্যে এই সংকীর্ণতা ও জাতিভেদ, মেয়েদের মধ্যে অবরোধ-প্রথা ইত্যাদি সম্পর্কে কঠোরতা খুব বেশী দেখা গেল। হিন্দু রক্ষণশীলতার পরিচয় দেখা গেল মাধব বিদ্যারণ্যের 'কালনির্ণয়' নামক পরাশর-স্মৃতি'র টীকা, বিশ্বেশ্বর কৃত "মদন-পরিজাত", বাংলার কুল্লুকভট্ট এবং রঘুনন্দনের স্মৃতি বিষয়ক রচনায়। এইসব কারণে পৃথিবীর অন্যান্য অঞ্চলের মত ভারতে ইসলাম ততটা সফল হয়নি।

হিন্দু প্রতিক্রিয়া

হিন্দু ও মুসলিম সভ্যতার সমন্বয় (Hindu-Muslim Cultural Synthesis) **:** দীর্ঘকাল যাবৎ হিন্দু ও মুসলিম সভ্যতা পাশাপাশি বাস করার ফলে উভয়ের মধ্যে অসহিষ্ণুতা লোপ পায় ও পরস্পরের মধ্যে আদান-প্রদান ঘটতে থাকে। মুসলিম বিজেতারা বুঝতে পারেন যে, ভারতে সব হিন্দুকে মুসলমানধর্মে ধর্মান্তরিত করা যাবে না এবং সংখ্যাগরিষ্ঠ হিন্দুদের পাশেই তাদের বাস করতে হবে। অন্যদিকে হিন্দুসমাজও অনুভব করে যে, মুসলমানদের এদেশ থেকে বিতাড়িত করা যাবে না। এই মনোভাবের ফলে উভয় সম্প্রদায়ের মধ্যে আদান-প্রদান বাড়তে থাকে। ভারতের মুসলমানদের মধ্যে সংখ্যাগরিষ্ঠই ছিলেন হিন্দুধর্ম থেকে ধর্মান্তরিত। মুসলমানধর্ম গ্রহণ করলেও তাঁরা হিন্দু আচার-ব্যবহার ত্যাগ না করায় সেইগুলি মুসলমান সমাজে প্রবেশ করল। অনেক বিদেশী মুসলমান এদেশে এসে ভারতীয় রমণীকে বিবাহ করেছিলেন। এইসব ভারতীয় রমণীদের দ্বারা প্রভাবিত হয়ে হিন্দুয়ানী সামাজিক রীতিনীতি মুসলমানসমাজে প্রবেশ করল। পরস্পরকে সম্পূর্ণভাবে গ্রাস করতে না পারলেও দুই সম্প্রদায়ের মধ্যে সামাজিক ও সাংস্কৃতিক ভাব-বিনিময় ঘটেছিল। হিন্দুদের লোকাচার ও পালাপর্বণ, কোরান-বিরোধী হওয়া সত্ত্বেও মুসলমানসমাজে প্রচলিত হল। অপরদিকে ইসলামের একেশ্বরবাদ হিন্দুদের উপর কিছুটা প্রভাব বিস্তার করে। সমসাময়িক হিন্দুধর্মসংস্কার-আন্দোলনে ইসলামের মত সহজ, সরল ও আচারবর্জিত এক ঈশ্বর-পূজার প্রতি আকর্ষণ দেখা গেল। বহু মুসলিম পণ্ডিত হিন্দু দর্শন ও ধর্মতত্ত্বের উপর বই লেখেন। তাঁরা ইসলামের ভক্তিবাদ-তত্ত্বেরও প্রচার করেন। হিন্দু জ্যোতির্বিদ্যা, গণিত ভেষজ শাস্ত্র ও উদ্ভিদতত্ত্বের প্রতিও তাঁরা আকৃষ্ট হন। হিন্দু পণ্ডিতরাও ইসলামের ভক্তিবাদ, চিকিৎসা-শাস্ত্র ও জ্যোতির্বিদ্যার প্রতি আকৃষ্ট হন। নিজামউদ্দিন আউলিয়ার মত মুসলিম সন্তরা ধর্মসমন্বয়ের কথা বলেন।

সমন্বয়-প্রচেষ্টা

এক শ্রেণীর গোঁড়া উলেমারা অ-মুসলমানদের 'কাফের' বা 'জিম্মি' বলে দূরে সরিয়ে রাখার চেষ্টা করলেও তাদের চেষ্টা সফল হয়নি। কয়েকজন উদারচিত্ত মুসলিম শাসকের অবদান এই প্রসঙ্গে স্মরণীয়। এমন প্রমাণ আছে, আলাউদ্দিন খলজী ও ফিরোজ তুঘলকের মত শাসকও, যাঁরা হিন্দুবিদ্বেষী বলে পরিচিত হয়েছিলেন, তাঁরাও কোন কোন হিন্দু ধর্মনেতাকে সম্মান দেখাতেন। আলাউদ্দিন জৈন পণ্ডিত আচার্য মহাসেনকে নিয়ে এসে ধর্মবিষয়ে আলোচনা করেছেন এবং ফিরোজ তুঘলক হিন্দুবিদ্বেষী হওয়া সত্ত্বেও কবি রত্নশেখরকে সম্মান দেখাতেন। সুলতানী যুগে যেসব শাসক হিন্দু-মুসলমান সমন্বয়ের জন্য প্রসিদ্ধি অর্জন করেছিলেন তাঁদের মধ্যে আছেন বাংলার নবাব হুসেন শাহ, কাশ্মীরের জৈনুল আবেদিন ও বিজাপুরের আদিল শাহ। এইসব শাসকরা ধর্মীয় গোঁড়ামিকে প্রশ্রয় দেননি, বরং জাতি-ধর্মনির্বিশেষে সব প্রজাকেই সমানচোখে দেখতেন। হুসেন শাহর আমলে বাংলাদেশে অনেক সংস্কৃত হিন্দু-ধর্মগ্রন্থের বঙ্গানুবাদ করা হয়েছিল। বিজাপুরের ইয়সুফ আদিল শাহ শুধু যে হিন্দুদের দায়িত্বপূর্ণ রাজকাজে নিয়োগ করতেন তাই নয়, তাঁর দলিল-দস্তাবেজ মারাঠী ভাষায় লেখা

শাসকদের অবদান

হত। হিন্দু প্রজারা তাঁকে 'জগৎগুরু' আখ্যা দিয়েছিলেন। কাশ্মীরের স্থলতান জৈন্থল আবেদিন আকবরের পূর্বে হিন্দুদের প্রতি যে উদারতা দেখিয়েছিলেন, তা অবিস্মরণীয়। প্রথমে কিছুটা অনিচ্ছাসত্ত্বেও কতকটা অজ্ঞাতসারে শাসক ও শাসিতের মধ্যে সহযোগিতার স্থত্রপাত হয়েছিল। ক্রমে উভয় সভ্যতার সংমিশ্রণে সামাজিক ও সাংস্কৃতিক স্থফল দেখা দিয়েছিল। শিল্পে, সঙ্গীতে, সৌধনির্মাণে, পোশাক-পরিচ্ছদে, আদবকায়দায়, আচারব্যবহারে সর্বত্র এই সমন্বয় লক্ষ্য করা যায়। ঐতিহাসিক মার্শাল বলেছেন যে, ছুটি একান্তভাবে পৃথক অথচ বিপুল সভ্যতার এইরকম সমন্বয়ের দৃষ্টান্ত পৃথিবীতে খুব কমই দেখা যায়। হিন্দু ও মুসলিম সভ্যতা একে অপরকে গ্রাস করতে পারেনি—পরস্পরের প্রভাবে প্রভাবিত হয়ে নবরূপ ধারণ করেছিল।

সমন্বয়

স্থলতানী যুগে সমাজ (Society During Sultanate Period) : স্থলতানী যুগে মুসলমান সমাজ তিনটি প্রধান ভাগে বিভক্ত ছিল—ধর্মীয়, অভিজাত, কৃষক ও কারিগর। অভিজাতদের মধ্যে অনেক গোষ্ঠীর মানুষ ছিল—তুর্কী, আফগান, পারসী ও আরবী। এর মধ্যে তুর্কী ও আফগানরাই ছিল প্রধান, কারণ তাঁরা রাজনৈতিক ক্ষমতার অধিকারী ছিল। এই গোষ্ঠীগত প্যার্থক্য স্থায়ীভাবে বাস করার পর হ্রাস পায়। কাজের দিক থেকে অভিজাতসম্প্রদায় ছুভাগে বিভক্ত ছিল—(১) অহল্-ই-সৈথা ও (২) অহল্-ঐ-কলম। যাঁরা সামরিক ক্ষমতা ব্যবহার করতেন, তাঁরা ছিলেন প্রথম শ্রেণীর ও দ্বিতীয় শ্রেণীতে ছিলেন ধর্মনেতা ও শাসকরা। শহরের মুসলমানদের মধ্যে বেশির ভাগই ছিলেন কারিগর। এ ছাড়া আরব ও পারস্য দেশীর ব্যবসায়ীরা যাতায়াত করতেন। এই যুগের শেষদিকে মুসলমান কৃষকদের সংখ্যা বেড়ে গিয়েছিল। হিন্দু ও মুসলমান কৃষকদের জীবনধারা প্রায় একই রকম ছিল। ভারতীয় হিন্দুসমাজের প্রভাবে মুসলিম সমাজজীবনে বর্ণপ্রথার প্রবর্তন হয়। বিদেশী পরিবারগুলি সমাজে উচ্চবর্ণ বা "আশরফ" (অর্থাৎ সম্মানীয়) বলে পরিচিত হয়, পরের বর্ণ ছিল উচ্চবর্ণের ধর্মান্তরিত হিন্দুরা। বৃত্তিগত বর্ণগুলিতে আবার ছুটি শ্রেণীভেদ ছিল—"পরিচ্ছন্ন" বর্ণ ও "অপরিচ্ছন্ন" বর্ণ। "পরিচ্ছন্ন" বর্ণের মধ্যে ছিল কারিগর ও অন্য পেশার লোক এবং অন্য বর্ণভুক্তদের মধ্যে ছিল ঝাড়ুদার ও মেথর শ্রেণীর মানুষ। বিবাহের ব্যাপারে বর্ণপ্রথার বাইরে কেউ যেত না।

মুসলিম সমাজ

এই যুগে হিন্দুসমাজের গঠনে কোনও পরিবর্তন হয়নি। পুরানো জাতিভেদ-প্রথা প্রচলিত ছিল। ব্রাহ্মণরা সমাজের শীর্ষে ছিলেন। এই সময়ে মিথিলা, বাংলাদেশ ও দক্ষিণ-ভারতে হিন্দু আইন ও প্রথা সম্পর্কে বহু সারসংগ্রহ ও টীকা-টিপ্পনী লেখা হয়। সামাজিক প্রথা, আচার-ব্যবহার ও অনুষ্ঠান প্রভৃতির কোনও পরিবর্তন হয়নি। অসবর্ণবিবাহ নিষিদ্ধ ছিল। হিন্দুসমাজে স্ত্রীলোকদের অবস্থার কোনও পরিবর্তন হয়নি। হিন্দু ও মুসলমান উভয় শ্রেণীর মধ্যেই পুত্রসন্তানের জন্ম ছিল শ্রেয়। এর থেকে বোঝা যায়, সমাজে মেয়েদের স্থান নীচে ছিল। বাল্যবিবাহ, সতীদাহ-প্রথা প্রচলিত ছিল ও বিধবা-বিবাহ নিষিদ্ধ ছিল।

হিন্দুসমাজ

হিন্দু ও মুসলমান উভয় শ্রেণীর মেয়েদের মধ্যে পর্দা-প্রথার প্রচলন ছিল। অথ নৈতিক কারণে কৃষক ও কারিগর পরিবারের মেয়েদের অনেক বেশী স্বাধীনতা ছিল। তবে সুলতানী যুগে ব্রাহ্মণদের আধিপত্য অনেক হ্রাস পেয়েছিল, কারণ ব্রাহ্মণদের ভূমিদান কমে গিয়েছিল ও তাদেরকে নিয়মিত কর দিতে হত। রাজসভাতেও তাদের পূর্বের ন্যায় প্রতিপত্তি ছিল না। পেশাগত ব্যাপারে কিছুটা নমনীয়তা এসেছিল। কৃষিকাজ, ব্যবসা-বাণিজ্য বা কারিগরী বৃত্তিগ্রহণে ব্রাহ্মণ ও শূদ্রে কোন ভেদাভেদ ছিল না। সুলতানী যুগে ভারতীয় সমাজে ক্রীতদাস-প্রথারও প্রচলন ছিল। হিন্দুশাস্ত্রে বিভিন্ন শ্রেণীর ক্রীতদাসের কথার উল্লেখ আছে।

অর্থনৈতিক অবস্থা (Economic Life): পূর্বের মত সুলতানী যুগে অর্থনীতির ভিত্তি ছিল কৃষি। ভূমি-রাজস্বই ছিল সরকারী আয়ের প্রধান উৎস। ইবন বতুতা বলেছেন যে, দেশের জমি এত উর্বরা ছিল যে, জমিতে বছরে দু বার শস্য উৎপন্ন হত, এমন কি তিন বারও শস্য বোনা যেত। নানারকম খাদ্যশস্য, তিল, আখ, তুলা, ফল, ফুল উৎপন্ন হত। উৎপন্নের $\frac{1}{3}$ অংশ ভূমি-রাজস্ব হিসাবে দিতে হত। এ ছাড়াও গৃহ-কর, পশুচারণ-কর, পুষ্করিণী-কর, দ্রব্য-বিক্রয়-কর, পেশা-কর ইত্যাদি দিতে হত। সাধারণ জীবিকা-নির্বাহের জন্য কৃষকদের কঠোর পরিশ্রম করতে হত। গ্রাম্য মোড়ল (মুকদ্দম) ও ছোট জমিদারদের (খুৎ) জীবনধারণের মান ছিল উন্নত। গ্রামাঞ্চল বিচ্ছিন্ন হওয়াতে নিজেদের স্বাতন্ত্র্য বজায় রাখত। প্রতি গ্রামের নিজস্ব শিল্পী ও কারিগররা কাপড় বুনত, চাষের জন্য লাঙ্গল, হাল ও জোয়াল, গোরুর গাড়ীর চাকা, দড়ি, বাসনপত্র, ঝুড়ি ইত্যাদি তৈরী করত।

কৃষি ও কৃষক

সুলতানী যুগে শহরগুলি সমৃদ্ধশালী হয়ে উঠেছিল। ব্রোচ, ক্যাম্বে, মুলতান, লখনৌতি, সোনারগাঁ ছিল প্রসিদ্ধ বন্দর বা নগর। ইবন বতুতা দিল্লীকে পূর্বের বৃহত্তম নগরী বলেছেন। বাংলাদেশ ও গুজরাটের শহরগুলিতে নানারকম বস্ত্র উৎপাদন হত, যেমন—সূতীবস্ত্র, রেশম, মখমল, সার্টিন ইত্যাদি। এ ছাড়া সে সময়ে অন্যান্য হস্তশিল্পও প্রসারলাভ করে, যেমন চামড়ার কাজ, ধাতুর কাজ, কার্পেট বুনন ইত্যাদি। এইসব জিনিস, বিশেষ করে বস্ত্র, লোহিতসাগর ও পারস্য উপসাগরের তীরবর্তী দেশগুলিতে ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় রপ্তানি হত। বাণিজ্যের প্রসারের ফলে মুদ্রার ব্যবহার বেড়ে যায়। মুদ্রার মধ্যে 'জিতল' ও 'টঙ্কা'র কথা বেশী শোনা যায়,—প্রথমটি ছিল তাম্রমুদ্রা ও দ্বিতীয়টি রৌপ্যমুদ্রা।

শিল্প ও ব্যবসা-বাণিজ্য

সুফীবাদ ও ভক্তিবাদ (Sufism and Bhakti Movement): উত্তর ভারতে তুর্কীরা যখন রাজ্যবিস্তার করে, তখন ইসলামধর্ম ভারতের কাছে অপরিচিত ছিল না। আরবীয় পর্যটক ও সুফী সন্তরা ভারতের বিভিন্ন অংশ ভ্রমণ করতেন। খ্রীষ্টীয় বারো শতকের পর ভারতে সুফী মতবাদ প্রতিষ্ঠা লাভ করে এবং হিন্দু ও মুসলমান উভয়ের উপরেই প্রভাব বিস্তার করে। এইভাবে হিন্দু ও মুসলমান ধর্মের সমন্বয়ের

পথ প্রস্তুত হয়। পণ্ডিতরা মনে করেন যে, হিন্দু আচার-অনুষ্ঠান, রীতিনীতি প্রভৃতি প্রথমদিককার সুফীরা অবাধে গ্রহণ করে তাদের ক্রিয়াকলাপের অংশ করে নিলেও তাদের আদর্শ ছিল ইসলামিক। সুফীরা মনে করতেন, ঈশ্বরকে ভালোবেসে তাঁর কাছে পৌছানো যায়। সুফীরা গোঁড়া মুসলমান ধর্মকেন্দ্রগুলির সঙ্গে কোন সম্পর্ক রাখতেন না। সুফীরা মনে করতেন, ঈশ্বরের সঙ্গে মানুষের মিলন প্রয়োজন। তাঁরা ঈশ্বরের সঙ্গে মানুষের প্রেমময় সম্পর্কের উপর জোর দিতেন। সুফীরা পীর বা গুরুর উপর জোর দিতেন। প্রথম যুগের সুফীরা হিন্দুসহ নিচুশ্রেণীর মানুষের সঙ্গে অবাধে মেলামেশা করতেন। তাঁদের জীবনযাত্রা ছিল সরল অথচ কঠোর সংযমপূর্ণ। তাঁরা সাধারণ মানুষের সঙ্গে তাঁদের ভাষা বা হিন্দীতে কথা বলতেন। সুফী সন্তরা ঈশ্বরের নিকটবর্তী হওয়ার ভাবসৃষ্টির জন্য 'সমা' গান গাইতেন। সুফীবাদের এই সর্বজনীন আবেদন সেই সময়ের ধর্মীয় উত্তেজনাকে প্রশমিত করে হিন্দু-মুসলিম সম্পর্ককে সহজ ও সুন্দর করে তুলেছিল। দ্বাদশ শতকে এদেশের সুফীরা অনেকগুলি সম্প্রদায়ে বিভক্ত হয়ে পড়েন—চিশ্‌তী, আউলিয়া, সুরাবর্দী, ফিরদৌসী ইত্যাদি। সন্ত খাজা মইনুদ্দিন চিশ্‌তী ছিলেন চিশ্‌তী সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা। সন্তদের মধ্যে অন্যতম প্রধান ছিলেন নিজামউদ্দিন আউলিয়া। নিজামউদ্দিনের ত্যাগের মহিমা ও ঈশ্বরমুখী জীবন তাঁকে হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের কাছে জনপ্রিয় করে তুলেছিল। শেখ সেলিম চিশ্‌তীর দরগা ছিল ফতেপুর সিক্রিতে। সুফীবাদ মুসলমান-হিন্দু ধর্মের সমন্বয়ের পথ প্রশস্ত করল।

সুফীবাদ

সুফীবাদের মত হিন্দুসম্প্রদায়ের মধ্যে একাদশ ও দ্বাদশ শতকে "ভক্তিবাদ"-আন্দোলন শুরু হয়। তুর্কীদের আগমনের বহু পূর্ব থেকেই ভক্তিবাদের প্রবাহ লক্ষ্য করা যায়। ভক্তিবাদের মূল কথা হল, আত্মার সঙ্গে পরমাত্মার অতীন্দ্রিয় মিলন। ভক্তিবাদীদের কাছে ঈশ্বরলাভের চেষ্টাই বড়, আচার-অনুষ্ঠানের কোনও মূল্য নেই। ইসলামের সরল ভক্তিপূর্ণ উপাসনা-পদ্ধতি ও এক ঈশ্বরের প্রতি সব মানুষের আনুগত্য ভক্তিবাদ-প্রচারে সাহায্য করে। শিব, কৃষ্ণ বা দেবী অর্থাৎ যে নামেই ভগবানকে ডাকা হোক কেন, তিনি যে এক ও অভিন্ন, ভক্ত শুধু তাঁর কাছেই প্রাণের আবেগ উৎসর্গ করছে—এই কথা বলেছেন ভক্তিবাদী সন্তরা। জাতিভেদ ও আচার-অনুষ্ঠান যে অন্তঃসারশূন্য—এই কথাই তাঁরা বলেছেন। দক্ষিণ ভারতে প্রথমে ভক্তিবাদের উদ্ভব হলেও, এই যুগে নতুন করে এই আন্দোলন জোয়ার বইয়ে দিল। ভক্তিবাদী সন্তদের মধ্যে হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষকেই একত্রে দেখতে পাওয়া গেল। ভক্তিবাদী সংস্কারকদের মধ্যে রামানন্দ, কবীর, শ্রীচৈতন্য, নানক, নামদেব,—এঁরাই ছিলেন প্রধান।

ভক্তিবাদ

রামানন্দ : বৈষ্ণব দর্শনের পণ্ডিত রামানুজের শিষ্য রামানন্দ সম্ভবত এলাহাবাদের মানুষ ছিলেন। তাঁর প্রচারকেন্দ্র ছিল বেনারস। জানা যায় যে, তিনি কনৌজী ব্রাহ্মণ-পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি "রামনাম" গান করে ঈশ্বরের উপাসনা

করতেন ও জাতিধর্ম-নির্বিশেষে সকলকেই শিষ্য বলে গ্রহণ করতেন। জাতিভেদ, অস্পৃশ্যতা প্রভৃতি তিনি মানতেন না। তাঁর বারোজন প্রধান শিষ্যের মধ্যে নাপিত, মুচি, মুসলমান, জোলা প্রভৃতি নীচুশ্রেণীর মানুষও ছিলেন।

কবীর: মধ্যযুগের ধর্ম-সংস্কারকের মধ্যে অন্যতম ছিলেন কবীর। তাঁর চিন্তা-ধারায় মুসলিম সুফীবাদ ও হিন্দু ভক্তিবাদের প্রভাব দেখা যায়। প্রবাদ যে তাঁর জন্ম হয়েছিল এক বিধবা ব্রাহ্মণীর গর্ভে ও তাঁর পালক পিতা ছিলেন মুসলমান তাঁতী। কবীর গুরু রামানন্দের শিষ্যত্ব গ্রহণ করেছিলেন। তাঁর প্রচারিত ধর্ম ছিল সহজ ও সরল। তিনি বলতেন "আল্লা" ও "রাম-এ" কোন প্রভেদ নেই, হিন্দু ও মুসলমান একই মাটির দুটি পাত্র। অন্তরের কলুষ দূর করে মানুষ যদি প্রার্থনা করে, তবে একই ভগবানের কাছে পৌঁছবে, মানুষের সঙ্গে মানুষের কোনও তফাত নেই, সব ধর্মই এক—এই ছিল কবীরের শিক্ষা। দুটি পদে রচিত কবীরের 'দোঁহা'-গুলিতে তিনি তাঁর দর্শন প্রকাশ করেছেন।

কবীর

শ্রীচৈতন্য: ১৪৮৬ খ্রীষ্টাব্দে নবদ্বীপে শ্রীচৈতন্য এক ব্রাহ্মণ-পরিবারে জন্মগ্রহণ করেন। বাল্যকাল থেকে তিনি বিদ্যা ও ধর্মচর্চায় মন দেন। তাঁর পিতার নাম ছিল জগন্নাথ মিশ্র এবং স্ত্রীর নাম বিষ্ণুপ্রিয়া। তাঁর মা তাঁকে 'নিমাই' বলে ডাকতেন। হিন্দুধর্মের আচার-অনুষ্ঠান, জাতিভেদ-প্রথা তাঁকে কষ্ট দিত। ২৪ বছর বয়সে তিনি গৃহত্যাগ করে ঈশ্বরপুরী নামে এক গুরুর কাছে দীক্ষা নেন। ভক্তিধর্ম কিংবা ভগবান শ্রীকৃষ্ণের প্রতি ভক্তি মুক্তির একমাত্র পথ,—এই মত তিনি প্রচার করেন। বাংলাদেশে বৈষ্ণব ধর্মপ্রচারে চৈতন্য ছিলেন অগ্রগণ্য। জাতিভেদ তিনি মানতেন না,—তাঁর শ্রেষ্ঠ শিষ্যদের মধ্যে ছিলেন 'যবন হরিদাস'। বাহ্যিক আচার-অনুষ্ঠান বর্জন করে শ্রীকৃষ্ণের নামগানের দ্বারা তিনি মুক্তির কথা বলেছেন। বাংলাদেশের ইতিহাসে শ্রীচৈতন্য এক নবযুগের সূচনা করেছিলেন। ১৫৩৩ খ্রীঃ পুরীতে শ্রীচৈতন্য দেহত্যাগ করেন।

শ্রীচৈতন্য

নানক: ১৪৬৯ খ্রীষ্টাব্দে লাহোরের কাছে নানকানা গ্রামে নানক জন্মগ্রহণ করেন। ভগবৎ-ভক্তি ও অধ্যাত্ম-চিন্তা ছিল তাঁর ব্রত। সত্যের সন্ধানে তিনি সুদূর মক্কা থেকে

বাগদাদ পর্যন্ত পরিভ্রমণ করেছিলেন। ধর্মের জটিল আচার-অনুষ্ঠান থেকে মুক্ত হয়ে ঈশ্বরের কাছে আত্মসমর্পণ করাই ছিল তাঁর উপদেশ। তিনি এক ঈশ্বর, গুরু ও নামজপ—এই তিনটি সূত্রের উপর জোর দিতেন। তিনি হিন্দু ও মুসলমানের ঈশ্বর সম্পর্কিত ধারণাকে বর্জন করে এক নতুন আদর্শ প্রচার করেন, যার মধ্যে আধ্যাত্মিক চিন্তাই ছিল বেশী। কবীরের মত তিনি মূর্তিপূজা, তীর্থযাত্রা ও বিভিন্ন ধর্মের বাহ্যিক আচার-অনুষ্ঠানকে নিন্দা করতেন। তিনি আধ্যাত্মিক জীবন ও গার্হস্থ্য জীবনের মধ্যে সমন্বয়সাধনের জন্য মধ্যপন্থার কথা বলেন। কোন নতুন ধর্ম স্থাপনের ইচ্ছা নানকের ছিল না। হিন্দু ও মুসলমানের মধ্যে বিভেদ দূর করে শান্তি ও শুভেচ্ছা এবং পরস্পরের সম্প্রীতি ও ভাববিনিময়ের আবহাওয়া গড়ে তোলাই ছিল তাঁর দৃষ্টিভঙ্গি। কালক্রমে নানকের ধ্যানধারণা থেকে জন্ম নেয় নতুন এক সম্প্রদায়—শিখসম্প্রদায়।

নানক

নামদেব : চতুর্দশ শতকে নামদেব প্রসিদ্ধি অর্জন করেন। প্রথম জীবনে তিনি ছিলেন একজন দরজী। ধর্মীয় জীবন গ্রহণ করার পূর্বে তিনি দস্যুবৃত্তি করতেন। তাঁর মারাঠী ভাষায় রচিত কবিতায় ঈশ্বরের প্রতি গভীর প্রেম ও ভক্তির সুর লক্ষ্য করা যায়। তিনি ভারতের বিভিন্ন অঞ্চল পরিভ্রমণ করেন ও সুফী সাধকদের সঙ্গে ধর্ম নিয়ে আলোচনা করেন।

এ ছাড়াও গুজরাটের নরসিংহ মেহেতা, রাজস্থানের মীরাবাঈ ও পশ্চিম-উত্তর প্রদেশের সুরদাসের ভক্তিমূলক গান, প্রেম ও ভক্তিতে এমন অভিনব পরিবেশের সৃষ্টি হল, যাতে জাতিধর্মের বাধানিষেধের গণ্ডী আর রইল না। এইসব সন্ত ও কবি মানবিক ধর্মের আদেশ প্রচার করেন। আঞ্চলিক ভাষা ও হিন্দীতে এঁরা এঁদের বাণী, দোঁহা ও গান রচনা করায় আঞ্চলিক ভাষাসমূহের প্রভূত উন্নতি হয়।

স্থাপত্য ও শিল্প (Art and Architecture) : তুর্কীরা যখন ভারতে আসে, তখন তারা শাসন, শিল্প, স্থাপত্য প্রভৃতি সম্পর্কেও সুস্পষ্ট ধারণা নিয়ে আসে। ভারতীয় ধ্যান-ধারণার সঙ্গে সংমিশ্রণে শেষ পর্যন্ত এক সমৃদ্ধ সংস্কৃতি গড়ে উঠে। তুর্কীদের প্রভাবে ভারতীয় স্থাপত্যে উল্লেখযোগ্য পরিবর্তন দেখা দিল। এর প্রমাণ পাওয়া যায় মসজিদ ও সমাধি-সৌধ-নির্মাণে। তুর্কীদের সঙ্গে আরবী ও পারসী স্থাপত্য-রীতি ভারতে আসে। পারসী স্থাপত্যের বৈশিষ্ট্য ছিল খিলান, তির্যক খিলান, গম্বুজ ও গম্বুজের নিচে আট-কোণবিশিষ্ট ঘর। খিলান ও গম্বুজের সম্মেলনে মুসলিম স্থাপত্য একটি বিশিষ্ট রূপ লাভ করেছিল। ভারতীয় কারিগররা পারসী পদ্ধতির কিছু পরিবর্তন করে নেয়। বাড়ীগুলির অলংকরণেও ভারতীয় স্থাপত্য-পদ্ধতি ব্যবহার করা হল,—বিশেষ

করে ভারতীয় প্রতীক ব্যবহার করা শুরু হল। এইভাবে হিন্দু ও মুসলিম রীতির সংমিশ্রণ ঘটে। দিল্লী-অঞ্চলে মুসলিম প্রভাব বেশী থাকায় মুসলিম রীতির প্রাচুর্য ও হিন্দু রীতির স্বল্পতা লক্ষ্য করা যায়। প্রাদেশিক স্থাপত্যে বিশেষ করে জৌনপুর ও দাক্ষিণাত্যে পরস্পর বিপরীত চিত্র দেখা যায়।

ভারতে ইসলামী স্থাপত্যের সর্বপ্রাচীন নিদর্শন হল কুয়াত-উল-মসজিদ। এটি আগে ছিল মন্দির,—নানা পরিবর্তন করে পরে এটিকে মসজিদে পরিণত করা হয়। ইলতুৎমিস-নির্মিত কুতুবমিনার সবচেয়ে উল্লেখযোগ্য সৌধ। খলজীযুগে প্রচুর নির্মাণকাজ হয়। আলাউদ্দিন সিরিতে এক নতুন রাজধানী নির্মাণ করেন এবং "আলাই দরওয়াজা" নামে কুতুবের একটি প্রবেশদ্বার নির্মাণ করেন। কিন্তু তুঘলক আমলে নির্মিত মসজিদ, প্রাসাদ প্রভৃতিতে অলংকরণের পরিমাণ হ্রাস পেয়ে এক রুক্ষ ও নিরাভরণ আকার ধারণ করে। সৈয়দ ও লোদী যুগে পুনরায় নকশা ও নানা রকম অলংকরণের কাজের পর্যাপ্ত প্রচলন হয়।

প্রাদেশিক স্থাপত্য

দিল্লীর বাইরে জৌনপুর, মালব, পাণ্ডুয়া, গৌড়, গুজরাট, গোলকুণ্ডা, বিজাপুর ইত্যাদি জায়গায় বৈচিত্র্য ও শিল্পকাজে উন্নত স্থাপত্যের বহু নিদর্শন আছে। জৌনপুরের আতাল মসজিদ, আহম্মদাবাদের জুম্মা মসজিদ, পাণ্ডুয়ার আদিনা মসজিদ, দৌলতাবাদের চাঁদমিনার প্রভৃতি বহু সৌধের কথা উল্লেখ করা যায়। গুজরাটের স্থাপত্য-রীতিতে মুসলিম প্রভাব স্পষ্ট দেখা যায়।

সুলতানী যুগে ইন্দো-ইসলামিক রীতির পাশাপাশি হিন্দুরীতিরও বিকাশ ঘটে। হিন্দু স্থাপত্যকলার বৈশিষ্ট্য ছিল অলংকরণের কাজ ও ক্রমশ সরু হয়ে যাওয়া খিলান। মেবারের রানা কুম্ভের বিজয়তোরণ, বিজয়নগরের বিঠলস্বামী মন্দির,—এই রকম স্থাপত্য-রীতিতে তৈরী।

সুলতানী যুগের সাহিত্য (Literature During Sultanate Period): তুর্কী মুসলিমদের সঙ্গে ভারতে এসে উপস্থিত হয় দুটি নতুন ভাষা—আরবী ও ফারসী ভাষা। যদিও মুসলিম সাহিত্যের অধিকাংশই আরবী ভাষাতে রচিত, তবুও ভারতের তুর্কী শাসকরা ফারসী ভাষার দ্বারাই বেশী প্রভাবিত ছিলেন। খ্রীষ্টীয় দশম শতক থেকে ফারসী ভাষা ছিল মধ্য এশিয়ার সাহিত্যের ভাষা ও সরকারী ভাষা। তুর্কী সুলতানদের পৃষ্ঠপোষকতায় ফারসী ভাষায় রচিত হয় বিপুল সাহিত্যসম্ভার। সেই যুগে সর্ববিদ্যাপারঙ্গম পণ্ডিত মনীষী ছিলেন আমীর খসরু। তাঁকে "ভারতের তোতাপাখী" বলা হত। দীর্ঘদিন জীবিত থেকে তিনি গদ্যে, পদ্যে বহু গ্রন্থ রচনা করে শ্রেষ্ঠ সাহিত্যিক, কবি, সঙ্গীতজ্ঞ বলে খ্যাতি অর্জন করেছেন। কবি আমীর খসরু ফারসী ভাষায় কাব্যরচনা করলেও অনেক সময় হিন্দী ভাষাও ব্যবহার করেছেন। এ ছাড়া উর্দু ভাষার জনকও ছিল হিন্দী ভাষা। হিন্দী বাক্য গঠন-পদ্ধতি, ফারসী ও আরবী ভাষার শব্দভাণ্ডারের মিলনে উর্দু ভাষার জন্ম হয়। কাব্য ছাড়াও এই যুগে ফারসী ভাষায় ইতিহাস রচনার জন্য

ফারসী ভাষা

উর্দু ভাষার জন্ম

একদল লেখকের আবির্ভাব হয়। জিয়াউদ্দিন বারণী, সামস-ই-সিরাজ আফিফ ও ইসামি ছিলেন এই যুগের খ্যাতনামা ঐতিহাসিকবৃন্দ।

সুলতানী যুগে সংস্কৃতভাষার চর্চা হ্রাস পেলেও একেবারে লোপ পায়নি। গুজরাটে হেমচন্দ্র স্থরীর "পুরুষ-চরিত", এ ছাড়াও "পৃথ্বীরাজ-বিজয়", "হাম্বির-বিজয়", বস্তুপাল-কৃত "নরনারায়ণীয়", রূপ গোস্বামীর বহু সংস্কৃত গ্রন্থ এই যুগে রচিত হয়েছে। এই যুগেই পণ্ডিতশ্রেষ্ঠ সায়ন, মাধবাচার্য, রঘুনন্দন তাঁদের টীকাগুলি রচনা করেন। সাধারণের জীবন থেকে বিচ্যুত হলেও কাশ্মীর থেকে কন্যাকুমারিকা পর্যন্ত অঞ্চলে শিক্ষিত হিন্দুর অবশ্য পঠনীয় ভাষা ছিল সংস্কৃত।

সংস্কৃত

হিন্দু-মুসলমান সংস্কৃতির পরস্পরের প্রভাব ও ধর্ম-আন্দোলনের প্রভাবে প্রাদেশিক ভাষা ও সাহিত্যের বিকাশ ঘটে। চাঁদ বরদই-এর মতো লেখকের হাতে হিন্দী সাহিত্য সুপরিণত হয়ে উঠল। রামানন্দ ও কবীর সরল হিন্দী ভাষায় তাঁদের বাণী প্রচার করায়, হিন্দী ভাষা আরো সমৃদ্ধ হয়ে উঠে। নামদেব, একনাথ প্রভৃতি সন্তের বাণী মারাঠী ভাষায় প্রচারিত হওয়ায় মারাঠী ভাষা ও সাহিত্য উন্নতি লাভ করে। নানক ও তাঁর শিষ্যরা যে ভাষা ব্যবহার করতেন, তা হল পাঞ্জাবী ভাষা—আজকের পাঞ্জাবের ভাষা।

হিন্দী, মারাঠী, গুরুমুখী

ধর্মনির্বিশেষে রাজা ও সুলতানরা সাহিত্যের পৃষ্ঠপোষকতা করেছেন। বিদ্যাপতি ছিলেন হিন্দু রাজার সভাকবি। সুলতানী যুগে বাংলাভাষারও বিশেষ উন্নতি হয়। দেবদেবীর প্রশস্তিমূলক মঙ্গলকাব্য চতুর্দশ শতকেই রচিত হয়। মঙ্গলকাব্যের মধ্যে 'মনসামঙ্গল' রচনার জন্য হরিদত্ত, বিজয়গুপ্ত ও বিপ্রদাস, বিখ্যাত। বর্ধমানের মালাধর বসু "শ্রীকৃষ্ণবিজয়" কাব্য রচনা করে হুসেন শাহর কাছ থেকে "গুণরাজ খান" উপাধি পেয়েছিলেন। নসরৎ শাহর নির্দেশে কবীন্দ্র পরমেশ্বর মহাভারতের প্রথম বাংলা অনুবাদ করেন। ষোড়শ শতকে শ্রীচৈতন্যের বৈষ্ণবধর্মের বিকাশ বাংলা-সাহিত্যকে ফুলেফলে পল্লবিত করে তোলে। এই প্রসঙ্গে বৃন্দাবন দাসের "চৈতন্যভাগবত", জয়ানন্দের "চৈতন্যমঙ্গল" ও কৃষ্ণদাস কবিরাজের "চৈতন্যচরিতামৃত" প্রভৃতি গ্রন্থ উল্লেখযোগ্য। চণ্ডীদাস, বিদ্যাপতি, ও কৃত্তিবাসের রচনাতেও এই যুগ সমৃদ্ধ হয়।

বাংলা সাহিত্য

S.C.E.R.T., West Bengal
Library
Calcutta
25/3, B. T. Road

মুঘলযুগ—১৫২৬-১৭০৭ খ্রীষ্টাব্দ

(THE MUGHAL AGE—1526-1707 A.D.)

॥ ১ ॥ মুঘলযুগের ইতিহাসের উপাদান

(Sources of Mughal History)

উপাদানের প্রাচুর্য

মুঘলযুগের ইতিহাসের উপাদান প্রচুর পাওয়া যায়। ১৫২৬ খ্রীষ্টাব্দ থেকে ১৭০৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত মুঘল শাসনের প্রতিটি শাসকের ঐতিহাসিক বিবরণ পাওয়া গেছে;—কোন কোন ক্ষেত্রে একাধিক বিবরণ আছে। মুঘল শাসকরা সরকারী দলিলপত্র রক্ষা করতেন। তাঁরা সভাপণ্ডিতদের ইতিহাস লিখতে উৎসাহ দিতেন। এর ফলে সরকারী পণ্ডিতদের মধ্যে ইতিহাস লেখার প্রবণতা লক্ষ্য করা যায়। এইজন্য মুঘলযুগে ঐতিহাসিক উপাদানের প্রাচুর্য লক্ষ্য করা যায়।

মুঘলযুগের ইতিহাসের উপাদানগুলিকে কয়েকটি ভাগে ভাগ করা যায় :—

সমকালীন লেখকদের রচনা

(১) **সমকালীন ঐতিহাসিকদের রচনা**—সমকালীন ঐতিহাসিকদের রচনা ইতিহাসের সবচেয়ে মূল্যবান উপাদান। মুঘলযুগের ইতিহাস রচনায় এইসব তথ্য খুবই নির্ভরশীল। এইসব রচনার মধ্যে আকবরের সভাসদ্ আবুল ফজল রচিত 'আকবর নামা' ও 'আইন-ই-আকবরী' বিখ্যাত গ্রন্থ। বাদাউনী রচিত 'মন্তাখাবত-ই-তারিখ' আকবরের রাজ্যজয় ও ধর্মনীতির উপর আলোকপাত করে। শাহজাহানের শাসনকালে রচিত আবদুল হামিদ খান লাহোরীর 'পাদশাহনামা', ও এনায়েৎ খানের 'শাহজাহান নামা' থেকে শাহজাহানের রাজত্বকালের বিবরণ পাওয়া যায়। ঔরঙ্গজেবের শাসনকালের বিবরণ পাওয়া যায় কাফী খাঁ'র রচনায় ও মীর্জা মুহম্মদ কাজিম রচিত 'আলমগীর-নামা'তে। এ ছাড়াও আছে খাজা নিজামউদ্দিন আহ্‌মেদের 'তারিখ-ই-আকবরী', ভীমসেন রচিত "খুসথা ই-দিল-খুসা' ইত্যাদি। বাবরের আত্মজীবনী 'তুজুক ই-বাবরী', জাহাঙ্গীরের জীবনস্মৃতি 'তুজুক-ই-জাহাঙ্গীরি' ও গুলবদন বেগমের 'হুমায়ুন-নামা' অতি মূল্যবান ঐতিহাসিক উপাদান। এইসব বিবরণ ফারসী-ভাষায় লিখিত।

আত্মচরিত ও স্মৃতিকথা

সরকারী নথিপত্র

(২) **সমকালীন দলিলপত্র**—কোনও দেশ বা সময়ের ইতিহাস রচনায় সরকারী দলিলপত্র মূল্যবান তথ্য সরবরাহ করে। আকবর সরকারী দলিলপত্র রক্ষা করার জন্য একটি দপ্তর স্থাপন করেছিলেন। আকবরের সময় থেকে পাওয়া যায় প্রচুর ফরমান, সরকারী আদেশপত্র। 'দপ্তর-ই-আমল' নামে রাজস্ব-সংক্রান্ত বিবরণ, পরিসংখ্যান ও নিয়মাবলী ইতিহাসের পক্ষে খুবই উল্লেখযোগ্য উপাদান। রাজদরবারের বুলেটিন যা 'আখবরাত-ই-দরবার-ই মুয়ল্লা' নামে পরিচিত, –ইতিহাসের উপাদান হিসাবে খুবই মূল্যবান। এ ছাড়াও রাজদরবারের বিশিষ্ট কর্মচারী ও সচিবরা (যাদের মুনশী বলা হত) বহু ঐতিহাসিক পত্রাবলীর সংকলন রেখে গিয়েছেন। এই দলিলের অনেকটাই আজও পাওয়া যায়।

(৩) **মুদ্রা ও স্থাপত্য নিদর্শন**—মুদ্রা ইতিহাসের বিশিষ্ট উপাদান। মুঘলযুগের বহু মুদ্রা লণ্ডন, কলকাতা ও অন্যান্য স্থানের জাদুঘরে রাখা হয়েছে। মুদ্রাগুলি অর্থনৈতিক অবস্থা ও ধাতুশিল্পের উন্নতির পরিচায়ক। এ ছাড়া মুঘল সম্রাটরা ছিলেন উৎসাহী নির্মাতা। মুঘলযুগের মসজিদ, প্রাসাদ, সমাধি-মন্দির থেকে সেই যুগের সংস্কৃতি ও সভ্যতার পরিচয় পাওয়া যায়। শের শাহের সমাধি, তাজমহল, ফতেপুর সিক্রি'র প্রাসাদ, আগ্রার দুর্গ, দেওয়ান-ই-আম, দেওয়ান-ই-খাস, মোতি মসজিদ প্রভৃতি—এ সবই এই যুগের শিল্পকলার ও সভ্যতার পরিচয় দেয়।

মুদ্রা ও স্থাপত্য

(৪) **বিদেশী পর্যটকদের বিবরণী**—মুঘলযুগে ইউরোপীয় ও অন্যান্য বিদেশী ব্যবসায়ী ও পর্যটকদের প্রচুর বিবরণী পাওয়া গিয়েছে। এইসব বিবরণী থেকে সমসাময়িক ঘটনা, শাসকদের প্রকৃতি ও শাসন-নীতির পরিচয় পাওয়া যায়। মুঘলযুগে ইউরোপীয় পর্যটকদের মধ্যে টমাস রো, এডওয়ার্ড টেরি, বার্নিয়ার, তেভার্নিয়ার, র‍্যালফ্ ফিচ, পেলসার্ট প্রমুখরা মূল্যবান বিবরণসমূহ রেখে গিয়েছেন। গোয়ার জেসুইট পাদরিরাও মূল্যবান তথ্য রেখে গিয়েছেন।

বিদেশীদের বিবরণ

(৫) **আঞ্চলিক ও অন্যান্য সাহিত্য**—প্রাদেশিক মারাঠী, বাংলা, গুজরাটী, উড়িয়া, হিন্দী সাহিত্যসমূহ মুঘলযুগের ইতিহাসের উপর প্রচুর আলোকপাত করে। মারাঠা ইতিহাস 'সভাসদ্-ভাস্কর' থেকে মারাঠা-নায়ক শিবাজীর কার্যকলাপের বিবরণ পাওয়া যায়।

আঞ্চলিক সাহিত্য

॥ ২ ॥ মুঘলদের উৎপত্তি ও বাবর কর্তৃক পাদশাহীর প্রতিষ্ঠা

(Origins of the Mughals : Foundation of the Padshahi by Babar)

সুলতানী রাজত্বের পতনের পর উত্তর ভারতে মুঘলবংশের রাজত্ব শুরু হয়। 'মোঙ্গল' শব্দটি থেকে 'মুঘল' শব্দের উৎপত্তি হয়েছে। মধ্য এশিয়ার বসবাসকারী মোঙ্গলরা চেঙ্গিস খাঁ'র অধীনে খুবই শক্তিশালী হয়ে উঠেছিল। সুলতানী আমলে এই মোঙ্গলরাই বারবার উত্তর-পশ্চিম ভারতে এসে উপস্থিত হয়েছে। চেঙ্গিসের পরবর্তী কালে তাঁর দ্বিতীয় পুত্র চাঘ্‌তাই-এর নেতৃত্বে মোঙ্গলদের একটি শাখা শক্তিশালী হয়ে উঠে ও 'চাঘ্‌তাই তুর্কী' নামে পরিচিত হয়। এই শাখার নেতা ছিলেন তৈমুর লঙ।

এই তৈমুরের বংশধর জাহিরউদ্দিন মুহম্মদ বাবর ভারতে রাজ্য স্থাপন করলে মুঘল নামে পরিচিত হন। বাবরের পিতা ফরগনার অধিপতি ওমর শেখ মির্জা ছিলেন তৈমুরের বংশধর ও মাতা কুতলুখানম্ নিগার ছিলেন মোঙ্গল-নেতা চেঙ্গিস খাঁ'র বংশধর ইউনুস খাঁর বংশধর। তুর্কী বংশজাত হলেও বাবর "মুঘল" নামেই পরিচিত হয়েছেন।

১৪৮৩ খ্রীষ্টাব্দে জাহিরউদ্দিন মুহম্মদ বাবর মধ্য এশিয়ার ফরগনা রাজ্যে জন্মগ্রহণ করেন। 'বাবর' শব্দের অর্থ "সিংহ"। সাহস ও বীরত্বের জন্য তাঁকে বাবর বলা হত।

বাবরের উত্থান

১৪৯৫ খ্রীষ্টাব্দে পিতা ওমরশেখের মৃত্যুর পর বাবর ফরগনার সিংহাসনে বসেন মাত্র ১২ বছর বয়েসে। কিন্তু পার্শ্ববর্তী রাজ্য সমরখন্দ ছিল তৈমুরের রাজধানী। বাবরের বাসনা ছিল সমরখন্দ দখল করার। ১৪৯৬ থেকে ১৫০৩ খ্রীষ্টাব্দের মধ্যে বাবর সমরখন্দ দখল করতে দু'বার গিয়ে ব্যর্থ হন। উজবেক নেতা সাহবানী খাঁর কাছে তিনি সমরখন্দ ও পিতৃরাজ্য ফরগনাও হারান। এই সময় তিনি রাজ্যহারা অবস্থায় দিশেহারা হয়ে ঘুরে বেড়ান। ১৫০৪ খ্রীষ্টাব্দে ভাগ্যবলে আফগানিস্তানের কাবুল রাজ্যটিকে তিনি দখল করে নিজেকে 'পাদশাহ' বলে ঘোষণা করেন। ১৫১২ খ্রীষ্টাব্দে পারস্যের সুলতান ইসমাইলের সাহায্যে পুনরায় সমরখন্দ দখলের চেষ্টা করেন। কিন্তু উজবেকদের হাতে তাঁর চূড়ান্ত পরাজয় ঘটে।

বাবর

পশ্চিমদিকে বারবার ব্যর্থ হওয়ায় উদ্যমী বাবরের দৃষ্টি পড়ে ভারতবর্ষের দিকে। বাবরের মতো উচ্চ-কাঙ্ক্ষী শাসকের পক্ষে ক্ষুদ্র পার্বত্য রাজ্য কাবুল নিয়ে সন্তুষ্ট থাকা সম্ভব ছিল না। ভারতের সমতলভূমি তাঁকে হাতছানি দিয়ে আকৃষ্ট করে। এক বয়স্কা মহিলার কাছে

বাবর তৈমুরের বিজয় কাহিনী শুনেও উৎসাহিত হন। মধ্য-এশিয়ায় রাজ্যবিস্তার বাবরের পক্ষে আর সম্ভব ছিল না। তাই তিনি ভারতের দিকে দৃষ্টি দেন। এই সময় ভারতে শাসন করছিলেন লোদীবংশের শাসক দুর্বলচিত্ত ইব্রাহিম লোদী। তাঁর দুর্বলতায় প্রাদেশিক শাসনকর্তারা স্বাধীনতাকামী হয়ে উঠেন। বাবর সাগ্রহে ভারতের এই অরাজকতার দিকে দৃষ্টি দেন। ১৫১৯ খ্রীষ্টাব্দে তিনি হিন্দুকুশ অতিক্রম করে ভারতের কিছু অংশ দখল করেন। ইতিমধ্যে পাঞ্জাবের শাসনকর্তা দৌলত খাঁ লোদী ও ইব্রাহিম লোদীর খুল্লতাত আলম খাঁ লোদী তাঁদের স্বাধীনতার বাসনাকে পূর্ণ করার জন্য বাবরের সাহায্য গ্রহণের জন্য চিন্তা করেন ও বাবরকে ভারত আক্রমণে আমন্ত্রণ জানান। ১৫২৪ খ্রীষ্টাব্দে বাবর সসৈন্যে পাঞ্জাবে এসে উপস্থিত হলে দৌলত খাঁ লোদীর বিরোধিতার জন্য ফিরে যান। প্রস্তুত হয়ে পরবৎসর ১৫২৫ খ্রীষ্টাব্দের শেষ দিকে তিনি প্রায় ১১ হাজার সৈন্য ও আগ্নেয়াস্ত্রসহ ভারতে এসে পাঞ্জাব অধিকার করেন। এই সময় ইব্রাহিম লোদীর নিদ্রাভঙ্গ হয়। তিনি প্রায় ৮০ হাজার সৈন্যসহ পানিপথের প্রান্তরে বাবরকে বাধা দেওয়ার জন্য অগ্রসর হলেন। ১৫২৬ খ্রীষ্টাব্দে ২১শে এপ্রিল পানিপথের প্রথম যুদ্ধে ইব্রাহিম পরাজিত ও নিহত হলেন। ভারতে আফগান শাসনের অবসান ঘটিয়ে বাবর মুঘল শাসনের পত্তন করলেন। পানিপথের প্রথম যুদ্ধ ছিল বিশেষ গুরুত্বপূর্ণ। এই যুদ্ধে পরাজয়ের ফলে আফগান শক্তি ছত্রভঙ্গ হয়ে যায়। দিল্লী ও আগ্রার দরজা বাবরের কাছে উন্মুক্ত হয়। মুঘল সাম্রাজ্য স্থাপনের প্রথম ধাপ স্থাপিত হল। অবশ্য পানিপথের প্রথম যুদ্ধের ফলে উত্তর ভারত বাবরের সম্পূর্ণ পদানত হয়েছিল তা বলা যায় না। আফগান শক্তি বিভিন্ন অঞ্চলে প্রতিরোধের চেষ্টা করছিল। রাজপুত শক্তিও বিরাজ করছিল। ঐতিহাসিক রাসব্রুক উইলিয়ামস্ বলেছেন, "পানিপথের জয় দ্বারা সাম্রাজ্য স্থাপনের প্রথম পদক্ষেপ ঘটে, তখনও আফগান উপজাতিগুলির বিরোধিতা ছিল প্রধান বাধা।"

পানিপথের যুদ্ধ

বাবর দিল্লী ও আগ্রা জয় করলেন। ক্রমে বাবরের পুত্র হুমায়ুন দিল্লী ও আগ্রার পার্শ্ববর্তী আফগান শাসিত অঞ্চলগুলি যেমন, কালপি, বায়না, ঢোলপুর প্রভৃতি অঞ্চল থেকে আফগান দলপতিদের বিতাড়িত করলে বিহার

পর্যন্ত অঞ্চলে মুঘল আধিপত্য বিস্তৃত হল। বাবরের রাজ্যসীমা রাজস্থানের সীমা স্পর্শ করলে রাজপুতদের সঙ্গে তাঁর যুদ্ধ অনিবার্য হয়ে উঠল। মেবারের রানা সংগ্রামসিংহ মুঘলদের রাজ্য প্রতিষ্ঠা সন্তুষ্টচিত্তে গ্রহণ করেননি। বাবরও দিল্লী ও আগ্রার নিরাপত্তার জন্য রাজপুতদের সঙ্গে যুদ্ধের জন্য প্রস্তুত হচ্ছিলেন। রানা সংগ্রামসিংহ রাজপুত শাসকদের দলে টেনে এক বিরাট সৈন্যদলসহ খানুয়ার প্রান্তরে উপস্থিত হন। ১৫২৭ খ্রীষ্টাব্দে বাবর উন্নত রণকৌশল ও আগ্নেয়াস্ত্রের সাহায্যে রাজপুতদের পরাজিত করলেন। ১৫২৭ খ্রীষ্টাব্দে খানুয়ার যুদ্ধে জয়লাভের ফলে ভারতে মুঘল রাজত্ব সুদৃঢ়ভিত্তিক হল। খানুয়ার জয়লাভ বাবরকে প্রয়োজনীয় নিরাপত্তা দিল ও তিনি আগ্রাকে তাঁর রাজধানীতে পরিণত করলেন। বাবর রাজপুতনার অভ্যন্তরে প্রবেশ না করে শুধু মেদিনী রায়ের কাছ থেকে চান্দেরী দুর্গটি দখল করেন।

খানুয়ার যুদ্ধ

ইতিমধ্যে ইব্রাহিম লোদীর ভ্রাতা মামুদ লোদী বাংলার শাসক নসরৎ শাহ ও বিহারের আফগান দলপতিদের নিয়ে মুঘলবিরোধী এক শক্তি-জোট তৈরী করেন। খানুয়ার যুদ্ধের পর বাবর আফগান শক্তি-জোটকে দমন করার জন্য পূর্বদিকে অগ্রসর হন। তিনি ১৫২৯ খ্রীষ্টাব্দে মুঙ্গেরের কাছে গোগ্‌রা নামক স্থানে মামুদ লোদী ও নসরৎ শাহকে পরাজিত করেন। ১৫৩০ খ্রীষ্টাব্দে সাসারামে বাবরের মৃত্যু হয়।

গোগরার যুদ্ধ

বাবর পানিপথের যুদ্ধে ইব্রাহিম লোদীকে, খানুয়ার যুদ্ধে রাজপুতদের, গোগ্‌রার যুদ্ধে মামুদ লোদীকে পরাজিত করে ভারতে মুঘল শাসন সুপ্রতিষ্ঠিত করেন। বাবর ছিলেন বীর ও যোদ্ধা। স্থায়ী সাম্রাজ্য প্রতিষ্ঠার মত গুণাবলী তাঁর মধ্যে ছিল না। তিনি নতুন বিজিত রাজ্যের জন্য কোনও শাসন-সংগঠন, রাজস্ব-ব্যবস্থা বা অর্থনীতি গঠন করে যেতে পারেননি। লোদী শাসনব্যবস্থার ব্যাপক পরিবর্তনও করেননি। বাবর ছিলেন অমিতব্যয়ী। তাই রাসব্রুক উইলিয়াম্‌স্ মন্তব্য করেছেন যে, ভবিষ্যতে হুমায়ুনের বহু সমস্যাই বাবরের সৃষ্টি। ঐতিহাসিক লেন্‌পুল বাবরকে "ভারত ও মধ্য-এশিয়া এবং তৈমুর ও আকবরের মধ্যে যোগসূত্র" বলে উল্লেখ করেছেন। তাঁর মধ্যে মধ্যএশিয়ার যুদ্ধপ্রীতি ও যাযাবরবৃত্তি ও ভারতের সংস্কৃতির সমন্বয় হয়েছে। বাবর ছিলেন সাহিত্য-রসিক—তাঁর রচিত আত্মচরিত "বাবরনামা" এক বিশিষ্ট সাহিত্য বলে পরিচিত। তুর্কী ও ফারসী ভাষায় বাবরের বিশেষ দক্ষতা ছিল।

[ক] হুমায়ুন ও মুঘল-আফগান দ্বন্দ্ব—১৫৩০-১৫৫৬ খ্রীঃ
(Humayun and Mughal-Afgan Contest)

১৫৩০ খ্রীষ্টাব্দে বাবরের মৃত্যুর পর হুমায়ুন মুঘল সিংহাসনে আরোহণ করেন। পিতা বাবরের মত সামরিক প্রতিভা ও দূরদৃষ্টি হুমায়ুনের ছিল না। প্রকৃতপক্ষে ১৫২৬ খ্রীষ্টাব্দ থেকে ১৫৫৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত সময়কে ভারতের ইতিহাসকে মুঘল-আফগান-দ্বন্দ্বের কাল

বলা যায়। মুঘলরা ভারতে আসার পূর্বে আফগান-শক্তি সুদীর্ঘ কাল উত্তর ভারতের বিভিন্ন প্রান্তে অপ্রতিহত গতিতে শাসন করত। সুতরাং ভারতবর্ষে মুঘল শাসনের প্রতিষ্ঠা বা মুঘলদের কাছে বশ্যতা স্বীকারের কোন প্রশ্নই তাদের সামনে উঠতে পারত না। বাবর থেকে শুরু করে আকবরের রাজত্বকাল পর্যন্ত এই প্রতিদ্বন্দ্বিতা তীব্রভাবে চলে।

হুমায়ুন

বাবর আফগানদের বিরুদ্ধে যুদ্ধে জয়লাভ করলেও তাদের শক্তি বিধ্বস্ত করতে সক্ষম হননি। বাবরের মৃত্যু সংবাদে উৎসাহিত হয়ে বিহারের আফগান দলপতিরা পুনরায় মামুদ লোদীর নেতৃত্বে সংগঠিত হন। আফগানের এই প্রতিরোধ ও প্রতিশোধ স্পৃহা মুঘলদের পক্ষে যথেষ্ট ভয়ের কারণ হয়ে উঠে। ১৫৩২ খ্রীষ্টাব্দে হুমায়ুন দেওরিয়ার যুদ্ধে মামুদ লোদীকে পরাজিত করেন। মামুদ লোদী উড়িষ্যা অঞ্চলে পালিয়ে গেলে সেইখানেই তাঁর মৃত্যু হয়। দিল্লীতে ফেরার পথে হুমায়ুন চুণার দুর্গ অবরোধ করেন। দুর্গাধিপতি শের খাঁ তাঁর বশ্যতা স্বীকার করেন ও প্রয়োজনে এক হাজার অশ্বারোহী সৈন্য দিয়ে সাহায্যের প্রতিশ্রুতি দেন।

ইতিমধ্যে গুজরাটের শাসক বাহাদুর শাহ মালব, খান্দেশ জয় করে রাজস্থানে প্রবেশ করে চিতোর-দুর্গ অধিকার করেন। দিল্লী ও আগ্রা জয় করাই ছিল তাঁর বাসনা। হুমায়ুন রাজপুতনার ভিতর দিয়ে অগ্রসর হয়ে গুজরাট দখল করেন। বাহাদুর শাহ গোয়াতে পর্তুগীজদের কাছে আশ্রয় নেন। পশ্চিম ভারতে মুঘল আধিপত্য প্রতিষ্ঠিত হয়।

হুমায়ুনের গুজরাট অভিযানের সুযোগে বিহারে শের খাঁ শক্তিবৃদ্ধি করেন ও ১৫৩৪ খ্রীঃ সুরজগড়ের যুদ্ধে আফগান দলপতিদের পরাজিত করে বিহারের উপর আধিপত্য বিস্তার করেন। ১৫৩৭ খ্রীঃ তিনি বাংলার শাসক মামুদ শাহকে পরাজিত করলে মামুদের আবেদনে হুমায়ুন শের খাঁর বিরুদ্ধে অগ্রসর হন। হুমায়ুন চুণার দুর্গ অবরোধ করার সময় শের খাঁ বাংলা দখল সম্পূর্ণ করে বিহারের রোটাসগড় দুর্গে সব সম্পদ জমা করেন। ইতিমধ্যে হুমায়ুন বাংলায় প্রবেশ করলে শের খাঁ কনৌজ পর্যন্ত অঞ্চল দখল করেন। হুমায়ুন বাংলায় বিচ্ছিন্ন হয়ে পড়ার ভয়ে ফেরার চেষ্টা করলে ১৫৩৯ খ্রীঃ শের খাঁ হুমায়ুনকে চৌসার যুদ্ধে পরাজিত করেন। বাংলা, বিহার ও জৌনপুরের উপর শের খাঁর আধিপত্য স্থাপিত হয়। পরবৎসর ১৫৪০ খ্রীঃ হুমায়ুন শের খাঁর কাছে বিল্বগ্রামের যুদ্ধে পরাজিত হয়ে ভারতবর্ষ ত্যাগ করে পারস্যে আশ্রয় নেন। শের খাঁ 'শের শাহ' নাম গ্রহণ করে পুনরায় আফগান শাসন পুনঃপ্রতিষ্ঠা করেন।

শের শাহ—১৫৪০-১৫৪৫ খ্রীঃ (Sher Shah): ১৪৭২ খ্রীঃ (মতান্তরে ১৪৮৬ খ্রীঃ) শের শাহ জন্মগ্রহণ করেন। তাঁর পিতা হাসান ছিলেন সাসারামের জায়গিরদার। বাল্যকালে তাঁর নাম ছিল ফরিদ খাঁ। একটি বাঘ মারার জন্য তাঁর

নাম হয় শের খাঁ। বিমাতার অত্যাচারে তিনি জৌনপুরে পালিয়ে যান ও সেখানে আরবী, ফারসী ভাষায় দক্ষতা অর্জন করেন। এর পর কিছুদিন পিতার কাছে এসে তাঁর জায়গির দেখাশোনা করেন। কিন্তু বিমাতার ব্যবহারে থাকতে না পেরে বিহারের শাসনকর্তা বাহার খান লোহানীর অধীনে চাকুরি নেন। প্রথম পানিপথের যুদ্ধের পর তিনি বাবরের অধীনেও কিছুদিন চাকুরি করে মুঘলদের শাসন ও রণকৌশল আয়ত্ত করেন। পিতার মৃত্যুর পর তিনি সাসারামের জায়গিরদার হন। এই সময় তিনি নাবালক স্থলতান জালাল খাঁর অভিভাবক হয়ে দ্রুত নিজের ক্ষমতা বাড়িয়ে নেন। চুণারের দুর্গাধিপতি তাজ খাঁ-র মৃত্যুর পর শের খাঁ তাঁর বিধবা পত্নী লাডলী বেগমকে বিবাহ করে চুণারের অধিপতি হন। বিহারের আফগান দলপতিরা তাঁর উত্থানে ঈর্ষান্বিত হলে তিনি তাঁদের ১৫৩৪ খ্রীষ্টাব্দে স্থরজগড়ের যুদ্ধে পরাজিত করেন। এইভাবে সমগ্র বিহার তাঁর করায়ত্ত হয়। ১৫৩৭ খ্রীষ্টাব্দে তিনি বাংলার শাসক মামুদ শাহকেও পরাজিত করেন।

শের শাহ

প্রথম জীবন ও উত্থান

শের খাঁর শক্তি-বৃদ্ধিতে শঙ্কিত হয়ে হুমায়ুন তাঁর বিরুদ্ধে অগ্রসর হলে শের খাঁ বাংলাদেশ অভিযানে যান। বাংলা দখল সম্পূর্ণ করে তিনি বিহারের রোটাস্‌গড় দুর্গে উপস্থিত হলে, হুমায়ুন বাংলায় উপস্থিত হন। শের খাঁ এই স্থযোগে চুণারদুর্গ পুনর্দখল করে কনৌজ পর্যন্ত অঞ্চলে তাঁর আধিপত্য স্থাপন করলেন। হুমায়ুন ফেরার পথে ১৫৩৯ খ্রীঃ শের খাঁ তাঁকে চৌসা নামক স্থানে পরাজিত করেন। বাংলা, বিহার ও জৌনপুর শের খাঁ'র হস্তগত হয়। তিনি শের শাহ নাম নিয়ে নিজেকে স্বাধীন স্থলতান হিসাবে ঘোষণা করেন। শের শাহকে দমন করার জন্য হুমায়ুন সৈন্য সংগ্রহ করে পুনরায় অগ্রসর হলে ১৫৪০ খ্রীঃ কনৌজের কাছে বিল্‌গ্রামের যুদ্ধে পরাজিত হয়ে ভারত ত্যাগ করেন। শের শাহ দিল্লীর স্থলতান হয়ে আফগান-শক্তি পুনঃপ্রতিষ্ঠা করলেন।

হুমায়ুনের বিরুদ্ধে যুদ্ধ

দিল্লীর সিংহাসনে বসে শের শাহ রাজ্যবিস্তারে মন দেন। পাঞ্জাব তাঁর অধিকারভুক্ত হয়। মুলতান ও সিন্ধুও তিনি জয় করেন। শের শাহ রাজপুতানার বেশ কয়েকটি রাজ্যও দখল করেন। রণথম্বোর, চান্দেরী ও রাইসিন দুর্গ তাঁর হস্তগত হয়। মাড়োয়ারের অধিপতি মালদেবকে পরাজিত করে তিনি মাড়োয়ার দখল করেন। কিন্তু বুন্দেলখণ্ডের কালিঞ্জরদুর্গ অবরোধ-কালে বারুদের স্তূপে আগুন লেগে ১৫৪৫ খ্রীঃ শের শাহ মারা যান।

রাজ্যবিজয়

শের শাহের শাসনব্যবস্থা ও রাজস্ব নীতি (Sher Shah's Administration and Revenue System) : শের শাহ শুধু যোদ্ধাই ছিলেন না, শাসক হিসাবে তাঁর নাম ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা আছে। তাঁর অন্যতম কৃতিত্ব হল মাত্র পাঁচ বছর শাসনের মধ্যে তিনি এক সুষ্ঠু শাসনব্যবস্থা গড়ে তোলেন। তাঁরই পথ অনুসরণ করেছিলেন পরবর্তীকালে আকবর। ঐতিহাসিক আরস্কিন বলেছেন যে, আকবরের পূর্বে কোন শাসক শের শাহের মত আইন-প্রণেতা ও জনগণের পালনকর্তা হিসাবে কাজ করেন নি।

শাসন-সংস্কার

শের শাহের শাসন-কৃতিত্ব নিয়ে ঐতিহাতিকদের মধ্যে মতবিরোধ আছে। ডঃ কালিকারঞ্জন কানুনগো তাঁকে আকবরের চাইতে মৌলিক শাসন-প্রতিভাসম্পন্ন ব্যক্তি ও সংগঠক বলেছেন। কিন্তু ডঃ আর. পি. ত্রিপাঠি ও ডঃ পি. সরণের মতে শের শাহ শাসন-সংস্কারক ছিলেন মাত্র। তিনি আলাউদ্দিন খলজীর শাসন-কাঠামো গ্রহণ করেছিলেন ও বন্ধ হয়ে যাওয়া শাসনযন্ত্রকে চালু করেছিলেন। শের শাহ হিন্দু-মুসলমান সমন্বয়ের ভিত্তিতে তাঁর শাসনব্যবস্থা গড়ে তোলেন। তাঁর শাসনের প্রকৃতি ছিল প্রজাহিতৈষী স্বৈরতন্ত্র। তিনি নিজে প্রজাদের অভিভাবক ও প্রতিপালক বলে মনে করতেন। সম্রাট নিজে ছিলেন সর্ব ক্ষমতার উৎস। তাঁকে সাহায্য করার জন্য চারজন মন্ত্রী ছিলেন—দেওয়ান-ই-উজিরাৎ, দেওয়ান-ই-আরজ্, দেওয়ান-ই ইনসা ও দেওয়ান-ই-রিসালৎ। শের শাহ শাসনের সুবিধার জন্য সমগ্র রাজ্যকে ৪৭টি সরকারে বিভক্ত করেন ও প্রতিটি সরকারকে কতকগুলি পরগণায় বিভক্ত করেছিলেন। সর্বনিম্নস্তরে ছিল গ্রাম। সরকারে 'শিকদার-ই-শিকদারান' নামে কর্মচারী সামরিক ও শাসন-কাজ করত ও 'মুনসেফ-ই-মুনসেফান' নামক কর্মচারী রাজস্ব ও বিচার বিভাগের কাজ পরিচালনা করত। পরগনার কর্মচারীরা ছিল শিকদার, মুনসেফ, পোতেদার ও কারকুন (২ জন)। গ্রামের শাসন ছিল গ্রাম-পঞ্চায়েতের উপর। শের শাহ বিচারব্যবস্থার বিশেষ সংস্কার করেন। সম্রাট ছিলেন সর্বোচ্চ বিচারক। প্রতি বুধবার সন্ধ্যায় তিনি বিচার করতেন। সম্রাটের পর প্রধান কাজী বিচার করতেন ও পরগনায় সাধারণ কাজী ও মির আদল বিচারকাজ করতেন। শের শাহ আলাউদ্দিন খলজীর সামরিক ব্যবস্থা গ্রহণ করে স্থায়ী সেনাবাহিনী গঠন করেন। সেনাবাহিনীর আনুগত্য ও কঠোর নিয়মানুবর্তিতার উপর জোর দেওয়া হত। সমগ্র রাজ্যে নানা ছাউনিতে 'ফৌজদার' নামে কর্মচারীর অধীনে এই সেনাবাহিনী থাকত। শের শাহ বহু সড়ক তৈরী করিয়ে যোগাযোগ ব্যবস্থারও উন্নতি করেন। এর মধ্যে উল্লেখযোগ্য সড়ক হল 'সড়ক-ই-আজম' বা বর্তমানের গ্রাণ্ড ট্রাঙ্ক রোড,—যা বাংলা থেকে সিন্ধু পর্যন্ত বিস্তৃত। প্রতি সড়কের পাশে ছিল সরাইখানা। শের শাহের আমলে ঘোড়ার ডাকের প্রচলন হয়।

রাজস্ব-ব্যবস্থা সংস্কারের জন্য শের শাহ বিখ্যাত হয়ে আছেন। তিনি সমগ্র রাজ্যের জমি জরিপ করান। জরিপের পর জমিকে উত্তম, মধ্যম ও খারাপ এই তিনভাগে ভাগ করা হয়। বিভিন্ন শ্রেণীর জমির গড় উৎপাদনের $\frac{1}{3}$ অংশ রাজস্ব নির্ধারণ করা হয়। প্রজার স্বত্ব ও খাজনার পরিমাণ জানিয়ে তাকে যে পত্র দেওয়া হত, তা 'পাট্টা' নামে পরিচিত। 'কবুলিয়ত' নামে এক দলিলে প্রজা স্বীকৃতি জানাত। রাজস্ব নির্ধারণে

উদারতা দেখালেও শের শাহ রাজস্ব আদায়ে কোন শৈথিল্য করতেন না। শের শাহ এছাড়াও রাজস্ব আদায় ও জমি জরিপের জন্য ২½% হারে মহশীলয়ানা আদায় করতেন। তিনি নগদে কর্মচারীদের বেতন দিতেন—তবে জায়গিরদারি-প্রথা উচ্ছেদ করতে পারেন নি। তিনি মুদ্রা-সংস্কার করে 'দাম' নামে এক রৌপ্যমুদ্রা চালু করেন।

রাজস্ব-সংস্কার

শের শাহ ছিলেন সেই যুগের এক বিশিষ্ট শাসক। পরবর্তীকালে আকবর তাঁর শাসননীতি গ্রহণ করে শাসন-ব্যবস্থাকে আরও উন্নত করেন। ডঃ কানুনগো বলেছেন যে, শের শাহ হিন্দুদের প্রতি সম্মানজনক ব্যবহার করতেন। প্রজানুরঞ্জন ছিল তাঁর শাসনের আদর্শ। হিন্দু-মুসলমান সমন্বয়ের উপর তিনি জোর দিয়েছিলেন। মাত্র ৫ বছরের রাজত্বকালের মধ্যে তিনি যে কৃতিত্ব দেখিয়েছেন, তা ইতিহাসে বিরল।

কৃতিত্ব

হুমায়ুনের প্রত্যাবর্তন ও মুঘল শাসনের পুনঃপ্রতিষ্ঠা (Return of Humayun and Restoration of Mughal Rule): শের শাহের মৃত্যুর পর তাঁর পুত্র ইসলাম শাহ ১৫৫৩ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। তাঁর মৃত্যুর পর চরম অরাজকতা দেখা দেয়। ইতিমধ্যে হুমায়ুন পারস্যের সম্রাটের সাহায্যে কাবুল ও কান্দাহার পুনরুদ্ধার করেছিলেন। ১৫৫৫ খ্রীষ্টাব্দে সরহিন্দের যুদ্ধে সিকন্দার শূরকে পরাজিত করে হুমায়ুন পুনরায় দিল্লী ও আগ্রা দখল করেন ও মুঘল শাসন পুনঃপ্রতিষ্ঠা করেন। ১৫৫৬ খ্রীষ্টাব্দের প্রথম দিকে হুমায়ুনের মৃত্যু হয়।

[খ] আকবর কর্তৃক মুঘল সাম্রাজ্যের বিস্তার ও সংহতি স্থাপন (১৫৫৬খ্রীঃ—১৬০৫খ্রীঃ)

(Widenning of the Empire and its Consolidation by Akbar)

শের শাহের দ্বারা পরাজিত হয়ে ভারতবর্ষ ত্যাগের পূর্বে সিন্ধুদেশের দুর্গ অমরকোটে ১৫৪২ খ্রীষ্টাব্দে হুমায়ুনের পুত্র আকবর জন্মগ্রহণ করেন। ১৫৫৬ খ্রীষ্টাব্দে হুমায়ুনের মৃত্যুর সময় আকবর ছিলেন পাঞ্জাবে। ১৫৫৬ খ্রীষ্টাব্দে সিংহাসনে বসলেও আকবর নিজের হাতে শাসনভার গ্রহণ করেন ১৫৬২ খ্রীষ্টাব্দে। ১৫৫৬ থেকে ১৫৬০ খ্রীষ্টাব্দ পর্যন্ত তাঁর অভিভাবক বৈরাম খাঁ বিশ্বস্তভাবে শাসনকাজ চালান। ১৫৬০ থেকে ১৫৬২ খ্রীষ্টাব্দ পর্যন্ত শাসন করেন আকবরের ধাত্রীমাতা মহাম অনাখা। এই সময়কালকে "অন্তঃপুরিকার শাসন" বলা হয়।

সিংহাসন আরোহণ ও শাসনভার গ্রহণ

হুমায়ুনের মৃত্যুর পর উত্তর ভারতে রাজনৈতিক শূন্যতার সুযোগে আফগান দলপতি ও পূর্ব ভারতের শাসক ইব্রাহিম আদিল শূরের মন্ত্রী হিমু আফগান-শক্তি পুনঃপ্রতিষ্ঠার চেষ্টায় অবতীর্ণ হন। হিমু অতি সহজেই আগ্রা দখল করে নেন। দিল্লী অভিমুখে অগ্রসর হলে দিল্লীর মুঘল শাসক তারদিবেগ পাঞ্জাবে পালিয়ে যান। হিমু দিল্লী দখল করে "বিক্রমজিৎ" উপাধি নিয়ে

পানিপথের দ্বিতীয় যুদ্ধ

নিজেকে সম্রাট বলে ঘোষণা করেন। বৈরাম খাঁর পরামর্শে আকবর সসৈন্যে দিল্লী অভিমুখে রওনা হয়ে ১৫৫৬ খ্রীঃ পানিপথের প্রান্তরে হিমু'র সঙ্গে যুদ্ধে লিপ্ত হন। যুদ্ধে হিমু পরাজিত ও নিহত হন এবং আকবর দিল্লী ও আগ্রা পুনরুদ্ধার করেন। পানিপথের দ্বিতীয় যুদ্ধের ফলে সুদীর্ঘ দিনের মুঘল-আফগান দ্বন্দ্বের অবসান ঘটল। এই যুদ্ধের ফলেই ভারতে মুঘলশক্তি স্থায়ীভাবে প্রতিষ্ঠিত হল।

১৫৬২ খ্রীঃ স্বহস্তে শাসনভার গ্রহণ করে আকবর রাজ্যবিস্তারে মনোনিবেশ করেন। উত্তরাধিকারসূত্রে তিনি এক ক্ষুদ্র রাজ্যের অধিপতি হয়েছিলেন। কিন্তু তাঁর বাহুবল ও কূটনীতির দ্বারা তিনি এই ক্ষুদ্র রাজ্যকে সর্বভারতীয় সাম্রাজ্যে পরিণত করেন। বাবর ও হুমায়ুনের পক্ষে যেসব বিরোধী শক্তি দমন করা সম্ভব হয় নি, আকবর সেইসব বিরোধী শক্তিকে দমন করে মুঘল-রাজত্বে স্থায়িত্ব আনেন। সেইজন্য আকবরকে মুঘলসাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়। ভারতের রাজনৈতিক ঐক্যের ধারণা আকবরের রাজ্যবিস্তার ও শাসননীতিতে প্রতিফলিত হয়েছে। আকবর ছিলেন সাম্রাজ্যবাদী শাসক। আকবর সম্পর্কে মন্তব্য করতে গিয়ে ঐতিহাসিক পার্সিভ্যাল স্পীয়ার বলেছেন, ভারতের রাজনৈতিক ঐক্যের আদর্শ যে-কোন ভারতীয় শাসকের স্বপ্ন ছিল। জার্মান ঐতিহাসিক, ভনোয়ার বলেছেন, রাজনৈতিক ঐক্য ও সুশাসন প্রতিষ্ঠা ছিল আকবরের আদর্শ। উদ্দেশ্য যাই হোক না কেন, আকবর চন্দ্রগুপ্ত মৌর্য, সমুদ্রগুপ্ত ও আলাউদ্দিন খলজীর মত রাজ্যবিস্তারে ব্রতী হয়েছিলেন ও জীবনের শেষদিন পর্যন্ত যুদ্ধে ব্যস্ত ছিলেন।

রাজ্যবিস্তার

বৈরাম খাঁর শাসনকালেই জৌনপুর ও গোয়ালিয়র মুঘলরাজ্যভুক্ত হয়েছিল। মহাম অনাথার শাসনকালে আদম খাঁ ও পীর মহম্মদ মালব অধিকার করেন (১৫৬১ খ্রীঃ)। নিজের হাতে শাসনভার নিয়ে আকবর মধ্যপ্রদেশের গণ্ডোয়ানা রাজ্যটি আক্রমণ করেন। গণ্ডোয়ানার অধিপতি বীরনারায়ণ ছিলেন নাবালক ও তাঁর মা দুর্গাবতী অভিভাবিকা হিসাবে শাসন করছিলেন। অসীম সাহসের সঙ্গে যুদ্ধের পর গণ্ডোয়ানার পতন হয় ও রাজ্যটি মুঘল-অধিকারভুক্ত হয়। এরপর আকবরের দৃষ্টি পড়ে রাজপুত রাজ্যগুলির প্রতি।

গণ্ডোয়ানা দখল

আকবর রাজপুতদের সম্পর্কে সুনির্দিষ্ট নীতি গ্রহণ করেন। তিনি উপলব্ধি করেছিলেন স্বাধীনতাপ্রিয় ও যোদ্ধা রাজপুতদের সঙ্গে দীর্ঘকালীন যুদ্ধে জড়িয়ে পড়লে তাঁর সর্বভারতীয় রাজ্যস্থাপনের বাসনা পূর্ণ হবে না। বরং রাজপুতদের সঙ্গে বন্ধুত্বমূলক সম্পর্ক স্থাপনের মাধ্যমে তাদের বশ্যতা আদায় করে তাদের সাহায্য ও সমর্থন নিয়ে তিনি সর্বভারতীয় সাম্রাজ্য স্থাপন করতে পারবেন। রাজপুতরা শত্রু হিসাবে বড় হলেও, মিত্র হিসাবেও বড় হবেন, এই সঠিক ধারণা আকবর করেন। রাজপুতরা আকবরের এই নীতির ফলে পরবর্তী চারপুরুষ মুঘলদের সামরিক ও শাসকের স্তম্ভে পরিণত হন। ধর্ম-নীতি যাতে বাধা হয়ে না দাঁড়ায়; সেইজন্য আকবর তাঁর ধর্মনীতিকে উদার করেন। রাজপুতদের আশ্বাস দেওয়া হয় যে, বশ্যতার বিনিময়ে তারা প্রায় স্বাধীনভাবেই তাঁদের রাজ্য শাসন করতে পারবেন।

রাজপুত-নীতি

আকবর রাজপুত রাজাদের প্রতি অসম্মান করেন নি। রাজপুত রাজাদের মধ্যে সর্বপ্রথম ১৫৬২ খ্রীষ্টাব্দে অম্বররাজ বিহারীমল আকবরের বশ্যতা স্বীকার করে তাঁর কন্যা যোধাবাঈ-এর সঙ্গে আকবরের বিবাহ দেন। বিহারীমলের পুত্র ভগবানদাস ও পৌত্র মানসিংহ আকবরের রাজদরবারে উঁচু পদে নিযুক্ত হয়েছিলেন ও রাজদরবারে সম্মানের আসন পেয়েছিলেন।

আকবর

মেবারের বিরুদ্ধে যুদ্ধ

মেবার ছিল রাজপুতনার শ্রেষ্ঠ রাজ্য। মেবারের শিশোদীয় রানা আকবরের প্রস্তাবে সম্মত হননি। ১৫৬৭-৬৮ খ্রীষ্টাব্দে আকবর চিতোর দুর্গ আক্রমণ করেন। যুদ্ধে জয়মল ও পত্ত নামে দুই রাজপুত সেনাপতি নিহত হলেন ও চিতোরের পতন ঘটল। রানা উদয় সিংহ পালিয়ে পাহাড় ও জঙ্গলে আশ্রয় নিলেন। ১৫৬৮ খ্রীষ্টাব্দে চিতোর দখল সম্পূর্ণ হল। ১৫৬৯ খ্রীষ্টাব্দে রনথম্বোর ও কালিঞ্জরের দুর্গাধিপতিরা তাঁদের বশ্যতা জানালেন। ১৫৭০ খ্রীষ্টাব্দে বিকানীর ও জয়সলমীরের অধিপতিরাও আকবরের বশ্যতা স্বীকার করেন। ১৫৭২ খ্রীষ্টাব্দে উদয় সিংহের মৃত্যুর পর রানা প্রতাপ মেবারের রানা হন। তিনি ছিলেন

রানা প্রতাপ

দেশপ্রেমিক ও স্বাধীনতাপ্রিয়। এই অপরাধে তাঁকে দমন করার জন্য ১৫৭৬ খ্রীঃ আকবর পুনরায় মেবার জয়ের জন্য এক বিপুল সেনাবাহিনী পাঠান। ১৫৭৬ খ্রীঃ ১৫ই জুন হলদিঘাটের যুদ্ধে প্রতাপ পরাজিত হন ও পুনরায় পাহাড় ও জঙ্গলে আশ্রয় নেন। চরম দুঃখকষ্টের মধ্যে তিনি আজীবন মুঘলদের বিরুদ্ধে প্রতিরোধ চালিয়ে যান। ১৫৯৭ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যুর পূর্বে রানা প্রতাপ শুধুমাত্র চিতোর ও আজমীর বাদে সমস্ত অঞ্চল পুনরুদ্ধার করেছিলেন। ১৫৯৯ খ্রীঃ আকবর শেষ অভিযান করেও প্রতাপের পুত্র অমরসিংহকে পরাজিত করতে পারেননি। মেবার জয় আকবরের পক্ষে সম্ভব হয়নি।

রানা প্রতাপ

গুজরাট ছিল সমৃদ্ধিশালী দেশ। গুজরাটের শাসক তৃতীয় মুজফ্‌ফর শাহ ছিলেন দুর্বল প্রকৃতির মানুষ। সেখানকার রাজকর্মচারী ইতিমাদ খাঁর আমন্ত্রণে আকবর ১৫৭২ খ্রীঃ গুজরাট অভিযান করেন ও সহজেই গুজরাট দখল করেন। আকবর

রাজধানীতে ফিরে আসামাত্র গুজরাটে বিদ্রোহ দেখা দিলে তিনি পুনরায় ১৫৭৩ খ্রীষ্টাব্দে গুজরাট ও সুরাট দখল করেন। এরপর তিনি বাংলাদেশের দিকে দৃষ্টি দেন। বাংলার কররানী বংশের শাসক দাউদ নিজেকে স্বাধীন বলে ঘোষণা করেছিলেন। ১৫৭৫ খ্রীঃ মুঘলবাহিনী পরাজিত হয়। পর বছর সেনাপতি তারবতি খান রাজমহলের যুদ্ধে দাউদকে পরাজিত ও নিহত করে বাংলায় মুঘল-শাসন প্রতিষ্ঠা করেন। ১৫৯২ খ্রীঃ উড়িষ্যাও মুঘল রাজ্যভুক্ত হয়।

গুজরাট ও বাংলা

ইতিমধ্যে সিন্ধু, কাশ্মীর ও উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশেও মুঘল-আধিপত্য বিস্তারলাভ করে। ১৫৯৫ খ্রীঃ কান্দাহারের পারসিক শাসক দুর্গটিকে আকবরের হাতে তুলে দেন। কাবুলের শাসক মির্জা হাকিমের মৃত্যুর পর আকবর কাবুলকে সরাসরি মুঘল রাজ্যভুক্ত করেন।

কাশ্মীর ও অন্যান্য অঞ্চল

উত্তর ভারত জয়ের পর দক্ষিণ ভারত আকবরের দৃষ্টি আকর্ষণ করে। ডঃ বেনী প্রসাদ বলেছেন যে, দক্ষিণ ভারত জয়ের ক্ষেত্রে আকবর মৌর্য, গুপ্ত ও খলজী বংশের শাসকদের অনুসরণ করেছিলেন। সুদূর দক্ষিণে পর্তুগীজদের প্রাধান্য স্থাপন ভারতের নিরাপত্তার পক্ষে বিপদের কারণ হয়ে উঠছিল। সর্বোপরি ভারতের ভৌগোলিক সীমার সর্বত্র রাজ্যস্থাপনের স্বপ্নও আকবর দেখতেন। দাক্ষিণাত্যে চারটি সুলতানী রাজত্ব ছিল, খান্দেশ, আহম্মদনগর, বিজাপুর ও গোলকুণ্ডা। সুলতানীগুলি'র মধ্যে কোন ঐক্য ছিল না,—তারা পরস্পর সর্বদাই বিরোধে লিপ্ত ছিল। খান্দেশের শাসক মিঞা বাহাদুর শাহ আকবরের বশ্যতা স্বীকার করেন। কিন্তু আহম্মদনগরের রানী চাঁদ সুলতানা মুঘলদের বাধা দেন ও পরাস্ত হন। বেরার মুঘলরাজ্যভুক্ত হয়। আহম্মদনগরের অভিজাতরা বেরার হস্তচ্যুত হওয়া মেনে না নেওয়ায় পুনরায় যুদ্ধ শুরু হয়। ১৬০০ খ্রীঃ আহম্মদনগরের পতন হয়। বেরার পুনরায় মুঘলদের হস্তগত হল। ইতিমধ্যে খান্দেশ বিদ্রোহী হলে ১৬০১ খ্রীষ্টাব্দে দীর্ঘদিন অবরোধের পর আকবর আসীরগড় দুর্গ দখল করেন। আসীরগড়ের যুদ্ধই ছিল আকবরের জীবনে শেষ যুদ্ধ। আকবর তাঁর দাক্ষিণাত্যের রাজ্যগুলিকে তিনটি সুবায় বিভক্ত করেন। উত্তর ও দক্ষিণ ভারত নিয়ে এক সর্বভারতীয় রাজ্যস্থাপন ও সুসংহত শাসন প্রতিষ্ঠা করে আকবর ভারতের ইতিহাসে বিশিষ্ট স্থান অধিকার করে আছেন।

দক্ষিণ ভারত অভিযান

আকবরের প্রবর্তিত শাসনব্যবস্থা (Administrative System of Akbar): শুধু রাজ্যবিস্তারেই নয়, শাসক হিসাবেও আকবর বিখ্যাত হয়ে আছেন। বাবর ও হুমায়ুনের পক্ষে মুঘলসাম্রাজ্যের জন্য কোনও শাসনকাঠামো তৈরী করা সম্ভব হয়নি। আকবর যে শাসনকাঠামো তৈরী করেন, তা সামান্য রদবদলের পরও মুঘল সাম্রাজ্যের পতন পর্যন্ত বজায় ছিল। আকবর শের শাহের মত প্রজাহিতৈষী শাসন-ব্যবস্থা প্রতিষ্ঠা করেছিলেন। ন্যায়বিচার, রাজস্ব-সংস্কার ও আইনশৃঙ্খলা স্থাপন, প্রদেশের সঙ্গে কেন্দ্রের যোগাযোগ স্থাপন ছিল তাঁর শাসনব্যবস্থার বৈশিষ্ট্য। শাসনকাঠামো কেন্দ্রীয় ও প্রাদেশিক—এই দু'ভাগে বিভক্ত ছিল। সম্রাট ছিলেন সর্বময় ক্ষমতার অধিকারী—শাসন, বিচার, আইন ও সামরিক বিভাগের সর্বোচ্চে থাকতেন সম্রাট।

তাঁকে সাহায্য করার জন্য একটি মন্ত্রিসভা থাকত। মন্ত্রীরা সম্রাট কর্তৃক নিযুক্ত হতেন ও সম্রাটের প্রতি অনুগত ও দায়িত্বশীল থাকতেন। মন্ত্রীদের মধ্যে দেওয়ান (অর্থ), মীরবক্সী (যুদ্ধসংক্রান্ত), সদর-উস-সদর (ধর্ম ও বিচার), খান-ই-সমান (সম্রাটের গৃহস্থালী-সংক্রান্ত) ছিলেন উল্লেখযোগ্য। আকবরই সর্বপ্রথম সমগ্র রাজ্যকে কয়েকটি সুবা বা প্রদেশে বিভক্ত করেন। সুবার সংখ্যা ছিল প্রথমে ১২টি, পরে দাক্ষিণাত্য অভিযানের পর এই সংখ্যা ১৫ হয়। সুবার শাসনব্যবস্থা কেন্দ্রের অনুরূপ ছিল। সুবার শাসনে সুবাদার ও দেওয়ান ছিলেন সমান ক্ষমতার অধিকারী। সুবাদার আইনশৃঙ্খলা রক্ষা করতেন ফৌজদার, কোতয়াল নামক কর্মচারীদের সাহায্যে। দেওয়ান রাজস্ববিভাগ পরিচালনা করতেন। প্রতিটি সুবা আবার কয়েকটি সরকারে ও প্রতিটি সরকার কয়েকটি পরগনায় বিভক্ত ছিল। গ্রামের শাসনভার গ্রাম-পঞ্চায়েতের হাতে ছিল।

কেন্দ্রীয় ও সুবা শাসনব্যবস্থা

আকবর সর্বপ্রথম মনসবদারি-প্রথা প্রবর্তন করেন। 'মনসব' কথার অর্থ হল পদমর্যাদা। সামরিক ও বেসামরিক কর্মচারীদের 'মনসবদার' হতে হত। মনসবদারদের নির্দিষ্ট পরিমাণ অশ্বারোহী-সেনা রাখতে হত। এর জন্য তাঁরা রাষ্ট্র থেকে নির্দিষ্ট অর্থ পেতেন। ৭ হাজারী মনসবদার থেকে সর্বনিম্ন ২০ জনবিশিষ্ট মনসবদার পর্যন্ত ছিলেন। প্রথমে ৭ হাজারী মনসব রাজপরিবারের ব্যক্তিদের দেওয়া হত। উচ্চশ্রেণীর অভিজাতরা হতেন ৫ হাজারী মনসবদার। মনসবদারি পদ বংশানুক্রমিক ছিল না। মনসবদারের নিয়োগ কিংবা পদোন্নতি সম্রাটের ইচ্ছার উপর নির্ভর করত। মনসবদাররাই ছিলেন মুঘল আমলাতন্ত্র।

মনসবদারি-ব্যবস্থা

আকবর তাঁর ভূমিরাজস্ব-ব্যবস্থার নানা পরিবর্তন করেন। শের শাহের পর ভূমি-রাজস্ব আদায়ের দায়িত্ব জাগিরদাররাই গ্রহণ করেছিলেন। জাগিরদার ছিল সরকারী কর্মচারী। বেতনের পরিবর্তে তারা জাগির ভোগ করত। জাগির বংশানুক্রমিক ছিল না। জাগিরদারদের জমিতে কোন স্বত্ব ছিল না। জাগিরদারদের সাম্রাজ্যের নানা স্থানে বদলি করা হত। জাগির বিক্রি করা যেত না। শের শাহের পর তাঁর ভূমিরাজস্ব-ব্যবস্থা লোপ পায় ও শাসকরা জাগিরদের নিয়োগ করেন নির্দিষ্ট এলাকার রাজস্ব আদায়ের উদ্দেশ্যে। সরকারের নিজস্ব জমি বা 'খালসা জমি'র পরিমাণ ছিল নিতান্তই অল্প। আকবর নানা পরীক্ষা-নিরীক্ষার পর এক সুষ্ঠু ভূমিরাজস্ব-ব্যবস্থা গ্রহণ করেন। ১৫৬৩ খ্রীঃ দেওয়ান ইতিমাদ খাঁ খালসা জমিকে জাগির জমি থেকে পৃথক করেন। পরবর্তী দেওয়ান মুজাফ্‌ফর খাঁ কানুন-গোদের সাহায্যে জমি জরিপ করিয়ে ফসলের উৎপাদন অনুসারে রাজস্ব নির্ধারণ করেন। ১৫৮২ খ্রীষ্টাব্দে রাজা টোডরমল দেওয়ান-পদে নিযুক্ত হলে 'জাবতি' বা 'দহসলা' ব্যবস্থা প্রবর্তন করেন। এর সঙ্গে পুরানো গল্লাবক্স ও নসক্ প্রথাও চালু থাকে। ওই দুটি প্রথায় শস্য ভাগ করা হত। জাবতি-ব্যবস্থায় জমি জরিপ করে জমিকে—(১) পোলাজ, অর্থাৎ যে জমিতে প্রতি বছর চাষ-আবাদ হয়; (২) পরৌতি, অর্থাৎ যে জমিতে সব সময় চাষ-আবাদ হত না;

জাগির-ব্যবস্থা

ভূমিরাজস্ব-ব্যবস্থা

(৩) চাঁচর বা যে জমি ৩/৪ বছর বা তার বেশী সময় অনাবাদী আছে ; (৪) বনজার বা যে জমি ৫ বছরের বেশী অনাবাদী আছে—এই চার ভাগে ভাগ করা হয়। প্রথম তিন শ্রেণী জমিকে আবার—ভাল, মাঝারি ও খারাপ, এই তিন ভাগে ভাগ করা হয়। প্রতি শ্রেণীর দশ বছরের উৎপাদন যোগ করে ১০ দিয়ে ভাগ করে যে 'গড়' হত তাকেই 'গড় উৎপাদন' ধরা হত। এর ⅓ অংশ রাজস্ব হিসাবে নির্ধারণ করা হত। নগদে রাজস্ব দেওয়ার জন্য শস্যের মূল্যও দশ বছরের গড় করা হত। জাবতি-ব্যবস্থায় সরাসরি রায়তদের সঙ্গে ব্যবস্থা করা হত। জাগিরদারদের জমিও জাবতি-ব্যবস্থার অধীনে আনা হয়। রায়তরা জমি পাট্টা পেত, যাতে জমির পরিমাণ, শ্রেণী, রাজস্বের পরিমাণ লেখা থাকত।

আকবরের ধর্মনীতি ও সংস্কৃতি (Akbar's Religious Policy and Culture): তৈমুর-বংশের সন্তান আকবর ধর্ম সম্পর্কে ছিলেন উদার। বংশের প্রভাব তাঁর মধ্যে দেখা যায়। আকবরের মাতা হামিদাবানু বেগমের প্রভাবে আকবর ধর্মসহনশীলতা ও 'সুলহে-কুল নীতি'র শিক্ষা পান। আকবরের শিক্ষক আবদুল লতিফও তাঁর ছাত্রের মনে উদারতার বীজ রোপণ করেছিলেন। আকবর জন্মগ্রহণ করেন ধর্মসমন্বয়ের যুগে—যুগের প্রভাবও তাঁর উপরে পড়ে। ভারতবর্ষের শাসক হিসাবে আকবর সহনশীলতাকে শাসনের উপযুক্ত নীতি হিসাবেও গ্রহণ করেন। ১৫৭৫ খ্রীষ্টাব্দে তিনি রাজধানী ফতেপুরসিক্রিতে 'ইবাদৎখানা' নামে এক ধর্মসভাগৃহ নির্মাণ করিয়ে বিভিন্ন ধর্মের পণ্ডিতদের আহ্বান করে বিভিন্ন ধর্মের সার-কথা শুনতেন। সুন্নী মুসলমান ধর্মের মৌলবী ও উলেমাদের মধ্যে ধর্ম নিয়ে মতভেদ লক্ষ্য করে আকবর ১৫৭৯ খ্রীষ্টাব্দে এক "মজহর" বা আদেশ জারী করে ধর্মসম্পর্কিত ক্ষমতা ও ধর্মনীতি-ব্যাখার অধিকার নিজের হাতে নিয়ে নেন। তবে সম্রাটের ব্যাখ্যা কোরানের সীমার মধ্যেই হতে হবে। ইবাদৎখানার ধর্ম-আলোচনায় হিন্দু পণ্ডিত পুরুষোত্তম ও দেবী, জৈন পণ্ডিত হরিবিজয় সুরী, ভানুচন্দ্র উপাধ্যায়, বিজয় সেন সুরী, ক্যাথলিক খ্রীষ্টান পণ্ডিত ফাদার এ্যাকুয়া ভেলভা, মনসারেট, শিয়া পণ্ডিত, সুফী পণ্ডিত, জরথ্রুষ্ট্রী পণ্ডিতরা অংশ নেন।

ধর্মনীতির ভিত্তি

১৫৮১ খ্রীষ্টাব্দে আকবর তাঁর ধর্মমত 'দীন-ই-ইলাহি প্রচার করেন। এক ঈশ্বরবাদী এই ধর্ম ছিল সর্বধর্মের সমন্বয়ের আদর্শের উপর প্রতিষ্ঠিত। নিরামিষ ভোজন, দান, সম্রাটের জন্য সম্মান, জীবন, সম্পত্তি ত্যাগের অঙ্গীকার ছিল এই ধর্মের অঙ্গ। দীন-ই-ইলাহিতে আচার-অনুষ্ঠান ছিল না, পুরোহিতও ছিল না। কতকগুলি নীতির উপর এই মত প্রতিষ্ঠিত ছিল। এই নীতিগুলি সকল ধর্মের মধ্যেই দেখতে পাওয়া যায়। আকবর অনুভব করেছিলেন যে, হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের মধ্যে সদ্ভাব না থাকলে তাঁর রাজত্ব বজায় রাখা সম্ভব হবে না। এইজন্যই তিনি ধর্মসহিষ্ণুতার পথ গ্রহণ করেন। দীন-ই-ইলাহি প্রচারের পূর্বেই তিনি অ-মুসলমানদের উপর থেকে 'তীর্থকর ও জিজিয়া কর' রহিত করেছিলেন। আকবরের ধর্মমতকে তীব্রভাবে আক্রমণ করেছেন মোল্লা বাদাউনি। জেসুইট পাদ্রীরা ও ঐতিহাসিক ভিন্সেন্ট স্মিথও আকবরের ধর্মনীতিকে সমালোচনা করেছেন। অনেকে

দীন-ই-ইলাহি

বলেছেন আকবর ইসলামধর্ম ত্যাগ করেছিলেন। বাদাউনি'র মতে, আকবর ১৫৮১ খ্রীষ্টাব্দের পর ইসলামের নিয়ম ও প্রথাগুলি ত্যাগ করেছিলেন। বাদাউনি'র মতে, দীন-ই-ইলাহি প্রচারের পর আকবর ইসলাম-বিরোধী কিছু আইন জারী করেছিলেন, যেমন—(১) তিনি নওরোজ উৎসব দরবারে চালু করেছিলেন। (২) গো-মাংস ভক্ষণ নিষিদ্ধ করেন। (৩) সোনার গহনা পরা ও রেশমী বস্ত্র পরিধান বৈধ বলে ঘোষণা করেন। (৪) বাল্যবিবাহ নিষিদ্ধ করেন ইত্যাদি। ভিন্‌সেন্ট স্মিথ বাদাউনির তথ্যের উপর ভিত্তি করে দীন-ই-ইলাহি সম্পর্কে মন্তব্য করেন যে, "দীন-ই-ইলাহি আকবরের বুদ্ধিহীনতার প্রধান স্তম্ভ ; সম্রাটের আত্মম্ভরিতার জলন্ত উদাহরণ।" স্মিথ আকবরের সমালোচনা করে বলেন যে, আকবর একাধারে পোপ ও সম্রাটের ভূমিকা নিয়েছিলেন। আধুনিক ঐতিহাসিকরা বাদাউনির মন্তব্যকে গ্রহণযোগ্য বলে মনে করেন না। কারণ বাদাউনি ছিলেন রক্ষণশীল, সংকীর্ণমনা, গোঁড়া স্থন্নী মোল্লা। সম্রাটের উদার ও সহনশীল নীতির তাৎপর্য বোঝার মত শিক্ষা ও মানসিক প্রসারতা তাঁর ছিল না। আকবর ইসলাম-ধর্ম ত্যাগ করেছিলেন—এই মতও অনেকেই সমর্থন করেন না। তবে আকবর সংশয়বাদী ও সংস্কারপন্থীতে পরিণত হয়েছিলেন। আকবর কারো উপর জোর করে নতুন ধর্মমত চাপান নি। তাঁর দরবারে হিন্দুদের মধ্যে শুধু রাজা বীরবল এই ধর্ম গ্রহণ করেন। ঐতিহাসিক পার্সিভ্যাল স্পীয়ার বলেছেন, 'সম্রাট-পূজা' দ্বারা আকবর ভারতে এমন এক রাজবংশ স্থাপন করেছিলেন, যা অবাধে হিন্দু ও মুসলমানদের আনুগত্য লাভ করেছিল। আকবর 'স্থলহ-ই-কুল' বা ধর্মসহনশীলতাকে তাঁর ধর্মবিশ্বাস বলে মনে করতেন। যদিও তিনি মুসলিন সংস্কৃতিকে ত্যাগ করেননি, তবুও তিনি নিষ্ঠাবান স্থন্নী মুসলমান ছিলেন না। আকবর হিন্দু ও মুসলমান উভয় শ্রেণীকেই তাঁর প্রতি অনুগত রাখার জন্যই 'দীন-ই-ইলাহি' ধর্মমত প্রচার করেন।

আকবর নিজে নিরক্ষর হলেও সংস্কৃতি-মনোভাবসম্পন্ন ছিলেন। শিল্প ও সাহিত্যের প্রতি ছিল তাঁর একান্ত অনুরাগ। সাহিত্য, শিল্প, স্থাপত্য প্রভৃতি সর্বক্ষেত্রেই তাঁর অবদান আছে। তাঁর রাজসভায় "নবরত্ন" বা ন'জন গুণী ব্যক্তির সমাবেশ ঘটেছিল—বীরবল, মানসিংহ, টোডরমল, হাকিমহুকুম মোল্লা দো পিঁয়াজা, কবি ফৈজী, আবুল ফজল, আবদুর রহিম, তানসেন। আকবরের পৃষ্ঠপোষকতায় উর্দু সাহিত্যের উন্নতি ঘটে। তুলসীদাস, স্থরদাস, বীরবল, আবদুর রহিম তাঁর আমলেই বিখ্যাত রচনাগুলি লেখেন। শেখ মুবারক ও তাঁর দুই পুত্র আবুল ফজল ও ফৈজী তাঁর বন্ধু ছিলেন। আবুল ফজল 'আইন-ই-আকবরী' ও 'আকবর নামা' সহ বহু পুস্তক রচনা করেন। ঐতিহাসিক বাদাউনি ছিলেন অপর পণ্ডিত। আকবর ফতেপুর সিক্রিতে নতুন রাজধানী স্থাপন করেন। সেখানকার প্রাসাদগুলি ও দিল্লীর হুমায়ুনের সমাধি আকবরের স্থাপত্য-অনুরাগের নিদর্শন। ১৬০৫ খ্রীষ্টাব্দে আকবরের মৃত্যু হয়। তাঁর সর্বদিকে অসাধারণ গুণাবলীর জন্য ঐতিহাসিকরা তাঁকে 'মহামতি' আখ্যা দিয়েছেন।

সংস্কৃতি

ভারতীয় ইতিহাসে আকবর শ্রেষ্ঠ সম্রাটদের মধ্যে অন্যতম। তাঁর মধ্যে উদারতা,

পরধর্মসহিষ্ণুতা, জ্ঞান ও শিল্পে অনুরাগ, সবল ব্যক্তিত্ব প্রভৃতি বহুগুণের সমাবেশ ঘটেছিল। তাঁর সাহস, সংগঠন প্রতিভা, রাজনৈতিক দূরদর্শিতা তাঁকে মুঘল সম্রাটদের মধ্যে শ্রেষ্ঠ স্থান দিয়েছে। দীর্ঘ ৪৯ বছরের রাজ্য-শাসনে তিনি ক্ষুদ্র মুঘল রাজ্যকে এক সর্বভারতীয় সাম্রাজ্যে পরিণত করেন। আকবরই প্রথম মুঘল শাসন ব্যবস্থার রূপরেখা তৈরী করেন। ন্যায়বিচার, রাজস্ব-সংস্কার, আইন-শৃঙ্খলা স্থাপন ছিল আকবরের শাসনব্যবস্থার বৈশিষ্ট্য। মুঘল আমলাতন্ত্র বা মনসবদারি-ব্যবস্থা প্রবর্তনও করেন আকবর। আচার্য যদুনাথ সরকার আকবরের শাসনব্যবস্থাকে "পারসিক-আরবীয়-ভারতীয় রীতির সংমিশ্রণ" বলেছেন। আকবর হিন্দু-মুসলমান উভয় শ্রেণীর মিলিত আনুগত্যের উপর তাঁর শাসনব্যবস্থা স্থাপন করেন। হিন্দু ও মুসলমানকে সমচোখে দেখে মধ্যযুগের ইতিহাসে তিনি নতুন যুগের সূচনা করেন। আকবর ছিলেন ভারতীয় সংস্কৃতির অনুরাগী। জ্ঞানী ও গুণীদের পৃষ্ঠপোষকতায় তিনি ছিলেন অকৃপণ। তাঁর রাজ্যজয়, সংহতিস্থাপন ও নতুন শাসনকাঠামো গঠন ইত্যাদি কারণে আকবরকে 'জাতীয় সম্রাট' বলা যায়। ঐতিহাসিক এইচ. জে. ওয়েল্‌স আকবরকে অশোকের সঙ্গে তুলনা করেছেন।

কৃতিত্ব

[গ] জাহাঙ্গীর ও শাহজাহান (Jahangir and Shahjahan)

জাহাঙ্গীর—১৬০৫-১৬২৭ খ্রীঃ (Jahangir) : আকবরের মৃত্যুর পর তাঁর জ্যেষ্ঠ পুত্র সেলিম 'নুরউদ্দিন জাহাঙ্গীর বাদশাহ গাজী' উপাধি নিয়ে দিল্লীর সিংহাসনে বসেন। আকবরের রাজত্বের শেষদিকে সেলিমের পুত্র খসরুর সিংহাসনলাভের সম্ভাবনা দেখা দিয়েছিল। জাহাঙ্গীর সিংহাসনে বসার পরই খসরু বিদ্রোহী হন। শিখগুরু অর্জুন সিং খসরুকে সাহায্য করেছিলেন। কিন্তু জাহাঙ্গীর খসরুকে পরাজিত ও বন্দী করেন। শিখগুরু অর্জুনকে হত্যা করা হয়। এই থেকেই মুঘলদের সঙ্গে শিখদের শত্রুতার সূচনা হয়।

পরিচয়

জাহাঙ্গীর

জাহাঙ্গীর আকবরের পথ অনুসরণ করে রাজ্যবিস্তারে মন দেন। আকবর মেবার জয় করতে পারেন নি। জাহাঙ্গীরের আমলে পর পর কয়েকটি অভিযানের পর রাজপুত্র খুর্‌রম সফল অভিযান করে মেবারকে পরাজিত করেন ও রানা অমরসিংহ মুঘলদের সঙ্গে বশ্যতামূলক চুক্তি করতে বাধ্য হন। মুঘল সেনাপতি মানসিংহ ও ইসলাম খাঁ বাংলার

রাজ্যজয়

বার ভুঁইয়াকে দমন করে বাংলাদেশে মুঘল আধিপত্য সুদৃঢ় করেন। ১৬২০ খ্রীষ্টাব্দে জাহাঙ্গীর পাঞ্জাব ও কাশ্মীর সীমান্তে কাংড়া অঞ্চল দখল করেন।

জাহাঙ্গীরের রাজত্বকালে রাজমহিষী নুরজাহান সমস্ত রাজকীয় ক্ষমতা ব্যবহার করতেন। নুরজাহান ছিলেন মির্জা গিয়াসবেগের কন্যা। তাঁর পূর্বনাম ছিল মেহেরুন্নিসা। গিয়াসবেগ ছিলেন পারসিক। মেহেরুন্নিসা ছিলেন তীক্ষ্ণ-বুদ্ধিমতী ও অপরূপ দেহলাবণ্যর অধিকারিণী এবং চারুকলায় পারদর্শিনী। আলি কুলি ইস্তাজলু বা শের আফগান নামে এক আফগানের সঙ্গে তাঁর বিবাহ হয়। শের আফগান বর্ধমানের জায়গিরদার হয়ে বিদ্রোহ করলে জাহাঙ্গীরের আদেশে নিহত হন। এর পরে মেহেরুন্নিসাকে বন্দী করে কন্যাসহ আগ্রাতে পাঠানো হয়। ১৬১১ খ্রীঃ জাহাঙ্গীর মেহেরুন্নিসাকে বিবাহ করেন ও প্রধানা মহিষীর মর্যাদা দেন। এখন থেকে মেহেরুন্নিসার নাম হয় 'নুরজাহান' বা 'পৃথিবীর আলো'। এরপর জাহাঙ্গীরের শাসন প্রকৃতপক্ষে নুরজাহানের শাসনে পরিণত হয়। তিনি সিংহাসনের পিছনের শক্তিতে পরিণত হন। নুরজাহান তাঁর আত্মীয়-স্বজন ও অনুগত কর্মচারীদের নিয়ে নিজস্ব এক গোপন-চক্র-গড়ে তুললেন। তিনি তাঁর পূর্বতন বিবাহের কন্যা লাডলী বেগমের সঙ্গে জাহাঙ্গীরের কনিষ্ঠ পুত্র শাহরিয়রের বিবাহ দিয়ে তাকেই সিংহাসনে বসানোর চক্রান্ত করেন। শেষ পর্যন্ত তা ব্যর্থ হয়।

নুরজাহান

আকবর দাক্ষিণাত্যে সাম্রাজ্যবিস্তার করেছিলেন। তাঁর মৃত্যুর পর আহম্মদনগরের মন্ত্রী মালিক অম্বর প্রশাসনিক ও রাজস্ব-সংস্কার করে আহম্মদনগরকে শক্তিশালী করে তোলেন। তিনি মুঘল অধিকৃত অঞ্চল-গুলি পুনরায় অধিকার করে নিতে থাকেন। অন্য কোনও মুঘল সেনাপতির পক্ষে যুদ্ধে জয়লাভ সম্ভব না হওয়ায় জাহাঙ্গীর তাঁর তৃতীয় পুত্র খুররমকে দাক্ষিণাত্যে পাঠান। অবশেষে আহম্মদনগর বশ্যতা স্বীকার করতে বাধ্য হয়।

দাক্ষিণাত্য জয়

নুরজাহান

শাহজাহানের বিদ্রোহ

খুররমকে 'শাহজাহান' উপাধি দেওয়া হয়। নুরজাহান শাহরিয়রকে সিংহাসনের উত্তরাধিকারী করার চক্রান্ত করলে ১৬২৩ খ্রীষ্টাব্দে শাহজাহান বিদ্রোহ ঘোষণা করেন। সেনাপতি মহবৎ খাঁ ও রাজপুত্র পারভেজ বিলোচপুরের যুদ্ধে শাহজাহানকে পরাজিত করেন। শাহজাহানের দুই পুত্রকে রাজদরবারে জামিন রাখা হয়। শাহজাহানকে দাক্ষিণাত্যে থাকার আদেশ দেওয়া হয়। ১৬২২-২৩ খ্রীষ্টাব্দে পারস্য অতর্কিত আক্রমণ করে কান্দাহার দখল করে

নেয়। এর পর নুরজাহানের ব্যবহারে অসন্তুষ্ট ও অসম্মানিত হয়ে সেনাপতি মহাবৎ খাঁ-ও বিদ্রোহ করেন। ১৬২৭ খ্রীষ্টাব্দে জাহাঙ্গীরের মৃত্যুর পর শাহজাহান শাহরিয়রকে পরাজিত ও নিহত করে সিংহাসনে বসেন।

জাহাঙ্গীরের রাজত্বকালে ইউরোপের সঙ্গে ভারতের বাণিজ্য-যোগাযোগ বৃদ্ধি পায়। ১৬০৮ খ্রীষ্টাব্দে ইংল্যাণ্ডের রাজা প্রথম জেমসের পত্র নিয়ে ক্যাপ্টেন হকিন্স জাহাঙ্গীরের দরবারে আসেন। জাহাঙ্গীর পর্তুগীজদের আপত্তি সত্ত্বেও ইংরেজদের কিছু বাণিজ্যিক সুবিধা দেন। এর পর এডওয়ার্ডস নামে আর এক ইংরেজ দূত এলেও বিশেষ ফল হয়নি। ১৬১৫ খ্রীষ্টাব্দে স্যার টমাস রো ইংলণ্ডের রাজা প্রথম জেমসের চিঠি নিয়ে ভারতে আসেন। টমাস রো সম্রাটের দরবারে প্রভাব বিস্তার করে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির পক্ষে সুরাটে কুঠি স্থাপনের ও এখানে অবাধ বাণিজ্য করার ফরমান আদায় করেন। ইংরেজদের আমদানি করা জিনিসের উপর শুল্ক লোপ করা হয়। এই ফরমান থেকেই ভারতের সঙ্গে ইংলণ্ডের সম্পর্কের এক গুরুত্বপূর্ণ দিক শুরু হয়।

বিদেশীদের আগমন

শাহজাহান—১৬২৮-১৬৫৮ খ্রী: (Shahjahan): ১৬২৭ খ্রীষ্টাব্দে জাহাঙ্গীরের মৃত্যুর সময় তাঁর তৃতীয় পুত্র শাহজাহান দাক্ষিণাত্যে ছিলেন। ইতিমধ্যে জাহাঙ্গীরের প্রথম দুই পুত্র খসরু ও পারভেজের মৃত্যু হয়েছে। নুরজাহান লাহোরে শাহরিয়রকে সম্রাট বলে ঘোষণা করেন। শাহজাহান সিন্ধু হয়ে সসৈন্যে অগ্রসর হন ও তাঁকে সাহায্য করেন তাঁর শ্বশুর নুরজাহানের ভ্রাতা আসফ খাঁ। ১৬২৮ খ্রী: লাহোরে শাহরিয়রকে পরাজিত ও নিহত করে শাহজাহান সিংহাসনে বসেন।

সিংহাসন আরোহণ

শাহজাহান

সিংহাসনে আরোহণের কিছুদিনের মধ্যে শাহজাহানকে বুন্দেলখণ্ডের ঝুঝুর সিং বুন্দেলা ও দাক্ষিণাত্যের খান জাহান লোদীর বিদ্রোহ দমন করতে হয়। বাংলাদেশের হুগলীকে কেন্দ্র করে পর্তুগীজরা শক্তিশালী হয়ে উঠেছিল। মুঘল শাসনকে উপেক্ষা করে তারা সেখানে কর আদায়, দুর্গ-নির্মাণ, নানারকম অত্যাচার ও ধর্মান্তরিত করছিল। সম্রাজ্ঞী মমতাজের দু'জন দাসীকে তারা ধরে নিয়ে গেলে শাহজাহান ক্ষিপ্ত হয়ে উঠেন। বাংলার সুবেদার কাশিম খাঁ হুগলী আক্রমণ করে কয়েক হাজার

বিদ্রোহ দমন

পর্তুগীজকে হত্যা করেন ও বাদবাকীদের বন্দী করে দিল্লীতে পাঠিয়ে দেন।

পিতৃপুরুষদের পথ অনুসরণ করে শাহজাহান দাক্ষিণাত্যে রাজ্যবিস্তারের চেষ্টা করেন। তবে পূর্বের সাম্রাজ্যবাদী নীতির সঙ্গে শাহজাহান ধর্মীয় নীতি যোগ করেছিলেন। দাক্ষিণাত্যের সুলতানিগুলি ছিল শিয়া সম্প্রদায়-ভুক্ত। গোঁড়া সুন্নী হিসাবে শাহজাহান শিয়া রাজ্য দখলে অগ্রসর হলেন। ডঃ ঈশ্বরীপ্রসাদ, শাহজাহানের রাজ্যবিস্তারে ধর্মীয় কারণের কথা উল্লেখ করেছেন। ১৬৩৩ খ্রীঃ শাহজাহান আহম্মদনগরের নিজামশাহী রাজত্বকে মুঘল রাজ্য ভুক্ত করেন। গোলকুণ্ডার কুতুবশাহী সুলতান সহজেই বশ্যতা স্বীকার করে বার্ষিক আট লক্ষ টাকা কর দিতে স্বীকৃত হন। বিজাপুরের আদিলশাহী সুলতান কিছুদিন প্রতিরোধ করার পর বশ্যতা স্বীকার করে বার্ষিক দশ লক্ষ টাকা কর দিতে রাজী হন (১৬৩৬ খ্রীঃ)। ১৬৩৬ খ্রীষ্টাব্দ থেকে ১৬৪৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত প্রথমবার ও ১৬৫৩ খ্রীঃ থেকে ১৬৫৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত দ্বিতীয়বার শাহজাহানের তৃতীয় পুত্র ঔরঙ্গজেব দাক্ষিণাত্যের সুবেদার ছিলেন। দ্বিতীয়বার সুবেদার থাকাকালীন ঔরঙ্গজেব গোলকুণ্ডা ও বিজাপুর দখলের চেষ্টা করলে শাহজাহানের হস্তক্ষেপে তা সম্ভব হয়নি। শাহজাহানের রাজত্বকালে ১৬৩৯ খ্রীষ্টাব্দে এক ফরমান বলে মাদ্রাজ বন্দরে ইংরেজদের বাণিজ্যকেন্দ্র স্থাপনের অনুমতি দেওয়া হয়।

দাক্ষিণাত্যে রাজ্য বিস্তার

১৬৩৬ খ্রীষ্টাব্দে শাহজাহান অতি সহজেই পারস্যের কাছ থেকে কান্দাহার দুর্গ দখল করে নেন। শাহজাহান তাঁর পিতৃপুরুষের বাসভূমি মধ্য এশিয়ার বালখ্ ও বাদকশান দখলের পরিকল্পনা করেন। প্রথমে রাজপুত্র মুরাদের অধীনে এক বিরাট সেনাদল পাঠানো হয়। স্থানীয় উপজাতি উজবেকদের প্রতিরোধে মুরাদ ব্যর্থ হন। ঔরঙ্গজেব দায়িত্ব নিয়েও সফল হতে পারেন নি। এই ব্যর্থ অভিযানের জন্য রাজকোষের ৪ কোটি মুদ্রার অপচয় হয়। মুঘল সেনাবাহিনীর এই ব্যর্থতার সুযোগে ১৬৪৯ খ্রীষ্টাব্দে পারস্য কান্দাহার দুর্গ পুনরায় দখল করে নেয়। ১৬৪৯-১৬৫৩ খ্রীষ্টাব্দের মধ্যে দু'বার ঔরঙ্গজেবের অধীনে ও একবার দারা'র অধীনে কান্দাহার পুনরুদ্ধারের চেষ্টা ব্যর্থ হয়। এরপর মুঘলবাহিনী আর কোনও দিন কান্দাহার দখল করতে পারে নি।

উত্তর-পশ্চিম-সীমান্ত নীতি

শাহজাহান স্থাপত্য ও শিল্পের জন্য অকাতরে অর্থব্যয় করেছেন। তাঁর যুগ ছিল মুঘল স্থাপত্য ও শিল্পের স্বর্ণযুগ। দিল্লী, আগ্রা ও অন্যান্য স্থানে শাহজাহান প্রচুর সৌধ নির্মাণ করান। এদের মধ্যে দেওয়ান-ই-আম, দেওয়াই-ই-খাস, জুম্মা মসজিদ, মোতি মসজিদ ও আগ্রার বিস্ময় তাজমহল বিখ্যাত। তাজমহল পৃথিবীর স্থাপত্যকলার মধ্যে অনুপম শ্রেষ্ঠ দৃষ্টান্ত। পত্নী মমতাজের সমাধির উপর এই শুভ্র মর্মরের স্থাপত্যকাব্য রচিত হয়। তিন কোটি মুদ্রা ব্যয়ে ওস্তাদ ইশা ২২ বছর ধরে তাজমহল নির্মাণ করেন। শাহজাহান ময়ূরসিংহাসন নামে মণিমুক্তাখচিত একটি সিংহাসন নির্মাণ করেন।

স্থাপত্যের স্বর্ণযুগ

কোন কোন ঐতিহাসিক শাহজাহানের রাজত্বকালকে "মুঘলসাম্রাজ্যের চরম বিকাশ"

বলেছেন। প্রথমত, রাজ্যবিস্তারের দিক থেকে রাজত্বসীমা সর্বোচ্চে পৌঁছেছিল। দ্বিতীয়ত, সম্রাট হিসাবে শাহজাহানের ক্ষমতা ছিল নিরঙ্কুশ। তাঁর জীবদ্দশায় কেউ তাঁর প্রতিদ্বন্দ্বিতা করেনি। তৃতীয়ত, এই সময় ভারত বিদেশী শত্রুর আক্রমণ হতে মুক্ত ছিল। চতুর্থত, জাহাঙ্গীরের রাজত্বকালে ইংরেজ বণিকদের সঙ্গে যোগাযোগের ফলে ভারত-ইউরোপের মধ্যে বাণিজ্য-সম্পর্ক বাড়ে। পঞ্চমত, মুঘল যুগের শ্রেষ্ঠ স্থাপত্য ও শিল্পকীর্তিগুলি শাহজাহানের রাজত্বকালেই গড়ে উঠে। তাজমহল, দেওয়ান-ই-আম, দেওয়ান-ই-খাস, জুম্মা মসজিদ, মোতি মসজিদ ইত্যাদি এর অপরূপ নিদর্শন। কিন্তু ইউরোপীয় পর্যটকদের বর্ণনা ও অন্যান্য তথ্য থেকে আধুনিক ঐতিহাসিকরা বলেছেন, শাহজাহানের রাজত্বের ১৫ বছরের মধ্যেই সাম্রাজ্যের পতনের চিহ্নগুলি স্পষ্ট হয়ে উঠেছিল। শাহজাহানের রাজত্বকালেই কান্দাহার হস্তচ্যুত হয় ও মারাঠা-শক্তির উদ্ভব হয়। এই মারাঠা-শক্তি মুঘল-শক্তির পতনে বিশেষ ভূমিকা নিয়েছিল। শাহজাহানের আড়ম্বরের অন্তরালে ছিল কৃষকদের শোষণ। শাহজাহান রাজস্বের মাত্রা বাড়িয়ে ৫০% করেন। ফলে কৃষকশ্রেণী মুঘল-রাজত্ব সম্পর্কে উদাসীন হয়ে পড়ে। শাহজাহান আকবর ও জাহাঙ্গীরের উদার ধর্মমতের পথ ত্যাগ করে ধর্মীয় গোঁড়ামির পথ ধরেন। পরবর্তী কালে ঔরঙ্গজেবের রাজত্বকালে তা চরম পরিণতি লাভ করে। ভিন্‌সেন্ট স্মিথ বলেছেন যে, শাহজাহানকে তাঁর যোগ্যতার চাইতে বেশী প্রশংসা করা হয়েছে। শাহজাহানের আমলে দাক্ষিণাত্যে ও গুজরাটে যে দুর্ভিক্ষ দেখা দিয়েছিল, তার ফলে রাজস্বের আদায় কমে যায়। এইসব বিবেচনা করে আধুনিক ঐতিহাসিকরা শাহজাহানের যুগকে মুঘল শাসনের চরম বিকাশ বলতে রাজী নন। ১৬৫৭ খ্রীষ্টাব্দে শাহজাহান অসুস্থ হয়ে পড়লে তাঁর চার পুত্রের মধ্যে সিংহাসন নিয়ে বিরোধ দেখা দেয়।

মুঘল শাসনের চরমবিকাশ

[ঘ] ঔরঙ্গজেব (১৬৫৮-১৭০৭ খ্রীঃ)

(Aurangzeb—1658-1707 A.D.)

শাহজাহানের চার পুত্র—দারা, সুজা, ঔরঙ্গজেব ও মুরাদ। জ্যেষ্ঠপুত্র দারা ছিলেন শাহজাহানের প্রিয়পাত্র, উদারচেতা ও সুশিক্ষিত। দ্বিতীয় পুত্র সুজা যুদ্ধ ও শাসনে পারদর্শী হলেও অলস ও বিলাসপ্রিয় ছিলেন। তিনি ছিলেন বাংলার শাসনকর্তা। তৃতীয় পুত্র ঔরঙ্গজেব ছিলেন দক্ষিণের শাসনকর্তা, কূটকৌশলী ও দক্ষ শাসক। গুজরাটের শাসক চতুর্থ পুত্র মুরাদ ছিলেন বিলাসী, মদ্যপায়ী ও বিচার বিবেচনাহীন। ১৬৫৭ খ্রীষ্টাব্দে শাহজাহান অসুস্থ হয়ে শাসনভার দারার উপর দিলে ভাইদের মধ্যে সিংহাসন নিয়ে যুদ্ধ শুরু হল। সুজা সেনাবাহিনী নিয়ে অগ্রসর হলে বেনারসের কাছে পরাজিত হলেন। ঔরঙ্গজেব মুরাদকে সাম্রাজ্যের ভাগ দেওয়ার লোভ দেখিয়ে নিজের দলভুক্ত করলেন। উভয়ের মিলিত

সিংহাসন নিয়ে ভ্রাতৃবিরোধ

বাহিনী যথাক্রমে ধর্মাট ও সামুগড়ের যুদ্ধে দারাকে পরাজিত করে আগ্রা দখল করেন। এরপর ঔরঙ্গজেব মুরাদকে বন্দী করেন ও সুজাকে খাজোয়ার যুদ্ধে পরাজিত করেন। সুজা আরাকানে পালিয়ে যান। দারা পারস্যে পালাতে গিয়ে ধরা পড়েন ও ঔরঙ্গজেবের আদেশে তাকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়। বন্দী অবস্থায় মুরাদও নিহত হন। ১৬৫৮ খ্রীষ্টাব্দে ঔরঙ্গজেব পিতা শাহজাহানকে বন্দী করে 'আলমগীর' উপাধি নিয়ে সিংহাসনে বসেন। উদারমনা দারাকে সিংহাসন থেকে বঞ্চিত করার জন্য ঔরঙ্গজেব বুঝতে পারেন যে, তিনি রাজপুত ও উদার মুসলিম অভিজাতদের সাহায্য পাবেন না। তাই তিনি গোঁড়া ধর্মান্ধ সুন্নীদের সাহায্য নেন। এই শ্রেণীর চাপেই ঔরঙ্গজেবকে ধর্মান্ধ নীতি অনুসরণ করতে হয়েছিল। ঔরঙ্গজেবের জীবনে নানারকম দোষ ও গুণের সমাবেশ ঘটেছিল। একদিকে তিনি ছিলেন সাহসী, বুদ্ধিমান ও পরিশ্রমী, অন্যদিকে ছিলেন পরধর্ম-অসহিষ্ণু, নিষ্ঠুর ও সংকীর্ণমনা।

ঔরঙ্গজেব

ঔরঙ্গজেবের ৫০ বছর রাজত্বকালকে দুটি ভাগে ভাগ করা যায়—(১) ১৬৫৮ থেকে ১৬৮১ খ্রীঃ এবং (২) ১৬৮২-১৭০৭ খ্রীঃ। প্রথম ভাগে সাম্রাজ্য বিস্তারের সঙ্গে সঙ্গে উত্তর ভারতে নানা বিদ্রোহের মোকাবিলা করতে হয়েছে। দ্বিতীয় পর্যায়ে তাঁকে দাক্ষিণাত্যে বিভিন্ন শক্তির সঙ্গে যুদ্ধ করে কাটাতে হয়েছে। দাক্ষিণাত্যের যুদ্ধ চলাকালীন সমগ্র উত্তর ভারতেও বিচ্ছিন্নতাবাদী শক্তি মাথাচাড়া দেয়। জীবনের শেষভাগে তাই ঔরঙ্গজেবকে উত্তর-দক্ষিণ ছুটে বেড়াতে হয়েছিল।

রাজত্বে দুটি ভাগ

ঔরঙ্গজেবের আমলেই মুঘল সাম্রাজ্যের সর্বাধিক বিস্তৃতি ঘটে। এই সময় উত্তর-পূর্ব ও উত্তর-পশ্চিমে নানারকম গোলযোগ শুরু হয়। উত্তর-পূর্ব সীমান্তে অহোম, মগ ও কোচ জাতি উপদ্রব শুরু করলে ঔরঙ্গজেব মীরজুমলাকে পাঠান তাদের দমনের জন্য। অহোমদের সাময়িকভাবে দমনের পর মীরজুমলার মৃত্যু হয়। এরপর ঔরঙ্গজেব মাতুল শায়েস্তা খাঁকে বাংলার সুবেদার-পদে নিয়োগ করেন। শায়েস্তা খাঁ মগদের দমন করে চট্টগ্রাম ও আরাকান দখল করলে মুঘলসাম্রাজ্য পূর্বদিকে প্রাকৃতিক সীমারেখা লাভ করে। ভারতের উত্তর-পশ্চিম অঞ্চলে আফগান উপজাতিগুলির আক্রমণ ও বিদ্রোহ এক গুরুতর সমস্যা সৃষ্টি করছিল। আফ্রিদি, খটক প্রভৃতি উপজাতিগুলিকে দমন করার জন্য ঔরঙ্গজেব স্বয়ং অগ্রসর হন ও উপজাতিগুলির নেতাদের ভাতা, জায়গির প্রভৃতি দিয়ে বশ করেন।

উত্তর-পূর্ব ও উত্তর-পশ্চিম নীতি

উত্তর ভারতের রাজপুত, জাঠ, বুন্দেলা, সৎনামী ও শিখদের সঙ্গে ঔরঙ্গজেবের সংঘর্ষ হয়। স্যার যদুনাথ সরকার ও আরও অনেকের বিশ্বাস যে, ঔরঙ্গজেবের ধর্মান্ধ নীতির

জন্যই এইসব শক্তি বিদ্রোহ ঘোষণা করেছিল। কিন্তু আধুনিক গবেষকরা এইসব বিদ্রোহের পিছনে অর্থনৈতিক ও সামাজিক কারণকে দায়ী করেন। আধুনিক ঐতিহাসিক ইরফান হাবিব ও গৌতম ভদ্রের মতে, জাঠ ও সৎনামী বিদ্রোহ ছিল কৃষক বিদ্রোহ। বাড়তি করের বোঝা ও রাজকর্মচারীদের অত্যাচারের বিরুদ্ধে তারা বিদ্রোহ করেছিল। মথুরার জাঠরা ফৌজদার আব্দুল নবী'র মসজিদ নির্মাণ-সংক্রান্ত কারণে বিদ্রোহ করে গোকলা নামে এক জাঠনেতার নেতৃত্বে। গোকলা মুঘলদের হাতে বন্দী ও নিহত হলে রাজারাম নামে অপর এক জাঠনেতার অধীনে তারা পুনরায় বিদ্রোহী হয়। রাজারামের বিদ্রোহ দমিত হলে চূড়ামন নামে অপর এক জাঠ নেতা নেতৃত্ব দেন। ঔরঙ্গজেবের জীবিতাবস্থায় জাঠদের বিদ্রোহ সম্পূর্ণভাবে দমন করা সম্ভব হয়নি। পাঞ্জাবের নারনাল অঞ্চলের সৎনামী নামে এক নিরীহ কৃষকশ্রেণী মুঘল কর্মচারীদের অত্যাচারের বিরুদ্ধে গরিব দাস হাডা'র নেতৃত্বে বিদ্রোহ ঘোষণা করে। এই বিদ্রোহ দমন করতে ঔরঙ্গজেবকে অনেক কষ্ট স্বীকার করতে হয়েছিল। বুন্দেলখণ্ডের ছত্রশাল বুন্দেলাও বিদ্রোহ ঘোষণা করেছিলেন। শিখ সম্প্রদায়ের নবমগুরু তেগ বাহাদুর ঔরঙ্গজেবের ধর্মীয় নীতির প্রতিবাদ করলে সম্রাট তাঁকে বন্দী করে আগ্রায় আনেন। তাঁর উপর নানা অত্যাচারের পর তাঁকে হয় মুসলমান ধর্ম গ্রহণ, না হয় মৃত্যুবরণ করতে বলা হয়। গুরু তেগ বাহাদুর মৃত্যুবরণই শ্রেয় মনে করেন। দশম শিখ গুরু গোবিন্দ সিংহ আনন্দপুর নামক স্থানে শিখদের সামরিক শ্রেণীতে পরিণত করে মুঘলদের সঙ্গে যুদ্ধে অবতীর্ণ হন। ঔরঙ্গজেবের মৃত্যু পর্যন্ত শিখদের দমন করা যায়নি। পাঞ্জাব, প্রকৃতপক্ষে তাঁর হস্তচ্যুত হয়ে যায়।

জাঠ, সৎনামী, বুন্দেলা ও শিখ বিদ্রোহ

রাজপুত নীতি (Rajput Policy) **:** আকবরের আমল থেকে রাজপুতরা মুঘলসাম্রাজ্যের স্তম্ভে পরিণত হয়েছিলেন। ঔরঙ্গজেবের সময়ে এই নীতির পরিবর্তন ঘটল। অদূরদর্শীর মত ঔরঙ্গজেব রাজপুতদের উঁচু পদে নিয়োগ থেকে বিরত হন ও রাজপুত রাজ্যগুলির স্বয়ং-শাসনের অধিকারও বিলোপ করার পরিকল্পনা করেন। তিনি রাজপুতদের উপরে বৈষম্যমূলক 'জিজিয়া কর' আরোপ করেন। ১৬৭৮ খ্রীষ্টাব্দে মাড়োয়ারের অধিপতি যশোবন্ত সিংহ মারা গেলে ঔরঙ্গজেব তাঁর স্ত্রী ও শিশুপুত্র অজিত সিংহকে নিজের অন্দরমহলে বন্দী করেন। মুঘল সেনাবাহিনী মাড়োয়ার দখলে অগ্রসর হয়। যশোবন্তের প্রভুভক্ত কর্মচারী রাঠোর বীর দুর্গাদাস সুকৌশলে যশোবন্তের বিধবা স্ত্রী ও পুত্রকে মুঘল অন্দরমহল থেকে মাড়োয়ারে নিয়ে আসেন। মাড়োয়ারের সঙ্গে মুঘলদের মরণপণ যুদ্ধ শুরু হয়। ইতিমধ্যে জিজিয়া কর স্থাপনের বিষয় নিয়ে মেবারের রানাও ক্ষুব্ধ হন। মাড়োয়ারের সঙ্গে যুদ্ধে মেবারও যোগ দেয়। এই যুদ্ধেই ঔরঙ্গজেবের পুত্র আকবর বিদ্রোহী হয়ে রাজপুতদের সঙ্গে যোগ দেন। শেষ পর্যন্ত ঔরঙ্গজেব মেবারের সঙ্গে সন্ধি করেন ও জিজিয়া কর তুলে নেন। কিন্তু রাজপুতনার যুদ্ধের প্রকৃত অবসান হয়নি। এর ফলে মুঘল-রাজপুত সম্প্রীতির অবসান ঘটেছিল। ঔরঙ্গজেবের রাজপুত-নীতি তাঁর ধর্মনীতির প্রতিফলন বলে কেউ কেউ মনে করেন। কিন্তু তথ্যে তা প্রমাণিত হয় না, কারণ

রাজপুত নীতি

মাড়োয়ার ও মেবারের সঙ্গে যুদ্ধের পরও অনেক রাজপুত পরিবার ঔরঙ্গজেবের কাছ থেকে জায়গির পেয়েছিলেন ও মুঘল রাজদরবারে সম্মানের আসনে প্রতিষ্ঠিত ছিলেন।

দাক্ষিণাত্য-নীতি (Deccan Policy): ঔরঙ্গজেব তাঁর পূর্বসূরীদের মত দাক্ষিণাত্যে রাজ্যবিস্তারের নীতি গ্রহণ করেন। সুদীর্ঘকাল দাক্ষিণাত্যে সুবেদার থাকায়

দাক্ষিণাত্য সম্পর্কে তাঁর অভিজ্ঞতা যথেষ্ট ছিল। সুবেদার থাকাকালীন তিনি বিজাপুর ও গোলকুণ্ডার সুলতানী রাজ্য দুটি দখলের চেষ্টা করলে, শাহজাহানের হস্তক্ষেপের ফলে তা সম্ভব হয় নি। ঔরঙ্গজেবের সুবেদারিকালে শিবাজীর নেতৃত্বে মারাঠা-শক্তির উদ্ভব হয়। ঔরঙ্গজেবের দাক্ষিণাত্য-নীতির পিছনে ধর্মীয় কারণও ছিল। দক্ষিণের শিয়া সম্প্রদায়ভুক্ত সুলতানী রাজ্য দুটি'র অস্তিত্ব তাঁর কাছে কাম্য ছিল না। শিবাজীর অধীনে মারাঠা-শক্তির উত্থানেও তিনি শঙ্কিত হন। ১৬৫৭-৫৮ খ্রীষ্টাব্দে সিংহাসন নিয়ে যুদ্ধে ব্যস্ত

থাকায় তিনি দাক্ষিণাত্যের দিকে দৃষ্টি দিতে পারেন নি। ১৬৫৯ খ্রীষ্টাব্দে বিজাপুরের সেনাপতি আফজল খাঁ শিবাজীর হাতে নিহত হলে ঔরঙ্গজেব শঙ্কিত হয়ে পড়েন। ১৬৬০ খ্রীষ্টাব্দে তিনি তাঁর মাতুল শায়েস্তা খাঁকে দাক্ষিণে পাঠান। শিবাজীর হাতে শায়েস্তা খাঁ পরাজিত হলে তিনি সেনাপতি দিলীর খাঁ ও জয়সিংহকে দাক্ষিণাত্যে পাঠান। ১৬৬৫ খ্রীষ্টাব্দে শিবাজী পরাজিত হয়ে মুঘলদের সঙ্গে পুরন্দরের সন্ধি করেন। ১৬৬৬ খ্রীঃ শিবাজী ঔরঙ্গজেবের দরবারে এলে উপযুক্ত সম্মান পান নি ও বন্দী হন। কৌশলে মুক্ত হয়ে তিনি পুনরায় দক্ষিণ ভারতে ফিরে যান। ১৬৮০ খ্রীঃ শিবাজীর মৃত্যু পর্যন্ত ঔরঙ্গজেব মারাঠাদের দমন করতে পারেন নি ও শিবাজীর অধীনে স্বাধীন মারাঠা-রাষ্ট্রের উদ্ভব ঘটেছিল।

ঔরঙ্গজেব ও শিবাজী

রাজপুতনার যুদ্ধের সময় তাঁর বিদ্রোহী পুত্র আকবর দাক্ষিণাত্যে শিবাজীর পুত্র শম্ভুজীর সঙ্গে যোগ দিলে ঔরঙ্গজেব ভীত হয়ে ১৬৮২ খ্রীঃ স্বয়ং দাক্ষিণাত্যে উপস্থিত হন। এরপর আর তাঁকে উত্তর ভারতে ফিরে যেতে হয় নি। ১৭০৭ খ্রীষ্টাব্দে মৃত্যু পর্যন্ত তিনি মরীচিকার পেছনে ছোটার মত মারাঠা-দমনে লিপ্ত ছিলেন। ১৬৮২ খ্রীঃ দাক্ষিণাত্যে এসে ঔরঙ্গজেব যথাক্রমে গোলকুণ্ডা ও বিজাপুর দখল করেন। ১৬৮৯ খ্রীঃ শিবাজীর পুত্র শম্ভুজীকে বন্দী করে হত্যা করেন ও তাঁর শিশুপুত্র শাহুকে তাঁর হারেমে বন্দী করেন। কিন্তু শিবাজীর অপর পুত্র রাজারাম ও তাঁর মৃত্যুর পর তাঁর বিধবা স্ত্রী তারাবাঈ মারাঠা-দলপতিদের সাহায্যে মুঘল বাহিনীকে বিপর্যস্ত করে তোলে। মহারাষ্ট্রের কোনও দুর্গই মুঘলদের পক্ষে স্থায়ীভাবে দখল করা সম্ভব হয় নি। এই ব্যর্থতার গ্লানি নিয়েই ঔরঙ্গজেব ১৭০৭ খ্রীষ্টাব্দে দাক্ষিণাত্যে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

১৬৮২ খ্রীঃ দাক্ষিণাত্যে আগমন

ঔরঙ্গজেবের দাক্ষিণাত্য-নীতি মুঘলসাম্রাজ্যের পক্ষে বিপর্যয়কর হয়। আচার্য যদুনাথ সরকার বলেছেন, নেপোলিয়নের স্পেনীয় ক্ষতের মতই দাক্ষিণাত্য-ক্ষতই ঔরঙ্গজেবের পতন ঘটিয়েছিল। মারাঠাদের হাতে পরাজিত হওয়ায় মুঘল সেনাবাহিনীর সম্মান ও মনোবল ভেঙ্গে পড়ে। ঐতিহাসিক স্মিথের মতে ঔরঙ্গজেব বিজাপুর ও গোলকুণ্ডা দখল করে মারাঠাদের শক্তিশালী হতে সাহায্য করেছেন। এই দুটি সুলতানির সাহায্য পেলে মারাঠাদের দমন করা সহজ হত। যদিও আচার্য যদুনাথ সরকার এই মত স্বীকার না করে বলেছেন যে, বিজাপুর ও গোলকুণ্ডা এত দুর্বল হয়ে পড়েছিল যে মারাঠা-দমনে তারা সাহায্য করতে পারত না। সুদীর্ঘ দিন উত্তর ভারত থেকে অনুপস্থিত থাকায় মুঘল শাসনব্যবস্থা দুর্বল ও শিথিল হয়ে পড়ে। অর্থনৈতিক দিক থেকেও মুঘলসাম্রাজ্য দুর্বল ও দেউলিয়া হয়ে পড়ে

ফলাফল

ঔরঙ্গজেবের শাসন ও সামরিক ব্যবস্থা (Administration and Milit ry System): মহান্ সম্রাট আকবরের পর থেকে মুঘল-শাসনে যে প্রতিক্রিয়া দেখা দিয়েছিল, তার চরম পরিণতি ঘটে ঔরঙ্গজেবের আমলে। ধর্মীয় কারণ সম্রাটের শাসন-নীতিকেও রঞ্জিত করে তোলে এবং তিনি সর্বক্ষেত্রে শরিয়তকে অনুসরণ

করতে থাকেন। ঔরঙ্গজেবের রাজত্বকালের আদর্শ ছিল খুবই উঁচু—তিনি রাষ্ট্রের কাজে অনেক বেশী দৃষ্টি দিতেন। ডঃ ঈশ্বরীপ্রসাদ মন্তব্য করেছেন যে, ফরাসী সম্রাট চতুর্দশ লুই-এর মত তিনি নিজেই নিজের মন্ত্রী ছিলেন। শাসনের তুচ্ছাতিতুচ্ছ বিষয় তিনি নিজেই দেখতেন। তাঁর বিরোধী মতামত তিনি সহ্য করতেন না ও তাঁর আদেশ অমান্য করলে রাজপুত্ররাও শাস্তি পেতেন। তিনি নিজে যেমন পরিশ্রম করতেন, ঠিক সেই রকমই কর্মচারীদেরও পরিশ্রম করতে বাধ্য করতেন। সমগ্র শাসনব্যবস্থা একটি যন্ত্রের মত কাজ করত। তিনি মধ্যযুগের ইউরোপীয় রাষ্ট্রের মত প্রজাদের ঐহিক ও পার্থিব, উভয় জীবনই শাসন করতে চেয়েছিলেন। ফলে রাষ্ট্রের কাজের সীমানার বৃদ্ধি ঘটেছিল।

শাসনের চরিত্র

পূর্বের মত সাম্রাজ্য সুবায় বিভক্ত ছিল। কিন্তু সীমানা রদবদল করে ঔরঙ্গজেবের আমলে ২১টি সুবার সৃষ্টি হয়। রাজকীয় কর্তৃত্ব সর্বত্র সম্মান পেত। আকবরের আমলের মত উঁচু রাজকর্মচারী পদগুলি থাকলেও প্রতিভাকে আর যোগ্যতা হিসাবে ধরা হত না। রাষ্ট্রের ধর্মীয় চরিত্রের ফলে মুসলমান ও ধর্মান্তরিত মুসলমানরা রাজকীয় পদে নিযুক্ত হতে থাকেন। এই নীতির কুফল সর্বত্র দেখা যায়। প্রজাদের ব্যক্তিগত জীবন নিয়ন্ত্রণের দায়িত্ব রাষ্ট্র নেয় ও "মুহতাসিব"রা শক্তিশালী হয়ে উঠে। "বইত-উল-মল" নামে একটি সংস্থা সৃষ্টি হয়, যেখানে উত্তরাধিকারহীন ব্যক্তিদের সম্পত্তি জমা দেওয়া হত। বেশির ভাগ অভিজাতরা ঋণগ্রস্ত হয়ে পড়ায় প্রজাদের উন্নতির দিকে দৃষ্টি দিতেন না। অভিজাতরা নিঃস্ব হয়ে পড়ায় তাঁরা তাঁদের সামরিক বাহিনীর সংখ্যা হ্রাস করেন। এর ফলেই অরাজকতা বৃদ্ধি পায় ও রাজ্যের রাজস্ব হ্রাস পায়। সেই সময় উঁচু ও নীচু স্তরের কর্মচারীদের মধ্যে ঘুষ নেওয়া ব্যাপকভাবে প্রচলিত ছিল। পুলিশ ও বিচার বিভাগ সম্রাটের বিশেষ দৃষ্টিতে ছিল। কোতোয়াল বিশেষ গুরুত্বপূর্ণ কাজ করতেন। কোরানের বিধি অনুসারে বিচারকাজ চলত। প্রতি বুধবার সম্রাট নিজে বিচার করতেন। তাঁকে সাহায্য করত কাজী, মুফতি, উলেমা প্রমুখ। ঔরঙ্গজেবের আমলে পূর্বের মতই রাজস্ব ব্যবস্থা ছিল। সিংহাসনে আরোহণের সময় তিনি অনেক বিরক্তিকর কর বিলোপ করলেও পুনরায় নতুন কর স্থাপনও করেছিলেন। জিজিয়া কর পুনরায় আরোপ করা হয়। "ক্রোড়া" নামে কর্মচারী তার অধীনস্থ আরো অন্যান্য কর্মচারীদের সাহায্যে রাজস্ব আদায় করত। প্রাদেশিক শাসনব্যবস্থাতেও কোনও পরিবর্তন হয় নি। গুপ্তচর-ব্যবস্থার গুরুত্বের জন্য 'ওয়াকিনভিস' নামে কর্মচারীরা ক্ষমতাশালী হয়ে উঠে।

শাসনব্যবস্থা

দাক্ষিণাত্য দখলের জন্য ঔরঙ্গজেবকে বিপুল সেনাবাহিনী গড়ে তুলতে হয়। তাঁর চেষ্টা সত্ত্বেও সামরিক বাহিনী ছিল শিথিল, যার মধ্যে নিয়মানুবর্তিতার অভাব লক্ষ্য করা যায়। বার্নিয়ার বলেছেন, অরাজকতাপূর্ণ এই বাহিনীতে নিয়মশৃঙ্খলা প্রতিষ্ঠা সম্ভব ছিল না, যখন এই বাহিনী অগ্রসর হত, তখন পশুদলের মত অনিয়মিতভাবে চলত। দূরদেশে সুদীর্ঘকাল যুদ্ধে পরাজয়ের ফলে সেনাবাহিনীর মনোবল ভেঙে পড়ে। আকবরের আমলের কাঠামো তখনও সামরিক বিভাগে কার্যকর ছিল।

সামরিক অবস্থা

ঔরঙ্গজেবের ধর্মনীতি (Religious Policy) : ঔরঙ্গজেব তাঁর পূর্বপুরুষ আকবর ও জাহাঙ্গীরের উদার ধর্মনীতি ত্যাগ করেন। তিনি ছিলেন গোঁড়া স্থন্নী মুসলিম-নীতিতে বিশ্বাসী। কোরান ও হদিসগুলি তাঁর কণ্ঠস্থ ছিল। ইসলামের অনুশাসন অনুযায়ী বিলাস ও আড়ম্বরের জীবন ত্যাগ করে তিনি সাধারণ জীবনযাপন করতেন। প্রজারা তাঁকে 'জিন্দাপীর' বলতেন।

ঔরঙ্গজেবের গোঁড়া স্থন্নী ধর্মমত তাঁর শাসন-নীতিকেও গভীরভাবে প্রভাবিত করেছিল। তিনি ভারতবর্ষকে 'দার-উল-হাব্ব' (বিধর্মীর দেশ) থেকে 'দার-উল-ইসলামে' (ইসলামের রাষ্ট্রে) পরিণত করতে চান। তাঁর আমলে মুঘল রাষ্ট্র প্রায় ধর্মরাষ্ট্রে পরিণত হয়। ইসলামের একনিষ্ঠ সেবক হিসাবে তিনি রাষ্ট্রযন্ত্রকে ইসলামধর্মের স্বার্থে ব্যবহার করেন। পণ্ডিত যদুনাথ সরকার বলেছেন, "নিষ্ঠাবান ঔরঙ্গজেব তাঁর সিংহাসন হারাতে প্রস্তুত ছিলেন, কিন্তু তিনি ধর্ম ও শাসন নীতি পরিবর্তনে প্রস্তুত ছিলেন না।"

ইসলামীয় রাষ্ট্রের আদর্শ

ঔরঙ্গজেব ইসলামের অনুশাসনগুলি অনুসরণ করে দরবারে শিয়া প্রথা নওরোজ রদ করে দেন। সম্রাটের জন্মদিনে মূল্যবান ধাতুতে তাঁকে ওজন করার প্রথাও তুলে দেন। আকবরের প্রচলিত 'ইলাহী সম্বত' তুলে দিয়ে আরবী সম্বতের প্রচলন করা হয়। দরবারে নাচগান বন্ধ করা হয়। তিনি প্রজাদের নৈতিক মানের উন্নতির জন্য "মুহতাসিব" নামে কর্মচারী নিয়োগ করেন। তিনি ১৬৬৯ খ্রীঃ এক নির্দেশ জারী করে গুজরাটের সোমনাথ, কাশীর বিশ্বনাথ ও মথুরার বিখ্যাত কেশব রাই-এর মন্দির ধ্বংস করেন। হিন্দুদের পবিত্র হোলী ও দীপাবলী উৎসবের উপর নিষেধাজ্ঞা জারী করা হয়। অমুসলমানরা দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হলেন। ১৬৭৯ খ্রীষ্টাব্দে ঔরঙ্গজেব 'জিজিয়া কর' পুনঃস্থাপন করেন। তিনি হিন্দু ব্যবসায়ীদের ৫% হারে শুল্ক দিতে বাধ্য করলেও, মুসলমান ব্যবসায়ীদের এই শুল্ক হতে অব্যাহতি দেন। সরকারী বিভাগগুলিতে বিশেষ করে রাজস্ব বিভাগে, স্থন্নী মুসলমান ছাড়া অন্যদের নিয়োগ করা হত না। তাঁর নীতির প্রতিক্রিয়ায় রাজপুত, শিখ, জাঠ, সৎনামী, বুন্দেলা প্রভৃতি সম্প্রদায় বিদ্রোহী হয়ে উঠে ও মুঘল সাম্রাজ্য পতনের দিকে এগিয়ে যায়।

ধর্মনীতির প্রয়োগ

আধুনিক ঐতিহাসিকরা ঔরঙ্গজেবের ধর্মনীতি সম্পর্কে ভিন্নমত পোষণ করেন—তাঁরা বলেন ঔরঙ্গজেব ধর্মান্ধ ছিলেন না। তাঁদের মতে প্রতিদ্বন্দ্বী দারা শিকোকে পরাজিত করার জন্যই ঔরঙ্গজেব গোঁড়া স্থন্নীদের সাহায্য নিয়েছিলেন। মৌলানা শরহিন্দি এই মর্মে ধর্মনীতি প্রচার করতেন যাতে ভারতের স্থন্নীরা খাঁটি মুসলমান থাকে। গোঁড়া স্থন্নীরা মুঘলদের উদার নীতি পছন্দ না করে শরহিন্দি'র মতকে সমর্থন করেন। সিংহাসন লাভে স্থন্নীদের সমর্থন লাভ করে ঔরঙ্গজেব তাদের সন্তুষ্টির জন্য ধর্ম ও শাসননীতিকে এক করেন। জিজিয়া কর স্থাপন তাঁর অর্থনীতির প্রভাব, ধর্মের কারণে নয়—এই মত প্রকাশ করা হয়। আধুনিক ঐতিহাসিকরা বলেন যে, ঔরঙ্গজেব তাঁর দীর্ঘ ৫০ বছর রাজত্বকালে

আধুনিক মত

একই রকমের হিন্দুবিদ্বেষী নীতি গ্রহণ করেন নি। অধ্যাপক গৌতম ভদ্র তাঁর "মুঘলযুগে কৃষি-অর্থনীতি ও কৃষক-বিদ্রোহ" গ্রন্থে বলেছেন যে, রাজত্বের শেষে দিকে ঔরঙ্গজেবের হিন্দুবিদ্বেষ অনেকটা কমে এসেছিল। ঔরঙ্গজেব নতুন হিন্দু মন্দির নির্মাণ নিষিদ্ধ করেন মাত্র, পুরনো মন্দির ধ্বংস করার অভিপ্রায় তাঁর ছিল না। তা ছাড়া তিনি মাঝে মাঝে ব্রাহ্মণদের ভূমি দান করতেন। ঐতিহাসিক পার্সিভ্যাল স্পীয়ার বলেছেন, ঔরঙ্গজেব খুব সতর্কতার সঙ্গে হিন্দুদের প্রতি ব্যবহার করেছেন। যদিও ঔরঙ্গজেব কোন কোন ক্ষেত্রে হিন্দুদের প্রতি অসহিষ্ণুতার পরিচয় দেন তবুও সাধারণ-ভাবে হিন্দু নির্যাতন করতেন একথা বলা যায় না।

ঔরঙ্গজেবের ধর্মনীতি সম্পর্কে ঐতিহাসিকদের মধ্যে মতভেদ থাকলেও একথা প্রত্যেকে স্বীকার করেন যে, তাঁর ধর্মনীতি সাম্রাজ্যের পক্ষে শুভ হয় নি। একজন গোঁড়া মুসলিম হিসাবে ইসলামের রীতিনীতি ও আইন কঠোর প্রয়োগের তিনি পক্ষপাতী ছিলেন। তিনি বুঝতে পারেননি যে ভারত বহু ধর্মের দেশ। তাঁর কঠোর নীতির ফলে মুঘলসাম্রাজ্যের বিরোধী শক্তিগুলি পরোক্ষভাবে শক্তিশালী হয়েছিল। তিনি ভারতে মুসলিম রাষ্ট্র স্থাপনে যত্নবান হন। তার ফলে হিন্দুরা বিদ্রোহী হয়। ঔরঙ্গজেব তাঁর সারাজীবন এই বিদ্রোহ দমন করেই ব্যয় করেন।

কুফল

ঔরঙ্গজেবের চরিত্র ও কৃতিত্ব (Character and Achievement): মুঘল সম্রাটদের মধ্যে ঔরঙ্গজেব ছিলেন অন্যতম শ্রেষ্ঠ ব্যক্তি। তাঁর ব্যক্তিগত চরিত্র ছিল খুবই উন্নত। মুসলমানধর্মের অনুশাসন মেনে তিনি সহজ ও সরল জীবনযাপন করতেন। বিলাস ও ইন্দ্রিয়ব্যসন তাঁর চরিত্রকে কলুষিত করতে পারেনি। তিনি কোরান নকল করে ও টুপি তৈরী করে তাঁর জীবিকা সংগ্রহ করতেন। ঔরঙ্গজেব 'ফ্তুয়া-ই-আলমগীরি' নামে ইসলামধর্মের শাস্ত্র সংকলন করেন।

গুণাবলী

কিন্তু ঔরঙ্গজেব ছিলেন অত্যন্ত ক্ষমতালোভী ও উচ্চাকাঙ্ক্ষী। সিংহাসনলাভের জন্য বৃদ্ধ পিতাকে বন্দী করতে ও ভাইদের হত্যা করতেও তিনি দ্বিধা করেননি। তিনি ছিলেন সংকীর্ণমনা ও সন্দেহবাতিকগ্রস্ত। নিজের পুত্রদেরও তিনি বিশ্বাস করতেন না। রাজনীতিজ্ঞ ও শাসক হিসাবেও তিনি ব্যর্থ হয়েছিলেন। শাসনব্যবস্থায় কঠোর হয়েও কর্মচারীদের দায়িত্ব না দিয়ে তিনি সব কাজ নিজেই করার চেষ্টা করতেন। কর্মচারীরা তাঁর কেরানীতে পরিণত হয়। কর্মচারীদের মধ্যে ভেদনীতি গ্রহণ করায় তাঁর রাজত্বের শেষদিকে কর্মচারীদের উপর নিয়ন্ত্রণ নষ্ট হয়ে যায়। তাঁর ধর্মনীতির ফলে জাতীয় সাম্রাজ্য প্রতিষ্ঠার আদর্শ নষ্ট হয়। ঔরঙ্গজেবের দাক্ষিণাত্য নীতি মুঘল সাম্রাজ্যের পতন ডেকে নিয়ে আসে।

ত্রুটি সমূহ

যাই হোক, ঔরঙ্গজেবের চরিত্রে বহুবিধ সদ্‌গুণ থাকলেও তাঁর রাজনৈতিক বিচক্ষণতা ও উদারতার অভাবে তিনি একটি বিয়োগান্ত চরিত্রে পরিণত হন। আকবর ছাড়া

তিনি ছিলেন "শ্রেষ্ঠ মুঘলদের মধ্যে শ্রেষ্ঠতম"। রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে দূরদর্শিতা, উদারতা ও মানবিক গুণের যে প্রয়োজন, তার অভাবে তিনি বিফল হন।

শিবাজীর অধীনে মারাঠা-শক্তির উত্থান (Rise of Marathas under Shivaji) **:**

পশ্চিমে সহ্যাদ্রি ও পশ্চিমঘাট পর্বতমালা, উত্তরে বিন্ধ্য ও সাতপুরা পাহাড় ; সুরাটের দক্ষিণ থেকে পূর্বে নাগপুর পর্যন্ত অঞ্চল মহারাষ্ট্র নামে পরিচিত। মহারাষ্ট্রের সমুদ্রতীরে বৃষ্টি হলেও, বেশীরভাগ অঞ্চলে বৃষ্টিপাতের অভাবে জীবিকার প্রয়োজনে মারাঠারা সাহসী, পরিশ্রমী ও আত্মনির্ভর হয়ে উঠেছিল। সপ্তদশ শতকে মহারাষ্ট্রের নবজাগরণ ভারত-ইতিহাসে এক উল্লেখযোগ্য ঘটনা। মহারাষ্ট্রের প্রাচীন ঐতিহ্য তার নবজাগরণের পথ প্রস্তুত করেছিল। ধর্মসংস্কারক একনাথ, তুকারাম, রামদাস, বামন পণ্ডিত প্রমুখ ভক্তিবাদ, সামাজিক সাম্য ও হিন্দুজাতীয়তাবাদের বাণী প্রচার করে মহারাষ্ট্রের মানসিক প্রস্তুতি আনয়ন করেন। মারাঠী ভাষা ও সাহিত্য মারাঠাজাতিকে ঐক্যের বাঁধনে বাঁধে। ভাবজগতের ঐক্য যখন মারাঠাজাতিকে ঐক্যের বাঁধনে বলীয়ান করছিল, তখন শিবাজী মারাঠাদের রাজনৈতিক ঐক্য ও স্বাধীনতা দান করে ভারত ইতিহাসে এক নব-যুগের সূচনা করেন।

শিবাজী : বর্তমান পুণের কাছে শিবনের গিরিদুর্গে শাহজী ভোঁসলের পুত্র শিবাজীর ১৬২৭ খ্রীষ্টাব্দে ১০ই এপ্রিল (মতান্তরে ১৬৩০ খ্রীঃ) জন্ম হয়। পিতা শাহজী ছিলেন বিজাপুরের অধীনে উচ্চপদস্থ কর্মচারী। শিবাজী তাঁর মা জিজাবাঈ-এর সঙ্গে পুণেয় থাকতেন। পিতা শাহজী তাঁর দ্বিতীয়া পত্নীকে নিয়ে বিজাপুরে থাকতেন। শিবাজীর অভিভাবক ছিলেন দাদাজী কোণ্ডদেব নামে এক ব্রাহ্মণ। রামায়ণ, মহাভারত, পুরাণ প্রভৃতি ধর্মপুস্তকের কাহিনী শিবাজীর চরিত্র গঠন করে। দাদাজী কোণ্ডদেব অভিভাবক রূপে অশ্বারোহণ ও অসিচালনার শিক্ষা দেন। এই সময়েই শিবাজীর মনে হিন্দুরাজ্য স্থাপনের স্বপ্ন জেগে উঠে।

বাল্যজীবন

শিবাজী

মাওলী নামে এক মারাঠা উপজাতিকে নিজের অধীনে এনে শিবাজী এক ছোট সেনাদল গঠন করেন। ১৬৪৬ খ্রীষ্টাব্দে তিনি পুণের কাছে তোরণা দুর্গ দখল করেন। ১৬৪৭ খ্রীষ্টাব্দে দাদাজী কোণ্ডদেবের মৃত্যু হলে শিবাজীকে বাধা দেওয়ার আর কেউ রইল না। ক্রমে প্রতাপগড়, রায়গড়, রাজগড় প্রভৃতি দুর্গের উপর শিবাজীর কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়। শিবাজীর এই ঔদ্ধত্যে ক্রুদ্ধ হয়ে বিজাপুরের সুলতান শিবাজীর পিতা শাহজীকে বন্দী

করেন। শিবাজী ছ'বছর চুপচাপ থাকেন ; পরে তাঁর পিতাও মুক্ত হন। ১৬৫৬ খ্রীষ্টাব্দে শিবাজী চন্দ্ররাও মোরেকে হত্যা করে জাওলী রাজ্যটি দখল করলে কোঙ্কন অঞ্চলে তাঁর প্রভাব বৃদ্ধি পায়। দাক্ষিণাত্যের সুবেদার হিসাবে ঔরঙ্গজেব শিবাজীকে এক দস্যুসর্দার বলেই মনে করতেন। অধিকৃত দুর্গের নিকটবর্তী অঞ্চল থেকে কর সংগ্রহ করে শিবাজী তাঁর অর্থনৈতিক ভিত্তি দৃঢ় করেন।

শিবাজীর শক্তি বৃদ্ধি



ভ্রাতৃবিরোধের জন্য ঔরঙ্গজেব উত্তর-ভারতে গেলে ১৬৫৯ খ্রীষ্টাব্দে বিজাপুরের সুলতান আফজল খাঁ নামে এক কৃতী সেনাপতিকে শিবাজীকে দমনের উদ্দেশ্যে পাঠান। শিবাজী প্রতাপগড় দুর্গে আশ্রয় নেন। অবরোধের পরও শিবাজীকে দুর্গের বাইরে আনতে

ব্যর্থ হয়ে আফজল খাঁ কৃষ্ণাজিভাস্কর নামে এক মারাঠী দূতের মাধ্যমে ছলনাযুক্ত এক সন্ধির প্রস্তাব পাঠান। শিবাজী এই অভিসন্ধির কথা জেনেও আফজলের সঙ্গে দেখা করতে আসেন। আফজল আলিঙ্গনের মাধ্যমে শিবাজীকে হত্যার চেষ্টা করলে শিবাজী তাঁর "বাঘনখ" নামে অস্ত্রের সাহায্যে আফজলকে হত্যা করেন। মারাঠাবাহিনী কোঙ্কন ও কোলাপুর অধিকার করে নেয়। বিজাপুরের সুলতান পানহালা দুর্গটি কেড়ে নিতে সক্ষম হন।

শিবাজী ও আফজল খাঁ

ইতিমধ্যে ঔরঙ্গজেব দিল্লীর সিংহাসনে সুপ্রতিষ্ঠিত হয়ে দাক্ষিণাত্যের দিকে দৃষ্টি দেওয়ার সুযোগ পান। শিবাজীর শক্তি ও ঔদ্ধত্যে শঙ্কিত হয়ে তিনি তাঁর মাতুল শায়েস্তা খাঁকে দাক্ষিণাত্যে পাঠান। ১৬৬৩ খ্রীষ্টাব্দে শায়েস্তা খাঁ শিবাজীর হাতে পরাজিত হন। এরপর ঔরঙ্গজেব সেনাপতি দিলীর খাঁ ও রাজা জয়সিংহের উপর শিবাজীকে দমনের ভার অর্পণ করেন। শিবাজী পরাজিত হয়ে ১৬৬৫ খ্রীষ্টাব্দে মুঘলদের সঙ্গে 'পুরন্দর সন্ধি' করেন। সন্ধির শর্ত অনুযায়ী শিবাজী ২৩টি দুর্গ মুঘলদের হাতে ছেড়ে দেন এবং ১২টি দুর্গ নিজের অধিকারে রাখেন। এ ছাড়াও তিনি বিজাপুরের বিরুদ্ধে সাহায্যের প্রতিশ্রুতি দেন। জয়সিংহের আমন্ত্রণে শিবাজী পুত্রসহ আগ্রায় মুঘল রাজদরবারে উপস্থিত হলে সেখানে উপযুক্ত সম্মান না পাওয়াতে অসন্তুষ্ট হন। এর পরে তাঁকে নজরবন্দী করা হলে তিনি সুকৌশলে পালিয়ে মহারাষ্ট্রে উপস্থিত হন।

মুঘলদের সঙ্গে সংঘর্ষ

দেশে ফিরে এলে, শিবাজীকে তোষণের জন্য ঔরঙ্গজেব তাঁকে "রাজা" উপাধি দেন ও পুত্র শম্ভুজীকে 'পাঁচ হাজারী মনসবদার' হিসাবে নিয়োগ করেন। ঔরঙ্গজেবের হিন্দু-বিরোধ নীতিতে অসন্তুষ্ট হয়ে শিবাজী ১৬৭০ খ্রীষ্টাব্দে পুনরায় মুঘলবিরোধী অভিযান শুরু করেন। ১৬৭৪ খ্রীষ্টাব্দে রায়গড়ে শিবাজীর স্বাধীন রাজা হিসাবে অভিষেক সম্পন্ন হয় ও তিনি "গো-ব্রাহ্মণ-প্রতিপালক" ও "ছত্রপতি" উপাধি নেন। এরপর শিবাজী কর্ণাটক ও ভেলোর দখল করেন। ১৬৮০ খ্রীষ্টাব্দে শিবাজীর মৃত্যু হয়। মৃত্যুকালে তাঁর রাজ্যসীমা ছিল উত্তরে বাগলা থেকে দক্ষিণে কোলাপুর।

রাজ্যাভিষেক

শিবাজীর শাসনব্যবস্থা (Shivaji's Administrations) **:** শিবাজী শুধু রাজ্যজয়ই করেন নি, তিনি সুশাসনের ব্যবস্থাও করেছিলেন। শিবাজীর প্রতিষ্ঠিত রাজ্যকে "স্বরাজ্য" বলা হত। 'ছত্রপতি' বা 'রাজা' ছিলেন শাসনের সর্বোচ্চে। তাঁকে সাহায্য করত 'অষ্টপ্রধান' বা আটজন মন্ত্রী। এঁরা নিযুক্ত ও পদচ্যুত হতেন রাজার অভিপ্রায় অনুযায়ী। অষ্টপ্রধানের মধ্যে সর্বপ্রধান ছিলেন "পেশোয়া", যিনি রাজস্ব-বিভাগের ভারপ্রাপ্ত ছিলেন। অন্যান্যরা বিভিন্ন বিভাগের দায়িত্ব নিতেন। শিবাজী তাঁর রাজ্যকে কয়েকটি "প্রান্তে" বিভক্ত করেন ও প্রতিটি "প্রান্ত"কে কয়েকটি "তরফে" বিভক্ত করেন। কয়েকটি গ্রাম নিয়ে 'তরফ' গঠিত হত। গ্রামগুলি ছিল স্বয়ংশাসিত। প্রতিটি প্রদেশ একজন শাসন-কর্তার অধীনে থাকত। "পাতিল" নামে কর্মচারী গ্রাম-সমিতির সঙ্গে সরকারের

শাসনব্যবস্থা

যোগাযোগ রাখতেন। শিবাজী জমি জরিপ করে উৎপন্ন ফসলের ভিত্তিতে রাজস্ব ধার্য করতেন। উৎপন্ন ফসলের $\frac{৩}{১০}$ অংশ ও পরে $\frac{২}{৫}$ অংশ রাজস্ব আদায় করা হত। এই রাজস্বে শাসনব্যয় চলত না বলে শিবাজী পার্শ্ববর্তী রাজ্য থেকে "চৌথ" বা রাজস্বের $\frac{১}{৪}$ অংশ ও "সরদেশমুখী" বা রাজস্বের $\frac{১}{১০}$ অংশ আদায় করতেন। ফেরার নামে এক ইংরেজ পর্যটক মন্তব্য করেছেন যে, শিবাজীর রাজস্বব্যবস্থা ছিল প্রজাদের কাছে নির্যাতনমূলক। কিন্তু অনেকেই শিবাজীর শাসনকে জনকল্যাণমূলক বলেছেন।

শিবাজী তাঁর সামরিক বাহিনীকে সুসংগঠিত ভাবে গড়ে তুলেছিলেন। মারাঠা-সেনাবাহিনী মূলত ছিল অশ্বারোহী। অশ্বারোহীদের 'বর্গী' বা নিয়মিত ও 'শিলাদার' বা অনিয়মিত এই দু'ভাগে ভাগ করা হত। বর্গী সেনাদের অস্ত্র ও অশ্ব সরকারই সরবরাহ করত। শিলাদার'রা তাদের অশ্ব ও অস্ত্র নিজেরাই নিয়ে আসত। শিবাজীর অধীনে প্রায় ৩০ / ৪০ হাজার অশ্বারোহীবাহিনী ছিল। এ ছাড়াও ছিল পদাতিকবাহিনী ও প্রায় ২০০টি জাহাজের নৌবাহিনী। শিবাজীর সামরিক ব্যবস্থার মূল স্তম্ভ ছিল দুর্গগুলি। তাঁর অধীনে প্রায় ২৪০টি দুর্গ ছিল। শিবাজী তাঁর সেনাবাহিনীতে কঠোর নিয়মানুবর্তিতা প্রতিষ্ঠা করেন। সেনাদের ছাউনিতে মহিলাদের প্রবেশ নিষিদ্ধ ছিল।

সামরিক শাসন

শিবাজীর শাসনব্যবস্থা গড়ে উঠেছিল 'ছত্রপতি'কে কেন্দ্র করে, যা রাজার ব্যক্তিগত যোগ্যতার উপর নির্ভরশীল। শিবাজীর মৃত্যুর পর উপযুক্ত শাসকের অভাবে প্রায় গোলযোগ দেখা দেয়। অষ্টপ্রধানরা ছিলেন কর্মচারী মাত্র। ঐতিহাসিক সতীশচন্দ্র বলেছেন, দক্ষিণের সুলতানীগুলির অনুকরণে শিবাজী শাসন সংগঠন করেন বলে এতে মৌলিকত্ব নেই। শিবাজী কৃষি, শিল্পের উন্নতি না করে ও 'চৌথ' আদায়ের ব্যবস্থার উপর নির্ভর করে লুণ্ঠনের প্রবৃত্তির সৃষ্টি করেন।

প্রকৃতি

শিবাজীর কৃতিত্ব (Achievements) : আচার্য যদুনাথ সরকার শিবাজীর কৃতিত্ব সম্পর্কে মন্তব্য করেছিলেন যে, "শিবাজীর কীর্তির আলোকে ভারতের গগন উদ্ভাসিত হয়েছিল"। সামান্য একজন জায়গিরদারের পুত্র হয়ে তিনি এক স্বাধীন মারাঠারাজ্য প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছিলেন। দাক্ষিণাত্যে মুঘলশক্তির মত অপরাজেয় শক্তিকেও তিনি পরাস্ত করেন। শিবাজী শুধু যোদ্ধাই ছিলেন না—সুশাসনও প্রতিষ্ঠা করেছিলেন। বেসামরিক ও সামরিক উভয় প্রকার শাসনে তিনি যথেষ্ট দক্ষতা দেখান। পরম নিষ্ঠাবান হিন্দু হলেও শিবাজী ছিলেন পরধর্মসহিষ্ণু। সমসাময়িক ঐতিহাসিক কাফি খাঁ শিবাজীকে "লুণ্ঠনকারী" বলেছেন। ভিন্সেণ্ট স্মিথও তাঁকে 'দস্যুসর্দার' বলেছেন। আধুনিক কালে পার্সিভ্যাল স্পীয়ার শিবাজীর সেনাদলকে লুটেরাবাহিনী বলেছেন। এই উক্তিগুলি কিছুটা পক্ষপাতদুষ্ট। মারাঠাজাতির জাতীয়তাবাদী স্বপ্নকে শিবাজী সফল করে আদর্শ পুরুষে পরিণত হয়েছেন। তাঁর বংশধররা এই জাতীয় রাষ্ট্রকে সর্বভারতীয় সাম্রাজ্যে পরিণত করেন। তাঁর ব্যক্তিগত চরিত্রও ছিল কলুষমুক্ত। কবিগুরু রবীন্দ্রনাথ তাঁকে "রাজতপস্বী" বলে অভিহিত করেছেন।

[৬] ইউরোপীয় বাণিজ্যিক কোম্পানিগুলির কার্যকলাপ

(Activities of the European Trading Companies)

গ্রীক সভ্যতার সময় থেকে ইউরোপের সঙ্গে ভারতের বাণিজ্যিক সম্পর্ক স্থাপিত হয়েছিল। মধ্যযুগে ভারতের সঙ্গে একদিকে ইউরোপের, অন্যদিকে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলির সঙ্গে একাধিক পথে বাণিজ্য চলত। ইউরোপের সঙ্গে বাণিজ্যিক লেনদেনের তিনটি পথ ছিল—(১) পারস্য উপসাগর হয়ে তুরস্ক ও সেখান থেকে জলপথে ভেনিস ও জেনোয়া পর্যন্ত ; (২) লোহিত সাগর দিয়ে ও তারপর স্থলপথে মিশরের আলকজান্দ্রিয়া পর্যন্ত ; (৩) ভারতের উত্তর-পশ্চিম অঞ্চলের গিরিপথ ধরে মধ্য এশিয়া রুশ দেশ হয়ে বাল্টিক সাগরের উপকূল পর্যন্ত। ভারত থেকে ইউরোপীয়রা পেত শৌখিন জিনিসপত্র, বিশেষ করে নানারকমের বস্ত্রসম্ভার ও মসলাপাতি। মধ্যযুগে আরবীয় মুসলিম বণিকদের প্রতাপে ইউরোপের সঙ্গে ভারতের সরাসরি যোগাযোগ প্রায় বন্ধ হয়ে গিয়েছিল। ১৪৫৩ খ্রীষ্টাব্দে মধ্য এশিয়ার তুর্কীরা এশিয়া মাইনর অঞ্চলে নিজেদের আধিপত্য প্রতিষ্ঠা করে কন্‌স্টান্টিনোপল অধিকার করেছিল। এর ফলে এই সময় থেকে এশিয়া হয়ে পশ্চিমের বাণিজ্য পথটি তুর্কীদের নিয়ন্ত্রণে চলে আসে। এ ছাড়াও ভেনিস ও জেনোয়ার বণিকরা ইউরোপ ও এশিয়ার মধ্যে বাণিজ্য একচেটিয়া করে নিয়েছিল। ইউরোপে নব-শক্তিশালী স্পেন ও পর্তুগালের বণিকদের তারা তাদের একচেটিয়া বাণিজ্যের ভাগ দিতে বাধা সৃষ্টি করছিল। পশ্চিম ইউরোপের স্পেনীয় ও পর্তুগীজদের ভারত ও ইন্দোনেশিয়ার সঙ্গে বাণিজ্য-সম্পর্ক স্থাপনের আকর্ষণ ছিল মসলা আমদানি করে ধন অর্জন করা। এই পরিস্থিতিতে পশ্চিম ইউরোপের রাজ্যগুলি ও বণিকসম্প্রদায় ভারতে ও মসলাদ্বীপ ইন্দোনেশিয়ায় যাওয়ার জন্য একটি নতুন ও নিরাপদ জলপথ আবিষ্কারের জন্য ব্যস্ত হয়ে উঠে। পঞ্চদশ শতকে ভৌগোলিক আবিষ্কারের সূত্রে পর্তুগীজ নাবিক ভাস্কো-ডা-গামা ১৪৯৮ খ্রীষ্টাব্দে আফ্রিকার উত্তমাশা অন্তরীপ ঘুরে ভারতের দক্ষিণে কালিকট বন্দরে এসে উপস্থিত হন। এর ফলে ইউরোপের সঙ্গে যোগাযোগ পুনরায় স্থাপিত হল। এই সময় থেকে সুয়েজ খাল খনন পর্যন্ত এই পথ ধরেই ভারত ও ইউরোপের মধ্যে ব্যবসা-বাণিজ্য চলেছিল। পর্তুগীজরা আসার পর থেকে একে একে ওলন্দাজ, ইংরেজ ও ফরাসী বণিকরাও ভারতে এসে উপস্থিত হয়েছিলেন।

ভারতের বর্হিবাণিজ্য

পর্তুগীজ (The Portuguese) : ১৪৯৮ খ্রীষ্টাব্দের ১৭ই মে নাবিক ভাস্কো-ডা-গামা ভারতের দক্ষিণে কালিকট বন্দরে এসে পৌছান। এখানে তাঁকে আরবীয় বণিকদের বিরোধিতার সম্মুখীন হতে হয়েছিল। কিন্তু কালিকটের শাসক বা 'জামোরিন' ভাস্কো-ডা-গামা'কে স্বাগত জানিয়েছিলেন। তিনি তাঁর সঙ্গে জাহাজে যেসব বাণিজ্য-পণ্য এনেছিলেন, তা বিক্রি করে ষাট গুণ লাভ করেছিলেন। জামোরিনের সমর্থন থাকায় ভাস্কো-ডা-গামা ও তাঁর সঙ্গীসাথীদের এদেশ থেকে মসলাপাতি ও

অন্যান্য পণ্যদ্রব্য নিয়ে যেতে অসুবিধা হয় নি। ভারতে আসার জলপথ আবিষ্কারের এই ঘটনা বিশ্ব-ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করেছিল। প্রখ্যাত অর্থনীতিবিদ্ এ্যাডাম স্মিথ মন্তব্য করেছেন যে, মানবজাতির ইতিহাসে দুটি গুরুত্বপূর্ণ ঘটনা হল আমেরিকা ও উত্তমাশা অন্তরীপ ঘুরে ভারতে আসার জলপথ আবিষ্কার। প্রায় এক শতাব্দী ধরে প্রাচ্যের সঙ্গে লাভজনক ব্যবসা-বাণিজ্যের সুযোগ পর্তুগাল একাই ভোগ করেছিল। প্রথম থেকেই পর্তুগীজরা ব্যবসার সঙ্গে বলপ্রয়োগের নীতিও গ্রহণ করেছিল। এদেশে পর্তুগীজ বাণিজ্যের কর্মাধ্যক্ষ আল্‌ফান্সো আল্‌বুকার্ক বিজাপুরের সুলতানের কাছ থেকে গোয়া বন্দর দখল করেছিলেন। ভারতের মধ্যে কোচিন, গোয়া, দমন ও দিউতে পর্তুগীজরা তাদের ব্যবসায়কেন্দ্র স্থাপন করেছিল। আল্‌বুকার্কের সময়ে এশিয়ার চারিদিকে জলপথে পর্তুগীজ আধিপত্য প্রতিষ্ঠিত হয়। মালাবার উপকূলে ঘাঁটি করে তারা আরবীয় বণিকদের জাহাজ আক্রমণ করত ও ধ্বংস করত। মুঘল-সম্রাটদের জাহাজ আক্রমণের ভয় দেখিয়ে তারা সম্রাটদের কাছ থেকে ব্যবসা-সংক্রান্ত বেশ সুবিধা আদায় করে নেয়। কিন্তু পর্তুগীজরা বেশীদিন আধিপত্য রাখতে পারে নি। তাদের খ্রীষ্টধর্ম প্রচারের উগ্র বাসনা, নারীহরণ ও জলদস্যুতার ফলে ভারতীয় শাসকদের সঙ্গে বিরোধ শুরু হয়। শাহজাহান তাদের হুগলী থেকে বিতাড়িত করেন। ১৭৩৯ খ্রীষ্টাব্দে মারাঠারা তাদের কাছ থেকে সল্‌সেট ও বেসিন কেড়ে নেয়। অন্যান্য ইউরোপীয় শক্তির আগমনের ফলে পর্তুগীজরা গোয়া, দমন ও দিউতে সীমাবদ্ধ হয়ে পড়ে।

পর্তুগীজদের আগমন ও আধিপত্য বিস্তার

ভাস্কো-ডা-গামা

স্পেনীয় ও ওলন্দাজরা (Spaniards and the Dutch): পর্তুগীজদের পরেই স্পেনীয়রা ভারতে জাহাজ পাঠিয়েছিল। কিন্তু ১৫৮০ খ্রীষ্টাব্দে স্পেন পর্তুগাল দখল করায় ভারতের ব্যবসা-বাণিজ্যের ভার পর্তুগীজদের উপরই ছেড়ে দেয়। দীর্ঘকাল ধরে ওলন্দাজ বণিকরা সমগ্র উত্তর ইউরোপ জুড়ে প্রাচ্যের পণ্যের ব্যবসা করত। হল্যাণ্ডের উপর স্পেনের আধিপত্যের বিরুদ্ধে বিদ্রোহ ও স্পেনের সঙ্গে পর্তুগালের সংযুক্তির ফলে ওলন্দাজরা মসলা সংগ্রহের জন্য বিকল্প ব্যবস্থা খুঁজছিল। ১৫৯৫ খ্রীষ্টাব্দে চারটি ওলন্দাজ জাহাজ উত্তমাশা অন্তরীপ হয়ে ভারতের উদ্দেশ্যে রওনা হয়েছিল। ১৬০২ খ্রীঃ ওলন্দাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি গঠিত হয়। তবে ওলন্দাজদের প্রধান আকর্ষণ ছিল ইন্দোনেশিয়া, জাভা, সুমাত্রা প্রভৃতি মসলাসমৃদ্ধ দ্বীপগুলি। পশ্চিম ভারতে গুজরাটের সুরাট, বরোচ, ক্যাম্বে, আমেদাবাদ, কেরলের কোচিন, মাদ্রাজের নেগাপত্তম্,

অন্ধ্রের মুসলিপত্তম্, বাংলার চুঁচুড়া ইত্যাদি স্থানে তাদের বাণিজ্য-কুঠি ছিল। ওলন্দাজরা ভারত থেকে নীল, কাঁচা রেশম, তুলাজাত বস্ত্র, সোরা ও আফিম রপ্তানি করত। সপ্তদশ শতকে ইংরেজ ও ফরাসী ব্যবসায়ীদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতায় ওলন্দাজরা পিছিয়ে পড়ে।

ইংরেজ বণিক (English Traders) **:** ১৬০০ খ্রীষ্টাব্দে রানী এলিজাবেথের কাছ থেকে সনদ নিয়ে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি গঠিত হয়। ইংরেজদের প্রথম জাহাজ "হেক্টর" ১৬০৯ খ্রীষ্টাব্দে সুরাট বন্দরে আসে। সম্রাট হকিন্স্ মুসলসম্রাট জাহাঙ্গীরের দরবারে সম্মান পান, তবে পর্তুগীজদের বিরোধিতায় তাঁকে সুরাট চলে আসতে হয়। ১৬১২ খ্রীষ্টাব্দে সুরাটেই ইংরেজরা প্রথম কুঠি স্থাপন করে। সম্রাট জাহাঙ্গীরের দরবারে এরপর স্যার টমাস রো ইংলণ্ডের রাজা প্রথম জেম্‌সের দূত হিসাবে আসেন ও সম্রাটের কাছ থেকে কিছু সুযোগ-সুবিধা আদায় করেন। ১৬৩৯ খ্রীষ্টাব্দে কোম্পানি মাদ্রাজ বন্দর চন্দ্রগিরির রাজার কাছ থেকে কিনে নেয়। পর্তুগালের রাজকন্যাকে বিবাহের যৌতুক হিসাবে ইংলণ্ডরাজ বোম্বাই বন্দর লাভ করেন এবং কোম্পানি বন্দরটি কিনে নেয়। এইভাবে ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ক্রমেই ব্যবসা-বাণিজ্য বাড়িয়ে চলে।

বহু চেষ্টার পর ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ১৬৫০-৫৩ সালে বাংলায় ব্যবসা করার অনুমতি পায় ও হুগলীতে কুঠি স্থাপন করে। ১৬৯০ সালে জব চার্নক কলকাতায় একটি কুঠি স্থাপন করেন। কালক্রমে বার্ষিক ১২,০০০ টাকার বিনিময়ে ইংরেজরা সুতানুটি, কলকাতা ও গোবিন্দপুর—এই তিনটি গ্রামের ইজারা নেয়। ১৭১৭ খ্রীষ্টাব্দে সম্রাট ফারুকশিয়ার ইংরেজ দূত সুরম্যানকে এক ফরমানে অনেক সুযোগ-সুবিধা দেন,—বার্ষিক তিন হাজার টাকার বিনিময়ে বিনাশুল্কে ব্যবসা-বাণিজ্য করতে পারবে ও কলকাতায় যেখানে খুশি জমি কিনতে পারবে। এইভাবে কোম্পানি এত শক্তিশালী হয়ে উঠে যে, পরে রাজনৈতিক শক্তি-প্রতিষ্ঠায় অগ্রসর হয়।

ফরাসী কোম্পানী (French Company) **:** ১৬৬৪ খ্রীষ্টাব্দে ফ্রান্সে ফরাসী ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি গঠিত হয়। এর চার বছরের মধ্যে ফরাসীরা ভারতে আসে। ফরাসী কোম্পানির ভাগ্য নির্ভর করত ফরাসী সরকারের উপর। ১৭২০ খ্রীষ্টাব্দের মধ্যে দাক্ষিণাত্যে পণ্ডিচেরী ও বাংলায় চন্দননগরে ফরাসী বাণিজ্যকেন্দ্র গড়ে উঠে। ক্রমে কারিকল, মাহে ও ইয়ানানেও ফরাসী কেন্দ্র স্থাপিত হয়। অতি অল্পদিনের মধ্যেই ফরাসীরা ইংরেজদের প্রতিদ্বন্দ্বী হয়ে উঠে। ১৭৪০ খ্রীষ্টাব্দে ইউরোপে রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতার প্রভাবে ভারতেও ইংরেজ ও ফরাসী কোম্পানির মধ্যে বিরোধ শুরু হয়।

———

॥ ৩ ॥ মুঘলদের অধীনে ভারতবর্ষ
(India under the Mughals)

মুঘলদের অধীনে সর্বভারতীয় রাজত্ব প্রতিষ্ঠিত হয়েছিল। বাবর যে রাজ্য সীমায় শাসনের সূত্রপাত করেছিলেন, পরবর্তী কালে আকবর, জাহাঙ্গীর, শাহজাহান ও ঔরঙ্গজেবের প্রচেষ্টায় সেই সীমা বর্ধিত হয়ে উত্তর, দক্ষিণ, পূর্ব ও পশ্চিমে সর্বভারতীয়তে পরিণত হয়। এই রাজনৈতিক ঐক্য, এর পূর্বে প্রাচীন বা মধ্যযুগে সম্ভব হয়নি।

প্রথম ছ'জন মুঘল বাদশাহের প্রতিভা ও সামর্থ্যের দিক থেকে তারতম্য থাকলেও তাঁরা সবাই অসাধারণ ব্যক্তিত্বের অধিকারী ছিলেন। বাবর বা হুমায়ুন শাসন বিষয়ে কোনও কৃতিত্ব দেখাতে পারেননি রাজনৈতিক পরিস্থিতির জন্য। আকবরই প্রকৃত-পক্ষে মুঘল শাসনব্যবস্থার প্রতিষ্ঠাতা। সুলতানী যুগের শাসন-শৈথিল্য দূর করে এক কেন্দ্রীভূত শাসন প্রতিষ্ঠিত হয়। প্রধান রাজপুরুষদের নিয়োগ ও কর্মধারা কেন্দ্রীয় ভিত্তিতে নির্ধারিত হত। সুলতানী যুগে বিধিবদ্ধ আইনের চেয়ে সুলতানের খামখেয়ালি-পনাই ছিল বেশী। মুঘলযুগে সম্রাটের একক ক্ষমতা অক্ষুণ্ণ ছিল। তবে আইনবিধি মেনে চলাই ছিল রীতি। সারা দেশ জুড়ে একই মুদ্রা, একই ওজন, একই সরকারী ভাষা এবং একই শাসন-বিষয়ক-বিধি প্রচলিত হয়েছিল। সাম্রাজ্য শাসনকে কেন্দ্রীভূত করা, বিভিন্ন শাসনধারাকে একই নীতির উপর প্রতিষ্ঠিত করা ছিল মুঘল শাসনের বৈশিষ্ট্য। সম্রাট ছিলেন রাষ্ট্রের প্রতীক ও পরিচালক। তাঁর ক্ষমতা ছিল অপ্রতিহত। তিনি ছিলেন সেনাবাহিনীর অধিনায়ক। আইন প্রণয়নে ও বিচারব্যবস্থায় তিনি ছিলেন প্রধান। সমস্ত অধিকার রাজার অনুমতিসাপেক্ষ ছিল। সম্রাটকে শাসনে সাহায্য করত অভিজাতশ্রেণী। এই অভিজাতশ্রেণী সুসংহত শ্রেণীতে পরিণত হতে পারেনি। রাজকাজে উত্তরাধিকারসূত্রে কাউকে নিয়োগ করা হত না। অভিজাতরা ছিলেন জায়গিরদার। আকবর তাঁর শাসনকালে 'মনসবদারি' ব্যবস্থার সূত্রপাত করেন। সামরিক ও বেসামরিক কর্মচারীদের সাম্রাজ্যের জন্য সরকারী ব্যয়ে সৈন্য রাখতে হত। যেসব মনসবদারকে নগদে বেতন না দিয়ে জায়গির দেওয়া হত, তাদেরকে 'জায়গিরদার' বলা হত। আকবর নগদে বেতন দেওয়ার ব্যবস্থারও চেষ্টা করেছিলেন। কিন্তু পাঁচ বছর পর পুনরায় জায়গির-ব্যবস্থা পুনঃ-প্রবর্তিত হয়। জাহাঙ্গীর, শাহজাহান ও ঔরঙ্গজেবের আমলে জায়গির-প্রথাই বহুলপ্রচলিত প্রথায় পরিণত হয়। জায়গিরে জায়গিরদার ও কেন্দ্রীয় সরকারের দ্বৈত কর্তৃত্ব প্রতিষ্ঠিত ছিল।

কেন্দ্রীভূত শাসন

জায়গির-ব্যবস্থা

মুঘল আমলে সম্রাটকে সাহায্য করত একটি মন্ত্রিসভা। এই মন্ত্রিদের মধ্যে ছিলেন উজীর, দেওয়ান, মীরবক্সী, সদর প্রমুখ। সমগ্র সাম্রাজ্যকে কয়েকটি সুবা বা প্রদেশে বিভক্ত করা হয়। সুবার শাসন কর্মচারীরা সম্রাট কর্তৃক নিযুক্ত হতেন। সুবাদার, দেওয়ান, মীরবক্সী, সদর, কোতোয়াল ছিলেন সুবার প্রধান কর্মচারীবৃন্দ।

ভূমি-রাজস্ব ছিল মুঘলযুগে রাজ্যের প্রধানতম আয়। মুঘলযুগে ভূমি-রাজস্ব-ব্যবস্থা আকবরের আমলেই গড়ে উঠে। নানা পরীক্ষা-নিরীক্ষার পর আকবরের রাজত্বে ১৫৮২

খ্রীঃ টোডরমল দেওয়ান-পদে বসলে রাজস্ব-ব্যবস্থা পাকাপাকি বন্দোবস্ত করা হয়।

ভূমি-রাজস্ব

টোডরমলের আমলে তিন রকমের ভূমি-রাজস্ব-ব্যবস্থা চালু হয়—জাবতি বা দহশালা প্রথা, গল্লাবকস্ ও নসক প্রথা। জাবতি প্রথায় সমগ্র জমি জরিপ করে ফসলের উৎপাদনের ভিত্তিতে ৪ ভাগে ভাগ করা হত—(১) পোলজ বা যে জমিতে প্রতি বছর চাষ-আবাদ হয়, (২) পরৌতি বা যে জমিতে সব সময় চাষ-আবাদ হয় না, (৩) চাচর বা যে জমি ৩ / ৪ বছর অনাবাদী থাকে ও (৪) বানজার বা যে জমি ৫ বছরের বেশী অনাবাদী থাকে। প্রতি শ্রেণীর জমিকে ভাল, মধ্যম ও খারাপ এই তিন ভাগে আবার ভাগ করা হয়। প্রতি শ্রেণীর দশ বছরের গড় উৎপাদন নির্ধারণ করে তার ⅓ অংশ রাজস্ব নেওয়া হত। পরে এই পরিমাণ বৃদ্ধি পেয়ে অর্ধাংশ হয়। নগদে রাজস্ব দেওয়ার জন্য শস্যের ১০ বছরের গড়মূল্য হিসাবে স্থির করা হত। এই ব্যবস্থা জাবতি বা দহসালা ব্যবস্থা নামে পরিচিত। গল্লাবকস্ ব্যবস্থা অনুসারে যখন যেমন ফসল ফলত তার ⅓ অংশ কর হিসাবে নেওয়া হত। নসক প্রথা অনুসারে ক্ষেতের ফসল অনুমানের উপর ভিত্তি করে সরকার ও কৃষকের মধ্যে ভাগ করা হত। সমগ্র মুঘলযুগে জাবতি ব্যবস্থাই ছিল বহুলপ্রচলিত। আমিন, বিটিকচি ও পাটোয়ারী ছিল রাজস্ববিভাগের উল্লেখযোগ্য কর্মচারী।

মুঘলযুগে সামাজিক অবস্থা (Social Condition): মধ্যযুগের যে ইতিহাস সমসাময়িক লেখকদের কাছ থেকে পাওয়া যায় তা রাজা, সম্রাট, যুদ্ধ বিগ্রহ ইত্যাদির বিবরণ। জনসাধারণের জীবন ধারা সম্পর্কে বিশেষ কিছু পাওয়া যায় না। আবুল ফজলের রচনায় কিছু সামাজিক চিত্র পাওয়া যায়। ইউরোপীয় পর্যটক ও বণিকদের বর্ণনা থেকে মুঘলযুগের সমাজ ও অর্থনীতি সম্পর্কে বিস্তৃত বিবরণ পাওয়া যায়। মুঘলযুগে বিভিন্ন সময়ে পর্যটক র‍্যালফ ফিচ্, মানুচি, বণিক ট্রাভার্নিয়ার ও পেল্‌সার্ট, চিকিৎসক বার্নিয়ার, ধর্মযাজক মন্‌সারেট, রাষ্ট্রদূত হকিন্স্ ও টমাস রো ভারতে এসেছিলেন। এঁদের লিখিত বিবরণে মুঘলযুগের অর্থনৈতিক ও সামাজিক জীবনের তথ্য জানতে পারা যায়।

উৎপাদন

মুঘলযুগে সমাজ ছিল সামন্তভিত্তিক। সমাজ ও রাষ্ট্রের সর্ব উপরে ছিলেন সম্রাট। তাঁর পরেই স্থান ছিল আমীর-ওমরাহদের। রাজসভায় এঁরা স্থান পেতেন, উঁচু রাজকাজে নিযুক্ত হতেন ও বিলাসে জীবন কাটাতেন। এঁদের নিয়ে গঠিত হত অভিজাতশ্রেণী। ডাচ-বণিক পেল্‌সার্ট এঁদের ব্যাভিচার ও বিলাসের বিবরণ দিয়েছেন।

সমাজে শ্রেণীবিভাগ

সমাজে মধ্যবিত্তশ্রেণীর অস্তিত্ব ছিল কিনা সেই সম্পর্কে মতভেদ আছে। বার্নিয়ার বলেছেন, দিল্লীতে মধ্যবিত্ত কেউ ছিল না, সেখানে হয় ধনী, না হয় দরিদ্র বাস করত। ডঃ রাধাকুমুদ মুখোপাধ্যায় বলেছেন, দোকানদার, ব্যবসায়ী, মহাজন, চিকিৎসক, লেখক এঁদের নিয়ে একটি মধ্যবিত্ত-শ্রেণী ছিল, কিন্তু তাঁরা স্পষ্ট ও প্রভাবশালী ছিলেন না। সাধারণ শ্রেণীর অবস্থা ছিল অত্যন্ত শোচনীয়। তাদের পোশাক ও খাদ্য ছিল সাধারণ ও সামান্য। পেল্‌সার্ট

বলেছেন, তাদের বাসস্থান ছিল মাটি ও খড়ের তৈরী। উঁচুশ্রেণীর আদেশে তাদের কম বেতনে পরিশ্রম করতে হত। বার্নিয়ারের বিবরণ থেকে জানা যায়, প্রাদেশিক কর্মচারীরা কারিগর ও কৃষকদের উপর অত্যাচার করত। সাধারণ অবস্থায় তাদের খাওয়া-পরা চললেও, দুর্ভিক্ষ বা প্রাকৃতিক দুর্যোগে তাদের অবস্থা শোচনীয় হয়ে উঠত।

অভিজাতদের মধ্যে যে ভোগবিলাস, পানদোষ, ব্যভিচার দেখা যেত, তা সাধারণ মানুষের মধ্যে ছিল না। সাধারণ মানুষ সামাজিক রীতিনীতি মেনে চলত ও আচরণে ছিল মিতাচারী ও ধর্মপরায়ণ। বোলটস, ক্র্যানফোর্ড, স্ক্রাফটন প্রমুখ পর্যটকের বিবরণ থেকে জানা যায় যে, সমাজে পণ-প্রথা, সতীদাহ, বাল্যবিবাহ, কুলীনদের মধ্যে বহুবিবাহ প্রভৃতি প্রথাগুলি প্রচলিত ছিল। মারাঠা, জাঠ সমাজে বিধবাবিবাহ দেখা যেত। আকবর বাল্যবিবাহ ও সতীদাহ-প্রথা নিবারণের চেষ্টা করে ব্যর্থ হয়েছিলেন। মুসলমান ও হিন্দু সমাজে জ্যোতিষশাস্ত্রের চর্চা ছিল। হিন্দু ও মুসলমান সমাজে মহিলাদের মধ্যে পর্দা-প্রথার প্রচলন ছিল। মুঘলযুগে হিন্দু ও মুসলমানের মধ্যে সম্পর্কের যথেষ্ট উন্নতি হয়েছিল। ইতালীয় পর্যটক পেট্রা-ডেলা-ভেলার বিবরণে জানা যায়, ধর্ম সম্পর্কে জনসাধারণ অনেকটা স্বাধীনতা ভোগ করত।

সামাজিক রীতিনীতি

অর্থনৈতিক জীবন (Economic Life) **:** সমসাময়িক পারসীক গ্রন্থ এবং ইউরোপীয় বণিক ও পর্যটকদের বিবরণ থেকে মুঘলযুগের অর্থনৈতিক জীবনের চিত্র পাওয়া যায়। ইউরোপীয় বণিকরা ভারতের ঐশ্বর্য ও সমৃদ্ধির বিবরণ দিয়েছেন। রাষ্ট্রদূত হকিন্স্ জাহাঙ্গীরের রাজসভার ঐশ্বর্য ও আড়ম্বর দেখে চমৎকৃত হয়েছিলেন। টমাস রো বলেছেন যে, মুঘলসম্রাটের আয় তুর্কী বা পারস্যের সম্রাটের চেয়ে বেশী। সেই সময়ে বহু সমৃদ্ধিশালী শহর গড়ে উঠেছিল। মন্সারেট লাহোরকে এশিয়া ও ইউরোপের অন্যতম শ্রেষ্ঠ শহর বলেছেন। র‍্যাল্‌ফ্ ফিচ্ আগ্রা ও ফতেপুরকে লণ্ডনের চাইতে বড় ও জনবহুল বলে উল্লেখ করেছেন। এ ছাড়াও বেনারস, আমেদাবাদ, মুর্শিদাবাদ, ঢাকা, হুগলী প্রভৃতি ছিল সমৃদ্ধিশালী শহর।

চিরকালের মত কৃষিই ছিল মুঘল-ভারতের প্রধান উপজীবিকা। কৃষিকাজ-পদ্ধতিও ছিল প্রাচীনকালের মতই। প্রধান খাদ্যশস্য ছাড়াও ইক্ষু, নীল, তৈলবীজ ইত্যাদিও উৎপন্ন হত। বাংলা ও বিহারে আখের চাষ হত। পেল্‌সার্ট বলেছেন, যমুনা-উপত্যকা ও মধ্যভারতে নীলের চাষ হত। কৃষিতে বৈচিত্র্য থাকলেও, সম্প্রসারণ ঘটে নি। প্রাকৃতিক দুর্যোগে কৃষকদের দুর্দশার সীমা থাকত না, জমিদার ও রাজকর্মচারীর অত্যাচার লেগেই থাকত।

কৃষি

ভারতের হস্তশিল্প চিরকালই প্রসিদ্ধ। মুঘলযুগেও শিল্প-উৎপাদন বেশ বৃদ্ধি লাভ করেছিল। দেশের চাহিদা পূরণ করেও বিদেশে রপ্তানি করা হত। সরকারী পরিচালনায় বহু কারখানা ছিল। এই কারখানাগুলিতে সোনার কাজ, রেশমের কাজ, সুঁচের কাজ ইত্যাদি বিভিন্ন রকমের জিনিস প্রস্তুত হত। বস্ত্রশিল্প ছিল সবচেয়ে উন্নত শিল্প। সুতীবস্ত্র, রেশমবস্ত্র এত

শিল্প

উৎপন্ন হত যে, প্রচুর পরিমাণে বিদেশে রপ্তানি করা হত। বেনারস, আগ্রা, আমেদাবাদ ও উড়িষ্যা থেকে সমগ্র বাংলাদেশে ছিল বস্ত্র-উৎপাদন কেন্দ্রগুলি। বার্নিয়ার বলেছেন, বাংলায় এত পরিমাণ তুলা ও রেশম হত যে, তাকে শুধু হিন্দুস্থানের নয়, সমগ্র ইউরোপের ভাণ্ডার বলা যায়। লাহোর ও কাশ্মীর শাল ও গালিচার জন্য প্রসিদ্ধ ছিল। বস্ত্র-রঞ্জনশিল্পও ছিল প্রসিদ্ধ।

এশিয়ার বিভিন্ন দেশের সঙ্গে ভারতের বাণিজ্য-সম্পর্ক ছিল। ইউরোপীয়দের আগমনের ফলে সামুদ্রিক বাণিজ্যের প্রসার ঘটে। স্থলপথে লাহোর, মুলতান হয়ে কাবুল ও কান্দাহার হয়ে ভারতীয় বণিকরা এশিয়ার বিভিন্ন স্থানে পণ্যসামগ্রী পাঠাতেন। সুরাট, ক্যাম্বে, কালিকট, কোচিন, চট্টগ্রাম, সোনার গাঁ, মুসলিপত্তনম্ প্রভৃতি ছিল সেযুগের বিখ্যাত বন্দর। ভারত থেকে নীল, আফিম, সূতীবস্ত্র, রেশমবস্ত্র, মসলিন, সোরা, চিনি প্রভৃতি রপ্তানি করা হত। বিদেশ থেকে আমদানি করা হত মূল্যবান মণিমুক্তা, রূপা, চীনামাটির বাসন, অশ্ব, সুগন্ধি-দ্রব্য ইত্যাদি। দেশের ভিতরের ব্যবসা-বাণিজ্য সহজ ছিল। মুঘলযুগে ভারত ঐশ্বর্যশালী হলেও এই ঐশ্বর্য মুষ্টিমেয় মানুষের হাতেই সীমাবদ্ধ ছিল। সাধারণ মানুষের জীবন দারিদ্র্য ও শোষণের চাপে জর্জরিত ছিল। তবে পর্যটক এডওয়ার্ড টেরি বলেছেন যে, সাধারণভাবে জনসাধারণের পক্ষে খেয়ে-পরে বেঁচে থাকার সামর্থ্য ছিল।

ব্যবসা-বাণিজ্য

মুঘলযুগে শিল্পকলা ও স্থাপত্য (Art and Architecture) : মুঘল-সম্রাটরা স্থাপত্যের বিশেষ অনুরাগী ছিলেন। মুঘল-স্থাপত্যে বৈদেশিক প্রভাব নিয়ে ঐতিহাসিকদের মধ্যে মতবিরোধ আছে। ফার্গুসন-এর মতে, মুঘল-স্থাপত্যে বৈদেশিক রীতির যথেষ্ট প্রভাব ছিল। কিন্তু পণ্ডিত হ্যাভেলের মতে, ভারতীয় শিল্পী ও স্থপতিরাই তাঁদের প্রাধান্য বজায় রেখেছিলেন। অন্যদিকে জন মার্শাল বলেছেন যে, সমগ্র ভারতবর্ষে কোনও সময়েই এক ধরনের স্থাপত্য-রীতি লক্ষ্য করা যায় না ;—এই বিশাল দেশের এক এক অঞ্চলে এক এক ধরনের স্থাপত্যরীতি গড়ে উঠেছিল। আকবরের রাজত্বকাল পর্যন্ত ভারতীয় স্থাপত্যে পারসীক প্রভাব লক্ষ্য করা যায়। কিন্তু তারপর থেকেই এই প্রভাবের অবসান ঘটে ও অলংকরণ, কারুকার্য ও সৌন্দর্যের দিকে ঝোঁক বৃদ্ধি পায়।

বিদেশী প্রভাব

পারসিক ও ভারতীয় প্রভাব

বাবর প্রথমদিকে ভারতীয় স্থাপত্য-রীতি সম্পর্কে উঁচু ধারণা পোষণ করতেন না। তিনি পারস্য বা কন্স্টান্টিনোপল থেকে শিল্পী এনে পাথর কেটে প্রাসাদ তৈরীর চেষ্টা করেন। পানিপথের কাবুলবাগ মসজিদ ও সম্বলের জামা মসজিদ তাঁর স্থাপত্যের একমাত্র নিদর্শন। পারসীক রীতি অনুসরণ করে হুমায়ুন ফতেবাদের মসজিদ ও দিল্লীর "দিন-পান্থ" নির্মাণ করিয়েছিলেন। ভারতের স্থাপত্য-শিল্পে শের শাহের অবদান কম ছিল না ; তাঁর নির্দেশে নির্মিত সাসারামের সমাধি সৌধে হিন্দু-বৌদ্ধ ও ইসলামীয় রীতির অপূর্ব সংমিশ্রণ ঘটেছিল। আকবরের সময়ে ইন্দো-পারসীক রীতির মিশ্রণে স্থাপত্যের বিকাশ

বাবর থেকে জাহাঙ্গীর পর্যন্ত স্থাপত্যকলা

দেখা যায়। তাঁর আমলে নির্মিত উল্লেখযোগ্য সৌধ হুমায়ুনের সমাধি, যাতে পারসীক প্রভাব লক্ষণীয়। ফার্গুসনের মতে, ফতেপুর সিক্রির সৌধগুলি আকবরের মহৎ শিল্প-ভাবনার পরিচয় বহন করে। ভিন্‌সেণ্ট স্মিথের মতে "ফতেপুর সিক্রি হল পাথরে নির্মিত কাব্য।" ফতেপুর সিক্রির প্রাসাদগুলিতে হিন্দু স্থাপত্য-শিল্পের প্রভাব বিশেষভাবে দেখা



তাজমহল

যায়। এ ছাড়াও আগ্রা দুর্গের জাহাঙ্গীরী মহলের গঠনেও হিন্দু স্থাপত্য-রীতির প্রাধান্য আছে। ফতেপুর সিক্রিতে নির্মিত যোধাবাঈ মহল, জামি মসজিদ, বুলন্দ দরওয়াজা (ভারতের সবচেয়ে উঁচু দরওয়াজা) আকবরের স্থাপত্য-প্রীতির নিদর্শন। জাহাঙ্গীর



আগ্রা দুর্গ

নির্মিত সেকেন্দ্রায় আকবরের সমাধি বিশেষভাবে উল্লেখযোগ্য শিল্প-নিদর্শন। এ ছাড়াও ইতিমাদ্দৌলার সমাধি তাঁর আমলে নির্মিত হয়েছিল।

স্থাপত্য-নির্মাতা হিসাবে শাহজাহান ছিলেন মুঘল সম্রাটদের মধ্যে সর্বশ্রেষ্ঠ। মৌলিকতার দিক থেকে না হলেও, আলঙ্কারিক কারুকার্যের দিক থেকে তাঁর সৌধগুলি ছিল শ্রেষ্ঠ। দেওয়ান-ই-আম, দেওয়ান-ই-খাস, আগ্রার মোতি মসজিদ, জুম্মা মসজিদ শাহজাহানের স্থাপত্য-কীর্তির পরিচায়ক। তাঁর স্ত্রী মমতাজ বেগমের সমাধির উপর

শাহজাহান ও ঔরঙ্গজেবের অবদান



দেওয়ান-ই-খাস



জুম্মা মসজিদ

নির্মিত তাজমহল তাঁর শ্রেষ্ঠ শিল্পকীর্তি। তাজমহল নির্মাণে স্থপতি ছিলেন ওস্তাদ ঈশা। ২২ বছর ধরে ৩ কোটি মুদ্রাব্যয়ে তাজমহল নির্মাণ করা হয়েছিল। ঔরঙ্গজেব তাঁর

ধর্মান্ধতার জন্য স্থাপত্য-শিল্পে আগ্রহ দেখাননি। ঔরঙ্গজেবের আমল থেকেই মুঘল-স্থাপত্যের অবনতি ঘটে। প্রাদেশিক স্থাপত্যের ক্ষেত্রে বিজাপুর ও গোলকুণ্ডার সুলতানরা বিশিষ্ট নিদর্শন রেখে গেছেন। বিজাপুরের সৌধাবলীর মধ্যে আদিল শাহ নির্মিত জামা মসজিদ, আদিল শাহের সমাধি, রাজকীয় প্রাসাদ—'গগনমহল' ও 'আসরমহল' উল্লেখযোগ্য। গোলকুণ্ডার কুতুবশাহ'র সমাধিও উল্লেখযোগ্য সমাধি-সৌধ্য। এ ছাড়াও দিল্লীতে সফদরজঙ্গের সমাধি, লক্ষ্ণৌতে ইমামবাড়া এই যুগেই নির্মিত হয়।

চিত্রশিল্প (Painting) : স্থাপত্য-শিল্পের মত চিত্র-শিল্পেও মুঘলযুগে ক্রম-বিকাশের ধারা দেখা যায়। ভারতীয় শিল্প-রীতির সঙ্গে চৈনিক, বল্হীক, ইরানীয় ও মোঙ্গলীয় শিল্প-রীতির এক অপূর্ব সংমিশ্রণ ঘটেছিল। আকবরের আমল থেকে মুঘল সম্রাটদের চিত্রশিল্পে ভারতীয় প্রভাব লক্ষ্য করা যায়। এর পূর্বে বাবর ও হুমায়ুনের সময় ইরানীয় শিল্প-রীতির প্রাধান্য ছিল। সম্রাট আকবর আব্দুস সামাদের অধীনে একটি পৃথক চিত্রশিল্পবিভাগ স্থাপন করেছিলেন। আকবরের রাজত্বকালে চিত্রশিল্পের যে উৎকর্ষের সূত্রপাত হয়েছিল, জাহাঙ্গীরের আমলে তার চরম বিকাশ হয়। সে যুগের চিত্রশিল্পীদের মধ্যে আব্দুস সামাদ, ফারুখ বেগ, বিশান দাস, গোবর্ধন, আব্দুল হাসান ও 'প্রাচ্যের রাফায়েল' মীর সৈয়দ আলি ছিলেন বিখ্যাত। শাহজাহান স্থাপত্যের প্রতি যে অনুরাগ দেখিয়েছেন চিত্রশিল্পের প্রতি সেই অনুরাগ দেখাননি। ঔরঙ্গজেবের আমলে চিত্রশিল্প সম্পূর্ণ নিষিদ্ধ হয়।

আকবর ও জাহাঙ্গীরের পৃষ্ঠপোষকতা

মুঘলযুগে রাজপুতদের মধ্যে সম্পূর্ণ আলাদা ধরনের চিত্রশিল্প গড়ে উঠে, যা 'রাজপুত-রীতি' নামে পরিচিত। উচ্চাঙ্গ সংগীতের বিভিন্ন সুর ও সামাজিক জীবনের নানা দিক নিয়ে রাজপুত-চিত্র অঙ্কিত হয়েছিল। পাঞ্জাবের পার্শ্ববর্তী পাহাড়ী অঞ্চল ও হিমালয়ের কাংড়া অঞ্চলেও পাহাড়ী চিত্রকলার উৎকর্ষ এই সময় দেখা যায়।

রাজপুত ও কাঁংড়া রীতি

সঙ্গীত-শিল্প (Music) : মুঘল যুগে সংগীত-শিল্পেও যথেষ্ট উন্নতি হয়েছিল। ঔরঙ্গজেব ছাড়া অন্য সব সম্রাটই ছিলেন সংগীত-রসপিপাসু। প্রখ্যাত সংগীতসাধক মিঞা তানসেন ছিলেন আকবরের অন্যতম সভাসদ্। আকবরের পিতা হুমায়ুনও ছিলেন সংগীতানুরাগী। জাহাঙ্গীরও সংগীতপ্রিয় ছিলেন; তিনি নিজে হিন্দী সংগীত রচনা করেছিলেন। শাহজাহান নিজে সুগায়ক ছিলেন। মুঘল যুগে উচ্চাঙ্গ সংগীতের যথেষ্ট উন্নতি হয়েছিল। বৈজু বাওরা, সুরদাস ও মালবের সুলতান বাজবাহাদুরের নাম উচ্চাঙ্গ সংগীতজ্ঞ হিসাবে প্রসিদ্ধ। ঔরঙ্গজেব ছিলেন সংগীতের ঘোর বিরোধী, তাঁর সময় থেকেই মুঘল-সম্রাটরা সংগীতের আর পৃষ্ঠপোষকতা করেন নি।

সাহিত্য (Literature) : সাহিত্যের ক্ষেত্রেও মুঘলযুগ বিশিষ্টতা অর্জন করেছিল। ইতিহাস-সাহিত্য, অনুবাদ-সাহিত্য ও কাব্য—এই তিন রকমের সাহিত্য-সৃষ্টি মুঘলযুগে সার্থক হয়ে উঠেছিল। এই যুগের ইতিহাস-সাহিত্য-সৃষ্টি বিশেষভাবে

উল্লেখযোগ্য। বাবরের 'আত্মস্মৃতি' 'তুজুক-ই-বাবরী', গুলবদন বেগমের "হুমায়ুন-নামা", আবুল ফজলের "আকবর-নামা" ও "আইন-ই-আকবরী"; মোল্লা দাউদের "তারিখ-ই-আলাফি", নিজামুদ্দিন আহম্মদ রচিত "তাবকৎ-ই-আকবরী", বদাউনী রচিত "মুন্তখাবতউল-তোয়ারিখ", আবদুল হামিদ খান লাহোরীর "বাদশাহ-নামা", মীর্জা মুহম্মদ কাজিমের 'আলমগীর নামা' ফারসী ভাষায় রচিত উল্লেখযোগ্য ঐতিহাসিক রচনা।

ইতিহাস-সাহিত্য

অনুবাদ-সাহিত্যের মধ্যে আকবরের আদেশে বদাউনী রামায়ণ ও মহাভারতের কিছু অংশ ফারসীতে অনুবাদ করেন। হাজী ইব্রাহিমের অথর্ববেদের অনুবাদ, ফৈজীর লীলাবতীর গণিতের অনুবাদ উল্লেখযোগ্য। শাহজাহানের আমলে ভগবদ-গীতা, উপনিষদ প্রভৃতির ফারসী অনুবাদ করা হয়।

অনুবাদ-সাহিত্য

ফারসী কাব্য ও কবিতার ক্ষেত্রে ফৈজীর কাব্যগ্রন্থ, ঘিজলীর কাব্য, নাজিরির গজল উল্লেখযোগ্য। ঘিজলী ছিলেন আকবরের সভার শ্রেষ্ঠ কবি। গদ্যরচনায় আবুল ফজল বিশেষ খ্যাতিলাভ করেন। জাহাঙ্গীরের 'আত্মজীবনী' 'তুজুক-ই-জাহাঙ্গীরী', দারা শিকোর দর্শনের রচনাগুলি ফারসী গদ্য-সাহিত্যের বিখ্যাত গ্রন্থ।

কাব্য ও গদ্য-সাহিত্য

হিন্দী-সাহিত্যের অগ্রগতি মুঘলযুগের অন্যতম বিশেষ ঘটনা। মির্জা আবদুর রহিম, ভগবান দাস, বীরবল এঁরা সকলেই ছিলেন সুকবি ও সু-সাহিত্যিক। সুরদাস ব্রজভাষায় কবিতা লেখা বিশেষ খ্যাতি অর্জন করেন। তুলসীদাস রচিত "রামচরিত-মানস" হিন্দী সাহিত্যের এক অমূল্য গ্রন্থ।

হিন্দী-সাহিত্য

মুঘল-আমলে বাংলাভাষারও যথেষ্ট উন্নতি হয়েছিল। বৈষ্ণব সাহিত্যের বিশেষ উৎকর্ষসাধন ঘটে এই সময়। কৃষ্ণদাস কবিরাজ, বৃন্দাবন দাস, জয়ানন্দ, ত্রিলোচন দাস প্রমুখ ছিলেন বৈষ্ণব সাহিত্যের রচয়িতা। মঙ্গল-কাব্যেরও ব্যাপক রচনা এই যুগেই হয়েছিল। কাশীরাম দাস রচিত 'মহাভারত', মুকুন্দরাম রচিত "কবিকঙ্কন চণ্ডী" প্রভৃতিও এই যুগের বিশিষ্ট রচনা। গোলকুণ্ডা ও বিজাপুরে উর্দু ভাষা যথেষ্ট উৎকর্ষ লাভ করেছিল। উর্দু ভাষায় অনেক সাহিত্যও সৃষ্টি হয়েছিল। শিখগুরুদের উপদেশাবলী সমন্বিত "গ্রন্থসাহেব" পাঞ্জাবী সাহিত্যকে সমৃদ্ধ করেছিল। মহারাষ্ট্রে সাধু-সন্তদের বাণী মারাঠী ভাষায় সংকলিত হয়ে ঐ ভাষাকে সমৃদ্ধ করেছিল।

বাংলা ও অন্যান্য সাহিত্য

ভারতবর্ষের ইতিহাস—১৭০৭-১৮৫৭ খ্রীঃ
(History of India—1707-1857 A. D.)

॥ ১ ॥ মুঘল সাম্রাজ্যের পতন ও ভাঙ্গন
(Decline and Disintegration of Mughal Empire)

প্রায় দুশো বছর ধরে মুঘলসাম্রাজ্য বিস্তৃতি, ক্ষমতা ও ঐশ্বর্যে সমসাময়িক বিশ্বের ঈর্ষার বিষয়বস্তু হয়ে উঠেছিল। কিন্তু অষ্টাদশ শতাব্দীর প্রথম দিক থেকে মুঘল সাম্রাজ্যের ভিত্তি শিথিল হয়ে পতনের দিকে এগিয়ে যায়। মুঘল সাম্রাজ্যের শক্তি ও গৌরব হ্রাস পেতে থাকে। বিশাল সাম্রাজ্য সঙ্কুচিত হয়ে দিল্লীকে কেন্দ্র করে মাত্র কয়েক বর্গমাইলে পরিণত হল। ১৮০৩ খ্রীষ্টাব্দে দিল্লী ব্রিটিশ সেনাদের দ্বারা অধিকৃত হওয়ায় মুঘল সম্রাট বিদেশী শক্তির উপর নির্ভরশীল বৃত্তিজীবী হয়ে পড়লেন।

ঔরঙ্গজেবের দীর্ঘকালীন ও দৃঢ় শাসনকালেই মুঘল সাম্রাজ্যের ভিত কেঁপে উঠেছিল। উত্তরাধিকারসূত্রে ঔরঙ্গজেব একটি বৃহৎ সাম্রাজ্যের ভার পেয়েছিলেন। কিন্তু তৃপ্ত না হয়ে তিনি সাম্রাজ্যের সীমানা সুদূর দাক্ষিণাত্যের শেষ ভৌগোলিক প্রান্ত পর্যন্ত বিস্তার ঘটান। এর জন্য প্রয়োজন হয় জনবল ও নানা সরঞ্জামের। বাস্তব দিক থেকে বিচার করলে তখনকার যোগাযোগ ব্যবস্থা, দেশের অর্থনৈতিক ও রাজনৈতিক পরিস্থিতি, সুদূর প্রান্ত পর্যন্ত একটি কেন্দ্রীয় রাষ্ট্রশাসন-ব্যবস্থা প্রতিষ্ঠার উপযোগী ছিল না। ঔরঙ্গজেব সমগ্র দেশে একটি কেন্দ্রীয় শাসন ব্যবস্থার মাধ্যমে সংহতি স্থাপনের যে নীতি নিয়েছিলেন তা পূর্ণ করা অসম্ভব ছিল।

বিস্তৃতি

ঔরঙ্গজেবের কূটনীতি ছিল তাঁর ব্যর্থতার অন্যতম কারণ। দাক্ষিণাত্যে মারাঠাদের দাবি ছিল আঞ্চলিক স্বায়ত্তশাসন। ঔরঙ্গজেব এই দাবি মেনে নিতে রাজী ছিলেন না। তিনি বুঝতে পারেন নি যে, শিবাজী ও অন্যান্য মারাঠা নেতারা যে শক্তিতে বলীয়ান, সেই শক্তিকে দমিয়ে রাখা সম্ভব নয়। ঔরঙ্গজেব আপোষ বা চুক্তির পথে না গিয়ে মারাঠাদের প্রতি দমননীতি গ্রহণ করলেন। মারাঠাদের বিরুদ্ধে রক্তক্ষয়ী সংগ্রাম চলেছিল বহু বছর ধরে। এই অভিযানে সার্থক না হয়ে তিনি ব্যর্থ হয়েছিলেন। রাজকোষের অর্থ জলের মত ব্যয়

ঔরঙ্গজেবের কূটনৈতিক ব্যর্থতা

হয়েছিল। দাক্ষিণাত্যের ব্যবসা ও বাণিজ্যেরও প্রচুর ক্ষতি হয়েছিল। দীর্ঘ পঁচিশ বছর ধরে উত্তর ভারতে তাঁর অনুপস্থিতির জন্য শাসন ব্যবস্থায়ও প্রচুর শৈথিল্য দেখা দেয়। মারাঠাদের দমনে তাঁর ব্যর্থতা, সাম্রাজ্যের ও তাঁর সামরিক শক্তি ও মর্যাদার হানি ঘটিয়েছিল। ভারতের উত্তর-পশ্চিম অঞ্চলের প্রতিরক্ষা ব্যবস্থার অবহেলার ফলে ঐসব অঞ্চলের শাসকদের মনে স্বাধীনতালাভের ইচ্ছা জেগে উঠেছিল। অষ্টাদশ শতকে উত্তর ভারতে মারাঠাদের উপস্থিতির ফলে কেন্দ্রীয় শক্তি আরও দুর্বল হয়ে উঠে।

ঔরঙ্গজেবের রাজপুত নীতি

আকবরের সময় থেকে রাজপুত রাজারা ছিলেন মুঘল শাসনব্যবস্থার স্তম্ভস্বরূপ। কিন্তু রাজপুত কয়েকজন রাজার সঙ্গে ঔরঙ্গজেবের বিরোধের পরিণাম হয়েছিল সাম্রাজ্যের পক্ষে নিদারুণ ক্ষতিকর। রাজত্বের শুরুতে ঔরঙ্গজেব রাজপুতদের সঙ্গে মিত্রতার নীতি মেনে নিয়েছিলেন। কিন্তু পরে এই নীতি ত্যাগ করে রাজপুত রাজাদের পদমর্যাদা হ্রাস করে ও রাজপুতনায় নিজের আধিপত্য বিস্তারের চেষ্টা করে তিনি অদূরদর্শিতার পরিচয় দিয়েছিলেন। তিনি রাজপুতদের আনুগত্য হারিয়েছিলেন ও তাদের সঙ্গে যুদ্ধবিগ্রহের ফলে সাম্রাজ্যের শক্তিক্ষয় হয়েছিল। রাজপুতরা সাম্রাজ্য থেকে বিচ্ছিন্ন হওয়ার চেষ্টা শুরু করেছিলেন।

জাঠ, শিখ ও সৎনামী বিদ্রোহ

ঔরঙ্গজেবের সাম্রাজ্যের কেন্দ্রস্থল দিল্লীর নিকটবর্তী অঞ্চলে জাঠ, শিখ ও সৎনামীদের বিদ্রোহ দেখা দিয়েছিল। এদের শক্তি বেশী না থাকলেও জনসমর্থনের অভাব ছিল না। কারণ, কৃষকরা এইসব বিদ্রোহে যোগ দেয়। কৃষকদের প্রতি জমিদার, ওমরাহ ও রাজস্ব কর্মচারীদের সামন্ত-তান্ত্রিক দমন-নীতি এইসব বিক্ষোভের মূলে ছিল।

ঔরঙ্গজেবের সংকীর্ণ ধর্মনীতি

ঔরঙ্গজেবের ধর্মান্ধতা ও হিন্দু রাজাদের প্রতি তাঁর বিরোধী আচরণ মুঘল সাম্রাজ্যের পক্ষে ক্ষতিকারক হয়। আকবর, জাহাঙ্গীর ও শাহজাহানের কালে মুঘল সাম্রাজ্য ছিল মূলত ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। এই আমলে রাষ্ট্রনীতি কারো ধর্মবিশ্বাসে আঘাত দিত না, চিরকালীন প্রথাগুলি ছিল অব্যাহত, হিন্দু-মুসলমানের সম্প্রীতি বজায় ছিল; রাজ্যের পদগুলি কারো একচেটিয়া না রেখে যোগ্যতা অনুসারে বিভিন্ন ধর্মের ব্যক্তিদের পেতে বাধা হত না। জিজিয়া কর পুনঃ-প্রবর্তন, উত্তর ভারতের কয়েকটি মন্দিরের ধ্বংসসাধন ও হিন্দু প্রজাদের উপর কয়েকটি বিধি নিষেধ আরোপের মধ্য দিয়ে ঔরঙ্গজেব এতদিনের অনুসরণ করা উদার রাষ্ট্রনীতি বদলে দিলেন। এইভাবে তিনি হিন্দু সমাজের আস্থা হারিয়ে সেই সময়ের সমাজে বিভেদ-নীতির প্রবর্তন করলেন। হিন্দু-মুসলমান উচ্চশ্রেণীর মধ্যে বিরাট ফাটলের সৃষ্টি হয়েছিল। ঔরঙ্গজেবের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক দূরদৃষ্টির অভাব ছিল। তাঁর চারিত্রিক দুর্বলতা না থাকলেও, তাঁর নীতিগুলি ছিল দুর্বল ও ত্রুটিযুক্ত।

শাহজাহানের রাজত্বকাল থেকেই প্রকৃত পক্ষে মুঘল সাম্রাজ্যের পতনের লক্ষণগুলি সুস্পষ্ট হয়। শাহজাহানের আড়ম্বর প্রিয়তা, বিলাস ব্যসন ও স্থাপত্য প্রীতি মুঘল রাজকোষকে শূন্য করে দিয়েছিল। এছাড়াও তাঁর আমলে বিলাসের ব্যয় নির্বাহের ভার বহন করতে হয়েছিল প্রজা সাধারণের। ফলে প্রজাদের আর্থিক অবস্থা শোচনীয় হয়ে উঠেছিল। ঐতিহাসিক কালিকিঙ্কর দত্ত মন্তব্য করেছেন যে, ফ্রান্সের রাজা চতুর্দশ লুইয়ের মতো ঐশ্বর্য ও আড়ম্বরের আড়ালে শাহজাহান মুঘল শাসনের ধ্বংসের বীজ বপন করেন।

শাহজাহানের আড়ম্বর ও বিলাস

ঔরঙ্গজেবের মৃত্যুর পর সিংহাসনের উত্তরাধিকার নিয়ে যেসব বিধ্বংসী যুদ্ধবিগ্রহ ঘটেছিল, তা পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছিল। উত্তরাধিকার সংক্রান্ত কোনও নির্দিষ্ট নিয়ম না থাকায় প্রায় প্রতিটি মুঘল সম্রাটের মৃত্যুর পর রাজপুত্রদের মধ্যে সিংহাসন নিয়ে গৃহযুদ্ধ প্রায় নিয়মে পরিণত হয়েছিল। সিংহাসন নিয়ে এই সর্বনাশা যুদ্ধের পরিণাম হত লোকক্ষয় ও সম্পত্তির ক্ষতি। সাম্রাজ্যের শাসন-ব্যবস্থাতেও ফাটল দেখা দিত। রাজার স্তম্ভস্বরূপ অভিজাত শ্রেণীতে ফাটল ধরত এবং তাঁরাও যুধ্যমান দলে বিভক্ত হয়ে পড়তেন। শাসনকেন্দ্রে এই রাজনৈতিক অস্থিরতা ও অনিশ্চয়তার সুযোগে অনেক সময় আঞ্চলিক শাসকরা নিজেদের স্বাধীনতার মাত্রা বৃদ্ধি করতে বা পদটিকে বংশানুক্রমিক করতে চেষ্টা করতেন।

উত্তরাধিকার যুদ্ধ

ঔরঙ্গজেবের পর মুঘল সিংহাসনে কোন দক্ষ, দূরদর্শী ও উদ্যমশীল সম্রাট বসেন নি। একমাত্র বাহাদুর শাহের অল্পদিন রাজত্বকাল ছাড়া, অন্যান্য মুঘল সম্রাটরা ছিলেন অপদার্থ, দুর্বলচিত্ত ও বিলাসপ্রিয়। স্বৈরাচারী, এককেন্দ্রিক রাজতন্ত্রের সাফল্যের জন্য প্রয়োজন ছিল সম্রাটের ব্যক্তিত্ব ও চারিত্রিক দৃঢ়তা।

দুর্বল সম্রাট

রাজদরবারের অভিজাতশ্রেণীর চরিত্র ও তাদের বিন্যাসের উপরও সাম্রাজ্যের শক্তি অনেকটা নির্ভরশীল ছিল। সম্রাটের ত্রুটিগুলি এই দক্ষ অভিজাতরা শুধরে নিতে পারতেন। কিন্তু এই অভিজাতশ্রেণীর চরিত্রও কলুষিত হয়ে পড়েছিল। এঁরা নিজেদের সাধ্যের অতিরিক্ত ব্যয়বহুল জীবনে অভ্যস্ত হয়ে পড়েছিলেন। এঁরা হয়ে উঠেছিলেন আরামপ্রিয় ও বিলাসী। তাঁদের শিক্ষার মানও ছিল নীচু ও যুদ্ধবিদ্যাশিক্ষায় আগ্রহ ছিল না। প্রথম দিকে অনেক নীচুশ্রেণীর মানুষ যোগ্যতা দেখিয়ে অভিজাতশ্রেণীতে উন্নীত হয়েছিলেন। পরবর্তী কালে উঁচু পদগুলি এঁরা একচেটিয়া করে নিয়ে যোগ্যতা দেখিয়ে কাউকে উঁচুপদে উঠার পথে বাধার সৃষ্টি করেন। যোগ্যতা দেখিয়ে নীচুস্তরের মানুষদের উঁচু পদ অধিকারের পথ বন্ধ করে দেওয়া হয়েছিল। এই প্রসঙ্গে বলতে হবে যে, রাজদরবারে অভিজাতশ্রেণীর মধ্যে সবাই যে দুর্বল ও অপদার্থ হয়ে উঠেছিলেন এমন নয়। অষ্টাদশ শতকেও সংখ্যার দিক থেকে বেশ কিছু দক্ষ ও উদ্যমশীল রাজকর্মচারী ও নিপুণ সেনাপতি তাদের নিজস্ব গুণে বিশিষ্টতা অর্জন করেছিলেন। কিন্তু এদের কারো দ্বারা সাম্রাজ্যের উপকার সাধিত হয় নি। কারণ এরা রাষ্ট্র বা সমাজের স্বার্থে নিজেদের প্রতিভা ও কর্মক্ষমতা

অভিজাত শ্রেণীর দুর্বলতা

প্রয়োগ করতেন না। এঁরা যা কিছু করেছেন সব নিজেদের স্বার্থে। এঁরা স্বার্থ রক্ষা করতে গিয়ে নিজেদের মধ্যে বিবাদ ও বিরোধে লিপ্ত হয়েছেন।

সাধারণভাবে ধরা হয় যে, অষ্টাদশ শতকে মুঘল অভিজাত শ্রেণীর মধ্যে কর্মদক্ষতা ও নৈতিক শক্তির অভাব দেখা দিয়েছিল। কিন্তু এই ধারণা সত্য নয়। প্রকৃতপক্ষে অভিজাতশ্রেণীর ব্যর্থতার মূল কারণ ছিল তাঁদের স্বার্থপরতা ও রাষ্ট্রের প্রতি আনুগত্য-হীনতা। এর ফলে শাসনে দুর্নীতি প্রবেশ করেছিল। পরস্পরের ত্রুটির অনুসন্ধান ও বিবাদের পরিস্থিতি সৃষ্টি হয়েছিল। নিজেদের ক্ষমতা, সম্মান, আয়বৃদ্ধির জন্য অভিজাতশ্রেণী নিজেদের মধ্যে ছোট ছোট 'দল' বা গোষ্ঠী গড়ে তোলেন। এঁরা পরস্পরের বিরুদ্ধে, এমন কি সম্রাটের বিরুদ্ধেও ষড়যন্ত্রে লিপ্ত হতেন। ক্ষমতা লাভের জন্য এঁরা বলপ্রয়োগ, জালিয়াতি ও বিশ্বাসঘাতকতার আশ্রয় নিতেও দ্বিধা করতেন না। পারস্পরিক এই বিবাদের ফলে সাম্রাজ্যের শাসনব্যবস্থা ও সংহতি ভেঙ্গে পড়েছিল এবং সাম্রাজ্য খণ্ডবিখণ্ড হয়ে গিয়েছিল। এই অবস্থায় শাসনব্যবস্থা ও সংহতি শিথিল হয়ে প্রতিরোধ-শক্তি হারিয়ে ফেলে বিদেশী আক্রমণের সহজ শিকার হয়ে যায়। এইক্ষেত্রে সবচেয়ে দায়ী ছিলেন সাম্রাজ্যের স্তম্ভস্বরূপ সেইসব অভিজাত শ্রেণীর মানুষ, যাঁরা ছিলেন সক্রিয় ও সুদক্ষ। নিজেদের স্বার্থে এঁরাই সাম্রাজ্যের বিভিন্ন অংশ নিজস্ব সম্পত্তিরূপে গড়ে তুলে এঁরা সাম্রাজ্যের সংহতি বিনাশ করেছিলেন। মুঘল রাজত্বের শেষদিকে এই হঠাৎ গজিয়ে উঠা নবাব বা রাজাদের অবস্থাও অবনতির দিকে অগ্রসর হয়েছিল। এই অবনতির কারণ ছিল রাজনৈতিক অদূরদর্শিতা, সামাজিক কর্তব্যবোধের অভাব ও কিছু প্রাপ্তির লোভে বিচারবুদ্ধির বিসর্জন। মুঘল অভিজাতদের বিবেক-বুদ্ধিহীনতা, আত্মকলহ, সামাজিক কর্তব্যবোধের অভাব প্রভৃতি ত্রুটিগুলি মুঘল দরবারের বাইরেও এদের কাজকর্মে প্রতিফলিত হয়েছে।

অভিজাতদের গোষ্ঠীদ্বন্দ্ব ও সাম্রাজ্যের সংহতি বিনাশ

অভিজাতশ্রেণীর ক্রমবর্ধমান স্বার্থপরতা ও ষড়যন্ত্রের একটি প্রধান কারণ ছিল জায়গিরের সংখ্যা কমে যাওয়া ও জায়গিরগুলির আয় হ্রাস। সেই সময় নতুন নতুন অভিজাত-শ্রেণীর আবির্ভাব ঘটছিল ও তাদের জীবনযাত্রার মানও বৃদ্ধি পাচ্ছিল। যে ক'টি জায়গির রাজদরবারের হাতে ছিল, সেইগুলি দখল করার জন্য অভিজাতদের মধ্যে প্রচণ্ড প্রতিদ্বন্দ্বিতা দেখা দিয়েছিল। সকলকে সন্তুষ্ট করা সম্ভব ছিল না। অন্যদিকে জায়গিরদাররা তাঁদের জায়গির থেকে যথাসম্ভব লাভ তুলে নেওয়ার চেষ্টা করলে কৃষকদের উপর শোষণের মাত্রা বেড়ে যায়। জায়গিরের অধীন 'খালসা' জমি বা সম্রাটের নিজস্ব জমি জায়গিরদাররা দখল করার চেষ্টা করলে রাষ্ট্রের আয় হ্রাস পায়। জায়গিরভোগের শর্ত ছিল প্রতিটি জায়গিরদারকে সাম্রাজ্য রক্ষার জন্য নির্দিষ্টসংখ্যক সেনাবাহিনী রাখতে হবে। জায়গিরদাররা নির্দিষ্ট সংখ্যায় সেনাবাহিনী না রেখে ব্যয়-সংকোচ করতেন। জায়গিরদাররা নির্দিষ্ট সংখ্যক সৈন্য পোষণ না করার ফলে সেনাবাহিনীও দুর্বল হয়ে পড়েছিল।

জায়গিরের সংখ্যা হ্রাস

মুঘল সাম্রাজ্যের পতনের অন্যতম মৌলিক কারণ ছিল যে, এই শাসন আর প্রজাদের প্রয়োজন মেটাতে পারছিল না। সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীতে ভারতীয় কৃষকসমাজের অবস্থা ক্রমাগতভাবে হীন থেকে হীনতর হয়ে উঠে। কৃষিব্যবস্থার উন্নতির অভাবে কৃষকদের অবস্থাও শোচনীয় হয়ে পড়েছিল।

কৃষক-অসন্তোষ

ভারতীয় কৃষকদের অবস্থা কোন কালেই ভাল না থাকলেও, তুলনায় অষ্টাদশ শতকে তাদের অবস্থা হয়ে উঠেছিল দুর্ভাগ্যজনক ও অনিশ্চিত। আকবরের সময় থেকে জমির উপর করের বোঝা বাড়ছিল। এর সঙ্গে যুক্ত হয় ক্রমাগতভাবে জায়গিরদারদের পরিবর্তন। কেউ কেউ জায়গির লাভ করে অল্প সময়ের মধ্যে বেশী উপার্জনের চেষ্টায় ব্যস্ত হয়ে পড়ে। কৃষকদের উপর এঁদের দাবির পরিমাণ ছিল মাত্রাতিরিক্ত। জুলুম করে এই দাবি আদায় করা হত। কৃষকদের দেয় সম্পর্কে সরকারী নির্দেশকে জায়গিরদাররা মান্য করতেন না। ঔরঙ্গজেবের পর থেকে নীলাম ডেকে সর্বোচ্চ ডাকে জমির খাজনা আদায়ের দায়িত্ব দেওয়ার ব্যবস্থা করা হয় (ইজারা ব্যবস্থা)। এই ইজারাদারদের কৃষকদের কাছ থেকে যতটা সম্ভব রাজস্ব আদায়ের অধিকার দেওয়া হয়েছিল। জায়গির ও খালসা উভয় শ্রেণীর জমিতে এই নিয়ম ছিল। এর ফলে এক তালুকদারশ্রেণীর সৃষ্টি হয়, যারা শোষণকেই তাদের কর্তব্য মনে করতেন। ফলে কৃষিব্যবস্থার অবনতি হতে থাকে। কৃষির উন্নতির অভাবে কৃষকদের অবস্থাও হয় শোচনীয়। দেখা যেত খাজনার হাত থেকে রেহাই পাওয়ার জন্য কৃষকরা জায়গাজমি ফেলে অন্যত্র চলে যাচ্ছে। এই অসন্তোষ কৃষক-বিদ্রোহের রূপ লাভ করেছিল (সৎনামী, জাঠ ইত্যাদি বিদ্রোহ)। এই বিদ্রোহগুলি সাম্রাজ্যের শক্তি ও সংহতির মূলে আঘাত করে।

কৃষি-আয়ের অপ্রতুলতা

কৃষিকাজ থেকে যে আয় হচ্ছিল, তাতে সাম্রাজ্য পরিচালনা, যুদ্ধবিগ্রহের ব্যয় ও শাসক শ্রেণীর ক্রমবর্ধমান বিলাসের চাহিদা মিটছিল না। সাম্রাজ্য টিকিয়ে রাখতে ও পূর্বশক্তি ফিরিয়ে আনতে নতুন পথের সন্ধানের প্রয়োজন হয়ে পড়েছিল। এই অতিরিক্ত আয় হতে পারত শিল্প ও বাণিজ্য থেকে। কিন্তু সেই সময়ের পরিস্থিতিতে তাও সম্ভব ছিল না। অর্থ আদায় ও রাজকোষের স্বার্থে জমির উপরই ছিল সবার দৃষ্টি। বিদেশী বাণিজ্য, বিশেষ করে সামুদ্রিক বাণিজ্য ছিল অবহেলিত। সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক চিন্তাধারায় কোনও বিপ্লব বা পরিবর্তন হয় নি।

জাতীয়তাবোধের অভাব ও ঊদাসীনতা

মুঘল সাম্রাজ্যের পতনের কারণ ছিল সামাজিক বা রাজনৈতিক। সেই সময়ে ভারতীয় জনগণের চিন্তায় জাতীয়তাবোধের অভাব বিরাজ করছিল। আধুনিক জাতি হিসাবে গড়ে উঠার উপাদানগুলির অভাব তখন ভারতবাসীদের মধ্যে লক্ষ্য করা যায়। ভারতবর্ষের সেই সময়ের অধিবাসীদের মধ্যে ভারতবাসী রূপে চিন্তার কোনও লক্ষণ ছিল না। কয়েক শো বছর ধরে ভারতীয়দের মনে সাংস্কৃতিক ঐক্যবোধ জাগ্রত থাকা সত্ত্বেও তাদের মধ্যে একতা ও সংহতিবোধ জেগে উঠে নি। ভারতবাসী মাত্রেরই একই স্বার্থ, এই মানসিকতা তাদের উদ্বুদ্ধ করতে পারে নি। ফলে জাতির স্বার্থে বেঁচে থাকা বা জাতির স্বার্থে মৃত্যুবরণ করা, এমন আদর্শবোধের সৃষ্টি তখনও হয়নি। সেই সময়ে জনগণের আনুগত্য ব্যক্তিবিশেষ, সম্প্রদায়, বর্ণ ও ধর্মের গণ্ডিতেই আবদ্ধ ছিল। প্রকৃতপক্ষে সেই সময় দেশের কোন বিশেষ শ্রেণী বা গোষ্ঠী দেশ বা সাম্রাজ্যের সুস্থিতি নিয়ে চিন্তাভাবনা করে নি। শক্তিশালী কোন শাসক হয়ত কোন সময়ে প্রচণ্ড চাপ সৃষ্টি

করে জনসাধারণকে একতাবদ্ধ করতেন। দেশের সংখ্যাগরিষ্ঠ কৃষকসমাজ শুধু তাদের গ্রামের স্বার্থ বা শ্রেণীর স্বার্থের কথা চিন্তা করত। সাম্রাজ্যের স্থায়িত্ব বা রাজনীতি নিয়ে তারা মাথা ঘামাত না। বেশীর ভাগ মানুষের সাম্রাজ্যের ভাল বা মন্দ নিয়ে কোনও আগ্রহ ছিল না। তারা মনে করত সাম্রাজ্যের ভাল বা মন্দের সঙ্গে তাদের ভাগ্য জড়িত নয়। বাইরের আক্রমণ-প্রতিরোধে তাদের দায়িত্ব আছে এই ধারণা তাদের ছিল না। কেন্দ্রে কোন দুর্বল সম্রাট থাকলেই জমিদাররা বিদ্রোহের পথ নিত। সাম্রাজ্যের কেন্দ্রে শক্ত শাসন-ব্যবস্থা তাদের আকাঙ্ক্ষার বিষয় ছিল না ;—কারণ তাহলে তাদের ক্ষমতালিপ্সা ও স্বাধীনতা খর্ব হওয়ার সম্ভাবনা থাকবে।

মুঘলযুগের প্রথমদিকের অভিজাতশ্রেণীর মধ্যে রাজপরিবারের প্রতি আনুগত্য ছিল প্রবল। তবে এই আনুগত্যের বিনিময়ে তাঁরা ভোগ করতেন উচু রাজপদ ও সেই সংক্রান্ত সুযোগ-সুবিধা। রাজবংশের অধঃপতন শুরু হওয়ার সঙ্গে সঙ্গে অভিজাতশ্রেণীর অনেকেই ব্যক্তিগত স্বার্থকে চরিতার্থ করার জন্য সম্রাট বা রাষ্ট্রের কথা না ভেবে নিজেরাই রাজ্যের অংশবিশেষ দখল করে স্বাধীন অধীশ্বর হয়ে বসেছিলেন। এর ফলে সাম্রাজ্যের অখণ্ডতা বিপন্ন হয়ে পড়ে। মারাঠা, জাঠ, শিখ, রাজপুতদের বিদ্রোহের লক্ষ্যও ছিল আঞ্চলিক স্বাধীনতা এবং সম্প্রদায়গত বা ব্যক্তিগত ক্ষমতা অর্জন, ভারতীয় জাতির স্বার্থ বা জাতীয় ঐক্য-প্রতিষ্ঠার চিন্তা ছিল না। তখনকার ভারতের অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক পরিবেশ এমন ছিল যে, তা ভারতীয়দের একটি জাতি হিসাবে চিন্তা করতে শেখায় নি।

সাম্রাজ্যের খণ্ডীকরণ

অষ্টাদশ শতাব্দীতে মুঘল শাসনব্যবস্থাতেও দ্রুত অবনতি ঘটতে থাকে। সাম্রাজ্যের প্রায় সর্বত্রই আইন-শৃঙ্খলা ভেঙ্গে পড়েছিল। দুর্বিনীত জায়গিরদাররা প্রকাশ্যে কেন্দ্রীয় কর্তৃপক্ষকে অগ্রাহ্য করতে সাহস পেত। দুর্নীতি, উৎকোচগ্রহণ, শৃঙ্খলাহীনতা, অকর্মণ্যতা, অবাধ্যতা, আনুগত্যহীনতা রাজকর্মচারীদের মধ্যে প্রকট হয়ে উঠেছিল। কেন্দ্রীয় সরকার প্রায়ই দেউলিয়া হয়ে যেতেন। অর্থ আদায়ের পথগুলি সঙ্কুচিত হয়ে যাচ্ছিল ও পূর্বের সঞ্চিত ধনও নিঃশেষ হয়ে গিয়েছিল। বহু প্রদেশ থেকে রাজস্ব আসা বন্ধ হয়ে গিয়েছিল। জায়গিরদারদের মধ্যে 'খালসা' জমি বণ্টন করে দেওয়ার অবস্থা আরও চরমে উঠে।

শাসন-ব্যবস্থার অবনতি

প্রবল ও শক্তিশালী সামরিক বাহিনীও দুর্বল হয়ে পড়েছিল। অষ্টাদশ শতকে মুঘল সেনাবাহিনীর মধ্যে শৃঙ্খলার অভাব ছিল এবং যুদ্ধ করার মানসিকতাও ভেঙ্গে পড়েছিল। রাজ্য অর্থাভাবে আর বিরাট সেনাবাহিনী পোষণ করতে পারছিল না। সেনাবাহিনী, সেনাপতি ও সাধারণ সেনাদের বেতন মাসের পর মাস বাকি পড়ছিল। মুঘল সেনাবাহিনী জাতীয় সেনাবাহিনী ছিল না। আরবী, আফগান, পারসীক, তাতার প্রভৃতি বহু বিদেশী, অর্থের লোভে মুঘল সেনাবাহিনীতে কাজ করতে আসত। অর্থই ছিল তাদের মুখ্য আকর্ষণ, দেশরক্ষা নয়। সময়মত বেতন না পেলে তারা বিদ্রোহী হয়ে উঠত। মনসবদাররাও অর্থের অভাবে প্রয়োজনীয় সৈন্য রাখতে পারছিলেন না। এ ছাড়াও অভিজাতদের মধ্যে

সেনাবাহিনীর দুর্বলতা

ও রাজবংশীয়দের মধ্যে গৃহযুদ্ধেও প্রচুর সেনা মারা যেতেন। সেনাবাহিনী এত দুর্বল হয়ে পড়েছিল যে, তাদের পক্ষে বিদ্রোহী কোনও অভিজাতকে দমন করা সম্ভব ছিল না।

মুঘল সম্রাটরা ভারতের সুদীর্ঘ সমুদ্র উপকূল রক্ষার বিষয়ে উদাসীন ছিলেন। ভারতের প্রতিরক্ষার জন্য তাঁরা উপযুক্ত নৌবাহিনী গড়ে তোলেন নি। উপযুক্ত নৌবাহিনী না থাকায় ভারতের উপকূল রক্ষা করার সাধ্য তাঁদের ছিল না। ইউরোপের সামুদ্রিক শক্তিগুলি যেমন ইংরেজ ও ফরাসীরা সেই সুযোগে ভারতের উপকূল বাংলা, মাদ্রাজ ও বোম্বাইয়ে তাঁদের ঘাঁটি স্থাপন করে।

নৌশক্তির দুর্বলতা

পরপর কয়েকটি বিদেশী আক্রমণ মুঘল সাম্রাজ্যের উপর চরম আঘাত হেনেছিল। মুঘল শাসনের আভ্যন্তরীণ দুর্বলতা ১৭৩৯ খ্রীষ্টাব্দে নাদির শা ও আহম্মদ শা আবদালীর ১৭৪৮ খ্রীষ্টাব্দে অভিযানকে ডেকে নিয়ে আসে। এই আক্রমণে দেশের সম্পদ নিঃশেষ হয়ে যায়। ক্রমাগত অরাজকতার ফলে উত্তর ভারতে ব্যবসা-বাণিজ্যও ক্ষতিগ্রস্ত হয়। নাদির শা'র আক্রমণ মুঘল সামরিক শক্তির দুর্বলতা প্রকট করে তুলল। এই রকম পরিস্থিতিতে মুঘল শক্তিকে ব্রিটিশদের সম্মুখীন হতে হয়েছিল। সমস্যাজর্জরিত মুঘল সাম্রাজ্যের পুনরুজ্জীবনের শেষ আশাটুকুও ব্রিটিশ শক্তির মুখোমুখি হওয়ার ফলে নিভে গিয়েছিল। ভারতের আর কোন শক্তি মুঘল সম্রাটদের উত্তরাধিকার দাবি করতে এগিয়ে আসতে সমর্থ হয় নি। মুঘল সাম্রাজ্যের ধ্বংসসাধনের সামর্থ্যই শুধু এদের ছিল। এদের কারোই এমন শক্তি ছিল না যার দ্বারা সাম্রাজ্য রক্ষা করা যায় বা নতুন একটা সাম্রাজ্য গড়ে তোলা যায়। পাশ্চাত্য থেকে আগত শত্রুদের বাধা দেওয়ার মত সামাজিক পরিবেশ গড়ে তুলতে সেই সময়ের ভারতীয় নেতারা ব্যর্থ হয়েছিলেন। এর কারণ ছিল তাঁরা মুঘল সম্রাটদের মত নির্জীব সমাজের প্রতিনিধি ছিলেন। মুঘল সাম্রাজ্যের পতনের কারণগুলি কম-বেশি ভারতীয় সব নেতাদের মধ্যেই বিরাজ করছিল।

বিদেশী আক্রমণ

॥ ২ ॥ আঞ্চলিক শক্তিসমূহের উদ্ভব

(Growth of Regional Powers)

(i) **বাংলা (Bengal) :** মুঘল সাম্রাজ্যের কেন্দ্রীয় শক্তির দুর্বলতার সুযোগে মুর্শিদকুলি খান্ ও আলীবর্দী খানের কর্মতৎপরতায় বাংলা সুবা প্রায় স্বাধীন হয়ে গিয়েছিল। ১৭০০ খ্রীষ্টাব্দে বাংলা সুবার দেওয়ান-পদে নিযুক্ত হয়েই মুর্শিদকুলি খান বাংলাদেশের প্রকৃত শাসকে পরিণত হন। ১৭১৭ খ্রীষ্টাব্দে তিনি আনুষ্ঠানিকভাবে বাংলার সুবেদার-পদে নিযুক্ত হয়েছিলেন। তিনি নিয়মিতভাবে মুঘল সম্রাটকে রাজস্ব পাঠিয়ে

দিয়ে স্বাধীনভাবে বাংলা শাসন করতেন। মুর্শিদকুলি বাংলার রাজস্ব-ব্যবস্থার সংস্কার করে রাজ্যের আয়বৃদ্ধি করেন। জায়গিরদারদের জমিকে "খাস" জমিতে পরিণত করেন ও কর্মচারীদের উড়িষ্যার অনুন্নত ও জঙ্গল অঞ্চলে জায়গির দেন। রাজস্ব আদায়ের দায়িত্ব দেন 'ইজারাদার'দের হাতে। তাঁর আগমনের পূর্ব থেকে ইংরেজরা মুঘল সম্রাটের ফরমান অনুসারে বিনাশুল্কে বাণিজ্য করার অধিকার ভোগ করছিল। মুর্শিদকুলি ১৭১৩ খ্রীষ্টাব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির 'দস্তক' বা ছাড়পত্র প্রথা তুলে দেন। ইংরেজরা সম্রাট ফারুকশিয়ারের দরবারে মিঃ সুরম্যানকে দূত হিসাবে পাঠিয়ে ১৭১৭ খ্রীঃ বার্ষিক তিন হাজার টাকা এককালীন দেওয়ার শর্তে বিনাশুল্কে বাণিজ্য করার পুনরায় 'ফরমান' আদায় করেন। মুর্শিদকুলি 'দস্তক' বিষয়ে আপত্তি তুলে ইংরেজদের যথেষ্ট অসুবিধা সৃষ্টি করেন। মুর্শিদকুলির আমলে বাংলা প্রায় জমিদারশ্রেণীর বিদ্রোহ থেকে মুক্ত ছিল। মুর্শিদকুলির আমলে সরকারের আয় পূর্বের চেয়ে বহুগুণে বৃদ্ধি পায়, রাজস্বের উন্নতি হয়, মুঘল কর্মচারী ও ইজারাদারদের অত্যাচারের হাত থেকে কৃষকরা রক্ষা পায়। ১৭২৭ খ্রীষ্টাব্দে মুর্শিদকুলি খানের মৃত্যু হয়।

মুর্শিদকুলি খানের শাসন

মুর্শিদকুলি খান্

মুর্শিদকুলির মৃত্যুর পর তাঁর জামাতা সুজাউদ্দিন খান্ বাংলার নবাব হলেন। তিনি আত্মীয়বর্গ ও নিকট অনুচরদের সরকারের উঁচু পদগুলিতে নিয়োগ করে নিজেকে সুরক্ষিত করেন। এ ছাড়াও মুর্শিদকুলির কঠোর আইনসমূহ শিথিল করে জমিদারদের সহানুভূতি লাভ করেন। সুজাউদ্দিনের আমলে ইউরোপীয় বণিকদের মধ্যে ইংরেজ, ফরাসী ও ওলন্দাজরাই ছিল প্রধান। সুজাউদ্দিন ইউরোপীয় বণিকদের উপর নিজের কর্তৃত্ব বজায় রাখতে সব সময়েই সচেষ্ট ছিলেন। ১৭৩৯ খ্রীষ্টাব্দে সুজাউদ্দিনের মৃত্যু হয়। এরপর নবাব হয় সুজাউদ্দিনের পুত্র সরফরাজ খান্। তিনি ছিলেন অনভিজ্ঞ, বিলাসী ও দুশ্চরিত্র। তাঁকে গিরিয়ার যুদ্ধে পরাজিত করে কর্মচারী আলিবর্দী খান্ বাংলার নবাব হন।

সুজাউদ্দিন ও সরফরাজ খান্

১৭৪০ খ্রীষ্টাব্দে আলিবর্দী খান্ বাংলার নবাব-পদে অধিষ্ঠিত হলে তাঁকে মারাঠা বা বর্গী আক্রমণের সম্মুখীন হতে হয়। সুদীর্ঘ দিন আক্রমণ চলার পর ১৭৫১ খ্রীষ্টাব্দে মারাঠাদের সঙ্গে সন্ধি স্বাক্ষরিত হয়—উড়িষ্যায় মারাঠাদের প্রভুত্ব স্থাপিত হয় ও বাৎসরিক ১২ লক্ষ টাকা চৌথ দিতে আলিবর্দী রাজী হন। মুর্শিদকুলির মত আলিবর্দীও বাংলার সমৃদ্ধির জন্য ব্যবসা-বাণিজ্যের গুরুত্ব বুঝতে পেরেছিলেন। এইজন্য তিনি ইউরোপীয় বণিকদের প্রতি সহানুভূতিশীল

আলিবর্দী খান

ছিলেন। বাণিজ্যের উন্নতি ও অর্থনৈতিক সমৃদ্ধির জন্য আলিবর্দী ইউরোপীয় বণিকদের স্বাধীনভাবে ব্যবসা-বাণিজ্য করার অধিকার দিয়েছিলেন। তিনি অযথা ইউরোপীয়দের বাণিজ্যে হস্তক্ষেপ করতেন না। আলিবর্দী ইউরোপীয় বণিকদের প্রতি সহানুভূতিশীল থাকলেও সবসময় তাদের সংযত রাখতে যত্নবান হন। দাক্ষিণাত্যে ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতা শুরু হলে তিনি পরোয়ানা জারী করে ইউরোপীয় বণিকদের তাঁর রাজ্যে কোন বিরোধে লিপ্ত না হতে নির্দেশ দিয়েছিলেন। মারাঠা আক্রমণের সময় ইংরেজ ও ফরাসীরা যথাক্রমে কলকাতা ও চন্দননগরে দুর্গনির্মাণের চেষ্টা করলে তিনি তাদের বাধা দেন।

হায়দরাবাদ (Hyderabad) **:** নিজাম-উল্-মুলক্ আসফজা ১৭২৪ খ্রীষ্টাব্দে হায়দরাবাদ রাজ্যের প্রতিষ্ঠা করেন। ঔরঙ্গজেবের পরবর্তী কালে তিনি ছিলেন মুঘল দরবারের এক বিশিষ্ট অভিজাত ওমরাহ। সৈয়দ ভ্রাতৃদ্বয়ের ক্ষমতাচ্যুত করার পিছনে তাঁর বিশিষ্ট ভূমিকা ছিল। এরই পুরস্কারস্বরূপ তাঁকে দাক্ষিণাত্যে রাজপ্রতিনিধি নিয়োগ করা হয়। ১৭২০ থেকে ১৭২২ খ্রীষ্টাব্দের মধ্যে দাক্ষিণাত্যের সব বিরোধী শক্তিগুলিকে দমন করে তিনি নিজের ক্ষমতাকে সুপ্রতিষ্ঠিত করেছিলেন। তাঁর আমলে দাক্ষিণাত্যে সুশাসন-ব্যবস্থা গড়ে উঠেছিল। ১৭২২ থেকে ১৭২৪ খ্রীষ্টাব্দের মধ্যে তিনি মুঘল দরবারে উজীরের পদে নিযুক্ত হন। কিন্তু উজীরের পদে কাজ করে তিনি সন্তুষ্ট ছিলেন না। সম্রাট মুহম্মদ শাহ তাঁর সব শাসন-সংস্কারের পরিকল্পনাতেই বাধা সৃষ্টি করছিলেন। শেষ পর্যন্ত বিরক্ত হয়ে নিজাম-উল্-মুলক্ উজীরের পদ ত্যাগ করে দাক্ষিণাত্যে ফিরে যান ও সেখানে নিজের প্রভুত্বকে পুনরায় সুদৃঢ় করেন। দাক্ষিণাত্যে তিনি হায়দরাবাদ রাজ্য প্রতিষ্ঠা করেন ও বলিষ্ঠ শাসনব্যবস্থা গড়ে তোলেন। প্রকাশ্যে তিনি স্বাধীনতা ঘোষণা না করলেও কার্যত স্বাধীনভাবেই শাসন করতেন। দিল্লীর মুঘল সম্রাটের আদেশ বা নির্দেশের অপেক্ষা না করে বা সম্রাটের অনুমতি না নিয়েই তিনি যুদ্ধঘোষণা, শান্তিস্থাপন, জায়গির দান ও উচ্চপদে নিয়োগ, খেতাব দান ইত্যাদি কাজ করতেন। হিন্দুদের প্রতি তাঁর নীতি ছিল উদার। তাঁর দেওয়ান ছিলেন পুরাণচাঁদ নামে এক হিন্দু। অবাধ্য জমিদারদের তিনি অনুগত থাকতে বাধ্য করেছিলেন। তাঁর রাজ্যে শক্তিশালী মারাঠা আক্রমণ তিনি বারবার প্রতিরোধ করেছিলেন। নিজাম-উল্-মুলকের শাসন-কালে রাজস্ব-ব্যবস্থা দুর্নীতিমুক্ত হয়েছিল। ১৭৪৮ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যুর পর হায়দরাবাদ রাজ্য ভাঙ্গনের মুখে উপস্থিত হয়।

নিজাম-উল-মুলক আসফজা

মহীশূর (Mysore) **:** হায়দরাবাদের পরেই দাক্ষিণাত্যে যে রাজ্যটি মাথা তুলে দাঁড়িয়েছিল সেটি ছিল মহীশূর। এই রাজ্যটি গড়ে উঠেছিল হায়দার আলীর নেতৃত্বে। বিজয়নগর রাজ্যটির অবসানের পরও মহীশূর নিজের স্বাধীনতা কোনও রকমে বজায় রেখেছিল। অষ্টাদশ শতকের শুরুতে নানজ্‌রাজ ও দেবরাজ নামে দুই মন্ত্রী রাজা চিক্কাকৃষ্ণরাজকে ক্ষমতাচ্যুত করে মহীশূরের শাসনভার দখল করেন। ১৭২১ খ্রীষ্টাব্দে হায়দার আলী এক দরিদ্র সৈনিকের পরিবারে জন্মগ্রহণ করেন। মহীশূরের

সেনাবাহিনীতে এক সাধারণ সৈনিক হিসাবে তিনি কর্মজীবন শুরু করেন। লেখাপড়া না জানলেও হায়দার আলির বুদ্ধি ছিল অত্যন্ত প্রখর। তিনি ছিলেন উদ্যমী, সাহসী ও দৃঢ়প্রতিজ্ঞ। তাঁর কূটনীতিজ্ঞান ও সামরিক কৌশলে পারদর্শিতা তাঁকে উঁচুতে উঠতে সাহায্য করেছিল। দাক্ষিণাত্যে কুড়ি বছর ব্যাপী যুদ্ধবিগ্রহের সময়ে হায়দার আলি তাঁর উচ্চাকাঙ্ক্ষা পূরণ করার সুযোগ পান। স্বীয় কর্মদক্ষতায় তিনি নানজ্‌রাজের প্রীতিভাজন হয়ে উঠেন। নানজ্‌রাজের অধীনে তিনি ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বে অংশগ্রহণ করার সুযোগে ইউরোপীয় যুদ্ধপদ্ধতি সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করেন, যা পরবর্তী কালে তাঁকে সাহায্য করেছিল। ১৭৫৫ খ্রীষ্টাব্দে হায়দার আলি দিন্দিগুলের ফৌজদার পদে নিযুক্ত হন ও ফরাসী বিশেষজ্ঞদের সাহায্যে দিন্দিগুলে এক আধুনিক অস্ত্রভাণ্ডার গড়ে তোলেন। নানজ্‌রাজ ও দেবরাজের শাসনে অযোগ্যতা, সেনাবাহিনীর অসন্তোষ ও ক্রমাগত মারাঠা আক্রমণ প্রভৃতি কারণে মহীশূর রাজ্যে অরাজকতা দেখা দিয়েছিল। সেই সুযোগে হায়দার আলি সেনাবাহিনীর সঙ্গে ষড়যন্ত্র করে নানজ্‌রাজকে বন্দী করে মহীশূর রাজ্যের কর্তৃত্ব ভার লাভ করেন (১৭৬০ খ্রীঃ)। কিন্তু হায়দার আলির ক্ষমতালাভে ঈর্ষান্বিত হয়ে তাঁর অনুচর খণ্ডেরাও তাঁর বিরোধিতা করতে থাকেন। শেষ পর্যন্ত খণ্ডেরাওকে পরাজিত করে তিনি মহীশূরের সর্বময় ক্ষমতার অধিকারী হন। বিদ্রোহী পলিগারদের (জমিদার) দমন করে তিনি বিদনুর, সুণ্ডা, সেরা, কানাড়া ও মালাবার অঞ্চল জয় করেন। অল্পদিনের মধ্যেই দুর্বল মহীশূর রাজ্যকে হায়দার আলি ভারতের একটি শক্তিশালী রাজ্যে পরিণত করেন। হায়দার আলি পরধর্মসহিষ্ণু ছিলেন। বহু হিন্দু উচ্চপদস্থ কর্মচারী রূপে তাঁর অধীনে কাজ করতেন।

হায়দার আলির প্রথম জীবন

ক্ষমতাদখল

অযোধ্যা (Awadh) : প্রায় স্বাধীন অযোধ্যা রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন সাদাত খান বুরহান-উল-মুলক্। তিনি ১৭২২ খ্রীষ্টাব্দে অযোধ্যার সুবেদার নিযুক্ত হয়েছিলেন। সাদাত খান ছিলেন সাহসী, উদ্যমী, বুদ্ধিমান ও বলিষ্ঠচিত্ত ব্যক্তি। তিনি যখন সুবেদার পদে নিযুক্ত হন তখন অযোধ্যায় জমিদাররা বিদ্রোহ ঘোষণা করেছিল। ভূমিরাজস্ব দেওয়া বন্ধ করে নিজেদের সেনাবাহিনী গঠন ও দুর্গ নির্মাণ করে এরা মুঘল সম্রাটকে অগ্রাহ্য করছিল। কয়েক বছর ধরে সাদাত খান এদের দমনে ব্যস্ত থাকেন। তিনি জমিদারদের দমন করে কেন্দ্রীয় সরকারের আয় বৃদ্ধি করেছিলেন। সাদাত খান ১৭২৩ খ্রীষ্টাব্দে নতুনভাবে জমি বন্দোবস্ত ও রাজস্ব আদায়ের ব্যবস্থা করেন। জমিদারের অত্যাচার থেকে কৃষকদের রক্ষার ক্ষেত্রে তাঁর ভূমিরাজস্ব ব্যবস্থা সাহায্য করেছিল। বাংলার নবাবদের মত তিনি হিন্দু-মুসলমানদের কাউকেই পক্ষপাতিত্ব দেখাননি। তাঁর সেনাবাহিনী ছিল সুগঠিত ও সুশিক্ষিত। ১৭৩৯ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যুর পূর্বে সাদাত খান প্রায় স্বাধীন শাসকে পরিণত হয়েছিলেন। তাঁর মৃত্যুর পর তাঁর বংশধররা যাতে পুরুষানুক্রমে অযোধ্যার নবাব থাকতে পারেন, সেই ব্যবস্থাও পাকা হয়ে গিয়েছিল।

সাদাত খানের শাসন

সাদাত খানের পর তাঁর ভ্রাতুষ্পুত্র সফদারজঙ্গ অযোধ্যার নবাব হন। একই সঙ্গে ১৭৪৮ খ্রীষ্টাব্দে তিনি মুঘল সম্রাটের উজীর-পদে নিযুক্ত হন ও সেই সূত্রে এলাহাবাদ প্রদেশের শাসনের দায়িত্ব পান। সফদরজঙ্গের সুশাসনে অযোধ্যা ও এলাহাবাদের প্রজারা সুদীর্ঘদিন শান্তিতে বসবাস করেছিল। তিনি জমিদারদের দমন করেন। মারাঠা দলপতিদের সঙ্গে সমঝোতা করে তিনি মারাঠা আক্রমণ বন্ধ করেন। সফদরজঙ্গের শাসনে প্রজারা ন্যায়বিচার লাভ করত। চাকুরির ক্ষেত্রে তিনি হিন্দু ও মুসলমানদের মধ্যে বৈষম্য করতেন না।

সফদারজঙ্গের শাসন

শিখ শক্তির উত্থান (The Rise of the Sikhs): পঞ্চদশ শতাব্দীর শেষভাগে গুরু নানক প্রবর্তিত শিখধর্ম পাঞ্জাবে জাঠ ও অন্যান্য তথাকথিত নিম্নবর্ণের মধ্যে ছড়িয়ে পড়েছিল। নানকের পর অঙ্গদ, অমরদাস ও অমরদাসের জামাতা রামদাস যথাক্রমে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ গুরুর পদে অধিষ্ঠিত হন। এই গুরুদের ত্যাগময় জীবনযাত্রা মুঘল সম্রাটদের শ্রদ্ধা অর্জন করে। সম্রাট আকবর গুরু রামদাসকে পুষ্করিণীসহ কিছু স্থান দান করেন, যা অমৃতসর নামে পরিচিত। পঞ্চম গুরু অর্জুনের আমল থেকে শিখ সম্প্রদায় সংগঠিত হতে থাকে। তিনি শিথিল ও বিচ্ছিন্ন শিখ সম্প্রদায়কে এক সংঘবদ্ধ ও ঐক্যবদ্ধ জাতিতে পরিণত করেন। তিনি পূর্ববর্তী গুরুদের বাণী সংকলিত করে 'আদি গ্রন্থ' বা 'গ্রন্থসাহেব' রচনা করেন। বিদ্রোহী রাজপুত্র খসরুকে সাহায্য করার জন্য জাহাঙ্গীরের আদেশে গুরু অর্জুন কারাগারে বন্দী ও নিহত হন। এই সময় থেকেই মুঘলদের সঙ্গে শিখদের বিরোধিতার সূত্রপাত হয়।

শিখদের উত্থান

শিখদের নবম গুরু তেগবাহাদুর ঔরঙ্গজেবের পক্ষ নিয়ে রাজপুত নেতা রামসিংহের সঙ্গে আসাম যুদ্ধে যোগ দিয়েছিলেন। এর কিছুদিন পর তিনি মুঘলদের পক্ষ ত্যাগ করে আনন্দপুরে চলে যান। নবম গুরু তেগবাহাদুরের আমল তিনটি কারণে উল্লেখযোগ্য। (১) তিনি উত্তর ভারতে সর্বত্র ঘুরে শিখধর্ম প্রচার করায় শিখ ধর্মানুরাগীর সংখ্যা বৃদ্ধি পায়; (২) তেগবাহাদুর চণ্ডীগড়ের কাছে আনন্দপুরে তাঁর কার্যালয় সরিয়ে নিয়ে গেলে সেখানে একটি নগর গড়ে উঠে; (৩) তেগবাহাদুরের সঙ্গে ঔরঙ্গজেবের বিরোধের পরিণতিতে শিখসম্প্রদায় একটি ধর্মীয় সম্প্রদায় থেকে সামরিক সম্প্রদায়ে পরিণত হয়। ঔরঙ্গজেবের সঙ্গে তেগবাহাদুরের বিরোধের কারণ সম্পর্কে অনেক অভিমত জানা যায়। কেউ বলেন তেগবাহাদুর অনেক মুসলমানকে শিখধর্মে দীক্ষিত করলে ঔরঙ্গজেব ক্ষুব্ধ হন। পারসীক তথ্য থেকে জানা যায়, তেগবাহাদুর একজন আফগান আদম হাফিজের সঙ্গে হাত মিলিয়ে পাঞ্জাবে অরাজকতার সৃষ্টি করেছিলেন—তাই ঔরঙ্গজেব তাঁকে হত্যার নির্দেশ দেন। আধুনিক গবেষকরা বলেন, শিখরা নানা জায়গায় গুরুদ্বার ইত্যাদি নির্মাণ করায় ঔরঙ্গজেব মুঘলবিরোধী সংগঠন গড়ে ওঠায় শঙ্কিত হন। আবার কেউ বলেন উত্তর ভারতের ২৬ জন হিন্দু নেতা তেগবাহাদুরের সঙ্গে দেখা করে তাঁকে ঔরঙ্গজেবের

গুরু তেগবাহাদুর

ধর্মান্ধ নীতির প্রতিবাদ করতে অনুরোধ করেন। তেগবাহাদুর ঔরঙ্গজেবের গোঁড়া ধর্মান্ধ নীতির প্রতিবাদ করেন। এতে সম্রাট ১৬৭৫ সালে তেগবাহাদুরকে বন্দী করে দিল্লীতে আনেন। তেগবাহাদুরকে হয় ইসলামধর্ম গ্রহণ, না হয় মৃত্যুবরণ করতে বললে, তিনি মৃত্যুবরণকেই কাম্য মনে করেন। তেগবাহাদুরের মৃত্যু সমগ্র শিখজাতিকে মুঘলদের বিরুদ্ধে প্রতিশোধপরায়ণ করে তুলেছিল।

শিখদের এই মুঘল প্রতিরোধ মনোভাবকে সার্থকভাবে পরিচালিত করেছিলেন দশম গুরু গোবিন্দ সিংহ। গুরু গোবিন্দ ছিলেন বিখ্যাত সংগঠক ও দূরদর্শী নেতা। মুঘল সাম্রাজ্যের ভঙ্গুর অবস্থা তিনি বুঝতে পেরেছিলেন ও সেই সুযোগে পাঞ্জাবে শিখ সুবা বা শিখ রাষ্ট্র প্রতিষ্ঠার পরিকল্পনা করেন। কেশগড়ে এক শিখ সম্মেলনে গোবিন্দ সিংহ "খালসা" প্রতিষ্ঠা করেন। 'খালসা' অর্থ পবিত্র, 'খালসা পন্থ' বলতে বোঝায় পবিত্র সম্প্রদায়। আসলে "খালসা" ছিল সামরিক ভ্রাতৃসংঘ। উল্লেখযোগ্য যে, শিখদের সকলেই 'খালসা'র সদস্য হয় নি।

গুরু গোবিন্দ সিংহ

জাঠ কৃষক সম্প্রদায়ের মধ্য থেকে যারা শিখধর্ম গ্রহণ করেছিল, তারাই "খালসা"র সদস্য হয়। 'খালসা'র নতুন দীক্ষা-পদ্ধতির নাম ছিল 'পাহুল'। 'খালসা'র সদস্যদের প্রত্যেককে "সিংহ" উপাধি নিতে হত। তামাক গ্রহণ ও জাতিভেদ ছিল নিষিদ্ধ। "খালসা"র সদস্যদের পঞ্চ 'ক' ধারণ ছিল বাধ্যতামূলক—(১) কেশ (লম্বাচুল), (২) কৃপাণ (তরবারি), (৩) কচ্ছ (হাঁটু পর্যন্ত পরিধান), (৪) কঙ্গা (চিরুনী) ও (৫) কড়া (লোহার বালা)। গুরু গোবিন্দ শিখদের আদর্শবাদ দ্বারা এক লৌহ-বাহিনী তৈরী করেন। গুরু গোবিন্দের নেতৃত্বে শিখজাতি একটি ধর্মীয় সামরিক জাতিতে পরিণত হয়। তাদের 'আকালি বা খালসা' নাম দেওয়া হয়। গুরু গোবিন্দ পিতৃহত্যার প্রতিশোধ নেওয়ার জন্য পাঞ্জাবের পার্বত্য অঞ্চল থেকে মুঘলদের বিতাড়িত করেন। ঔরঙ্গজেবের মৃত্যুর পর গুরু গোবিন্দ সম্রাট বাহাদুর শাহকে সমর্থন করেন। তাঁকে ৫,০০০ পদাতিক ও ৫,০০০ সওয়ার (অশ্বারোহী) বাহিনীর অধিনায়ক হিসাবে দরবারে অভিজাতরূপে গণ্য করা হয়েছিল। বাহাদুর শাহর সঙ্গে দাক্ষিণাত্য অভিযানে গেলে সেখানে একজন আফগান অনুচর বিশ্বাসঘাতকতা করে তাঁকে হত্যা করেছিল। গুরু গোবিন্দ ছিলেন শিখদের দশম ও শেষ গুরু। তিনি মৃত্যুকালে শিখ নেতাদের মুঘলদের কাছ থেকে শিখদের স্বাধীনতা ছিনিয়ে নিতে উপদেশ দিয়ে যান।

(ii) ১৭৬১ খ্রীষ্টাব্দ পর্যন্ত মারাঠা শক্তির উত্থান ও পতন (Growth and Decline of the Marathas till 1761): ১৬৮০ খ্রীষ্টাব্দে শিবাজীর মৃত্যুর পর তাঁর পুত্র শম্ভুজী মারাঠা সিংহাসনে আরোহণ করেন। শম্ভুজী তাঁর পিতার মত গুণের অধিকারী ছিলেন না। ১৬৮৯ খ্রীষ্টাব্দে তিনি সম্রাট ঔরঙ্গজেবের হাতে বন্দী ও নিহত হন। তাঁর শিশুপুত্র শাহুকে ঔরঙ্গজেব বন্দী করে রাখেন। ১৭০০ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যু পর্যন্ত শিবাজীর অপর পুত্র রাজারাম মুঘলদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যান। রাজারামের মৃত্যুর পর তাঁর বিধবা স্ত্রী তারাবাঈ তাঁর শিশুপুত্রকে তৃতীয় শিবাজী নাম

দিয়ে শাসন চালিয়ে যান। ১৭০৭ খ্রীষ্টাব্দে ঔরঙ্গজেবের মৃত্যুর পর প্রথম বাহাদুর শাহ মারাঠাদের মধ্যে অন্তর্বিরোধ শুরু করার জন্য শাহুকে মুক্তি দেন। শাহু মহারাষ্ট্রে উপস্থিত হলেই অন্তর্বিরোধ দেখা দিল। শাহু সাতারায় নিজের অভিষেক সম্পন্ন করে 'দ্বিতীয় শিবাজী' উপাধি নিলেন। তারাবাঈ কোলাপুরে তাঁর অধিকার বজায় রাখলেন। মারাঠা দলপতিরা কেউ শাহু বা কেউ তারাবাঈ-এর পক্ষে যোগ দিয়েছিলেন। তারাবাঈ-এর মৃত্যুর পর রাজারামের অপর স্ত্রী রজস্‌বাঈ তাঁর পুত্রকে কোলাপুরে সিংহাসনে বসান দ্বিতীয় শম্ভুজী নাম দিয়ে। শেষ পর্যন্ত ওয়ার্ণারের সন্ধিতে (১৭১৩ খ্রীঃ) এই বিরোধের অবসান হয়। পুণেকে কেন্দ্র করে মারাঠা রাজ্য পান শাহু ও কোলাপুরে রাজত্ব করেন দ্বিতীয় শম্ভুজী। শাহু ও তাঁর কোলাপুরের প্রতিদ্বন্দ্বীর বিবাদের ফলে শাহুর পেশোয়া বালাজী বিশ্বনাথের নেতৃত্বে এক নতুন ধরনের মারাঠা শাসনব্যবস্থা গড়ে উঠেছিল। মারাঠা ইতিহাসের দ্বিতীয় অধ্যায় এইখান থেকেই শুরু হয়। এই অধ্যায়ই মারাঠা সাম্রাজ্যের গোড়াপত্তনের ইতিহাস।

পেশোয়া বালাজী বিশ্বনাথ—১৭১৩-১৭২০ খ্রীঃ (Peshwa Balaji Biswanath): ১৭১৩ খ্রীষ্টাব্দে শাহু বালাজী বিশ্বনাথকে তাঁর পেশোয়া-পদে নিয়োগ করেন। মারাঠাদের মধ্যে যখন অন্তর্দ্বন্দ্ব চলছিল, সেই সময় শাহু বালাজী বিশ্বনাথের সাহায্য লাভ করেন। বালাজী বিশ্বনাথ ছিলেন কোঙ্কন অঞ্চলের এক দরিদ্র ব্রাহ্মণের পুত্র। রাজস্ববিভাগে সামান্য কেরানীর কাজ নিয়ে এঁর জীবন শুরু হয়। ধীরে ধীরে তিনি মারাঠা রাজ্যের একজন পদস্থ কর্মচারী হয়ে উঠেন। শত্রুদমনের ব্যাপারে তিনি শাহুকে খুব সাহায্য করেছিলেন। কূটনীতি প্রয়োগে বালাজী বিশেষ দক্ষ ছিলেন। বহু মারাঠা-সর্দার তাঁর চেষ্টায় শাহুর পক্ষে যোগ দিয়েছিলেন। ১৭১৩ খ্রীষ্টাব্দে শাহু তাঁকে পেশোয়া-পদে নিয়োগ করেন। মারাঠী ভাষায় "পেশোয়া" শব্দের অর্থ ছিল মুখ্য প্রধান বা প্রধানমন্ত্রী। মারাঠা রাষ্ট্র ব্যবস্থায় ছত্রপতি বা রাজা ছিলেন সর্বোপরি। কিন্তু বালাজী বিশ্বনাথের পেশোয়া-পদে নিয়োগের পর পেশোয়া-পদ ছত্রপতিকে ছাপিয়ে মহারাষ্ট্রের সর্বেসর্বায় পরিণত হয়েছিল। বালাজী বিশ্বনাথ এবং তাঁর পুত্র বাজীরাও নিজেদের কর্মনৈপুণ্য, রাষ্ট্রপ্রতিভা ও বিচক্ষণতার জোরে "পেশোয়াতন্ত্র" প্রতিষ্ঠা করলেন। তিনি শাসনব্যবস্থা সংগঠিত করে মারাঠা দলপতিদের পেশোয়ার নেতৃত্ব মানতে বাধ্য করলেন। রাজস্ববিভাগেও বিবিধ সংস্কার প্রবর্তন করে তিনি মারাঠারাষ্ট্রের আর্থিক অবস্থার উন্নতিসাধন করেছিলেন।

প্রথম জীবন

পেশোয়া-পদ লাভ

বালাজী বিশ্বনাথ তাঁর দূরদৃষ্টি দিয়ে মুঘল সাম্রাজ্যের দুর্বলতা বুঝতে পেরেছিলেন। তিনি মুঘল অভিজাতদের অন্তর্দ্বন্দ্বের পূর্ণ সুযোগ গ্রহণ করেছিলেন। মুঘল দরবারে ক্ষমতাশালী সৈয়দ ভ্রাতৃদ্বয়ের অন্যতম হুসেন আলী সৈয়দের সঙ্গে তিনি ১৭১৪ খ্রীষ্টাব্দে একটি চুক্তি করেন। এই চুক্তির ফলে—(১) শিবাজীর রাজত্বে দাক্ষিণাত্যে যে-সব অঞ্চল তাঁর অধিকারভুক্ত

মারাঠা-সাম্রাজ্যের উন্নতি

ছিল, সেইগুলি শাহুকে দেওয়া হয়েছিল ; (২) দাক্ষিণাত্যের ছ'টি মুঘল সুবায় শাহুকে 'চৌথ' ও 'সরদেশমুখী' আদায়ের অধিকার দেওয়া হয়েছিল ; (৩) এর প্রতিদানে শাহু সম্রাটকে বার্ষিক ১০ লক্ষ টাকা রাজস্ব দিতে প্রতিশ্রুতি দেন ; (৪) মারাঠারা দাক্ষিণাত্যের বিদ্রোহ দমনে প্রয়োজনে ১৫,০০০ অশ্বারোহী সেনা দিয়ে মুঘলদের সাহায্যের প্রতিশ্রুতি দেয়। ১৭১৪ খ্রীষ্টাব্দের এই সন্ধি মারাঠা ইতিহাসে এক গুরুত্বপূর্ণ ঘটনা হিসাবে স্থান পেয়েছে। এই সন্ধির ফলে নামমাত্র বশ্যতা স্বীকার করে মারাঠা শক্তি দাক্ষিণাত্যে আধিপত্য লাভ করেছিল। এই চুক্তিকে মারাঠা সাম্রাজ্যবিস্তারের প্রথম পদক্ষেপ বলা যায়। ১৭১৯ খ্রীষ্টাব্দে এক মারাঠা সেনাবাহিনী নিয়ে বালাজী বিশ্বনাথ হুসেন সৈয়দের সঙ্গে দিল্লী যান ও ফাররুখ্‌শিয়ারকে পদচ্যুত করতে সাহায্য করেন। দিল্লীতে এসে বালাজী বিশ্বনাথ ও মারাঠা দলপতিরা মুঘল সাম্রাজ্যের দুর্বলতাগুলি দেখে গিয়েছিলেন। এই সুযোগে উত্তর ভারতে নিজেদের অধিকার-বিস্তারের আশা তাঁদের মনে জেগে উঠে। ১৭২০ খ্রীষ্টাব্দে বালাজী বিশ্বনাথের মৃত্যু হয়।

প্রথম বাজীরাও—১৭২০-১৭৪০ খ্রীঃ (Bajirao I): বালাজী বিশ্বনাথের মৃত্যুর পর তাঁর কুড়ি বছর বয়স্ক পুত্র বাজীরাও পেশোয়া-পদে নিযুক্ত হন। চতুর, রাজনীতিজ্ঞ ও উচ্চভিলাষী ছিলেন তিনি। শিবাজীর

হিন্দু-পাদ-পাদশাহীর আদর্শ

পরে তিনিই ছিলেন শ্রেষ্ঠ গেরিলা যুদ্ধ বিশারদ। মুঘল সাম্রাজ্যের দুরবস্থা দেখে তিনি স্থির করেছিলেন যে, হিন্দু আধিপত্য স্থাপনের সময় উপস্থিত হয়েছে। দুর্বল মুঘল সাম্রাজ্যের উপর অঘাত হেনে কৃষ্ণা থেকে সিন্ধুনদ পর্যন্ত তিনি বিশাল ভূভাগের উপর মারাঠা-পতাকা তোলার পরিকল্পনা করেছিলেন। তিনি হিন্দু জাতির মধ্যে জাতীয়তাবোধ জাগাবার জন্য "হিন্দু-পাদ-পাদশাহী" আদর্শ তুলে ধরলেন। ১৭২৩ খ্রীষ্টাব্দে তিনি মালব আক্রমণ করলে ঐ অঞ্চলের হিন্দু শাসকরা তাঁকে নানাভাবে সাহায্য করেন। এরপর মালব, গুজরাট ও বুন্দেলখণ্ডের এক অংশের উপর তাঁর আধিপত্য প্রতিষ্ঠিত হয়। কর্ণাটক অঞ্চল জয় করার উদ্দেশ্যে তিনি অভিযান করেন ও ঐ অঞ্চল থেকে কর আদায় করতে সক্ষম হন।

দাক্ষিণাত্যে বাজীরাও প্রধানত বাধা পান হায়দরাবাদের নিজামের কাছ থেকে। পেশোয়ার ক্ষমতা খর্ব করার জন্য নিজাম সদাসর্বদা কোলাপুরের রাজা, বিভিন্ন মারাঠা দলপতি ও মুঘলদের সঙ্গে ষড়যন্ত্র করতে থাকেন। নিজাম-উল-মূলক্‌ দাক্ষিণাত্যে মারাঠা শক্তি ধ্বংস করার চেষ্টা করলে বাজীরাও নিজামকে

নিজামের সঙ্গে সম্পর্ক

পালখেদে'র যুদ্ধে পরাজিত করে তাঁকে মুঙ্গিশিবগাঁওয়ের সন্ধি স্বাক্ষরে বাধ্য করেন। স্থির হল উত্তর ভারতে বাজীরাও তাঁর ক্ষমতা বিস্তার করবেন ও নিজাম দাক্ষিণাত্যে তাঁর আধিপত্য বজায় রাখবেন।

বাজীরাও-এর হিন্দু-পাদ-পাদশাহীর আদর্শ উত্তর ভারতের হিন্দু রাজাদের মনে সহানুভূতি সৃষ্টি করে। পেশোয়া বাজীরাও, অম্বররাজ দ্বিতীয় জয়সিংহ ও বুন্দেলখণ্ডের রাজা ছত্রশালের সমর্থন লাভ করেন। ১৭৩৭ খ্রীঃ বাজীরাও গঙ্গা-যমুনা-দোয়াব অঞ্চল

আক্রমণ করে সসৈন্যে যখন দিল্লীর কাছে উপস্থিত হন, মুঘল সম্রাট মুহম্মদ শাহ ভীত হয়ে পড়েন। বাদশাহের আমন্ত্রণে নিজাম পূর্বচুক্তি অগ্রাহ্য করে উত্তর ভারতে উপস্থিত হন। ভূপালের কাছে পেশোয়া এক যুদ্ধে নিজামকে পরাজিত করেন। নিজাম পরাজিত হয়ে দুরহা-সরাই-এর সন্ধি করতে বাধ্য হন। এই সন্ধির দ্বারা পেশোয়া মালব ও নর্মদা হতে চম্বল নদী পর্যন্ত সমগ্র ভূখণ্ড পান ও যুদ্ধের ক্ষতিপূরণ স্বরূপ ৫০ লক্ষ টাকা পান। ঐতিহাসিক পার্সিভ্যাল স্পীয়ার বলেছেন, মালব ও মধ্যপ্রদেশ লাভ করার ফলে মারাঠা সেনাদল পূর্বদিকে বাংলা, উড়িষ্যা ও উত্তরে রাজপুতনায় ও দিল্লী পর্যন্ত অভিযান করার সুযোগ পায়। পেশোয়ার ভাই চিমনজী পর্তুগীজদের কাছ থেকে সল্‌সেট ও বেসিন কেড়ে নেন। এইভাবে বাজীরাও মারাঠা সাম্রাজ্যকে দক্ষিণে মহারাষ্ট্র থেকে চম্বল পর্যন্ত বিস্তৃত করেন। অতঃপর নাদির শাহের বিরুদ্ধে যখন তিনি হিন্দু ও মুসলমান শাসকদের শক্তিজোট গড়ে তোলার চেষ্টা করেছিলেন, তখন অকস্মাৎ ১৭৪০ খ্রীষ্টাব্দে বাজীরাও মৃত্যুমুখে পতিত হন। মারাঠা শক্তির বিবর্তনের ইতিহাসে বাজীরাও-এর অবদান বিশেষ উল্লেখযোগ্য। তাঁর নীতি ও কার্যকলাপে মারাঠা রাজ্য সাম্রাজ্যে রূপান্তরিত হয়েছিল এবং দক্ষিণ ভারত ও উত্তর ভারতের রাজনীতিতে মারাঠারা অন্যতম প্রধান শক্তিতে পরিণত হয়েছিল।

উত্তর ভারতে ক্ষমতাবিস্তার

বাজীরাও-এর মারাঠা শক্তিকে সর্বভারতীয় শক্তিতে পরিণত করা সময়োপযোগী হয়নি। তিনি উত্তর ভারতে রাজ্যবিস্তারে মন দিয়ে দক্ষিণে নিজাম ও ইংরেজদের বাধা দেওয়ার চেষ্টা করতে ভুলে গিয়েছিলেন। ভবিষ্যতে এরাই মারাঠা শক্তির বিপদের কারণ হয়ে উঠে। তাঁর হিন্দু-পাদ-পাদশাহীর আদর্শও ছিল ভ্রান্ত। এর ফলে অহিন্দু সমাজ তাঁর অভিসন্ধিকে সন্দেহের দৃষ্টিতে দেখেছিল। বাজীরাও সামরিক শক্তির উপর ভিত্তি করে ক্ষমতা-বিস্তারের চেষ্টা করেন,—যা ছিল খুবই দুর্বল।

বাজীরাও-এর ত্রুটি

বালাজী বাজীরাও—১৭৪০-১৭৬১ খ্রীঃ (Balaji Bajirao): প্রথম বাজীরাও-এর অষ্টাদশবর্ষীয় পুত্র বালাজী বাজীরাও ১৭৪০ থেকে ১৭৬১ খ্রীষ্টাব্দ পর্যন্ত পেশোয়া-পদে অধিষ্ঠিত ছিলেন। বালাজী বাজীরাও তাঁর পিতার চেয়েও উচ্চাকাঙ্ক্ষী ছিলেন। তিনি উত্তর ও দক্ষিণ ভারতে মারাঠা ক্ষমতা একচ্ছত্র করতে সচেষ্ট হন। ১৭৪৯ খ্রীষ্টাব্দে রাজা শাহু মারা যান। তাঁর শেষ ইচ্ছা অনুসারে রাজ্যশাসনের সম্পূর্ণ দায়িত্ব এরপর থেকে পেশোয়ার হাতে তুলে দেওয়া হয়। কার্যত পেশোয়াই হয়ে উঠেছিলেন সাম্রাজ্যের আসল শাসন-কর্তা। বালাজী বাজীরাও মারাঠা সামরিক শক্তিবৃদ্ধির ব্যবস্থা করেন। তিনি চিরাচরিত প্রথা ভেঙ্গে বিদেশীদের মারাঠা সেনাবাহিনীতে নিয়োগ করেছিলেন। মারাঠা অশ্বারোহীদের গেরিলা প্রথা ত্যাগ করে কামান ও বন্দুক নিয়ে সম্মুখযুদ্ধের ব্যবস্থা করেন। এর ফলে মারাঠা সেনাদলের জাতীয় ঐক্য বিনষ্ট হয়। এ ছাড়াও বালাজী বাজীরাও তাঁর পিতার "হিন্দু-পাদ-পাদশাহী"র আদর্শ ত্যাগ করেন। তাঁর সেনাবাহিনী

বাজীরাও-এর নীতির পরিবর্তন

হিন্দুরাজ্যগুলি থেকেও নির্মমভাবে 'চৌথ' আদায় করতে থাকে। মারাঠাবাহিনীর লুণ্ঠনের ভয়ে হিন্দু রাজ্যগুলিও শঙ্কিত হয়ে উঠে।

বালাজী বাজীরাও তাঁর পিতার পথ অনুসরণ করে সাম্রাজ্যের সীমা চারিদিকে প্রসারিত করেছিলেন। সারা ভারত মারাঠাবাহিনীর অভিযানক্ষেত্র হয়ে উঠেছিল। মালব, গুজরাট ও বুন্দেলখণ্ডে মারাঠা প্রভুত্ব সুপ্রতিষ্ঠিত হয়েছিল। বাংলাদেশে রঘুজী ভোঁসলের নেতৃত্বে পুনঃ পুনঃ অভিযান চালানো হয়েছিল।

দক্ষিণ ভারত ও বাংলা

১৭৫১ খ্রীষ্টাব্দে বাংলার নবাব আলিবর্দী উড়িষ্যা মারাঠাদের হাতে ছেড়ে দিতে বাধ্য হয়েছিলেন। দক্ষিণের মহীশূর রাজ্যসহ আরও ছোট ছোট রাজ্য মারাঠা পেশোয়াকে কর দিতে বাধ্য হয়েছিল। ১৭৬০ খ্রীষ্টাব্দে পেশোয়া বালাজী বাজীরাও উদ্‌গিরের যুদ্ধে নিজামকে পরাজিত করেন। উদ্‌গিরের যুদ্ধে পরাজয়ের ফলে নিজাম মারাঠাদের কাছে আহম্মদনগর, বুরহানপুর, দৌলতাবাদ প্রভৃতি অঞ্চল ছেড়ে দিতে বাধ্য হন।

উত্তর ভারতে অল্পদিনের মধ্যেই মারাঠা-শক্তি মুঘল সাম্রাজ্যের ত্রাণকর্তারূপে গণ্য হয়েছিল। গঙ্গানদীর তীর ও রাজস্থানের মধ্যবর্তী অঞ্চল দিয়ে মারাঠা সেনাবাহিনী পেশোয়ার ভাই রঘুনাথ রাও-এর নেতৃত্বে অগ্রসর হয়ে দিল্লীর

তৃতীয় পানিপথের যুদ্ধের কারণ

কাছে উপস্থিত হয়। আফগানদের বিতাড়িত করে তারা ইমাদ-উল-মুলক্‌কে উজীর পদে নিযুক্ত হতে সাহায্য করেছিল। এই মুঘল উজীর মারাঠাদের হাতের পুতুলে পরিণত হয়েছিলেন। রঘুনাথ রাও এরপর পাঞ্জাব থেকে আফগান অধিপতি আহম্মদ-শাহ-আবদালীর পুত্র ও প্রতিনিধি তৈমুরকে বিতাড়িত করে আটক পর্যন্ত দখল করে নেন। এই ঘটনায় আহম্মদ-শাহ-আবদালি ক্রুদ্ধ ও উত্তেজিত হয়ে মারাঠাদের শিক্ষা দেওয়ার জন্য আর একবার ভারত অভিযানে আসেন।

উত্তর ভারত দখলের জন্য একটি বড় যুদ্ধের এই ছিল উদ্যোগপর্ব। আবদালি ১৭৬০ খ্রীষ্টাব্দে বারারিঘাটের যুদ্ধে মারাঠা সেনাপতি দত্তাজী সিন্ধিয়াকে পরাজিত করে পাঞ্জাব দখল করে নেন ও দিল্লীর দিকে অগ্রসর হন। তিনি মারাঠাবাহিনীকে পরাজিত ও বিতাড়িত করে দিল্লীও দখল করেন। আহম্মদ-শাহ-আবদালি রোহিলখণ্ডের নাজিব-উদ্-দৌলা ও অযোধ্যার সুজা-উদ্-দৌলার সঙ্গে মৈত্রীবদ্ধ হন। এই দুই মুসলিম শাসক মারাঠা শক্তির উত্থানে ভীত হয়ে পড়েছিলেন। পরিস্থিতির গুরুত্ব অনুভব করে পেশোয়া দক্ষিণ ভারত থেকে তাঁর সম্পর্কিত ভাই সদাশিব রাও ভাউ ও পুত্র বিশ্বাস রাও-এর নেতৃত্বে ৪৫ হাজার সেনার এক বিশাল বাহিনী উত্তর ভারতে পাঠান। এই বাহিনীর অন্যতম বৈশিষ্ট্য ছিল ইউরোপীয় সেনাবাহিনীর ধাঁচে গঠিত

পানিপথের তৃতীয় যুদ্ধ

একটি পদাতিক ও গোলন্দাজ বাহিনী। গোলন্দাজ বাহিনীর অধিনায়ক ছিলেন ইব্রাহিম খান গর্দি। মারাঠাবাহিনী উত্তর ভারতে কোন মিত্র পায়নি কারণ উত্তর ভারতের রাজ্যগুলি মারাঠা-সেনাবাহিনীর লুণ্ঠন ও অত্যাচারে তাদের প্রতি বিরক্ত হয়ে উঠেছিল। রাজপুতদের আভ্যন্তরীণ ব্যাপারে মারাঠারা হস্তক্ষেপ করেছিল; শিখদের সঙ্গেও তারা ভাল ব্যবহার করেনি। জাঠ-প্রধানদের কাছ থেকে

প্রচুর জরিমানা আদায় করায় তারাও মারাঠাদের প্রতি সন্তুষ্ট ছিল না। এই অবস্থায় তারা নিজেদের শক্তির উপর নির্ভর করে আবদালির সেনাবাহিনীর বিরুদ্ধে অবতীর্ণ হয়। দিল্লী থেকে মারাঠা বাহিনী সোনেপত হয়ে পাণিপথের প্রান্তরে উপস্থিত হয়। আবদালির সেনাবাবিনী পূর্ব থেকেই সেখানে অপেক্ষা করছিল। ১৭৬১ খ্রীষ্টাব্দের ১৫ই জানুয়ারি, যুদ্ধ শুরু হয়। এই যুদ্ধে মারাঠারা সম্পূর্ণভাবে পরাজিত হয়। সদাশিব রাও, বিশ্বাস রাও-এর মত সেনানায়করা নিহত হন ও প্রায় ২৮ হাজার মারাঠা-সেনা বিধ্বস্ত হয়। পলায়নপর মারাঠা বাহিনীর যথাসর্বস্ব জাঠ, আহীর ও গুর্জর শ্রেণীর মানুষরা লুণ্ঠন করে নিয়েছিলেন। এই নিদারুণ পরাজয়ের সংবাদ পেয়ে পেশোয়া বালাজী বাজীরাও ভগ্নহৃদয়ে মারা যান।

পানিপথের তৃতীয় যুদ্ধের ফলাফল হয়েছিল গুরুত্বপূর্ণ ও সুদূরপ্রসারী। এই যুদ্ধে মহারাষ্ট্রের প্রায় সব নেতৃস্থানীয় ব্যক্তি মারা যান ও এক শূন্যতার সৃষ্টি হয়। কিন্তু ঐতিহাসিক সরদেশাই-এর মতে, এই পরাজয় সামরিক শূন্যতার সৃষ্টি করলেও পরবর্তী কালে মারাঠা-শক্তি নানা ফড়নবীশ ও মহাদাজী সিন্ধিয়ার নেতৃত্বে পুনরুজ্জীবিত হয়েছিল। অন্য দিকে ব্রিটিশ ঐতিহাসিক এলফিনস্টোন বলেছেন, মারাঠাদের বিপর্যয় ছিল মারাত্মক ও সর্বব্যাপী। মারাঠাদের জাতীয় জীবনে চরম হতাশা দেখা দেয় ও তাদের পূর্বগৌরব ও মর্যাদা হ্রাস পায়। পানিপথের পরাজয়ের ফলে পেশোয়ার মর্যাদা ও প্রতিপত্তি খর্ব হয় ও মারাঠা-শক্তির সংহতি বিনষ্ট হয়। এতে আঞ্চলিক নেতারা বিশেষ প্রভাবশালী হয়ে উঠলেন। পার্সিভ্যাল স্পীয়ার বলেছেন, মারাঠাদের পরাজয়ের ফলে ভারতীয় রাজনীতিতে স্থানীয় শক্তিগুলি শক্তিশালী হয়ে উঠেছিল। পাঞ্জাবে শিখ-শক্তি ও মহীশূরে হায়দার আলি শক্তিশালী হয়ে উঠেন। মারাঠাদের পরাজয়ের ফলে বড় রকমের লাভ হয়েছিল ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির। মারাঠা-শক্তির দুর্বলতার সুযোগে তারা বাংলা ও দক্ষিণ ভারতে নিজেদের শক্তিবৃদ্ধির সুবিধা পেয়েছিল। ভারতে ব্রিটিশ আধিপত্যের বাধা পানিপথের তৃতীয় যুদ্ধের দ্বারা অপসারিত হয়েছিল।

তৃতীয় পাণিপথের যুদ্ধের ফলাফল

॥ ৩ ॥ ইউরোপীয় বাণিজ্য-বৃদ্ধি ও ইউরোপীয় কোম্পানিগুলির মধ্যে সংঘর্ষ

(Growth of European Commerce and Conflict among European Trading Companies)

ইঙ্গ-ফরাসী যুদ্ধ (Anglo-French Conflict) : ভারতবর্ষে ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির সূত্রপাত হয়েছিল সামান্য ভাবে। ১৬০৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত সুরাট ছিল তাদের ব্যবসায়িক ঘাঁটি। ১৬২৩ খ্রীষ্টাব্দের মধ্যে সুরাট, বরোচ, আমেদাবাদ, আগ্রা

ও মুসলিপত্তমে তাদের কুঠি স্থাপিত হয়েছিল। প্রথম থেকেই ইংরেজ কোম্পানির লক্ষ্য ছিল শুধু ব্যবসায় নয়, সেই সঙ্গে ব্যবসায় কেন্দ্রগুলি যে অঞ্চলে অবস্থিত সেই অঞ্চলে যুদ্ধ বা কূটনীতির দ্বারা প্রভুত্ব স্থাপন। ১৬১৯ খ্রীষ্টাব্দে টমাস রো ইংরেজ বণিকদের বলেছিলেন যে, এক হাতে তরবারি ও আর এক হাতে লাঠি এদেশের মানুষের সঙ্গে ব্যবহারে প্রয়োজন হবে। অন্যান্য অঞ্চলের চেয়ে দক্ষিণ ভারতের ইংরেজ কোম্পানির অবস্থা ছিল ভাল। বিজয়নগর সাম্রাজ্যের পতনের পর কতকগুলি ছোট ছোট দুর্বল রাজ্যের সৃষ্টি হয়েছিল। ১৬৩৯ খ্রীষ্টাব্দে চন্দ্রগিরির রাজার কাছ থেকে মাদ্রাজের ইজারা পেয়ে সেইখানে তাদের প্রধান কুঠি স্থাপন করে। মাদ্রাজ বন্দরের শুল্ক থেকে পাওয়া রাজস্বের অর্ধেক ইংরেজরা প্রতি বছর রাজাকে দেওয়ার বিনিময়ে পেল মাদ্রাজে দুর্গ নির্মাণের ও নিজেদের মুদ্রা চালু করার অধিকার। মাদ্রাজের কুঠির চারপাশে ইংরেজরা যে দুর্গ নির্মাণ করল তার নাম দিল "সেণ্ট জর্জ দুর্গ"।

ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির বৃদ্ধি

১৬৬৪ খ্রীষ্টাব্দে ফরাসী ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির পত্তন হয়েছিল। ১৭২০ খ্রীষ্টাব্দে পুনর্গঠিত হওয়ার পর এই কোম্পানি দ্রুত উন্নতিলাভ করে ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির সমকক্ষ হয়ে উঠেছিল। কলকাতার কাছে চন্দননগরে ও মাদ্রাজের কাছে পূর্ব উপকূলের পণ্ডিচেরীর ঘাঁটিতে ফরাসীরা সুরক্ষিত দুর্গ নির্মাণ করেছিল। এই দুটি ছাড়াও পূর্ব ও পশ্চিম উপকূলে অনেক বন্দর শহরে ফরাসীদের বাণিজ্য-কুঠি ছিল। দাক্ষিণাত্যে পণ্ডিচেরীকে ফরাসীরা পরিণত করেছিল এক শক্তিশালী সামরিক ঘাঁটিতে।

ফরাসী কোম্পানির শক্তি বৃদ্ধি

১৭৪০ খ্রীষ্টাব্দের পর থেকে মুঘল সাম্রাজ্যের দুর্বলতায় ইংরেজরা ভারতে তাদের রাজ্য ও রাজনৈতিক প্রভুত্ব স্থাপনের স্বপ্ন দেখতে শুরু করে। নাদির শাহের আক্রমণের সময় মুঘল সাম্রাজ্যের দুর্বলতা ধরা পড়েছিল। তবে পশ্চিম ভারতে মারাঠারা শক্তিশালী হওয়ায় বিদেশী শক্তির প্রভুত্ব স্থাপন ছিল অসম্ভব। পূর্ব ভারতে আলীবর্দীর প্রতাপে বিদেশী কোম্পানিগুলির আধিপত্য স্থাপনের স্বপ্ন ছিল সুদূরপরাহত। তবে দক্ষিণ ভারতে অবস্থা ছিল বিদেশী শক্তির কাছে অনুকূল। ঔরঙ্গজেবের মৃত্যুর পর দিল্লীর বলিষ্ঠ শাসন এই অঞ্চলে লুপ্ত হয়েছিল। ১৭৪৮ সালে নিজাম-উল-মুলক্ আসফজা'র মৃত্যুর পর নিজামের প্রভাবও হ্রাস পায়। এ ছাড়া 'চৌথ' আদায়ের জন্য মারাঠাদের বারবার হানা দেওয়ার ফলে এই অঞ্চলের আইনশৃঙ্খলা ও শাসনব্যবস্থা ভেঙ্গে পড়েছিল। এই পরিস্থিতি বিদেশী শক্তিগুলির কাছে দক্ষিণ ভারতের রাজ্যগুলিতে নিজেদের রাজনৈতিক প্রভুত্ব স্থাপনের সুযোগ এনে দিয়েছিল। বাণিজ্যিক ও রাজনৈতিক বাসনা পূর্ণ করার সুযোগ শুধু ইংরেজদের কাছেই আসে নি, ফরাসীরাও তাদের প্রতিদ্বন্দ্বীরূপে এগিয়ে আসে। ১৭৪৪ খ্রীষ্টাব্দ থেকে ১৭৬৩ খ্রীষ্টাব্দ পর্যন্ত ভারতের রাজ্যজয় ও বাণিজ্যের অধিকার নিয়ে ইংরেজ ও ফরাসীদের মধ্যে এক দীর্ঘস্থায়ী সংগ্রাম শুরু হয়।

দাক্ষিণাত্যের রাজনৈতিক অবস্থা

করমণ্ডল বা কর্ণাটের রাজনৈতিক অবস্থা

কর্ণাটের প্রথম যুদ্ধ (First Carnatic War) **:** করমণ্ডল উপকূলকে ইউরোপীয়রা কর্ণাট (Carnatic) বলত। অঞ্চলটি ছিল হায়দারাবাদের নিজামের রাজ্যভুক্ত, কিন্তু এইখানকার নবাব প্রায় স্বাধীন ভাবেই রাজত্ব করতেন। ১৭৪৩ খ্রীষ্টাব্দে মারাঠাদের আক্রমণে কর্ণাটের নবাব দোস্ত আলির মৃত্যু হয়। নিজাম তাঁর মনোনীত আনোয়ারউদ্দিনকে কর্ণাটের নবাবের পদে বসালে দোস্ত আলির জামাতা চাঁদাসাহেব তার বিরোধিতা করেন। আনোয়ারউদ্দিন ও চাঁদাসাহেবের এই পারস্পরিক বিবাদে দুই বিদেশী শক্তি ইংরেজ ও ফরাসীরা জড়িয়ে পড়ল ও বিপরীত পক্ষ অবলম্বন করল।

অস্ট্রিয়ার উত্তরাধিকার যুদ্ধের প্রভাব

১৭৪০ খ্রীষ্টাব্দে ইউরোপে অস্ট্রিয়ার উত্তরাধিকার সংক্রান্ত যুদ্ধ শুরু হয়েছিল। এই যুদ্ধে ইংলণ্ড ও ফ্রান্স পরস্পর বিরোধীপক্ষে যোগ দিয়েছিল। ১৭৪২ খ্রীষ্টাব্দে ইউরোপে আমেরিকার উপনিবেশগুলি নিয়ে অস্ট্রিয়ার উত্তরাধিকার সংক্রান্ত কারণে ইংলণ্ড ও ফ্রান্সের মধ্যে যুদ্ধ শুরু হয়েছিল। ভারতেও এই দুই দেশের মধ্যে ব্যবসাক্ষেত্রের প্রতিযোগিতা নিয়ে যুদ্ধ শুরু হয়। ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতা এই সময় তীব্র হয়ে উঠে ; কারণ দু'পক্ষই বুঝতে পারছিল যে, মুঘল সাম্রাজ্য ভেঙ্গে পড়ার মুখে। রাজ্যবিস্তার ও বাণিজ্য-প্রসারের সুযোগ আগের চেয়ে অনেক বেশী দেখা দিয়েছে। দুই পক্ষের মধ্যে যে জয়ী হবে, তার সুযোগই হবে অনেক মূল্যবান।

যুদ্ধ

ইউরোপে ইংরেজ ও ফরাসীদের লড়াই কিছুদিনের মধ্যেই ভারতেও সংক্রামিত হয়েছিল। ১৭৪৫ খ্রীষ্টব্দে ইংরেজ নৌবাহিনী ভারতের দক্ষিণ পূর্ব উপকূলে ফরাসী যুদ্ধ-জাহাজের উপর হানা দিয়ে অধিকার করে নিয়েছিল। ব্রিটিশ নৌ-বহর পণ্ডিচেরী আক্রমণ করতে উদ্যত হলে পণ্ডিচেরীর ফরাসী গভর্নর কর্ণাটের নবাব আনোয়ারউদ্দিনের শরণাপন্ন হলেন। নবাবের আদেশে ব্রিটিশ নৌ-বহর পণ্ডিচেরী ত্যাগ করল। পণ্ডিচেরীর ফরাসী গভর্নর দ্যুপ্লে ছিলেন প্রতিভাবান ও রাজনীতিজ্ঞ ব্যক্তি। ইতিমধ্যে লা-বুরদনের নেতৃত্বে এক ফরাসী নৌ-বহর এসে উপস্থিত হলে দ্যুপ্লে এক পাল্টা আক্রমণ করে মাদ্রাজ অধিকার করে নিয়েছিলেন। এর ফলে ইঙ্গ-ফরাসী যুদ্ধ এক নতুন পথে অগ্রসর হয়েছিল। মাদ্রাজ ছিল কর্ণাটের অন্তর্ভুক্ত। ইংরেজরা ফরাসীদের হাত থেকে মাদ্রাজ ফিরে পাওয়ার জন্য নবাব আনোয়ারউদ্দিনের সাহায্য চাইল। দ্যুপ্লে কিন্তু পূর্ব-প্রতিশ্রুতিমত আনোয়ার-উদ্দিনের কাছে মাদ্রাজ হস্তান্তরিত করতে অস্বীকার করলেন। এই অবস্থায় কর্ণাটের নবাব প্রতিপন্ন করতে চাইলেন যে, তিনিই এই সমগ্র অঞ্চলের প্রকৃত মালিক, ইংরেজ ও ফরাসীরা তাঁর প্রজা মাত্র। দুটি বিদেশী কোম্পানির মধ্যে যুদ্ধ বন্ধ করার জন্য তিনি ১০,০০০ সৈন্য পাঠালেন। আদিয়ার নদীর তীরে সেণ্ট থোম্ নামক স্থানে এই ১০,০০০ নবাবী-সৈন্য মাত্র ৯৩০ জন ফরাসী বাহিনীর কাছে পরাজিত হল। এই যুদ্ধ থেকেই প্রমাণিত

আনোয়ারউদ্দিনের পরাজয়

হয়েছিল যে, ইউরোপীয়দের দ্বারা সংগঠিত সেনাবাহিনীর শ্রেষ্ঠত্ব ভারতীয় সৈন্যদের চেয়ে বহুগুণ। ইউরোপীয় সেনাবাহিনীর এই শ্রেষ্ঠত্বের কারণ ছিল তাদের আধুনিক সমরোপকরণ ও সংগঠন।

সন্ধি ও ফলাফল

১৭৪৮ খ্রীষ্টাব্দে ইউরোপে আইলা-স্যাপেলের সন্ধিতে ইংলণ্ড ও ফ্রান্সের মধ্যে যুদ্ধের পরিসমাপ্তি ঘটেছিল। এই সন্ধির শর্ত অনুযায়ী ফরাসীরা ইংরেজদের হাতে মাদ্রাজ ফিরিয়ে দেয়। আপাতত যুদ্ধবিরতি ঘটলেও ভারতে ব্যবসা-বাণিজ্য ও রাজ্য-অধিকার নিয়ে ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতা অব্যাহত রইল। প্রথমে কর্ণাটের যুদ্ধে প্রমাণিত হল ভারতের দেশীয় রাজ্যগুলি কত দুর্বল। এই যুদ্ধের ফলে ইউরোপীয় বণিক কোম্পানিগুলি তাদের রাজনৈতিক প্রভাব বিস্তারের স্বপ্ন দেখতে শুরু করল।

দ্বিতীয় কর্ণাটের যুদ্ধ (Second Carnatic War) : প্রথম কর্ণাটের যুদ্ধের অভিজ্ঞতাকে ফরাসী গভর্নর ডুপ্লে ফরাসী স্বার্থে কাজে লাগাতে চেষ্টা করলেন। ভারতের দেশীয় শাসকদের মধ্যে বিবাদ ও বিরোধে তিনি সুসংগঠিত ইউরোপীয় বাহিনীর সুযোগ গ্রহণের কৌশল নিলেন। কোন একটি দেশীয় পক্ষ অবলম্বন করে যুদ্ধে তাঁকে জয়লাভে সাহায্য করার বিনিময়ে পারিশ্রমিকরূপে অর্থ, বাণিজ্যিক সুযোগ-সুবিধা ও রাজ্যখণ্ড আদায় করাই ছিল ডুপ্লের নীতি। স্থানীয় শাসকদের অর্থ ও সামরিক শক্তির সাহায্যে ফরাসী কোম্পানিকে শক্তিশালী করে ইংরেজদের ভারত থেকে বিতাড়নের বাসনাও ডুপ্লের ছিল। ভারতীয় শাসকরা সংকীর্ণ স্বার্থের দ্বারা প্রভাবিত হয়ে বিদেশী শক্তির সাহায্যভিক্ষা করতে বিন্দুমাত্র দ্বিধা করেনি। বরং এই সুযোগ ডুপ্লে পূর্ণমাত্রায় গ্রহণ করেছিলেন।

ডুপ্লের নীতি

ডুপ্লে

১৭৪৮ খ্রীষ্টাব্দে কর্ণাটে ও হায়দারাবাদে যে রাজনৈতিক পরিস্থিতির উদ্ভব হয়েছিল, তার সুযোগ নিয়েছিলেন ডুপ্লে। কর্ণাটে চাঁদাসাহেব নবাব আনোয়ারউদ্দিনের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হন। অন্যদিকে হায়দারাবাদে নিজাম-উল-মুলক্ আসফজা'র মৃত্যুর পর তাঁর পুত্র নাসির জং ও পৌত্র মুজাফ্ফর জং পরস্পর গৃহযুদ্ধে অবতীর্ণ হন। এই পরিস্থিতির সুযোগ নিয়ে ডুপ্লে চাঁদাসাহেব ও মুজাফ্ফর জং-এর সঙ্গে এক গোপনচুক্তিতে আবদ্ধ হয়ে তাঁর সুশিক্ষিত বাহিনী নিয়ে এঁদের দু'জনের সাহায্যে এগিয়ে এসেছিলেন। ১৭৪৯ খ্রীষ্টাব্দে অম্বুরের কাছে এক যুদ্ধে আনোয়ারউদ্দিন পরাজিত এবং নিহত হন ও

কর্ণাট ও হায়দারাবাদে রাজনৈতিক পরিস্থিতি

তাঁর পুত্র মুহম্মদ আলি পালিয়ে গিয়ে ত্রিচিনপল্লীতে আশ্রয় নেন। কর্ণাটের নবাব পদে বসে কৃতজ্ঞ চাঁদাসাহেব পণ্ডিচেরীর আশেপাশের ৮০টি গ্রাম ফরাসীদের উপহার দিয়েছিলেন।

ত্যুপ্লের কৌশল হায়দারাবাদেও সফল হয়েছিল। কুদাপ্পার নবাবের হাতে নাসিরজং নিহত হলে, মুজাফ্‌ফর জং দাক্ষিণাত্যে নিজাম ও রাজপ্রতিনিধির পদে অধিষ্ঠিত হলেন। এই কাজে তাঁকে সাহায্যের জন্য নবীন নিজাম পণ্ডিচেরীর কাছে কিছু অঞ্চল ও প্রসিদ্ধ মুসলিপত্তম্ বন্দরের অধিকার দিয়ে ফরাসীদের পুরস্কৃত করেন। এ ছাড়াও ফরাসী কোম্পানি পুরস্কার হিসাবে ৫ লক্ষ টাকা ও ফরাসী সেনাবাহিনী ৫ লক্ষ টাকা পেল। ত্যুপ্লে নিজে ২ লক্ষ টাকা ও বাৎসরিক ১ লক্ষ টাকা আয়ের একটি জায়গির পেলেন। কৃষ্ণা নদী থেকে কন্যাকুমারী পর্যন্ত ভূখণ্ডের তিনি অবৈতনিক 'গভর্নর'-পদে সম্মানিত হলেন। ত্যুপ্লে তাঁর সবচেয়ে দক্ষ কর্মচারী বুসীকে এক ফরাসী সেনাবাহিনীসহ হায়দারাবাদে মোতায়েন করলেন। উদ্দেশ্য ছিল হায়দারাবাদে নিজামের দরবারে ফরাসীদের আধিপত্য বিস্তার। কিন্তু নিজাম মুজাফ্‌ফর জং হায়দারাবাদে যাওয়ার পথে এক দুর্ঘটনায় মারা যান। বুসী নিজাম-উল-মুলকের তৃতীয় পুত্র সালাবৎ জং-কে নিজামের শূন্য পদে অধিষ্ঠিত করেন। নতুন নিজাম অন্ধ্রপ্রদেশের 'উত্তর সরকার' নামে অঞ্চলটির অধিকার ফরাসীদের দান করলেন। এই সময় দক্ষিণ ভারতে ফরাসীদের আধিপত্য চরমে পৌঁছায়। ত্যুপ্লের রাজনীতি আশাতীতভাবে সফল হয়েছিল। দাক্ষিণাত্যের শাসকদের মধ্যে অনেকেই ফরাসীদের মক্কেলে পরিণত হয়েছিলেন।

ত্যুপ্লের নীতির সাফল্য

মুহম্মদ আলী

ইংরেজরা প্রতিদ্বন্দ্বী ফরাসী কোম্পানির এই সাফল্যে নীরব দর্শক হয়ে থাকে নি। ফরাসীদের প্রভাব খর্ব করার জন্য তারা নাসির জং ও মুহম্মদ আলীর পক্ষে যোগ দেয়। নাসির জং-এর মৃত্যুর পর ১৭৫০ খ্রীষ্টাব্দে তারা সর্বশক্তি দিয়ে মুহম্মদ আলীকে সমর্থনের সিদ্ধান্ত নেয়। কর্ণাটের নতুন নবাব চাঁদাসাহেব ফরাসীদের সাথে মিলিত হয়ে ত্রিচিনপল্লী অবরোধে অংশ নিয়েছিলেন। ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির তরুণ কর্মচারী ক্লাইভ পরামর্শ দিলেন যে, চাঁদাসাহেবের অনুপস্থিতিতে তাঁর রাজধানী আর্কটকে অতর্কিত আক্রমণ করলে ত্রিচিনপল্লীর অবরোধ সহজেই মুক্ত করা যাবে। ক্লাইভের এই পরামর্শ গ্রহণ করে ইংরেজদের একটি ছোট বাহিনী ক্লাইভের নেতৃত্বে আর্কট দখল করে নিল।

ইংরেজদের যোগদান

এই বিপরীত অবস্থা লক্ষ্য করে চাঁদা সাহেব ও ফরাসীরা ত্রিচিনপল্লীন অবরোধ তুলে নিয়ে আর্কটে ফিরে এলেন। এর পর থেকে বারবার ফরাসীরা পরাজিত হয়।

ক্লাইভের সাফল্য

ত্রিচিনপল্লী ইংরেজরা অধিকার করে নেয়। ফরাসী সেনাপতি ল' পরাজিত হন ও চাঁদাসাহেব বন্দী হন ও নিহত হন। মুহম্মদ আলী ইংরেজদের সাহায্যে কর্ণাটের সিংহাসনে বসেন। চাঁদাসাহেবের মৃত্যু ও ত্রিচিনপল্লী অধিকার ব্যর্থ হওয়ার ফলে ড্যুপ্লের পরিকল্পনা ব্যর্থ হয়ে গেল। ভাগ্যলক্ষ্মী ইংরেজদের প্রতি সুপ্রসন্ন হলেন।

ফরাসীদের এই ভাগ্যবিপর্যয় রোধের জন্য ড্যুপ্লে আপ্রাণ চেষ্টা করেন। ইংরেজ কোম্পানি ও ক্লাইভের প্রয়াসকে ইংরেজ সরকার যেভাবে সাহায্য করছিলেন, ফরাসী কোম্পানি সেইভাবে ড্যুপ্লেকে সাহায্য করল না। এ ছাড়াও কোম্পানির উচ্চপদস্থ কর্মচারী, স্থল সেনা ও নৌসেনার অধ্যক্ষদের মধ্যে ক্রমাগত ঝগড়া ও বিবাদ চলছিল।

ড্যুপ্লের ব্যর্থতা

ইঙ্গ-ফরাসী এই যুদ্ধে ফরাসী সরকারের প্রচুর আর্থিক ক্ষতি হয়েছিল। আমেরিকায় তাদের উপনিবেশগুলি হারাবার আশঙ্কাও দেখা দিয়েছিল। এই রকম পরিস্থিতিতে তারা বাধ্য হয়ে ইংরেজদের সঙ্গে শান্তি চুক্তির প্রস্তাব পাঠিয়েছিল। ১৭৫৪ খ্রীঃ ইংরেজরা ড্যুপ্লেকে দেশে ফেরত পাঠানো হবে এই শর্তে শান্তি স্থাপনে সম্মত হয়। ফরাসী সরকার এই দাবী মেনে নিয়ে ড্যুপ্লেকে ভারত ছেড়ে চলে আসতে বাধ্য করেছিল। ১৭৫৫ খ্রীষ্টাব্দে এইভাবে ফ্রান্স ও ইংলেণ্ডের মধ্যে শান্তি প্রতিষ্ঠিত হলে দ্বিতীয় কর্ণাটের যুদ্ধের অবসান ঘটল। এই যুদ্ধের ফলে ভারতে ফরাসী কোম্পানির অস্তিত্ব বিপন্ন হয়ে পড়ল।

তৃতীয় কর্ণাটের যুদ্ধ (Third Carnatic War): ভারতবর্ষে ইংরেজ ও ফরাসীদের মধ্যে স্থাপিত সন্ধি স্থায়ী হয় নি। ১৭৫৬ খ্রীষ্টাব্দে ইউরোপে সপ্তবর্ষব্যাপী যুদ্ধের সূত্রে ইংলণ্ড ও ফ্রান্সের মধ্যে যুদ্ধ শুরু হয়। এর প্রতিক্রিয়ায় ভারতবর্ষেও ইংরেজ ও ফরাসীদের মধ্যে পুনরায় যুদ্ধ শুরু হয়েছিল। প্রথমদিকে এই যুদ্ধের কেন্দ্র ছিল বাংলাদেশ। কলকাতা থেকে ক্লাইভ ফরাসী ঘাঁটি চন্দননগর দখল করলেন। এরপর ক্লাইভ পলাশীর যুদ্ধে নবাব সিরাজদ্দৌল্লাকে পরাজিত করে বাংলাদেশে ইংরেজ আধিপত্য একচেটিয়া করে তুললেন। ১৭৫৮ খ্রীষ্টাব্দে কাউণ্ট লালী পণ্ডিচেরীর শাসনকর্তা নিযুক্ত হলে উভয়ের মধ্যে সংঘর্ষ তীব্র হয়ে উঠে। তিনি ইংরেজদের কাছ থেকে সেণ্ট ডেভিড দুর্গটি অধিকার করে মাদ্রাজ দখলের আয়োজন করলেন। নিজের শক্তিবৃদ্ধির জন্য তিনি হায়দারাবাদ থেকে বুসীকে তাঁর সেনাবাহিনীসহ ডেকে আনলেন। এই সুযোগ গ্রহণ

তৃতীয় কর্ণাটের যুদ্ধ

করে ইংরেজ সেনাপতি কর্নেল ফোর্ড হায়দারাবাদে অবস্থিত বাকি ফরাসী সৈন্যকে পরাজিত করেন। অবস্থার এই পরিবর্তনে হায়দারাবাদের নিজাম ইংরেজ পক্ষে যোগ দেন। উত্তর সরকার অঞ্চল ফরাসীদের হাত থেকে ইংরেজদের হাতে চলে গেল। ইতিমধ্যে নতুন ইংরেজ নৌবাহিনী মাদ্রাজে পৌঁছলে লালী মাদ্রাজের অবরোধ তুলে নিলেন। অবশেষে ১৭৬০ খ্রীষ্টাব্দে ইংরেজ সেনাপতি স্যার আয়ার কুটের কাছে বন্দিবাসের যুদ্ধে (২২শে

জানুয়ারি ১৭৬০ খ্রীঃ) ফরাসীবাহিনী সম্পূর্ণভাবে পরাজিত হয়েছিল। পণ্ডিচেরী বিধ্বস্ত হল, জিঞ্জি ও মাহের পতন ঘটল ও ১৭৬১ খ্রীষ্টাব্দের মধ্যে ভারতে ফরাসী শক্তির অবসান ঘটল। ১৭৬৩ খ্রীষ্টাব্দে সপ্তবর্ষব্যাপী যুদ্ধের অবসানে প্যারিসের সন্ধিতে ইংরেজ ও ফরাসীদের মধ্যে শান্তি স্থাপিত হল। ভারতে ফরাসীরা পণ্ডিচেরী, চন্দননগর, কারিকল, মাহে ও ইয়ানান—এই পাঁচটি স্থান শুধু বাণিজ্য চালানোর জন্য ফিরে পেয়েছিল, কিন্তু সামরিক ঘাঁটি হিসাবে এই স্থানগুলি ব্যবহার করতে পারবে না। এইভাবে ভারতে ফরাসী সাম্রাজ্যস্থাপনের সব চেষ্টা ব্যর্থ হয়ে গেল ও ইংরেজদের সামনে বিপুল সম্ভাবনা উন্মুক্ত হয়ে গেল।

ইঙ্গ-ফরাসী এই প্রতিদ্বন্দ্বিতায় ইংরেজদের চূড়ান্ত জয় খুবই তাৎপর্যপূর্ণ। ইউরোপীয় কোন শক্তি ভারতে তাদের বিরুদ্ধে আর মাথা তুলতে পারবে না বুঝতে পেরে, ইংরেজরা নিশ্চিন্তে তাদের সাম্রাজ্য স্থাপনে অগ্রসর হল। গত দু'দশক ধরে যুদ্ধের ফলে ইংরেজদের কাছে স্পষ্ট হয়ে গেল যে, ভারতের স্থানীয় শাসকদের মধ্যে বেশির ভাগই স্বার্থপর ও ভেদবুদ্ধিসম্পন্ন। এইসব শাসকদের মধ্যে দেশপ্রেম বা জাতীয়তাবোধের চিহ্নমাত্র নেই। সুতরাং তাদের মধ্যে বিরোধ বাধিয়ে ও একজনকে অপরের বিরুদ্ধে লাগিয়ে দিয়ে ঘায়েল করার নীতি ইংরেজরা নিয়েছিল। তাদের তৃতীয় শিক্ষাটি হয়েছিল যে, ইউরোপীয় কায়দায় শিক্ষিত ভারতীয় সেনা ইউরোপীয় সেনার মত যুদ্ধনিপুণ হতে পারে। ভারতীয় সেনাদের মধ্যে দেশপ্রেম ও স্বজাতিপ্রীতিরও অভাব আছে। অর্থের বিনিময়ে তাদের যেকোনও কাজে লাগানো যায়। ইংরেজরা এরপর ভারতীয় সেনাদের নিয়োগ করে একটি শক্তিশালী সামরিক বাহিনী গঠনে উৎসাহী হয়েছিল। এদের পরিচালন-ভার ছিল মূলত ইংরেজ অফিসারদের উপর। এই সেনাবাহিনীর সাহায্যে, ব্যবসায় থেকে উদ্বৃত্ত আয় ও বিজিত ভূখণ্ডে আধিপত্যের জোরে ভারতে ইংরেজরা সাম্রাজ্যস্থাপনে অগ্রসর হয়েছিল।

ফলাফল

কর্ণাটের যুদ্ধে ফরাসীদের বিফলতার কারণ (Causes of the French Failure) **:** কর্ণাটের যুদ্ধে ফরাসীদের বিফলতা কোন একটি কারণের ফলে সম্ভব হয়নি। বিভিন্ন কারণের ফলে ফরাসীরা পরাজিত হয়েছিল। বিভিন্ন কারণগুলি নিম্নরূপ।

(১) রাজ্যবিস্তারের সঙ্গে ইংরেজ কোম্পানি বাণিজ্যকে অবহেলা করেনি। বাণিজ্যের ক্ষেত্রে ফরাসী কোম্পানির চেয়ে ইংরেজ কোম্পানি অনেক দক্ষ ছিল। ফলে আর্থিক দিক থেকে ইংরেজরা অনেক শক্তিশালী ছিল, যা রাজনৈতিক সংগ্রামে তাদের শক্তির কারণ ছিল।

(২) দক্ষিণ ভারতে রাজ্যবিস্তারে নৌবাহিনীর বিশেষ ভূমিকা ছিল। ইংরেজ ও ফরাসী শক্তি দুটিই ছিল সামুদ্রিক শক্তি। ফরাসীদের পরাজয়ের কারণ ছিল তাদের নৌ-শক্তিতে দুর্বলতা। ইংরেজরা সামুদ্রিক আধিপত্যের জোরে ফরাসীদের পরাজিত করে।

(৩) ইতিমধ্যে বাংলাদেশে আধিপত্যবিস্তারের ফলে বাংলার অর্থ ও রসদ ইংরেজরা কর্ণাটের যুদ্ধে ব্যবহার করতে পেরেছিল। ফরাসীরা সেই সুযোগ পায় নি।

(৪) ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ছিল সরকারের নিয়ন্ত্রণমুক্ত বেসরকারী ব্যবসায়িক প্রতিষ্ঠান। সুতরাং প্রয়োজনে কোম্পানির ভারতীয় কর্মচারীরা দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও তা কার্যকর করতে পারত। কিন্তু ফরাসী কোম্পানি ছিল সরকারী প্রতিষ্ঠান, সরকারের উপর নির্ভরশীল। এর ফলে ফরাসী কোম্পানির কর্মচারীদের কর্মতৎপরতায় বাধার সৃষ্টি হত। ফরাসী শাসনব্যবস্থা ছিল অপদার্থ, দুর্নীতিপরায়ণ। এই অবস্থায় ফরাসী সরকার কোনও গঠনমূলক নীতি গ্রহণ করে ফরাসী কোম্পানিকে উৎসাহিত করতে পারেন নি।

(৫) ভারতে ইংরেজ ও ফরাসীদের শক্তির কেন্দ্রস্থলের তুলনামূলক পার্থক্য ছিল। ভারতে ব্রিটিশদের তিনটি শক্তিশালী ঘাঁটি ছিল ; —কলকাতা, বোম্বাই ও মাদ্রাজ। প্রয়োজনে তাঁরা এই তিনটি ঘাঁটি ব্যবহার করতেন। কিন্তু ফরাসীদের ঘাঁটি পণ্ডিচেরী ভৌগোলিক দিক থেকে অনুকূল ছিল না।

(৬) ফরাসী কর্তৃপক্ষ ও সেনানায়কদের রাজনৈতিক ও সামরিক ভুলভ্রান্তি ফরাসীদের পরাজয়ের জন্য দায়ী ছিল। ড্যুপ্লেকে দেশে ফেরার নির্দেশ দেওয়া ও বুসীকে হায়দারাবাদ থেকে সরিয়ে আনা ফরাসীদের দুর্বল করে তুলেছিল।

(৭) ড্যুপ্লের পরিকল্পনার ত্রুটিও ফরাসীদের পরাজয়ের জন্য কিছু পরিমাণে দায়ী। ত্রিচিনপল্লীতে মুহম্মদ আলীকে আক্রমণ করতে তিনি দেরী করেন। সেই সুযোগে ইংরেজরা মুহম্মদ আলীর সঙ্গে যোগ দেয়। এ ছাড়াও সাম্রাজ্য স্থাপনের পরিকল্পনা করলে ড্যুপ্লে উপযুক্ত সেনাপতির সাহায্য পাননি। তিনি ছিলেন দাম্ভিক ও উগ্র প্রকৃতির। এর ফলে সহকর্মীদের প্রয়োজনীয় সহযোগিতা তিনি পান নি।

সর্বশেষে বলা যায়, ইংরেজদের মধ্যে দক্ষ রাজনীতিবিদ্ ও সেনানায়কের অভাব ছিল না। ক্লাইভ, লরেন্স ও আয়ারকুটের মত দক্ষ সেনাপতি ও স্যাণ্ডার্সের মত দক্ষ রাজনীতিবিদ্ ফরাসীদের ছিল না। ফরাসী কর্মচারীদের মধ্যে বিবাদ ও বিরোধও তাঁদের দুর্বল করে তুলেছিল।

॥ ৪ ॥ বাংলাদেশে ১৭৬৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির বাণিজ্যিক ও রাজনৈতিক শক্তির প্রসার

(Growth of English East India Company's Commerce and Political Power in Bengal till 1765)

বাংলায় ইংরেজ বণিকরা (English Traders in Bengal) ঃ সুবা বাংলায় ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ১৬৫৩ খ্রীষ্টাব্দে হুগলীতে ব্যবসা করার অনুমতি পায়। কিছুদিনের মধ্যে কোম্পানি বাংলা ও বিহার প্রদেশের পাটনা, বালেশ্বর, ঢাকা প্রভৃতি

স্থানেও কুঠি স্থাপন করে। কোম্পানি বাংলা অঞ্চলে একটি স্বাধীন উপনিবেশ গড়ে তুলতে সচেষ্ট হয়। ব্যবসায়িক সাফল্য, মাদ্রাজ ও বোম্বাই-এ দুটি স্বাধীন সুরক্ষিত দুর্গ স্থাপন তাদের উৎসাহিত করে। এই সময় থেকেই ইংরেজরা ভারতে রাজনৈতিক প্রভুত্ব স্থাপনের স্বপ্ন দেখতে শুরু করেছিল। তাদের ধারণা হয়েছিল, তারা এমন শক্তি অর্জন করবে যে ভীত হয়ে মুঘল শাসক তাদের অবাধ-বাণিজ্যের অধিকার মেনে নেবে। এই অধিকারের জোরে তারা ভারতবাসীকে চড়াদামে জিনিস কিনতে ও সস্তাদামে কাঁচামাল বেচতে বাধ্য করবে। প্রতিযোগী ইউরোপীয় কোম্পানিগুলিকে ব্যবসাক্ষেত্র থেকে বিতাড়নও তাদের উদ্দেশ্য ছিল। ভারতীয় স্থানীয় শাসকদের আরোপিত বাধানিষেধগুলি উপেক্ষা করে সম্পূর্ণ স্বাধীনভাবে ব্যবসা করার স্বপ্নও তারা দেখছিল।

আগমণ ও শক্তিসঞ্চয়

১৬৮৬ খ্রীষ্টাব্দে মুঘল শাসকদের সঙ্গে বিরোধ হওয়ায় ইংরেজরা হুগলী আক্রমণ করে ও মুঘল বাদশাহের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। কিন্তু ইংরেজরা অবস্থা সঠিকভাবে অনুধাবন করতে পারেনি। ঔরঙ্গজেবের রাজত্বে মুঘল সামরিক শক্তি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির চেয়ে অনেক শক্তিশালী ছিল। যুদ্ধে ইংরেজদের পরাজয় ঘটে। বাংলা সুবায় তাদের সমস্ত কুঠি ও বাণিজ্যকেন্দ্র থেকে তারা বিতাড়িত হয়। সুতরাং ইংরেজরা তাদের কৌশল পরিবর্তন করতে বাধ্য হয়। তারা নতজানু হয়ে বাদশাহের কাছে ক্ষমা প্রার্থনা করে ও জানায় যে, তারা ভারতীয় শাসকদের আশ্রিত হয়ে ব্যবসা করতে ইচ্ছুক। মুঘল সম্রাটও ইংরেজদের এই আচরণ হঠকারিতা বলে ধরে নেন। ঔরঙ্গজেব দেড় লক্ষ টাকা ক্ষতিপূরণ নিয়ে ইংরেজদের পূর্বের মতো ব্যবসা-বাণিজ্য করার অনুমতি দিয়েছিলেন। ১৬৯১ সালে বছরে মাত্র ৩ হাজার টাকার বিনিময়ে মুঘল বাদশাহ ইংরেজ বণিকদের বাংলাদেশে বিনা শুল্কে ব্যবসা করার অনুমতি দেন। ১৬৯৮ খ্রীষ্টাব্দে কোম্পানি সুতানুটি, কলিকাতা ও গোবিন্দপুর নামে ৩টি গ্রামের জমিদারী-স্বত্ব পায়। সেইখানে তাদের কুঠি ও ব্যবসা-বাণিজ্য রক্ষার জন্য তারা গড়ে তুলল ফোর্ট উইলিয়াম দুর্গ। কিছুদিনের মধ্যেই এই অঞ্চল শহরে পরিণত হয়ে কলকাতা নামে পরিচিত হয়েছিল। ১৭১৭ খ্রীষ্টাব্দে মিঃ সুরম্যানের নেতৃত্বে কোম্পানির এক প্রতিনিধিদল সম্রাট ফারুখ্‌শিয়ারের কাছ থেকে ১৬৯১ খ্রীষ্টাব্দে পাওয়া সুবিধাগুলি স্থায়ী করে ও আরও সুযোগ-সুবিধা আদায় করে।

সম্রাটের বিরুদ্ধে যুদ্ধ ও ১৬৯১ ও ১৭১৭ ফরমান লাভ

নবাবদের সঙ্গে ইংরেজদের সম্পর্ক (Relation with the Nawabs) : কিন্তু বাংলাদেশের শাসনভার সেই সময় যাদের হাতে ছিল, মুর্শিদকুলি খান, সুজাউদ্দিন ও আলিবর্দী খান,—তাঁরা কেউই ইংরেজ বণিকদের পছন্দ করতেন না। বাদশাহের কাছ থেকে পাওয়া সুযোগ-সুবিধাও দিতে নবাবরা প্রস্তুত ছিলেন না। ফলে ফারুখ্‌শিয়ারের কাছ থেকে পাওয়া সুযোগগুলি প্রায় কাগজকলমেই রয়ে গেল। যে সুযোগগুলি ইংরেজ বণিকরা পেয়েছিল, তার কোনও অপব্যবহার যাতে এরা না করে সেদিকে এঁদের তীক্ষ্ণ দৃষ্টি ছিল। কোম্পানিকে এঁরা কলকাতা দুর্গের শক্তিবৃদ্ধি করতে দেন নি, স্বাধীনভাবে কলকাতায় রাজত্ব করার

নবাবের সঙ্গে সম্পর্ক

অধিকারও দেন নি। কোম্পানি নবাবের অধীনে জমিদার হিসাবেই কলকাতাতেই থাকে।

বাংলা ছিল ভারতবর্ষের মধ্যে সবচেয়ে সমৃদ্ধ। বাংলার শিল্প ও ব্যবসা-বাণিজ্যের ব্যবস্থাও ছিল বেশ উন্নত। মুঘল সম্রাট কর্তৃক প্রদত্ত রাজকীয় ফরমানের বলে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ও তার কর্মচারীরা বেশ ভালভাবেই ব্যবসা করছিল। এই ফরমানের শর্ত অনুসারে এরা বছরে তিন হাজার টাকা জমা দেওয়ার বিনিময়ে বিনাশুল্কে বাংলাদেশ থেকে বাণিজ্য-পণ্য রপ্তানি করতে পারত ও আমদানিও করতে পারত। পণ্য-চলাচলের জন্য এদের হাতে 'দস্তক' বা ছাড়পত্র দেওয়ার অধিকারও ছিল। কিন্তু ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির কর্মচারীদের ব্যক্তিগত ব্যবসায় এই সুযোগ দেওয়া হয় নি। এদের ভারতীয় ব্যবসায়ীদের মতই নির্ধারিত কর বা শুল্ক দিতে হত। ১৭১৭ খ্রীষ্টাব্দে সম্রাটের দেওয়া ফরমান নিয়ে প্রায়ই কোম্পানির সঙ্গে বাংলার নবাবদের বিরোধ হত। বিনাশুল্কে ব্যবসার-অধিকার ছিল বাংলার রাজকোষের পক্ষে ক্ষতিকর। এ ছাড়াও দেখা যেত কোম্পানির 'দস্তক' বা ছাড়পত্র কোম্পানির কর্মচারীরা নিজেদের ব্যবসায় ব্যবহার করছে। 'দস্তকে'র এই অপব্যবহার শুল্ক ফাঁকি দেওয়ার একটি কৌশল ছিল। ১৭১৭ খ্রীষ্টাব্দে ফরমানের প্রয়োগ নিয়ে মুর্শিদকুলি খান থেকে আলিবর্দী খানের সময় পর্যন্ত কোম্পানির সঙ্গে বিবাদ চলে। এঁরা কোম্পানিকে মোটা টাকা শুল্ক হিসাবে দিতে বাধ্য করেন ও 'দস্তকে'র অপব্যবহার কড়াহাতে দমন করেছিলেন। পরবর্তী কালে নবাব সিরাজদ্দৌল্লা'র সঙ্গে 'দস্তক' অপব্যবহার ও নিজেদের ক্ষমতা সুপ্রতিষ্ঠিত করার চেষ্টা নিয়ে ইংরেজ কোম্পানির চরম বিবাদ শুরু হয়।

১৭১৭খ্রীঃ ফরমান ও দস্তক ব্যবস্থা

সিরাজের সঙ্গে ইংরেজদের বিরোধ ও পলাশীর যুদ্ধ (Conflict with Siraj and the Battle of Palassey): ১৭৫৬ খ্রীষ্টাব্দে আলিবর্দী খানের মৃত্যুর পর তাঁর কনিষ্ঠা কন্যা আমিনা বেগমের পুত্র সিরাজদ্দৌল্লা বাংলার সিংহাসনে বসেন। সিরাজের নবাব-পদে বসা পরিবারের অনেকেরই মনঃপূত হয়নি। বিশেষত, তাঁর মাসী ঘসেটি বেগম ও অপর মাসীর পুত্র পূর্ণিয়ার সহনবাব শওকৎ জং সিরাজকে পদচ্যুত করার জন্য এক গভীর ষড়যন্ত্রে লিপ্ত হন। ইংরেজরাও সিরাজকে পছন্দ করত না। সিরাজ সিংহাসনে বসার পর তারা প্রথামত 'নজরানা' দেয়নি নবাবকে। সিরাজ ঘসেটি বেগমকে নজরবন্দী করলে ইংরেজরা শওকৎ জং-এর সঙ্গে যোগাযোগ করে। এ ছাড়াও ঘসেটি বেগমের সমর্থক ও ঢাকার দেওয়ান রাজা রাজবল্লভকে সিরাজ বন্দী করলে ইংরেজরা রাজবল্লভের পুত্র ও পরিবারকে কলকাতায় আশ্রয় দেয়। সিরাজের নির্দেশ সত্ত্বেও তারা রাজবল্লভের পুত্র কৃষ্ণদাসকে নবাবের হাতে অর্পণ করে নি। বরং তারা নবাবের দূতকে অপমান করে কলকাতা থেকে বহিষ্কার করে। এইসব কারণে ইংরেজ কোম্পানি ও নবাব সিরাজদ্দৌল্লার মধ্যে উত্তেজনার সৃষ্টি হয়।

সিংহাসন আরোহণ ও পারিবারিক ষড়যন্ত্র

কৃষ্ণদাসকে আশ্রয়দান

সিরাজদ্দৌলা সিংহাসনে বসে চেয়েছিলেন যে মুর্শিদকুলি খানের আমলে কোম্পানি যেসব শর্তে ব্যবসা করত, এখনও তাদের ঐসব শর্ত মেনে চলতে হবে। ইংরেজরা নবাবের এই আদেশ মেনে চলতে অস্বীকার করেছিল। সদ্য দাক্ষিণাত্যের যুদ্ধে জয়লাভের ফলে তাদের মধ্যে আত্মবিশ্বাস বেড়ে গিয়েছিল। ভারতের দেশীয় শাসকদের রাজনৈতিক ও মানবিক শক্তি কতটা অন্তঃসারশূন্য তা তারা বুঝতে পেরেছিল। সুতরাং কোম্পানির কর্মচারীরা তাদের ব্যক্তিগত ব্যবসায় ঢালাওভাবে চালিয়ে দস্তকের অপব্যবহার শুরু করে। এর ফলে তারা নবাবকে বহু টাকা শুল্ক ফাঁকি দিতে থাকে। এ ছাড়াও তারা নিয়ম করে যে, কলকাতার মধ্যে কোন ভারতীয়কে পণ্য আনতে হলে কোম্পানিকে শুল্ক দিতে হবে। স্বাভাবিক কারণেই তরুণ নবাব এই ঘটনায় ক্রুদ্ধ ও বিরক্তি বোধ করেন।

দস্তকের অপব্যবহার

সিরাজদ্দৌলা

১৭৫৬ খ্রীষ্টাব্দে ইউরোপে সপ্তবর্ষব্যাপী যুদ্ধের সূত্রে ভারতেও ইংরেজ ও ফরাসীদের মধ্যে বিরোধের সূত্রপাত হয়। কলকাতার কাছে চন্দননগর ছিল ফরাসীদের ঘাঁটি। ফরাসী ও ইংরেজরা সংঘর্ষ আসন্ন অনুভব করে চন্দননগর ও কলকাতায় নবাবের বিনা অনুমতিতে দুর্গনির্মাণ শুরু করে। এই দুর্গনির্মাণ সংক্রান্ত বিষয়ে ইংরেজ কোম্পানির সঙ্গে নবাবের বিরোধ তীব্র অবস্থায় পৌছেছিল। তাঁর রাজত্বে বিদেশী বণিকরা দুর্গ-নির্মাণ করবে এই কাজটি সিরাজ তাঁর সর্বময় কর্তৃত্বের প্রতি উপেক্ষা বলে মনে করেছিলেন। এর উপর সিরাজের মনে হয়েছিল যে, তিনি তাঁর রাজ্যে ইংরেজ ও ফরাসীদের পরস্পরে লড়াই করতে দিলে তাঁর অবস্থা কর্ণাটের নবাবদের মত হবে। সিরাজ চেয়েছিলেন ইউরোপীয় বণিকরা ব্যবসা-বাণিজ্য করতে চায় করুক, কিন্তু তাঁর রাজ্যে কোনও প্রভুত্ব করতে পারবে না। তিনি ইংরেজ ও ফরাসীদের উভয় পক্ষকেই কলকাতা ও চন্দননগরের দুর্গ ভেঙ্গে ফেলতে ও নিজেদের মধ্যে যুদ্ধ না করতে আদেশ দিয়েছিলেন। ফরাসী কোম্পানি নবাবের আদেশ মেনে নিয়েছিল, কিন্তু ইংরেজ কোম্পানি নবাবের আদেশ অগ্রাহ্য করেছিল। ইংরেজ কোম্পানি নবাবের আদেশ অগ্রাহ্য করে নিজেদের ইচ্ছামত বাংলাদেশে ব্যবসা-বাণিজ্য চালিয়ে যাওয়ার জন্য কৃতসঙ্কল্প হয়েছিল।

দুর্গনির্মাণ

১৭৫৬ খ্রীষ্টাব্দে জুন মাসে নবাব সিরাজদ্দৌল্লা শওকৎ-জং-এর বিরুদ্ধে যুদ্ধের জন্য পূর্ণিয়া রওনা হলে পথে কলকাতার ইংরেজ গভর্নর ড্রেকের কাছ থেকে চিঠি পান যে ইংরেজরা কলকাতার দুর্গনির্মাণ থেকে বিরত হবে না। সিরাজ পূর্ণিয়া অভিযান স্থগিত রেখে ইংরেজদের বিরুদ্ধে অগ্রসর হলে পথে কাশিমবাজারের ইংরেজ কুঠি দখল করে তিনি কলকাতার উদ্দে

কলকাতা আক্রমণ

রওনা হন। ২০শে জুন, ১৭৫৬ খ্রীষ্টাব্দে তিনি কলকাতার ফোর্ট উইলিয়াম দুর্গ দখল করে নেন। ইংরেজরা পালিয়ে গিয়ে হুগলী নদীর মোহনায় ফলতাতে আশ্রয় নেয়।

রবার্ট ক্লাইভ

কলকাতা-অভিযান সম্পূর্ণ করে ও কলকাতার ভার কর্মচারী মানিকচাঁদের উপর অর্পণ করে সিরাজ পূর্ণিয়া অভিমুখে যাত্রা করেন। যুদ্ধে শওকৎ জং পরাজিত ও নিহত হলেন। এই পর্যন্ত সিরাজের সব প্রচেষ্টাই সফল হয়েছিল।

কলকাতার পতনের খবর মাদ্রাজে ইংরেজদের কাছে পৌঁছলে সেখান থেকে কর্নেল ক্লাইভের নেতৃত্বে একদল স্থলসৈন্য ও এ্যাডমিরাল ওয়াট্‌সনের নেতৃত্বে একটি নৌবাহিনী কলকাতার কাউন্সিলের সাহায্যের জন্য পাঠানো হল। দাক্ষিণাত্যে কর্ণাটের যুদ্ধে জয়লাভের ফলে ইংরেজদের মনে সাহস ফিরে আসে। ক্লাইভ ও ওয়াট্‌সন অতি সহজেই মানিকচাঁদকে পরাজিত করে কলকাতা পুনরায় দখল করে নিলেন ও নবাবের বন্দর হুগলী লুঠ করেন। ক্লাইভের ঔদ্ধত্যে নবাব সিরাজ দ্বিতীয়বার কলকাতা আক্রমণ করলেন। ৫ই ফেব্রুয়ারি, ১৭৫৭খ্রীঃ ক্লাইভের সেনাবাহিনীর সঙ্গে নবাবের সেনাবাহিনীর সংঘর্ষ হয়। চূড়ান্ত বিজয় কারো পক্ষে না হলেও নবাব হতাহতের সংখ্যায় বিচলিত হয়ে পড়েন। কয়েকদিন পরেই তিনি ইংরেজদের সঙ্গে আলিনগরের সন্ধি স্বাক্ষর করলেন। সন্ধির শর্তানুসারে ইংরেজরা কলকাতায় দুর্গনির্মাণ, নিজেদের মুদ্রা প্রচলনের ও বাংলায় বিনাশুল্কে বাণিজ্যের সুযোগ লাভ করল।

আলিনগরের সন্ধি

ইংরেজরা এতেও সন্তুষ্ট হয়নি, তাদের আরও উচ্চাকাঙ্ক্ষা ছিল। তারা বাংলার নবাবী পদে এমন একজনকে বসাতে চাইছিলেন যে, যিনি তাদের ইচ্ছামত চলবেন। ইতিমধ্যে নবাবের অনুমতি না নিয়েই ক্লাইভ ফরাসীদের পরাজিত করে চন্দননগর অধিকার করে নেন। ইংরেজদের অসন্তুষ্টির ভয়ে নবাব ফরাসীদের রাজধানী মুর্শিদাবাদে আশ্রয় দিতে রাজী হন নি। সিরাজের এই দুর্বলতায় ইংরেজরা উৎসাহিত হয়। এই সময় মুর্শিদাবাদে রাজসভায় উচ্চপদস্থ কর্মচারীবৃন্দ, জগৎশেঠ, রায়দুর্লভ, মীরজাফর, ইয়ার লতিফ খাঁ, নবাব সিরাজের বিরুদ্ধে এক ষড়যন্ত্রের সূত্রপাত করেন। স্থির হয় সিরাজকে পদচ্যুত করে মীরজাফরকে সিংহাসনে বসানো হবে। উমিচাঁদ নামে এক ব্যবসায়ীর মাধ্যমে ষড়যন্ত্রকারীদের সঙ্গে ক্লাইভের যোগাযোগ হয়। উভয়পক্ষে একটি চুক্তি স্বাক্ষরিত হল ;—মীরজাফরকে সিংহাসনে বসানো হবে এবং

ক্লাইভের চন্দননগর দখল

সিরাজের বিরুদ্ধে ষড়যন্ত্র

ইংরেজরা প্রচুর অর্থ পুরস্কার হিসাবে পাবেন। তা ছাড়া বিনাশুল্কে ব্যবসার-অধিকার এবং কলকাতা ও ২৪ পরগনার জমিদারিও পাবেন।

সবকিছু স্থির করে ক্লাইভ নবাবের বিরুদ্ধে আলিনগরের সন্ধিভঙ্গের অভিযোগ নিয়ে এলেন। একদল সৈন্যসহ তিনি কাটোয়া হয়ে পলাশীর আমবাগানে উপস্থিত হলেন। ২৩শে জুন, ১৭৫৭খ্রীঃ উভয়পক্ষে লড়াই শুরু হল। বিশ্বাসঘাতক রায়দুর্লভ ও মীরজাফরের পক্ষের বেশির ভাগ সেনাই যুদ্ধে নামে নি। তবে মীরমদন ও মোহনলালের অধীনে সেনাবাহিনী অমিতবিক্রমে যুদ্ধ করে পরাজিত হয়। পরাজিত নবাব যুদ্ধক্ষেত্র থেকে পলায়ন করতে বাধ্য হন। পরে তিনি বন্দী হয়ে মীরজাফরের পুত্র মীরনের আদেশে নিহত হন।

পলাশীর যুদ্ধ

পলাশীর যুদ্ধ কবি নবীনচন্দ্র সেনের ভাষায় ভারতের ভাগ্যে অন্ধকারময়ী চিররাত্রির সূচনা করেছিল। ইংরেজরা পুতুল-নবাব মীরজাফরকে বাংলার সিংহাসনে বসিয়ে বাংলা লুণ্ঠনে ব্যস্ত হয়ে পড়ল। বাংলা-বিহার ও উড়িষ্যাতে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি বিনাশুল্কে বাণিজ্যের অধিকার পেল ও ২৪ পরগনার জমিদারিও পেল। সিরাজের কলকাতা আক্রমণের ক্ষতিপূরণ হিসাবে নতুন নবাব দিলেন ১ কোটি ৭০ লক্ষ টাকা। ক্লাইভ নিজে পান ২০ লক্ষ টাকা। কোম্পানির কর্মচারীদের ব্যবসার জন্য আর কোনও কর দিতে হবে না। পলাশীর যুদ্ধ এক বিশেষ ঐতিহাসিক গুরুত্বপূর্ণ ঘটনা। এই ঘটনার ফলে বাংলায় ও পরে সমগ্র ভারতে ব্রিটিশ আধিপত্যের পথ সুগম হয়েছিল। এই একটি যুদ্ধের পর বাংলাদেশ থেকে অন্যান্য বিদেশী ব্যবসায়ীদের বিতাড়ন করে ইংরেজরা ব্যবসা বাণিজ্য একচেটিয়া করে নেয়। সমৃদ্ধ বাংলার টাকায় ইংরেজরা এক শক্তিশালী সেনাবাহিনী গঠন করতে পেরেছিল। বাংলায় আধিপত্য স্থাপন, দাক্ষিণাত্যে ফরাসীদের বিরুদ্ধে যুদ্ধে জয়লাভে ইংরেজদের সাহায্য করেছিল।

পলাশীর যুদ্ধের ফলাফল

বাংলায় ইংরেজরা যে অর্থ লুণ্ঠন করে তাকে ঐতিহাসিক পার্সিভ্যাল স্পীয়ার "পলাশী লুঠপাঠ" আখ্যা দিয়েছেন। আচার্য যদুনাথ সরকার বলেছেন যে, পলাশীর যুদ্ধের পর বাংলায় মধ্যযুগের অবসানের পর আধুনিক যুগের সূত্রপাত হয়। ইংরেজ শক্তির মাধ্যমে পাশ্চাত্য শিক্ষা ও যুক্তিবাদ বাংলায় প্রচারিত হয়। এর ফলে বাংলায় নবজাগরণ দেখা দিয়েছিল।

মীরজাফর (Mirjafar) ঃ পলাশীর যুদ্ধের পর ইংরেজদের সাহায্যে মীরজাফর বাংলার নবাবের গদি পেয়েছিলেন। শেষ পর্যন্ত মীরজাফরকেও তাঁর আচরণের জন্য অনুতাপ করতে হয়েছে। মীরজাফর নবাবের পদে বসলেও কোম্পানি প্রকৃতপক্ষে "সিংহাসনের পিছনের শক্তি"-তে পরিণত হয়। সিংহাসনে বসে কোম্পানির ঘুষ অথবা নজরানার দাবি মেটাতে মেটাতে তাঁর রাজকোষ শূন্য হয়ে এসেছিল। কর্নেল ম্যালেসন বলেছেন, যতটা পারা যায় ততটাই আদায় করে নেওয়াটাই ছিল কোম্পানির কর্মচারীদের লক্ষ্য। সরকারী ভাবে কোম্পানির পরিচালকরা কোম্পানিকে এই নির্দেশ পাঠিয়েছিল যে,

পুতুল নবাব

বোম্বাই ও মাদ্রাজ প্রেসিডেন্সীতে কোম্পানির খরচের সব অর্থ বাংলা প্রেসিডেন্সীকেই বহন করতে হবে। এ ছাড়াও বাংলার অর্থ দিয়েই কোম্পানিকে রপ্তানিযোগ্য সব মাল কিনতে হবে। সুতরাং, কোম্পানি শুধু ব্যবসা-বাণিজ্য নয়, নবাবের কাছ থেকে অর্থ আদায়ের যন্ত্রে পরিণত হল। মীরজাফর একসময় বুঝতে পারেন যে, কোম্পানি ও তাঁর কর্মচারীদের দাবি মেটানো তার পক্ষে সম্ভব নয়। কোম্পানিও বুঝতে পারে মীরজাফরের কাছে আর কিছু পাওয়া যাবে না। কোম্পানি মীরজাফরের সামরিক শক্তি এর পূর্বেই কেড়ে নিয়েছিল। সুতরাং কোম্পানির কর্মচারীরা মীরজাফরের জামাতা, রংপুরের সহ-সুবেদার মীরকাশিমের সঙ্গে আলোচনা শুরু করে। মীরকাশিম উপযুক্ত ভাবে কোম্পানির দাবি পূরণের আশ্বাস দিলে ১৭৬০ খ্রীষ্টাব্দে এক রক্তপাতহীন বিদ্রোহের মাধ্যমে মীরজাফর পদচ্যুত হন ও মীরকাশিম বাংলার নবাবের গদিতে বসেন।

মীরজাফর

মীরকাশিম—১৭৬০-১৭৬৪ খ্রীষ্টাব্দ (Mirqasim): সিংহাসনে বসে মীরকাশিম পূর্ব-চুক্তিমত কোম্পানির সেনাবাহিনীর বকেয়া পাওয়া বেতন মিটিয়ে দেন ; বর্ধমান, মেদিনীপুর ও চট্টগ্রামের জমিদারী-স্বত্ব কোম্পানিকে দান করেন ও কোম্পানির কর্মচারীদের উপযুক্তভাবে পুরস্কৃত করেন। মীরকাশিম কোম্পানির দাবি মিটিয়ে দিয়ে নিজেকে কোম্পানির হাত থেকে মুক্ত করতে চান ও স্বাধীনভাবে বাংলা-বিহার ও উড়িষ্যা শাসন করতে চান।

চারিত্রিক দৃঢ়তা

মীরকাশিম ছিলেন কর্মদক্ষ, যোগ্য ও দৃঢ় প্রকৃতির মানুষ। তিনি বুঝতে পেরেছিলেন যে, ইংরেজরা নবাবকে তাদের হাতের পুতুল বানিয়ে ফেলেছে। তিনি কোম্পানির দাবি মিটিয়ে দেওয়ায় কোম্পানির উচিত তাঁকে নির্বিবাদে বাংলা শাসন করতে দেওয়া।

মীরকাশিম বাংলার নবাবের স্বাধীনতাকে এত সহজে ইংরেজদের হাতে ছেড়ে দিতে রাজী ছিলেন না। তিনি বুঝতে পেয়েছিলেন কলকাতার কাছে রাজধানী মুর্শিদাবাদে হওয়ায় ইংরেজরা সহজেই নবাবের শাসনে হস্তক্ষেপ করে। সেইজন্য তিনি তিনদিকে পাহাড়-ঘেরা সুরক্ষিত মুঙ্গেরে তাঁর রাজধানী সরিয়ে নিয়ে যান। সামরিক শক্তির জন্য ইংরেজদের উপর নির্ভর করতে না হয়, সেইজন্য তিনি ইউরোপীয় কায়দায় এক সৈন্যবাহিনী গড়ে তোলেন। গুর্গিন খাঁ, সমরু, মার্কার প্রমুখ বিদেশী সেনাপতিরা তাঁর সেনাবাহিনী তৈরি করতে সাহায্য

মীরকাশিম

করেছিলেন। ইংরেজদের তাঁবেদার জমিদারদেরও তিনি দমন করেন। পাটনার দেওয়ান রামনারায়ণ ছিলেন ইংরেজভক্ত। মীরকাশিম সিংহাসনে বসেই তাঁর কাছে হিসাব চেয়ে পাঠান। ইংরেজদের সমর্থনে রামনারায়ণ ঔদ্ধত্য দেখালে তিনি কঠোর হাতে রামনারায়ণের বিদ্রোহ দমন করেন। এইসব স্বাধীন কাজকর্ম ইংরেজ কোম্পানির পছন্দ হচ্ছিল না। তারা বুঝতে পারছিলেন মীরকাশিম তাদের হাতের পুতুল হবেন না।

মীরকাশিমের সঙ্গে ইংরেজদের সরাসরি বিরোধ শুরু হল ১৭১৭ খ্রীষ্টাব্দে বিনাশুল্কে বাণিজ্য করার অধিকার-সংক্রান্ত বাদশাহী ফরমানকে কেন্দ্র করে। কোম্পানির কর্মচারীরা চেয়েছিল যে, তাদের বাণিজ্য বিদেশে রপ্তানির জন্যই হোক বা আভ্যন্তরীণ ব্যবসার জন্য হোক সব ক্ষেত্রেই করমুক্ত হবে। এই অবস্থায় দেশীয় বণিকরা প্রতিযোগিতায় বেশ ক্ষতিগ্রস্ত হত, কারণ ইংরেজ বণিকরা কর থেকে অব্যাহতি পেত ও তাদের কর দিতে হত। এ ছাড়াও 'দস্তক' বা ছাড়পত্র নিয়ে দুর্নীতি চলত। কোম্পানির কর্মচারীরা তাদের অনুগত দেশীয় বণিকদের কাছে 'দস্তক' বিক্রি করত। অসাধু উপায়ে দেশীয় বণিকরা দেশের ভিতর পণ্য চলাচলের ক্ষেত্রে 'দস্তক' ব্যবহার করে সরকারের রাজস্ব ফাঁকি দিত। এদের সঙ্গে ব্যবসায় দেশের সৎ ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হত। নবাবের রাজকোষেও অর্থ কমই জমা পড়ত। এ ছাড়াও নতুন ক্ষমতালাভের গৌরবে মত্ত কোম্পানির কর্মচারীরা তাঁদের অর্থ উপার্জনের সম্ভাবনায় নবাবের কর্মচারী ও বাংলার গরীব অধিবাসীদের উপর অত্যাচার ও জোরজুলুম করত। নবাবের কর্মচারী ও জমিদারদের কাছ থেকে জোর করে ঘুষ ও নজরানা আদায় করত। ভারতীয় কারিগর, চাষী ও বণিকদের ভয় দেখিয়ে সস্তায় পণ্য বেচতে বাধ্য করত ও তাদের পণ্য কিনতে বাধ্য করত। মীরকাশিম বারবার কোম্পানির কলকাতা কাউন্সিলকে এই বিষয়ে নজর দিতে অনুরোধ করেন ও তাঁর অসন্তুষ্টির কথা জানান। কলকাতা কাউন্সিলের অস্থায়ী সভাপতি ভ্যান্সিটার্ট মীরকাশিমের সঙ্গে দেখা করে এই বিষয়ে একটি চুক্তি করেন। এই চুক্তিতে বলা হল, কোম্পানির কর্মচারীরা তাদের ব্যক্তিগত ব্যবসার জন্য নবাবকে ৯% হারে শুল্ক দেবে। কিন্তু কলকাতা কাউন্সিল এই চুক্তি মানলেন না, কারণ কাউন্সিলের অনেক সদস্যই বিনাশুল্কে ব্যক্তিগত ব্যবসা করছিলেন। সাধারণ ইংরেজরাও বিনাশুল্কে ব্যবসা করতেই ইচ্ছুক ছিলেন। নবাব বুঝতে পারলেন ইংরেজরা শুল্ক দিয়ে ব্যবসা করতে চায় না।

দস্তকের অপব্যবহার নিয়ে বিরোধ

মীরকাশিম বেশ বুঝতে পেরেছিলেন যে, কোম্পানির এই ধরনের কাজকর্ম যদি দমন করা না যায়, তবে তিনি কখনও বাংলাকে শক্তিশালী ও সমৃদ্ধ করে তুলতে পারবেন না ও নিজেকে কোম্পানির হাত থেকে মুক্ত করতেও পারবেন না। ১৭৬৩ খ্রীষ্টাব্দে তিনি আভ্যন্তরীণ ব্যবসার ক্ষেত্রে সর্বশ্রেণীর ব্যবসায়ীকে শুল্ক থেকে অব্যাহতি দিলেন। ইংরেজরা যে বিশেষ সুযোগ ভোগ করছিল, দেশীয় ব্যবসায়ীদেরও তা ভোগ করতে দেওয়া হল। কিন্তু ইংরেজরা দেশীয় বণিকদের এই সুযোগলাভ মোটেই বরদাস্ত করতে পারল না। তারা দাবি জানাল যে, দেশীয় বণিকদের উপর শুল্ক মকুব করা চলবে না।

কলকাতা কাউন্সিল নবাবকে শিক্ষা দেওয়ার জন্য প্রস্তুত হল। যুদ্ধ আসন্ন হয়ে উঠল। পাটনার কুঠিয়াল মিঃ এলিস পাটনা দখল করে নিলে যুদ্ধ শুরু হয়ে গেল।

মীরকাশিম কিন্তু যুদ্ধে মোটেই সুবিধা করতে পারলেন না। তিনি গিরিয়া, কাটোয়া, সুতি ও উদয়নালা'র যুদ্ধে পরাস্ত হলেন। অবশেষে পাটনা দখলের ব্যর্থ চেষ্টা করে মীরকাশিম অযোধ্যায় পালিয়ে যান। সেখানে অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা ও পলাতক মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলমের সঙ্গে এক মৈত্রী গড়ে তোলেন। এই তিন শক্তির সম্মিলিত বাহিনী ১৭৬৪ খ্রীষ্টাব্দের ২২শে অক্টোবর, বক্সারে ইংরেজ সেনাপতি হেক্টর মুন্রোর কাছে সম্পূর্ণভাবে পরাজিত হয়। মীরকাশিমের পরাজয়ের সঙ্গে সঙ্গে বাংলার স্বাধীন নবাবী আমলের অবসান হয়।

বক্সারের যুদ্ধ

বাংলা তথা ভারতের ইতিহাসে বক্সারের যুদ্ধ বিশেষ গুরুত্বপূর্ণ। ইংরেজদের সঙ্গে বাংলার নবাবদের যে সুদীর্ঘকাল ধরে-বিরোধ চলছিল বক্সারের যুদ্ধে তার চরম নিষ্পত্তি হয়। পলাশীর যুদ্ধ প্রকৃতপক্ষে যুদ্ধ ছিল না, কিন্তু বক্সারের যুদ্ধে ইংরেজদের সামরিক শ্রেষ্ঠত্ব নিঃসন্দেহে প্রমাণিত হয়েছিল। এই যুদ্ধেই ইংরেজরা বাংলাদেশে তাদের আধিপত্যকে বৈধ রূপ দিতে পেরেছিল। এ ছাড়াও অযোধ্যার নবাব ও মুঘল সম্রাট ইংরেজদের অনুগত শক্তিতে পরিণত হয়েছিলেন। সেইজন্য ঐতিহাসিকরা পলাশীর যুদ্ধের চাইতে বক্সারের যুদ্ধকে অধিক গুরুত্বপূর্ণ বলে মনে করেন।

বক্সারের যুদ্ধের গুরুত্ব

ক্লাইভের দ্বিতীয় শাসন ও কোম্পানির দেওয়ানি লাভঃ—বক্সারের যুদ্ধের পর বাংলার সিংহাসন শূন্য হয় এবং বাংলা ও বিহারের কর্তৃত্ব কোম্পানির হাতে এসেছিল।

কোম্পানির দেওয়ানি লাভ

অযোধ্যার নবাব ও মুঘল সম্রাটও মীরকাশিমের সঙ্গে পরাজিত হওয়ায় তাদের উপর

আধিপত্যবিস্তারের সুযোগও কোম্পানি লাভ করল। এই পরিস্থিতিতে কোম্পানি ক্লাইভকে দ্বিতীয়বার বাংলাদেশে পাঠায়। এই জটিল পরিস্থিতির সম্মুখীন হয়ে ক্লাইভ ধীরমস্তিষ্কে একটি সমাধান স্থির করলেন। মীরকাশিমের সঙ্গে যুদ্ধ শুরু হওয়া মাত্র ১৭৬৩ খ্রীষ্টাব্দে মীরজাফরকে সিংহাসনে বসানো হয়েছিল। মীরজাফরের মৃত্যুর পর ১৭৬৫ খ্রীষ্টাব্দে তাঁর দ্বিতীয় পুত্র নজমদ্দৌল্লাকে কোম্পানি সিংহাসনে বসিয়েছিল। ১৭৬৫ খ্রীষ্টাব্দে ২০শে ফেব্রুয়ারি, নতুন নবাব কোম্পানির সঙ্গে একটি চুক্তি করে। স্থির হয়, নবাবকে তার সেনাবাহিনী ভেঙ্গে দিতে হবে ও বাংলার শাসনভার থাকবে সহ-সুবেদারের হাতে। এই সহ-সুবেদারকে মনোনীত করবে কোম্পানি। বাংলার শাসন এইভাবে প্রকৃতপক্ষে কোম্পানির হাতে চলে এসেছিল।

নজমদ্দৌল্লার সঙ্গে চুক্তি

ক্লাইভ বাংলায় পৌঁছে প্রথমে অযোধ্যার নবাব সুজাউদ্দৌলার সঙ্গে ১৭৬৫ খ্রীষ্টাব্দে এলাহাবাদের সন্ধি স্বাক্ষর করলেন। এই সন্ধির দ্বারা (১) অযোধ্যার নবাব কোম্পানিকে ৫০ লক্ষ টাকা ক্ষতিপূরণ এবং কারা ও এলাহাবাদ প্রদেশ দুটি ছেড়ে দেন। (২) কোম্পানি অযোধ্যাকে বিদেশী আক্রমণের বিরুদ্ধে সাহায্য দিতে স্বীকার করে ও নবাবের রক্ষার দায়িত্ব নেয়। এরপর ক্লাইভ মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলমের সঙ্গে এলাহাবাদের দ্বিতীয় সন্ধি স্বাক্ষর করেন। এই সন্ধির দ্বারা (১) অযোধ্যার নবাবের কাছ থেকে পাওয়া কারা ও এলাহাবাদ কোম্পানি নবাবকে দেয়। (২) এর বিনিময়ে কোম্পানি বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানির অধিকার লাভ করে। অর্থাৎ, কোম্পানি বাংলা, বিহার ও উড়িষ্যার রাজস্ব আদায়ের অধিকার লাভ করে। (৩) 'দেওয়ানি'-স্বত্বলাভের বিনিময়ে কোম্পানি মুঘল সম্রাটকে বছরে ২৬ লক্ষ টাকা ও বাংলার নবাব নজমদ্দৌল্লাকে তার শাসনের ব্যয়নির্বাহের জন্য বছরে ৫৩ লক্ষ টাকা দিতে স্বীকার করে।

অযোধ্যার নবাবের সঙ্গে চুক্তি

মুঘলসম্রাট দ্বিতীয় শাহ আলমের সঙ্গে চুক্তি ও দেওয়ানি লাভ

॥ ৫ ॥ ব্রিটিশ সাম্রাজ্যবাদী বিস্তার—১৭৬৭-১৮৫৭

(British Imperial Expansion—1767-1857)

(ক) ইঙ্গ-মারাঠা সম্পর্ক (Anglo-Maratha Relation)

১৭৬১ খ্রীষ্টাব্দে তৃতীয় পানিপথের যুদ্ধের পর মারাঠা সাম্রাজ্য ধীরে ধীরে তরুণ পেশোয়া মাধব রাও-এর নেতৃত্বে শক্তি সঞ্চয় করতে থাকে। তাঁর পিতৃব্য রঘুনাথ রাও

তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করছেন জানতে পেরে মাধব রাও তাঁকে নজরবন্দী করেন। মাধব রাও-এর অধীনে মারাঠারা পুনরায় সাম্রাজ্যবিস্তারে মন দেয়। মালব ও বুন্দেলখণ্ড মারাঠাদের দখলে আসে ও জাঠ ও রোহিলারা নতি স্বীকার করে এবং রাজপুতরা কর দিতে বাধ্য হয়। পলাতক মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলম, মারাঠাদের সাহায্যে দিল্লীর সিংহাসনে পুনঃ-প্রতিষ্ঠিত হন।

মারাঠা শক্তির পুনরুজ্জীবন

প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধ (First Anglo-Maratha War) : মারাঠাদের এই পুনরুজ্জীবনের মুহূর্তে ১৭৭২ খ্রীষ্টাব্দে হঠাৎ পেশোয়া মাধব রাও মারা গেলেন। ঐতিহাসিক গ্রাণ্ডডাফ মন্তব্য করেছেন, পানিপথের তৃতীয় যুদ্ধের চেয়েও পেশোয়া মাধব রাও-এর মৃত্যু মারাঠাদের কাছে ছিল বড়রকমের ক্ষতি। মাধব রাও-এর মৃত্যুর পর পেশোয়া হন তাঁর ভাই নারায়ণ রাও। কিন্তু রঘুনাথ রাও বা রাঘোবা তাঁকে ষড়যন্ত্র করে হত্যা করে নিজেই পেশোয়া হন। ইতিমধ্যে নারায়ণ রাও-এর বিধবা স্ত্রীর গর্ভে একটি পুত্রসন্তানের জন্ম হলে মারাঠা দলপতিরা নানা ফড়নবীশের নেতৃত্বে এই শিশুপুত্রকে মাধব রাও নারায়ণ নাম দিয়ে পেশোয়া-পদে বসান। রঘুনাথ রাও বোম্বাই-এ গিয়ে তাঁর গদি রক্ষার জন্য ইংরেজদের সাহায্য প্রার্থনা করলেন। ইংরেজরা মারাঠাদের মধ্যে গৃহযুদ্ধের সুযোগে হস্তক্ষেপের সুযোগ পেল। ১৭৭৫ খ্রীষ্টাব্দের মার্চ মাসে রঘুনাথ রাও বোম্বাই-এর ইংরেজ কর্তৃপক্ষের সঙ্গে সুরাটের সন্ধি স্বাক্ষর করলেন। স্থির হল—(১) ইংরেজরা রঘুনাথ রাওকে পুণায় পেশোয়ার গদিতে বসার জন্য ২,৫০০ সেনা দিয়ে সাহায্য করবে। (২) রঘুনাথ রাও জয়লাভ করে বিনিময়ে ইংরেজদের সলসেট ও বেসিন বন্দর সমর্পণ করবেন ও ৬ লক্ষ টাকা দেবেন। কিন্তু কলকাতার ইংরেজ কর্তৃপক্ষ, বিশেষ করে ওয়ারেন হেস্টিংস, সুরাটের সন্ধি অনুমোদন করলেন না। কলকাতার ইংরেজ কর্তৃপক্ষ পুণার দরবারের সঙ্গে ১৭৭৬ খ্রীষ্টাব্দে পুরন্দরের সন্ধি স্বাক্ষর করলেন। এই সন্ধিতে ইংরেজরা শিশু-পেশোয়াকে মেনে নিলেন ও রঘুনাথ রাওকে সাহায্য করবেন না স্থির হল। বিনিময়ে তারা লাভ করবে সলসেট বন্দর। কিন্তু কোম্পানির বিলেতের পরিচালক-সভা সুরাটের সন্ধি অনুমোদন করলেন।

রঘুনাথ রাও-এর চক্রান্ত

নানা ফড়নবীশ

সুরাটের সন্ধি

পুরন্দরের সন্ধি

পরিচালক-সভার নির্দেশে হেস্টিংস রঘুনাথ রাওকে সমর্থন করলে প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধ শুরু হয়ে গেল (১৭৭৮ খ্রীঃ)। ১৭৭৯ খ্রীষ্টাব্দে বোম্বাই-এর ইংরেজরা মারাঠাদের কাছে তেলিগাঁও-এর যুদ্ধে পরাজিত হয়ে ওয়ারগাঁও-এর সন্ধি করতে বাধ্য হয়। কিন্তু এই সন্ধির শর্ত অপমানজনক মনে হওয়ায় হেস্টিংস তা অনুমোদন করলেন না। পুনরায় যুদ্ধ শুরু হয়ে গেল। বাংলাদেশ থেকে সেনাপতি গডার্ডের নেতৃত্বে একদল সৈন্য পাঠালেন হেস্টিংস। নানা ফড়নবীশ ইংরেজদের বিরুদ্ধে হায়দার আলি, নিজাম ও ভোঁসলেকে নিয়ে এক জোট গঠন করেন। শেষ পর্যন্ত মহাদাজী সিন্ধিয়ার মধ্যস্থতায় ১৭৮২ খ্রীষ্টাব্দে সলবাই-এর সন্ধিতে প্রথম ইঙ্গ-মারাটা যুদ্ধের অবসান হয়।

যুদ্ধের শুরু

সলবাই-এর সন্ধিতে—(১) ইংরেজরা বিজিত অঞ্চলগুলি মারাঠাদের ফিরিয়ে দিল ও তার বদলে লাভ করল সলসেট ; (২) মহাদাজী সিন্ধিয়া যমুনা নদীর পশ্চিম উপকূলের ভূখণ্ড ফিরে পেলেন ; (৩) ইংরেজরা মাধব রাও নারায়ণকেই পেশোয়া বলে মেনে নিল। রঘুনাথ রাও চার লক্ষ টাকা ভাতা পাবার অধিকারী হলেন। এই সন্ধির ফলে ইংরেজ ও মারাঠাদের মধ্যে যে শান্তি প্রতিষ্ঠিত হয়েছিল, তা প্রায় কুড়ি বছর স্থায়ী হয়েছিল। সেই সুযোগ নিয়ে ইংরেজরা ভারতের অন্যান্য বহু শক্তিকে পদানত করে নিজেদের আধিপত্য স্থাপন করেছিল। কিন্তু মারাঠারা নিজেদের মধ্যে বিরোধের জন্য এই সময়কে কাজে লাগাতে পারে নি।

সলবাই-এর সন্ধি

দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ (Second Anglo-Maratha War) : ব্রিটিশ আধিপত্যকে শক্তিশালী করতে লর্ড ওয়েলেস্‌লী ১৭৯৮ খ্রীষ্টাব্দে ভারতের গভর্নর জেনারেল হয়ে এসে "অধীনতামূলক মিত্রতা নীতি" নামে এক নতুন ব্যবস্থা প্রবর্তন করেন। এই নীতিতে বলা হল—(১) যে-দেশীয় রাজ্য এই নীতি গ্রহণ করবে, তাদের নিরাপত্তার দায়িত্ব নেবে কোম্পানি ; (২) চুক্তিবদ্ধ রাজা বা শাসককে নিজ রাজ্যে একদল ইংরেজ সৈন্য মোতায়েন রাখতে হবে ও সেই সেনাদলের খরচের জন্য রাজ্যের একটি অংশ ইংরেজদের ছেড়ে দিতে হবে ; (৩) যে-রাজ্য এই মিত্রতা গ্রহণ করবে, সেই রাজ্য ইংরেজদের বিনা অনুমতিতে অপর কোন রাজ্য বা দেশের সঙ্গে রাজনৈতিক সম্পর্ক রাখতে পারবে না।

লর্ড ওয়েলেস্‌লী

ওয়েলেস্‌লীর অধীনতামূলক মিত্রতা নীতি

ওয়েলেস্‌লীর উদ্দেশ্য ছিল—ইংরেজ আধিপত্যকে সুনিশ্চিত করা ও সম্ভাব্য ফরাসী প্রভাব দূর করা। নিজাম সহ কয়েকটি রাজ্য এই মিত্রতা নীতি গ্রহণ করলে নানা

ফড়নবীশের পরামর্শে পেশোয়া বা অন্য মারাঠা দলপতিরা ইংরেজদের এই ফাঁদে পা দেন নি।

১৮০০ খ্রীষ্টাব্দে নানা ফড়নবীশের মৃত্যুর পর মারাঠাদের মধ্যে যোগ্য নেতৃত্বের অভাব দেখা দিল। পেশোয়া দ্বিতীয় বাজীরাওকে স্বপক্ষে আনার জন্য দৌলতরাও সিন্ধিয়া ও যশোবন্তরাও হোলকার-এর মধ্যে বিরোধ শুরু হল। পেশোয়া, সিন্ধিয়ার পক্ষ নিলে যশোবন্তরাও হোলকার পুণা আক্রমণ করে পেশোয়া ও সিন্ধিয়ার যুগ্মবাহিনীকে পরাজিত করলেন। পেশোয়া দ্বিতীয় বাজীরাও ইংরেজদের সাহায্য প্রার্থনা করলেন। ১৮০২ খ্রীষ্টাব্দে বেসিনের সন্ধিতে পেশোয়া দ্বিতীয় বাজীরাও 'অধীনতামূলক মিত্রতা নীতি' গ্রহণ করলেন। স্থির হল যে, ইংরেজরা পেশোয়াকে একদল সেনা দিয়ে সাহায্য করবে ও বিনিময়ে পেশোয়ার রাজ্যের একটি অংশ পাবে। এ ছাড়াও ইংরেজ-বিরোধী কোন শক্তির সঙ্গে যোগাযোগ রাখবেন না,—এই প্রতিশ্রুতিও পেশোয়াকে দিতে হল। ১৮০৩ খ্রীষ্টাব্দে ইংরেজ-সেনার সাহায্যে পেশোয়া পুণায় পুনঃপ্রতিষ্ঠিত হলেন।

সিন্ধিয়া ও হোলকারের সংঘর্ষ

বেসিনের সন্ধি

বেসিনের অপমানজনক সন্ধি মারাঠা দলপতিরা মেনে নিলেন না। পেশোয়া দ্বিতীয় বাজীরাও তাঁর ভুল বুঝতে পেরে গোপনে অন্যান্য মারাঠা নেতাদের সঙ্গে যোগাযোগ করলেন। সিন্ধিয়া ও ভোঁসলে নিজামের রাজ্যের সীমান্তে সেনা সমাবেশ করলে দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের সূত্রপাত ঘটল ১৮০৩ খ্রীষ্টাব্দে। বরোদার গাইকোয়াড় ও ইন্দোরের হোলকার নিরপেক্ষ রইলেন। আর্থার ওয়েলেস্‌লীর অধীনে ইংরেজ সেনাবাহিনী প্রথমে আসে ও পরে আরগাঁওয়ের যুদ্ধে ভোঁসলে ও সিন্ধিয়ার সম্মিলিত বাহিনীকে পরাজিত করে। ১০ সপ্তাহের লড়াই-এ মারাঠা শক্তি বিধ্বস্ত হয়ে গেল। ভোঁসলে পরাজিত হয়ে স্বাক্ষর করলেন দেওগাঁও-এর সন্ধি; তিনি ওয়ার্ধা নদীর পশ্চিমাংশ ইংরেজদের হাতে তুলে দিলেন ও "অধীনতামূলক মিত্রতা নীতি" গ্রহণ করলেন। সিন্ধিয়া সই করলেন সুর্জি-অঞ্জনগাঁও-এর সন্ধি; —তিনি তাঁর রাজ্যের কিছু অংশ ইংরেজদের কাছে ছেড়ে দিয়ে 'অধীনতামূলক মিত্রতা নীতি' গ্রহণ করলেন।

যুদ্ধ শুরু

ভোঁসলে ও সিন্ধিয়ার পরাজয়

মারাঠাদের এই পরাজয়ে হোলকারের টনক নড়ে। তিনি নিরপেক্ষতা ত্যাগ করে ভরতপুরের রাজার সঙ্গে মিত্রতা করে ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। তিনি ইংরেজ সেনাবাহিনীকে নাজেহাল করতে থাকেন। লর্ড ওয়েলেস্‌লী ভরতপুরের রাজাকে হোলকারের কাছ থেকে বিচ্ছিন্ন করলে লর্ড লেক দিগে'র যুদ্ধে (১৮০৪ খ্রীঃ) হোলকারকে পরাজিত করেন। এই সময় লর্ড ওয়েলেস্‌লীকে ভারত থেকে সরিয়ে নিলে দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের অবসান হয়। নতুন বড়লাট জর্জ বার্লো ১৮০৫ সালে মারাঠাদের সঙ্গে শান্তি-চুক্তি স্বাক্ষর করেন। দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধেই মূলত মারাঠা-শক্তির পতন ঘটে।

হোলকারের সঙ্গে যুদ্ধ

তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ—১৮১৭-১৮ খ্রীঃ (Third Anglo-Maratha War) **:** পেশোয়া দ্বিতীয় বাজীরাও ও অন্যান্য মারাঠা দলপতিরা অধীনতামূলক মিত্রতা নীতির অপমান ভুলতে পারছিলেন না। বেসিনের সন্ধির অপব্যাখ্যা করে ইংরেজরা পেশোয়ার প্রতিকাজে হস্তক্ষেপ করতে থাকেন। পেশোয়ার মন্ত্রী ত্রিম্বকজী ডিংলে ছিলেন অত্যন্ত বিচক্ষণ ব্যক্তি, তিনি পেশোয়ার ক্ষমতা পুনঃপ্রতিষ্ঠার চেষ্টা করেছিলেন। ইংরেজদের অনুগত গাইকোয়াড়ের মন্ত্রী গঙ্গাধর শাস্ত্রী পুণায় এলে ত্রিম্বকজীর চক্রান্তে নিহত হন। ব্রিটিশ রেসিডেন্ট এই মৃত্যুর জন্য ত্রিম্বকজীকে দায়ী করে তাঁকে বন্দী করেন ও বোম্বাই-এ নজরবন্দী করে রাখা হয়। কিন্তু পেশোয়া দ্বিতীয় বাজীরাও তাঁকে কারাগার থেকে পালাতে সাহায্য করেন। এই নিয়ে ইংরেজদের সঙ্গে পেশোয়ার মনকষাকষি শুরু হয়। বড়লাট লর্ড হেস্টিংসের নির্দেশে পেশোয়া ১৮১৭ খ্রীষ্টাব্দে ইংরেজদের সঙ্গে পুণার সন্ধি স্বাক্ষর করতে বাধ্য হলেন। এই সন্ধিতে স্থির হল, ব্রিটিশ রেসিডেন্টের অনুমতি ছাড়া কোনও ভারতীয় ও ইউরোপীয় শক্তির সঙ্গে পেশোয়া মৈত্রী স্থাপন করতে পারবেন না এবং পেশোয়াকে অন্যান্য মারাঠা অধিপতিদের উপর সার্বভৌমত্ব ত্যাগ করতে হল। ঐ অপমান সহ্য করতে না পেরে পেশোয়া দ্বিতায় বাজীরাও ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধে নামেন। তাঁর সঙ্গে যোগ দেন হোলকার ও ভোঁসলে। পেশোয়া পুণার ইংরেজ রেসিডেন্টকে আক্রমণ করলে তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ শুরু হয়। কিরকি, অসতি ও করগাঁও-এর যুদ্ধে পরাজিত হয়ে দ্বিতীয় বাজীরাও আত্মসমর্পণ করেন। হোলকার ও ভোঁসলেও পরাজিত হলেন। ইংরেজরা পেশোয়ার পদ বিলোপ করল। পেশোয়াকে বার্ষিক ৮ লক্ষ টাকা ভাতা দিয়ে কানপুরের কাছে বিঠুরে নজরবন্দী করে রাখা হল। রাজপুতনায় হোলকারের আধিপত্য নষ্ট করে ইংরেজ-আধিপত্য প্রতিষ্ঠিত হল। নাগপুরে ভোঁসলের গদিতে ইংরেজদের অনুগ্রহভাজন একজনকে বসানো হল। পেশোয়ার রাজ্যের বেশী অংশ ইংরেজরা দখল করল ও বাকি অংশ শিবাজীর এক বংশধরকে সাতারাকে কেন্দ্র করে সিংহাসনে বসানো হল। মারাঠা-শক্তির চূড়ান্ত পতন ঘটল।

পেশোয়ার ক্ষমতা পুনরুদ্ধারের চেষ্টা

পুণার সন্ধি

যুদ্ধ শুরু

পেশোয়া-পদের বিলুপ্তি

মারাঠাদের পতনের কারণ (Causes of the Downfall of the Marathas) **:** ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের পতনের পর মারাঠা-শক্তি ক্ষমতাশালী হয়ে উঠেছিল। ইংরেজদের সাম্রাজ্যবিস্তারে মারাঠারাই ছিল প্রধান বাধা। অষ্টাদশ শতাব্দীর শেষভাগে মারাঠা সাম্রাজ্য ছিল সুবিশাল ও শক্তিশালী। অথচ দুই দশকের মধ্যে তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধে পরাজয়ের পর মারাঠা সাম্রাজ্যের অবসান হল ও পেশোয়ার পদ অবলুপ্ত হল। মারাঠা সাম্রাজ্যের পতনের কারণ পাওয়া যায় ইতিহাসের গভীরে। কারণগুলি নিম্নরূপ :—

(১) শিবাজী ও তিন পেশোয়ার অধীনে মারাঠাজাতি বিপুল ক্ষমতা লাভ করলেও

সামন্ত দলপতি সিন্ধিয়া, হোলকার, গাইকোয়াড় প্রমুখ সাম্রাজ্যকে ভাগ করে নেন। প্রত্যেকেই বিরাট অঞ্চলের সর্বময় কর্তা হয়ে উঠেন। প্রত্যেকেই নিজের রাজ্যের স্বার্থে সামগ্রিক মারাঠা সাম্রাজ্যের স্বার্থকে উপেক্ষা করেন। ইংরেজরা এই সুযোগ নিয়েছিল। (২) মারাঠাদের অর্থ নৈতিক নীতিও ছিল ত্রুটিপূর্ণ। রাজ্যের ও সেনাদলের খরচ মেটাবার জন্য তারা প্রতিবেশী রাজ্য থেকে 'চৌথ' ও 'সরদেশমুখী' আদায় করত। পররাজ্য থেকে জোর করে এই কর আদায় করায় মারাঠারা জনপ্রিয়তা হারায়। এ ছাড়াও ব্যবসা-বাণিজ্যের প্রসার ও শিল্পকে উৎসাহ দেওয়ার ব্যাপারে মারাঠা শাসকরা কোনও ইতিবাচক ভূমিকা নেন নি। (৩) সামরিক দিক থেকেও দুটি ত্রুটি ছিল— ইউরোপীয়দের অধীনে গোলন্দাজ বাহিনী গঠন ও গেরিলা পদ্ধতি ত্যাগ করা। চিরাচরিত গেরিলা পদ্ধতি ত্যাগ করে তারা আধুনিক পদ্ধতি সম্পূর্ণভাবে আয়ত্ত করতে পারেনি—ফলে যুদ্ধে বিপর্যয় হয়। (৪) সামন্ত দলপতি সিন্ধিয়া, ভোঁসলে, হোলকার ও গাইকোয়াড়ের মধ্যে পারস্পরিক বিরোধ ও বিবাদও মারাঠাদের পতনের অন্যতম কারণ। (৫) পেশোয়া দ্বিতীয় বাজীরাও-এর হঠকারিতা ও ষড়যন্ত্র প্রবণতা মারাঠাদের পতনের জন্য বিশেষ দায়ী ছিল। সংকটপূর্ণ মুহূর্তে পেশোয়া বাজীরাও প্রয়োজনীয় নেতৃত্ব দিতে পারেন নি। তিনি বেসিনের সন্ধিতে মারাঠাদের সম্মান ভুলুণ্ঠিত করেছিলেন। (৬) মারাঠা শাসনব্যবস্থা ছিল স্বৈরাচারী, যার পিছনে জনগণের স্বাভাবিক আনুগত্য ছিল না। মহাদাজী সিন্ধিয়া ও নানা ফড়নবীশের পর এই স্বৈরশাসন চালিয়ে নিয়ে যাওয়ার মত নেতাও ছিলেন না।

(খ) ইঙ্গ-মহীশূর সম্পর্ক (Anglo-Mysore Relations)

১৭৬১ খ্রীষ্টাব্দে মহীশূরের ক্ষমতা দখলের পর হায়দার আলি রাজ্যবিস্তারে মনযোগী হলেন। ১৭৬৪ খ্রীষ্টাব্দের মধ্যে হায়দার বেদনোর, সুন্দা, সিরা, কানাড়া, সাভানুর প্রভৃতি অঞ্চল দখল করেন। হায়দারের ক্ষমতা বৃদ্ধিতে মারাঠা ও হায়দরাবাদের নিজাম শঙ্কিত হন।

হায়দার আলি

প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধ—১৭৬৬-৬৯ খ্রীঃ (First-Anglo-Mysore War): হায়দারের শক্তিবৃদ্ধিতে ইংরেজরাও চিন্তিত হয়। হায়দারের শক্তিবৃদ্ধি ইংরেজ স্বার্থের বিরোধী ছিল। হায়দার আলি ছিলেন ইংরেজদের আশ্রিত কর্ণাটের নবাব মহম্মদ আলীর ঘোর শত্রু। ফরাসীদের সঙ্গে হায়দারের যোগাযোগ ইংরেজদের সঙ্গে তাঁর সম্পর্কের অবনতি ঘটায়। তা ছাড়া হায়দার ছিলেন সামরিক কৌশলে পারদর্শী ও বাস্তব বুদ্ধির মানুষ। হায়দারের মত শক্তিশালী প্রতিবেশীকে সহ্য করা ইংরেজদের পক্ষে সম্ভব ছিল না। হায়দারের ক্ষমতাকে ধ্বংস করার জন্য মাদ্রাজের ইংরেজরা নিজাম

ও মারাঠাদের সঙ্গে জোটবদ্ধ হয়। এই জোটের সঙ্গে পারবেন না দেখে হায়দার নিজামকে নিজের পক্ষে টেনে নেন ও মারাঠাদেরও নিরস্ত করেন। এইভাবে প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধ শুরু হয়। ত্রিনোমালির যুদ্ধে ইংরেজ সেনাপতি স্মিথের কাছে হায়দার আলী পরাজিত হলেন; কিন্তু যুদ্ধ চালিয়ে গেলেন। ১৭৬৯ খ্রীষ্টাব্দে হায়দার সসৈন্যে মাদ্রাজের কাছে উপস্থিত হলে ইংরেজরা সন্ত্রস্ত হয়ে সন্ধির প্রস্তাব দেন। সন্ধির শর্ত অনুসারে উভয় পক্ষই পরস্পরের বিজিত স্থান ও যুদ্ধবন্দী ফেরত দিলেন এবং মহীশূর রাজ্য অপর কোনও শক্তির দ্বারা আক্রান্ত হলে ইংরেজরা সৈন্য দিয়ে হায়দারকে সাহায্য করতে প্রতিশ্রুতি দিল।

হায়দার আলী

দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ—১৭৭৮-১৭৮৪ খ্রীঃ (Second Anglo-Mysore War): ১৭৬৯ খ্রীষ্টাব্দের সন্ধি বেশী দিন টিকল না। ১৭৭১ খ্রীষ্টাব্দে মারাঠারা মহীশূর আক্রমণ করলে পূর্ব-সন্ধির শর্ত অনুসারে ইংরেজরা হায়দারের সাহায্যের আবেদনে সাড়া দিলেন না। তিনি বিপুল অর্থ ও রাজ্যের অংশ দিয়ে মারাঠাদের দাবি মেটালেন। কিন্তু ইংরেজদের বিশ্বাসঘাতকতায় হায়দার খুবই অসন্তুষ্ট হলেন। হায়দার ফরাসীদের সঙ্গে ভাল সম্পর্ক গড়ে তুললেন। তাঁরা হায়দারকে সরবরাহ করল প্রচুর অস্ত্র ও যুদ্ধের সাজসরঞ্জাম। ফরাসী সেনাপতিরা শক্তিশালী সেনাদল গড়তে সাহায্য করল হায়দারকে। ১৭৭৮ খ্রীষ্টাব্দে আমেরিকার স্বাধীনতা-যুদ্ধকে কেন্দ্র করে ইংরেজ ও ফরাসীদের মধ্যে যুদ্ধ শুরু হয়। ইংরেজরা ফরাসীদের অধিকৃত মাহে দখল করে নেয়। মাহে ছিল মহীশূরের শাসনাধীন, তাই হায়দার তীব্র প্রতিবাদ জানালেন ইংরেজদের কাছে। ইতিমধ্যে নানা ফড়নবীশের চেষ্টায় ইংরেজ বিরোধী মারাঠা, নিজাম ও মহীশূরের জোট গড়ে উঠেছে। হায়দার ১৭৮০ খ্রীষ্টাব্দে ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধে নামলেন। অসাধারণ রণনৈপুণ্য দেখিয়ে তিনি পোর্টোনোভো ও কাঞ্চিপুরমের যুদ্ধে ইংরেজদের পরাজিত করলেন ও কর্ণাটের রাজধানী আর্কটও দখল করে নিলেন। এই সময় ওয়ারেন হেস্টিংস কূটনীতির সাহায্যে নিজামকে মৈত্রী জোট থেকে বিচ্ছিন্ন করেন। ১৭৮২ খ্রীঃ সলবাই-এর সন্ধিতে প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধের অবসান হয়। হায়দার একা যুদ্ধ চালিয়ে যান। ১৭৮১ খ্রীষ্টাব্দে হায়দার ইংরেজ সেনাপতি আয়ারকুটের কাছে পোর্টোনোভো'র যুদ্ধে পরাজিত হন। ১৭৮২ খ্রীষ্টাব্দে হায়দারের মৃত্যু হয়। হায়দারের মৃত্যুর পর টিপু স্থলতান মহীশূরের সর্বময় কর্তা হন। তিনি যুদ্ধ চালিয়ে যান। ১৭৮৩ খ্রীঃ ভার্সাই-এর সন্ধিতে ইংরেজ ও ফরাসীদের মধ্যে যুদ্ধ বন্ধ হয়। ফরাসী সাহায্য ছাড়াই টিপু একা যুদ্ধ করে বেদনোর ও ম্যাঙ্গালোর দখল করেন। উভর পক্ষই দীর্ঘদিন যুদ্ধে ক্লান্ত হয়ে, ১৭৮৪ খ্রীঃ ম্যাঙ্গালোরে সন্ধি স্বাক্ষর করলেন। উভয় পক্ষই পরস্পরের অধিকৃত অঞ্চল ও যুদ্ধবন্দী ফেরৎ দিলেন। এইভাবে দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধের অবসান ঘটল।

তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ—১৭৯০-১৭৯২ খ্রীঃ (Third Anglo-Mysore War): ১৭৮৪ খ্রীষ্টাব্দের ম্যাঙ্গালোরের সন্ধি ছিল সাময়িক যুদ্ধবিরতি মাত্র। টিপু স্থলতান ও ইংরেজদের মধ্যে যে-কোন একপক্ষ দাক্ষিণাত্য থেকে উৎখাত না হলে উভয়

পক্ষের মধ্যে যুদ্ধ চলতেই থাকবে। এ ছাড়াও দুর্ধর্ষ ও স্বাধীনচেতা টিপু দাক্ষিণাত্য থেকে ইংরেজ আধিপত্য ধ্বংস করার জন্য বদ্ধপরিকর ছিলেন। তিনি মরিশাস, ফ্রান্স, তুরস্ক প্রভৃতি স্থানে সাহায্য চেয়ে দূত পাঠিয়েছিলেন। লর্ড কর্নওয়ালিস যখন ভারতে আসেন তখন পিটের ভারত আইন অনুসারে আত্মরক্ষা ছাড়া কোন যুদ্ধ কোম্পানি করতে পারবে না, স্থির ছিল। কিন্তু কর্নওয়ালিস এই আইন না মেনে আক্রমণাত্মক যুদ্ধে লিপ্ত হলেন। তিনি টিপুর সঙ্গে শক্তি পরীক্ষার জন্য উপযুক্ত ক্ষেত্র প্রস্তুত শুরু করেন। ১৭৮৮ খ্রীষ্টাব্দে নিজামের সঙ্গে এক চুক্তিতে কর্নওয়ালিস গুন্টুর নামক স্থানটি পাওয়ার বিনিময়ে নিজামকে টিপুর কিছু অঞ্চল দখলে সামরিক সাহায্য দিতে প্রতিশ্রুতি দিলেন। এই চুক্তি ম্যাঙ্গালোরের সন্ধির শর্তের বিরোধী ছিল। এই ঘটনায় টিপু খুবই বিরক্ত হন। ইতিমধ্যে কর্নওয়ালিস টিপুর বিরুদ্ধে মারাঠা ও নিজামকে নিয়ে এক জোট গঠন করেন। নিজামের কাছে কর্নওয়ালিস ইংরেজদের মিত্র-রাষ্ট্রের যে তালিকা দিয়েছিলেন তাতে টিপুর নাম ছিল না। টিপু বুঝতে পারলেন তাঁকে ধ্বংস করার জন্য ইংরেজরা মহীশূরকে ঘিরে ধরছে। তিনি ইংরেজদের আশ্রিত ত্রিবাঙ্কুর রাজ্য আক্রমণ করলে তৃতীয় মহীশূর যুদ্ধ বেধে গেল। এই যুদ্ধে টিপু সাফল্যের সঙ্গে যুদ্ধ করতে পারলেন না। দীর্ঘদিন তাঁর রাজধানী অবরোধের পর ইংরেজদের সঙ্গে টিপু শ্রীরঙ্গপত্তমের সন্ধি স্বাক্ষর করলেন (১৭৯২ খ্রীঃ)। এই সন্ধির শর্ত অনুসারে—(১) ইংরেজরা মালাবার পার্শ্ববর্তী অঞ্চলসহ দিণ্ডিগুল ও বড়মহল লাভ করল এবং নিজাম উত্তর-পূর্বে কিছু অঞ্চল ও মারাঠারা উত্তরের কিছু অংশ দখল করল। (২) যুদ্ধের ক্ষতিপূরণ হিসাবে টিপুকে মিত্রশক্তিকে প্রচুর অর্থ দিতে হয়। (৩) টিপুর দুই পুত্র কোম্পানির কাছে জামিন থাকে। শ্রীরঙ্গপত্তমের সন্ধির ফলে কোম্পানি দাক্ষিণাত্যে প্রধান শক্তিতে পরিণত হয়।

টিপু সুলতান

চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধ—১৭৯৯ খ্রীঃ (Fourth Anglo-Mysore War) : ১৭৯৮ খ্রীঃ লর্ড ওয়েলেস্‌লী ভারতের গভর্নর জেনারেল হয়ে আসেন। তাঁর আমলে চতুর্থ ও শেষ ইঙ্গ-মহীশূর যুদ্ধ শুরু হয়। ইতিমধ্যে নেপোলিয়ন মিশর অভিযানে এসেছেন। টিপুর সঙ্গে ফরাসীদের যোগাযোগে ওয়েলেস্‌লী চিন্তিত হয়ে উঠেন। টিপু শ্রীরঙ্গপত্তমের সন্ধির অপমান ভুলতে পারছিলেন না। তিনি মরিশাসের ফরাসীদের কাছে, কাবুল অধিপতি জামান শাহ'র কাছে ও তুরস্কের সুলতানের কাছে সাহায্য চেয়ে দূত পাঠান। এ ছাড়াও এই সময় কিছু ফরাসী স্বেচ্ছাসেবক টিপুকে সাহায্যের জন্য ম্যাঙ্গালোরে আসেন। টিপু ওয়েলেস্‌লী প্রবর্তিত 'অধীনতামূলক মিত্রতা নীতি' গ্রহণ

করতেও অস্বীকার করলেন। ওয়েলেসলী তাঁর সাম্রাজ্যবাদী পরিকল্পনায় মহীশূর রাজ্যই প্রধান বাধা মনে করে টিপুর বিরুদ্ধে শক্তি-প্রয়োগের জন্য তৈরী হলেন। তিনি নিজামের সঙ্গে মৈত্রী গড়ে তুললেন ও মারাঠাদের টিপুর রাজ্যের কিছু অংশ দেবেন বলে প্রতিশ্রুতি দিলেন। এরপর তিনি টিপুর কাছে ফরাসীদের সঙ্গে তাঁর সম্পর্কের জন্য কৈফিয়ত দাবি করলেন। টিপুর উত্তরে সন্তুষ্ট না হয়ে ওয়েলেস্লী ১৭৯৯ খ্রীষ্টাব্দে যুদ্ধ শুরু করলেন। কয়েকটি যুদ্ধে পরাজয়ের পর টিপু শ্রীরঙ্গপত্তমের দুর্গে অবরুদ্ধ হলেন এবং বীরের মত যুদ্ধ করে প্রাণ বিসর্জন দিলেন। শ্রীরঙ্গপত্তমের দুর্গসহ মহীশূরের বেশীর ভাগ ইংরেজরা দখল করল, নিজামের সীমান্তে অবস্থিত কিছু অঞ্চল নিজামকে দেওয়া হল ও বাকি অংশে মহীশূরের প্রাক্তন হিন্দুরাজবংশের একজনকে সিংহাসনে বসানো হল। তিনি ইংরেজদের সঙ্গে 'অধীনতামূলক মিত্রতা নীতি' স্বাক্ষর করলেন।

টিপু সুলতান

এইভাবে হায়দার প্রতিষ্ঠিত স্বাধীন মহীশূর রাজ্যের অবসান ঘটল। ভারতের ইংরেজ বিরোধী একটি বড় রাষ্ট্রশক্তির বিলোপ ঘটল। ভারতে, বিশেষ করে দাক্ষিণাত্যে, ইংরেজ শক্তিকে বাধা দেওয়ার মত বড় শক্তির পতন ঘটল। ফরাসীরাও তাদের একজন বিশ্বস্ত মিত্র হারাল। হায়দার ও টিপু সুলতান যে আত্মবিশ্বাস ও সাহসের পরিচয় দিয়েছেন, ইতিহাসে তা স্বর্ণাক্ষরে লিখিত থাকবে।

(গ) ভারতের অন্যান্য অঞ্চলে ব্রিটিশ শক্তির বিস্তার (Other Conquest in India) **:**

মহীশূর রাজ্যের ও মারাঠাদের পতনের সঙ্গে সঙ্গে ভারতের বিস্তৃত অঞ্চলে ইংরেজদের আধিপত্য প্রতিষ্ঠিত হয়েছিল। মারাঠাদের পতনের পর ১৮১৭-১৮ খ্রীষ্টাব্দে উদয়পুর, কোটা, বুন্দি, কিষণগড়, বিকানীর, জয়পুর, জয়সলমীর, ডুঙ্গরপুর প্রভৃতি রাজ্য ইংরেজদের অনুগত মিত্র হয়ে উঠল। যে-সব রাজ্য ব্রিটিশদের সাম্রাজ্যভুক্ত হয় নি, তারাও ব্রিটিশদের অধীনতা মেনে নিয়ে নামেমাত্র স্বাধীনতা বজায় রেখেছিল। ইংরেজরা ভারতকে প্রধান ঘাঁটি করে ভারত সীমান্তের স্বাধীন রাজ্যগুলিকেও প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে ইংরেজ সাম্রাজ্যের নিয়ন্ত্রণে আনতে সচেষ্ট হল।

ইঙ্গ-নেপাল যুদ্ধ (Anglo-Nepal War) **:** নেপাল উপত্যকায় প্রাচীন রাজবংশের অন্তর্বিরোধের সুযোগ নিয়ে ১৭৬৮ খ্রীষ্টাব্দে গুর্খা নামে এক পার্বত্য জাতি সমগ্র নেপাল অধিকার করে ও শক্তিশালী রাষ্ট্র গঠন করে। উনবিংশ শতাব্দীর শুরুতে তাদের রাজ্যসীমা পূর্বে তিস্তা নদী ও পশ্চিমে শতদ্রু নদী পর্যন্ত বিস্তার লাভ করে। ১৮০১ খ্রীষ্টাব্দে গোরখপুর ইংরেজ কোম্পানির রাজ্যভুক্ত হলে তরাই অঞ্চলে গুর্খাদের রাজ্যসীমা ব্রিটিশদের রাজ্য সীমাকে স্পর্শ করে। সীমান্ত সুনির্দিষ্ট ভাবে চিহ্নিত না থাকায় গুর্খারা প্রায়ই ইংরেজদের এলাকায় প্রবেশ করত। এর বিরুদ্ধে ইংরেজদের প্রতিবাদে কোনও ফল হয় নি; ইংরেজ ও গুর্খাদের মধ্যে স্বার্থের দ্বন্দ্ব উভয়ের মধ্যে যুদ্ধকে অবশ্যম্ভাবী করে তুলেছিল।

যুদ্ধের কারণ

১৮১৪ খ্রীষ্টাব্দের মে মাসে গুর্খারা বুতোয়ালের তিনটি পুলিশথানা আক্রমণ করে। ঐ বছর অক্টোবর মাসে লর্ড হেষ্টিংস গুর্খাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। ১৮১৪-১৫ খ্রীষ্টাব্দের ব্রিটিশ অভিযান ব্যর্থ হয়। শেষ পর্যন্ত সেনাপতি অক্টারলোনী গুর্খা সেনাপতি অমরসিংহ থাপাকে পরাজিত করলে নেপাল সরকার নিরুপায় হয়ে সগৌলি'র সন্ধি স্বাক্ষর করে (২৮শে নভেম্বর, ১৮১৫ খ্রীঃ)। কিন্তু নেপালের সামরিক নেতাদের চাপে সরকার এই সন্ধি অনুমোদন না করলে পুনরায় যুদ্ধ শুরু হয়। ইংরেজ সেনাবাহিনী রাজধানী কাঠমাণ্ডু'র পঞ্চাশ মাইলের মধ্যে উপস্থিত হয়ে গুর্খাদের পুনরায় পরাজিত করে। নেপাল সরকার সগৌলির সন্ধি অনুমোদন করতে বাধ্য হয় (১৮১৬ খ্রীঃ)। এই সন্ধি অনুসারে নেপাল তার দক্ষিণ সীমান্ত বরাবর নিম্নভূমির সব অঞ্চলের উপর অধিকার ত্যাগ করে। এ ছাড়াও ইংরেজদের হাতে গাড়োয়াল ও কুমায়ুন জেলা ও সিকিম ত্যাগ করে। এর ফলে সিমলা, মুসৌরী, আলমোড়া, রাণীক্ষেত, ল্যাণ্ডার ও নৈনিতালের মত স্থান ইংরেজ অধিকারে আসে। রাজধানী কাঠমাণ্ডুতে একজন ব্রিটিশ রেসিডেণ্ট রাখতেও নেপাল রাজী হয়। ইঙ্গ-নেপাল যুদ্ধের ফলে ব্রিটিশ রাজ্যের উত্তর-পশ্চিম সীমা পার্বত্য অঞ্চল স্পর্শ করে।

সগৌলি'র সন্ধি

প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ (First Anglo-Burma War): অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে আলামপ্রা নামে জনৈক বর্মী-নেতা ব্রহ্মদেশে একটি শক্তিশালী রাজবংশ প্রতিষ্ঠা করেন ও বর্মীদের এক ঐক্যবদ্ধ জাতিতে পরিণত করেছিলেন। তাঁর পুত্র বোদাপোয়া রাজ্যবিস্তারে আগ্রহী হয়ে আরাকান, মণিপুর প্রভৃতি অঞ্চল জয় করে ব্রহ্মদেশের রাজ্য-সীমার বিস্তার ঘটান। ব্রহ্মদেশের ভারতের পূর্ব-সীমান্তে এই রাজ্য-বিস্তার ব্রিটিশদের দুশ্চিন্তার কারণ হয়ে উঠে। বর্মীরা বারবার বাংলা সীমান্তেও হানা দিতে থাকে। ইংরেজ কোম্পানি আলাপ-আলোচনার মাধ্যমে বর্মার সঙ্গে মীমাংসার জন্য সচেষ্ট হয়; ১৭৯৫ থেকে ১৮১১ খ্রীষ্টাব্দের মধ্যে ছ'বার বর্মায় দূতও পাঠায়। কিন্তু এই দৌত্য ব্যর্থ হয়। ১৮২২ খ্রীষ্টাব্দে আসামের গোলযোগের সুযোগে বর্মী রাজা বাপিদোয়া আসাম দখল করে নিলে ইংরেজদের সঙ্গে সংঘর্ষ অনিবার্য হয়ে উঠে।

ব্রহ্মদেশের রাজ্য বিস্তার

ভারতের গভর্নর জেনারেল লর্ড আমহার্স্ট আলাপ-আলোচনার মাধ্যমে বিবাদের অবসানের পক্ষপাতী ছিলেন। কিন্তু বর্মী রাজকর্মচারীরা জোর করে দু' জন ইংরেজ কর্মচারীকে ধরে নিয়ে গেলে ১৮২৪ খ্রীষ্টাব্দে লর্ড আমহার্স্ট ব্রহ্মদেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করলেন। স্যার আর্চিবল্ড ক্যাম্পবেল ও ক্যাপ্টেন ম্যারিয়টের নেতৃত্বে রেঙ্গুন অবরোধের জন্য এক নৌবাহিনী প্রেরিত হয়। একই সঙ্গে আসাম থেকেও বর্মীদের বিতাড়িত করা হয়। পরপর কয়েকটি যুদ্ধে ব্রহ্মদেশের সেনাবাহিনী পরাজিত হলে, ব্রহ্মরাজ ১৮২৬ খ্রীষ্টাব্দে ইয়ান্দাবু'র সন্ধি স্বাক্ষর করতে বাধ্য হলেন। সন্ধির শর্ত অনুসারে ব্রহ্মরাজ যুদ্ধের ক্ষতিপূরণস্বরূপ এক কোটি টাকা ইংরেজদের

যুদ্ধ

ইয়ান্দাবু'র সন্ধি

দিতে বাধ্য হন। আরাকান ও টেনাসেরিম প্রদেশ দুটিও ইংরাজরা লাভ করে। ব্রহ্মরাজ, আসাম, কাছাড় ও জয়ন্তিয়া প্রভৃতি অঞ্চলে হস্তক্ষেপ না করতে ও মণিপুরের স্বাধীনতা স্বীকার করতে বাধ্য হন। প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধে ইংরেজদের লাভ হয়েছিল অনেক। সমুদ্রতীরবর্তী অনেক অঞ্চল ইংরেজদের অধিকারভুক্ত হয়। আসাম, কাছাড় ও মণিপুর কার্যত ইংরেজদের আশ্রিত রাজ্যে পরিণত হয়।

দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ (Second Anglo-Burma War) **:** প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের কিছুদিন পর বর্মার সিংহাসনে বসেন থারাবাডি (Tharrawaddy—1837-45)। তিনি ইয়ান্দাবু'র সন্ধির শর্তগুলি মানতে রাজী ছিলেন না। ব্রহ্মের রাজদরবারে ব্রিটিশ রেসিডেন্টের প্রতি যথাযোগ্য সম্মান না দেখানোতে শেষ পর্যন্ত ১৮৪০ খ্রীষ্টাব্দে ব্রিটিশ রেসিডেণ্টকে প্রত্যাহার করে নেওয়া হয়। এইসব কারণে প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের পর থেকে উভয়পক্ষের মধ্যে তিক্ততার সৃষ্টি হয়েছিল। এই তিক্ততা আরও বৃদ্ধি পায় বাণিজ্যিক কারণে। ইয়ান্দাবু'র সন্ধির সুযোগে ইংরেজ ব্যবসায়ীরা দক্ষিণ ব্রহ্মে বাণিজ্য বিস্তারের চেষ্টা করে। ইংরেজ বণিকদের লক্ষ্য ছিল বর্মার কাঁচামাল সংগ্রহ করা ও বর্মাকে ইংলণ্ডের তৈরী জিনিসের বাজারে পরিণত করা। ব্রহ্মসরকার ইংরেজ বণিকদের এই কাজে নানাভাবে বাধা দিতে থাকে। প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের পর ইংরেজ বণিকরা ব্রহ্মদেশে কাঠের ব্যবসায় প্রচুর মুনাফা করছিল। তারা সমগ্র ব্রহ্মদেশে ব্যবসার অধিকার চাইলে বর্মার সরকার তা স্বীকার করেন নি। ব্রহ্মের কাঁচামাল একচেটিয়া দখল করবার জন্য ইংরেজ বণিকরা মরিয়া হয়ে উঠে। এই সব কারণে স্থানীয় অধিবাসীদের সঙ্গে তাদের বিবাদ-বিরোধ দেখা দেয়। ইংরেজ বণিকরা ক্রমাগত চিঠিপত্রের মাধ্যমে ব্রহ্মরাজের বিরুদ্ধে ভারতের গভর্নর জেনারেল লর্ড ডালহৌসীর কাছে নালিশ জানাতে থাকে। লর্ড ডালহৌসী ছিলেন ঘোর সাম্রাজ্যবাদী। সুতরাং তিনি স্থির করলেন ব্রহ্মদেশকে ব্রিটিশ সাম্রাজ্যের অধীনে এনে ঔপনিবেশিক স্বার্থ রক্ষা করবেন। তিনি ব্রিটিশ ব্যবসায়ীদের ক্ষতিপূরণের দাবি করে কমডোর ল্যাম্বার্ট নামে এক নৌ-সেনাপতিকে ব্রহ্মরাজের কাছে পাঠালেন। ল্যাম্বার্ট রেঙ্গুন বন্দর অবরোধ করে ব্রহ্মরাজের একটি জাহাজ অধিকার করলে বর্মীরা ব্রিটিশ জাহাজের উপর গোলাবর্ষণ করে। এইভাবে শুরু হয় দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ।

কারণ

যুদ্ধ

এই যুদ্ধে ইংরেজরা একে একে রেঙ্গুন, প্রোম, বেসিন, পেগু প্রভৃতি নিম্নব্রহ্মের অঞ্চলগুলি দখল করে নেয়। ব্রহ্মরাজ সন্ধি করতে অস্বীকার করলে লর্ড ডালহৌসী এক ঘোষণার দ্বারা সমগ্র দক্ষিণ ব্রহ্ম ইংরেজ অধিকারভুক্ত বলে ঘোষণা করলেন।

অন্যান্য অঞ্চলে সাম্রাজ্যবিস্তার (Expansion Towards Other Areas) **:** লর্ড আমহার্স্টের আমলে রাজপুতনার ভরতপুর রাজ্যে উত্তরাধিকার-প্রশ্নে বিরোধ উপস্থিত হলে সেই সুযোগে ব্রিটিশ সৈন্য ভরতপুর অভিযান করে। কুড়ি বছর পূর্বে সেনাপতি লেক ভরতপুর দুর্গ দখল করতে গিয়ে ব্যর্থ হয়েছিলেন। ১৮২৬-খ্রীঃ এই ব্যর্থতার প্রতিশোধ নেয় ইংরেজরা।

ভরতপুরে আধিপত্য

লর্ড কোমবারমিয়া'র নেতৃত্বে এক সেনাবাহিনী ভরতপুরে নাবালক রাজাকে সিংহাসনে অধিষ্ঠিত করে। ভরতপুর ইংরেজ আশ্রিত রাজ্যে পরিণত হয়।

কাছাড়, কুর্গ ও জয়ন্তিয়া দখল

লর্ড বেন্টিঙ্ক সরকারের নিরপেক্ষতার নীতি ত্যাগ করে কাছাড়, কুর্গ ও জয়ন্তিয়া রাজ্য দখল করেন। কাছাড়ের রাজা কোন উত্তরাধিকারী না রেখে মারা গেলে সেই রাজ্যের জনসাধারণের অনুরোধে বেন্টিঙ্ক কাছাড় রাজ্যটি কোম্পানির রাজ্যভুক্ত করেন। কুর্গ রাজার অত্যাচারে প্রজারা অতিষ্ঠ হয়ে উঠলে বেন্টিঙ্ক কুর্গ রাজ্যটিও কোম্পানির রাজ্যভুক্ত করেছিলেন। আসামের জয়ন্তিয়া পরগনার অধিবাসীরা নরবলি দেওয়ার জন্য কয়েকজন ইংরেজকে ধরে নিয়ে যায়। সরকারের অনুরোধ সত্ত্বেও তাদের মুক্তি না দিলে বেন্টিঙ্ক জয়ন্তিয়া পরগনা দখল করে নেন।

সিন্ধু অধিকার

ইউরোপ ও এশিয়াতে ইঙ্গ-রুশ প্রতিদ্বন্দ্বিতা ক্রমবর্ধমান হওয়ায় ইংরেজরা সিন্ধুপ্রদেশ দখলের সিদ্ধান্ত নিয়েছিল। ইংরেজদের মনে ধারণা হয়েছিল যে, পারস্য ও আফগানিস্তানের মধ্য দিয়ে রুশরা ভারত আক্রমণ করতে পারে। এই আশঙ্কায় ইংরেজরা পারস্য ও আফগানিস্তানের উপর প্রভাববিস্তারে তৎপর হয়। এই দুই দেশের উপর প্রভাব বিস্তার করতে হলে সিন্ধুপ্রদেশ দখল করা অনিবার্য ছিল। এ ছাড়াও সিন্ধুনদের উপর কর্তৃত্ব প্রতিষ্ঠিত হলে ব্যবসা-বাণিজ্যেরও প্রসার ঘটবে। ১৮৩২ খ্রীষ্টাব্দের স্বাক্ষরিত এক চুক্তি অনুসারে ইংরেজরা সিন্ধুদেশে নদীপথে ও স্থলপথে ব্যবসা করার অধিকার পেয়েছিল। সেই সময় 'আমীর' উপাধিধারী শাসকরা সিন্ধু শাসন করছিলেন। ১৮৩৯ খ্রীষ্টাব্দে লর্ড অকল্যাণ্ড সিন্ধুর 'আমীর'কে 'অধীনতামূলক মিত্রতা' চুক্তি স্বাক্ষর করতে বাধ্য করেছিলেন। কিন্তু এতেও ইংরেজদের সাম্রাজ্যবাদী স্পৃহা তৃপ্ত হয় নি। ১৮৪৩ খ্রীষ্টাব্দে লর্ড এলেন্‌বরা স্যার চার্লস নেপিয়ারকে সিন্ধু-অভিযানে পাঠান। নেপিয়ারের সঙ্গে আমীরদের অসম্মানজনক ব্যবহারের অজুহাতে সিন্ধুর বিরুদ্ধে যুদ্ধঘোষণা করা হয়। মিয়ানি ও দাবো'র যুদ্ধে পরাজিত হলে সিন্ধু ইংরেজ-রাজ্যভুক্ত হয়। সিন্ধুপ্রদেশ জয় করার জন্য নেপিয়ার সাত লক্ষ টাকা পুরস্কার পেয়েছিলেন।

রণজিৎ সিংহের মৃত্যু পর্যন্ত ইঙ্গ-শিখ সম্পর্ক (Anglo-Sikh Relation till the Death of Ranjit Singh): গুরু গোবিন্দের মৃত্যুর পর শিখদের মধ্যে 'গুরু'-পদের বিলোপ ঘটে। গুরু গোবিন্দের প্রিয় শিষ্য বান্দা বাহাদুরের নেতৃত্বে শিখ-কৃষকরা মুঘল সেনাবাহিনীর সঙ্গে লড়াই চালিয়ে যান। ১৭১৫ খ্রীঃ বান্দা বাহাদুর মুঘলদের হাতে বন্দী হয়ে মৃত্যুবরণ করেন। এরপর কর্পূর সিংহ নামে এক শিখ-নেতা শিখ-সেনাদলকে 'দল খালসা' নামে পরিচিত করেন। নাদির শাহ ও আহম্মদ-শাহ-আবদালীর অভিযানের ফলে পাঞ্জাবে মুঘল শাসন ভেঙ্গে পড়ে। পাঞ্জাব থেকে আবদালী ফিরে গেলে যে রাজনৈতিক শূন্যতার সৃষ্টি হয়, সেই সুযোগ নিয়ে শিখরা আবদালীর পুত্র তৈমুরের কাছ থেকে পাঞ্জাব

শিখদের স্বাধীনতা

ছিনিয়ে নেয় ও পশ্চিমে আটক থেকে পূর্বে সাহারানপুর পর্যন্ত বিস্তৃত স্বাধীন শিখরাজ্য স্থাপন করে। শিখরা অমৃতসর তীর্থে সমবেত হয়ে শিখরাষ্ট্রমণ্ডল গঠন করে। শিখরা নিজেদের অধিকৃত রাজ্য ১২টি অংশ বা মিস্‌লে বিভক্ত করে নিয়েছিল। এই ১২টি মিস্‌ল 'দল খালসা'র প্রতি তাদের বশ্যতা ঘোষণা করেছিল। ক্রমে শক্তিশালী সর্দারের অধীনে পরিচালিত হয়ে এই মিস্‌লগুলি পরস্পরের সঙ্গে বিরোধ ও বিবাদে লিপ্ত হয়ে পড়ে।

রণজিৎ সিংহের শিখরাজ্য স্থাপন

১৭৮০ খ্রীষ্টাব্দে গুজরানওয়ালা নামক স্থানে সুকারচাকিয়া মিস্‌লের নেতা মহাসিংহের পুত্র রণজিৎ সিংহের জন্ম হয়। রণজিৎ সিংহের বারো বছর বয়সে পিতৃবিয়োগ হয় ও তিনি মিস্‌লের নেতৃত্ব গ্রহণ করেন। রণজিৎ সিংহ ছিলেন শক্তিমান, সাহসী যোদ্ধা, দক্ষ প্রশাসক ও কুশলী কূটনীতি-বিশারদ। নিরক্ষর হলেও তাঁর বুদ্ধি ও সাধারণ জ্ঞান ছিল অসাধারণ। ইংরেজদের রণবিদ্যার অনুকরণে তিনি তাঁর সেনাবাহিনী গঠনের চেষ্টা করেছিলেন। রণজিতের স্বপ্ন ছিল ১২টি মিস্‌লকে ঐক্যবদ্ধ করে এক শক্তিশালী শিখরাজ্য প্রতিষ্ঠা করা। ১৭৯৮ খ্রীষ্টব্দে কাবুলের অধিপতি জামান শাহ পাঞ্জাব আক্রমণ করলে তিনি তাঁকে সাহায্য করেন ও বিনিময়ে লাহোর অধিকার করেন। ১৮০২ খ্রীষ্টাব্দে তিনি অমৃতসর দখল করেছিলেন। লাহোর ও অমৃতসর দখলের ফলে শিখজাতির মধ্যে রণজিতের মর্যাদা যথেষ্ট বৃদ্ধি পায়। ঐতিহাসিক লতিফ বলেছেন, এর ফলে অন্যান্য মিস্‌লগুলি তাঁর অধীনতা মেনে নেয়। রণজিৎ সামন্ততান্ত্রিক শিখ সংঘকে তাঁর অধীনে জাতীয় রাজতন্ত্রে পরিণত করেন।

রণজিৎ সিংহ

রণজিৎ সিংহের বাসনা ছিল সমগ্র শিখ জাতিকে তাঁর অধীনে ঐক্যবদ্ধ করা। ঝিলাম থেকে শতদ্রু নদী পর্যন্ত এলাকার শিখ মিস্‌লগুলিকে নিজের অধীনস্থ করলেও শতদ্রু নদীর পূর্বতীরের শিখ মিস্‌লগুলি তাঁর এক্তিয়ারের বাইরে ছিল। এইগুলিকে নিজের অধীনে আনার জন্য তিনি তিনবার অভিযান চালান ও লুধিয়ানাকে নিজ অধিকারে আনেন। শতদ্রু নদীর পূর্বতীরের শিখ রাজ্যগুলি রণজিতের অধীনে আসতে ইচ্ছুক ছিল না। এই শিখরাজ্যগুলি ইংরেজদের সাহায্য প্রার্থনা করে। তৎকালীন গভর্নর জেনারেল লর্ড মিণ্টো শতদ্রু নদী অঞ্চলে রণজিৎ সিংহের রাজ্যবিস্তারের দিকে প্রখর দৃষ্টি রাখছিলেন। ইংরেজরা মনে করত দিল্লীর নিরাপত্তার জন্য শতদ্রু পর্যন্ত ইংরেজদের আধিপত্য বিস্তৃত হওয়া প্রয়োজন। এইজন্য আলোচনার উদ্দেশ্যে লর্ড মিণ্টো চার্লস মেটকাফকে রণজিৎ

অমৃতসরের সন্ধি

সিংহের দরবারে পাঠান। কিন্তু তাতে কোন ফল না হওয়ায় সেনাপতি অক্টারলোনীকে একদল সৈন্যসহ লুধিয়ানা পর্যন্ত পাঠানো হয়। রণজিৎ বুঝতে পেরেছিলেন ইংরেজদের বিরুদ্ধে এককভাবে তিনি কিছু করতে পারবেন না। ১৮০৯ খ্রীষ্টাব্দে তিনি ইংরেজদের সঙ্গে স্বাক্ষর করলেন বিখ্যাত অমৃতসরের সন্ধি। চুক্তিতে স্থির হল, শতদ্রু নদীর পূর্বতীরের মিস্‌লগুলিতে রণজিৎ হস্তক্ষেপ করবেন না। শতদ্রু নদী ইংরেজ ও রণজিতের সীমানারূপে চিহ্নিত হয়। পূর্ব শতদ্রু শিখ রাজ্যগুলি ইংরেজদের আশ্রিত রাজ্যে পরিণত হল। রণজিতের সমগ্র শিখজাতিকে ঐক্যবদ্ধ করার স্বপ্ন সফল হল না।

রণজিতের রাজ্যবিস্তার

অমৃতসরের সন্ধিতে পূর্বদিকে বাধাপ্রাপ্ত হলেও রণজিৎ সিংহ মুলতান থেকে কাশ্মীর, পাঞ্জাবের পার্বত্য রাজ্যগুলি, পশ্চিমে কোহাট, বান্নু, টংক প্রভৃতি অঞ্চল দখল করেন। রণজিৎ সিংহ সিন্ধুর দিকে দৃষ্টি দিলে ইংরেজদের কাছ থেকে বাধা পান। ইংরেজরা তাঁর সিন্ধু প্রদেশ ভাগ করে নেওয়ার প্রস্তাব গ্রহণ করে নি। এর ফলে সিন্ধুর মধ্য দিয়ে তাঁর রাজ্যের সমুদ্রপথের যোগাযোগ স্থাপনের প্রয়াস ব্যর্থ হয়।

আফগাননীতি

আবদালীর পুত্রদের মধ্যে সিংহাসন নিয়ে বিরোধ শুরু হলে রণজিৎ সিংহ তার মধ্যে হস্তক্ষেপ করেন। আমির শাহ সুজা তাঁর সিংহাসন হারিয়ে রণজিৎ সিংহের রাজত্বে আশ্রয় নেন। ১৮৩০ খ্রীষ্টাব্দে রণজিৎ সিংহ আফগানিস্তানের কাছ থেকে পেশোয়ার দখল করলেন। আমির দোস্ত মহম্মদের সঙ্গে ইংরেজদের বিরোধ শুরু হলে লর্ড অক্‌ল্যাণ্ডের প্রস্তাবমত রণজিৎ সিংহ ইংরেজ ও শাহ সুজার সঙ্গে ত্রিশক্তি-মৈত্রী চুক্তিতে আবদ্ধ হন। ১৮৩৯ খ্রীষ্টাব্দে রণজিৎ সিংহের মৃত্যু হয়।

রণজিতের কৃতিত্ব

অখিল শিখসাম্রাজ্যের প্রতিষ্ঠা করতে না পারলেও পাঞ্জাবের শিখ রাষ্ট্রের প্রধান স্তম্ভ ছিলেন রণজিৎ সিংহ। আত্মকলহ দীর্ণ শিখ মিস্‌লগুলিকে একত্র করে একটি ঐক্যবদ্ধ, সংহত শিখরাষ্ট্র গড়ে তোলার কৃতিত্ব ছিল রণজিতের। তাঁর সামরিক ও রাজনৈতিক দুই দিকেই প্রতিভা ছিল। ফরাসী পর্যটক জ্যাকম্‌ তাঁকে "এক অসাধারণ ব্যক্তিত্বসম্পন্ন পুরুষ ও নেপোলিয়ন বোনাপার্টের ক্ষুদ্র সংস্করণ" বলে উল্লেখ করেছেন। রণজিতের শাসনব্যবস্থা স্বৈরতান্ত্রিক হলেও, প্রজার মঙ্গলই ছিল শাসনের মূল লক্ষ্য। ধর্মীয় ব্যাপারে তিনি ছিলেন পরধর্মসহিষ্ণু ও উদারমতাবলম্বী। তাঁর বিশিষ্ট মন্ত্রী ও সেনানায়কদের মধ্যে অনেকেই ছিলেন হিন্দু অথবা মুসলমান ; —যেমন ফকির আজিজউদ্দিন, রাজা ধ্যান সিং, দেওয়ান দীননাথ প্রমুখ। অনেকের মতে, রণজিৎ সিংহ ইংরেজদের বিরুদ্ধে সাহস ও সুষ্ঠু রাজনীতিজ্ঞানের পরিচয় দিতে পারেন নি। ইংরেজদের বিরুদ্ধে রাজ্যের ভবিষ্যৎ নিরাপত্তার কোন স্থায়ী ব্যবস্থাই তিনি করেন নি। আবার অনেকে বলেন, ইংরেজদের সঙ্গে মৈত্রী স্থাপন করে তিনি বাস্তব রাজনীতিজ্ঞানের পরিচয়ই দিয়েছিলেন। তিনি বলতেন 'সব লাল হো জায়গা' অর্থাৎ 'সবই ইংরেজদের অধিকারে চলে যাবে'। তাই ব্রিটিশ সাম্রাজ্যবাদের

কবল থেকে তিনি শিশু-শিখরাষ্ট্রকে বাঁচাতে চেয়েছিলেন। কিন্তু দুর্ভাগ্যবশত তাঁর উত্তরাধিকারীদের অযোগ্যতা ও অন্তর্কলহের ফলে শিখরাষ্ট্র দ্রুত ধ্বংসের পথে এগিয়ে যায়।

(ঘ) প্রথম ও দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ ও পাঞ্জাব অধিকার (First and Second Anglo-Sikh Wars and Annexation of Punjab) :

প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধ—১৮৪৫-৪৬ খ্রীঃ (First Anglo-Sikh War) : রণজিৎ সিংহের মৃত্যুর পর তাঁর জ্যেষ্ঠ পুত্র খড়ক সিংহ ক্ষমতা লাভ করেন। কিন্তু একবছরের মধ্যেই ১৮৪০ সালে তাঁর মৃত্যু হয় ও সঙ্গে সঙ্গে রাজ্যে নানা অশান্তি দেখা দেয়। তাঁর মৃত্যুর পরদিনই পুত্র নাওনেহাল সিংহের আকস্মিক মৃত্যু হয়। তখন রণজিৎ সিংহের অপর পুত্র শের সিংহ রাজ্যভার গ্রহণ করেন। কিন্তু ১৮৪৩ সালে শের সিংহ আততায়ীর হাতে নিহত হন। এই অবস্থায় শিখ-রাষ্ট্রের রাজনৈতিক শক্তি সেনাবাহিনী বা 'খালসা'র হাতে চলে যায়। রণজিতের কনিষ্ঠ পুত্র ছ'বছরবয়স্ক শিশু দিলীপ সিংহ তাঁর মাতা ঝিন্দন বাঈ-এর অভিভাবকত্বে সিংহাসনে বসেন। প্রকৃত ক্ষমতা থাকে লাল সিংহ ও তেজ সিংহ নামে দুই সামরিক নেতার হাতে। শিখসর্দার ও সেনাবাহিনী সাহসী হলেও স্বার্থপর ও ক্ষমতালোভী ছিলেন। শিখদের মধ্যে এইভাবে ক্ষমতার লড়াই আরম্ভ হয় ও ইংরেজরা তার সুযোগ নেয়।

রণজিতের মৃত্যুর পর শিখ রাষ্ট্র

অনেক ঐতিহাসিক মনে করেন, শিখ-দরবারই প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধের জন্য দায়ী। পাঞ্জাবে ঘন ঘন শাসনব্যবস্থার পরিবর্তন ঘটেছিল। সেই সুযোগ নিয়ে দুর্নীতিপরায়ণ ও স্বার্থপর নেতারা শক্তিশালী হয়ে উঠেছিলেন। শেষ পর্যন্ত শিখ সেনাবাহিনী পাঞ্জাবের কর্তৃত্বের অধিকারী হয়ে উঠেছিল। শিখ-দরবারের ক্ষমতার লড়াই ইংরেজরা আগ্রহের সঙ্গে লক্ষ্য করছিল। শিখ-দরবারের দুর্বলতার সুযোগে ভারতের ইংরেজদের কর্তাব্যক্তিরা নিজেদের মধ্যে পাঞ্জাব অভিযান সম্পর্কে চিন্তা-ভাবনা শুরু করেছিলেন। ১৮৪০ খ্রীষ্টাব্দে লর্ড অক্‌ল্যাণ্ড মন্তব্য করেছিলেন যে, শিখশক্তির অবসান ঘটিয়ে পাঞ্জাব অধিকারের জন্য কোম্পানির কর্মচারী ও সেনারা অধীর হয়ে উঠেছে। ১৮৪৩ সালে লর্ড এলেন্‌বরাও মন্তব্য করেছিলেন যে, ইংরেজদের পাঞ্জাব অধিকার আসন্ন। সুতরাং ইংরেজ কোম্পানি যে পাঞ্জাব অধিকারে আগ্রহী ছিল, সে বিষয়ে সন্দেহ নেই। বড়লাট লর্ড হার্ডিঞ্জ শতদ্রুনদীর পূর্বতীরে ইংরেজসেনার শক্তিবৃদ্ধি করেন।

ইংরেজদের নীতি

ইংরেজদের যুদ্ধ-আয়োজন ও পাঞ্জাবে দুর্নীতিপরায়ণ কিছু শিখ-সর্দারের সঙ্গে তাদের শলাপরামর্শের খবরে পাঞ্জাবের শিখ সেনাবাহিনীর ধৈর্যচ্যুতি ঘটে। ১৮৪৪ খ্রীষ্টাব্দের নভেম্বর মাসে মেজর ব্রডফুট লুধিয়ানার ব্রিটিশ প্রতিনিধির পদে নিযুক্ত হলেন। তিনি শিখবিরোধী বলে পরিচিত ছিলেন। ব্রডফুট বারবার শিখদের সঙ্গে শত্রুতামূলক আচরণ করে তাদের উত্তেজিত করে তোলেন। দরবারের শিখ নেতারা বুঝতে পেরেছিলেন যে, শাসনক্ষমতায় অধিষ্ঠিত

প্রত্যক্ষ কারণ

সেনাবাহিনীর কোপে তাঁদের শক্তি, পদ ও সম্পদ ধ্বংস হবে। তাই কোনও রকমে এই সেনাবাহিনীকে উত্তেজিত করে ইংরেজদের বিরুদ্ধে লড়াই লাগিয়ে দিতে পারলে পরিস্থিতি বদলে যেতে পারে ও তাদের স্বার্থসিদ্ধি হতে পারে। ১৮৪৫ খ্রীঃ খবর পাওয়া গেল যে, শতদ্রুনদী পারাপারের জন্য ইংরেজরা সেতুহিসাবে ব্যবহারের উদ্দেশ্যে কতকগুলি নৌকা বোম্বাই থেকে ফিরোজপুরে এনেছে। এ ছাড়াও পাঞ্জাব-সীমান্তে বাড়তি সেনাদলের ছাউনি তৈরী করা হয়েছে ও অতিরিক্ত সেনাবাহিনী পাঞ্জাব অভিমুখে পাঠানো হচ্ছে। কোম্পানির প্রধান সেনাপতি হিউগাফ পাঞ্জাব আক্রমণ করবেন বুঝতে পেরে, খালসা সেনাবাহিনী শতদ্রু অতিক্রম করে ইংরেজ-অধিকৃত পাঞ্জাবে ঢুকে পড়ে। লর্ড হার্ডিঞ্জ অমৃতসরের সন্ধি ভঙ্গ করা হয়েছে বলে শিখদের দায়ী করে যুদ্ধঘোষণা করেন। এইভাবে ১৮৪৫ খ্রীষ্টাব্দে প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধ শুরু হল।

মাত্র তিন মাসে মুদকি, ফিরোজশা, আলিওয়াল ও সোব্রাঁও এই চারটি যুদ্ধে বীরত্ব ও সাহসের সঙ্গে যুদ্ধ করে শিখ সেনাবাহিনী পরাজিত হয়। কয়েকজন পাঞ্জাবী নেতা বিশ্বাসঘাতকতার আশ্রয় নিয়েছিলেন। প্রধান মন্ত্রী লাল সিংহ ও প্রধান সেনাপতি মিশার তেজ সিংহ পূর্বেই গোপনে ইংরেজদের সঙ্গে আলাপ-আলোচনা শুরু করেছিলেন।

লাহোরের সন্ধি

১৮৪৬ খ্রীষ্টাব্দে লাহোরের সন্ধির দ্বারা প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধের অবসান হয়। এই সন্ধির শর্তগুলি ছিল—(১) কোম্পানি শিখ-দরবারের কাছ থেকে কাশ্মীর ও জলন্ধর দোয়াব পাবে। (২) শিখ-দরবার যুদ্ধের দরুন প্রচুর অর্থ ক্ষতিপূরণ দেয়। (৩) লাহোরে শিখ-দরবারে একজন ব্রিটিশ রেসিডেণ্ট থাকবেন। (৪) পাঞ্জাববাহিনীর সেনার সংখ্যা কমিয়ে ২০,০০০ পদাতিক ও ১২,০০০ অশ্বারোহী রাখার অনুমতি দেওয়া হয়েছিল। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে লাহোরে এক শক্তিশালী ইংরেজবাহিনী রাখা হয়েছিল। ইংরেজরা গুলাব সিংহ নামে এক রাজপুতকে ৫০ লক্ষ টাকার বিনিময়ে কাশ্মীর ও জম্মু অঞ্চল বিক্রি করে দেয়। প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধের ফলে শিখশক্তির পতনের প্রথম ধাপ রচিত হয়।

দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ—১৮৪৮-৪৯ খ্রীঃ (Second Anglo-Sikh War) : লাহোরের সন্ধিতে ইঙ্গ-শিখ সম্পর্কের উন্নতি হয় নি। ইংরেজ কোম্পানি লাহোরের সন্ধির শর্ত নিজের ইচ্ছানুযায়ী ব্যবহার করে শিখশক্তি ধ্বংসের চেষ্টা করে। লাহোরে ব্রিটিশ রেসিডেণ্ট মিঃ লরেন্স লাহোর দরবারের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার চেষ্টা করলে শিখ-নেতারা অসন্তুষ্ট হন। শিখজাতি ইংরেজদের সাম্রাজ্যবাদী মতলব বুঝতে পেরে ইংরেজ শক্তিকে পাঞ্জাব থেকে তাড়াতে সংকল্প করে। রেসিডেণ্ট জন লরেন্স শিখ-নেতাদের এমন বিব্রত করতে থাকেন যে, স্বাধীনভাবে শাসন চালানো অসম্ভব হয়ে পড়ে। লরেন্স লাল সিংহকে শিখ দরবার থেকে বিতাড়িত করেন। লরেন্স স্বাধীনতাপ্রিয় শিখ নেতাদের বিতাড়িত করে ইংরেজদের অনুগত মানুষদের নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেন। এর ফলে শিখ নেতাদের মনে সন্দেহ দেখা দেয়। লাহোরের সন্ধির শর্ত অনুসারে ইংরেজরা লাহোর থেকে তাদের সেনাবাহিনী সরিয়ে নেওয়ার প্রশ্নে টালবাহানা

করতে থাকে। রানী ঝিন্দন বাঈ ইংরেজদের হস্তক্ষেপের বিরুদ্ধে প্রতিবাদ করলে তাঁকে বন্দী করে চুণার দুর্গে রাখা হল। এই ঘটনায় খালসা সৈন্যবাহিনী ক্ষিপ্ত হয়ে উঠে।

পাঞ্জাবের বিভিন্ন অঞ্চলে ইংরেজদের বিরুদ্ধে বিদ্রোহ শুরু হয়। মুলতানের শাসক মুলরাজ বিদ্রোহী হন ও তারপর বিদ্রোহ ঘোষণা করেন হাজারার শাসক ছত্তর সিংহ। তাঁর পুত্র শের সিংহ ছিলেন লাহোর-দরবারে শিখ-সেনাবাহিনীর প্রধান অধিনায়ক। শের সিংহ এই দুই বিদ্রোহকে ইংরেজদের বিরুদ্ধে জাতীয় বিদ্রোহে রূপ দিতে সচেষ্ট হন। পুরানো শত্রু আফগানিস্তানকে পেশোয়ার শহর দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে শিখরা আফগানদের দলে টানে। শিখদের এই প্রস্তুতির বিরুদ্ধে লর্ড ডালহৌসী ১৮৪৮ খ্রীষ্টাব্দের ১০ই অক্টোবর ঘোষণা করেন যে, "অতীতের উদাহরণের দ্বারা শিক্ষা গ্রহণ না করে ও দৃষ্টান্তের দ্বারা প্রভাবিত না হয়ে শিখজাতি যুদ্ধের আহ্বান জানিয়েছে এবং প্রতিহিংসা সহ এর উত্তর পাবে"। এইভাবে দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ শুরু হল। শিখরা চিলিয়ানওয়ালার যুদ্ধে বীরত্ব দেখালেও মুলতান ও গুজরাটের যুদ্ধে পরাজিত হল। মুলরাজ বিতাড়িত হন ও শের সিংহ আত্মসমর্পণ করেন। লর্ড ডালহৌসী রাজা দিলীপ সিংহকে পদচ্যুত করে ১৮৪৯ খ্রীষ্টাব্দে পাঞ্জাব ব্রিটিশ রাজ্যভুক্ত করে নেন। দিলীপ সিংহকে বৃত্তি দিয়ে ইংলণ্ডে পাঠিয়ে দেওয়া হয়। খালসাবাহিনী ভেঙ্গে দেওয়া হল। ব্রিটিশ সাম্রাজ্য উত্তর-পশ্চিম সীমান্তে আফগানিস্তানের সীমানা স্পর্শ করে। জন লরেন্স পাঞ্জাবের শাসক নিযুক্ত হলেন। লরেন্স সুশাসন প্রতিষ্ঠা করে, সেচখাল খনন করে ও রাজস্ব-ব্যবস্থার সংস্কার করে পাঞ্জাবকে সমৃদ্ধিশালী প্রদেশে পরিণত করেন।

(৬) লর্ড ডালহৌসীর সাম্রাজ্যবিস্তার নীতিঃ স্বত্ববিলোপ নীতি —১৮৪৮-১৮৫৬ খ্রীঃ (Expansion of British Empire under Lord Dalhousie : Doctrine of Lapse)ঃ ১৮৪৮ খ্রীষ্টাব্দে লর্ড ডালহৌসী গভর্নর জেনারেল হয়ে আসেন। ভারতে ব্রিটিশ সাম্রাজ্যবিস্তারের ইতিহাসে লর্ড ডালহৌসীর শাসনকাল গুরুত্বপূর্ণ অধ্যায়। লর্ড ডালহৌসী ছিলেন উগ্র সাম্রাজ্যবাদী শাসক। এই দিক থেকে তাঁকে লর্ড ওয়েলেস্‌লীর সঙ্গে তুলনা করা যেতে পারে। স্যার রিচার্ড টেম্পল বলেছেন, ভারতের ব্রিটিশ সাম্রাজ্যবাদী শাসকদের মধ্যে ডালহৌসীর মত কেউ ছিলেন না। ডালহৌসী তাঁর সাম্রাজ্যবিস্তারের নীতির সপক্ষে বলেছেন, দেশীয় শাসকরা ছিলেন প্রজাপীড়ক ও দুর্নীতিগ্রস্ত এবং ব্রিটিশ শাসন ছিল উন্নত। তবে তাঁর সাম্রাজ্যবাদী নীতির মূল প্রেরণা ছিল ব্রিটিশ পণ্যের আমদানি বৃদ্ধি করা*। ডালহৌসী বুঝতে পেরেছিলেন যে, ভারতীয় মিত্র-রাজ্যগুলি ইতিমধ্যেই ইংরেজদের ভারতবিজয়ের পথ সুগম করে দিয়েছে। এই আশ্রিত রাজ্যগুলিকে বাতিল করার দিন উপস্থিত হয়েছে।

ভারতে ব্রিটিশ সাম্রাজ্যবিস্তারের জন্য ডালহৌসী তিনটি পথ গ্রহণ করেছিলেন— (১) যুদ্ধের দ্বারা রাজ্যবিস্তার ; (২) কুশাসনের অজুহাতে রাজ্যদখল ও (৩) স্বত্ববিলোপ নীতি। যুদ্ধনীতি প্রয়োগ করা হয় পাঞ্জাব ও ব্রহ্মদেশে। দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম ও দ্বিতীয়

*বিপন চন্দ্র—আধুনিক ভারত

ইঙ্গ-শিখ যুদ্ধের কথা পূর্বে আলোচনা করা হয়েছে। এই দুটি যুদ্ধের ফলে ভারতের ব্রিটিশ সাম্রাজ্য পূর্ব ও পশ্চিম সীমান্তে বহুদূর বিস্তৃত হয়েছিল। পাঞ্জাবে সুশাসনের ফলে শিখরা পূর্বগ্লানি ভুলে ইংরেজদের মিত্রে পরিণত হয়। দক্ষিণ ব্রহ্মদেশ দখল করায় বঙ্গোপসাগরের পূর্ব উপকূলে ব্রিটিশ আধিপত্য প্রতিষ্ঠিত হয়েছিল।

কুশাসন ও অন্যান্য অজুহাতে ডালহৌসী সাম্রাজ্যের বিস্তার ঘটান। কুশাসনের অজুহাতে তিনি অযোধ্যার নবাব ওয়াজেদ আলীকে বৃত্তি দিয়ে তাঁর রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন। ১৮০১ খ্রীষ্টাব্দের চুক্তি অনুযায়ী অযোধ্যার নবাবের কোনও ক্ষমতা ছিল না, অথচ রাজ্যশাসনের দায়িত্ব তাঁর উপর ন্যস্ত ছিল। ক্ষমতাহীন দায়িত্ব থাকায় নবাবরা অযোধ্যার শাসনকাজে মনোযোগী হন নি। কোম্পানির সেনা-বাহিনীর ব্যয়নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ দিতে না পারায় ডালহৌসী হায়দরাবাদের নিজামের কাছ থেকে বেরার প্রদেশটি কেড়ে নিয়ে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেছিলেন।

লর্ড ডালহৌসী

সাম্রাজ্যবিস্তার পরিকল্পনায় ডালহৌসী স্বত্ববিলোপ নীতি প্রবর্তন করেন। এই নীতির মাধ্যমে ভারতে ব্রিটিশ সাম্রাজ্য-বিস্তারের কাজটি তিনি ভালভাবেই সম্পন্ন করেছিলেন। এই নীতির মূল কথা ছিল, কোম্পানির 'আশ্রিত' কোন রাজা অপুত্রক অবস্থায় মারা গেলে তাঁর রাজ্য সরাসরি ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হবে। চিরাচরিত প্রথা অনুসারে অপুত্রক ব্যক্তির সম্পত্তি "দত্তক" পুত্রের পাওয়ার কথা। ডালহৌসীর আদেশে এই দাবি স্বীকার করা হয় নি। জীবিত অবস্থায় আশ্রিত 'অপুত্রক' রাজা যদি কোন 'দত্তক' পুত্র নিয়ে থাকেন এবং তা যদি ব্রিটিশ কর্তৃপক্ষের দ্বারা পূর্বে অনুমোদিত হয়, শুধু সেই ক্ষেত্রেই রাজ্যটি আশ্রিত রাজ্য হিসাবে টিকে থাকবে। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির পরিচালক-সভা বহুদিন থেকেই ভারতীয় শাসকদের দত্তক গ্রহণ প্রথা নিয়ন্ত্রণের কথা চিন্তা করছিল। কোম্পানির পরিচালক-সভা ১৮৩৪ খ্রীষ্টাব্দে এই নীতি অনুমোদনও করেছিলেন। লর্ড ডালহৌসী বড়লাট হয়ে এদেশে এসে হিন্দু রাজাদের 'দত্তক' নেওয়া নিয়ন্ত্রিত করে রাজ্যবিস্তারের নীতি গ্রহণ করলেন। তিনি দেশীয় রাজ্যগুলিকে তিনভাগে ভাগ করেন, যেমন,—(১) কোম্পানির দ্বারা স্থাপিত দেশীয় রাজ্য; (২) কোম্পানি-অধীন করদ রাজ্য; (৩) স্বাধীন দেশীয় রাজ্য। লর্ড ডালহৌসী আদেশ দেন যে, প্রথম শ্রেণীর রাজ্যগুলির ক্ষেত্রেই সিংহাসনের কোন স্বাভাবিক উত্তরাধিকারী না থাকলে ঐ রাজবংশের স্বত্ব লোপ পাবে। উত্তরাধিকারী না থাকায় ঐ বংশের স্বত্ব লোপ পেয়ে কোম্পানিতে এই স্বত্ব বর্তাবে। দ্বিতীয় শ্রেণীর

স্বত্ববিলোপ নীতি

রাজ্যগুলি অর্থাৎ করদ রাজ্যগুলির ক্ষেত্রে 'দত্তক' গ্রহণ করতে হলে কোম্পানির পূর্ব-অনুমতি ছাড়া 'দত্তক' গ্রহণ করা চলবে না। তৃতীয় শ্রেণীর রাজ্য অর্থাৎ স্বাধীন রাজ্যগুলির ক্ষেত্রে 'দত্তক' গ্রহণে কোম্পানির কোন আপত্তি থাকবে না। এই

নির্দেশনামাকে বলা হয় 'স্বত্ববিলোপ' আইন। ডালহৌসীর এই স্বত্ববিলোপ আইন সম্পর্কে ঐতিহাসিক ইনেস (Innes) মন্তব্য করেছেন যে, "তাঁর প্রত্যেক রাজ্যজয়ের পূর্বদৃষ্টান্ত ছিল। তাঁর পূর্বসূরীরা সাধারণত রাজ্য অধিকারকে পরিহার করেছেন, কিন্তু ডালহৌসী সর্বদা রাজ্য দখলের সুযোগ খুঁজে বের করেছেন।"

এই স্বত্ববিলোপ আইন প্রয়োগ করে ডালহৌসী সাতারা (১৮৪৮ খ্রীঃ), জৈৎপুর ও সম্বলপুর (১৮৫০ খ্রীঃ), উদয়পুর (১৮৫২ খ্রীঃ), নাগপুর (১৮৫৩ খ্রীঃ) এবং ঝাঁসী (১৮৫৪ খ্রীঃ) প্রভৃতি রাজ্যগুলির স্বাভাবিক উত্তরাধিকারী না থাকায় রাজ্যগুলিকে কোম্পানির

রাজ্যভুক্ত করেন। এ ছাড়াও স্বত্ববিলোপ নীতির দ্বারা কর্ণাটক ও তাঞ্জোরের শাসকদ্বয়ের যথাক্রমে ১৮৫৩ ও ১৮৫৫ খ্রীষ্টাব্দে মৃত্যু হলে ডালহৌসী ঐ রাজ্য দুটি দখল করে নেন। পেশোয়া দ্বিতীয় বাজীরাও-এর মৃত্যুর পর (১৮৫৩ খ্রীঃ) তাঁর দত্তক পুত্র নানাসাহেবকে অনুমোদিত বৃত্তি থেকে বঞ্চিত করেন। ঐতিহাসিক কে (Kaye) এই ব্যবস্থাকে 'কঠোর' বলে বর্ণনা করেছেন।

স্বত্ববিলোপ নীতির প্রয়োগ

লর্ড ডালহৌসী এইভাবে রাজ্য দখল করে ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের বিস্তার করেন। ডালহৌসী 'দত্তক' গ্রহণের চিরাচরিত হিন্দু রীতিকে রদ করায় ভারতের মানুষ অসন্তুষ্ট হয়। স্বত্ববিলোপ নীতি শুধু হিন্দু রাজাদের ক্ষেত্রেই প্রয়োগ করা হয়েছিল, মুসলমান শাসকদের ক্ষেত্রে হয় নি। সেই ক্ষেত্রে কুশাসনের অজুহাত দেখানো হয়। এ ছাড়াও এইভাবে নির্বিচারে রাজ্যবিস্তার উপযুক্ত হয় নি ভেবে কোম্পানির পরিচালক-সভা অনেক রাজ্য পরে ফিরিয়ে দেন। অনেক ক্ষেত্রে, বিশেষ করে উদয়পুর ও ভগতের ক্ষেত্রে, ডালহৌসী স্বত্ববিলোপ-নীতির অপপ্রয়োগ করেছিলেন। যার জন্য পরিচালক-সভা এই রাজ্যগুলিকে পরে ফিরিয়ে দেন। ব্রিটিশের একান্ত অনুগত মিত্ররাজ্য অযোধ্যা অধিকারকে অনেকেই তীব্র সমালোচনা করেছেন। ডালহৌসী স্বয়ং এক চিঠিতে স্বীকার করেছেন যে, অযোধ্যা অধিকার করা "আন্তর্জাতিক আইন সম্মত হয় নি।" স্যার হেনরী লরেন্সের মতে, অযোধ্যাজয়ের ঘটনাটি "ব্রিটিশদের নামে কলঙ্ক লেপন করেছে।" অযোধ্যার বেকার সেপাই ও কর্মচারীরা অন্য কাজ না পেয়ে ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহে যোগ দেয়। অযোধ্যা অধিকারের ঘটনা থেকে দেশীয় রাজারা বুঝলেন যে, কোম্পানি ইচ্ছামত তাদের রাজ্য গ্রাস করবে। এইভাবে ডালহৌসীর নগ্ন সাম্রাজ্য-বাদী নীতি ১৮৫৭ সালের মহাবিদ্রোহের পথ প্রস্তুত করেছিল।

॥ ৬ ॥ শাসন-বিষয়ক ভিত্তি প্রতিষ্ঠা
(Administrative Foundations)

(i) **১৭৬৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত ব্রিটিশ রাজনৈতিক ক্ষমতাবৃদ্ধির প্রকৃতি** (Nature of the Growth of British Political Power till 1765): ১৭৬৫ খ্রীষ্টাব্দের ১২ই আগস্ট এলাহাবাদের সন্ধির দ্বারা মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলম বার্ষিক ২৬ লক্ষ টাকার বিনিময়ে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানিকে বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি বা রাজস্ব আদায়ের অধিকার দান করলেন। ভারতের ইতিহাসে ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির দেওয়ানিলাভ এক বিশিষ্ট ঘটনা। বাংলার নবাবের সঙ্গে ক্লাইভ যে বন্দোবস্ত করলেন, তাতে স্থির হয় যে, রাজস্ব আদায় ও দেওয়ানি মামলার বিচারের

দায়িত্ব থাকবে ইংরেজদের এবং শাসনক্ষমতা ও ফৌজদারী বিচারের দায়িত্ব বা 'নিজামত' থাকবে নবাবের হাতে। বিনিময়ে নবাব বার্ষিক ৫৩ লক্ষ টাকা বৃত্তি হিসাবে পাবেন। এই ব্যবস্থার ফলে বাংলাদেশের সব অর্থনৈতিক ক্ষমতা কার্যত ও আইনত ইংরেজদের হস্তগত হল। সুবা বাংলার শাসন-পরিচালনা ও ফৌজদারী মামলার বিচার এবং রাজ্যরক্ষার ভার অর্থাৎ 'নিজামত' নবাবের হাতেই থেকে যায়। কিন্তু আসলে তাও থাকে নামেমাত্র। এর পূর্বেই ১৭৬৫ খ্রীষ্টাব্দের ফেব্রুয়ারি মাসে নবাব নজমউদ্দৌলা এক চুক্তির মাধ্যমে ইংরেজদের মনোনীত "নায়েব সুবা" নামে কর্মচারীর হাতে নিজামতের দায়িত্ব অর্পণ করতে স্বীকৃত হয়েছিলেন। ইংরেজদের সম্মতি ছাড়া "নায়েব সুবা" পদচ্যুত করা যেত না। মুহম্মদ রেজা খাঁকে বাংলার "নায়েব সুবা" নিযুক্ত করা হয়েছিল। আবার কোম্পানির তরফে রাজস্ব-সংগ্রহের জন্য নিযুক্ত 'সহ-দেওয়ান'-কেও "নায়েব সুবা" নিযুক্ত করা হত। সুতরাং, নবাব নামেই নবাব রইলেন, সব ক্ষমতাই ইংরেজদের হস্তগত হল। এই ব্যবস্থার মোট ফল হল একই অঞ্চলে নবাব ও কোম্পানির শাসন—যা ইতিহাসে 'যুগ্ম-শাসন' বা 'দ্বৈত-শাসন' নামে পরিচিত।

দেওয়ানি লাভ ও দ্বৈত-শাসন ব্যবস্থা

দ্বৈত-শাসনব্যবস্থায় কোম্পানি শাসনক্ষেত্রে সব ক্ষমতার অধিকারী হলেও শাসন-বিষয়ে দায়িত্ব গ্রহণ করে নি। মুহম্মদ রেজা খাঁ'র হাতে বাংলাদেশের ও সিতাব রায়ের হাতে বিহারের রাজস্ব-আদায়ের দায়িত্ব দেওয়া হল। শুধুমাত্র তদারকির দায়িত্ব থাকল কোম্পানির। কোম্পানি সোজাসুজি সবকিছু আর্থিক আধিপত্য ভোগ করত ও সেনা-বাহিনী পোষণ করত। কিন্তু শাসনকাজের সঙ্গে সরাসরি কোনও যোগাযোগ রাখত না। নবাবের হাতে শাসনের দায়িত্ব থাকলেও অর্থ ও ক্ষমতা না থাকায় তিনি "ক্ষমতাহীন দায়িত্ব" পান। অন্যদিকে কোম্পানি ক্ষমতা ভোগ করলেও দায়িত্ব না নিয়ে "দায়িত্বহীন ক্ষমতা" ভোগ করে। এর ফলে কোম্পানি ও নবাব উভয় পক্ষই জনসাধারণের দুঃখ-দুর্দশা সম্পর্কে সম্পূর্ণ উদাসীন থাকত। কোম্পানি ও তাঁর কর্মচারীরা যে অত্যাচার ও শোষণ চালাত, তার থেকে রক্ষা করার ক্ষমতা তাঁর ছিল না। সেইজন্য তিনি উদাসীন থাকতেন। উপরি আয়ের লোভে নবাবের কর্মচারীরা অত্যাচারের চরমে পৌছেছিল। কোম্পানির কর্মচারীদের কাছে বাংলাদেশ অবাধ লুণ্ঠনের ক্ষেত্র হয়ে উঠেছিল। রবার্ট ক্লাইভ নিজেই মন্তব্য করেছেন, "আমি শুধু এইটুকু বলছি যে, পৃথিবীর আর কোনো দেশে এত অরাজকতা, বিভ্রান্তি, ঘুষ, দুর্নীতি এবং উৎপীড়ন-শোষণের ঘটনা কেউ শোনেনি বা দেখেনি যতটুকুর লীলাক্ষেত্র হয়ে উঠেছিল একমাত্র বাংলাদেশ।"* কোম্পানি কর্তৃপক্ষেরও বাংলাদেশে সম্পদ শোষণের আগ্রহ বেড়ে গিয়েছিল। ভারতীয় পণ্য কেনার জন্য ইংলণ্ড থেকে বরাদ্দ অর্থ পাঠানো বন্ধ হয়ে গিয়েছিল। বাংলাদেশ থেকে পাওয়া রাজস্ব দিয়ে রপ্তানির পণ্য কিনে তা ইউরোপের বাজারে বিক্রির-ব্যবস্থা হয়েছিল। কোম্পানি মনে করত এটা তাদের বিনিয়োগের লভ্যাংশ। বিপুল পরিমাণ

দ্বৈত-শাসনের কুফল

* বিপন চন্দ্র—আধুনিক ভারত

অর্থ শোষণ করা হত। ১৭৬৪-৬৫ খ্রীষ্টাব্দে বাংলাদেশে ভূমি-রাজস্ব আদায় করা হয়েছিল ৮ লক্ষ ১৭ হাজার পাউণ্ড। দ্বৈত শাসনের প্রথম বছরেই তা বেড়ে হয়েছিল ১৪ লক্ষ ৭০ হাজার পাউণ্ড (১৭৬৫-৬৬ খ্রীঃ) এবং ক্রমাগত বেড়ে ১৭৭১ খ্রীষ্টাব্দে হয়েছিল ২৩ লক্ষ ৪১ হাজার পাউণ্ড। সরকারী হিসাব অনুযায়ী ১৭৬৬ খ্রীঃ থেকে ১৭৬৮ খ্রীঃ এই তিন বছরে বাংলাদেশ থেকে কোম্পানি আদায় করেছিল ৫ কোটি ৭ লক্ষ পাউণ্ড। ১৭৬৫ খ্রীষ্টাব্দের পর থেকে বেপরোয়া শোষণ ও লুণ্ঠনের ফলে ক্লাইভের পরবর্তী দুই গভর্নর ভেরলেষ্ট ও কার্টিয়ারের আমলে দ্বৈত শাসনব্যবস্থা প্রায় ভেঙ্গে পড়ল। তারই বিষময় পরিণাম হল ১৭৭০ খ্রীষ্টাব্দে সারা বাংলাদেশ জুড়ে এক ভয়াবহ দুর্ভিক্ষ—'ছিয়াত্তরের মন্বন্তর'। এই মহামন্বন্তরে প্রাণ হারাল লক্ষ লক্ষ মানুষ। অগণিত গ্রাম হয়ে গেল জনহীন শ্মশান। অনাবৃষ্টির জন্য শস্যহানিতে এই দুর্ভিক্ষের শুরু হলেও কোম্পানির শাসননীতির জন্য এই দুর্ভিক্ষ সর্বগ্রাসী ও ব্যাপক হয়ে উঠেছিল। এই ভয়াবহ মন্বন্তরের ফলে যে দুর্ভাগ্যজনক পরিস্থিতির উদ্ভব হয়েছিল তাতে দ্বৈত-শাসনের কুফলের দিকে কোম্পানির পরিচালক-সভার দৃষ্টি আকৃষ্ট হয়। ১৭৭২ খ্রীষ্টাব্দে তাঁরা স্থির করলেন যে, কোম্পানি স্বয়ং দেওয়ানির সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করবে। নতুন ব্যবস্থা প্রবর্তনের জন্য তাঁরা ওয়ারেন হেষ্টিংসকে বাংলাদেশের গভর্নর নিয়োগ করলেন। হেষ্টিংস শাসনভার হাতে নিয়েই প্রথমেই দ্বৈত-শাসনের অবসান ঘোষণা করেন (এপ্রিল, ১৭৭২ খ্রীঃ)। বাংলার নায়েব দেওয়ান মুহম্মদ রেজা খাঁ ও বিহারের নায়েব দেওয়ান সিতাব রায় পদচ্যুত হলেন। কোম্পানি সব দায়িত্ব গ্রহণ করল।

কোম্পানির দেওয়ানির দায়িত্ব গ্রহণ

(ii) **কেন্দ্রীভূত শাসনব্যবস্থার উদ্ভব—ওয়ারেন হেস্টিংস থেকে কর্নওয়ালিশ পর্যন্ত** (Growth of Centralisation—Hastings to Cornwallis)**:** ১৭৬৫ থেকে ১৭৭২ খ্রীষ্ট্রাব্দ পর্যন্ত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি শুধুমাত্র ব্যববায়ী প্রতিষ্ঠান ছিল। এই ব্যবসায়ী প্রতিষ্ঠানের সংগঠনটি ছিল প্রাচ্যদেশে ব্যবসা পরিচালনার জন্য। এই প্রতিষ্ঠান যাঁরা চালাতেন, তাঁরা ছিলেন ভারত থেকে বহু দূরে ইংলণ্ডে। যাই হোক কোম্পানির হাতে লক্ষ লক্ষ মানুষের শাসন অধিকার এসে পড়েছিল। এইসব বিষয় ব্রিটিশ সরকারের কাছে সমস্যা হয়ে উঠেছিল। সমস্যাগুলি ছিল—(১) ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ও তার অর্জিত ধন ও ভূসম্পত্তির সঙ্গে ইংলণ্ডের সরকারের কি সম্পর্ক হবে? (১) ইংলণ্ডে অবস্থিত কোম্পানির পরিচালকদের পক্ষে সুদূর ভারতে নিযুক্ত কর্মচারী ও সেনাবাহিনী নিয়ন্ত্রণ কিভাবে সম্ভব হবে? (৩) ভারতের কোথাও কোম্পানির পরিচালন-কেন্দ্র স্থাপিত হলে বাংলা, বোম্বাই ও মাদ্রাজে অবস্থিত কোম্পানির কাজকর্ম কিভাবে নিয়ন্ত্রিত হবে। এই সমস্যাগুলির মধ্যে প্রথমটি ছিল সবচেয়ে গুরুত্বপূর্ণ ও দ্রুত সমাধানযোগ্য।

শাসন সম্পর্কে নতুন সমস্যাবলী

কোম্পানির পর্বতপ্রমাণ মুনাফা ও কর্মচারীদের বিপুল সম্পদ ইংলণ্ডে সমাজজীবনে

আলোড়ন নিয়ে এসেছিল। ভারতে ও প্রাচ্যে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি একচেটিয়া ব্যবসা করত। অন্যান্য ইংরেজ বণিকরা এইজন্য ছিল ক্ষুব্ধ এবং তারা চেষ্টা করছিল যাতে কোম্পানির একচেটিয়া অধিকারের অবসান হয়। তারা ভারত-প্রত্যাগত কোম্পানির বিত্তশালী কর্মচারীদের "নবাব" আখ্যা দিত। বাংলা অধিকারের কিছু সুবিধা পাওয়ার জন্য ব্রিটিশ মন্ত্রীদের ও পার্লামেণ্টের সদস্যদের লোভ হয়েছিল। ব্রিটিশ পার্লামেণ্টের সদস্যদের মধ্যে কোম্পানির অনেক দালাল ছিল, যারা কোম্পানির স্বার্থ বজায় রাখার চেষ্টা করত। এইসব কারণে ইংলণ্ডের বহু রাজনৈতিক চিন্তাবিদ্ ও রাজনীতিজ্ঞ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ও তার কর্মচারীদের কার্যকলাপ নিয়ন্ত্রিত করতে চাইছিলেন। এঁদের ধারণা হয়েছিল শক্তিশালী কোম্পানি ও কোম্পানির বিত্তশালী কর্মচারীরা সমগ্র ব্রিটিশ জাতির চরিত্র অর্থের জোরে কলুষিত করে ফেলবে। সুতরাং ব্রিটিশ রাষ্ট্র ও ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির সম্পর্ক নির্ধারণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছিল। এই অবস্থায় কোম্পানি ১০ লক্ষ পাউণ্ড ধার চায়। কোম্পানির সমালোচকরা এই সুযোগ নিয়ে কোম্পানি ও তার ভারত সাম্রাজ্যের উপর ইংলণ্ডের পার্লামেণ্টের নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রসারিত করার চেষ্টা করল।

সরকারী হস্তক্ষেপের কারণ

কোম্পানির ভারতশাসন সম্পর্কে ক্ষমতা খর্ব করে ব্রিটিশ সরকারের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য প্রথম পদক্ষেপ হল ১৭৭৩ খ্রীষ্টাব্দে 'রেগুলেটিং আইন' পাস। এই নিয়ন্ত্রক আইনে বাংলা সরকারের শাসনভার একজন গভর্নর জেনারেলের উপর ন্যস্ত হবে। তাঁর একটি চার সদস্যযুক্ত উপদেষ্টা পরিষদ (কাউন্সিল) থাকবে। বলা হল, পরিষদের সদস্যদের সংখ্যাগরিষ্ঠতায় সিদ্ধান্ত নিতে হবে। কোন অচলাবস্থা হলে বড়লাট সভাপতি হিসাবে চূড়ান্ত ভোট দিয়ে সিদ্ধান্ত করবেন। এই আইনে লিখিত ছিল যে, ওয়ারেন হেষ্টিংস প্রথম গভর্নর জেনারেল ও পরিষদের চারজন সদস্য হবেন ক্লেভারিং, বারওয়েল, মনসন ও ফিলিপ ফ্রান্সিস। এঁদের কার্যকাল হবে ৫ বছর। স-পরিষদ গভর্নর জেনারেল বাংলার শাসনব্যবস্থা পরিচালনের সঙ্গে সঙ্গে বোম্বাই ও মাদ্রাজ প্রেসিডেন্সীর যুদ্ধ ও শান্তি সম্পর্কিত কাজকর্মও দেখা-শোনা করবেন। এই আইনে কলকাতায় একটি সুপ্রীম কোর্ট স্থাপন করা হয়। এই আদালতের জন্য একজন প্রধান বিচারপতি ও তিনজন বিচারপতি নিযুক্ত হন। এই আদালতের উপর ইউরোপীয় বাসিন্দা, তাদের কর্মচারী ও কলকাতার অধিবাসীদের বিচারের দায়িত্ব দেওয়া হয়েছিল।

রেগুলেটিং আইন

রেগুলেটিং আইনে কোম্পানির ক্ষমতাও খর্ব করা হয়। কোম্পানির কাজকর্ম ব্রিটিশ সরকারের তদারকির অধীনে রাখা হয়েছিল। কোম্পানি রাজস্বসংক্রান্ত সব চিঠিপত্র ও দলিল ব্রিটিশ সরকারের অর্থদপ্তরকে দেখাতে বাধ্য থাকবে এবং সামরিক ও অসামরিক যাবতীয় কাগজ-পত্র ব্রিটিশ রাষ্ট্র সচিবের কাছে পেশ করতে বাধ্য থাকবে। কোম্পানি-কাঠামোর পরিবর্তন করা হয়। পূর্বের পাঁচ শ পাউণ্ডের অংশীদারদের ভোটদান ক্ষমতা বাতিল করে এক হাজার পাউণ্ডের অংশীদারদের ভোট দেওয়ার

রেগুলেটিং আইনে কোম্পানির ক্ষমতা খর্ব

অধিকার দেওয়া হল। পরিচালকসভার সদস্যদের প্রতি বছর নির্বাচিত হওয়ার পরিবর্তে স্থির হল, ২৪ জন পরিচালক ৪ বছরের জন্য নির্বাচিত হবেন এবং তাদের মধ্যে ¼ সদস্য প্রতিবছর অবসর নেবেন।

কিন্তু রেগুলেটিং আইনে কোম্পানির শাসন পরিচালনায় ইংরেজ সরকারের প্রত্যক্ষ হস্তক্ষেপের কোনও সুযোগ ছিল না। তাই ১৭৮১ খ্রীষ্টাব্দে একটি পরিপূরক আইনের দ্বারা কোম্পানির শাসন আরও প্রত্যক্ষভাবে ব্রিটিশ মন্ত্রিসভার অধীনে আনা হল। এই আইনে স্থির হল ভারতে পাঠানোযোগ্য সব কাগজপত্র রাষ্ট্রসচিবকে দেখাতে হবে ও মন্ত্রিসভার নির্দেশ অনুসারে কোম্পানির পরিচালকসভা ভারতীয় শাসকদের সঙ্গে সম্পর্ক নির্ধারণ করবে।

১৭৮১ খ্রীষ্টাব্দের পরিপূরক আইন

রেগুলেটিং আইন বাস্তবে কার্যকর হয়নি। এই আইনে কোম্পানির উপর ব্রিটিশ সরকারের কার্যকর নিয়ন্ত্রণও প্রতিষ্ঠিত হয় নি। আইনের কোনও অংশ কার্যকর না করলে সরকার কি ব্যবস্থা নেবেন তারও উল্লেখ ছিল না। এ ছাড়াও বড়লাট অতিমাত্রায় পরিষদের সদস্যদের খেয়ালখুশির উপর নির্ভরশীল হয়ে পড়তেন। বড়লাট ও পরিষদের বিরোধের ফলে শাসনে অচলাবস্থা দেখা দিচ্ছিল। বোম্বাই ও মাদ্রাজ প্রেসিডেন্সীর উপরও বড়লাটের কর্তৃত্ব ঠিকমত বজায় থাকছিল না। এই আইন চালু হওয়ার পর কোম্পানির শাসন দুর্নীতিমুক্ত হয়নি।

রেগুলেটিং আইনের ত্রুটি

রেগুলেটিং আইনের ত্রুটিগুলি দূর করে ব্রিটিশ সরকার ১৭৮৪ খ্রীষ্টাব্দে আর একটি আইন চালু করেন। ব্রিটিশ প্রধানমন্ত্রী পিটের নামানুসারে এই আইনের নাম হয় "পিটের ভারত শাসন আইন।" এই আইনে শুধু ভারত শাসনই নয়, কোম্পানির সবকিছুর উপর ব্রিটিশ সরকারের কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়েছিল। ভারত-শাসন বিষয়ের জন্য ছ'জন সদস্য নিয়ে একটি 'বোর্ড অব কণ্ট্রোল' গঠিত হল। এর দু'জন সদস্য হবেন, ব্রিটিশ অর্থ সচিব ও ভারতসচিব এবং অন্যান্য চারজন হবেন প্রিভি কাউন্সিলর। এই নিয়ন্ত্রক পরিষদের উপর ভারতসরকার ও কোম্পানির পরিচালকমণ্ডলীর কাজ পরিচালনার দায়িত্ব দেওয়া হল। এই নিয়ন্ত্রক পরিষদ সরাসরি ভারতসরকারকেও নির্দেশ বা আদেশ পাঠাতে পারবে। কোম্পানির পরিচালকসভার তিনজন সদস্যকে নিয়ে একটি "সিক্রেট কমিটি" গঠন করা হয়, যার মাধ্যমে 'বোর্ড অব কণ্ট্রোল' যাবতীয় আদেশ ও নির্দেশ ভারতে পাঠাবে। এই আইনে ভারতের শাসনব্যবস্থার পরিবর্তন করে গভর্নর জেনারেল ও তিনজন সদস্যযুক্ত পরিষদের উপর দেওয়া হল। এই আইনে শাসন, যুদ্ধবিগ্রহ, রাজস্ব প্রভৃতি বিষয়ে বোম্বাই ও মাদ্রাজ প্রেসিডেন্সির উপর গভর্নর জেনারেলের ক্ষমতা সুস্পষ্ট করা হল। ১৭৮৬ খ্রীষ্টাব্দে একটি সম্পূরক আইন পাস করে গভর্নর জেনারেলকে সাম্রাজ্যের সুরক্ষা, শান্তি ও স্বার্থরক্ষার সর্বময় ক্ষমতা দেওয়া হয়েছিল। এইসব প্রয়োজনে তিনি তাঁর পরিষদের পরামর্শ অগ্রাহ্য করতে পারবেন। এইভাবে ১৭৮৪ খ্রীষ্টাব্দে "পিটের ভারত-শাসন আইনে" কোম্পানির সর্বোচ্চ ক্ষমতা

১৭৮৪ খ্রীষ্টাব্দের পিটের ভারত-শাসন আইন

সরকার নিয়ন্ত্রিত 'বোর্ড অব কন্ট্রোলের' হাতে চলে গেল। ভারতেও বাংলা প্রেসিডেন্সির কর্তৃত্ব মাদ্রাজ ও বোম্বাই প্রেসিডেন্সির উপর প্রতিষ্ঠিত হল।

(iii) **নতুন বিচার ও পুলিশ ব্যবস্থার সংগঠন** (Organisation of a New Judicial and Police System):

বিচারব্যবস্থা : মুঘল শাসনব্যবস্থায় রাজস্ব ও বিচারবিভাগের মধ্যে খুব নিকট সম্পর্ক ছিল। দেওয়ান দেওয়ানি বা রাজস্বসংক্রান্ত বিষয়ের বিচার করতেন। ওয়ারেন হেস্টিংসের সময়ে কোম্পানি দেওয়ানির দায়িত্ব নেওয়ায় বিচারের দায়িত্বও কোম্পানির উপর বর্তায়। হেস্টিংসের আমলে রাজস্ব বিভাগে সংস্কারের সঙ্গে সঙ্গে বিচার-বিভাগেরও সংস্কার করা হয়। "ভ্রাম্যমাণ কমিটি"র (Committee of Circuit) সুপারিশ অনুসারে প্রতি জেলায় একটি করে মফঃস্বল দেওয়ানী আদালত ও মফঃস্বল ফৌজদারী আদালত প্রতিষ্ঠিত হল। কালেক্টর নামে কর্মচারী জেলা দেওয়ানী আদালতের কাজ পরিচালনা করতেন। জেলা ফৌজদারী আদালতে একজন কাজী, দু'জন মৌলবীর সাহায্যে বিচার করতেন। কালেক্টরের জেলা ফৌজদারী আদালতের উপর পরিদর্শনের ক্ষমতা ছিল। জেলা দেওয়ানী ও ফৌজদারী আদালতের আপীলের শুনানির জন্য দুটি সর্বোচ্চ আদালত—সদর দেওয়ানী আদালত ও সদর নিজামত আদালত স্থাপিত হল। সদর দেওয়ানী আদালত কলকাতায় অবস্থিত ছিল। স-পরিষদ গভর্নর জেনারেল সদর দেওয়ানী আদালতের বিচার কাজ করতেন। সদর নিজামত আদালত অবস্থিত ছিল মুর্শিদাবাদে। নবাব বা নাজিম ছিলেন তার বিচারক। প্রধান কাজী, প্রধান মুফতি ও তিনজন বিখ্যাত মৌলবী এই সর্বোচ্চ আদালতে আইনের ব্যাখ্যা করতেন। গভর্নর জেনারেলের সদর নিজামত আদালতের উপর পরিদর্শনের অধিকার ছিল। হেস্টিংসের আমলেই দেওয়ানী আদালতের নির্দেশের জন্য তেরটি ধারা তৈরী করা হয়েছিল। এ ছাড়াও হেস্টিংস মামলা মোকদ্দমার নথিপত্র সংরক্ষণ, সুদের হার হ্রাস, বার বছর পর মোকদ্দমা বাতিল করা, দেওয়ানী বিচারে হিন্দুদের ক্ষেত্রে হিন্দুশাস্ত্র ও মুসলমানদের জন্য মুসলিম আইন প্রয়োগের ব্যবস্থা করেন।

ওয়ারেন হেস্টিংস

হেস্টিংসের আমলে বিচারব্যবস্থা

বিচারবিভাগের সংস্কারের কাজে কর্নওয়ালিশের অবদান কম নয়। রাজস্ব ও বিচার

বিভাগ পৃথক করে তিনি প্রতি জেলায় রাজস্ব আদায়ের জন্য একজন কালেক্টর নামে ইউরোপীয় কর্মচারী নিয়োগ করেন। কর্নওয়ালিশ নবাবের কাছ থেকে ফৌজদারী বিচারের ক্ষমতা কেড়ে নেন। তিনি দেওয়ানী ও ফৌজদারী উভয় বিভাগেই বিভিন্ন স্তরের বিচারালয় প্রতিষ্ঠা করলেন। দেওয়ানী বিচার-ব্যবস্থার সর্বনিম্নে ছিল সদর আমিন ও মুনসেফী আদালত। এইসব আদালতে সাধারণ দেওয়ানী মামলার বিচারের ব্যবস্থা ছিল। সদর আমিন ও মুনসেফী আদালতের উপর প্রতি জেলায় একটি করে জেলা আদালত প্রতিষ্ঠিত হয়। এই আদালতগুলি জেলা জজ্ নামে ইংরেজ কর্মচারীর অধীনে ছিল, তাঁকে সাহায্য করতেন একজন হিন্দু পণ্ডিত ও একজন মুসলমান কাজী।

কর্নওয়ালিশের আমলে বিচার ব্যবস্থা

লর্ড কর্নওয়ালিশ

জেলা দেওয়ানী আদালতগুলির উপরে ছিল চারটি প্রাদেশিক আদালত—এই আদালতগুলি কলকাতা, ঢাকা, মুর্শিদাবাদ ও পাটনায় স্থাপিত হয়। জেলা আদালতের রায়ের বিরুদ্ধে প্রাদেশিক আদালতে আপীল করা যেত। দেওয়ানী বিচারের সর্বোচ্চে ছিল কলকাতায় সদর দেওয়ানী আদালত। এখানে বিচার করতেন স-পরিষদ গভর্নর জেনারেল। কর্নওয়ালিশ মুর্শিদাবাদ থেকে সদর নিজামত আদালত কলকাতায় স্থানান্তরিত করেন। স-পরিষদ গভর্নর জেনারেল ফৌজদারী বিচারের সর্বোচ্চ সদর নিজামত আদালতে বিচার করতেন। সদর নিজামত আদালতের নিচে ছিল চারটি ভ্রাম্যমাণ বিচারালয় (Court of Circuit), যার প্রতিটিতে দু'জন করে ইংরেজ বিচারক থাকতেন। ভ্রাম্যমাণ বিচারালয়ের বিচারকরা বছরে দু'বার বিভিন্ন জেলায় পরিভ্রমণ করে ফৌজদারী মামলার বিচার করতেন।

বেন্টিঙ্কের আমলে বিচারব্যবস্থা

লর্ড বেন্টিঙ্কের আমলে পুনরায় বিচারব্যবস্থার সংস্কার হয়। তিনি কর্নওয়ালিশের আমলের চারটি প্রাদেশিক আদালত ও ভ্রাম্যমাণ ফৌজদারী আদালত তুলে দেন। জেলা জজদের 'সেসন জজ' নাম দিয়ে দেওয়ানী মামলার সঙ্গে ফৌজদারী মামলার দায়িত্ব দেওয়া হয়। জেলা-জজদের রায়ের বিরুদ্ধে সদর দেওয়ানী ও সদর নিজামত আদালতে আপীল করা যেত। বেন্টিঙ্ক কর্নওয়ালিশ প্রবর্তিত গ্রাম্য আমিনী আদালতকে নিয়মিত আদালতের মর্যাদা দেন। ১৮৩৩ খ্রীষ্টাব্দের সনদের বলে বেন্টিঙ্ক বিচারবিভাগের উঁচুপদে ভারতীয়দের নিয়োগ করতে থাকেন। তাঁর আমলে আদালতে ফার্সী ভাষার স্থানে ইংরেজী ভাষায় কাগজপত্র নথিভুক্ত করার নির্দেশ দেওয়া হয়। বহুদূরে উত্তরপ্রদেশের বিচারের সুবিধার জন্য বেন্টিঙ্ক এলাহাবাদে একটি সদর নিজামত ও সদর দেওয়ানী

আদালত প্রতিষ্ঠা করেছিলেন। ১৮৩৩ খ্রীষ্টাব্দে ভারত সরকার গভর্নর জেনারেলের পরিষদের আইন সদস্য লর্ড মেকেলের নেতৃত্বে একটি আইনকমিশন গঠন করেন। এই কমিশন "ভারতীয় দণ্ডবিধি আইন" বিধিবদ্ধ করে। এই আইন কমিশন পশ্চিমী ধারায় দেওয়ানী ও ফৌজদারী বিচার-পদ্ধতি সংক্রান্ত আইন গ্রন্থ তৈরী করেছিল। এর পর থেকে সমগ্র দেশের জন্য একই আইন প্রচলিত হয়। বিচার-ব্যবস্থার সূত্রে ভারত এক অখণ্ড রূপ পেল।

লর্ড উইলিয়াম বেণ্টিঙ্ক

ব্রিটিশ রাজত্বে ভারতের বিচারব্যবস্থা 'আইনের দৃষ্টিতে সকলে সমান' এই নীতির উপর প্রতিষ্ঠিত হয়েছিল। অপরাধীর শ্রেণী, ধর্ম ও জাতির বিচার না করে, বিচারের কাজ হত অপরাধের গুরুত্বের উপর।

আইনের পক্ষে সমতা

তবে একটি ব্যতিক্রম ছিল ভারতে বসবাসকারী ইউরোপীয় বা ইউরোপীয় বংশজাতের জন্য পৃথক বিচারালয়ের ব্যবস্থা রাখা হয়েছিল, কোন কোন ক্ষেত্রে পৃথক আইনও। ইউরোপীয়দের ফৌজদারী বিচারের জন্য ইউরোপীয় বিচারকদের দায়িত্ব দেওয়া হত। বিচার ব্যয়সাধ্য হয়ে উঠায় আর একভাবে বিচার-বৈষম্যের উদ্ভব হয়েছিল। কোর্ট-ফি দেওয়া, আইনজীবী নিয়োগ করা ইত্যাদি খরচ বহন করার ক্ষমতা সাধারণ দরিদ্র মানুষের সাধ্যের বাইরে চলে যায়।

পুলিশ বা আরক্ষা ব্যবস্থা : ভারতের ব্রিটিশ শাসনের অন্যতম স্তম্ভ ছিল পুলিশ বা আরক্ষা ব্যবস্থা। এই ব্যবস্থাও কর্নওয়ালিশের সময় গড়ে উঠে। এর আগে শান্তি-রক্ষার দায়িত্ব ছিল জমিদারদের হাতে। জমিদারদের হাত থেকে এই ব্যবস্থা কেড়ে নিয়ে আইন শৃঙ্খলা রক্ষার জন্য কর্নওয়ালিশ একটি পুলিশবাহিনী গড়ে তুলেছিলেন। আধুনিক 'থানা' ব্যবস্থা তিনিই প্রথমে গড়ে তোলেন। কর্নওয়ালিশ কতকগুলি 'থানা' বা আরক্ষা কেন্দ্র স্থাপন করে প্রতিটি 'থানা'র দায়িত্ব একজন ভারতীয় কর্মচারীর উপর দেন। থানার ভারপ্রাপ্ত কর্মচারীকে 'দারোগা' বলা হত।

পুলিশ ব্যবস্থা

পরবর্তী কালে সমগ্র জেলার পুলিশবিভাগের দায়িত্ব 'সুপারিণ্টেন্‌ডেণ্ট অব-পুলিশ' নামে কর্মচারীর উপর দেওয়া হয়। পুলিশবিভাগের উঁচু পদগুলিতে ভারতীয়দের নিয়োগ করা হত না। গ্রামের শান্তিরক্ষার দায়িত্ব পূর্বের মত গ্রাম্য চৌকিদারদের উপরই ছিল। এদের বেতন গ্রামবাসীদের দিতে হত। নবগঠিত এই পুলিশবাহিনী চুরি-ডাকাতি-দমনে সাহায্য করেছিল। ঠগীদমন ও বিদেশী শাসনের বিরুদ্ধে বিদ্রোহ-দমনে পুলিশবাহিনী খুবই তৎপর ছিল।

(iv) **ভূমি-রাজস্ব নীতি** (Land Revenue Policy): ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির ব্যবসা ও লাভ, শাসন-পরিচালনা ও ভারতের বিভিন্ন অঞ্চলে ব্রিটিশ আধিপত্য স্থাপনের জন্য যুদ্ধ—এইসব বিভিন্ন বিষয়ে ব্যয়ের জন্য সব অর্থই ভারতের কৃষকসমাজ বা রায়তদের বহন করতে হত। প্রকৃতপক্ষে কৃষকদের উপর গুরুভার খাজনা ধার্য না করে ব্রিটিশদের পক্ষে ভারতের মত বিরাট দেশ জয় করা সম্ভব ছিল না। ভারতীয় কৃষকরা চিরকালই কৃষিজাত শস্যের একটা অংশ ভূমি-রাজস্ব হিসাবে রাজকোষে জমা দিত। এই রাজস্ব আদায়ের নানা ব্যবস্থা ছিল। সরকারী কর্মচারীরা সরাসরি কৃষকদের কাছ থেকে আদায় করত আবার, মধ্যবর্তীর মাধ্যমেও আদায় করা হত।

হেস্টিংসের রাজস্ব-সংস্কার (Revenue Reforms of Hastings): ১৭৭২ খ্রীষ্টাব্দে ওয়ারেন হেস্টিংসের আমলে কোম্পানি দেওয়ানির দায়িত্বভার গ্রহণ করে। হেস্টিংস রাজস্ব আদায়ের জন্য নতুন ব্যবস্থা করলেন। ভ্রাম্যমাণ কমিটি গঠন করে জেলায় জেলায় ঘুরে জমি নীলামে ডেকে পাঁচ বছরের জন্য বন্দোবস্ত দেন। এই ব্যবস্থাকে 'পাঁচশালা বন্দোবস্ত' বলা হয়। সর্বোচ্চ ডাক-দাতাকে পাঁচ বছরের জন্য রাজস্ব আদায়ের ভার দেওয়া হত। প্রতি জেলায় 'কালেক্টর' নামে কর্মচারী রাজস্ব-সংগ্রহের ভার পায়। রাজস্ব-সংক্রান্ত চূড়ান্ত বিচারের ভার থাকে গভর্নর ও কাউন্সিলের সদস্যদের নিয়ে গঠিত 'রাজস্ব সমিতির' হাতে। এই ব্যবস্থা কোম্পানির পরিচালক-সভা অনুমোদন না করায় জেলার কালেক্টরের পদ তুলে দেওয়া হয় ও ছ'টি প্রাদেশিক পরিষদ গঠন করা হয়। এই পরিষদকে সাহায্য করার জন্য একজন করে ভারতীয় দেওয়ান নিযুক্ত হয়। পাঁচশালা বন্দোবস্ত সফল হয় নি। অনেকে নীলামে ডেকে বন্দোবস্ত নিলেও অর্থ না দিয়ে পালিয়ে যেতেন। ১৭৭৬ খ্রীষ্টাব্দে হেস্টিংস 'আমিনী কমিশন' নামে এক কমিশন নিয়োগ করে জমি-সংক্রান্ত তথ্য সংগ্রহ করেন। ১৭৭৭ খ্রীঃ এই কমিশনের সুপারিশে জমি বন্দোবস্ত বাৎসরিক করা হয় ও পুনরায় কালেক্টরদের নিয়োগ করা হয়। রাজস্ব-সংগ্রহ-ব্যবস্থায় হেস্টিংসের পরীক্ষা নিরীক্ষা সফল হয় নি।

হেস্টিংসের রাজস্ব-ব্যবস্থা

চিরস্থায়ী বন্দোবস্ত (Parmanent Settlement): ১৭৮৪ খ্রীষ্টাব্দে পিটের ভারত-শাসন আইনে স্থায়ী বন্দোবস্তের কথা বলা হয়। ১৭৮৬ খ্রীষ্টাব্দে লর্ড কর্নওয়ালিশ জমি বন্দোবস্ত স্থায়ী করার নির্দেশ নিয়েই ভারতে আসেন। হেস্টিংসের আমলে নীলামে জমি বন্দোবস্ত দেওয়ায় কোম্পানি ও কৃষকসম্প্রদায় উভয়েই ক্ষতিগ্রস্ত হচ্ছিল। কর্নওয়ালিশ ভারতে এসেই কোম্পানির কর্মচারীদের সঙ্গে কিভাবে জমি বন্দোবস্ত দেওয়া হবে সেই সম্পর্কে আলোচনা করেন। স্যার জন শোর'র জমিদারদের স্থায়িভাবে জমি বন্দোবস্ত দেওয়ার পক্ষে মত দেন। জেমস্ গ্রাণ্ট এই মতের বিরোধিতা করে রায়তদের সঙ্গে বন্দোবস্ত করার পক্ষে মত দেন। কর্নওয়ালিশ শোরে'র অভিমত গ্রহণ করে জমিদারদের দশ বছরের জন্য জমি বন্দোবস্ত দিলেন ও প্রতিশ্রুতি দিলেন যে, কোম্পানির

কর্নওয়ালিশ ও চিরস্থায়ী বন্দোবস্ত

পরিচালক-সভা অনুমোদন করলে এই ব্যবস্থা চিরস্থায়ী করা হবে। ১৭৯৩ খ্রীষ্টাব্দে ২২শে মার্চ, কোম্পানির পরিচালক-সভার সম্মতি পাওয়ার পর, 'দশশালা' ব্যবস্থা চিরস্থায়ী করা হয়। ১৭৯৩ সালের আইনে স্থির হল—(১) জমিদাররা বংশানুক্রমিক ভাবে জমির মালিকানা ভোগ করবে; (২) জমিদাররা আদায়ীকৃত রাজস্বের $\frac{9}{10}$ ভাগ কোম্পানিকে জমা দেবে; (৩) বছরের নির্দিষ্ট দিনের সূর্যাস্তের মধ্যে রাজস্ব জমা না দিলে জমিদারি বাজেয়াপ্ত হয়ে যাবে।

কর্নওয়ালিশ-প্রবর্তিত ভূমিরাজস্ব-ব্যবস্থা বাংলা, বিহার, উড়িষ্যায় অর্থনীতি, সমাজ ও ভূমি ব্যবস্থায় বিপুল পরিবর্তন নিয়ে আসে। মার্শম্যান এই ব্যবস্থাকে "একটি সুদৃঢ়, সাহসী ও বিজ্ঞ" ব্যবস্থা বলেছেন। চিরস্থায়ী বন্দোবস্তের ফলে ভূমি-রাজস্ব সংগ্রহের ব্যাপারে কোম্পানির অনিশ্চয়তা বা ঝুঁকি দূর হয়ে গিয়েছিল। প্রথমত, একটা নির্দিষ্ট রাজস্বের অঙ্ক লাভের সুনিশ্চিত ব্যবস্থা হয়েছিল। দ্বিতীয়ত, চিরস্থায়ী বন্দোবস্তের ফলে শস্য উৎপাদন-বৃদ্ধির সম্ভাবনা দেখা দিয়েছিল। সরকারকে দেয় রাজস্বের পরিমাণ নির্দিষ্ট হওয়ায়, জমিদারশ্রেণী তাদের নিজ নিজ এলাকায় কৃষি-ব্যবস্থার উন্নতি ও কৃষিক্ষেত্র-প্রসারের জন্য তৎপর হবে ও এর ফলে সামগ্রিকভাবে দেশে কৃষি-উৎপাদন বৃদ্ধি পাবে এই ছিল আশা। তৃতীয়ত, চিরস্থায়ী বন্দোবস্তের ফলে সমাজে ভূমিতান্ত্রিক এক বিশেষ শ্রেণী গড়ে উঠে। পরবর্তী কালে এই শ্রেণীই কোম্পানির নির্ভরযোগ্য সমর্থক গোষ্ঠীতে পরিণত হয়। চতুর্থত, নীলামদারদের শোষণ ও ঘন ঘন জমি থেকে উচ্ছেদের হাত থেকে রায়ত বা কৃষকরা রক্ষা পায়।

চিরস্থায়ী বন্দোবস্তের সুফল

কিন্তু ঐতিহাসিক থর্নটন, হোমস প্রমুখ চিরস্থায়ী বন্দোবস্তের নিন্দায় মুখর হয়েছিলেন। তাঁদের যুক্তিগুলি ছিল—(১) জমিদারদের দেয় রাজস্ব চিরকালের মত নির্দিষ্ট হওয়ায় কোম্পানির ভবিষ্যৎ আয়বৃদ্ধির পথ বন্ধ হয়। পরবর্তী কালে জমিদাররা প্রজাদের সঙ্গে নিজেদের সুবিধা-মত চুক্তি করে নিজেদের আয় বৃদ্ধির ব্যবস্থা করে, কিন্তু কোম্পানি এই বাড়তি আয় থেকে বঞ্চিত হয়। (২) চিরস্থায়ী বন্দোবস্তের সময় জমিদারির এলাকা ও সীমানা সুনির্দিষ্ট না থাকায় ভবিষ্যতে নানা মামলা-মোকদ্দমার সৃষ্টি হয়েছিল বলে ঐতিহাসিক হান্টার বলেছেন। (৩) চিরস্থায়ী বন্দোবস্তে রাজস্বের পরিমাণ নির্ধারণ করা হয়েছিল অতি উঁচু হারে। 'সূর্যাস্ত আইন' চালু থাকায় অনেক জমিদারপরিবারকে জমিদারি হারাতে হয়। (৪) জমিদাররা রাজস্ব-সংগ্রহ করার জন্য মধ্যবর্তী শ্রেণীর উপর নির্ভর করতে থাকেন। এই মধ্যস্বত্বভোগীদের অত্যাচারে ও শোষণে কৃষকদের অবস্থা শোচনীয় হয়ে উঠে। (৫) চিরস্থায়ী বন্দোবস্তে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছিল কৃষক বা রায়তশ্রেণী। জমির উপর তাদের স্বত্ব না থাকায় জমিদাররা ইচ্ছামত রায়তদের উৎখাত করতে পারতেন। জমি বন্দোবস্ত ও খাজনা নির্ধারণের অধিকার জমিদারদের হাতে থাকায় জমিদাররা উঁচু হারে খাজনা ও নানা কর আদায় করতেন। জমিদাররা শহরে বিলাসে বসবাস শুরু করলে তাদের নায়েব, গোমস্তা প্রভৃতি কর্মচারীর হাতে

চিরস্থায়ী বন্দোবস্তের কুফল

[1] W. W. Hunter—Annals of Rural Bengal

প্রজাদের দুর্দশা চরমে উঠে। (৬) অর্থনৈতিক ক্ষেত্রে চিরস্থায়ী বন্দোবস্তের প্রভাব ছিল সুদূরপ্রসারী। জমিতে অর্থবিনিয়োগে মুনাফার পরিমাণ বেশী হওয়ার আশায় বিত্তশালী সম্প্রদায় জমিদারি কিনতে মন দেয়। এর ফলে শিল্প ও বাণিজ্য দ্রুত ধ্বংসের দিকে এগিয়ে যায়।

রায়তওয়ারী বন্দোবস্ত (Rayatowari System): দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিম ভারতে ব্রিটিশ আধিপত্য সুদৃঢ় হলে ব্রিটিশ সরকারের পক্ষে নতুন সমস্যা দেখা দিয়েছিল। ব্রিটিশ কর্মচারীদের ধারণা হয়েছিল যে, এইসব অঞ্চলে জমিদার হওয়ার মত ব্যক্তির অভাব আছে। এ ছাড়াও বাংলা বা অন্যান্য অঞ্চলের মত জমিদারি-প্রথা প্রবর্তনের মত অবস্থা ঐ অঞ্চলে নেই। আলেকজাণ্ডার রীড ও টমাস মন্‌রো নামে উচ্চপদস্থ কর্মচারীরা পরামর্শ দিয়েছিলেন যে, রায়ত বা প্রকৃত চাষীর কাছ থেকে খাজনা আদায়ের দায়িত্ব সরাসরি কোম্পানির নেওয়া উচিত। এঁদের মতে চিরস্থায়ী বন্দোবস্তে খাজনা বাড়ানোর কোনও উপায় থাকে না ও কৃষক জমিদারের কৃপা-নির্ভর হতে বাধ্য হয়। রায়ত বা প্রজার কাছ থেকে সরাসরি রাজস্ব আদায়ের এই ব্যবস্থাকে 'রায়তওয়ারী' ব্যবস্থা নাম দেওয়া হয়েছিল। এই প্রথা অনুযায়ী নির্দিষ্ট খাজনা দেওয়ার বিনিময়ে কৃষক জমির মালিকানা লাভ করবে। সরকারী কর্মচারীরা রায়তদের কাছ থেকে সরাসরি রাজস্ব আদায় করবেন। উনবিংশ শতকের প্রথম দিকে মাদ্রাজ ও বোম্বাই প্রেসিডেন্সির বিভিন্ন অংশে রায়তওয়ারী ব্যবস্থা প্রবর্তিত হয়েছিল।

রায়তওয়ারী বন্দোবস্ত

রায়তওয়ারী ব্যবস্থাতেও নানাবিধ ত্রুটি ছিল। চিরস্থায়ী বন্দোবস্তের অনেক জমিদারের পরিবর্তে এতে কৃষকের উপর চেপে বসল সর্বশক্তিমান জমিদার—বিদেশী ইংরেজ সরকার। কিছুদিনের মধ্যেই সরকার জানালেন 'খাজনা' 'ভাড়া' ছাড়া আর কিছু নয়। এ ছাড়াও খাজনার মাত্রা এত বেশী ধরা হয়েছিল যে, কৃষকদের পক্ষে তা দেওয়া দুঃসাধ্য হয়ে উঠেছিল। সরকার তার ইচ্ছামত খাজনার পরিমাণ বাড়িয়ে দিত। বন্যা, খরা বা দুর্ভিক্ষের সময় নির্দিষ্ট খাজনা দেওয়া থেকে রায়ত রেহাই পেত না।

রায়তওয়ারী বন্দোবস্তের ত্রুটি

মহলওয়ারী বন্দোবস্ত (Mahalwari System): জমিদারির ব্যবস্থার অদলবদল করে মহলওয়ারী প্রথা নামে গাঙ্গেয় উপত্যকা, উত্তর-পশ্চিম প্রদেশ, মধ্য-ভারতের কিছু অংশ ও পাঞ্জাবে চালু করা হয়। কতকগুলি গ্রাম নিয়ে একটি মহল ধরা হত। এই মহলগুলির উপর একাধিক জমিদারের দাবি মেনে নেওয়া হত। একাধিক জমিদার বা একাধিক সচ্ছল পরিবারের কর্তাব্যক্তির সঙ্গে বন্দোবস্ত করা হত। মহলওয়ারী ব্যবস্থায় খাজনার হার মাঝে মাঝে সংশোধন করে বাড়ানো হত।

মহলওয়ারী বন্দোবস্ত

চিরস্থায়ী ও মহলওয়ারী বন্দোবস্ত ভারতের চিরাচরিত ভূমিব্যবস্থার বিপরীত ছিল। জমির ব্যক্তিগত মালিকানার নীতি প্রবর্তিত হওয়ায় ফলে, কৃষির উন্নতির ফলেও কৃষকদের

উন্নতির পথ বন্ধ হয়ে গিয়েছিল। সমগ্র দেশে জমিকে একটি বিক্রয় ও বন্ধকযোগ্য সম্পদে পরিণত করা হয়েছিল। জমির অধিকার যখন তখন হারাবার সম্ভাবনা বৃদ্ধি পেয়েছিল। এই নতুন ভূমি ব্যবস্থার ফলে ভারতের গ্রামগুলির অস্তিত্ব ও স্থায়িত্ব বিপন্ন হয়ে উঠেছিল।

॥৭॥ ব্যবসা-বাণিজ্য ও শিল্প
(Trade and Industry)

ব্যবসা-বাণিজ্য (Trade and Commerce): ব্রিটিশ শাসনের প্রথমদিকে ভারতের ইতিহাসের অন্যতম প্রধান বিশেষত্ব হল ভারতের বাণিজ্য ও শিল্পের ধ্বংসসাধন। ব্রিটিশরা আসার পূর্বে ভারত শিল্পে উন্নত দেশ ছিল। প্রাচীন কাল থেকেই ভারতের শিল্প-বাণিজ্যে তার সম্পদ সৃষ্টি হত। শিল্পকমিশনের বিবরণীতে বলা হয়েছে, "পরবর্তী কালে যখন পশ্চিম থেকে ভাগ্যসন্ধানী বণিকরা ভারতে প্রথম আসে, তখন এদেশের শিল্পের উন্নয়ন ইউরোপের অধিক উন্নত দেশগুলির চেয়ে কম ছিল না।" ভারত থেকে শিল্পজাত জিনিস রপ্তানি করে ভারত সোনা, রূপা, টিন, তামা ইত্যাদি আমদানি করত। কিন্তু সবসময়েই আমদানির তুলনায় রপ্তানির পরিমাণ বেশী হওয়ায় ভারত ব্যবসা-বাণিজ্যে খুবই উন্নত ছিল।

ভারতের বাণিজ্য ও শিল্প

ভারতের প্রধান শিল্প ছিল সূতী, রেশম ও পশম বস্ত্র। বস্ত্রশিল্পের প্রধান কেন্দ্র ছিল লক্ষ্ণৌ, আমেদাবাদ, নাগপুর, বাংলাদেশ এবং মাদুরা। পাঞ্জাব ও কাশ্মীরে মিহি শাল প্রস্তুত হত। ব্রোঞ্জ, তামা ও কাঁসা শিল্পের জন্য বারাণসী, তাঞ্জোর, পুণা, নাসিক এবং আমেদাবাদ প্রসিদ্ধ ছিল। এ ছাড়া স্বর্ণ, পাথরে খোদাই-এর কাজ, সোনা ও রূপার উপর কারুকাজ, মার্বেল পাথর, চন্দনকাঠ, হাতীর দাঁতের কাজ প্রভৃতি শিল্পকাজ বিখ্যাত ছিল। চর্মশিল্প ও সুগন্ধি দ্রব্যের শিল্প প্রভৃতিও ভারতে গড়ে উঠেছিল।

ভারতের প্রধান শিল্প

ভারতের বাণিজ্য-ব্যবস্থা সম্পূর্ণভাবে ভারতীয়দের নিয়ন্ত্রণে ছিল। বিদেশী বণিকরা সোনা-রূপা জাতীয় মূল্যবান ধাতু স্বদেশ থেকে এনে তার বিনিময়ে এদেশ থেকে বস্ত্র, মসলা প্রভৃতি সংগ্রহ করে সেইগুলি সাগরপারের দেশগুলিতে বিক্রি করত। এরা নিজের দেশে ও অন্যান্য দেশে বাজার খুঁজে বেড়াত। বিদেশে এই সমস্ত জিনিসের বাজার বৃদ্ধি হওয়ায় ভারতীয় শিল্পপণ্যের রপ্তানি বৃদ্ধি পেয়েছিল। ভারতীয় শিল্প-উৎপাদনের হারও এই কারণে বৃদ্ধি পেয়েছিল।

বহির্বাণিজ্য

শিল্পে উন্নতি ঘটায় ভারতীয় শাসকরা ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ও অন্যান্য বিদেশী কোম্পানির ব্যবসাতে বাধা দেয় নি।

প্রথম থেকেই ইংলণ্ডের বস্ত্র উৎপাদনকারী ব্যবসায়ীরা ভারতের বস্ত্রশিল্পকে ভাল চোখে দেখেনি, কারণ ভারতীয় বস্ত্রের ইংলণ্ডে যথেষ্ট কদর ছিল। নিজেদের দেশের চাইতে ব্রিটিশরা ভারতীয় বস্ত্র বেশী পছন্দ করত। ওখানকার মোটা পশমের পোশাকের চাইতে হালকা ভারতীয় সূতীর পোশাক মানুষ পরতে চাইত। ইংলণ্ডের বস্ত্রব্যবসায়ীরা তাই সরকারকে চাপ দিতে থাকে, যেন ভারত থেকে বস্ত্র আমদানি বন্ধ করে দেওয়া হয় বা আমদানি নিয়ন্ত্রিত করা হয়। ১৭২০ খ্রীষ্টাব্দে ইংলণ্ড আইন করে ছাপা বা রঙীন কাপড় ব্যবহার নিষিদ্ধ করে। একমাত্র হল্যাণ্ড ছাড়া প্রায় প্রতিটি ইউরোপীয় দেশে ভারত থেকে বস্ত্র আমদানি করা হয় বন্ধ হয়েছিল, না হয় আমদানি-শুল্ক ধার্য করে ভারতীয় বস্ত্র রপ্তানি সংকুচিত করা হয়েছিল। এইসব সত্ত্বেও অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত ইউরোপের বাজারে ভারতীয় রেশম ও তুলাজাত বস্ত্র তার চাহিদা বজায় রেখেছিল।

ভারতীয় বস্ত্রের কদর

অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ভারতের বাণিজ্য ও শিল্প দ্রুত ভাঙ্গনের দিকে অগ্রসর হয় ও উনবিংশ শতকের মধ্যভাগে তার ভাঙ্গন সম্পূর্ণ হয়। এই ভাঙ্গনের পিছনে নানারকম কারণ ছিল ;—ব্রিটিশ পার্লামেণ্টের নীতি, শিল্প-বিপ্লবের ফলে কারখানায় প্রস্তুত সুলভ পণ্যসামগ্রীর সঙ্গে প্রতিযোগিতা ও ভারতীয় শিল্প ও বাণিজ্যকে রক্ষায় ভারতের ইংরেজ সরকারের অনীহা বা অনিচ্ছা। ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধের পর ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির বাণিজ্যিক সম্পর্কের একটি গুণগত পরিবর্তন এসেছিল। ভারতে কোম্পানি ব্যবসা-বাণিজ্য পরিচালনায় রাজনৈতিক ক্ষমতা পেয়েছিল। ভারতীয় পণ্য কিনে দেশে রপ্তানির সুযোগও বেড়েছিল। ভারতীয় পণ্য কেনার জন্য অর্থ বাংলার রাজস্ব থেকেই পাওয়া যাচ্ছিল। কোম্পানি দেশের শাসনভার পেয়ে বাংলার তাঁতীদের ভয় দেখিয়ে নিজেদের ইচ্ছামত দরে বস্ত্র বিক্রি করতে বাধ্য করত। উচিত মূল্য না পাওয়ায় তাঁতীরা সব ক্ষেত্রেই লোকসান মেনে নিত। তাঁতীদের কাজের স্বাধীনতাও ছিল না। বহু তাঁতীকে কোম্পানি নিজেদের ব্যবসার জন্য কাপড় বুনে দিতে বাধ্য করত। কাজের উপযুক্ত মজুরিও তাদের দেওয়া হত না। কোনও ভারতীয় ব্যবসায়ীর কাছে কাপড় বিক্রি-করা নিষিদ্ধ হয়েছিল। এইভাবে কোম্পানি তার দেশী ও বিদেশী দু'ধরনের প্রতিদ্বন্দ্বী ব্যবসায়ীদের ব্যবসাক্ষেত্র থেকে হটিয়ে দিয়েছিল। কোম্পানির কর্মচারীরা কাঁচাতুলা বিক্রির ব্যবসা একচেটিয়াভাবে নিজেদের দখলে রেখেছিল। ভারতীয় তাঁতী বেশী দামে তুলা কিনে সেই তুলায় তৈরী কাপড় অল্পমূল্যে কোম্পানিকে বিক্রি করতে বাধ্য থাকত। কেনা ও বেচা দুই তরফেই তাদের লোকসান হত। ভারতীয় কাপড় ইংলণ্ডে আমদানির সময় খুব উঁচু হারে শুল্কও দিতে হত। ব্রিটিশ সরকারের বাধা সত্ত্বেও তখন পর্যন্ত ভারতীয় শিল্পবস্তুকে ইংলণ্ডের বাজার থেকে সরিয়ে দেওয়া সম্ভব হয় নি।

পলাশীর যুদ্ধের পর অবস্থা

ভারতীয় শিল্প ও বাণিজ্যের ভাঙ্গনের জন্য ব্রিটিশ পার্লামেণ্টের দায়িত্ব সম্পর্কে রাসব্রুক উইলিয়ামস্ ও সি. জে. হ্যামিলটন প্রমুখ ঐতিহাসিক মনে করেন, ইংলণ্ডে শিল্পবিপ্লবের ফলে যন্ত্রের সাহায্যে সূতী বস্ত্রের উৎপাদন সহজ ও সুলভ করে ভারতীয় সূতীবস্ত্রের সর্বনাশ সাধন করেছিল। যন্ত্র ও হস্তচালিত শিল্পের মধ্যে বিরাট পার্থক্য দূর করা অসম্ভব ছিল বলেই ইংরেজ শাসকরা ভারতের বয়ন-শিল্পকে রক্ষা করার চেষ্টা করে নি। অন্যদিকে ভারতীয় ও ইংরেজ লেখকদের মতে, ইংলণ্ডের শিল্পবিপ্লব ভারতের লুণ্ঠিত ধনসম্পদের একটি ফল। ব্রিটিশ কর্তৃপক্ষ ভারতের দ্রুত ক্ষয়িষ্ণু শিল্পগুলিকে রক্ষার পরিবর্তে তাদের সামনে বাধার সৃষ্টি করেন ও ভারতীয় শিল্পীদের কোনও উৎসাহ দেন নি। রমেশচন্দ্র দত্ত* মনে করেন, ভারতের হস্তচালিত বস্ত্রশিল্পের বিনাশের জন্য প্রধানত দায়ী ছিল "ভারতীয় শিল্পীদের নিরুৎসাহ করার জন্য ইংলণ্ডের নীতি।" তিনি মন্তব্য করেছেন যে, অষ্টাদশ শতকের শেষ দশক ও উনবিংশ শতকের প্রথম দশকে ব্রিটিশ শাসকদের নীতিই ছিল ভারতকে ইংলণ্ডের শিল্পের অধীন করা এবং ইংলণ্ডের তাঁত ও কারখানায় যোগান দেওয়ার জন্য কাঁচামাল উৎপাদনে ভারতীয় জনগণকে নিয়োজিত করা।

ব্রিটেনের শিল্প-বিপ্লবের প্রভাব

এই সময়ে ব্রিটেনে এক শক্তিশালী শিল্প-উৎপাদক শ্রেণীর আবির্ভাব, ভারতের শাসন ও সেই সম্পর্কে নীতিকেও প্রভাবিত করেছিল। ভারত থেকে শিল্পপণ্যের আমদানি হ্রাস করা বা বন্ধ হওয়া এদের অভিপ্রায় ছিল। তাদের আরো অভিপ্রায় ছিল, ভারত তাদের শিল্পপণ্যের বাজার হয়ে উঠুক। ভারত থেকে যদি কিছু আমদানি করতে হয় তা হল তুলা। ১৭৬৯ খ্রীষ্টাব্দে এই শিল্পপতিরা পার্লামেণ্টের এক আইন-ক্ষমতায় কোম্পানিকে বাৎসরিক ৩ লক্ষ ৫০ হাজার পাউণ্ড মূল্যের জিনিস ভারতে রপ্তানি করতে বাধ্য করেছিল। ১৭৯৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত ১৫৬ পাউণ্ড মূল্যের সূতীবস্ত্র পূর্বদেশ বা ভারতে রপ্তানি হত। কয়েক বছর পর ১৮১৩ খ্রীষ্টাব্দে এই পরিমাণ বৃদ্ধি পেয়ে হয় ১ লক্ষ ১০ হাজার পাউণ্ড।

ভারতের ব্রিটিশ পণ্যের প্রভাব

ব্রিটেনের বাজার থেকে ভারতীয় জিনিস হটিয়ে দেওয়ার জন্য ব্রিটিশ পার্লামেণ্ট ক্রমান্বয়ে ভারতীয় শিল্পসম্ভারের উপর কর আরোপ করতে থাকে। ১৭৬৫ খ্রীষ্টাব্দে ভারতীয় সূতীবস্ত্রের উপর ৪৫ শতাংশ কর আরোপিত হয়। ১৮২৪ খ্রীষ্টাব্দে ভারত-জাত ছাপা কাপড়ের উপর অতিরিক্ত ৬৭½ ভাগ শুল্ক ধার্য করা হয়েছিল, ভারতীয় মসলিন কাপড়ের উপর শুল্ক ধরা হয়েছিল, শতকরা ৩৭½ ভাগ। এইভাবে শুল্কধার্যের ফলে ভারতের শিল্পদ্রব্যের রপ্তানির হার দ্রুত হ্রাস পায়।

ব্রিটেনের উঁচু হারে শুল্ক আরোপ

ব্রিটিশ শিল্পপতিরা বুঝেছিলেন ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির একচেটিয়া বাণিজ্যের অধিকার তাদের পক্ষে বাধাস্বরূপ। ১৭৯৩ থেকে ১৮১৩ খ্রীষ্টাব্দ এই গোষ্ঠী প্রবল আন্দোলন করে। অবশেষে ১৮১৩ খ্রীষ্টাব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির ব্যবসা ও বাণিজ্যের

* R. C. Dutt—Economic History of India

একচেটিয়া অধিকার বিলুপ্ত হয়। এর ফলে কৃষিপ্রধান ভারতবর্ষ শিল্পে উন্নত ইংলণ্ডের অর্থনৈতিক উপনিবেশে পরিণত হয়েছিল। এখন থেকে ভারত সরকার অবাধ বাণিজ্য-নীতি অনুসরণ করে। ব্রিটিশ শিল্পপণ্য ভারতে বিপুলভাবে অনুপ্রবেশ করে। ব্রিটিশ যন্ত্রজাত শিল্পপণ্যের সঙ্গে অসম ও তীব্র প্রতিযোগিতার সম্মুখীন হয়ে হস্তজাত ভারতীয় শিল্পপণ্যের বাজার ধ্বংস হয়ে গেল। ভারতীয় শিল্পসমূহের অন্তিম দশা ঘনিয়ে এসেছিল।

১৮১৩ খ্রীষ্টাব্দে কোম্পানির একচেটিয়া বাণিজ্যের অধিকার লোপ

ভারতে আমদানীকৃত ব্রিটিশ পণ্যের উপর শুল্ক নেওয়াই হত না বা কম হারে নেওয়া হত। ব্রিটেনের শিল্পজাত জিনিসের মূল্যও ভারতীয় শিল্পদ্রব্যের চাইতে তুলনায় বেশ সস্তা ছিল। ভারতীয় শিল্প-সংরক্ষণের জন্য ভারতের ইংরেজ সরকার শুল্ক-প্রাচীর তৈরী করে বিদেশী জিনিসের ভারতে আমদানি হ্রাস করার চেষ্টা করেন নি। একই সঙ্গে ভারতীয় শিল্পকে আধুনিকীকরণ করার চেষ্টাও হয়নি। পৃথিবীর অন্যান্য দেশ যেমন ফ্রান্স, জার্মানী, আমেরিকা এই পথই গ্রহণ করেছিল। কিন্তু ভারতের বিদেশী শাসকরা এই অসম প্রতিযোগিতার হাত থেকে ভারতীয় শিল্পকে বাঁচাবার কোন ব্যবস্থাই করেনি। এর ফলে বিদেশী পণ্যের আমদানি দ্রুত বেড়ে গেছল। ১৮১৩ খ্রীষ্টাব্দে ভারতে ১,১০,০০০ পাউণ্ড মূল্যের সূতীবস্ত্র আমদানি করা হয়েছিল। ১৮৫৬ খ্রীষ্টাব্দে এর পরিমাণ হল ৬,৩০০,০০০ পাউণ্ড।

শিল্পজাত জিনিস রপ্তানির সুযোগ থেকে বঞ্চিত হওয়ায় ভারতের বাণিজ্য হ্রাস পেল। ভারতকে তুলা ও রেশমের মত কাঁচামাল রপ্তানি করতে বাধ্য করা হয়েছিল। ব্রিটেনে অভাব আছে এমন সব জিনিস, যেমন—চা, নীল ও খাদ্যশস্যও প্রচুর রপ্তানি করতে হত। ধীরে ধীরে ভারত কাঁচামাল উৎপাদন ও পশ্চিমের সুলভ শিল্পজাত জিনিসের ক্রয়-বিক্রয়ের কেন্দ্রে পরিণত হয়।

কাঁচামাল রপ্তানি

ভারতীয় বয়নশিল্পের বিনাশ ও তার প্রভাব (Destruction of Indian Cotton Industry and Its Impact): ভারতের জনজীবন ছিল গ্রামভিত্তিক। গ্রামের কৃষিকাজ ও গৃহশিল্প ছিল মানুষের প্রধান উপজীবিকা। কৃষিপ্রধান ভারতের কৃষির পরিপূরক ছিল গৃহশিল্প। সূতা প্রস্তুত ও বস্ত্র-বয়ন শিল্প প্রায় প্রতিটি পরিবারেই হত। গ্রামে কর্মকার, সূত্রধর প্রভৃতির মত এই বয়নশিল্পের বৃত্তি ছিল বংশানুক্রমিক। গ্রামের তাঁতীরা গ্রামের কাপড়ের চাহিদা মিটিয়ে গ্রামের বাইরেও তাদের পণ্য পাঠাতেন। এর ফলে বয়নশিল্পের এক বিশেষ মর্যাদা ছিল। এই তাঁতী বা বয়নশিল্পীরা ছিলেন অত্যধিক পরিশ্রমী ও নিজেদের কাজে সুনিপুণ। বাড়ীতে সূতা তৈরী ছিল বিশেষ উল্লেখযোগ্য শিল্প এবং মহিলারাই সাধারণতঃ এই শিল্পে নিযুক্ত থাকতেন। নিত্য-গৃহকর্মের অবসরে তাঁরা এই শিল্পের দ্বারা অর্থ উপার্জন করতেন। তাঁদের হাতে তৈরী সূতায় মিহি কাপড় বোনা হত ও বাজারে তা সুনাম অর্জন করত। ভারতের শিল্পসামগ্রী তাদের শৈলী ও সৌন্দর্যের জন্য সমগ্র বিশ্বে সুনাম অর্জন করে ছিল।

গ্রামীণ শিল্প

কিন্তু পলাশীর যুদ্ধের পর ভারতের এই শিল্প-সমৃদ্ধি দ্রুত ধ্বংসের পথে অগ্রসর হল। অর্থনৈতিক ক্ষেত্রে কোম্পানির একচেটিয়া আধিপত্য ও তার কর্মচারীদের অত্যাচারে বাংলার বয়নশিল্প ক্ষতিগ্রস্ত হল। কোম্পানির কর্মচারীরা নির্দিষ্ট সময়ের মধ্যে তাঁতীদের প্রয়োজনমত কাপড় সরবরাহ করতে বাধ্য করত। তাঁতীদের জোর করে চুক্তি-পত্রে স্বাক্ষর করতে বাধ্য করত। কিন্তু তাঁতীরা তাদের বোনা কাপড়ের যথাযোগ্য মূল্য পেত না। ফলে অনেক তাঁতী তাদের বংশানুক্রমিক এই ব্যবসা পরিত্যাগ করে।

পলাশীর যুদ্ধের পর অবনতি

ইংলণ্ডে কারখানায় তৈরী বস্ত্রের সঙ্গেও প্রতিযোগিতায় এদেশের শিল্পের নাভিশ্বাস উঠেছিল। ম্যাঞ্চেস্টারে প্রস্তুত সূতী-শিল্পের সঙ্গে প্রতিযোগিতায় ভারতীয় বয়ন শিল্প পরাজিত হয়। ব্রিটিশ শিল্পজাত কাপড় ছিল দামে সস্তা ও দেখতে সুন্দর। তার সঙ্গে ভারতের বিদেশী সরকারও ভারতকে ব্রিটেনের বাজারে পরিণত করে। ভারত থেকে তুলা রপ্তানি করে তারাই শিল্পজাত কাপড় ভারতে আমদানি করত। বিদেশী সরকার অবাধ আমদানির সুযোগ দিয়ে দেশীয় শিল্পের ধ্বংস অনিবার্য করে তুলল।

ব্রিটেনের শিল্প-বিপ্লবের প্রভাব

ভারতীয় শিল্পের ধ্বংসের ফলে ভারতের চিরাচরিত অর্থনৈতিক ব্যবস্থায় বিপুল পরিবর্তন আসে। ভারতের শিল্পীরা তদের বৃত্তি থেকে বিতাড়িত হয়ে চরম দুর্দশায় পড়েন। বেকারি ও নৈরাশ্য ভারতের সমগ্র শিল্পজগৎকে আচ্ছন্ন করে ফেলে। ১৮৩২ খ্রীঃ লর্ড বেন্টিঙ্ক জানান "সূতাজাত জিনিস বহুদিন ধরে ভারতের প্রধান শিল্প হয়েও বর্তমানে চিরতরে অবলুপ্ত "।* ভারতীয় শিল্পের বিনাশের ফলে শিল্পীসম্প্রদায় কৃষিকেই জীবিকা-নির্বাহের একমাত্র উপায় বলে গ্রহণ করে। ফলে দেশের কৃষিব্যবস্থার উপর অতিরিক্ত চাপ পড়ে। প্রাচীন যুগে কৃষির সঙ্গে গৃহশিল্প অর্থনৈতিক ভারসাম্য রক্ষা করত। কিন্তু ভারতীয় শিল্পের বিনাশের ফলে সেই ভারসাম্য নষ্ট হয়ে গেল। ভারতীয় শিল্পের বিনাশের সঙ্গে সঙ্গে প্রাচীন শহরগুলির অবনতি শুরু হয়। ইংরেজ শাসনের পূর্বে ভারতীয় শিল্পকে কেন্দ্র করে বহু শহর প্রসিদ্ধি অর্জন করেছিল। মসলিনের জন্য ঢাকা ও রেশমের জন্য মুর্শিদাবাদ ছিল প্রসিদ্ধ। কিন্তু ইংরেজদের নীতির ফলে ভারতীয় শিল্পের সঙ্গে জড়িত শহরগুলির ধ্বংস সাধন হল। মণ্টগোমারি মার্টিন মন্তব্য করেছেন—"সুরাট, ঢাকা, মুর্শিদাবাদ ও অন্যান্য যেসব স্থানে দেশীয় শিল্প চালু ছিল তাদের অবনতি ও বিলুপ্তি অত্যন্ত দুঃখের।" প্রকৃতপক্ষে ভারতীয় শিল্পের বিনাশসাধন করে ও ভারতীয়দের বাণিজ্যিক ক্ষমতা ধ্বংস করে ব্রিটিশ শাসন পুরানো শহরগুলিকে অবনতির দিকে ঠেলে দিয়েছিল।

শিল্প-ধ্বংসের প্রভাব

* Quoted in H. S. Bhattacharya's "Aspects of Indian Economic History."

॥ ৮ ॥ উনবিংশ শতকে সাংস্কৃতিক ও সামাজিক ক্ষেত্রে জাগরণ
(Cultural and Social Progress During the 19th Century)

বাংলার নবজাগরণ (Bengal—Renaissance) : অষ্টাদশ শতকে মুঘল সাম্রাজ্যের পতনের পর থেকে বাংলা তথা ভারতের ইতিহাসে নানা উত্থান-পতন ঘটে। এইসব রাজনৈতিক ঘটনার ধাক্কায় ভারত তথা ব্যাংলার সামাজিক ও সাংস্কৃতিক জীবন ঝিমিয়ে পড়েছিল। অগ্রগতির স্রোত রুদ্ধ হয়ে সমাজ ও সাংস্কৃতিক জীবনে পচন দেখা দেয়—কুসংস্কার ও অজ্ঞতা আবৃত করে সমগ্র সমাজকে। ভারতে ব্রিটিশ শাসন প্রবর্তনের ফলে ভারতবাসী পাশ্চাত্ত্য সভ্যতা ও সংস্কৃতির সংস্পর্শে আসে ও ইউরোপীয় চিন্তাধারার সঙ্গে পরিচিত হয়। এই চিন্তাধারার ভিত্তি ছিল ফরাসী বিপ্লবজনিত যুক্তিবাদ, স্বাধীনতা ও ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ। প্রগতিশীল ইউরোপীয় ভাবধারা ভারতীয় জীবনকে নানাভাবে আলোড়িত করে,—দেখা দেয় নবজাগরণ বা রেঁনেসাস। পঞ্চদশ শতাব্দীর ইউরোপীয় রেঁনেসাসের যেমন ইতালী ছিল পথিকৃৎ, সেইরকম উনবিংশ শতকের ভারতীয় নবজাগরণের নেতা ছিল বাংলাদেশ। বাংলাদেশেই পাশ্চাত্ত্য শিক্ষা ও সংস্কৃতি প্রথম বিস্তার লাভ করে। অনেক ঐতিহাসিক এই নবজাগরণের ত্রুটির কথা উল্লেখ করে বলেন যে, সমাজে উচ্চশ্রেণীর মধ্যেই এর প্রভাব সীমাবদ্ধ ছিল, সর্বসাধারণের মধ্যে ছড়িয়ে পড়েনি। এর উত্তরে বলা হয় উচ্চশ্রেণী থেকে চুঁইয়ে (filtration) এই জাগরণ ক্রমশ নিচুতলায় চলে যায়।

(i) **ইংরেজী শিক্ষার বিস্তার** (Spread of English Education) : উনবিংশ শতকের নবজাগরণে পাশ্চাত্ত্য শিক্ষার অবদান ছিল সবচেয়ে বেশী। পাশ্চাত্ত্য সংস্কৃতি বহু শতাব্দীর জড়ত্ব মোচন করে মধ্যযুগীয় ভারতকে গতিশীল করে তুলেছিল। এরই স্পর্শে ভারত তার মধ্যযুগীয় কুসংস্কার, ধর্মীয় গোঁড়ামি ও অন্ধবিশ্বাস থেকে মুক্ত হয়ে স্বাধীন চিন্তার জগতে প্রবেশ করে।

পুরানো শিক্ষা-পদ্ধতি

অষ্টাদশ শতকের শেষদিকে ভারতীয় শিক্ষাব্যবস্থা সনাতন পদ্ধতিতেই চলছিল। উচ্চশিক্ষা জিনিসটি 'টোলে' সংস্কৃত ও 'মাদ্রাসা'তে আরবী ও ফারসী ভাষা পঠন-পাঠনের মধ্যে সীমাবদ্ধ ছিল। দেশীয় ভাষা ছিল অবহেলিত। পাঠ্যসূচীতে সেই সময়, প্রকৃতি-বিজ্ঞান অথবা গণিত, ইতিহাস, অর্থনীতি, রাজনীতি, ভূগোল ইত্যাদির কোন অস্তিত্ব ছিল না। ফলে ইউরোপীয় প্রগতি সম্পর্কে ভারতীয়দের জ্ঞানলাভ করার কোন সম্ভাবনা ছিল না। সাংস্কৃতিক ক্ষেত্রে ভারত ইউরোপীয় মধ্যযুগের মত এক অন্ধকারময় যুগেই আবদ্ধ ছিল।

অষ্টাদশ শতকের শেষদিকের পূর্ব ভারতীয় ও ইংরেজদের মধ্যে কোন সাংস্কৃতিক ভাব বিনিময় ঘটে নি। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি এদেশের শিক্ষাব্যবস্থা সম্পর্কে উদাসীন থাকে। ইংরেজ শাসকরা প্রথমদিকে দেশীয় ভাষার মাধ্যমে শিক্ষাদানের পক্ষপাতী ছিল। এই উদ্দেশ্যে ১৭৮১ খ্রীষ্টাব্দে ওয়ারেন হেস্টিংস 'কলকাতা মাদ্রাসা' প্রতিষ্ঠা করেন। ১৭৮৪ খ্রীষ্টাব্দে উইলিয়াম জোন্‌স্‌ কলকাতায় 'এশিয়াটিক সোসাইটি' স্থাপন করেন। ১৭৯২ খ্রীষ্টাব্দে জোনাথান ডান্‌কান বেনারসে একটি সংস্কৃত কলেজ প্রতিষ্ঠা করলেন। কোম্পানির কর্মচারীদের দেশীয় ভাষা ও আইনে শিক্ষা দেওয়ার জন্য ১৮০০ খ্রীষ্টাব্দে লর্ড ওয়েলেস্‌লী 'ফোর্ট উইলিয়াম কলেজ' স্থাপন করেন।

প্রথমদিকে কোম্পানির উদাসীনতা

কোম্পানি এদেশে ইংরেজী শিক্ষাবিস্তারে উৎসাহী না হলেও অষ্টাদশ শতকের শেষ ভাগে কয়েকজন ইংরেজ চিন্তাবিদ্‌ ভারতে ইংরেজী শিক্ষাবিস্তারের চেষ্টা করেন। তাঁদের মধ্যে ছিলেন স্যার জন শোর, চার্লস গ্র্যাণ্ট, উইলিয়াম উইল্‌বারফোর্স ও হেন্‌রী থর্নটন প্রমুখ। গ্রাণ্ট ও উইল্‌বারফোর্স ব্রিটিশ পার্লামেণ্টে এই বিষয়ে যথাসাধ্য চেষ্টা করে ব্যর্থ হন। কিন্তু বেসরকারী উদ্যোগে এদেশে ইংরেজী শিক্ষার সূচনা হয়। এই বিষয়ে ইংরেজ মিশনারীদের অবদান উল্লেখযোগ্য। ব্যাপ্‌টিস্ট মিশনের ধর্মপ্রচারক উইলিয়াম কেরী শ্রীরামপুরে একটি ইংরেজী বিদ্যালয় স্থাপন করেন। কেরীর দৃষ্টান্ত অনুসরণ করেন ডেভিড হেয়ার, আলেক্‌জাণ্ডার ডাফ্‌ প্রমুখ। ডেভিড হেয়ার ঘড়ির ব্যবসায়ীরূপে এদেশে এসে পরে ইংরেজী শিক্ষার প্রচারকে পরিণত হন। তাঁর উদ্যোগে কলিকাতায় একটি ইংরেজী বিদ্যালয় ও "স্কুল বুক সোসাইটি" গড়ে উঠে। আলেক্‌জাণ্ডার ডাফ্‌ ১৮৩০ সালে 'জেনারেল এসেম্ব্‌লী ইন্‌স্টিটিউশন' নামে একটি ইংরেজী বিদ্যালয় স্থাপন করেন। এই বিদ্যালয় পরে স্কটিশ চার্চ কলেজ নামে পরিচিত হয়। উনবিংশ শতকে বিত্তশালীশ্রেণীর মধ্যে ইংরেজী শিক্ষার প্রতি আগ্রহ দেখে এ্যাংলো ইণ্ডিয়ানরা কলকাতায় কতকগুলি বিদ্যালয় স্থাপন করেন ;—এদের মধ্যে ড্রুমণ্ড, শেরবার্ন, মার্টিন ব্রাউন, এরাটুন পিটার্স ছিলেন উল্লেখযোগ্য। পাশ্চাত্ত্য শিক্ষার প্রসারে হিন্দু কলেজের অবদান সুবিদিত। সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি হাইড ইস্ট ও বৈদ্যনাথ মুখোপাধ্যায়ের প্রচেষ্টায় ১৮১৭ খ্রীষ্টাব্দে হিন্দু কলেজ স্থাপিত হয়। ১৮১৮ খ্রীষ্টাব্দে 'স্কুল সোসাইটি' স্থাপিত হয় ও শিক্ষা-প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। কলকাতা

ডেভিড হেয়ার

বেসরকারী উদ্যোগ

ডায়োসেসান কমিটি ও চার্চ মিশনারী এ্যাসোসিয়েশনও পাশ্চাত্ত্য শিক্ষাবিস্তারে সক্রিয় অংশগ্রহণ করে। ভারতীয়দের উদ্যোগে কলিকাতায় বহু বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল।

বেসরকারী উদ্যোগে ইংরেজী শিক্ষার এই বিস্তার সরকারের দৃষ্টিগোচর হয়। সরকারী নীতির নিষ্ক্রিয়তার বিরুদ্ধে লর্ড মেয়ো ১৮১১ খ্রীষ্টাব্দে প্রতিবাদ করেন। অবশেষে সরকারী নিষ্ক্রিয়তার অবসান ঘটে। ১৮১৩ খ্রীঃ সনদ-আইনে শিক্ষিত ভারতবাসীর উৎসাহদান ও ভারতীয়দের মধ্যে আধুনিক বিজ্ঞান শিক্ষা-প্রসারের নীতি স্বীকৃতি লাভ করে। এই সনদ-আইনে কোম্পানিকে বছরে ১ লক্ষ টাকা শিক্ষাখাতে ব্যয় করার নির্দেশ দেওয়া হয়েছিল। দুঃখের বিষয় ১৮২৩ খ্রীষ্টাব্দ পর্যন্ত এই অর্থ কোম্পানি ব্যয় করেনি। ১৮২৩ খ্রীষ্টাব্দে সরকার শিক্ষা-সংক্রান্ত একটি কমিটি (Committee of Public Instruction) গঠন করেন। এর সভাপতি হলেন এইচ. এইচ. উইল্‌সন। এই কমিটি প্রাচ্যবিদ্যার পৃষ্ঠপোষকতা শুরু করে ও সংস্কৃত ও আরবী পুস্তক-মুদ্রণের ব্যবস্থা করে। ১৮২৩ খ্রীষ্টাব্দে কলকাতায় একটি সংস্কৃত কলেজ প্রতিষ্ঠা করা হয়। রাজা রামমোহন রায় এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে গভর্নর জেনারেল লর্ড আমহার্স্টকে পত্র লেখেন। এই পত্রে তিনি সরকারকে উদার ও প্রগতি-সম্পন্ন ইংরেজী শিক্ষা অনুসরণের অনুরোধ জানান, যাতে থাকবে গণিত, প্রাকৃতিক বিজ্ঞান, দর্শন, রসায়ন, শরীরবিজ্ঞান প্রভৃতি। অতি অল্প-দিনের মধ্যে কমিটি দুই দলে বিভক্ত হয়ে পড়েন—প্রাচ্যপন্থী ও পাশ্চাত্ত্যপন্থী। প্রাচ্য পন্থীরা ছিলেন প্রাচ্যশিক্ষার পক্ষে ও পাশ্চাত্ত্যপন্থীরা ইংরেজীর মাধ্যমে পাশ্চাত্ত্য শিক্ষার সরকারী অর্থ ব্যয়ের পক্ষে ছিলেন।

১৮১৩ খ্রীষ্টাব্দে সনদ-আইনের ব্যবস্থা

রামমোহনের প্রতিবাদ

১৮২৮ খ্রীষ্টাব্দে লর্ড উইলিয়াম বেণ্টিঙ্ক গভর্নর জেনারেল হয়ে এলে পাশ্চাত্ত্যপন্থী দল শক্তিশালী হয়ে উঠে। বেণ্টিঙ্ক মনে করতেন, ইংরেজী ভাষাই সব উন্নয়নের চাবিকাঠি। গভর্নর জেনারেলের পরিষদের আইন সদস্যরূপে টমাস ব্যাবিংটন মেকলের নিয়োগ ভারতে ইংরেজী শিক্ষার প্রসারে এক নতুন অধ্যায় রচনা করে। মেকলে 'জেনারেল কমিটি অব্ পাবলিক ইন্‌স্ট্রাকসান'-এর সভাপতি নিযুক্ত হন ও পাশ্চাত্ত্যপন্থীদের নেতৃত্ব দেন। ১৮৩৫ খ্রীঃ মেকলে তাঁর প্রতিবেদনে ভারতীয় শিক্ষা ও সাহিত্যের নিন্দা করে ইংরেজী শিক্ষায় সরকারী অর্থব্যয়ের সুপারিশ করেন। এই প্রতিবেদনের উপর নির্ভর করে ১৮৩৫ খ্রীষ্টাব্দের ৭ই মার্চ গভর্নর জেনারেলের পরিষদ সিদ্ধান্ত নেয়, সরকারী অর্থ ইংরেজী শিক্ষার জন্য ব্যয় করা হবে। ১৮৩৫ খ্রীষ্টাব্দেই কলকাতায় মেডিকেল কলেজ স্থাপিত হয়।

১৮৩৫ খ্রীঃ ইংরেজী শিক্ষার পক্ষে সিদ্ধান্ত

লর্ড অক্‌ল্যাণ্ডের আমলে পূর্ববর্তী জেলা-বিদ্যালয়ের পরিবর্তে সরকার কলেজ প্রতিষ্ঠায় আগ্রহ দেখান। ১৮৪২ খ্রীষ্টাব্দে পূর্ববর্তী কমিটির পরিবর্তে 'কাউন্সিল অব্ এডুকেশন' গঠন করা হয়। ১৮৪৪ খ্রীষ্টাব্দে লর্ড হার্ডিঞ্জ ঘোষণা করেন যে, সরকারী চাকুরি পেতে হলে ইংরেজী জ্ঞানকে অগ্রাধিকার দেওয়া হবে। ইংরেজী শিক্ষার কদর বেড়ে যায়। ১৮৩৫ খ্রীঃ থেকে ১৮৫৪

কাউন্সিল অব্ এডুকেশন

খ্রীষ্টাব্দ পর্যন্ত সরকার শিক্ষার জন্য যাবতীয় অর্থ জেলা-বিদ্যালয় ও কলেজের জন্য খরচ করে। ইংরেজী শিক্ষার উৎসাহে মাতৃভাষায় শিক্ষা দেওয়ার ব্যবস্থা উঠে যাওয়ার মত হয়। মাতৃভাষা অবহেলিত হতে থাকে। জনসাধারণের মধ্যে প্রাথমিক শিক্ষাবিস্তার বিষয়টি উপেক্ষা করে মুষ্টিমেয় মানুষের স্বার্থে সরকারী অর্থে শিক্ষার নীতি পরে সমালোচিত হয়। নতুন শিক্ষা-ব্যবস্থার ফলে ইংরেজী শিক্ষায় শিক্ষিত ও ইংরেজী না-জানা,—এইভাবে নতুন জাতিভেদ দেখা দিল।

মাতৃভাষার অবহেলা

১৮৫৩ খ্রীষ্টাব্দে কোম্পানিসনদ নবীকরণের সময় পার্লামেন্টে ভারতের শিক্ষানীতি পুনরায় আলোচনা হয়। ১৮৫৪ সালে বোর্ড অব্ কণ্ট্রোলের সভাপতি চার্লস উড্ শিক্ষাবিষয়ক এক ডেস্প্যাচ বা পরিকল্পনা ভারত-সরকারের কাছে পাঠান। এই পরিকল্পনায় বলা হয় যে, ভারতে ইংরেজী শিক্ষাই প্রচলিত থাকবে, তবে ছাত্রদের মাতৃভাষাও শিখতে হবে। একটি পৃথক শিক্ষাবিভাগ স্থাপনের নির্দেশও দেওয়া হয়। স্থির হল যে, প্রতি প্রদেশে একজন করে শিক্ষা-অধিকর্তা থাকবেন এবং তাঁকে সাহায্য করবেন পরিদর্শকগণ। কলকাতা, মাদ্রাজ ও বোম্বাইয়ে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে। প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ এই তিন পর্যায়ে শিক্ষা পরিচালিত হবে। বেসরকারী শিক্ষা-প্রতিষ্ঠানে সরকারী অর্থসাহায্যের কথাও বলা হয়েছিল। ১৮৫৭ খ্রীষ্টাব্দে কলকাতা, মাদ্রাজ ও বোম্বাইয়ে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। পাশ্চাত্ত্য শিক্ষা ভারতীয় জীবনের সর্বক্ষেত্রে ব্যাপক ও গভীর প্রভাব বিস্তার করে। এই প্রভাবের ফলে বাংলা তথা ভারতের ধর্মীয় ও সামাজিক জীবনেও রীতিমত আলোড়ন সৃষ্টি হয়।

উড্ ডেস্প্যাচ

(ii) উনবিংশ শতাব্দীর প্রথমার্ধে সামাজিক ও সাংস্কৃতিক জাগরণ (Social and Cultural Progress During the First Half of the 19th Century): পাশ্চাত্ত্য শিক্ষা ও সংস্কৃতির সংস্পর্শে ভারতে এক নতুন চেতনার উদ্ভব হয়েছিল। ভারতীয়দের কাছে ভারতীয় সমাজের দুর্বলতা ও ভাঙ্গনের চিত্রটি স্পষ্ট হয়ে উঠে। ভারতের চিন্তাশীল ব্যক্তিরা নিজেদের সমাজের দুর্বলতাগুলি কিন্তু অনুভব করে তার থেকে মুক্তির পথ খুঁজতে থাকেন। এমন ব্যক্তিও ছিলেন যাঁরা পাশ্চাত্ত্যধারাকে অস্বীকার করে প্রাচীন, সনাতন সমাজ ও ধর্মব্যবস্থা অনুসরণ করার পক্ষপাতী ছিলেন। এদের পাশাপাশি ছিলেন অপর একদল মানুষ যাঁরা আধুনিক ভাবধারার সাহায্যে সমাজের পুনরুজ্জীবনের চেষ্টা করছিলেন। এই শ্রেণীর মানুষ আধুনিক বিজ্ঞান ও পাশ্চাত্ত্য চিন্তার যুক্তিবাদ ও উদার মানবতাবোধের প্রতি আকৃষ্ট হয়েছিলেন। এ ছাড়াও এই সময় সমাজে বিত্তশালী মধ্যবিত্তশ্রেণীর উদ্ভব হয়েছিল, যাঁরা ছিলেন বুদ্ধিজীবী সম্প্রদায়। এই শ্রেণী নিজেদের স্বার্থেই সমাজ ও রাষ্ট্রের আধুনিকীকরণ দাবি করছিলেন।

রাজা রামমোহন রায়—১৭৭২ খ্রীঃ (মতান্তরে ১৭৭৪—১৮৩৩ খ্রীঃ) **(Raja Rammohan Roy):** ভারতের নবজাগরণের কেন্দ্রবিন্দু ছিলেন রাজা রামমোহন রায়। রামমোহনকে আধুনিক ভারতের জনক বলা হয়। হুগলী জেলার রাধানগরে এক

সম্পন্ন ব্রাহ্মণপরিবারে রামমোহনের জন্ম হয়। অল্প বয়সেই তিনি সংস্কৃত, ফারসী, আরবী ও ইংরাজী, ল্যাটিন, গ্রীক, হিব্রু ইত্যাদি ভাষা আয়ত্ত করেন। দেশ ও দেশবাসীর প্রতি রামমোহনের গভীর মমত্ববোধ ছিল। দেশবাসীর সামাজিক, ধর্মীয়, বুদ্ধিগত ও রাজনৈতিক উন্নতির জন্য তিনি সারাজীবন কঠোর চেষ্টা করে গিয়েছেন।

বাল্যজীবন

জাতিভেদ-প্রথা ও কুসংস্কার, সামাজিক দুর্নীতি ও সংকীর্ণতা রামমোহনের হৃদয় ব্যথিত করত। সেইসময় দেশের মানুষ যে ধর্মবিশ্বাসের দ্বারা চলত তা নানা কুসংস্কারে পরিপূর্ণ ছিল। অশিক্ষিত ও দুর্নীতিপরায়ণ পুরোহিতশ্রেণী এই অবস্থার সুযোগ নিয়ে অজ্ঞ জনসাধারণকে প্রতারিত করত। উচ্চতর শ্রেণী ছিল স্বার্থপর। ভারতীয় সংস্কৃতির প্রতি রামমোহনের গভীর অনুরাগ ছিল, তবুও তিনি বিশ্বাস করতেন পাশ্চাত্ত্য চিন্তা ও সংস্কৃতিই ভারতীয় সমাজের পুনরুজ্জীবনে সাহায্য করবে। তিনি চেয়েছিলেন দেশের মানুষ যুক্তিবাদী ও বৈজ্ঞানিক মানসিকতার দ্বারা পরিচালিত হবে। ১৮০৯ খ্রীষ্টাব্দে ফারসী ভাষায় একটি গ্রন্থ (তুহ্ফ্-উল-মোয়াহ্দিন) রচনা করে বহু দেবতার অস্তিত্ব অস্বীকার করে একেশ্বরবাদের তত্ত্ব প্রচার করেন।

রাজা রামমোহন রায়

১৮১৪ খ্রীষ্টাব্দে রামমোহন কলকাতায় স্থায়িভাবে বসবাস শুরু করেন। ১৮১৫ খ্রীষ্টাব্দে তিনি কলকাতায় দ্বারকানাথ ঠাকুর, প্রসন্নকুমার ঠাকুর, রামচন্দ্র বিদ্যাবাগীশ প্রমুখ ব্যক্তিদের সঙ্গে মিলিত হয়ে "আত্মীয় সভা" স্থাপন করেন। এই সভায় বেদান্ত ধর্মের বিচার ও ব্যাখ্যা হত।

ধর্মসংস্কার

এই সভা বাংলাদেশের হিন্দুসমাজের প্রচলিত ধর্মীয় ও সামাজিক কুপ্রথা ও সংস্কারের বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যায়। ১৮১৫ থেকে ১৮১৭ খ্রীষ্টাব্দের মধ্যে রামমোহন 'বেদান্ত' ও পাঁচটি উপনিষদের বাংলা অনুবাদ করেন। তিনি প্রমাণ করলেন প্রাচীন ধর্মগ্রন্থে একেশ্বরবাদের কথাই আছে। এই একেশ্বরবাদ-তত্ত্ব তাঁকে হিন্দুধর্মের সংস্কারবিরোধী গোঁড়া পণ্ডিতদের সঙ্গে বিতর্কে জড়িয়ে ফেলে। শাস্ত্রের বিচার ও প্রকৃত অর্থ প্রচারের দ্বারা মানুষকে অজ্ঞতা ও নৈতিক অধঃপতন থেকে রক্ষা করা রামমোহন তাঁর কর্তব্য বলে মনে করতেন। তিনি মনে করতেন মূর্তিপূজা, বহু দেবতাপূজা, আচার-অনুষ্ঠান ও ক্রিয়াকলাপ সমাজের উন্নতি-বিরোধী। ১৮২৮ খ্রীষ্টাব্দে বিশুদ্ধ একেশ্বরবাদের ভিত্তিতে নিরাকার উপাসনা-রীতি প্রচারের জন্য তিনি "ব্রাহ্মসভা" নামে এক প্রতিষ্ঠান স্থাপন করেন। যাঁরা বেদ-বর্ণিত একেশ্বরবাদ ও নিরাকার ব্রহ্মের উপাসনায় বিশ্বাস করতেন, কেবল তাঁরাই এই সভার সদস্য হতে পারতেন। ১৮৩০ খ্রীঃ 'ব্রাহ্মসভার' দরজা সব ধর্মাবলম্বীদের জন্যই খুলে দেওয়া হয়। রামমোহন 'ব্রাহ্মসভা' স্থাপন করলেও নিজেকে হিন্দুধর্মের অনুসরণকারী বলতেন। সর্বোপরি তিনি ভারতে ব্রাহ্মসমাজ আন্দোলনের পথিকৃৎ ও স্রষ্টা ছিলেন।

রামমোহন শুধুমাত্র দার্শনিক, সমালোচক ও ধর্মীয় সংস্কারক ছিলেন না। তিনি সামাজিক ত্রুটি ও দুর্নীতির বিরুদ্ধে সবল যোদ্ধা ছিলেন। জাতিগঠনের এমন একদিকও ছিল না যেদিকে তিনি দৃষ্টিপাত করেন নি। সতীদাহ-প্রথার বিরুদ্ধে তাঁর লড়াই আজও স্বর্ণাক্ষরে লিখিত আছে। ১৮১৮ খ্রীঃ থেকে তিনি এই বিষয়ে জনমত গঠনের কাজে অগ্রসর হন। হিন্দুসমাজে মৃত স্বামীর সঙ্গে স্ত্রীর সহমরণে যেতে হত। রামমোহন প্রাচীন ধর্মশাস্ত্র থেকে উদাহরণ দিয়ে দেখান যে, হিন্দুধর্ম এই প্রথার বিরোধীই ছিল। একই সঙ্গে তিনি মানুষের মানবতা ও দয়ামায়ার প্রতি আবেদন জানান। রামমোহনের চেষ্টায় ১৮২৯ খ্রীঃ বড়লাট লর্ড বেন্টিঙ্ক সতীদাহ-প্রথা বন্ধ করেন। হিন্দুসমাজে নারীর অধিকার-প্রতিষ্ঠার জন্যও রামমোহন নিরন্তর চেষ্টা করেছেন। বাল্যবিবাহ ও বহুবিবাহ-বিরোধী আন্দোলন এবং বিধবা ও অবিবাহিতা মহিলাদের সম্পত্তির উত্তরাধিকারলাভের জন্য আন্দোলনের তিনিই ছিলেন স্রষ্টা।

সমাজ-সংস্কার

আধুনিক শিক্ষা-প্রবর্তনের জন্য যেসব বিশিষ্ট ব্যক্তি আন্দোলন করেছেন, রামমোহন তাঁদের মধ্যে অগ্রগণ্য ছিলেন। ১৮১৭ খ্রীষ্টাব্দে তিনি হিন্দু কলেজ প্রতিষ্ঠার প্রথম পর্যায়ে যুক্ত ছিলেন এবং পরবর্তী কালে রক্ষণশীলদের সমালোচনায় সরে আসেন। ১৮২৩ খ্রীষ্টাব্দে তিনি বড়লাট লর্ড আমহার্স্টকে এক পত্রে পাশ্চাত্ত্য শিক্ষায় সরকারী অর্থ ব্যয়ের জন্য আবেদন জানান। ১৮৩০ খ্রীঃ রামমোহন আলেকজাণ্ডার ডাফ্‌কে 'জেনারেল এ্যাসেম্ব্লী ইনস্টিটিউশন' প্রতিষ্ঠায় সাহায্য করেন। রামমোহন নিজে "এ্যাংলো-হিন্দু স্কুল" ও "বেদান্ত কলেজ" প্রতিষ্ঠা করেন। সেখানে আধুনিক বিষয়সমূহ পড়ানো হত। আধুনিক বাংলা গদ্য সাহিত্যের জনক হিসাবে রামমোহনের নাম উল্লেখযোগ্য। ১৮২৬ খ্রীঃ তিনি বাংলা ব্যাকরণ রচনা করেন। রামমোহন ভারতীয় সাংবাদিকতার ক্ষেত্রেও অগ্রদূত ছিলেন। তিনি বাংলা, হিন্দী, ফারসী ও ইংরেজী সংবাদপত্র প্রকাশ করেছিলেন।

শিক্ষা-সংস্কার

জনসাধারণকে রাজনৈতিক বিষয়গুলি সম্পর্কে সচেতন করার ক্ষেত্রেও রামমোহন আগ্রহী ছিলেন। ১৮২৩ খ্রীঃ প্রেস-অর্ডিন্যান্সের বিরুদ্ধে মতপ্রকাশের স্বাধীনতার জন্য তিনি সুপ্রীম কোর্ট ও ইংলণ্ডের রাজার কাছে আবেদন জানান। ১৮২৭ খ্রীঃ তিনি জুরী আইনের বিরোধিতা করেন। ১৮৩০ খ্রীঃ রামমোহন নিষ্করজমিতে কর-আরোপের বিরুদ্ধে প্রতিবাদ করেন। জমিদারদের অত্যাচার থেকে কৃষকদের রক্ষার জন্যও তিনি চেষ্টা করেন। কৃষকদের দুঃখ-দুর্দশার কথা তিনিই ব্রিটিশ পার্লামেন্টের গোচরে আনেন। ১৮৩৩ খ্রীষ্টাব্দে ইংলণ্ডের ব্রিস্টল শহরে রামমোহনের মৃত্যু হয়।

জাতীয় সমস্যা সম্পর্কে সচেতনতা

রামমোহনের সব দিক বিবেচনা করে এককথাই বলা যায় যে, আধুনিক ভারত গড়ে তোলার জন্য যে-আন্দোলন পরবর্তী কালে ব্যাপকতা লাভ করেছিল, তার ভিত্তি প্রতিষ্ঠা করেছিলেন রাজা রামমোহন রায়।

ডিরোজিও ও নব্যবঙ্গ আন্দোলন (Derozio and Young Bengal

Movement) : ১৮২০-এর দশকের শেষভাগে ও ১৮৩০-এর দশকে বাংলার বুদ্ধিজীবীদের মধ্যে প্রগতিবাদী ও সংস্কারমুখী মনোভাব দেখা দিয়েছিল। রামমোহনের চেয়েও আধুনিক চিন্তাধারার প্রকাশ এদের মধ্যে দেখা গিয়েছিল। এই প্রগতিশীল আন্দোলন 'নব্যবঙ্গ আন্দোলন' নামে পরিচিত। নব্যবঙ্গ আন্দোলনের প্রেরণাদাতা বা নেতা ছিলেন একজন ইঙ্গ-ভারতীয়, হেন্‌রী ভিভিয়ান ডিরোজিও। ১৮০৯ খ্রীঃ ১০ই এপ্রিল, কলকাতার এক ইঙ্গ-ভারতীয় পরিবারে ডিরোজিও জন্মগ্রহণ করেন। বাল্যকালে ধর্মতলা এ্যাকাডেমিতে পড়ার সময়েই তিনি তাঁর কবিতা রচনার ও স্বাধীন চিন্তাশক্তির পরিচয় দেন। ১৮২৬ খ্রীঃ ডিরোজিও হিন্দু কলেজের চতুর্থ শিক্ষক হিসাবে যোগ দেন। ডিরোজিও ছিলেন অসাধারণ ধীসম্পন্ন শিক্ষক। সেই সময়ের প্রগতিশীল যুক্তিবাদী চিন্তাধারার তিনি ছিলেন পৃষ্ঠপোষক। ফরাসী বিপ্লবের স্বাধীন চিন্তা ছিল তাঁর প্রেরণার উৎস। ডিরোজিও তাঁর ছাত্রমণ্ডলীকে যুক্তিবাদী ও স্বাধীন চিন্তাশক্তির অধিকারী হতে উৎসাহিত করতেন। তিনি তাঁর ছাত্রদের বিনাবিচারে কোন কিছু গ্রহণ না করার শিক্ষা দেন। পরাধীনতার বিরুদ্ধে সংগ্রাম ও সামাজিক কুসংস্কারের দিকে তিনি তাঁর ছাত্রদের দৃষ্টি আকর্ষণ করেন। তাঁর অনুপ্রেরণায় তাঁর প্রিয় ছাত্ররা ১৮২৮ খ্রীঃ "এ্যাকাডেমিক এ্যাসোসিয়েশন" নামে একটি বিতর্ক-সভা গঠন করেন। এখানে জাতিভেদ, কুসংস্কার, মূর্তিপূজা প্রভৃতির বিরুদ্ধে আলোচনা হত। এ ছাড়াও সত্য, ন্যায়, স্বাধীন চিন্তা, স্বদেশপ্রেম ইত্যাদি বিষয়েও আলোচনা হত। এর ফলে তাঁর ছাত্রদের মধ্যে যুক্তিবাদী মনোভাব গড়ে উঠে। ডিরোজিও'র শিষ্যরা "পার্থেনন" নামে এক সাপ্তাহিক ইংরেজী পত্রিকা প্রকাশ করে সমাজের কুসংস্কার ও হিন্দুধর্মকে আক্রমণ করেন। ডিরোজিও'র প্রিয় ছাত্রদল 'নব্যবঙ্গ' নামে অভিহিত হলেন। এই ছাত্রদের মধ্যে রামগোপাল ঘোষ, প্যারীচাঁদ মিত্র, রামতনু লাহিড়ী, রসিককৃষ্ণ মল্লিক, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় ছিলেন প্রধান। ডিরোজিওর প্রগতিশীল মতবাদ তাঁকে রক্ষণশীল হিন্দুদের অপ্রিয় করে তুলে। ১৮৩১ খ্রীঃ তাঁকে হিন্দু কলেজের শিক্ষকের পদ থেকে পদচ্যুত করা হয়। এর কিছুদিন পরেই ডিরোজিওর মৃত্যু হয়।

ডিরোজিও ও নব্যবঙ্গ আন্দোলন

ডিরোজিও'র মৃত্যুর পরও তাঁর প্রভাব লুপ্ত হয় নি। তাঁর আদর্শ ও শিক্ষায় অনুপ্রাণিত ছাত্র ও যুবকরা বিভিন্ন পত্র-পত্রিকা, সভা-সমিতি ও প্রতিষ্ঠান স্থাপন করে সমাজ-সংস্কার, শিক্ষা, রাজনীতি প্রভৃতি বিষয়ে প্রগতিশীল ভূমিকা গ্রহণ করেন। কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় "দি এনকুয়েরার" নামে এক পত্রিকা প্রকাশ করেন। দক্ষিণারঞ্জন ও রসিককৃষ্ণ "জ্ঞানান্বেষণ" পত্রিকা বের করলেন। বিভিন্ন প্রয়োজনীয় বিষয়ে জ্ঞান অর্জনের জন্য এই তরুণরা ১৮৩৮ খ্রীঃ "সাধারণ জ্ঞানার্জন সমিতি" প্রতিষ্ঠা করলেন। নব্যবঙ্গীয়রা তাঁদের পত্রিকাগুলির মাধ্যমে হিন্দু সমাজের বহুবিবাহ, নারীশিক্ষা প্রভৃতি বিষয় তুলে ধরেন। জুরীর বিচার, সংবাদপত্রের স্বাধীনতা, অবাধ বাণিজ্য প্রভৃতি বিষয়েও তাঁরা সুচিন্তিত মত দেন। কিন্তু নব্যবঙ্গীয়রা কোন সুস্পষ্ট আন্দোলন গড়ে তুলতে পারেন

নব্যবঙ্গীয়দের প্রগতিশীল ভূমিকা

নি, কারণ তাদের চিন্তাধারা গ্রহণ করার মত পরিবেশ তখনও গড়ে উঠেনি। এঁরা দেশের কৃষকসমাজ নিয়েও মাথা ঘামান নি। নব্যবঙ্গীয়রা কোন সমর্থক শ্রেণী বা গোষ্ঠী তৈরী করতেও ব্যর্থ হয়েছিলেন ও দেশের সাধারণ মানুষের সঙ্গেও এদের যোগাযোগ ছিল ক্ষীণ। তবুও সংবাদপত্র, পুস্তক-পুস্তিকা বা প্রতিষ্ঠানের মধ্য দিয়ে এঁরা জনসাধারণকে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক বিষয়ে সচেতন করে তুলতে সচেষ্ট হয়েছিলেন।

দেবেন্দ্রনাথ ঠাকুর ও তত্ত্ববোধিনী সভা (Debendranath Tagore and Tattobodhini Sabha): রামমোহন রায়ের মৃত্যুর পর রবীন্দ্রনাথ ঠাকুরের পিতা দেবেন্দ্রনাথ ঠাকুরের প্রচেষ্টায় ব্রাহ্ম আন্দোলন পুনরুজ্জীবিত হয়। প্রাচ্য ও পাশ্চাত্যের ভাবধারা দেবেন্দ্রনাথ আয়ত্ত করেছিলেন। ১৮৩৯ খ্রীঃ তিনি রামমোহন প্রবর্তিত ভাবধারা প্রচারের জন্য "তত্ত্ববোধিনী সভা" স্থাপন করেন। ক্রমে রামমোহন ও ডিরোজিও'র শিষ্যদের অনেকেই এই সভায় যোগ দেন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, অক্ষয়কুমার দত্ত প্রমুখ মনীষীও এই সভার সভ্য ছিলেন। এই সভার পক্ষ থেকে 'তত্ত্ববোধিনী পত্রিকা' প্রকাশ করে বাংলা ভাষায় ভারতীয় ঐতিহ্য সম্পর্কে নিয়মিত আলোচনার ব্যবস্থা করা হয়। বাঙ্গালী শিক্ষিতদের দৃষ্টিভঙ্গী যুক্তিবাদী করে তোলার ক্ষেত্রে 'তত্ত্ববোধিনী পত্রিকা' বিশেষ ভূমিকা পালন করেছিল। ১৮৪৩ খ্রীঃ দেবেন্দ্রনাথ 'ব্রাহ্মসমাজ'কে পুনর্গঠিত ও পুনরুজ্জীবিত করেছিলেন। ব্রাহ্মসমাজ বিধবা-বিবাহ প্রচলন, বহুবিবাহ রোধ, নারীশিক্ষার বিস্তার, কৃষকদের অবস্থার উন্নতি, মদ্যপান নিবারণ প্রভৃতি আন্দোলনকে এগিয়ে নিয়ে যায়।

দেবেন্দ্রনাথ ঠাকুর

দেবেন্দ্রনাথ ও তত্ত্ববোধিনী সভা

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও সমাজ সংস্কার (Iswarchandra Vidyasagar and Social Reforms): উনবিংশ শতকের নবজাগরণের অন্যতম সুপ্রসিদ্ধ মনীষী ছিলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। সমাজ সংস্কারের জন্য তিনি তাঁর সমগ্র জীবন উৎসর্গ করেছিলেন। ১৮২০ খ্রীঃ মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে এক দরিদ্র ব্রাহ্মণপরিবারে ঈশ্বরচন্দ্রের জন্ম হয়। তাঁর পিতার নাম ছিল ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় ও মাতার নাম ভগবতী দেবী। কঠোর সংগ্রাম করে তিনি সসম্মানে সংস্কৃত কলেজ থেকে পাস করেন। 'স্মৃতিশাস্ত্রে' তাঁর দক্ষতার জন্য আইন সমিতির কাছ থেকে তিনি "বিদ্যাসাগর" উপাধি পান। বিভিন্ন স্থানে অধ্যাপনার পর ১৮৫১ খ্রীষ্টাব্দে তিনি সংস্কৃত কলেজের অধ্যক্ষের পদে নিযুক্ত হন। সংস্কৃত ভাষা ও সাহিত্যে অসাধারণ পণ্ডিত হলেও,

বাল্যকাল ও চারিত্রিক গুণাবলী

পাশ্চাত্ত্যের শ্রেষ্ঠ চিন্তাধারাগুলি গ্রহণ করতে তিনি দ্বিধা করেন নি। তাঁর মধ্যে প্রাচ্য ও পাশ্চাত্ত্যের সমন্বয় ঘটেছিল। তাঁর উদার হৃদয়, দৃঢ় চরিত্র, তীক্ষ্ণ মেধা ও অন্যান্য গুণাবলী তাঁকে বাঙালীর হৃদয়ে অক্ষয় আসন দিয়েছিল। বিদ্যাসাগর ছিলেন ঘোর যুক্তিবাদী ও সংস্কারপন্থী। বিদ্যাসাগরের ছিল দুর্জয় সাহস ও নির্ভীক মানসিকতা। তিনি সত্য বলে যা মনে করতেন, তাই ব্যক্তিগত জীবনে পালন করতেন। তাঁর পোশাক ও দৈনন্দিন জীবনযাত্রা ছিল সহজ ও অনাড়ম্বর। বিদ্যাসাগরের নৈতিক মূল্যবোধ ও অপার করুণার বহু কাহিনী শোনা যায়। অকারণ সরকারী হস্তক্ষেপের বিরুদ্ধে তিনি সংস্কৃত কলেজের অধ্যক্ষের পদ ত্যাগ করেছিলেন।

বিদ্যাসাগর

স্ত্রীশিক্ষা-বিস্তার ও মাতৃভাষায় শিক্ষাপ্রসারের জন্য বিদ্যাসাগর মহাশয় স্মরণীয় হয়ে আছেন। তিনি বুঝেছিলেন যে, নারীজাতি শিক্ষায় পিছিয়ে পড়লে সমাজও পিছিয়ে পড়বে। স্ত্রীশিক্ষাবিস্তারে সরকারের অনাগ্রহ লক্ষ্য করে তিনি নিজেই কতকগুলি মডেল বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন। স্ত্রীশিক্ষাবিস্তারে বিদ্যাসাগর রামগোপাল ঘোষ ও রাধাকান্ত দেব প্রমুখ বিশিষ্ট নেতাদের সাহায্য ও সমর্থন পেয়েছিলেন। ১৮৪০ খ্রীঃ থেকে স্ত্রীশিক্ষাবিস্তারের জন্য যে আন্দোলন শুরু হয়েছিল, তার ফলস্বরূপ ১৮৪৯ খ্রীঃ মহামতি ড্রিঙ্কওয়াটার বেথুন "হিন্দু ফিমেল স্কুল" স্থাপন করেন। এই সময় ঈশ্বরচন্দ্র তাঁর সহযোগী ছিলেন। বিদ্যালয় পরিদর্শকের সরকারী পদে থাকাকালীন বিদ্যাসাগর পঁয়ত্রিশটি বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। সংস্কৃতভাষা শিক্ষা দেওয়ার জন্য তিনি এক নতুন পদ্ধতি প্রবর্তন করেন। বিদ্যাসাগরই সংস্কৃত কলেজের দরজা অব্রাহ্মণ শ্রেণীর জন্য উন্মুক্ত করার ব্যবস্থা করেছিলেন। রামমোহনের বাংলা গদ্যরীতিকে তিনি পরিবর্তন করে আধুনিক করে তোলেন। শিশুদের বাংলাভাষা শিক্ষা দেওয়ার জন্য তিনি 'বর্ণপরিচয়', 'বোধোদয়' ও 'কথামালা' রচনা করেন। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর বিদ্যাসাগরকে "বাংলাভাষার প্রথম যথার্থ শিল্পী" বলে অভিহিত করেছিলেন। ইংরেজী শিক্ষাবিস্তারের জন্য তিনি "মেট্রোপলিটান ইনস্টিটিউশন" নামে এক বিদ্যালয় প্রতিষ্ঠা করেন, যা বর্তমানে 'বিদ্যাসাগর কলেজ' নামে পরিচিত।

স্ত্রীশিক্ষাবিস্তার ও শিক্ষাবিস্তারে অবদান

নির্যাতিত ভারতীয় নারীসমাজের দুরবস্থা দূর করার জন্য বিদ্যাসাগর তাঁর জীবন উৎসর্গ করেছিলেন। হিন্দু সমাজের বিধবাদের জন্য তাঁর মন দুঃখে কাতর হয়। বিধবাবিবাহ আন্দোলন শুরু করে তিনি ইতিহাসে স্মরণীয় হয়ে আছেন। তিনি পরাশর সংহিতা থেকে প্রমাণ দেখিয়ে বলেন যে, হিন্দুশাস্ত্রে বিধবাবিবাহ বৈধ। রক্ষণশীল হিন্দুসমাজের বিরোধিতা উপেক্ষা করে তিনি তাঁর মত দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করেন।

তাঁর চেষ্টায় বিধবাবিবাহের জন্য তুমুল আন্দোলন শুরু হয়। তাঁর আন্দোলনের ফলে বাংলা, বোম্বাই ও নাগপুর প্রভৃতি নানা জায়গা থেকে বিধবাবিবাহ আইন প্রণয়নের জন্য বহু আবেদন সরকারের কাছে পাঠানো হয়েছিল। অবশেষে ১৮৫৬ খ্রীষ্টাব্দে বিধবা বিবাহ বিষয়ে সরকারী আইন পাস হয়। দৃষ্টান্তস্থাপনের জন্য তিনি নিজপুত্রের সঙ্গে বিধবার বিবাহ দেন। বিদ্যাসাগর কুলীনদের মধ্যে বহুবিবাহ প্রথা রোধ ও বাল্যবিবাহ রোধের জন্যও আন্দোলন করেন।

বিধবাবিবাহ আন্দোলন

সমাজ-সংস্কার, শিক্ষাবিস্তার, নারীজাতির উন্নতি ও মুক্তিসাধন, বিধবাবিবাহ আন্দোলন ইত্যাদি বহুমুখী সমাজ-সংস্কারমূলক কর্মধারা পরিচালনা করে তিনি বাংলার নবজাগরণে নিজের অবদানের বিশিষ্ট স্বাক্ষর রেখেছিলেন। তাঁকে বলা হয় 'দয়ার সাগর' —তাঁর দান-ধ্যানের অকৃপণতার পরিচয়ও তাঁকে মহত্ত্ব দিয়েছে। তিনি ছিলেন ভারতীয় ও পাশ্চাত্য মানসিকতার সার্থক সমন্বয়কারী। ১৮৯১ খ্রীঃ ঈশ্বরচন্দ্রের মৃত্যু হয়।

মহারাষ্ট্রে সামাজিক ও সাংস্কৃতিক জাগরণ (Social and Cultural Movements in Maharashtra) : বাংলাদেশের পর পশ্চিম ভারতে পাশ্চাত্য ভাবধারা প্রবাহিত হতে শুরু করে। ১৮১৮ খ্রীঃ পশ্চিম ভারতে প্রকৃতপক্ষে ব্রিটিশ শাসন প্রতিষ্ঠিত হয়েছিল। ১৮৪৯ খ্রীষ্টাব্দে মহারাষ্ট্রে "পরমহংস সভার" প্রতিষ্ঠার মধ্য দিয়ে ব্রাহ্মধর্মের বাণী পৌঁছেছিল। এর প্রবর্তকেরা একেশ্বরবাদে বিশ্বাস করতেন এবং জাতিভেদ-প্রথার বিলোপ ছিল এঁদের লক্ষ্য। অধিবেশনকালে এর সভ্যরা নীচুজাতের রান্না খাবার খেতেন। ১৮৪৮ খ্রীঃ যুবকদের উদ্যোগে ছাত্রদের জন্য স্থাপিত হয়েছিল সাহিত্য ও বিজ্ঞান চর্চার প্রতিষ্ঠান। এর দুটি শাখা ছিল—একটি গুজরাটী ভাষীদের জন্য অপরটি মারাঠী ভাষীদের জন্য। এর নাম ছিল "জ্ঞান-প্রকাশমণ্ডলী"। এই সমিতি বিজ্ঞান ও সামাজিক সমস্যা নিয়ে সর্বসাধারণের জন্য বক্তৃতার ব্যবস্থা করত। এরা নারীশিক্ষার জন্য বিদ্যালয় প্রতিষ্ঠার কথাও চিন্তা করত। ১৮৫১ খ্রীঃ জ্যোতিবাফুলে ও তাঁর স্ত্রী পুণেতে একটি বালিকা বিদ্যালয় স্থাপন করেন। এর পরই আরও কয়েকটি বালিকা বিদ্যালয় স্থাপিত হয়। এই কাজে যাঁরা উদ্যোগী হয়েছিলেন তাঁদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন ভাউদাজী ও শঙ্কর শেঠ। ১৮৫০ খ্রীষ্টাব্দের পরবর্তী কালে বিষ্ণুশাস্ত্রী পণ্ডিত মহারাষ্ট্রে বিধবাবিবাহ প্রচলিত করার জন্য একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। এই ক্ষেত্রে অপর বিশিষ্ট সংস্কারক ছিলেন কারসনদাস মূলজী। তিনি ১৮৫২ খ্রীষ্টাব্দে এই উদ্দেশ্যে 'সত্যপ্রকাশ' নামে একটি গুজরাটী ভাষায় সাময়িক পত্র প্রকাশ করেন।

মহারাষ্ট্রে আধুনিক শিক্ষাব্যবস্থা প্রচলন ও সমাজ-সংস্কারের ক্ষেত্রে গোপালহরি দেশমুখ ছিলেন পথিকৃৎ। তিনি উপাধি পেয়েছিলেন "লোকহিতবাদী"। যুক্তিবাদী চিন্তা, ধর্মনিরপেক্ষতা ও মানবতাবাদ ছিল এঁর লক্ষ্য। বোম্বাই-এর অপর সমাজ সংস্কারক ছিলেন দাদাভাই নৌরজী। জরথুষ্ট্র ধর্ম সংস্কারের জন্য যে সমিতি গঠিত হয়, দাদাভাই ছিলেন তাঁর অন্যতম উদ্যোক্তা। জরথুষ্ট্র ধর্মাবলম্বীদের অর্থাৎ পার্শীদের মধ্যে নারীদের অধিকার প্রতিষ্ঠা এবং বিবাহ ও উত্তরাধিকার বিষয়ে একই ধরনের আইন প্রচলনের জন্য যে পার্শী আইন সমিতি গঠিত হয়েছিল, দাদাভাই ছিলেন তার প্রধান উদ্যোক্তা।

কৃষক-বিক্ষোভ ও বিদ্রোহ
(Peasant Unrest and Uprisings)

১৭৬৫ খ্রীষ্টাব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির দেওয়ানির লাভ থেকে ১৮৫৫ খ্রীষ্টাব্দে সাঁওতাল-বিদ্রোহ পর্যন্ত ৯০ বছর ভারতের কৃষক, কারিগর, ক্ষেতমজুর ব্রিটিশ সাম্রাজ্যবাদের শাসনে চরমভাবে নিষ্পেষিত ও শোষিত হয়েছে। ইংরেজরা পুরানো ভূমিব্যবস্থা ভেঙ্গে ফেলে প্রত্যেক কৃষকদের কাছ থেকে রাজস্ব আদায়ের ব্যবস্থা করল। আগে জমিদার শুধু রাজস্ব আদায়ের অধিকার পেত। চিরস্থায়ী বন্দোবস্তে তারা জমির মালিকানা পেল ও কৃষককে জমি থেকে উৎখাত করার অধিকারও লাভ করল। রায়তওয়ারী ব্যবস্থায় রাজস্বের পরিমাণ ধরা হয়েছিল কৃষকের সাধ্যাতিরিক্ত। জমিদারদের সঙ্গে এল নানা মধ্যস্বত্বভোগী—পত্তনীদার, দরপত্তনীদার, নায়েব ও গোমস্তার দল। লক্ষ লক্ষ কৃষক জমি থেকে উচ্ছেদ হল, ধার শোধ করতে না পারায় জমি চলে গেল মহাজনদের হাতে। ভূমিহীন সর্বস্বান্ত কৃষকদের সংখ্যা বাড়তে লাগল প্রতিদিন। কৃষকদের এই বিক্ষোভ নানা বিদ্রোহের মধ্যে প্রকাশ পেতে থাকে। এই বিক্ষোভ বা গ্রামের মানুষের প্রতিবাদী আন্দোলন ধর্মের আবরণেই প্রথম আত্মপ্রকাশ করেছে। ধর্মকে যেমন ব্যবহার করেছে অত্যাচারী শোষক ও শাসক সম্প্রদায়, আবার ধর্মপ্রচারকরা বারবার ভাষা দিয়েছেন অত্যাচারিত মানুষকে, সংগঠিত করেছেন তাদের বিক্ষোভ ও বিদ্রোহকে।

(ক) ফরাজী আন্দোলন (Faraji Movement): উনবিংশ শতাব্দীতে 'ফরাজী আন্দোলন' বাংলা তথা ভারতের ইতিহাসে বিশেষ গুরুত্বপূর্ণ ছিল। এই আন্দোলন বাংলার মুসলমান কৃষক ও তাঁতীদের উপর গভীর প্রভাব বিস্তার করেছিল।

ফরাজী আন্দোলনের শুরু

১৮১৮ থেকে ১৯০৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত বাংলাদেশে ফরাজী আন্দোলন শক্তিশালী ছিল। মূলত পূর্ববঙ্গে সীমাবদ্ধ থাকলেও কয়েকটি কারণে এই আন্দোলন গুরুত্ব লাভ করেছিল—(১) এই আন্দোলন অন্যান্য গণ-আন্দোলনের পূর্বে সংগঠিত হয়েছিল। (২) পরবর্তী ওয়াহাবী আন্দোলনের বৈশিষ্ট্য এই আন্দোলনে দেখা যায়, ও (৩) 'ফরাজী' সম্প্রদায় পরবর্তীকালে ওয়াহাবীদের সঙ্গে মিশে যায়।

হাজি শরিয়তউল্লাহ নামে পূর্ববঙ্গের ফরিদপুরের এক ধর্মপ্রাণ ব্যক্তি ফরাজী নামে এক ধর্মীয় সম্প্রদায় প্রতিষ্ঠা করেন। শরিয়তউল্লাহ বহু দিন মক্কা ও কায়রোতে থেকে মুসলিম

হাজি শরিয়তউল্লাহের অধীনে আন্দোলন

ধর্মশাস্ত্র অধ্যয়ন করে জ্ঞান অর্জন করেন। দেশে ফিরে তিনি ধর্মসংস্কারে মন দেন। ধর্মানুরাগ ও দানশীলতার জন্য শরিয়তউল্লাহ সকলের শ্রদ্ধা অর্জন করেন। অল্পদিনের মধ্যেই তাঁকে কেন্দ্র করে বহু সমর্থক ভীড় করে। এইসব সমর্থকদের মধ্যে ছিল জমিদারদের অত্যাচারে অতিষ্ঠ কৃষকরা ও শিল্পে বেকার তাঁতী ও কারিগররা। সুতরাং, ধর্মীয় উদ্দেশ্য

নিয়ে ফরাজী আন্দোলন শুরু হলেও কিছুদিনের মধ্যে তা রাজনৈতিক আন্দোলনে পরিণত হয়। শরিয়তউল্লাহ্ ইংরেজ অধিকৃত ভারতকে 'শত্রুর দেশ' (দার-উল-হার্ব) বলে অভিহিত করেন ও ঘোষণা করেন যে, এই দেশ ধর্মপ্রাণ মুসলমানদের বাসের অযোগ্য। তাঁর কৃতিত্ব হল "সমবেদনাহীন ও যত্নহীন বাঙ্গালী কৃষককে উৎসাহে উজ্জীবিত করা।" তবে শরিয়তউল্লাহ শাসকশ্রেণীর সঙ্গে প্রত্যক্ষ সংঘর্ষে অবতীর্ণ হন নি। ১৮৩৭ সালে তাঁর মৃত্যু হয়।

শরিয়তউল্লাহের পুত্রের নাম ছিল মুহম্মদ মুশীন (১৮১৯-১৮৬০ খ্রীঃ), তবে তিনি দুধুমিঞা নামেই বেশী পরিচিত। তিনি তাঁর পিতার চেয়েও অধিক রাজনৈতিক মনোভাবাপন্ন ছিলেন। তাঁর সংগঠন-প্রতিভা ছিল অপূর্ব। তিনি বাহাদুরপুরে মূল কেন্দ্র স্থাপন করে সমগ্র পূর্ববঙ্গকে কয়েকটি বিভাগে বিভক্ত করেন। এই বিভাগগুলিকে 'হলকোয়াস' বলা হত। প্রতিটি বিভাগে একজন 'খলিফা' বা সহকারী নিযুক্ত হতেন। এই খলিফার কাজ হলো কৃষক সম্প্রদায়কে ঐক্যবদ্ধ রাখা, ধর্মান্তরিত করা ও দান সংগ্রহ করা। দুধুমিঞার উদ্দেশ্য ছিল জমিদারদের অত্যাচার ও অন্যায় অর্থ আদায়ের হাত থেকে কৃষকদের সংঘবদ্ধ করা। তিনি ঘোষণা করেন যে, জমির মালিক ঈশ্বর, সুতরাং জমিদাররা খাজনা আদায়ের অধিকারী নন। তিনি কৃষকদের মধ্যে ঝগড়াবিবাদের মীমাংসা করতেন ও যদি কেউ তাঁকে না জানিয়ে সরকারী আদালতে মামলা করত তবে তাকে শাস্তি দিতেন।

দুধুমিঞার অধীনে আন্দোলন

দুধুমিঞার কার্যাবলীতে শঙ্কিত ও ক্ষিপ্ত হয়ে জমিদার ও নীলকররা তাঁর বিরুদ্ধে সংঘবদ্ধ হন। ১৮৩৮ খ্রীষ্টাব্দে তাঁর বিরুদ্ধে লুণ্ঠনের অভিযোগ আনা হয়। ১৮৪১ খ্রীষ্টাব্দে হত্যার অভিযোগে তাঁকে বিচারের জন্য পাঠানো হয়। ১৮৪৪ খ্রীষ্টাব্দে বেআইনী অনুপ্রবেশ ও সমাবেশের জন্য তাঁর বিচার হয়। কিন্তু সাক্ষীরা সাক্ষ্য না দেওয়ায় প্রতিটি ক্ষেত্রেই তিনি মুক্তিলাভ করেন। জমিদারদের কাছ থেকে ক্রমাগত অভিযোগের ভিত্তিতে ১৮৫৭ খ্রীষ্টাব্দের জুলাই মাসে তাঁকে গ্রেপ্তার করা হয়। ১৮৬০ খ্রীষ্টাব্দে বাহাদুরপুরে তাঁর মৃত্যু হয়। তাঁর মৃত্যুর পর ফরাজী আন্দোলন স্তিমিত হয়ে যায়। তাঁর পুত্র আবদুল গফুর বা নোয়ামিঞা রাজনৈতিক ও অর্থনৈতিক কর্মসূচীর উপর গুরুত্ব না দিয়ে ধর্মীয় কর্মসূচীর উপর অধিক গুরুত্ব দেন। ফরাজীরা কালক্রমে শুধু ধর্মীয় সম্প্রদায়েই পরিণত হয়।

ফরাজী আন্দোলনের পরিণতি

শরিয়তউল্লাহ ও দুধুমিঞা পরিচালিত ফরাজী আন্দোলন সাফল্য লাভ করে নি—একথা সত্য। কিন্তু এই আন্দোলনের গুরুত্ব অস্বীকার করা যায় না। ধর্মীয় সংস্কারের উদ্দেশ্য নিয়ে এর সূচনা হলেও ধনী বনাম দরিদ্র শ্রেণীর মধ্যে সংগ্রামের দৃষ্টান্ত হিসাবে ফরাজী আন্দোলন একটি তাৎপর্যপূর্ণ ঘটনা। ক্ষেত্রবিশেষে সাম্প্রদায়িকতার প্রভাব লক্ষ্য করা গেলেও এই আন্দোলনের প্রধান লক্ষ্য ছিল সামন্ত-প্রথাজনিত সমাজ ও অর্থনীতির অবসান।

ফরাজী আন্দোলনের গুরুত্ব

(খ) ওয়াহাবী আন্দোলন (Wahabi Movement): ইংরেজ শাসনের শুরুর যুগে মুসলমানরাই এদেশে আর্থিক দিক থেকে হিন্দুদের চেয়ে অনেক বেশী ক্ষতিগ্রস্ত

হয়েছিলেন। মিঃ হাণ্টার তাঁর বই "ভারতীয় মুসলমান"* নামক গ্রন্থে মুসলমানদের অর্থ রোজগারের তিনটি উপায়ের কথা উল্লেখ করেছেন—সামরিক কাজ, রাজস্বসংগ্রহ ও বিচার এবং রাজনৈতিক বিভাগে চাকরি। কোম্পানির শাসন প্রতিষ্ঠিত হওয়ার পর মুসলমানদের সামাজিক মর্যাদা ও অর্থনৈতিক স্থযোগ স্থবিধার অবসান হয়। বহু মুসলমান স্থাবর সম্পত্তি থেকে বঞ্চিত হন। সামরিক কাজকর্ম থেকেও মুসলমানরা বঞ্চিত হন। নতুন রাজস্বনীতি প্রবর্তনের পর তাদের অনেক জমি কেড়ে নেওয়া হয়। বিদেশী বস্ত্রের আমদানির ফলে মুসলমান তাঁতীরা বৃত্তিচ্যুত হয়। বিচার-বিভাগে তাদের যে প্রাধান্য ছিল, তা-ও লোপ পায়। ফারসী ভাষার পরিবর্তে ইংরেজী ভাষার প্রবর্তনেও তাঁরা ক্ষুব্ধ হন। এ ছাড়াও ইংরেজদের আধিপত্য সর্বদাই তাদের মুসলিম আধিপত্যের কথা স্মরণ করিয়ে দিত। এইসব কারণে মুসলমানরা প্রথমদিকে ইংরেজ শাসনকে গ্রহণ করতে পারে নি।

মুসলমান সম্প্রদায়ের হীন অবস্থা

ইংরেজ প্রবর্তিত নতুন ব্যবস্থার প্রতি দৃষ্টি না দিয়ে শিক্ষিত মুসলমানগণ পুরোপুরি শরিয়ত বা ইসলামী ধর্মশাস্ত্রের দ্বারা নিজেদের পরিচালিত করতে সচেষ্ট হন। ওয়াহাবী আন্দোলনের মাধ্যমে ইসলাম ধর্ম ও সংস্কৃতির এক নতুন ভাবমূর্তি গড়ে তোলার চেষ্টা করা হয়। আরবদেশে আবদুল ওয়াহাব (১৭০৭-১৭৮৭ খ্রীঃ) মুসলমানধর্মের সংস্কারের জন্য এক আন্দোলনের স্থত্রপাত করেন। তিনি কোরান, হদিস প্রভৃতি ধর্মীয় গ্রন্থের উপর ভিত্তি করে ইসলামের বিশুদ্ধ অবস্থা ফিরিয়ে আনার চেষ্টা করেছিলেন। তাঁর প্রবর্তিত ধর্মসংস্কার আন্দোলনকে ওয়াহাবী আন্দোলন বলা হয়। 'ওয়াহাবী' কথার অর্থ হল নবজাগরণ। ভারতে ওয়াহাবী আন্দোলনের স্থচনা করেন শাহওয়ালিউল্লাহ ও তাঁর পুত্র আজিজ। তাঁদের মূল উদ্দেশ্য ছিল ইসলামধর্মের শুদ্ধীকরণ। কিন্তু এই আন্দোলনের প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন রায়বেরিলির সৈয়দ আহমদ্ (১৭৮৬-১৮৩১ খ্রীঃ)।

ওয়াহাবী আন্দোলনের স্থচনা

১৭৮৬ খ্রীষ্টাব্দে উত্তরপ্রদেশের রায়বেরিলিতে সৈয়দ আহমদ্ জন্মগ্রহণ করেন। যৌবনে তিনি উচ্ছৃঙ্খল জীবনযাপন করতেন। এমন কি পিণ্ডারী দস্যুদলেও যোগ দিয়েছিলেন। পরবর্তী সময়ে তিনি ঐ জীবন ত্যাগ করে দিল্লীতে এসে আজিজের সংস্পর্শে ধর্মচর্চা শুরু করেন। ১৮২০ খ্রীষ্টাব্দ থেকে সৈয়দ আহমদ্ আরবের ওয়াহাবীদের মত ধর্মীয় সংস্কারের কথা প্রচার করতে শুরু করেন। এই সময় পাটনা ছিল তাঁর প্রধান কেন্দ্র। মক্কায় তীর্থ করতে গিয়ে সৈয়দ আহমদ্ ওয়াহাবী আন্দোলনের সংস্পর্শে আসেন। ১৮২২ খ্রীষ্টাব্দে ভারতবর্ষে ফিরে তিনি ওয়াহাবী আদর্শে ধর্মরাজ্য প্রতিষ্ঠা করতে দৃঢ়সংকল্প হন। তবে সৈয়দ আহমদের আন্দোলনের সঙ্গে আরবদেশের ওয়াহাবী আন্দোলনের কোন সম্পর্কই ছিল না। ভারতে ফিরে তিনি পাটনায় কিছুদিন অবস্থান করেন। তাঁর প্রচারে প্রভাবিত হয়ে লক্ষ লক্ষ মুসলমান তাঁর শিষ্যত্ব গ্রহণ করেন। সৈয়দ আহমদ্ অনুরাগীদের সংখ্যা বৃদ্ধি পেলে তিনি একটি নিয়মিত সংগঠন গড়ে তুললেন।

* W. W. Hunter—Indian Musalmans.

এইজন্য তিনি চারজন "খালিফা" নিযুক্ত করেন ;—বিলায়েত আলি, ইনায়েত আলি, শাহ মুহম্মদ হুসেন ও ফারাত হুসেন। সৈয়দ আহমদ্ ব্রিটিশ-অধিকৃত ভারতকে অ-মুসলমান রাজ্য (দার-উল-হারব্) বলে ঘোষণা করে, ইংরেজদের দেশ থেকে বিতাড়িত করে ভারতে 'মুসলমান-রাজ্য' (দার-উল-ইসলাম) প্রতিষ্ঠার ডাক দেন। এইভাবে তাঁর আন্দোলন রাজনৈতিক আন্দোলনে পরিণত হয়। ইংরেজ বিতাড়নে তিনি দেশীয় রাজাদের সাহায্য চেয়েছিলেন। মারাঠা-প্রধান হিন্দুরাইকে এক পত্রে, তিনি বিদেশীদের কবল থেকে ভারতকে মুক্ত করার জন্য সকলের সাহায্য প্রার্থনা করেন। তাঁর মতে, বণিক ইংরেজরা ভারতের সম্পদ লুঠ করে দেশকে শেষ করে দিচ্ছে,—তাদের বিতাড়িত করা প্রথমেই প্রয়োজন।

সৈয়দ আহমদ্ ও তাঁর আদর্শ

১৮২৪ খ্রীষ্টাব্দে সৈয়দ আহমদ্ ভারতের উত্তর-পশ্চিম সীমান্তে গিয়ে ঐ অঞ্চলের ববাসকারী মুসলমানদের ওয়াহাবী আদর্শে অনুপ্রাণিত করেন। সেই সময় পাঞ্জাবের জমিদার ও জায়গিরদাররা মুসলমান কৃষকদের উপর অত্যাচার ও শোষণ চালাচ্ছিলেন। সৈয়দ আহমদের প্রচার মুসলমান কৃষকদের মধ্যে বিদ্রোহের আগুন জ্বালিয়ে দেয়। ওয়াহাবীদের সঙ্গে শিখদের যুদ্ধ শুরু হয়। ১৮৩১ খ্রীষ্টাব্দে কালাকোটের যুদ্ধে সৈয়দ আহমদ্ নিহত হন।

সৈয়দ আহমদের মৃত্যুর পর কিছুদিনের জন্য ওয়াহাবী আন্দোলন স্তিমিত হয়ে যায়। কিন্তু অল্পদিনের মধ্যেই তাঁর দুই শিষ্য বিলায়েৎ আলি ও এনায়েৎ আলির নেতৃত্বে ওয়াহাবী আন্দোলন নতুন শক্তির সঙ্গে আত্মপ্রকাশ করে। সেই সময় উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ, পাঞ্জাব, বাংলা, বিহার প্রভৃতি অঞ্চলের শাসকদের বিরুদ্ধে ওয়াহাবীরা একের পর এক অভিযান চালাতে থাকে। সিতানা নামক স্থানে দুর্গ তৈরী করে ওয়াহাবীরা শুধু শিখ জমিদার ও জায়গিরদারদের বিরুদ্ধেই নয়, ব্রিটিশদের বিরুদ্ধেও প্রচণ্ড আক্রমণ চালাতে থাকে। পাঞ্জাব ব্রিটিশ অধিকারভুক্ত হলে ওয়াহাবী বাহিনী হরিপুর নামক স্থানে আত্মসমর্পণ করে। ক্রমশ পাটনা তাদের কর্মকেন্দ্র হয়ে ওঠে। ১৮৫০ থেকে ১৮৫৭ খ্রীষ্টাব্দের মধ্যে ১৬ বার চেষ্টা করে ব্রিটিশ বাহিনী এই আন্দোলনকে নির্মূল করতে পারে নি। ১৮৬৩ খ্রীষ্টাব্দে ওয়াহাবীরা পুনরায় সিতানা দুর্গ দখল করে নেয়। কিন্তু এরপরে মহারানীর রাজত্বের বিরুদ্ধে বিদ্রোহের অভিযোগে বহু ওয়াহাবী নেতাকে গ্রেপ্তার করে বিচার করা হয়। সরকারের দমন-নীতির ফলে ওয়াহাবী আন্দোলন স্তিমিত হয়ে যায় ও এর অবসান ঘটে।

ওয়াহাবী আন্দোলনের বিস্তৃতি

মীর নিশার আলি বা তিতুমীর (১৭৮২-১৮৩১ খ্রীঃ) ছিলেন বাংলাদেশে ওয়াহাবী আন্দোলনের নেতা। ১৭৮২ খ্রীষ্টাব্দে ২৪ পরগণা জেলার হায়দারপুরে তাঁর জন্ম। প্রথম জীবনে তিনি পেশাদার পালোয়ান ছিলেন। মক্কায় তীর্থ করতে গিয়ে তিনি সৈয়দ আহমদের সংস্পর্শে আসেন ও তাঁর শিষ্যত্ব গ্রহণ করেন। মক্কা থেকে ফিরে তিনি ইসলামের সংস্কারে ব্রতী হন। কিন্তু দরিদ্র কৃষকদের রক্ষার জন্য তাঁকে জমিদারদের সঙ্গে লড়াইয়ে লিপ্ত হতে হয়। কিছুদিনের মধ্যে হায়দারপুরে কৃষক ও তাঁতীদের মধ্যে

তাঁর প্রভাব বিস্তৃত হয়। তাঁর প্রভাবে রাজমহল, রাজসাহী, মালদহ, নদীয়া, বারাসাত, ঢাকা প্রভৃতি স্থানে ওয়াহাবী আন্দোলন সক্রিয় হয়ে উঠল। তিনি জমিদার ও নীলকরদের বিরোধী ছিলেন। জমিদার ও নীলকরদের সঙ্গে বিরোধ শুরু হলে কোম্পানির সঙ্গে সংঘর্ষ অনিবার্য হয়ে উঠে। তিনি ইংরেজ শাসনের অবসান ঘোষণা করেন ও দাবি করেন মুসলমানরাই সার্বভৌম। টাকি ও গোবরডাঙ্গার জমিদারের কাছে তিনি কর দাবি করেন। তাঁর কাছে বারাসতের কালেক্টর আলেকজাণ্ডার পরাজিত হন। তিনি নারকেলবেড়িয়াতে একটি বাঁশের কেল্লা তৈরী করে নিজেকে 'বাদশাহ' বলে ঘোষণা করেন ও তাঁর ভাগিনেয় মাসুম খাঁকে সেনাপতি নিযুক্ত করেন। লর্ড বেন্টিঙ্ক তিতুমীরের বিরুদ্ধে এক সুসজ্জিত সেনাবাহিনী পাঠান। ১৮৩১ খ্রীঃ তাঁর কেল্লা বিধ্বস্ত হয় ও তিতুমীর বন্দী হন।

বাংলাদেশে ওয়াহাবী আন্দোলন ও তিতুমীর

ধর্মসংস্কার আন্দোলন রূপে শুরু হলেও ওয়াহাবী আন্দোলন শেষ পর্যন্ত রাজনৈতিক ও অর্থ নৈতিক আন্দোলনে পরিণত হয়েছিল। কেয়ামউদ্দিন আহমেদ* বলেছেন যে, ওয়াহাবী আন্দোলনের দুটি লক্ষ্য ছিল—(১) সামাজিক ও ধর্মীয় ও (২) রাজনৈতিক। হাণ্টারও তাদের রাজনৈতিক দিক থেকে প্রজাতন্ত্রী ও সাম্যবাদীদের মতো বলেছেন। ওয়াহাবী আন্দোলনে মুসলমানশ্রেণীর সমর্থন থাকলেও নানা অঞ্চলে এই আন্দোলন শ্রেণী সংগ্রামে পরিণত হয়েছিল। ঐতিহাসিক স্মিথ-এর** (W. C. Smith) মতে, এই আন্দোলন অর্থ-নৈতিক দিক দিয়ে পূর্ণমাত্রায় ছিল শ্রেণী-সংগ্রাম। বাংলায় তা লক্ষ্য করা গেছে। জাতিধর্ম-নির্বিশেষে বাংলার কৃষকরা এই আন্দোলনে যোগ দেন। তাদের আক্রমণের লক্ষ্য ছিল জমিদাররা। মুসলমান জমিদার ও মহাজনরাও তাদের আক্রমণ থেকে রক্ষা পায়নি। ওয়াহাবীরা হিন্দুবিদ্বেষী ছিল না। তবে ধর্মসংস্কার আন্দোলন রূপে শুরু হওয়ায় হিন্দুদের পক্ষে এতে যোগ দেওয়া সম্ভব হয় নি। ব্রিটিশবিরোধী হওয়ায় হিন্দুরা ওয়াহাবীকে সমর্থন করেছিল। ওয়াহাবী আন্দোলনের প্রভাব ছিল সুদূরবিস্তৃত, বাংলা থেকে উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলে ও মাদ্রাজে। ওয়াহাবী আন্দোলন ব্যর্থ হলেও সুদূরপ্রসারী প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল। এই আন্দোলন ভারতীয় সমাজে বিচ্ছিন্নতাবাদের সূত্রপাত করে। মুসলমানদের মধ্যে ইসলামের ঐতিহ্যের কথা প্রচার করে সৈয়দ আহমদ্ ভারতে হিন্দু ও মুসলমানদের মধ্যে বিভেদের সূত্রপাত করেন। ক্রমে মুসলিম সমাজের নেতৃত্ব মুসলিম বুদ্ধিজীবী ও মোল্লাদের হাতে চলে যায়। তবে মুসলমান সমাজের নবজাগরণে ওয়াহাবী আন্দোলনের গুরুত্ব আছে।

ওয়াহাবী আন্দোলনের প্রকৃতি

* K. Ahmed—The Wahabi Movement.

** Wilfrod Cantwell Smith—Modern Islam in India.

॥ ১০ ॥

উপজাতি-বিদ্রোহ
(Tribal Movement)

কোল বিদ্রোহ (Kol revolt) : প্রাচীন তথ্য থেকে জানা যায় বিহারের ছোটনাগপুর অঞ্চলে মুণ্ডা উপজাতি প্রথমে বসতি স্থাপন করেছিল। পরে ঐ অঞ্চলে বসতি স্থাপন করে ওঁরাও সম্প্রদায়। ঐ অঞ্চল ছিল গভীর বনে আচ্ছন্ন। সুতরাং, প্রথম দিকের অধিবাসীরা বন পরিষ্কার করে যে যতটুকু পেরেছিল জমি দখল করে নিয়েছিল। মুণ্ডা ও ওঁরাওদের মধ্যে ভাষাগত পার্থক্য থাকলেও, অর্থনৈতিক জীবনের ধারা ছিল একই রকম। এই দুই সম্প্রদায়ই সমাজ পরিচালনায় গণতান্ত্রিক পদ্ধতি গ্রহণ করত। ১৫৮৫ খ্রীঃ এই দুই সম্প্রদায়ের 'দলপতি' বা 'রাজা' মুঘলদের করদ রাজায় পরিণত হন। ব্রিটিশরা আসার পূর্ব পর্যন্ত এই 'কোল' উপজাতিরা বেশ শান্তিতেই জীবনযাপন করছিল। ১৮৩৪ খ্রীঃ ছোটনাগপুর অঞ্চলে ব্রিটিশ আধিপত্য প্রতিষ্ঠিত হলে এই উপজাতিদের সমস্যা প্রধান হয়ে উঠে।

ব্রিটিশরা আসার পর থেকে বাইরের অধীবাসীরা ছোটনাগপুরে বা রাঁচী অঞ্চলে ক্রমাগত আসতে থাকে। স্থানীয় উপজাতিরা এদের বলত "দিকু"। ১৭৭০-১৮১০ খ্রীষ্টাব্দের মধ্যে রাঁচী অঞ্চলে ইংরেজরা তাদের শাসন কাঠামো প্রতিষ্ঠা করেছিল। এই নতুন শাসনব্যবস্থায় বিদেশী বা 'দিকু'রা লাভবান হল। ১৮২০ খ্রীষ্টাব্দের পর হিন্দু ও মুসলমান ব্যবসায়ীরা এই অঞ্চলে প্রভাব বিস্তার করে। ১৮৩২ খ্রীঃ মেজর সাদারল্যাণ্ড জানিয়েছেন যে, হিন্দু ও মুসলমান ব্যবসায়ীদের ব্যবহার কোলদের ঘৃণার সৃষ্টি করেছে। রাজস্ব আদায়কারীদের অত্যাচার ও মহাজনদের বিপুল হারে সুদ আদায় কোল জাতির দুঃখদুর্দশার অন্যতম কারণ হয়ে উঠে। হতাশায় নিমজ্জিত হয়ে 'কোল' উপজাতি ১৮৩১-১৮৩২ খ্রীঃ বিদ্রোহ ঘোষণা করে। ১৮৩১ খ্রীষ্টাব্দে ২০শে ডিসেম্বর এই মর্মে মুণ্ডারা সিদ্ধান্ত নেয়। ১৮৩২ খ্রীঃ জানুয়ারি মাসে ওঁরাও, মুণ্ডা ও হো'রা বিদ্রোহে যোগ দেয়। প্রথমে প্রস্তুত না হলেও শেষ পর্যন্ত ইংরেজরা কঠোর হাতে এই বিদ্রোহ দমন করে। এর ফলে রাঁচী, ছোটনাগপুর, পালামৌ প্রভৃতি অঞ্চলে কার্যকর ইংরেজ শাসন প্রতিষ্ঠিত হয় ও ১৮৩৪ খ্রীঃ 'দক্ষিণ-পশ্চিম সীমান্ত এজেন্সী' সৃষ্টি করা হয়েছিল।

সাঁওতাল বিদ্রোহ (Santal Rebellion) : ১৮৫৫ খ্রীষ্টাব্দে রাজমহল থেকে মুর্শিদাবাদ পর্যন্ত অঞ্চলে সাঁওতাল বিদ্রোহ দেখা দিয়েছিল। সুদূর অতীতে সাঁওতালরা বাইরে থেকে ভারতবর্ষে এসে প্রধানত বিহারে বসতি স্থাপন করেছিল। অনেকে বলেন, তারাই নাকি ভারতে সর্বপ্রথম বন-জঙ্গল পরিষ্কার করে ও গ্রাম স্থাপন করে কৃষির উদ্ভাবন করেছিল। বাংলদেশে ও বাংলা-বিহারের সীমান্তে সাঁওতালরা আসতে আরম্ভ করেছিল ১৭৯০ খ্রীষ্টাব্দ থেকে*। সাঁওতালরা হাজারিবাগ ও মানভূম থেকে রাজমহলের পার্বত্য সমতলভূমিতে চলে আসে। এই অঞ্চলের বনভূমি পরিষ্কার করে তারা বসবাস করতে আরম্ভ করেছিল—

আদি ইতিহাস

* সুপ্রকাশ রায়—ভারতের কৃষক বিদ্রোহ ও গণতান্ত্রিক সংগ্রাম অনুসারে।

অঞ্চলটির নাম দিয়েছিল 'দামিন ই-কো' বা মুক্ত অঞ্চল। সাঁওতালরা ছিল সৎ, সরল প্রকৃতির ও কঠোর পরিশ্রমী। দামিন-ই-কো অর্থাৎ বর্তমান সাঁওতাল পরগণায় দুর্গম বন পরিষ্কার করে এরা ঘর বেঁধেছে ও মানুষের পা পড়েনি এমন অঞ্চলে এরা ফসল ফলিয়েছে।

সাঁওতালরা এই অঞ্চলে এসে বসবাস করতে আরম্ভ করলে ইংরেজ শাসকসহ আরও অনেকে এই অঞ্চলে এসে উপস্থিত হল। প্রথমত ইংরেজ সরকার এই অঞ্চলে চিরস্থায়ী বন্দোবস্ত চালু করলে সাঁওতালরা জমিদার শ্রেণীর কবলিত হল। ইতিমধ্যে মহাজনদের আনাগোনাও শুরু হয়েছিল। দরিদ্র সাঁওতালদের শোষণ করার জন্য বাঙ্গালী, পাঞ্জাবী ও ভাটিয়া মহাজনরা দলে দলে সাঁওতাল পরগণার রাজধানী বারহাইত শহরে পৌছল। সর্বোপরি ইংরেজ শাসকদের ছত্রছায়ায় থেকে জমিদারগোষ্ঠী অবাধে সাঁওতালদের উপর শোষণের কাজ চালিয়ে যেতে থাকে।

শোষণের শুরু

জমিদার, তার গোমস্তা, পিওন ও মহাজন, পুলিশ, রাজস্ব-আদায়কারী ও আদালতের আমলা-কর্মচারীরা সকলে একত্রে সাঁওতালদের উপর ভয়ঙ্কর শোষণ, জোর করে সম্পত্তি দখল, সাঁওতালদের অপমানিত করা প্রভৃতি অত্যাচার করত। ঋণের সুদের হার ছিল শতকরা পঞ্চাশ থেকে পাঁচশো টাকা পর্যন্ত। তাদের ঠকানোর জন্য ভুয়া দাড়িপাল্লা ব্যবহার করা হত। ই. জে. মেইন* নামে একজন ইংরেজ বলেছেন যে, সাঁওতাল বিদ্রোহের কারণ ছিল—(১) এই উপজাতির সঙ্গে ব্যবসা করতে গিয়ে মহাজনদের লোভ ও লুণ্ঠনের প্রবৃত্তি; (২) ঋণের জন্য ব্যক্তিগত ও বংশগত দাসত্বের বর্বর প্রথাজনিত দুর্দশা ও দুর্গতি; (৩) পুলিশের সীমাহীন দুর্নীতি ও অত্যাচার; (৪) আদালতে সাঁওতালদের সুবিচারের কম সম্ভাবনা। ঐতিহাসিক হাণ্টারও† মন্তব্য করেছেন যে, জমিদার মহাজনসহ সমগ্র ইংরেজ শাসনব্যবস্থাই ছিল সাঁওতালদের চরম দুর্দশার জন্য দায়ী। শোষণ-উৎপীড়নের চাপে পড়ে অবশেষে সাঁওতালরা বিদ্রোহের পথে পা বাড়াল।

বিদ্রোহের কারণ

উপরি-উক্ত কারণে ১৮৫৫ খ্রীষ্টাব্দে সাঁওতালরা বিদ্রোহ ঘোষণা করে। সাঁওতাল উপজাতির বিদ্রোহ ব্যাপকভাবে বাংলাদেশের বীরভূম, মুর্শিদাবাদ ও বিহারের ভাগলপুর ও ছোটনাগপুর অঞ্চলে ছড়িয়ে পড়ে। এই বিদ্রোহ ছিল ব্রিটিশ শাসনের বিরুদ্ধে প্রথম সশস্ত্র কৃষক-বিদ্রোহ। সাঁওতালী ভাষায় বিদ্রোহকে বলা হয় 'হুল'। ১৮৫৪ খ্রীষ্টাব্দে এই বিদ্রোহের পূর্বাভাষ দেখা যায় ও ১৮৫৫ খ্রীষ্টাব্দে এই বিদ্রোহ পরিপূর্ণভাবে আত্মপ্রকাশ করেছিল। সাঁওতাল বিদ্রোহের প্রথম দিকে নেতা ছিলেন বীরসিং মাঝি ও গোক্কো। পরে পূর্ণ নেতৃত্ব গ্রহণ করেন সাঁওতাল পরগণার ভাগণাডিহি গ্রামের সিধু ও কানু নামে দুই ভাই। এই বিদ্রোহ দমনে ব্রিটিশ সরকারকে যথেষ্ট বেগ পেতে হয়েছিল। সরকার বাধ্য হয়ে

বিদ্রোহ ঘোষণা

* E. J. Man—Santhalla and the Santhals.
† W. W. Hunter—Annals of Rural Bengal.

নীলকর ও জমিদারদের কাছ থেকে অর্থসাহায্য নেয়। প্রায় ২৫ হাজার সাঁওতালকে হত্যা করে এই বিদ্রোহ দমন করতে হয়েছিল। সিধু ও কানু সাঁওতাল রাজ্য প্রতিষ্ঠার কথা ঘোষণাও করেছিলেন।

সাঁওতাল বিদ্রোহ ব্যর্থ হলেও এর পরোক্ষ ফল হয়েছিল সুদূরপ্রসারী। ভারতীয় জনজীবন থেকে বিচ্ছিন্ন করার জন্য ব্রিটিশ শাসকরা সাঁওতাল পরগনা নামে এক নতুন জেলা গঠন করলেন। ইউরোপীয় মিশনারী ছাড়া অন্যদের সাঁওতাল পরগনায় প্রবেশ নিষিদ্ধ হল। সাঁওতালদের সন্তুষ্ট করার জন্য তাদের 'উপজাতি' হিসাবে স্বীকৃতি দেওয়া হল। অত্যাচারী পুলিশবাহিনীকে এই অঞ্চল থেকে সরিয়ে নতুন পুলিশবাহিনী নিয়ে আসা হল। নতুন আদালতও স্থাপন করা হয়েছিল। ভাগলপুরের কমিশনারের অধীন একজন ডেপুটি কমিশনার নিয়োগ করে এই অঞ্চল শাসনের ভার দেওয়া হয়েছিল। বাঙ্গালী মহাজনদের সাঁওতাল পরগনায় বসবাস নিষিদ্ধ হল। সাঁওতাল-বিদ্রোহ প্রমাণ করে যে, ভারতের নিরস্ত্র কৃষকশ্রেণী সরকারের শোষণের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে পারে।

ফলাফল

॥ ১১ ॥ ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ

(The Ravolt of 1857)

১৮৫৭ খ্রীষ্টাব্দে মধ্য ও উত্তর ভারতে এক বিপুল গণবিদ্রোহ দেখা দিয়েছিল। এই বিদ্রোহ প্রথমে সিপাহীদের মধ্যে শুরু হলেও অল্পদিনের মধ্যে তা আর সিপাহীদের মধ্যেই সীমাবদ্ধ থাকেনি। প্রায় এক বছর ধরে লক্ষ লক্ষ কৃষক, মজুর ও সিপাহীরা ইংরেজ শাসনের বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে গিয়েছিল। রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক, সামরিক প্রভৃতি কারণে ভারতবাসী ব্রিটিশ শাসনের বিরুদ্ধে ক্রমেই বিক্ষুব্ধ হয়ে উঠেছিল। দীর্ঘদিনের সঞ্চিত ও অবরুদ্ধ ক্ষোভ একটি সীমায় পৌছে আর সংযত থাকেনি। এই অবরুদ্ধ ক্ষোভই শেষ পর্যন্ত ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহরূপে আত্মপ্রকাশ করে।

বিদ্রোহের কারণ (Causes) : ব্রিটিশ শক্তি একের পর এক দেশীয় রাজ্য গ্রাস করায় দেশীয় রাজন্যবর্গ ইংরেজদের উদ্দেশ্য সম্পর্কে সন্দিহান হয়ে উঠেছিল। ইংরেজরা তাঁদের সামরিক শক্তিতে পদানত করলেও, তাঁদের মধ্যে ইংরেজবিরোধী-মনোভাব প্রবল ছিল। লর্ড ডালহৌসীর স্বত্ববিলোপ নীতি এই মনোভাবে ইন্ধন যোগায়। দেশীয় শাসকরা বুঝতে পেরেছিলেন যে, ব্রিটিশরাজের প্রতি আনুগত্য দেখালেও তাদের রাজ্যজয়-ক্ষুধা পরিতৃপ্ত হয়নি। বহু দেশীয় রাজ্যের সঙ্গে চুক্তি করার সময় দেওয়া মৌখিক ও লিখিত প্রতিশ্রুতি ভঙ্গ করে বিশ্বাসঘাতকতার দ্বারা রাজ্যটিকে গ্রাস করতে ইংরেজরা দ্বিধা করেনি। চুক্তি-

রাজনৈতিক কারণ

ভঙ্গ করে বিশ্বাসঘাতকতার দ্বারা একের পর এক রাজ্য-গ্রাস নীতির ফলে নানাসাহেব, ঝাঁসীর রানী ও মুঘল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহ কোম্পানির ঘোরতর শত্রুতে পরিণত হয়েছিলেন। ডালহৌসী পেশোয়ার দত্তকপুত্র নানাসাহেবের ভাতা বন্ধ করে দেন ও

ঝাঁসীর রাজ্যের উত্তরাধিকার রক্ষার জন্য দত্তকগ্রহণ বেআইনী ঘোষণা করে রাজ্যটিকে গ্রাস করেন। ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহে নানাসাহেব ও ঝাঁসীর রানী লক্ষ্মীবাঈ মূল নেতৃত্ব দিয়েছিলেন। ডালহৌসীর স্বত্ব-বিলোপনীতি হিন্দুসম্প্রদায়ের চিরাচরিত বিশ্বাসের প্রতিও আঘাত হানে। ফলে হিন্দুরা ইংরেজ সরকারের বিরুদ্ধে মনে মনে বিদ্বেষ পোষণ করত। দেশীয় রাজ্যগুলি গ্রাস করার ফলে

সেইসব রাজ্যের রাজদরবারে আশ্রিত মানুষরা, কর্মচারীবৃন্দ ও সেনাবাহিনী বেকার হয়ে যায়। এরা বেকার হয়ে পড়লে ইংরেজ শাসনের উচ্ছেদের জন্য সংকল্প নেয়। বিদ্রোহ শুরু হলে এই শ্রেণীর মানুষই বেশীসংখ্যায় ইংরেজদের বিরুদ্ধে যোগ দেয়। লর্ড ডালহৌসীর অযোধ্যা রাজ্য দখলের ঘটনায় অযোধ্যার মানুষ বিশেষভাবে ক্ষুব্ধ হয়েছিলেন। অযোধ্যার নবাবের সেনাবাহিনীর সৈনিকরা ও কর্মচারীরা বেকার হয়ে যায়। ব্রিটিশ সরকার অযোধ্যা দখল করার পর সেখানকার অধিকাংশ তালুকদার বা জমিদারের ভূসম্পত্তি বাজেয়াপ্ত করায় এই তালুকদারশ্রেণীও ইংরেজদের শত্রুতে পরিণত হন। অযোধ্যা দখল, সেখানকার ভূমি-রাজস্ব সহ নানা কর-বৃদ্ধি ও তালুকদারদের উপর চাপসৃষ্টি অযোধ্যার পরিস্থিতিকে অগ্নিগর্ভ করে তোলে।

১৮৪৯ খ্রীষ্টাব্দে লর্ড ডালহৌসী ঘোষণা করেন যে, মুঘল সম্রাট বাহাদুর শাহর উত্তরাধিকারীকে লালকেল্লা ছেড়ে কুতুবমিনারের দিকে এক সাধারণ বাড়ীতে বসবাস করতে হবে। এই অমর্যাদাকর প্রস্তাবে মুসলমান সমাজ ক্ষুব্ধ হয়। ১৮৫৬ খ্রীষ্টাব্দে লর্ড ক্যানিং ঘোষণা করেছিলেন যে, বাহাদুর শাহর মৃত্যুর পর মুঘলদের "বাদশাহ" উপাধি ব্যবহার করার অধিকার থাকবে না। এই সঙ্গে অযোধ্যার নবাবকে বঞ্চিত করে তাঁর রাজ্য দখলে মুসলমান সম্প্রদায়ের মধ্যে অসন্তোষ দেখা দেয়। মুসলমান-শাসনকালে মুসলিম সম্প্রদায় বিশেষ মর্যাদা ভোগ করত ও সরকারী পদ ভোগ করত। বিশেষ করে দেশীয় নবাবদের দরবারে তারা এই সুযোগ ও সুবিধা বহুল পরিমাণে ভোগ করত। দেশীয় রাজ্যগুলির ইংরেজ রাজ্যভুক্তিতে তাঁরা স্বভাবতই অসন্তুষ্ট হয়েছিলেন। মুসলমান সম্প্রদায়ের মনে ধারণা হয় যে, ভারতে যেটুকু মুসলমান ক্ষমতা আছে তা ধ্বংস করতে ব্রিটিশ সরকার বদ্ধপরিকর। ঐতিহাসিকরা সেইজন্য মন্তব্য করেছেন যে, ১৮৫৭ খ্রীষ্টাব্দে বিদ্রোহ কোম্পানীর বিরুদ্ধে মুসলমানদের চক্রান্তের ফল।

মুসলমান সম্প্রদায়ের বিক্ষোভ

ব্রিটিশ শাসন যে ভারতে কখনই জনপ্রিয় হয়ে উঠে নি তার মূল কারণ ছিল, তাদের শাসনের বিদেশীয়ানা বজায় রাখা। ইংরেজরা এই দেশে বিদেশীই থেকে গিয়েছিল। তারা ভারতীয়দের সঙ্গে সম্পর্ক রাখে নি। ভারতীয়দের মনোভাব বোঝার চেষ্টা ইংরেজরা কখনও করে নি বা তাদের মনোভাবও ভারতীয়দের কাছে জানায় নি। ইংরেজরা ভারতীয়দের চেয়ে নিজেদের শ্রেষ্ঠতর জাত বলে মনে করত। ভারতীয়দের প্রতি ইংরেজ বণিক ও কর্মচারীদের ব্যবহার ছিল ঘৃণা ও ঔদ্ধত্যপূর্ণ। ইংরেজদের উদ্দেশ্য ছিল ভারতে আধিপত্য স্থাপন ও শোষণ। ডঃ সুরেন্দ্রনাথ সেন মন্তব্য করেছেন যে, অনেক ইংরেজ কর্মচারী ইচ্ছে করেই ভারতীয়দের অপমান করত। নতুন শাসকশ্রেণী যে তাদের আপনার জন নয়, মনেপ্রাণে বিদেশী, এই কথা ভারতবাসীরা বুঝে গিয়েছিল। সামরিক ও অসামরিক ইংরেজ কর্মচারীরা সব সময়েই ভারতীয়দের নীচু নজরে দেখতেন। ইংরেজদের এই ঔদ্ধত্যমূলক আচরণ ভারতবাসীর আত্মসম্মানে আঘাত করে। শাসকশ্রেণীর শাসিতশ্রেণী থেকে এই বিচ্ছিন্নতা বিদ্রোহের পরিবেশ সৃষ্টিতে সাহায্য করেছিল।

ইংরেজদের ঔদ্ধত্য

ভারতীয়দের মধ্যে উচ্চ ও মধ্যবিত্ত শ্রেণীর মানুষরা ইংরেজ শাসনব্যবস্থায় উঁচু পদগুলিতে নিয়োগ থেকে বঞ্চিত হওয়ায় মর্যাদা ও আর্থিক দিক থেকে ক্ষতিগ্রস্ত হচ্ছিলেন। লর্ড কর্নওয়ালিশের সময় থেকে ৫০০ পাউণ্ড ও তার উর্ধ্বে বেতনের পদগুলিতে ভারতীয়দের নিয়োগ বন্ধ হয়ে যায়। বেণ্টিঙ্কের সময় বিচার বিভাগে উঁচুপদে ভারতীয়দের নিয়োগ করা হলেও অন্যান্য পদ থেকে বঞ্চিত রাখা হয়। মুঘল সাম্রাজ্যের অবসানে উত্তর ভারতের অভিজাতরা, যারা পূর্বে সরকারী পদের সুযোগ ভোগ করত, জীবিকাচ্যুত হয়ে পড়েছিল। সংস্কৃতিমূলক কাজে যারা বিভিন্ন দেশীয় শাসকের দরবারে নিযুক্ত থেকে জীবিকা-অর্জন করতেন, তাঁরাও কর্মচ্যুত হয়ে পড়েন। ধর্মীয় পণ্ডিত, মৌলবী সম্প্রদায়ও বুঝতে পারলেন যে বিদেশী শাসনে তাঁদের ভবিষ্যৎ অনিশ্চিত। প্রথম দিকে সমাজের এই শ্রেণীর বিক্ষোভ ও পরে শিক্ষিত ভারতীয়দের প্রতি অসম্মান বিক্ষোভের সৃষ্টি করেছিল।

চাকরি ক্ষেত্রে বৈষম্য

ইংরেজদের ভারতের অর্থ নৈতিক শোষণ ও তার ফলে ভারতীয় অর্থনীতির অবনতি ইংরেজ শাসনের প্রতি অসন্তোষের প্রধান কারণ হয়ে উঠেছিল। ইংরেজদের শোষণ ও ভারতীয় কুটিরশিল্পের উপর আঘাতে বিপুল সংখ্যক কৃষক ও কারিগরই শুধু ক্ষতিগ্রস্ত হয়নি, অভিজাত জমিদার ও বিত্তশালী শ্রেণীকেও তা স্পর্শ করেছিল। চিরস্থায়ী বন্দোবস্ত ও বেণ্টিঙ্কের ভূমি-সংস্কারের নীতির ফলে বহু পুরানো জমিদারপরিবার ধ্বংস হয়ে যায়। অযোধ্যা দখলের পর সেখানে ভূমি-রাজস্বের পরিমাণ বৃদ্ধি করা হয় ও খাদ্যদ্রব্য, বাড়ীঘর, আফিম প্রভৃতির উপর বাড়তি কর বসানো হয়েছিল। ফলে জমিদার ও সাধারণ শ্রেণীর মানুষের জীবন দুর্বিষহ হয়ে উঠে। ব্রিটিশ অধিকারভুক্ত অঞ্চলে সাধারণ কৃষকদের অবস্থা শোচনীয় হয়ে উঠে। চিরস্থায়ী বন্দোবস্তে জমিদাররা জমির মালিকানা পেয়ে যথেচ্ছভাবে কৃষকদের উচ্ছেদ করত। করের মাত্রাও ছিল সাধ্যের বাইরে। রায়তওয়ারী ব্যবস্থায় রাজস্বের মাত্রা ধরা হয়েছিল অত্যন্ত উঁচু হারে। কৃষকরা ব্যবসায়ী ও মহাজনদের অত্যাচারে তাদের হাতে নিজেদের জমি তুলে দিয়েও ঋণ থেকে মুক্ত হত না। ভারতের কৃষি ও বাণিজ্য যখন ইংরেজদের কুক্ষিগত হয় তখন ইংলণ্ডে শিল্প বিপ্লব ঘটে। ইংলণ্ড থেকে শিল্পজাত জিনিস ভারতে আমদানি হতে থাকে। ইংলণ্ডে ভারতীয় সূতা ও কাপড় আমদানি নিষিদ্ধ হয়। অন্যদিকে ইংলণ্ডে তৈরী জিনিসে ভারতের বাজার ছেয়ে যায় ও ভারতীয় কুটিরশিল্প ধ্বংস হয়ে যায়। সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয় তাঁত শিল্প। তাঁতী ও অন্যান্য কারিগর শ্রেণীর জীবিকা ধ্বংস হয়ে যায়। মানুষ কাজকর্ম না পেয়ে হতাশ হয়ে পড়ে। প্রশাসনের নীচু স্তরে দুর্নীতি থাকায় মানুষের দুর্গতি আরও বৃদ্ধি পায়। ঐতিহাসিক এডওয়ার্ডস বলেছেন, পুলিশ ছিল "বিভীষিকার বস্তু"। বিচারের ব্যবস্থা এত জটিল ছিল যে, ধনীর পক্ষে গরীবের উপর জুলুম চালানো সহজ হয়ে গিয়েছিল। এইসব পরিস্থিতিতে ভারতের মানুষ মরিয়া হয়ে উঠেছিল।

অর্থনৈতিক কারণ

ব্রিটিশ শাসনের বিরুদ্ধে জনসাধারণের ধর্মীয় ও সামাজিক অভিযোগও ছিল। ভারতীয়দের মনে এই বিশ্বাস হয়েছিল যে, ইংরেজ শাসনে তারা ধর্মান্তরিত হবে।

মিশনারীদের সর্বত্র অবাধ গতিবিধি ও কার্যকলাপ এই ধারণা সৃষ্টিতে সাহায্য করে। বিদ্যালয়, জেলখানা, হাসপাতাল, প্রায় সর্বত্র মিশনারীরা সক্রিয় ছিল। মিশনারীরা সর্বত্র প্রকাশ্যভাবে হিন্দু ও মুসলমান ধর্মকে আক্রমণ করে প্রচার চালাত। সাধারণ মানুষের চিরাচরিত প্রথা ও সংস্কারগুলি নিয়ে ব্যঙ্গ বিদ্রূপ করত। সেনাবাহিনীতে খ্রীষ্টান পুরোহিত রাখা হত। ১৮৫০ খ্রীষ্টাব্দে সম্পত্তির উত্তরাধিকার আইন পাস করে বলা হল ধর্মান্তরিত খ্রীষ্টানকে পৈতৃক সম্পত্তি থেকে বঞ্চিত করা চলবে না। ১৮৫৭ খ্রীষ্টাব্দে মিঃ আর. ডি. ম্যানগেলস্ ব্রিটিশ পার্লামেন্টের এক ভাষণে খ্রীষ্টধর্ম প্রচারের উপর জোর দেন। এ ছাড়াও পাশ্চাত্য শিক্ষার বিস্তার রক্ষণশীল হিন্দুদের বিক্ষুব্ধ করে। গঙ্গা নদী থেকে জলসেচের ব্যবস্থা গোঁড়া হিন্দুদের সংস্কারে আঘাত করেছিল। সতীদাহ-প্রথা উচ্ছেদ, বিধবা পুনর্বিবাহ নিয়ে আইন, স্ত্রীলোকদের মধ্যে পাশ্চাত্য শিক্ষাবিস্তার, এই কাজগুলিকে ভারতীয় রক্ষণশীলরা ইংরেজদের অনধিকার চর্চা বলে মনে করত। মুসলমান সমাজেও অনুরূপ আতঙ্ক সৃষ্টি হয়েছিল। এই আতঙ্কও ব্রিটিশবিরোধী মনোভাব সৃষ্টিতে ইন্ধন যুগিয়েছিল।

ধর্মীয় ও সামাজিক কারণ

ধীরে ধীরে জনসাধারণের মনে ইংরেজ বিরোধী বিদ্বেষ যখন তৈরী হচ্ছিল তখন আরও কয়েকটি ঘটনায় তাদের মনে ব্রিটিশ শক্তির অজেয়তা সম্পর্কে সন্দেহ দেখা দিয়েছিল ও বিশ্বাস জন্মেছিল যে, ব্রিটিশ শক্তির অবসানের দিন ঘনিয়ে আসছে। আফগান যুদ্ধ (১৮৩৮-৪২ খ্রীঃ), পাঞ্জাব যুদ্ধ (১৮৪৫-৪৯ খ্রীঃ), ক্রিমিয়ার যুদ্ধে (১৮৫৩-৫৬ খ্রীঃ) ব্রিটিশ শক্তি পর্যুদস্ত হয়েছিল। ১৮৫৫-৫৬ খ্রীষ্টাব্দে সাঁওতাল বিদ্রোহের সময়েও সংঘবদ্ধ শক্তির বিরুদ্ধে ব্রিটিশদের অসহায়তা থেকে ভারতীয়রা শিক্ষা নিয়েছিল। এইসব ঘটনায় ব্রিটিশদের বিতাড়নের শক্তি যে তাদের আছে এই আত্মবিশ্বাস গড়ে উঠেছিল।

ভারতীয়দের আত্মবিশ্বাস

১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ শুরু হয়েছিল প্রথমে কোম্পানির সিপাহীদের মধ্যে। এই সিপাহীদের আনুগত্যের উপর নির্ভর করে ব্রিটিশ শক্তি ভারত জয় করেছিল। সিপাহীরা বেতনভুক কর্মচারী হলেও মূলত তারা ছিল ভারতীয়। সুতরাং ভারতীয়দের দুঃখ, দুর্দশা থেকে তারাও মুক্ত ছিল না। সিপাহীদের মধ্যেই ধারণা জন্মায় যে, ইংরেজরা জনসাধারণকে খ্রীষ্টধর্মে দীক্ষিত করার মতলব নিয়েছে। সামরিক কর্তৃপক্ষের নির্দেশ ছিল কোন সিপাহী জাতি হিসাবে কোন চিহ্ন ধারণ করতে পারবে না—এমন কি দাড়ি রাখা বা পাগড়ি পরা নিষিদ্ধ ছিল। ১৮৫৬ খ্রীষ্টাব্দে আইন জারী করা হয় যে, প্রয়োজনে ভারতের বাইরে কালাপানি পেরিয়ে সিপাহীদের যেতে হবে। এই আইন সিপাহীদের ধর্মমতের পরিপন্থী ছিল। তখনকার দিনে হিন্দুদের সাগর পার হওয়া নিষিদ্ধ ছিল। ইংরেজ প্রভুদের বিরুদ্ধে সিপাহীদের আরও বিক্ষোভ ছিল। ইংরেজ উঁচু সামরিক কর্মচারীরা ভারতীয় সিপাহীদের ঘৃণার চোখে দেখত। একজন ইংরেজ সেনা ও ভারতীয় সেনা সমশ্রেণীর হলেও ভারতীয় সেনাকে কম বেতন দেওয়া হত। ইংরেজ সেনাদের চেয়ে ভারতীয় সেনাদের থাকা খাওয়ার ব্যবস্থাও ছিল নিকৃষ্ট ধরনের। সুবেদার পদের উপরে কোনও

সিপাহীদের বিক্ষোভ

ভারতীয়কে নিয়োগ করা হত না। দূরদেশে গেলে ভারতীয় সিপাহীরা কোন বাড়তি ভাতা পেত না, অথচ ইংরেজ সেনারা তা ভোগ করত। ভারতীয় সিপাহীদের উন্নতির কোন আশা থাকত না।

১৮৫৭ খ্রীষ্টাব্দের মধ্যে জনসাধারণের ভিতরে বিদ্রোহের এক পটভূমি গড়ে উঠেছিল। শুধুমাত্র একটি ঘটনার প্রয়োজন ছিল। সেই ঘটনাই ঘটল চর্বিযুক্ত বন্দুকের গুলির ব্যবহারকে কেন্দ্র করে। সামরিক বাহিনীতে 'এনফিল্ড' নামে একরকমের বন্দুক বা রাইফেলের ব্যবহার প্রবর্তিত হয়েছিল। পশুর চর্বিমিশ্রিত কার্তুজ দাঁতে কেটে এই বন্দুকে পুরতে হত। ভারতীয় সিপাহীদের মধ্যে প্রচারিত হল যে গোরু এবং শূকরের চর্বিমেশানো কার্তুজ ব্যবহারের নির্দেশ দিয়ে ইংরেজ সরকার হিন্দু ও মুসলমান সিপাহীর ধর্মনাশ করার ষড়যন্ত্র করছেন। এই ঘটনায় হিন্দু ও মুসলমান সিপাহীরা জাতিনাশের ভয়ে ক্ষেপে উঠে। ১৮৫৭ খ্রীষ্টাব্দের ১৯শে মার্চ কলকাতার কাছে ব্যারাকপুরে মঙ্গল পাণ্ডে নামে এক ব্রাহ্মণ সিপাহী-বিদ্রোহ ঘোষণা করেন। ক্রমে মীরাট, কানপুর, আম্বালা প্রভৃতি অঞ্চলে বিদ্রোহ ছড়িয়ে পড়ে। এইভাবে ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ শুরু হয়।

প্রত্যক্ষ কারণ

১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের বিস্তার ও জনগণের অংশগ্রহণ : ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ আকস্মিক ঘটনা না পূর্বপরিকল্পিত তা নির্ধারণ করা কঠিন কাজ। কারণ বিদ্রোহের নেতাদের লিখিত কোনও কাগজপত্র পাওয়া যায় না। অনেকে বলেন, এই বিদ্রোহ ছিল পূর্বপরিকল্পিত, কারণ বিদ্রোহের পূর্বে চাপাটি ও রক্তপদ্ম বিলি করা হয়েছিল ও ভ্রাম্যমাণ সন্ন্যাসী ফকির এঁরা বিদ্রোহের পক্ষে নেমেছিলেন। ভারতীয় সিপাহীদের রেজিমেণ্টগুলির গোপন কমিটি ১৮৫৭ খ্রীষ্টাব্দে ৩১শে মে বিদ্রোহ ঘোষণার দিন স্থির করেছিল। নানাসাহেব ও ফৈজাবাদের মৌলবী আহম্মদ শাহ ছিলেন বিদ্রোহীদের নেতা। কিন্তু আধুনিক ঐতিহাসিকরা এই মত গ্রহণ করেন না ; —তাঁদের মতে এমন সাক্ষ্য পাওয়া যায়নি যে, এই বিদ্রোহ পূর্বপরিকল্পিত। মনে হয় ষড়যন্ত্রের কাজ সম্পূর্ণ হওয়ার পূর্বেই বিদ্রোহ হঠাৎ শুরু হয়েছিল।

পূর্বপরিকল্পিত না আকস্মিক ?

প্রকৃতপক্ষে ১০ই মে মীরাটে বিদ্রোহ শুরু হয়। ক্রমে উত্তরে পাঞ্জাব থেকে দক্ষিণে নর্মদানদীর তীরভূমি, পূর্বে বিহার থেকে পশ্চিমে রাজপুতনা এই বিস্তীর্ণ ক্ষেত্র ছিল ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের লীলাক্ষেত্র। মীরাটে ভারতীয় অশ্বারোহী বাহিনীর সেনারা চর্বিযুক্ত টোটা ব্যবহার করতে অস্বীকার করলে ৯০ জনকে বন্দী করা হয়। ১০ই মে, ১৮৫৭ খ্রীষ্টাব্দে এই সেনাদের সহকর্মীরা ঊর্ধ্বতন কর্মচারীদের হত্যা করে তাদের উদ্ধার করে। এই বিদ্রোহীরা দিল্লী পৌঁছে মুঘল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহকে সম্রাটরূপে ঘোষণা করে। ক্রমে অযোধ্যা, রোহিলখণ্ড, দোয়াব, বুন্দেলখণ্ড, মধ্যভারত, বিহারের অধিকাংশ ও পূর্ব পাঞ্জাবে ব্রিটিশ কর্তৃত্ব মুছে ফেলা হয়েছিল। বহু সামন্ত শাসিত রাজ্যের শাসকরা ব্রিটিশের অনুগত থাকলেও তাদের সেনারা বিদ্রোহে যোগ দিয়েছিল। রাজস্থান ও

বিদ্রোহের বিস্তার

মহারাষ্ট্রের ছোট ছোট বহু সামন্ত, প্রজাদের সমর্থনে বিপ্লবে যোগ দেন। হায়দরাবাদ ও বাংলার বিক্ষিপ্ত এলাকাতেও এই বিদ্রোহ দেখা দিয়েছিল।

উত্তর ও মধ্য ভারতে এই বিদ্রোহে জনসাধারণও যোগ দিয়েছিল। সিপাহীরা ইংরেজ প্রভুত্ব অমান্য করার সঙ্গে সঙ্গে জনসাধারণের বিদ্রোহও আত্মপ্রকাশ করেছিল। কোনও স্থানে সিপাহীদের বিদ্রোহ শুরু হওয়ার পূর্বেই জনসাধারণ লড়াই-এ নেমে পড়েছিল। সিপাহীদের ছাউনি নেই এমন অঞ্চলেও জনসাধারণ বিদ্রোহে অংশ নিয়েছিল। উত্তরপ্রদেশ ও বিহারে কৃষক ও শ্রমিক শ্রেণীর মানুষ ব্যাপক ভাবে বিদ্রোহে যোগ দিয়ে একে মহাবিদ্রোহে পরিণত করেছিল।

জনসাধারণের যোগদান

এই অঞ্চলের কৃষক ও পুরানো তালুকদাররা মহাজন ও নতুন জমিদারদের উপর আক্রমণ চালিয়ে তাদের ক্ষোভের প্রকাশ ঘটিয়াছিল। এইসব বিদ্রোহীরা ব্রিটিশ স্থাপিত আদালত, তহসিল বা খাজনা আদায়ের অফিস, থানা প্রভৃতিকে আক্রমণের লক্ষ্যবস্তু করেছিল। প্রকৃতপক্ষে সিপাহীদের চেয়ে জনসাধারণই অনেক ক্ষেত্রে বেশী সক্রিয় ছিল। অযোধ্যাতে নিহত দেড় লক্ষ বিদ্রোহীর মধ্যে একলক্ষই ছিল সাধারণ মানুষ। অনেক জায়গায় জনসাধারণ বিদ্রোহ না করলেও বিদ্রোহের প্রতি সহানুভূতিসম্পন্ন ছিল। এই বিদ্রোহ দমনে ইংরেজ সেনা দিল্লী, অযোধ্যা, উত্তর-পশ্চিম প্রদেশ, আগ্রা, মধ্য ভারত, পশ্চিম বিহার প্রভৃতি স্থানের সাধারণ মানুষকে দমনের জন্য গ্রামের পর গ্রাম আগুন জ্বালিয়ে দিয়েছিল, বহু সংখ্যক শহরবাসীকে হত্যা করেছিল। ইংরেজদের এই 'মরিয়া' আচরণ থেকে বোঝা যায়, বিদ্রোহী মনোভাব ব্যাপক ও বদ্ধমূল ছিল। রেভারেণ্ড ডাফ্ মন্তব্য করেন, "এই বিদ্রোহ যে সিপাহী-বিদ্রোহ নয়, এটা যে একটা যুদ্ধ বা বিপ্লব তার প্রমাণ এই যে, এ পর্যন্ত বিদ্রোহ দমন করার কাজ বিশেষ সাফল্যমণ্ডিত হয়নি।"* এই বিদ্রোহের অপর বৈশিষ্ট্য ছিল হিন্দু-মুসলমান ঐক্য। হিন্দু ও মুসলমান বিদ্রোহীরা একে অপরের ধর্মমতের প্রতি সহনশীলতা দেখাত। প্রতিটি বিদ্রোহী বাহাদুর শাহকে সম্রাট বলে মেনে নিতে দ্বিধা করেনি।

বিদ্রোহের নেতৃবৃন্দ : ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের মূল কেন্দ্র ছিল দিল্লী, কানপুর, লক্ষ্ণৌ, বেরিলী, ঝাঁসী ও বিহারের আরা জেলা। দিল্লীতে বিদ্রোহের নামমাত্র নেতা ছিলেন মুঘল সম্রাট বাহাদুর শাহ। সেনাবাহিনীর সর্বাধ্যক্ষ ছিলেন বখ্‌তখান। দিল্লীর পতনের পর বখ্‌ত খান লক্ষ্ণৌ গিয়ে আমৃত্যু লড়াই চালান। কানপুরে বিদ্রোহের নেতা ছিলেন শেষ পেশোয়া দ্বিতীয় বাজীরাও-এর দত্তক পুত্র নানাসাহেব। নানাসাহেব বিদ্রোহীদের সাহায্যে ইংরেজদের কানপুর থেকে বিতাড়িত করে নিজেকে পেশোয়া বলে ঘোষণা করেন ও বাহাদুর শাহকে "ভারত-সম্রাট" বলে স্বীকার করেন। নানাসাহেবের সঙ্গে লড়াই-এর নেতৃত্ব দেন তাঁতিয়া টোপী। দেশপ্রেম, একাগ্র সংগ্রাম ও গেরিলা-যুদ্ধের জন্য তাঁতিয়া টোপীর নাম চিরস্মরণীয় হয়ে থাকবে। নানাসাহেবের অপর

* বিপন চন্দ্র—আধুনিক ভারত থেকে উদ্ধৃত।

সহকারী ছিলেন আজিমুল্লা। লক্ষ্ণৌর বিদ্রোহ অযোধ্যার বেগমের নেতৃত্বে পরিচালিত হয়েছিল। তিনি তাঁর নাবালক পুত্র বিরজিস কাদিরকে অযোধ্যার নবাব বলে ঘোষণা করেছিলেন। ১৮৫৭ খ্রীঃ বিদ্রোহের অন্যতম নেত্রী ছিলেন ঝাঁসীর রানী লক্ষ্মীবাঈ। তিনি আফগান সেনা ও তাঁতিয়া টোপীর সাহায্যে গোয়ালিয়র দুর্গ দখল করতে সক্ষম হয়েছিলেন। সংগ্রামরত অবস্থায় ১৮৫৮ খ্রীঃ তিনি মারা যান। বিহারে বিদ্রোহের মূল

নানাসাহেব

লক্ষ্মীবাঈ

সংগঠক ছিলেন জগদীশপুরের প্রাক্তন জমিদার কুনওয়ার সিং। ৮০ বছরের বৃদ্ধ হয়েও তিনি ছিলেন সমরনিপুণ ও কুশলী সংগঠক। তিনি নানাসাহেবের সেনাদলের সঙ্গে যুক্ত হয়েছিলেন। ফৈজাবাদের আহম্মদুল্লা ছিলেন এই বিদ্রোহের আর এক বিশিষ্ট নেতা। তিনি মাদ্রাজের অধিবাসী ছিলেন। ১৮৫৭ খ্রীষ্টাব্দে তিনি ফৈজাবাদে এসে পরে বিদ্রোহের সঙ্গে যুক্ত হন। লক্ষ্ণৌ-এ বিদ্রোহের পরাজয়ের পর তিনি রোহিলখণ্ডে বিদ্রোহ পরিচালনা করেন।

১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের প্রকৃতি : ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের স্বরূপ ও প্রকৃতি নিয়ে তীব্র মতবিরোধ আছে। কেউ কেউ এই বিদ্রোহকে শুধু সিপাহীদের বিদ্রোহ বলেছেন ; আবার কারো মতে, এই বিদ্রোহ ছিল জাতীয় সংগ্রাম। কোন কোন ঐতিহাসিক এই বিদ্রোহকে সামন্ত প্রতিক্রিয়া বলেছেন। ইংরেজ ঐতিহাসিকদের মধ্যে নর্টন, ডাফ্, হোমস্ প্রমুখ বলেছেন, ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ সিপাহীদের দ্বারা শুরু হলেও ক্রমে তা জাতীয় আন্দোলনে পরিণত হয়েছিল। অপর একদল ইংরেজ ঐতিহাসিক যেমন জন কে,

বিভিন্ন মত

রবার্টস্ প্রভৃতির মতে এই বিদ্রোহ সিপাহী বিদ্রোহ ছাড়া আর কিছু ছিল না। সমসাময়িক লেখকগণ যেমন স্যার জন লরেন্স, স্যার সৈয়দ আহম্মদ খাঁ, দুর্গাদাস বন্দ্যোপাধ্যায়, এই বিদ্রোহকে সিপাহী ও স্বার্থান্বেষী ব্যক্তিদের দ্বারা সংঘটিত বিদ্রোহ বলেছেন। প্রখ্যাত বিপ্লবী বীর সাভারকার ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহকে প্রথম স্বাধীনতা যুদ্ধ বলে উল্লেখ করেছেন।

সিপাহী-বিদ্রোহের পক্ষে যুক্তি

যাঁরা এই বিদ্রোহকে সিপাহী বিদ্রোহ বলেছেন, তাঁদের অভিমত হল এই বিদ্রোহে কোন রাজনৈতিক দল যোগ দেয় নি। কোনও বিদেশী শক্তি যেমন রাশিয়া বা পারস্য এই বিদ্রোহকে সাহায্য করে নি। ভারতের বহু অঞ্চল এই বিদ্রোহের বাইরে ছিল। দাক্ষিণাত্যে এই বিদ্রোহের তরঙ্গ পৌছায় নি। শিখ, রাজপুত ও গোর্খারাও এই বিদ্রোহে অংশ নেয় নি। আধুনিক শিক্ষায় শিক্ষিত বাঙ্গালীরাও এই বিদ্রোহে নেতৃত্ব দেয় নি। সমাজের সব শ্রেণীর মানুষ এতে যোগ দেন নি। সুতরাং বিদ্রোহের প্রকৃতি ছিল সামরিক,—একে সিপাহী বিদ্রোহ বলা যায়। যাঁরা এই বিদ্রোহকে জাতীয় সংগ্রাম বা প্রথম স্বাধীনতা যুদ্ধ বলেন, তাঁরাও নানা যুক্তি উত্থাপন করেছেন। তাঁদের মতে, এই বিদ্রোহের লক্ষ্য ছিল ভারতবর্ষ থেকে ইংরেজদের বিতাড়ন করে মুঘল সম্রাট বাহাদুর শাহের অধীনে স্বাধীন ভারত প্রতিষ্ঠা করা। হিন্দু ও মুসলমান ঐক্যবদ্ধ ভাবে এই বিদ্রোহে অংশ নিয়েছিলেন। বিদ্রোহ শুধু সিপাহীদের মধ্যে সীমাবদ্ধ না থেকে অযোধ্যা ও বিহারের গণবিদ্রোহের রূপ নিয়েছিল। ঝাঁসীর রানী, নানাসাহেব, কুনওয়ার সিংহ প্রমুখ নেতারা ছিলেন অসামরিক ব্যক্তি। সুতরাং, এই বিদ্রোহকে সিপাহী বিদ্রোহ বলা যায় না। ভারতের সব অঞ্চল এই বিদ্রোহে যোগ না দিলেও এতে জাতীয়তাবাদী বৈশিষ্ট্যের অভাব ছিল না। বিদ্রোহে সিপাহী ও জনসাধারণ নির্ভয়ে প্রাণ দিয়েছিলেন। দ্বিতীয় বাহাদুর শাহকে সম্রাট হিসাবে ঘোষণা বিদ্রোহীদের স্বাধীনতা প্রিয়তার স্পষ্ট লক্ষণ। বিদ্রোহীরা সমগ্র হিন্দুস্থানের সম্রাট হিসাবে মুঘল বংশের উত্তরাধিকারীকেই নির্বাচিত করেছিল। সুতরাং, ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহকে শুধু সিপাহী বিদ্রোহ বলে আখ্যা দেওয়া যুক্তিযুক্ত নয়।

জাতীয় সংগ্রাম বলার পক্ষে যুক্তি

ডঃ রমেশচন্দ্র মজুমদারের অভিমত

আধুনিক কালে ডঃ রমেশচন্দ্র মজুমদার ও ডঃ সুরেন্দ্রনাথ সেন ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের প্রকৃতি নিয়ে বিস্তৃত আলোচনা করেছেন। ডঃ মজুমদার* বলেছেন এই বিদ্রোহ ব্রিটিশদের বিরুদ্ধে ব্যাপক প্রস্তুতি ও পরিকল্পনা ছাড়াই শুরু হয়েছিল। কয়েকটি মাত্র অঞ্চলে এই বিদ্রোহ গণবিদ্রোহের রূপ নিয়েছিল। বিদ্রোহের নেতারা স্বার্থপর নীতির দ্বারা তাড়িত হয়ে অংশগ্রহণ করেছিলেন। কোন যৌথ পরিকল্পনা বা যোগাযোগ তাঁদের মধ্যে ছিল না। রাজনৈতিক চেতনাসম্পন্ন শিক্ষিত ভারতীয়রা এই হিংসাত্মক

* R. C. Majumder—The Sepoy Mutiny and Revolt of 1857.

রক্তক্ষয়ী সংগ্রামের নিন্দা করেছিলেন। মাতৃভূমিকে বিদেশী শাসনমুক্ত করার জন্য কোন সর্বজনীন আদর্শ ও লক্ষ্যও গ্রহণ করা হয় নি। সুতরাং ডঃ মজুমদার এই বিদ্রোহকে জাতীয় সংগ্রাম বা প্রথম স্বাধীনতা-যুদ্ধ আখ্যা দিতে চান না।

ডঃ সুরেন্দ্রনাথ সেনের অভিমত

ডঃ সুরেন্দ্রনাথ সেন* ভিন্ন দৃষ্টিকোণ থেকে ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহকে বিচার করেছেন। তাঁর মতে সিপাহীদের বিক্ষোভের ফলে শুরু হলেও, এই বিদ্রোহ অসামরিক জনসাধারণের পুঞ্জীভূত অসন্তোষ থেকে শক্তি সঞ্চয় করেছিল। বিদ্রোহ শুধু সিপাহীদের মধ্যে সীমাবদ্ধ থাকে নি। বিভিন্ন ধর্ম, বর্ণ ও শ্রেণীর মানুষ এই সংগ্রামে যোগ দিয়েছিল ও বিদ্রোহ অনেক জায়গায় গণ-বিদ্রোহে পরিণত হয়েছিল। ডঃ সেনের মতে অযোধ্যা, রোহিলখণ্ড ও উত্তর-পশ্চিম অঞ্চলের কোন কোন রাজ্যে এই বিদ্রোহ জাতীয় সংগ্রামের আকার ধারণ করেছিল।

মন্তব্য

এই প্রসঙ্গে স্মরণ রাখা প্রয়োজন যে, ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের সময় ভারতে জাতীয়তাবাদের আদর্শ গড়ে উঠে নি। বিদ্রোহীদের চিন্তা ও দৃষ্টিভঙ্গিও ছিল সংস্কার ও প্রগতি বিরোধী। তবুও সমসাময়িক রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক পরিস্থিতিতে ইংরেজবিরোধী এই বিদ্রোহ ছিল অবশ্যম্ভাবী। তাই ইংরেজ ঐতিহাসিক ও সমসাময়িক রেভারেণ্ড ডাফ্ এই বিদ্রোহকে জাতীয় বিদ্রোহ বলেছেন। সিপাহীরা বিদ্রোহ শুরু করলেও জনসাধারণ এই বিদ্রোহে যোগ দেয়। সুতরাং, নিছক সিপাহী বিদ্রোহ না বলে এই বিদ্রোহকে মহাবিদ্রোহ বলাই যুক্তিযুক্ত।

১৮৫৭ সালের মহাবিদ্রোহের ব্যর্থতার কারণঃ ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহা-বিদ্রোহ দাবানলের মতো জ্বলে উঠলেও, কিছুকালের মধ্যেই তা স্তিমিত হয়ে যায়। এই বিফলতার পিছনে কয়েকটি কারণ লক্ষ্য করা যায়। প্রথমতঃ দেশের সমগ্র জনসাধারণ, বিশেষ করে মধ্যবিত্ত শ্রেণী ও দেশীয় রাজারা, শিখ, গুর্খা ও রাজপুত যোদ্ধা জাতি এবং বোম্বাই ও মাদ্রাজের সিপাহীরা এই বিদ্রোহে যোগ দেয়নি। দ্বিতীয়তঃ কোন সুপরি-কল্পিত কার্যক্রম নিয়ে এই বিদ্রোহ শুরু হয় নি। বিদ্রোহীরা বিভিন্ন অঞ্চলে ক্ষুদ্র ক্ষুদ্র ভাগে বিভক্ত ছিল। তাদের নেতাদের আদর্শ ও উদ্দেশ্যও এক ছিল না। তাঁরা নিজ নিজ স্বার্থসিদ্ধির প্রতি বেশী দৃষ্টি দিয়েছিলেন। ঝাঁসীর রানী লক্ষ্মীবাঈ, নানাসাহেব প্রমুখ স্থানীয় পরিকল্পনা নিয়ে নিজ নিজ এলাকায় যুদ্ধ করেছেন। বিদ্রোহকে পরিচালনা ও সফল করার জন্য কোনও কেন্দ্রীয় পরিকল্পনা ছিল না। বিদ্রোহ ছিল বিচ্ছিন্ন ও বিক্ষিপ্ত। তৃতীয়তঃ ভারতের সব অঞ্চল ব্যাপী বিদ্রোহ না হওয়ায় ইংরেজরা শান্তিপূর্ণ অঞ্চল থেকে সেনাবাহিনী সরিয়ে বিদ্রোহ দমনে নিয়োগ করেছিল। চতুর্থতঃ বিদ্রোহীদের মধ্যে লক্ষ্য ও আদর্শের বিভেদ থাকায় জনসাধারণও বিভ্রান্ত হয়ে পড়েছিল। নানাসাহেবের উদ্দেশ্য ছিল পেশোয়া পদের পুনঃপ্রতিষ্ঠা, আবার দ্বিতীয় বাহাদুর শাহ চেয়েছিলেন মুঘল সাম্রাজ্য পুনঃপ্রতিষ্ঠা করতে। পঞ্চমতঃ বিদ্রোহীদের মধ্যে সর্বভারতীয়

* Dr. S. N. Sen—Eighteen Fifty Seven.

নেতৃত্ব দেওয়ার মতো কেউ যোগ্য ছিলেন না। ইংরেজ নেতৃত্বের সঙ্গে পাল্লা দেওয়ার মত ব্যক্তিত্ব কারোই ছিল না। ষষ্ঠতঃ ইংরেজদের সামরিক সংগঠন এবং রণকৌশল বিদ্রোহীদের চেয়ে অনেক উন্নত ছিল। সেনাপতিদের দক্ষতায়, উন্নত অস্ত্রশস্ত্রে, ডাক ও তার ব্যবস্থার প্রয়োগে তারা জয়ী হয়।

১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের ফলাফল : ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের ফলে ভারতের ইতিহাসে নানা গুরুত্বপূর্ণ পরিবর্তনের সূচনা হয়। ঐতিহাসিক স্যার লেপেল গ্রিফিন মন্তব্য করেছেন, "ভারতীয় আকাশ থেকে অনেক মেঘকে দূরে সরিয়ে দেয়"। ব্রিটেনের ইংরেজ সরকার এই বিদ্রোহের ফলে কোম্পানীর শাসনের ত্রুটি সম্পর্কে অবহিত হলেন। ব্রিটেনের ইংরেজ সরকার ভারতবর্ষের মত এক বিরাট দেশকে একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের হাতে রাখা যুক্তিযুক্ত মনে করলেন না। এই দেশের শাসনব্যবস্থার পরিবর্তন ও উন্নতির জন্য ১৮৫৮ খ্রীঃ ২রা আগস্ট ব্রিটিশ পার্লামেন্টে একটি নতুন আইন পাস হয়। এই আইনের বলে ভারত শাসনের দায়িত্ব ইংলণ্ডের রানী ভিক্টোরিয়ার উপর ন্যস্ত হয়। মন্ত্রীসভার ভারত-বিষয়ক সচিব নিযুক্ত হন ও ১৫ সদস্য বিশিষ্ট তাঁর উপদেষ্টা পরিষদও গঠিত হয়।

কোম্পানীর শাসনের অবসান

১৮৫৮ খ্রীষ্টাব্দের ১লা নভেম্বর মহারানী ভিক্টোরিয়ার ঘোষণাপত্রের মাধ্যমে—(১) দেশীয় শাসকদের আশ্বাস দেওয়া হয় যে, এরপর তাঁরা দত্তকপুত্র নিতে পারবেন ও তাঁদের সঙ্গে সম্পাদিত পূর্ব চুক্তিগুলি মান্য করা হবে, (২) ব্রিটিশ সরকার ভারতে আর রাজ্যবিস্তার করবেন না, (৩) বিদ্রোহের সময় একমাত্র ব্রিটিশ নাগরিক ও প্রজাদের হত্যাকাণ্ডের সঙ্গে প্রত্যক্ষ-ভাবে জড়িত ব্যক্তিরা ছাড়া অপর কাউকে শাস্তি দেওয়া হবে না এবং জাতিধর্ম নির্বিশেষে গুণ ও যোগ্যতানুযায়ী ভারতবাসীকে উঁচু রাজকাজে নিয়োগ করা হবে।

মহারানীর ঘোষণা

সামরিক বাহিনীকে নতুন করে গঠন করা হয়। 'বিভাগ ও বিভেদ' নীতি অনুসরণ করে প্রেসিডেন্সী সেনাবাহিনীকে পৃথক করে রাখা হয়। ইউরোপীয় সেনার সংখ্যা বৃদ্ধি করা হয়। গোলন্দাজ বাহিনীতে ভারতীয়দের নিয়োগ নিষিদ্ধ হয়। ভারতীয়দের যোগ্যতা থাকলেও সামরিক বিভাগে উঁচু পদ থেকে বঞ্চিত করা হয়।

সামরিক সংস্কার

মহাবিদ্রোহের অবসানে ভারতে এক নতুন যুগের সূচনা হয়। মহাবিদ্রোহের পর থেকে ব্রিটিশ সরকার প্রতিক্রিয়াশীল নীতি গ্রহণ করে। মহাবিদ্রোহের পর ভারতের সামাজিক, রাজনৈতিক ও অর্থ-নৈতিক ক্ষেত্রে নবজাগরণের সূচনা হয়। নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে সমাজের পুনর্গঠনের আন্দোলন শুরু হয়—এই আন্দোলনই ক্রমে রাজনৈতিক আন্দোলনে পরিণত হয়।

নতুন যুগের সূচনা

পরিশিষ্ট—১

বিভিন্ন বংশ-তালিকা

হর্যঙ্ক বংশ

(১) বিম্বিসার (৫৪৩ খ্রীঃ পূঃ)
(২) অজাতশত্রু
(৩) উদয়ী
(৪) অনিরুদ্ধ ও মুণ্ড
(৫) নাগদশক

শৈশুনাগ বংশ

(১) শিশুনাগ
(২) কালাশোক বা কাকবর্ণ
(৩) নন্দীবর্ধন ও তাঁহার ভ্রাতাগণ

নন্দ বংশ

(১) মহাপদ্ম নন্দ (পৌরাণিক মতে মৃত্যুর তারিখ ৩৩৮ খ্রীঃ পূঃ)
(২) মহাপদ্মের আট পুত্রের মধ্যে ধননন্দের নাম পাওয়া যায়

মৌর্য বংশ

(১) চন্দ্রগুপ্ত মৌর্য (প্রিয়দর্শন)
(২) বিন্দুসার (অমিত্রাঘাত)

- সুশিম
- (৩) অশোক (প্রিয়দর্শী)
  - মহেন্দ্র
  - সঙ্ঘমিত্রা (কন্যা)
  - চারুমতী (কন্যা)
  - (৪) কুনাল
    - (৫) দশরথ
    - (৬) সম্প্রতি
      - (৭) শালিশুক
        - (৮) বৃহদ্রথ
    - বিগতাশোক
      - বীরসেন
  - জলৌক
  - তীব্র
- বিগতাশোক

গুপ্ত বংশ

- (১) শ্রীগুপ্ত
  - (২) ঘটোৎকচ গুপ্ত
    - (৩) প্রথম চন্দ্রগুপ্ত
      - (৪) সমুদ্রগুপ্ত (পরাক্রমাঙ্ক)
        - রামগুপ্ত (?)
        - (৫) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (বিক্রমাদিত্য)
          - গোবিন্দ গুপ্ত
          - (৬) প্রথম কুমার গুপ্ত
            - (৭) স্কন্দগুপ্ত
            - (৮) পুরুগুপ্ত
              - (৯) নরসিংহ গুপ্ত (বলাদিত্য)
                - দ্বিতীয় কুমার গুপ্ত
                  - বিষ্ণু গুপ্ত
              - (১০) বুধ গুপ্ত
            - ঘটোৎকচ গুপ্ত
          - প্রভাবতী গুপ্ত (কন্যা)

বাংলায় পাল বংশ

- দয়িত বিষ্ণু
  - বাপাত্য
    - (১) গোপাল (প্রথম)
      - (২) ধর্মপাল
        - ত্রিভুবন পাল
        - (৩) দেবপাল
          - রাজ্যপাল
      - বাকপাল
        - জয়পাল
          - প্রথম বিগ্রহ পাল
            - নারায়ণ পাল

পুষ্যভূতি বংশ

- নরবর্ধন
  - প্রথম রাজ্যবর্ধন
    - প্রভাকর বর্ধন
      - দ্বিতীয় রাজ্যবর্ধন
      - হর্ষবর্ধন (শিলাদিত্য)
        - কন্যা = দ্বিতীয় ধ্রুবসেন (বলভী)
      - রাজ্যশ্রী (মৌখরীরাজ্ঞী)

প্রতিহার বংশ

- অজ্ঞাত
  - প্রথম নাগভট্ট
  - নাম অজ্ঞাত
    - কাকুস্থ
    - দেবরাজ
      - বৎসরাজ
        - দ্বিতীয় নাগভট্ট
          - রামভদ্র
            - প্রথম ভোজ (কনৌজ)
              - যুবরাজ নাগভট
              - প্রথম মহেন্দ্রপাল
                - প্রথম মহীপাল
                  - দেবপাল (?)
                    - দ্বিতীয় মহীপাল (?)
                  - বিজয় পাল (?)
                    - রাজ্যপাল (?)
                      - ত্রিলোচন পাল (?)
                        - যশোপাল (?)
                - দ্বিতীয় ভোজ
                - বিনয় পাল

দিল্লীর সুলতানবৃন্দ

দাসবংশ (১২০৬-১২৯০ খ্রীঃ)

- (১) কুতবউদ্দীন আইবক
  - (২) আরাম শাহ্
  - (৩) কন্যা+জামাতা ইলতুৎমিস
    - নাসিরউদ্দীন মহম্মদ
    - (৪) রুকনুদ্দিন ফিরোজ
      - (৭) আলাউদ্দীন মামুদ
    - (৫) রাজিয়া কন্যা
    - (৬) মইজুদ্দিন বাহারাম
    - (৮) নাসিররুদ্দিন মহম্মদ
      - কন্যা+জামাতা নাসিরুদ্দিন বলবন
        - মহম্মদ
          - কাইকোবাদ
        - বুখরা খাঁ

খলজী বংশ

- কুরাইম খাঁ (১২৯০-১৩২০ খ্রীঃ)
  - (১) জালালউদ্দিন খলজী
    - (২) রুকনুদ্দিন ইব্রাহিম
  - মামুদ
    - (৩) আলাউদ্দিন খলজী
      - খিজির খাঁ
      - (৪) শাহীবুদ্দিন উমর
      - (৫) কুতবউদ্দিন মুবারক
        - (৬) নাসিরুদ্দিন খসরু

তুঘলক বংশ (১৩২০-১৪১৩ খ্রীঃ)

- (১) গিয়াসউদ্দীন তুঘলক
  - (২) মহম্মদ-বিন-তুঘলক
- রজব
  - (৩) ফিরোজ তুঘলক
    - ফতে খাঁ
      - (৪) গিয়াসুদ্দিন তুঘলক
      - (৮) নসরৎ শাহ
    - জাফর খাঁ
      - (৫) আবুবকর
    - (৬) মুহম্মদ শাহ
      - (৭) আলাউদ্দিন সিকন্দর
      - (৯) মুহম্মদ শাহ

মুঘল বংশ

- (১) জাহিরউদ্দিন বাবর
  - হুমায়ুন
    - আকবর
      - জাহাঙ্গীর (সেলিম)
        - খসরু
        - পরভেজ
        - শাহ্‌জাহান
          - দারা
          - সুজা
          - ঔরঙ্গজেব
            - মহম্মদ
            - মোজায়েম বা প্রথম শাহ্ আলম (প্রথম বাহাদুর শাহ্)
              - জাহান্দার শাহ্
                - দ্বিতীয়-আলমগীর
                  - দ্বিতীয়-শাহ্ আলম
                    - দ্বিতীয় আকবর শাহ্
                      - দ্বিতীয় বাহাদুর শাহ্
              - আজিম উস্‌শান
                - ফারুকশিয়ার
              - রফিউসশান
                - মহম্মদ ইব্রাহিম
                - রফি উদ্‌দৌলা
                - রফি-উদ-দারাজাত
              - জাহানশাহ্
                - মহম্মদ শাহ্
                  - আহম্মদ শাহ্
            - আজম
            - আকবর
              - নেকুশিয়ার
            - কামবক্স
          - মুরাদ
        - শাহ্‌রিয়ার
      - মুরাদ
      - দানিয়াল
    - মির্জা হাকিম
  - কামরান
  - হিন্দাল
  - আসকারী

মারাঠা বংশ

- জিজাবাঈ = শাহজী = তুকাবাঈ
  - সইবাঈ = শিবাজী = সয়রাবাঈ
    - প্রথম শম্ভুজী
      - শাহু (দ্বিতীয় শিবাজী)
        - রামরাজা (দত্তক)
          - দ্বিতীয় শাহু (দত্তক)
            - প্রতাপ সিং
            - শাহজী রাজা
    - তারাবাঈ = রাজারাম = রাজসবাঈ
      - তৃতীয় শিবাজী
        - রামরাজা (শাহুর দত্তকপুত্র)
      - দ্বিতীয় শম্ভুজী (কোলাপুর)
        - চতুর্থ শিবাজী

পেশোয়ার বংশ

- বিশ্বনাথ
  - (১) বালাজী বিশ্বনাথ
    - (২) প্রথম বাজীরাও
      - (৩) বালাজী বাজীরাও
        - বিশ্বাস রাও
        - (৪) মাধব রাও
        - (৫) নারায়ণ রাও
          - (৭) মাধব রাও নারায়ণ
      - (৬) রঘুনাথ রাও
        - অমৃত রাও
        - (৯) দ্বিতীয় বাজীরাও
          - নানাসাহেব
        - (৮) চিমনজী আপ্পা
    - চিমনজী আপ্পা

বাংলার নবাব বংশ

মুর্শিদকুলী খাঁ (১৭০৩-১৭২৭ খ্রীঃ)

|

কন্যা = সুজাউদ্দিন খাঁ (১৭২৭-১৭৩৯ খ্রীঃ)

|

সরফরাজ খাঁ (১৭৩৯-১৭৪০ খ্রীঃ)

* * *

আলিবর্দী খাঁ (১৭৪০-১৭৫৬ খ্রীঃ)

|

(কন্যা) আমিনা বেগম = জৈন-উদ্দিন

|

সিরাজ-উদ্-দৌলা (১৭৫৬-১৭৫৭ খ্রীঃ)

* * *

মীরজাফর (১৭৫৭-১৭৬০, ১৭৬৩-১৭৬৫ খ্রীঃ)

- (কন্যা) ফতেমা বেগম = মীরকাশিম (১৭৬০-১৭৬৩ খ্রীঃ)
- নজম-উদ্-দৌলা (১৭৬৫-১৭৬৬ খ্রীঃ)
- সৈইফ-উদ্-দৌলা (১৭৬৬-১৭৭০ খ্রীঃ)

ব্রিটিশ গভর্নর ও গভর্নর জেনারেলগণ

(১৭৭৪—১৮৫৮ খ্রীষ্টাব্দ)

(ক) বাংলার গভর্নর

রবার্ট ক্লাইভ	১৭৫৭-৬০
ভ্যান্সিটার্ট	১৭৬০-৬৫
রবার্ট ক্লাইভ (দ্বিতীয় বার)	১৭৬৫-৬৭
ভেরেল্স্ট্	১৭৬৭-৬৯
কার্টিয়ার	১৭৬৯-৭২
ওয়ারেন হেস্টিংস	১৭৭২-৭৪

(খ) বাংলার গভর্নর জেনারেল

(১৭৭৩ খ্রীষ্টাব্দের রেগুলেটিং অ্যাক্ট অনুযায়ী)

ওয়ারেন হেস্টিংস	১৭৭৪-৮৫
স্যার জন ম্যাক্ফারসন্	১৭৮৫-৮৬
লর্ড কর্নওয়ালিশ	১৭৮৬-৯৩
স্যার জন শোর	১৭৯৩-৯৮
স্যার এ. ক্লার্ক	১৭৯৮
লর্ড ওয়েলেসলী	১৭৯৮-১৮০৫
লর্ড কর্নওয়ালিশ (দ্বিতীয় বার)	১৮০৫
স্যার জর্জ বার্লো	১৮০৫-০৭
আর্ল অব মিণ্টো (প্রথম)	১৮০৭-১৩
আর্ল অব ময়রা (মার্কুইস্ অব হেস্টিংস)	১৮১৩-২৩
জন অ্যাডাম	১৮২৩
লর্ড আমহার্স্ট	১৮২৩-২৮
উইলিয়ম বেইলী	১৮২৮ (মার্চ-জুলাই)
লর্ড উইলিয়াম বেণ্টিঙ্ক	১৮২৮-৩৩

(গ) ভারতের গভর্নর জেনারেল

(১৮৩৩ খ্রীষ্টাব্দের চার্টার অ্যাক্ট অনুযায়ী)

লর্ড উইলিয়াম বেণ্টিঙ্ক	১৮৩৩-৩৫
স্যার চার্লস্ (লর্ড) মেট্কাফ	১৮৩৫-৩৬
লর্ড অক্ল্যাণ্ড	১৮৩৬-৪২
লর্ড এলেনবরা	১৮৪২-৪৪
উইলিয়াম উইলবারফোর্স বার্ড	১৮৪৪ জুন
লর্ড হার্ডিঞ্জ	১৮৪৪-৪৮
লর্ড ডালহৌসি	১৮৪৮-৫৬
লর্ড ক্যানিং	১৮৫৬-৫৮

কালপঞ্জী

কিশ নামক স্থানে সিন্ধু সভ্যতার শীলমোহরের তারিখ—২৭০০ খ্রীঃ পূঃ
পশ্চিম এশিয়ার আর্য রাজাদের তারিখ—১৪৩৫ খ্রীঃ পূঃ।
মিটানি রাজাদের শিলালিপির তারিখ—১৩৭৫ খ্রীঃ পূঃ।
সিংহলী মতে বুদ্ধের নির্বাণ—৫২৭ খ্রীঃ পূঃ।
চীনা মতে বুদ্ধের নির্বাণ—৪৮৬ খ্রীঃ পূঃ।
আলেকজাণ্ডারের ভারত অভিযান—৩২৭-২৬ খ্রীঃ পূঃ।
চন্দ্রগুপ্ত মৌর্যের সিংহাসন লাভ—৩২৪ খ্রীঃ পূঃ।
অশোকের রাজত্বকাল—২৭৩-২৩৬ বা ২৩২ খ্রীঃ পূঃ।
কৃত-মালব-বিক্রম সম্বত—৫৬ খ্রীঃ।
শকাব্দ—৭৮ খ্রীঃ।
ত্রৈকুটক-কলচুরি সম্বত—২৪৮ খ্রীঃ।
গুপ্ত সম্বত—৩২০ খ্রীঃ।
দ্বিতীয় চন্দ্রগুপ্ত—৩৮০ খ্রীঃ।
ফা-হিয়েনের ভারত ভ্রমণ—৪০৫-১১ খ্রীঃ।
স্কন্দগুপ্ত—৪৬৭ খ্রীঃ।
হর্ষের সিংহাসন লাভ—৬০৬ খ্রীঃ।
দ্বিতীয় পুলকেশী চালুক্য—৬০৯ খ্রীঃ।
শশাঙ্ক—৬১৯-৬৩৬ খ্রীঃ।
হিজরী সন—৬২২ খ্রীঃ।
আইহোল শিলালিপি—৬৩৪ খ্রীঃ।
চীনে হর্ষের দৌত্য—৬৪১ খ্রীঃ।
সিন্ধুতে আরব আক্রমণ—৭১১ খ্রীঃ।
ত্রিশক্তি দ্বন্দ্ব—৭৮৩ খ্রীঃ।
ভোজের কনৌজ জয়—৮৩৬ খ্রীঃ।
রাজরাজ চোল—৯৮৫ খ্রীঃ।
সুলতান মামুদের ভারত আক্রমণ—১০০১ খ্রীঃ
সেন সম্বত—১১১৯ খ্রীঃ।
তরাইনের দ্বিতীয় যুদ্ধ—১১৯২ খ্রীঃ।
কুতবউদ্দিন আইবকের দিল্লী সুলতানি প্রতিষ্ঠা—১১৯২-৯৩ খ্রীঃ
বক্তিয়ার খলজীর বঙ্গবিজয়—১২০০-১২০৫ খ্রীঃ।
ইলতুৎমিস—১২৩৬ খ্রীঃ।
বলবনের সিংহাসন লাভ—১২৬৬ খ্রীঃ।
মার্কোপোলোর ভারত ভ্রমণ—১২৮৮ খ্রীঃ।
আলাউদ্দিন খলজীর রাজত্ব কাল—১২৯৬-১৩১৬ খ্রীঃ।

দেবগিরি ও দাক্ষিণাত্য অভিযান—১৩০৬-১০ খ্রীঃ।
মহম্মদ-বিন-তুঘলকের রাজত্বকাল—১৩২৫-১৩৫১ খ্রীঃ।
বাংলায় স্বাধীন সুলতানির প্রতিষ্ঠা—১৩৩৮-৩৯ খ্রীঃ।
ফিরোজ শাহ তুঘলকের সিংহাসন লাভ—১৩৫১ খ্রীঃ।
তৈমুরলঙ্গের ভারত আক্রমণ—১৩৯৮ খ্রীঃ।
গুরু নানকের জন্ম—১৪৬৯ খ্রীঃ।
বাংলায় হুসেন শাহের সিংহাসন লাভ—১৪৯৩ খ্রীঃ।
কৃষ্ণদেব রায়ের সিংহাসন লাভ—১৫০৯ খ্রীঃ।
গোয়ায় পর্তুগীজ অধিকার—১৫১০ খ্রীঃ।
প্রথম পানিপথের যুদ্ধ—১৫২৬ খ্রীঃ।
খান্নুয়ার যুদ্ধ—১৫২৭ খ্রীঃ।
শেরশাহের কনৌজের যুদ্ধজয়—১৫৪০ খ্রীঃ।
আকবরের জন্ম—১৫৪২ খ্রীঃ।
দ্বিতীয় পানিপথের যুদ্ধ—১৫৫৬ খ্রীঃ।
জিজিয়া কর লোপ—১৫৬৪ খ্রীঃ।
তালিকোটার যুদ্ধ—১৫৬৫ খ্রীঃ।
ফতেপুর সিক্রি স্থাপন—১৫৭১ খ্রীঃ।
বাংলায় মুঘল বিজয়—১৫৭৬ খ্রীঃ।
দিন-ই-ইলাহী ঘোষণা—১৫৮২ খ্রীঃ।
আসির গড় দুর্গ জয়—১৬০১ খ্রীঃ।
জাহাঙ্গীরের সিংহাসন লাভ—১৬০৫ খ্রীঃ।
সুরাটে প্রথম ইংরাজ কুঠী স্থাপন—১৬১২ খ্রীঃ।
স্যার টমাস রোর জাহাঙ্গীরের নিকট দৌত্য—১৬১৬ খ্রীঃ।
শিবাজীর জন্ম—১৬২৭ অথবা ১৬৩০ খ্রীঃ।
ঔরঙ্গজেবের সিংহাসন লাভ—১৬৫৮-৫৯ খ্রীঃ।
পণ্ডিচেরীতে ফরাসী কুঠী স্থাপন—১৬৭৪ খ্রীঃ।
জিজিয়া কর পুনঃ প্রবর্তন—১৬৭৯ খ্রীঃ।
শিবাজীর ছত্রপতি উপাধি গ্রহণ—১৬৭৭ খ্রীঃ।
কলিকাতা নগরীর প্রতিষ্ঠা—১৬৯০ খ্রীঃ।
ঔরঙ্গজেবের মৃত্যু—১৭০৭ খ্রীঃ।
পেশোয়াতন্ত্রের প্রতিষ্ঠা—১৭১৪ খ্রীঃ।
কোম্পানীকে ফারুকশিয়ারের ফারমান—১৭১৭ খ্রীঃ।
পলাশীর যুদ্ধ—১৭৫৭ খ্রীঃ।
তৃতীয় পানিপথের যুদ্ধ—১৭৬১ খ্রীঃ।
হায়দর আলীর অভ্যুত্থান—১৭৬১ খ্রীঃ।

বক্সারের যুদ্ধ—১৭৬৪ খ্রীঃ।
কোম্পানীর বাংলার দেওয়ানী লাভ—১৭৬৫ খ্রীঃ।
বাংলায় ছিয়াত্তরের মন্বন্তর—১৭৭০ খ্রীঃ।
রেগুলেটিং এ্যাক্ট—১৭৭৩ খ্রীঃ।
কলিকাতায় স্থপ্রিম কোর্টের প্রতিষ্ঠাতা—১৭৭৪ খ্রীঃ।
প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধ—১৭৭৫-৮২ খ্রীঃ।
সলবাইয়ের সন্ধি—১৭৮২ খ্রীঃ।
মুঙ্গেরের সন্ধি—১৭৮৪ খ্রীঃ।
পিটের ভারত শাসন আইন—১৭৮৪ খ্রীঃ।
রঞ্জিৎ সিংহের সিংহাসন লাভ—১৭৯২ খ্রীঃ।
শ্রীরঙ্গপত্তমের সন্ধি—১৭৯২ খ্রীঃ।
চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন—১৭৯৩ খ্রীঃ।
মহাদজী সিন্ধিয়ার মৃত্যু—১৭৯৪ খ্রীঃ।
টিপুর পতন—১৭৯৯ খ্রীঃ।
শ্রীরামপুরে উইলিয়াম কেরীর মিশন স্থাপন—১৭৯৯ খ্রীঃ।
ফোর্ট উইলিয়াম কলেজ স্থাপন—১৮০০ খ্রীঃ।
বেসিনের সন্ধি—১৮০২ খ্রীঃ।
অমৃতসরের সন্ধি—১৮০৯ খ্রীঃ।
গুর্খা যুদ্ধ—১৮১৪-১৬ খ্রীঃ।
হিন্দু কলেজ স্থাপন—১৮১৭ খ্রীঃ।
তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ—১৮১৭-১৯ খ্রীঃ।
সমাচার দর্পণ প্রকাশ—১৮২০ খ্রীঃ।
সতীদাহ নিষিদ্ধ করণ—১৮২৯ খ্রীঃ।
জেনারেল এ্যাসেম্বলী কলেজ স্থাপন—১৮৩০ খ্রীঃ।
খাসী-জয়ন্তিয়া অঞ্চল অধিকার—১৮৩২ খ্রীঃ।
কোম্পানীর নূতন সনদ—১৮৩৩ খ্রীঃ।
মেকলে মিনিট ও ইংরাজী শিক্ষা বিষয়ক প্রস্তাব গ্রহণ—১৮৩৫ খ্রীঃ।
দাস প্রথা নিষিদ্ধকরণ—১৮৪৩ খ্রীঃ।
শিখ রাজ্যের পতন—১৮৪৯ খ্রীঃ।
বেথুন স্কুল প্রতিষ্ঠা—১৮৪৯ খ্রীঃ।
প্রথম রেলপথ নির্মাণ—১৮৫৩ খ্রীঃ।
চার্লস উডের শিক্ষা বিষয়ক নির্দেশ—১৮৫৪ খ্রীঃ।
সাঁওতাল বিদ্রোহ—১৮৫৭ খ্রীঃ।
কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা—১৮৫৭ খ্রীঃ।
কোম্পানীর শাসনের অবসান—১৮৫৮ খ্রীঃ।
সিপাহী বিদ্রোহ—১৮৫৭-৫৮ খ্রীঃ।

আদর্শ প্রশ্নাবলী (Model Questions)

প্রথম অধ্যায়

(১) ভৌগোলিক পরিবেশ ও ইতিহাস

[Geography and History]

(ক) এক কথায় উত্তর দাও :

(১) ভারতের উত্তর সীমান্তে কোন্ পর্বতমালা বিরাজমান ? (২) কোন্ পর্বত-মালা ভারতবর্ষকে দুই ভাগে ভাগ করেছে ? (৩) ভারতের প্রধান কথ্য ভাষা কয়টি ? (৪) ভারতের প্রধান প্রাচীন ভাষার নাম কি ? (৫) কার নাম অনুসারে ভারতবর্ষ নাম হয়েছে ? (৬) বর্তমানে ভারতবর্ষের মোট আয়তন কত ? (৭) ভারতের অধিবাসীদের কি বলা হয় ? (৮) 'রাজতরঙ্গিনী' কাহার রচিত ? (৯) অর্থশাস্ত্রের রচয়িতা কে ? (১০) নাসিক লিপি কাহার নামে রচিত ? (১১) হর্ষচরিতের রচয়িতা কে ? (১২) সন্ধ্যাকর নন্দীর রচনার নাম কি ? (১৩) 'ইণ্ডিকা' কাহার রচনা ? [মাঃ ১৯৭৮] (১৪) আলবিরুণীর ঐতিহাসিক রচনার নাম কি ?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

(১) 'ঐতিহাসিক উপাদান' কাকে বলে ? (২) প্রাচীনযুগে ভারত ইতিহাস রচনায় কোন্ কোন্ উপাদান আমাদের দৃষ্টি আকর্ষণ করে ? (৩) আলবিরুণী কে ছিলেন ? (৪) 'প্রত্নতাত্ত্বিক' উপাদান বলিতে কি বুঝ ? (৫) ভারতকে কয়টি ভৌগোলিক অঞ্চলে ভাগ করা যায় ও কি কি ? (৬) দেহের গঠন ও ভাষার দিক দিয়া ভারতবাসীকে প্রধান কয়টি শ্রেণীতে ভাগ করা যায় ও কি কি ?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) প্রাচীন ভারতের প্রাকৃতিক বিভাগ কি কি ? বিভাগগুলির সংক্ষেপে বিবরণ দাও। (২) ভারতের ইতিহাসে হিমালয়ের প্রভাব আলোচনা কর [মাঃ ১৯৮০]। (৩) ভারতের উত্তর-পশ্চিম সীমান্তের তিনটি গিরিপথের নাম উল্লেখ কর। ঐ গিরিপথগুলি ভারতীয় ইতিহাসকে কিভাবে প্রভাবিত করেছে ? (৪) বিন্ধ্য পর্বতমালা ভারতের কোন্ অংশে অবস্থিত ? ভারতীয় ইতিহাসে বিন্ধ্য-পর্বতমালার প্রভাব আলোচনা কর। [মাঃ ১৯৭৬] (৫) ভারতের কোন্ কোন্ দিক সমুদ্র দ্বারা বেষ্টিত ? সমুদ্র ও নৌশক্তির দ্বারা ভারতের ইতিহাস কিভাবে প্রভাবিত হয়েছে তা দেখাও। (৬) ভারতীয়গণের জাতীয় চরিত্র ও রাজনৈতিক ইতিহাস গঠনে পরিবেশের প্রভাব আলোচনা কর। [মাঃ ১৯৮৩] (৭) ভারতের প্রধান জনগোষ্ঠীর বিবরণ দাও। (৮) ভারতের জাতিগত, ভাষাগত ও ভৌগোলিক বৈচিত্র্য আলোচনা কর। (৯) ভারতের রাজনৈতিক ঐক্যবোধের পরিচয় ইতিহাসে কিভাবে ফুটে উঠেছে তা আলোচনা কর। অথবা, ভারতের ইতিহাসে কিভাবে জাতীয় ঐক্য সূত্রগুলি দেখা

যায় তা আলোচনা কর। (১০) প্রাচীন যুগে ভারত-ইতিহাস রচনায় যে কোন একটি উপাদান সম্পর্কে আলোচনা কর। (১১) ভারতের ইতিহাস রচনায় প্রত্নতাত্ত্বিক গবেষণার গুরুত্ব নির্ণয় কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) ভারতের প্রাকৃতিক পরিবেশ তাহার ইতিহাসের উপর কিভাবে প্রভাব বিস্তার করেছে আলোচনা কর। অথবা, ভারতবর্ষের প্রধান প্রধান ভৌগোলিক বৈশিষ্ট্যগুলির উল্লেখ করে একটি সংক্ষিপ্ত রচনা লিখ। [মাঃ ১৯৭৬] (২) "ভারতবর্ষ বৈচিত্র্যের মধ্যে ঐক্যের দৃষ্টান্ত প্রদর্শন করে"—এই উক্তির তাৎপর্য্য ব্যাখ্যা কর। (৩) প্রাচীন ভারতের ইতিহাস রচনায় মুদ্রা, লিপি ও বৈদেশিক বৃত্তান্তের গুরুত্ব আলোচনা কর। (৪) প্রাচীন ভারতের ইতিহাস রচনায় উপাদানগুলির মূল্যায়ন কর। (৫) ভারত, ভারতবাসী ও ভারত ইতিহাসের উপর ভৌগোলিক প্রভাব নির্ণয় কর। (৬) ভারতবাসীর মৌলিক ঐক্যের পরিচয় দাও। (৭) ভারতকে কয়টি ভৌগোলিক অঞ্চলে ভাগ করা যায় ও কি কি? প্রত্যেকটি অঞ্চলের বিবরণ দাও :

(ঙ) ভারতবর্ষের রেখা মানচিত্রের মধ্যে নিম্নলিখিতগুলির অবস্থান নির্দেশ কর :

(১) সিন্ধু-গঙ্গা-বিধৌত সমতলভূমি। (২) সুদূর দক্ষিণের উপদ্বীপ অঞ্চল। (৩) গঙ্গা, সিন্ধু, ব্রহ্মপুত্র, কৃষ্ণা, তুঙ্গভদ্রা, হিমালয়, বিন্ধ্যপর্বত।

(চ) সংক্ষেপে টীকা লিখ

(১) প্রাচীন সাহিত্য ও ধর্মশাস্ত্র। (২) লিপি। (৩) ভারতের জাতি গোষ্ঠী। (৪) আলবিরুণী। (৫) মুদ্রা।

দ্বিতীয় অধ্যায়

ভারতীয় সভ্যতার উন্মেষ

[Dawn of Indian Civilisation]

(ক) এককথায় উত্তর দাও :

(১) ধাতুর যুগ কোন্ সময় থেকে শুরু? (২) প্রস্তর যুগকে কয়ভাগে ভাগ করা যায় ও কি কি? (৩) ভারতের প্রাচীনতম সভ্যতা কি? (৪) কোন্ খ্রীষ্টাব্দে মহেঞ্জোদারোর নিদর্শন প্রথম আবিষ্কৃত হয়? (৫) সিন্ধু সভ্যতার প্রথম আবিষ্কারকের কি নাম ছিল? (৬) মহেঞ্জোদরো কথাটির অর্থ কি? (৭) মহেঞ্জোদরোর সভ্যতা প্রথম কে আবিষ্কার করেন? (৮) হরপ্পার খনন কার্য প্রথমে কে চালান? (৯) মহেঞ্জোদরোতে মাটির নীচে সভ্যতার কয়টি স্তর পাওয়া যায়? (১০) সিন্ধু সভ্যতার যন্ত্রপাতি কোন্ ধাতুতে নির্মিত? (১১) সিন্ধু সভ্যতার লিপির নাম কি? (১২) সিন্ধু সভ্যতার উদ্ভব কাল কি? (১৩) সিন্ধু সভ্যতা কি ধরনের সভ্যতা?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

(১) সিন্ধু সভ্যতার সমসাময়িক কয়েকটি সভ্যতার নাম কর। (২) মহেঞ্জোদরো ও হরপ্পা বর্তমানে কোথায় অবস্থিত ? (৩) সিন্ধু উপত্যকাবাসীরা ব্যবসা-বাণিজ্য জানত কি ? (৪) প্রস্তর যুগ কাকে বলে ? (৫) সিন্ধু সভ্যতার অধিবাসীদের কি কি খাদ্য ছিল ?

(গ) সঠিক উত্তরটি চিহ্নিত কর :

(১) হরপ্পার সভ্যতার বৈশিষ্ট্য হইল (নগরভিত্তিক / গ্রামভিত্তিক / কৃষিভিত্তিক)। (২) রাখালদাস বন্দ্যোপাধ্যায় ও দয়ারাম সাহানী সিন্ধু সভ্যতার নিদর্শন আবিষ্কার করেন (১৯১২ খ্রীঃ /১৯২১ খ্রীঃ / ১৯২২ খ্রীঃ)। (৩) ভারতের প্রাচীনতম সভ্যতা হইল (সুমেরীয় / দ্রাবিড় / সিন্ধু)। (৪) সিন্ধুবাসী প্রধানতঃ ছিল (কৃষিজীবী / ব্যবসায়ী / শিল্পপতি)। (৫) প্রস্তর যুগকে ভাগ করা যায় (তিন ভাগে / দুই ভাগে / চার ভাগে)। (৬) হরপ্পার সভ্যতা (খ্রীঃ পূঃ ৫০০০ / খ্রীঃ পূঃ ২০০০ / খ্রীঃ ৩০০০) বছর পূর্বে শুরু হয়েছিল।

(ঘ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) কোন্ বাঙালী ভারতবর্ষের প্রাচীনতম সভ্যতা আবিষ্কার করেন ? ভারতীয় সভ্যতাকে পৃথিবীর প্রাচীনতন সভ্যতার অন্যতম বলা যায় কি ? যুক্তির দ্বারা বিচার কর।

(২) সিন্ধু সভ্যতা সম্পর্কে ধারণা লাভের উপায় কি ?

(৩) সিন্ধু সভ্যতার নগর পরিকল্পনা কিরূপ ছিল ? সিন্ধু সভ্যতার ধ্বংসের সম্ভাব্য কারণগুলি আলোচনা কর।

(৪) সিন্ধু অধিবাসীদের খাদ্য, পোশাক ও জীবিকার বিবরণ দাও।

(৫) প্রাচীন ও নতুন প্রস্তর যুগের পার্থক্য কি ?

(৬) নতুন প্রস্তর যুগের বৈশিষ্ট্য কি ?

(৭) সিন্ধু সভ্যতার নগর জীবনযাত্রা সম্পর্কে সংক্ষেপে বিবরণ দাও। [মাঃ ১৯৭৯]

(৮) সিন্ধু সভ্যতার অধিবাসীগণের সামাজিক জীবনযাত্রা সম্পর্কে কি জানা যায় ?

(৯) সিন্ধু অধিবাসীগণের ধর্ম বিশ্বাস সম্পর্কে বিবরণ দাও।

(১০) সিন্ধু অধিবাসীগণ লিখিতে জানিত কি ? ইহাদের লিপি সম্পর্কে কি জানা যায় ?

(ঙ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) প্রস্তর যুগ কাহাকে বলে ? প্রস্তর যুগকে কয়ভাগে ভাগ করা যায় ? কোন্ সময়কে পুরাতন প্রস্তর যুগ ও কোন্ সময়কে নতুন প্রস্তর যুগ বলা হয় ? এই যুগের মানুষের জীবনযাত্রা প্রণালী বর্ণনা কর। (২) হরপ্পা সংস্কৃতির বৈশিষ্ট্যগুলি উল্লেখ কর।

(৩) সিন্ধু সভ্যতার সংক্ষিপ্ত বিবরণ দাও। ভারতবর্ষের ইতিহাসে ইহার গুরুত্ব কি? (৪) সিন্ধু উপত্যকা বাসীদের অর্থ নৈতিক ও সামাজিক জীবন সম্পর্কে যাহা জান লিখ। (৫) সিন্ধু সভ্যতার আবিষ্কার ও সিন্ধু সভ্যতার রূপ বর্ণনা কর।

(চ) সংক্ষেপে টীকা লিখ :

(১) প্রস্তর যুগ। (২) হরপ্পার ধর্মীয় জীবন। (৩) মধ্যপ্রস্তর যুগ।

তৃতীয় অধ্যায়

আর্যসভ্যতা ঃ বৈদিক যুগ

[The Vedic Age]

(ক) এক কথায় উত্তর দাও :

(১) আর্যগণের প্রধান গ্রন্থের নাম কি? (২) আর্যগণ কোন্ সময়ে ভারতে আসেন [মাঃ ১৯৭৮]? (৩) প্রাচীন ভারতের সপ্তসিন্ধু অঞ্চল কোন্‌টি? (৪) কোন্ সময়ে পূর্বভারতে আর্য সভ্যতা বিস্তার লাভ করে? (৫) দক্ষিণ ভারতে আর্য সভ্যতা কোন্ সময়ে বিস্তৃত হয়? (৬) বৈদিক সাহিত্য কয়ভাগে বিভক্ত? (৭) বেদ কয়টি ও কি কি? (৮) ঋক্ বেদের রচনা কাল কি? (৯) বেদের কয়টি অংশ আছে? (১০) বেদের শেষ ভাগের নাম কি? (১১) কয়টি উপনিষদ পাওয়া যায়? (১২) বেদাঙ্গ কয় ভাগে বিভক্ত—কি কি? (১৩) বৈদিক যুগে কয়টি দর্শন রচিত হয়? (১৪) বৈদিক যুগে কি ধরনের শাসনতন্ত্রের প্রচলন ছিল? (১৫) বৈদিক যুগে আর্যগণ কি ধাতু ব্যবহার করতেন? (১৬) বৈদিক যুগে রাজাকে পরামর্শ দানের জন্য কি কি পরিষদ ছিল? (১৭) বেদের অপর নাম কি? (১৮) বৈদিক যুগে বিনিময়ের মাধ্যম কি ছিল? (১৯) আর্য সমাজের মূল ভিত্তি কি ছিল? (২০) বৈদিক যুগে গ্রামের শাসন কার্য পরিচালনার ভার কাহার উপর ন্যস্ত থাকিত?

(খ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) বৈদিক সভ্যতা নাম কেন হয়? আর্যগণের আদি বাসস্থান কোথায় ছিল? আর্যগণের রাজনৈতিক জীবনের বিবরণ দাও। (২) আর্যগণের রাজনৈতিক, সামাজিক, অর্থ নৈতিক জীবন সংক্ষেপে আলোচনা কর [মাঃ ১৯৮২]। (৩) বৈদিক সাহিত্য বলিতে কি বুঝায় সংক্ষেপে লিখ। আর্যগণের ধর্মজীবন সম্পর্কে যাহা জান লিখ। (৪) বৈদিক চতুরাশ্রম কি কি? বৈদিক যুগে সমাজে নারীর স্থান কি ছিল? (৫) আর্যগণ কিভাবে ভারতে রাজনৈতিক ঐক্যবোধের পরিচয় দেন? বৈদিকযুগে রাজার ক্ষমতা কিরূপ ছিল? সভাসমিতি বলিতে কি বুঝায়? (৬) সিন্ধু অধিবাসী ও আর্যগণের ধর্ম বিশ্বাসের তুলনামূলক আলোচনা কর। আর্য ও অনার্য সভ্যতার

মিশ্রণের প্রমাণ স্বরূপ দুটি আচার অনুষ্ঠানের নাম কর। (৭) জাতিভেদ প্রথার উদ্ভব আলোচনা কর। বৈদিকযুগে সমাজে নারীর স্থান কি ছিল? (৮) আর্য সভ্যতায় অর্থনীতি কি ছিল? রামায়ণ ও মহাভারতে কি রাজনৈতিক ও সামাজিক চিত্র পাওয়া যায়? (৯) আর্য সভ্যতাকে 'বৈদিক সভ্যতা'ও বলা হয় কেন?

(গ) রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) আর্য কাহাদের বলা হত? কখন এবং কোথা হতে তারা এসেছিল? (২) বৈদিক যুগে আর্যদের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা সম্পর্কে কি জান? (৩) ঋক্‌বেদের যুগে আর্যদের সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থার বিবরণ দাও। (৪) বৈদিকযুগে আর্যদের রাজনৈতিক, সামাজিক ও ধর্মনৈতিক জীবনের সংক্ষিপ্ত বিবরণ দাও। (৫) ভারতে আর্যদের ক্রমবিস্তারের সংক্ষিপ্ত বিবরণ দাও। (৬) বেদ বলিতে কি বুঝায়? বেদ কয়টি ও কি কি? প্রত্যেকটির সংক্ষেপে বিবরণ দাও। (৭) আর্যদের অর্থ নৈতিক ও রাজনৈতিক জীবন কেমন ছিল?

(ঘ) সংক্ষেপে টীকা লিখ ঃ

(১) মহাকাব্য দুইটির গুরুত্ব। (২) বৈদিক সাহিত্য। (৩) চতুরাশ্রম। (৪) ভারতীয় সভ্যতায় আর্যদের অবদান।

(ঙ) সঠিক উত্তরটি শূন্যস্থানে বসাও ঃ

(১) বেদের অপর নাম—(ঋক্‌বেদ / শ্রুতি / বিদ্)। (২) ঋক্‌বেদের মণ্ডল বা অধ্যায় আছে—(নয়টি / বারটি / দশটি)। (৩) সবচেয়ে প্রাচীন হইল—(সাম / ঋক্ / অথর্ব)। (৪) প্রতিটি বেদের ভাগ—(চারটি / ছয়টি / দুইটি)। (৫) বেদ রচিত হইয়াছিল—(উর্দু ভাষায় / বাংলা ভাষায় / সংস্কৃত ভাষায়)। (৬) বেদাঙ্গে দর্শন—(চারটি / ছয়টি / আটটি)। (৭) বৈদিক যুগে পরিবারের কর্তা ছিলেন—(মাতা / ভ্রাতা / পিতা)। (৮) ঋক্‌বেদের যুগে আর্যদের প্রশাসনের মধ্যমণি ছিলেন—(গোষ্ঠীপতি / সেনানী / ব্রজপতি)। (৯) রাজকর্মচারীদের মধ্যে উল্লেখ-যোগ্য ছিলেন—(গ্রামনী / সেনানী / পুরোহিত)।

(চ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

(১) বেদ কয়টি ও কি কি? (২) বৈদিক সমাজের চারটি আশ্রমের নাম কর। (৩) আর্যরা কখন কোথা হইতে আসিয়াছিল? (৪) আর্যদের আদি বাসস্থান কোথায় ছিল? (৫) 'সপ্তসিন্ধু' কথার অর্থ কি?

চতুর্থ অধ্যায়

প্রতিবাদী আন্দোলন : জৈন ও বৌদ্ধধর্ম
[Protest Movement]

(ক) এক কথায় উত্তর দাও :

(১) খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকে উত্তর ভারতে দুইটি শক্তিশালী ধর্ম কি কি? (২) জৈন ধর্মের প্রবর্তক কে ছিলেন? [মাঃ ১৯৭৮] (৩) বর্ধমান মহাবীর কোন্ খ্রীঃ জন্মগ্রহণ করেন? (৪) জৈন নামের উৎপত্তি কেন হয়? (৫) ত্রিরত্ন কি কি? (৬) শ্বেতাম্বর ও দিগম্বর কাহাদের বলে? (৭) গৌতমবুদ্ধ কত খ্রীঃ জন্মগ্রহণ করেন? (৮) গৌতম বুদ্ধের জন্ম স্থানের নাম কি ছিল? (৯) গৌতম বুদ্ধের মহাপরিনির্বাণ কোন্ খ্রীঃ ঘটে? (১০) গৌতম বুদ্ধের বাল্য নাম কি ছিল? (১১) আত্মার মুক্তিকে গৌতম বুদ্ধ কি আখ্যা দিয়েছিলেন। (১২) মহাবীরের উপদেশাবলীর যে বারটি খণ্ডে সংকলন করা হইয়াছিল উহাকে কি বলা হয়। (১৩) গৌতম বুদ্ধ কোন্ ধর্ম প্রচার করেন। (১৪) বৌদ্ধধর্ম গ্রন্থের নাম কি? (১৫) 'বুদ্ধ' শব্দের অর্থ কি? (১৬) মহাবীর কোন্ ধর্ম প্রচার করেছিলেন।

(খ) সংক্ষেপে উত্তর দাও :

(১) 'তীর্থঙ্কর' কাহাকে বলে? (২) জৈন কাহাদের বলে? (৩) সিদ্ধার্থ 'গৌতম বুদ্ধ' নামে পরিচিত হইয়াছিলেন কেন? (৪) গৌতম বুদ্ধের নির্দেশিত 'মধ্যপন্থা' বলিতে কি বুঝ? (৫) 'অষ্টাঙ্গিক মার্গ' কাহাকে বলে? (৬) 'ত্রিপিটক' কাহাকে বলে? (৭) 'হীনযান' ও 'মহাযান' সম্প্রদায়ের পার্থক্য কি? (৮) গৌতম বুদ্ধ কিভাবে তাঁহার শিষ্যদের উপদেশ দিতেন? (৯) ষষ্ঠ খ্রীঃ পূর্ব ধর্ম বিপ্লবের কারণ কি ছিল?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) বৈদিক যুগের পরবর্তীকালে সহজ, সরল ও সাধারণের বোধ্য ধর্মপন্থা উদ্ভবের কারণ কি? (২) মহাবীর 'নির্বাণ' লাভের জন্য কি কি পন্থা অনুসরণের নির্দেশ দিয়েছেন? (৩) ভারতের ইতিহাসে জৈন ও বৌদ্ধ ধর্মের আপেক্ষিক গুরুত্ব সম্পর্কে আলোচনা কর। (৪) গৌতম বুদ্ধ বাস্তববাদী ধর্মের প্রবর্তক ছিলেন—এই উক্তির যাথার্থ্য বিচার কর। (৫) জৈন আচার্য জিনভদ্র গুজরাটে জৈন সঙ্গীতি আহ্বান করেছিলেন কেন? (৬) বৌদ্ধ ধর্মের আদর্শ কি?

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) মহাবীরের জীবনী ও ধর্মমত সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর। (২) বৌদ্ধ ধর্মের প্রবর্তক কে ছিলেন? তাঁহার জীবনী ও ধর্মমত সম্পর্কে যাহা জান লিখ? (৩) বৌদ্ধ ধর্মের সহিত জৈন ধর্মের পার্থক্য আলোচনা কর। (৪) বুদ্ধদেবের ক্ষমা,

মৈত্রী ও ভ্রাতৃত্বের আদর্শ ভারত ও ভারতবাসীর জীবনাদর্শকে কি ভাবে প্রভাবিত করিয়াছে ? (৫) ভারত খ্রীঃ পূঃ ষষ্ঠ শতাব্দীর ধর্ম সংস্কার আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও।

(ঙ) **সংক্ষিপ্ত টীকা :**

(১) হীনযান ও মহাযান। (২) জৈন ধর্ম ও বৌদ্ধধর্মে সাদৃশ্য ও পার্থক্য। (৩) অষ্টাঙ্গিক মার্গ। (৪) বৌদ্ধ ধর্মগ্রন্থ।

পঞ্চম অধ্যায়

সাম্রাজ্যবাদ এবং রাজনৈতিক ঐক্যের যুগ

[The Age of Imperialism and Political Unification]

(ক) **এক কথায় উত্তর দাও :**

(১) খ্রীঃ পূঃ ষষ্ঠ শতকে উত্তর ভারতে কয়টি রাজ্য ছিল ? (২) মগধে কোন্ কোন্ রাজবংশ রাজত্ব করেন ? (৩) শ্রেণীক কাহার উপাধি ? (৪) কুণিক বলতে কাহাকে বোঝায় ? (৫) অজাতশত্রু কোথাকার রাজা ছিলেন ? (৬) নন্দ বংশের প্রতিষ্ঠাতার নাম কি ? [মাঃ ১৯৮৩] (৭) সেলুকাস কে ছিলেন ? (৮) চন্দ্রগুপ্ত মৌর্য্যের পুত্রের নাম কি ? (৯) কলিঙ্গ যুদ্ধ কোন্ খ্রীঃ ঘটে ? (১০) মেগাস্থিনিস কাহার আমলে ভারতে আসেন ? [মাঃ ১৯৭৬] (১১) রাজুক বলিতে কি বোঝায় ? (১২) ধর্ম মহামাত্র কাহাকে বলে ? (১৩) মগধ রাজ্যের প্রতিষ্ঠাতা কে ছিলেন ? (১৪) মৌর্য বংশের প্রতিষ্ঠাতার নাম কি ? (১৫) মহারাজ অশোক কোন্ খ্রীঃ সিংহাসনে আরোহণ করিয়াছিলেন ? (১৬) কোন্ যুদ্ধের ভয়াবহ দৃশ্য অশোকের জীবনে নতুন অধ্যায়ের সূচনা করে ? (১৭) অশোক কোন্ ধর্মে দীক্ষালাভ করিয়াছিলেন ? (১৮) অর্থশাস্ত্র কাহার রচনা ? [মাঃ ১৯৮২] (১৯) নন্দ বংশের শক্তিশালী রাজার নাম কি ? (২০) নন্দ বংশের শেষ রাজার নাম কি ? (২১) অশোকের ধর্মমতের প্রধান আদর্শ কি ? (২২) অশোক কোন্ বৌদ্ধ সন্ন্যাসীর নিকট বৌদ্ধ ধর্মে দীক্ষা নেন ? (২৩) অশোক প্রজাগণকে কি মনে করতেন ?

(খ) **সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :**

(১) বৈদিক যুগের পরবর্তী কালে আর্যাবর্তের রাজনৈতিক অবস্থা কিরূপ ছিল ? (২) প্রাচীন যুগে মগধ রাজ্য বর্তমান কোন্ অঞ্চল লইয়া গঠিত ছিল ? (৩) কৌটিল্য কে ছিলেন ? (৪) মৌর্য শাসন ব্যবস্থায় রাজার স্থান কি ছিল ? (৫) বিম্বিসার কি পদ্ধতিতে রাজ্য বিস্তার করেন ?

(গ) **সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :**

(১) প্রাচীন ভারতে রাজনৈতিক ঐক্যের আদর্শ কিভাবে ধর্ম শাস্ত্রে বর্ণিত হয় ? বিষ্ণুপুরাণে ভারতের ঐক্য সম্পর্কে কি বলা হইয়াছে ? (২) রাজচক্রবর্তী বলিতে কি

বুঝায় ? মৌর্য বংশের চন্দ্রগুপ্ত এই আদর্শকে কি ভাবে রূপায়িত করেন ? (৩) ভারতের রাজনৈতিক ঐক্য স্থাপনে মগধের রাজা বিম্বিসার ও প্রসেনজিতের কৃতিত্ব আলোচনা কর। (৪) ষোড়শ মহাজন পদ বলিতে কি বুঝায় ? হর্যঙ্ক বংশ ষোড়শ মহাজন পদকে কিভাবে গ্রাস করে ? (৫) মহাপদ্ম নন্দের অধীনে মগধ কিভাবে বিস্তার লাভ করে। (৬) মহাপদ্ম নন্দের "উগ্রসেন" ও "একরাট" উপাধি গ্রহণের যৌক্তিকতা দেখাও। (৭) চন্দ্রগুপ্ত মৌর্যের বংশ পরিচয় ও নন্দ বংশের সহিত সম্পর্ক বর্ণনা কর। (৮) চন্দ্রগুপ্ত মৌর্য কিভাবে গ্রীকগণের হাত হইতে ভারতকে মুক্ত করেন তাহা লিখ। (৯) চন্দ্রগুপ্ত মৌর্যের সীমানা কি ছিল ? (১০) কলিঙ্গ যুদ্ধের কারণ ও তাহার ফল বর্ণনা কর। (১১) মৌর্য শাসন ব্যবস্থায় রাজার স্থান কি ছিল ? (১২) মৌর্য সাম্রাজ্যের প্রাদেশিক শাসনব্যবস্থা বর্ণনা কর। (১৩) পাটালিপুত্র নগরের শাসনব্যবস্থা বর্ণনা কর। (১৪) অশোকের ধর্ম-বিজয়-নীতি গ্রহণের কারণ কি ? তিনি ভারতের শ্রেষ্ঠ 'সম্রাট' এই প্রসঙ্গে তোমার মতামত লিখ। (১৫) মহারাজ অশোকের মানবতার পরিচয় দাও। (১৬) চন্দ্রগুপ্ত কে ছিলেন ? তিনি কিভাবে গ্রীক শাসন ও নন্দ বংশের উচ্ছেদ সাধন করেন তাহার বর্ণনা দাও।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) প্রাচীনকালে রাজতন্ত্রের উদ্ভব কিভাবে হয়েছিল ? অশোকের সময়কাল পর্যন্ত মগধের সাম্রাজ্য বিস্তার সম্পর্কে একটি বিবরণী দাও। (২) মৌর্য সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে ছিলেন ? মৌর্য সাম্রাজ্যের উত্থান ও পতন আলোচনা কর। (৩) ষোড়শ মহাজন পদের শক্তিশালী রাজ্য কোন্‌গুলি ? (৪) অশোকের মানবতার পরিচয় দাও। (৫) সম্রাট অশোক কেন ধর্ম বিজয় নীতি নেন ? ধর্ম বলিতে অশোক কি মনে করিতেন ? বৌদ্ধ ধর্মের সহিত অশোকের ধর্মমতের সম্পর্ক কি ছিল ? (৬) অশোক ধর্ম প্রচার ও প্রজা কল্যাণের জন্য কি কাজ করেন ? (৭) অশোকের শাসন নীতি ও মানবহিতের কাজ বর্ণনা কর। তাঁহাকে শ্রেষ্ঠ সম্রাট কেন বলা হয় ? (৮) মেগাস্থিনিস পাটলিপুত্র নগর ও রাজসভা সম্পর্কে যাহা বলিয়াছেন তাহা লিখ। (৯) মৌর্য শাসন পদ্ধতির বর্ণনা দাও। (১০) 'ষোড়শ মহাজন' পদগুলি সম্বন্ধে একটি প্রবন্ধ রচনা কর।

(ঙ) সংক্ষিপ্ত টীকা ঃ

(১) পাটলিপুত্র। (২) কৌটিল্য। (৩) অশোকের শিলালিপি। (৪) ইণ্ডিকা। (৪) মগধের উত্থান।

ভারতে বৈদেশিক আক্রমণ

(ক) এক কথায় উত্তর দাও ঃ

(১) কোন্ সময়ে ভারতবর্ষে পারসিক আক্রমণ ঘটিয়াছিল ? (২) আলেকজাণ্ডার কোন্ খ্রীঃ ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন ? (৩) সেলুকাসের সহিত কোন্

ভারতীয় রাজার সংঘর্ষ বাধিয়াছিল ? (৪) শকগণ ভারতবর্ষে কি নামে পরিচিত ছিল ? (৫) বৈদেশিক আক্রমণ প্রতিরোধে যে সকল দেশীয় রাজা অসীম সাহসের পরিচয় দিয়েছিলেন তাঁহাদের দুইজনের নাম লিখ। (৬) দ্বিতীয় চন্দ্রগুপ্ত শকদের ধ্বংস সাধন করিয়া কি উপাধি গ্রহণ করিয়াছিলেন ? (৭) ভারতে পারসীক সাম্রাজ্য কোন্ খ্রীঃ বিস্তৃত হয় ? (৮) পারসীক সাম্রাজ্য ভারতে কতদূর বিস্তৃত ছিল ? (৯) আলেকজাণ্ডারের ভারত আক্রমণের সময় উত্তর পশ্চিম ভারত কতগুলি রাজ্যে বিভক্ত ছিল ? (১০) হিদাসপিস বা ঝিলমের যুদ্ধ কাহার মধ্যে হয় ? (১১) মিলিন্দ কে ছিলেন ? (১২) মিলিন্দর অপর নাম কি ? (১৩) কুজলা কদ্‌ফিসেস কোন্ বংশীয় রাজা ছিলেন ? (১৪) পহ্লবরা কোথা থেকে ভারতে এসেছিলেন ? (১৫) পহ্লব রাজাদের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য কে ছিলেন ? (১৬) গান্ধার শিল্প কোন্ কোন্ শিল্প রীতির সমন্বয় ?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

(১) বৈদেশিক আক্রমণকারীরা কোন্ পথে ভারতবর্ষে প্রবেশ করিয়াছিল ? বৈদেশিক আক্রমণ হইতে দেশকে রক্ষা করিবার জন্য ভারতের প্রথম কোন্ রাজা অগ্রসর হন ? (২) আলেকজাণ্ডার কে ছিলেন ? তাঁহার ভারত-আক্রমণের ফলাফল কি হইয়াছিল ? (৩) মেগাস্থিনিস কে ছিলেন ? (৪) গান্ধার শিল্প কোন্ দুইটি দেশের শিল্প সমন্বয়ে গড়িয়া উঠিয়াছিল ?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) ভারতে পারসীক অভিযান সম্পর্কে লিখ। (২) আলেকজাণ্ডারের অভিযানের সময় উত্তর-পশ্চিম ভারতের রাজনৈতিক অবস্থা কিরূপ ছিল ? (৩) আলেকজাণ্ডার কে ছিলেন ? তিনি কখন ভারত আক্রমণ করেন ? তিনি ভারতের ভিতর কতদূর অগ্রসর হন ? আলেকজাণ্ডারের ভারত আক্রমণের সময় অম্ভি ও কুরুরাজ যে বিভিন্ন ভূমিকা অবলম্বন করেন তাহার ঐতিহাসিক গুরুত্ব আলোচনা কর। (৪) আলেকজাণ্ডারের ভারত অভিযান ও প্রত্যাবর্তন সংক্ষেপে লিখ। তিনি কিরূপ বাধার সম্মুখীন হন ? (৫) সিন্ধুদেশ অতিক্রমণ করিবার পর পাঞ্জাবে আলেকজাণ্ডার কিভাবে অভিযান চালান ? তিনি কেন বিপাশার তীর হইতে ফিরিয়া যান ? (৬) আলেকজাণ্ডারের পাঞ্জাব ও সিন্ধু জয়ের সংক্ষিপ্ত বিবরণ দাও। ইহার কি ফল দেখা যায় ? (৭) বৈদেশিক আক্রমণ ভারতীয় জনজীবনের কোন্ কোন্ দিক দিয়া প্রভাব বিস্তার করিয়াছিল ? (৮) ভারতীয় নৃপতিদের মুদ্রানীতির উপর গ্রীক প্রভাবের উল্লেখ কর। (৯) ভারতীয় শাসনব্যবস্থার উপর বৈদেশিক আক্রমণের প্রভাব নিরূপণ কর। (১০) মৌর্যবংশের পরবর্তীকালে কোন্ কোন্ বৈদেশিক জাতি ভারতে আক্রমণ করিয়াছিল ? ঐ সময়ে বৈদেশিক আক্রমণের কারণ কি ? (১১) ভারতবর্ষে পারসিক আক্রমণের সাফল্যের কারণ কি ? (১২) চন্দ্রগুপ্ত মৌর্যের সহিত

সেলুকাসের-সংঘর্ষের ফলাফল কি। (১৩) মৌর্য-শিল্প কলা সম্পর্কে বিবরণ দাও। ইহাতে কোন বৈদেশিক প্রভাব ছিল কি ?

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) ভারতে গ্রীক আক্রমণের একটি বিবরণী লিখ। (২) আলেকজাণ্ডারের ভারত অভিযানের ফলাফল আলোচনা কর। (৩) আলেকজাণ্ডারের আক্রমণের প্রাক্কালে উত্তর-পশ্চিম ভারতের রাজনৈতিক অবস্থা আলোচনা কর। তাঁহার আক্রমণের ফলাফল কি হইয়াছিল। (৪) ভারতে গ্রীকদের রাজ্যস্থাপন সম্বন্ধে কি জান ? গ্রীক-শাসনের গুরুত্ব নির্ণয় কর। (৫) ভারতে শক-শাসনের সংক্ষিপ্ত বিবরণ দাও।

(ঙ) সংক্ষিপ্ত টীকা :

(১) মৌর্য যুগের স্থাপত্য। (২) মৌর্য যুগে ভারতের বহির্বাণিজ্য। (৩) পহ্লব। (৪) ইন্দোগ্রীক।

সামাজিক ও অর্থনৈতিক অবস্থা

(ক) এক কথায় উত্তর দাও :

(১) সীতা কাকে বলা হত ? (২) 'বলি' কি ? (৩) মৌর্য যুগে কোন্ শিল্পের বেশী প্রসার হয় ? (৪) 'নিগম' কি ? (৫) 'মিলিন্দ পণ্‌হো'তে কত রকম পেশার উল্লেখ আছে ? (৬) শক, পহ্লব, বহ্লিকদের কোন্ ধর্মমত গ্রহণ সহজ হয়েছিল ? (৭) 'পতিত ক্ষত্রিয়' কাদের বলা হত ? (৮) মেগাস্থিনিস কোথাকার প্রাসাদের কথা বর্ণনা করেছেন। (৯) মৌর্য শিল্পে কিসের ব্যবহার দেখা যায় ? (১০) মৌর্য যুগে কোন্ দুটি স্থানের মৃৎপাত্রের খ্যাতি ছিল ? (১১) 'রেশমপথ' কোন্‌টি ?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

(১) মৌর্য যুগের কৃষি ব্যবস্থা সম্পর্কে আলোচনা কর। (২) মৌর্য পরবর্তী যুগে কৃষি ব্যবস্থা কেমন ছিল। (৩) মৌর্য যুগের হস্তশিল্পের বর্ণনা দাও। (৪) মৌর্য যুগে কোন্ অঞ্চলে বস্ত্র শিল্প প্রসার লাভ করেছিল ? (৫) মৌর্য পরবর্তী যুগের বাণিজ্য সম্পর্কে আলোচনা কর। (৬) মৌর্য পরবর্তী যুগের কারিগরী উন্নতি কিভাবে হয়েছিল ? (৭) 'নিগম' প্রথা নিয়ে আলোচনা কর। (৮) ভারতে আগত কোন্ কোন্ বিদেশী ভারতীয় সমাজে মিশে যায়। (৯) ভারতীয় সমাজ কিভাবে বিদেশীদের সমাজে গ্রহণ করে ? (১০) সেই যুগে নারীর অবস্থা কি রকম ছিল ? (১১) মৌর্য যুগের প্রাসাদ সম্পর্কে মেগাস্থিনিস কি বলেছিলেন আলোচনা কর। (১২) অশোকের শিল্প ও স্থাপত্যের বর্ণনা দাও। (১৩) মৌর্য যুগের মৃৎশিল্পের অবস্থা কেমন ছিল ?

(গ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) মৌর্য যুগের অর্থনৈতিক অবস্থা বর্ণনা কর। (২) মৌর্য পরবর্তী যুগের অর্থনৈতিক অবস্থা বর্ণনা কর। (৩) মৌর্য পরবর্তী যুগে সামাজিক অবস্থা কেমন

ছিল ? (৪) বিদেশী জাতিগুলি কিভাবে ভারতীয় সমাজে গৃহীত হল ? (৫) মৌর্য যুগের শিল্প সম্পর্কে সংক্ষিপ্তভাবে আলোচনা কর।

কুষান সাম্রাজ্যের ইতিহাস

(ক) এক কথায় উত্তর দাও :

(১) কুষান বংশের সর্বশ্রেষ্ঠ রাজার নাম কি ? (২) কুষান বংশের শেষ রাজার নাম কি ? (৩) শকাব্দ কে প্রচলন করেন ? (৪) পণ্ডিত অশ্বঘোষ রচিত গ্রন্থের নাম কি ? (৫) "চরকসংহিতা" রচয়িতার নাম কি ? (৬) "বিভাষশাস্ত্র" কাহার রচনা ? (৭) কনিষ্কের রাজধানীর নাম কি ?

(খ) সঠিক উত্তরটি চিহ্নিত কর :

(১) কুষানরা (হিউ-ংনু / ইউচি / চিং) জাতির শাখা। (২) কুষান রাজাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন (বশিষ্ক / বাসুদেব / কনিষ্ক)। (৩) কুষান সম্রাটরা পৃষ্ঠপোষকতা করেছেন (বৌদ্ধধর্ম / হিন্দুধর্ম / জৈনধর্ম)। (৪) ইউচিগণের আদিম বাসভূমি ছিল চীনদেশের (কান-সু / আনহুই / কিয়াং-সি) প্রদেশে। (৫) কনিষ্কের রাজধানীর নাম (কাবুল / পুরুষপুর / কাশ্মীর)। (৬) কুষান বংশের শেষ রাজার নাম (দ্বিতীয় কনিষ্ক/হুবিষ্ক / বাসুদেব)।

(গ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

(১) কুষান জাতির উৎপত্তি সম্বন্ধে কি জান ? (২) কনিষ্ক-এর ধর্মমত কি ছিল ? (৩) কনিষ্কের রাজ্যসীমা উল্লেখ কর। (৪) কুষানদের পাঁচটি শাখার নাম লিখ। (৫) 'কুষাণ' কাহাদের বলা হয় ? কুষাণদের কোন্ রাজাকে তুমি সর্বশ্রেষ্ঠ বলিয়া মনে কর ? কারণ দর্শাইয়া বুঝাও।

(ঘ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) কুষান কাহারা ? এই বংশের শ্রেষ্ঠ রাজা কে ? তাঁহার সিংহাসনারোহণ কাল স্মরণীয় কেন ? ধর্ম ও পৃষ্ঠপোষকরূপে তাঁহার পরিচয় দাও। (২) কুষান সভ্যতা বলিতে কি বুঝায় ? (৩) কুষানদের সঙ্গে বিদেশের যোগাযোগ কেমন ছিল ? (৪) কুষান শ্রেষ্ঠ কনিষ্কের শাসনকাল স্মরণীয় কেন ?

(ঙ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) ভারতের ইতিহাসে কুষান শাসনের গুরুত্ব আলোচনা কর। (২) কুষান শাসন পদ্ধতি বর্ণনা কর। (৩) ভারতীয় সাংস্কৃতিতে কুষানদের অবদান কি ছিল ? (৪) কুষানদের আদি ইতিহাস সম্বন্ধে কি জান ? কনিষ্ককে কুষান শাসকদের সর্বশ্রেষ্ঠ বলা হয় কেন ? বিজেতা ও বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষকরূপে প্রথম কনিষ্কের একটি বিবরণ দাও।

(চ) সংক্ষিপ্ত টীকা :

(১) কনিষ্কের ধর্মমত। (২) কুষানদের আগমন। (৩) কুষান যুগে সংস্কৃতি।

সাতবাহন সাম্রাজ্য

(ক) এককথায় উত্তর দাও :

(১) সাতবাহন বংশের প্রতিষ্ঠাতা কে? (২) সাতবাহন রাজগণ কি উপাধি গ্রহণ করতেন? (৩) সাতবাহন বংশের শেষ রাজার নাম কি? (৪) সাতবাহন বংশের সর্বশ্রেষ্ঠ রাজার নাম কি? (৫) সাতবাহনরা কোথায় রাজধানী স্থাপন করিয়াছিলেন?

(খ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) সাতবাহনদের বংশ-পরিচয় সম্বন্ধে সংক্ষেপে লিখ। (২) সাতবাহন বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন? সমাজ সংস্কারকরূপে তিনি কতখানি বিবেচিত? (৩) সাতবাহন সাম্রাজ্যে ধর্মীয় অবস্থা সম্পর্কে সংক্ষেপে লিখ।

(গ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) সাতবাহন বংশের সংক্ষিপ্ত ইতিহাস রচনা কর। (২) সাতবাহন বংশের শ্রেষ্ঠ রাজার নাম উল্লেখ কর। তাঁহার শাসন প্রণালী সম্বন্ধে যাহা জান লিখ। (৩) সাতবাহন সাম্রাজ্যের সামাজিক ও ধর্মীয় অবস্থা সম্বন্ধে কি জান? সাতবাহন শাসনের গুরুত্ব কতখানি?

গুপ্ত সাম্রাজ্যের ইতিহাস

(ক) এক কথায় উত্তর দাও :

(১) গুপ্ত বংশের আদি বাসস্থান কোথায় ছিল? (২) গুপ্ত বংশের আদি রাজার নাম কি? (৩) গুপ্তবংশের কোন্ রাজা সর্বপ্রথম মহারাজাধিরাজ উপাধি নেন? (৪) গুপ্ত সংবত কোন্ খ্রীঃ হইতে শুরু হয়? (৫) সমুদ্রগুপ্তের মাতার নাম কি? (৬) 'ভারতীয় নেপোলিয়ন' নামে প্রাচীন ভারতের কোন্ রাজাকে অভিহিত করা হয়? (৭) সমুদ্রগুপ্ত কি উপাধি গ্রহণ করেন? (৮) সমুদ্রগুপ্তের মুদ্রার বৈশিষ্ট্য কি? (৯) শকারি কাহার উপাধি? (১০) হর্ষচরিত কাহার রচিত? (১১) নবরত্ন সভা কাহার সময় ছিল? (১২) দ্বিতীয় বিক্রমাদিত্যের সভাকবির নাম কি? (১৩) দ্বিতীয় চন্দ্রগুপ্তের সময় যে ভ্রমণকারী ভারতে আসেন তাঁহার নাম কি? (১৪) দ্বিতীয় চন্দ্রগুপ্ত কি উপাধি নেন? (১৫) কোন্ গুপ্ত সম্রাটকে "ভারতের রক্ষাকারী" বলা হয়? (১৬) পাটলিপুত্র নগর কে স্থাপন করেন? (১৭) গুপ্ত বংশের প্রতিষ্ঠাতার নাম কি? (১৮) গুপ্ত আমলে দুইজন বিখ্যাত পণ্ডিতের নাম উল্লেখ কর? (১৯) ফা-হিয়েন রচিত গ্রন্থের নাম কি? (২০) মহাকবি কালিদাসের রচিত দুইখানি গ্রন্থের নাম কর। (২১) আর্য সিদ্ধান্ত কাহার রচনা? (২২) গুপ্ত যুগের সাহিত্যে কোন্ ভাষার প্রাধান্য দেখা যায়?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

(১) শকারি কাহার উপাধি? কেন এই উপাধি নিয়েছিলেন? (২) গুপ্ত বংশের সর্বশ্রেষ্ঠ রাজার নাম কি? তাঁহাকে কেন সর্বশ্রেষ্ঠ আখ্যা দেওয়া হয়?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) গুপ্তযুগকে 'স্বর্ণ যুগ' বলা হয় কেন? (২) গুপ্তযুগে গণিত শাস্ত্র এবং জ্যোতির্বিদ্যার উন্নতির পরিচয় দাও। (৩) গুপ্তযুগের সংস্কৃতির প্রধান বৈশিষ্ট্যসমূহ বর্ণনা কর। (৪) সমুদ্রগুপ্তের চরিত্র ও কৃতিত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর। (৫) সমুদ্রগুপ্তের রাজ্যবিস্তার নীতি সংক্ষেপে আলোচনা কর। (৬) কয়েকটি ঐতিহাসিক উপাদানের নাম কর, যাহা হইতে সমুদ্রগুপ্তের কৃতিত্ব সম্পর্কে জানা যায়। উত্তর ও দক্ষিণ ভারত বিজয়ে তিনি যে নীতি অবলম্বন করেন তাহা আলোচনা কর। (৭) সাম্রাজ্য স্থাপয়িতা ও শাসক হিসাবে সমুদ্রগুপ্তের কৃতিত্ব আলোচনা কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) প্রথম চন্দ্রগুপ্ত হইতে দ্বিতীয় চন্দ্রগুপ্ত পর্যন্ত গুপ্ত সাম্রাজ্যের সম্প্রসারণের সংক্ষিপ্ত বিবরণ দাও। (২) গুপ্তযুগকে ভারতের স্বর্ণ যুগ বলা হয় কেন? (৩) চন্দ্রগুপ্তকে কেন শকারি বলা হয়? শিল্প ও সাহিত্যে তাঁহার অবদান আলোচনা কর। (৪) ভারতের রাষ্ট্রীয়-ঐক্য সম্পাদনে সমুদ্রগুপ্তের কৃতিত্ব আলোচনা কর। (৫) বিজেতা ও রাজনীতিবিদ্ হিসাবে সমুদ্রগুপ্তের কৃতিত্ব আলোচনা কর। (৬) ফা-হিয়েন-এর বিবরণীর ঐতিহাসিক মূল্যায়ন কর। (৭) সমুদ্রগুপ্ত ও দ্বিতীয় চন্দ্রগুপ্তের আমলে গুপ্ত সাম্রাজ্য কিভাবে বিস্তার লাভ করে আলোচনা কর। (৮) গুপ্তযুগের সাহিত্য, বিজ্ঞান, দর্শন ও শিল্পকলার উপর একটি প্রবন্ধ লিখ। (৯) গুপ্ত শাসন প্রণালী বর্ণনা কর। (১০) সমুদ্রগুপ্তকে গুপ্ত বংশের 'শ্রেষ্ঠ সম্রাট' বলা হয় কেন তাহা যুক্তিসহ বুঝাইয়া বল। (১১) গুপ্ত বংশের শেষ প্রধান সম্রাট কাহাকে বলা হয়? তাঁহার সহিত হূন জাতির কি সম্পর্ক ছিল? হূন আক্রমণে ভারতীয় সমাজে কি ফল দেখা যায়? (১২) গুপ্ত সাম্রাজ্যের পতনের কারণগুলি নির্দেশ কর। (১৩) "স্বর্ণ যুগ" এই নাম গুপ্ত সভ্যতাকে কেন দেওয়া হয়? গুপ্ত সভ্যতার কোন বৈদেশিক প্রভাব ছিল কিনা দেখাও। (১৪) দ্বিতীয় চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের রাজত্বের মূল্যায়ন কর।

(ঙ) সংক্ষিপ্ত টীকা :

(১) গুপ্তযুগের ভাস্কর্য। (২) ফা-হিয়েনের বিবরণী। (৩) কিংবদন্তীর বিক্রমাদিত্য। (৪) গুপ্তযুগের সাহিত্য। (৫) গুপ্তযুগের স্বায়ত্তশাসন।

ষষ্ঠ অধ্যায়

আধিপত্যের জন্য সংগ্রাম [Struggle for Domination]

(ক) এককথায় উত্তর দাও :

(১) থানেশ্বরে কোন্ রাজবংশ রাজত্ব করিত? (২) গুপ্ত সাম্রাজ্যের পতনের পর কনৌজে কোন্ রাজবংশ রাজত্ব করিত? (৩) শশাঙ্ক কোন্ রাজ্যের অধিপতি ছিলেন? (৪) হর্ষবর্ধনের ভগিনীর নাম কি ছিল? (৫) হর্ষবর্ধন কোন্ খ্রীঃ কনৌজের সিংহাসনে বসেন?

(৬) হর্ষের সময়ে দক্ষিণ ভারতে কোন্ শক্তিশালী রাজবংশ শাসন করিত ? (৭) দক্ষিণ ভারতে হর্ষের প্রধান প্রতিদ্বন্দ্বী কে ছিলেন ? (৮) হর্ষের রাজত্বকালে কোন্ পর্যটক ভারতে আসেন ? [মাঃ ১৯৭৭] (৯) হর্ষের সভাকবি কে ? (১০) গৌড়বাহো কাব্য কাহাকে উপলক্ষ করিয়া রচিত ? (১১) যশোবর্মনের কীর্তি কোন্ কাব্যে পাওয়া যায় ? (১২) প্রথম ভোজ কোন্ বংশীয় ছিলেন ? (১৩) শশাঙ্কের রাজধানীর নাম কি ছিল ? (১৪) শশাঙ্কের কোন্ খ্রীঃ মৃত্যু হয় ? (১৫) মাৎস্য ন্যায় কাহাকে বলে ? [মাঃ ১৯৭৮] (১৬) বাংলায় মাৎস্যন্যায় কে দূর করেন ? [মাঃ ১৯৮২] (১৭) শশাঙ্ক কোন্ ধর্মমতের অনুরাগী ছিলেন ? (১৮) পাল বংশের শ্রেষ্ঠ রাজা কে ? (১৯) ধর্মপালের দুই প্রতিদ্বন্দ্বীর নাম কর। (২০) বিক্রমশীল দেব কাহার উপাধি ? (২১) বিক্রমশীল বিহারের প্রতিষ্ঠাতা কে ? (২২) বালপুত্র দেব কে ? (২৩) পালযুগের দুইজন বিশ্ব বিখ্যাত বৌদ্ধ পণ্ডিতের নাম কর। (২৪) গীতগোবিন্দে'র প্রণেতা কে ছিলেন ? (২৫) যশোধর্মন কোন্ বংশের রাজা ছিলেন ? (২৬) যশোধর্মনের রাজধানী কোথায় ছিল ? (২৭) 'রাজতরঙ্গিনী' কাহার রচনা ? (২৮) বল্লাল সেন রচিত দুইখানি গ্রন্থের নাম লিখ ? (২৯) সেন বংশের প্রতিষ্ঠাতা কে ? (৩০) প্রতিহার বংশের শক্তিশালী রাজার নাম কি ? (৩১) দেবপালের রাজত্বকালে সুবর্ণ দ্বীপের কোন্ রাজা দূত প্রেরণ করিয়াছিলেন ? (৩২) পাল বংশের প্রতিষ্ঠাতা কে ? (৩৩) পালবংশের শ্রেষ্ঠ রাজার নাম কি ? (৩৪) 'এলাহাবাদ প্রশস্তি' কাহার রচনা ?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

(১) পাল যুগের প্রতিষ্ঠাতা কে ? কিভাবে তিনি পাল বংশ স্থাপন করেন ? (২) মাৎস্য-ন্যায় কাহাকে বলে ? (৩) পাল বংশের শ্রেষ্ঠ রাজার নাম কি ? তাঁহাকে কেন এই আখ্যা দেওয়া হয় ? (৪) প্রতিহার বংশের সাম্রাজ্যবিস্তার সম্বন্ধে কতদূর জানা যায়। (৫) হূন জাতির পরিচয় দাও। (৬) সেন বংশের প্রতিষ্ঠাতা সম্পর্কে কি জান ?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) পাল ও সেন যুগে শিক্ষা ও সাহিত্যের ক্ষেত্রে বাঙ্গালী দেশ-বিদেশে খ্যাতি লাভ করিয়াছিল কেন ? (২) হূনদের আগমন কিভাবে ঘটে ? (৩) যশোধর্মন কোন্ বংশের রাজা ছিলেন ? তিনি কোন্ হূন রাজাকে পরাজিত করে কিভাবে সিংহাসনে আরোহণ করেন ? (৪) 'মাৎস্য-ন্যায়' কাহাকে বলে ? বাংলার মানুষ সেই সময়ে যে একতা ও স্বার্থ ত্যাগের পরিচয় দিয়াছিল তাহা বিবৃত কর। (৫) ধর্মপাল কে ছিলেন ? তাঁহার সর্বতোমুখী প্রতিভার পরিচয় দাও। (৬) হর্ষবর্ধন-এর রাজত্বকালে কোন্ বৈদেশিক পরিব্রাজক এদেশে আসেন ? হর্ষবর্ধনের বিদ্যোৎসাহিত্যের পরিচয় দাও। (৭) হর্ষের যুগের সভ্যতা সম্পর্কে হিউয়েন সাঙ কি বলিয়াছেন ? (৮) প্রাচীন ভারতের দুইটি বিশ্ববিদ্যালয় সম্পর্কে বিবরণ দাও। পাল-প্রতিহার ও রাষ্ট্রকূটদের মধ্যে ত্রিপাক্ষিক লড়াই সম্পর্কে আলোচনা কর।

(ঘ) **প্রদত্ত ভারতবর্ষের রেখা-মানচিত্রে নিম্নলিখিত ঐতিহাসিক স্থানগুলির অবস্থান নির্দেশ কর :**

(১) মহেঞ্জোদরো (৩) গৌড় (৫) কাঞ্চি
(২) কনৌজ (৪) পাটলিপুত্র (৬) উজ্জয়িনী

(৭) গোঙ্গাইকোণ্ড চোলপুরম (১০) সারনাথ (১৩) পুরুষপুর
(৮) তাম্রলিপি (১১) ইন্দ্রপ্রস্থ (১৪) প্রয়াগ
(৯) বারাণসী (১২) তক্ষশিলা (১৫) হরপ্পা.

(ঙ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) গুপ্তোত্তর যুগে ভারতে হূনদের রাজ্যবিস্তার সম্বন্ধে কি জান ? (২) হর্ষবর্ধনের কৃতিত্ব আলোচনা কর। (৩) হিউয়েন সাঙ-এর ভারত বৃত্তান্তের ঐতিহাসিক মূল্যায়ন কর। (৪) পাল বংশের প্রতিষ্ঠাতা কে ? প্রথম তিনজন পাল রাজার সম্বন্ধে একটি সংক্ষিপ্ত বিবরণ দাও। (৫) হর্ষবর্ধনের শাসন প্রণালী বর্ণনা কর। (৬) পাল সংস্কৃতি সম্পর্কে আলোচনা কর। এবং পাল ও সেন যুগের সমাজ ব্যবস্থা আলোচনা কর। (৭) বাংলার প্রথম সার্বভৌম নরপতি কাহাকে বলে ? তাঁহার চরিত্র ও কৃতিত্ব বর্ণনা কর। (৮) বাংলায় পাল বংশের উৎপত্তি সম্বন্ধে কি জান ? পাল বংশের কৃতিত্ব আলোচনা কর। (৯) রাজনৈতিক লক্ষ্য চরিতার্থ করিবার ব্যাপারে ধর্মপাল ও দেবপাল কতদূর সাফল্য অর্জন করিয়াছিলেন। (১০) পাল-রাষ্ট্রকূট ও প্রতিহারদের মধ্যে ত্রিশক্তি সংগ্রামের বিবরণ দাও। (১১) সেন বংশের উৎপত্তি এবং বাংলার ইতিহাসে তাঁহার কৃতিত্ব আলোচনা কর। (১২) পাল শ্রেষ্ঠ রাজার নাম কি ? তাঁহাকে কেন এই শ্রেষ্ঠ আখ্যা দেওয়া হইয়া থাকে ? (১৩) পাল ও সেন যুগের বাংলার শিল্পকলা ও সাহিত্যের সংক্ষিপ্ত আলোচনা কর। (১৪) সাম্রাজ্য সংগঠক ও শাসক হিসাবে হর্ষবর্ধনের কৃতিত্ব আলোচনা কর। (১৫) গৌড়ের সহিত কনৌজের দ্বন্দ্ব সপ্তম শতাব্দীতে কিভাবে ঘটে ? ইহার ফলে গৌড় শক্তির উপর কি ফল হয় ? (১৬) শশাঙ্কের রাজ্যজয় ও কৃতিত্ব আলোচনা কর। (১৭) ধর্মপাল ও দেবপালের সাম্রাজ্যনীতি ও শাসননীতি আলোচনা কর। বাংলাদেশে কিরূপ মাৎস্য-ন্যায় চলিতেছিল ? কিভাবে ইহার পরিসমাপ্তি ঘটে।

(চ) সংক্ষিপ্ত টীকা :

(১) পাল-রাজ ধর্মপাল। (২) অতীশ দীপঙ্কর। (৩) নালন্দা-বিশ্ববিদ্যালয়। (৪) মাৎস্য-ন্যায়। (৫) দানসাগর ও অদ্ভুত সাগর।

দাক্ষিণাত্য

(ক) এক কথায় উত্তর দাও :

(১) ইতিহাসে চালুক্যদের কয়টি শাখা ? (২) চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি কে ? (৩) ভারতে চালুক্যগণের আদি বাসস্থান কোথায় ছিল ? (৪) রাষ্ট্রকূট বংশের রাজা তৃতীয় কৃষ্ণ কত খ্রীঃ সিংহাসনে বসেন ? (৫) রাষ্ট্রকূট বংশের রাজা তৃতীয় গোবিন্দ কত খ্রীঃ সিংহাসনে আরোহণ করেন ? (৬) কল্যাণের চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি কে ? (৭) ষষ্ঠ বিক্রমাদিত্যের সভাকবির নাম কি ? (৮) ষষ্ঠ বিক্রমাদিত্যের সভাকবি বিহলন রচিত গ্রন্থটির নাম কি ? (৯) চালুক্যদের রাজধানী কোথায় ছিল ?

(খ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক :

(১) ইতিহাসে চালুক্যরা কয়টি শাখায় বিভক্ত ছিলেন ? শাখাগুলির নাম উল্লেখ করে সংক্ষেপে বিবরণ দাও। (২) চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি কে ছিলেন ? তিনি কি কি নামে পরিচিত ছিলেন ? তাঁহার রাজ্যজয়ের ঘটনা সংক্ষেপে লিখ ? (৩) দ্বিতীয় পুলকেশীর কৃতিত্ব সম্পর্কে আলোচনা কর। (৪) রাষ্ট্রকূট বংশের উৎপত্তি সম্বন্ধে কি জান ? এই বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা কে ছিলেন ? (৫) কল্যাণে চালুক্যদের সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

(গ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) চালুক্য বংশের রাজনৈতিক ইতিহাস সংক্ষেপে রচনা কর। (২) রাষ্ট্রকূট-বংশের রাজনৈতিক ইতিহাস সংক্ষেপে বিবরণ দাও। (৩) রাষ্ট্রকূট সাম্রাজ্যের দু'জন শ্রেষ্ঠ রাজার কর্মকীর্তি আলোচনা কর। (৪) চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি কে ? তাঁহার কৃতিত্ব আলোচনা কর।

(ঘ) সংক্ষিপ্ত টীকা :

(১) দ্বিতীয় পুলকেশী। (২) ষষ্ঠ বিক্রমাদিত্য। (৩) তৃতীয় কৃষ্ণ। (৪) তৃতীয় গোবিন্দ। (৫) চালুক্য। (৬) কল্যাণের চালুক্য বংশ। (৭) রাষ্ট্রকূট বংশ।

দক্ষিণ ভারত

(ক) এক কথায় উত্তর দাও :

(১) পল্লব বংশের প্রতিষ্ঠাতা কে ? (খ) পল্লব বংশের সর্বশ্রেষ্ঠ ও পরাক্রমশালী নরপতি কে ছিলেন ? (৩) 'মহামল্ল' উপাধি কে নিয়েছিলেন ? (৪) পল্লব বংশের শেষ রাজার নাম কি ? (৯) চোল বংশের প্রথম ঐতিহাসিক রাজা কে ছিলেন ? (৬) চোল বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি কে ? (৭) 'গঙ্গাই কোণ্ড' উপাধি কে নিয়েছিলেন ? (৮) তাঞ্জোরের রাজ রাজেশ্বরের মন্দির কে প্রতিষ্ঠা করেন ? (৯) রাজেন্দ্র চোল দক্ষিণ-পূর্ব এশিয়ার কোন্ রাজত্বের রাজাকে পরাজিত করেছিলেন ?

(খ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক :

(১) পল্লব বংশের উৎপত্তি সম্বন্ধে সংক্ষেপে লিখ। (২) হিউয়েন-সাঙ-এর বিবরণ হইতে পল্লব রাজ্য সম্পর্কে কতখানি জানিতে পারা যায়। (২) চোল গণের প্রাচীন ইতিহাস সম্বন্ধে যাহা জান লিখ। (৩) চোল বংশের অন্যতম শ্রেষ্ঠ নরপতি কে ? তাঁহার সম্বন্ধে যাহা জান লিখ। অথবা, চোল রাজ প্রথম রাজরাজ কে মহান্ বলা হয় কেন ? (৫) চোল বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি কে ? তাঁহার কৃতিত্ব সম্পর্কে আলোচনা কর। অথবা, চোল বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি প্রথম রাজেন্দ্র চোল-এর রাজ্য জয়ের কাহিনী আলোচনা কর। (৬) দক্ষিণ ভারতীয় শিল্প রীতিতে বৈদেশিক প্রভাব পরিলক্ষিত হয় কি ? চোল শিল্পগণ দান সুলভ পরিকল্পনাকে মনিকারের দক্ষতা সহকারে রূপদান করিয়াছেন—এই উক্তি সম্পর্কে তোমার মতামত ব্যক্ত কর।

(গ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) দক্ষিণ ভারতের রাজনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে পল্লবদের অবদান বর্ণনা কর। (২) কাঞ্চীর পল্লব বংশের উৎপত্তি সম্বন্ধে কি জান? দক্ষিণ ভারতে প্রভুত্ব স্থাপনের প্রশ্নে পল্লব ও চালুক্যদের সংগ্রাম সংক্ষেপে বর্ণনা কর। (৩) দক্ষিণ ভারতে চোলদের প্রভুত্ব স্থাপনের সংক্ষিপ্ত বিবরণ দাও। (৪) চোল বংশের সংক্ষিপ্ত ইতিহাসের বিবরণ দাও। (৫) রাজারাজ চোল ও রাজেন্দ্র চোলের রাজ্য জয়ের বিবরণ দাও।

(ঘ) সংক্ষিপ্ত টীকা :

(১) পল্লব ও চালুক্য দ্বন্দ্ব। (২) পল্লবগণের শিল্প। (৩) চোলগণের সামুদ্রিক ক্রিয়াকলাপ।

সপ্তম অধ্যায়

সপ্তম শতাব্দী থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবন

(ক) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) পাল ও সেন যুগের বাংলার শিল্পকলা ও সাহিত্যের সংক্ষিপ্ত বিবরণ দাও। (২) পাল ও সংস্কৃতি সম্পর্কে আলোচনা কর এবং পাল ও সেনযুগের সমাজ ব্যবস্থা আলোচনা কর। (৩) পল্লব ও চোল শিল্প সম্পর্কে যাহা জান লিখ। (৪) প্রাচীন যুগে দাক্ষিণাত্যের সংস্কৃতির রূপ কি ছিল? চোল রাজাদের আমলে শিল্পোন্নতি সম্পর্কে একটি টীকা লিখ। (৪) মধ্য ও পূর্ব এশিয়ায় ভারতীয় সংস্কৃতি কিভাবে প্রসার লাভ করিয়াছিল? (৫) পাল ও সেনযুগে শিক্ষা ও সাহিত্যের ক্ষেত্রে বাঙ্গালীর অবদান সম্পর্কে আলোচনা কর। (৬) শৈলেন্দ্র বংশের রাজত্বকাল সম্পর্কে আলোচনা কর। (৭) সপ্তম থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত দক্ষিণ ভারতের সামাজিক অবস্থা বর্ণনা কর। (৮) দক্ষিণ ভারতের সাহিত্য সম্পর্কে আলোচনা কর। (৯) দক্ষিণ ভারতের শিল্পের পরিচয় দাও।

(খ) সংক্ষিপ্ত টীকা :

(১) অতীশ দীপঙ্কর। (২) প্রাচীন বাংলার শিল্পকলা। (৩) প্রাচীন বাংলার ব্যবসা বাণিজ্য। (৪) শীলভদ্র। (৫) পল্লবগণের শিল্প।

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) পাল যুগের সমাজ সম্পর্কে আলোচনা কর। (২) সেন যুগের সমাজ সম্পর্কে আলোচনা কর। (৩) সেনযুগে ব্রাহ্মণ্য ধর্মের পুনরুজ্জীবন ও জাতি বিভাগ সম্পর্কে যা জান লেখ। (৪) পাল ও সেনযুগে মেয়েদের অবস্থা কেমন ছিল? (৫) পাল ও সেনযুগে খাদ্য ও পোশাক সম্পর্কে আলোচনা কর। (৬) পাল ও সেনযুগে কৃষি ব্যবস্থা কেমন ছিল? (৭) পাল যুগের শিল্প ও বাণিজ্যের পরিচয় দাও। (৮) পাল যুগের

বৌদ্ধ দার্শনিক ও পণ্ডিতদের সম্পর্কে আলোচনা কর। (৯) সেনযুগের সাহিত্য সম্পর্কে যা জান লেখ। (১০) পালযুগের স্থাপত্য ও ভাস্কর্য সম্পর্কে আলোচনা কর। (১১) দক্ষিণ ভারতের সামাজিক বিভাগ কেমন ছিল? (১২) দক্ষিণ ভারতের ধর্ম সম্পর্কে আলোচনা কর। (১৩) দক্ষিণ ভারতের অর্থনৈতিক অবস্থা কেমন ছিল আলোচনা কর। (১৪) দক্ষিণ ভারতের সংস্কৃত সাহিত্য সম্পর্কে আলোচনা কর। (১৫) দক্ষিণ ভারতের তামিল ও কানাড়া সাহিত্য সম্পর্কে আলোচনা কর। (১৬) পল্লব শিল্পরীতি বললে কি বোঝ? (১৭) চোল শিল্পরীতি নিয়ে আলোচনা কর। (১৮) চালক্য ও রাষ্ট্রকূট শিল্পরীতি কেমন ছিল? (১৯) দক্ষিণপূর্ব এশিয়ায় কম্বোজ রাজত্বের বিবরণ দাও। (২০) চীন-ভারত যোগাযোগ কিভাবে হয়েছিল?

(ঘ) এক কথায় উত্তর দাও:

(১) কোন্ রাজার আমলে বাংলায় কৌলিণ্য প্রথা চালু হয়েছিল? (২) কে বাংলার মেয়েদের প্রশংসা করেছেন? (৩) 'দায়ভাগ' কার রচনা? (৪) বাংলার প্রধান কৃষি উৎপাদন কি কি ছিল? (৫) পাল ও সেনযুগে বাংলার প্রধান বন্দর কোন্‌টি ছিল? (৬ চর্যাপদ কি? (৭) 'রামচরিত' কার রচনা? (৮) 'ন্যায় কন্দলীর' রচয়িতা কে? (৯) দীপঙ্কর শ্রীজ্ঞান কোথায় দেহত্যাগ করেন? (১০) সেনযুগের দু'জন শাস্ত্রজ্ঞ পণ্ডিতের নাম কর। (১১) সেনযুগের দু'জন বিখ্যাত কবি'র নাম কর। (১২) 'দানসাগর' কার রচনা? (১৩) পালযুগের দু'জন শিল্পীর নাম কর। (১৪) পালযুগের বিখ্যাত স্থাপত্য কোথায় পাওয়া গিয়েছে? (১৫) আর্যসভ্যতা বিস্তারের পূর্বে দক্ষিণ ভারতে কি পূজা করা হত? (১৬) দক্ষিণ ভারতের ২টি বড় বন্দরের নাম কর। (১৭) দণ্ডিনের রচনার নাম কি? (১৮) 'কুরাল' ও 'নালাদিয়ার' কি? (১৯) একটি তামিল মহাকাব্যের নাম কর। (২০) পল্লব যুগে কোথায় **'সপ্তরথ'** তৈরী হয়েছিল। (২১) রাষ্ট্রকূট রাজত্বে ইলোরার বিখ্যাত কোন্ মন্দিরটি নির্মিত হয়েছিল? (২২) চোল আমলে তাঞ্জোরে কোন্ বিখ্যাত মন্দিরটি নির্মিত হয়েছিল? (২৩) আঙ্কোরভাটের মন্দির কোথায় অবস্থিত? (২৪) বরবুদুরের মন্দির কোথায় অবস্থিত? (২৫) কোন্ শৈলেন্দ্রবংশীয় রাজা চোলরাজা রাজেন্দ্রচোল কর্তৃক পরাজিত হয়েছিলেন?

মধ্যযুগের ভারতবর্ষ (Medieval India)

সুলতানি যুগ

[১ম—৮ম পরিচ্ছেদ]

(ক) এক কথায় উত্তর দাও:

(১) কোন্ খ্রীষ্টাব্দে ভারতের সিন্ধু অঞ্চলে আরবদের আধিপত্য প্রতিষ্ঠিত হয়? (২) সুলতান মামুদ কতবার ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন? (৩) ভারতে মুসলমান রাজ্যের প্রতিষ্ঠাতার নাম কর। (৪) গজনী শহর কোথায় অবস্থিত? (৫) সুলতান

মামুদের বিরুদ্ধে উত্তর-পশ্চিম ভারত রক্ষার প্রধান দায়িত্ব কোন্ রাজপুত বহন করেন ? (৬) জয়পাল কে ছিলেন ? (৭) তরাইনের দুইটি যুদ্ধ কাহার কাহার মধ্যে ঘটে এবং কোন্ কোন্ খ্রীঃ ঘটে ? (৮) ভারতে তুর্কী সাম্রাজ্যের স্থাপয়িতা কে ? (৯) দিল্লীর প্রথম সুলতান কে ছিলেন ? (১০) দাস বংশ বলিতে কোন্ কোন্ সুলতানের রাজত্বকাল বুঝায় ? (১১) বাংলায় মুসলিম অধিকার প্রথম কে এবং কোন্ খ্রীঃ স্থাপন করেন ? (১২) কুতবমিনার কাহার শিল্প কীর্তি ? (১৩) ইলতুৎমিস কাহাকে তাঁহার উত্তরাধিকারী মনোনীত করেন ? (১৪) বন্দেগান-ই চাহালগান কি ? কে ইহা দমন করেন ? (১৫) কোন্ সুলতান তাম্রার নোট প্রচলন করেন ? (১৬) দাস বংশের দুইজন সুলতানের নাম কর ? (১৭) খলজী বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন ? (১৮) আলবিরুনীর ঐতিহাসিক রচনার নাম কি ? (১৯) ফিরোজশাহের ঐতিহাসিক সঙ্কলনের নাম কি ? (২০) দাস বংশের প্রতিষ্ঠাতা কে ? (২১) তৈমুরলঙ্ কোন্ খ্রীঃ ভারতবর্ষ আক্রমণ করেন ? (২২) সৈয়দ বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন ? (২৩) লোদী বংশের প্রতিষ্ঠাতা কে ? (২৪) কোন্ মহিলা প্রথম দিল্লীর সিংহাসনে আরোহণ করেন ? (২৫) জিয়াউদ্দিন বারণীর রচনার নাম কি কি ? (২৬) সামস্-ই সিরাজ আফিফের রচনার নাম কি ?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

(১) 'খলিফা' কাহাকে বলা হয় ? (২) ভারত আক্রমণে সুলতান মামুদের উদ্দেশ্য কি ছিল ? (৩) 'দাস বংশ' নামের যৌক্তিকতা কি ? (৪) কোন্ কোন্ গ্রন্থ হইতে আরবদের সিন্ধু অভিযানের তথ্য পাওয়া যায় ? (৫) মধ্যযুগে ভারতে আগত কয়েকজন বিদেশী পর্যটকের নাম কর। তাঁহারা কি কি লিখিয়া গিয়াছেন ? (৬) মহম্মদ-বিন-তুঘলকের পরিকল্পনাগুলি উল্লেখ কর। (৭) সৈয়দ বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন ? কিভাবে এই রাজবংশের পরিসমাপ্তি ঘটে ? (৮) আল-বিরুনী কে ছিলেন ? তিনি কি জন্য বিখ্যাত ?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) সুলতান মামুদ ও মহম্মদ ঘুরীর ভারত আক্রমণের পার্থক্য কি বুঝাইয়া বল। (২) সুলতানা রাজিয়া বেশীদিন রাজত্ব করিতে পারেন নাই কেন ? (৩) 'নব-মুসলমান' কাহাদের বলা হয় ? (৪) আলাউদ্দিনের রাজ্যশাসন নীতির পরিচয় দাও। (৫) মহম্মদ-বিন-তুঘলকের প্রকৃত নাম কি ? তাঁহার প্রবর্তিত মুদ্রা সংস্কার ব্যবস্থা আলোচনা কর। (৬) মহম্মদ-বিন-তুঘলককে 'খামখেয়ালি' সম্রাট বলা যুক্তিসঙ্গত কিনা বিচার কর। (৭) ভারতে মুসলমান আক্রমণ কেন সাফল্য লাভ করে ? মুসলিম আক্রমণ প্রতিরোধে শাহী বংশ কি ভূমিকা নিয়েছিলেন ? (৮) সুলতান মামুদ ও মহম্মদ ঘুরীর কৃতিত্বের তুলনামূলক আলোচনা কর। (৯) ইলতুৎমিস দিল্লী সুলতানিকে স্থায়ী করার জন্য কি ব্যবস্থা নেন ? তাহা কতদূর কার্যকরী হয় ? (১০) ইলতুৎমিস

কিভাবে বিদ্রোহ দমন করেন ? রাজিয়ার চরিত্র ও কৃতিত্ব আলোচনা কর। [মাঃ ১৯৮০] (১১) গিয়াসউদ্দীন বলবন দিল্লী সুলতানীকে দৃঢ় করিবার জন্য কি কাজ করেন ? (১২) সুলতানী যুগে আভ্যন্তরীণ বিপদ কি ছিল ? (১৩) সুলতানীর শুরুতে মোঙ্গল আক্রমণ কিভাবে ইলতুৎমিস ও বলবনকে বিব্রত করেছিল ? (১৪) সুলতান যুগের সাহিত্যিক উপাদানগুলি আলোচনা কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) কিভাবে ভারতে মুসলমান শাসন স্থাপিত হইয়াছিল ? (২) আরবদের সিন্ধু অভিযানের বিবরণ দাও। (৩) আরবদের আক্রমণের প্রাক্কালে সিন্ধুদেশের সংক্ষিপ্ত বিবরণ দাও। (৪) সুলতান মামুদের ভারত অভিযানের সংক্ষিপ্ত বিবরণ দাও। (৫) দাস বংশের শ্রেষ্ঠ নরপতি কে ছিলেন ? তাঁহার রাজত্বকাল সম্পর্কে যাহা জান লিখ। (৬) আলাউদ্দীন খলজীর রাজ্য জয় ও শাসনব্যবস্থা সম্পর্কে একটি বিবরণী লিখ। (৭) ইলতুৎমিসের কৃতিত্ব আলোচনা কর। তাঁহাকে দিল্লীর সুলতানী সাম্রাজ্যের যথার্থ প্রতিষ্ঠাতা বলা হয় কেন ? (৮) সুলতানী সাম্রাজ্যের সংহতির জন্য বলবন কি কি উপায় অবলম্বন করিয়াছিলেন এবং তিনি কতদূর সাফল্য অর্জন করিয়াছিলেন ? (৯) ভারতে খলজী বংশের উত্থান ও গুরুত্ব আলোচনা কর। (১০) আলাউদ্দীন খলজীর রাজ্য জয়ের সংক্ষিপ্ত বিবরণ দাও। (১১) আলাউদ্দীনের দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও রেশনিং ব্যবস্থা সম্বন্ধে কি জান ? ইহার ফলাফল কিরূপ হইয়াছিল ? (১২) আলাউদ্দীন খলজীর শাসনব্যবস্থা বর্ণনা কর। (১৩) আলাউদ্দীন খলজীর অর্থনৈতিক ব্যবস্থার উদ্দেশ্য কি ছিল ? এই উদ্দেশ্য কতটা সাফল্য হয়েছিল ? (১৪) মহম্মদ-বিন-তুঘলকের পরিকল্পনাসমূহ আলোচনা কর। (১৫) মহম্মদ-বিন-তুঘলকের চরিত্র ও কৃতিত্বের মূল্যায়ন কর। (১৬) মহম্মদ-বিন-তুঘলকের ব্যর্থতার কারণ ও উহার ফলাফলের মূল্যায়ন কর। (১৭) ফিরোজ তুঘলককে প্রজাকল্যাণকামী স্বৈরাচারী হিসাবে বর্ণনা কর। (১৮) তৈমুরের ভারত অভিযান ও উহার ফলাফল বর্ণনা কর। (১৯) সুলতানী সাম্রাজ্যের পতনের কারণ কি ? (২০) সৈয়দ ও লোদী বংশের সংক্ষিপ্ত বিবরণ দাও। (২১) সুলতানী যুগের ইতিহাসের উপাদানগুলি সম্পর্কে আলোচনা কর। (২১) ভারতের ইতিহাসে মুসলিম যুগের পরিবর্তে 'মধ্যযুগ' আধুনিককালে কেন বলা হয় ?

(ঙ) সংক্ষিপ্ত টীকা :

(১) আল্‌বিরুনী। (২) মালিক কাফুর। (৩) ইলতুৎমিস। (৪) ফিরোজ তুঘলক। (৫) সুলতানা রাজিয়া।

কিছু আঞ্চলিক রাজ্যের উদ্ভব

[Rise of some regional Powers]

(ক) এক কথায় উত্তর দাও :

(১) কত খ্রীঃ বাংলাদেশে ইলিয়াস বংশের প্রতিষ্ঠা হয়? (২) হুসেনশাহী বংশের প্রতিষ্ঠাতা কে? (৩) বাহমনী বংশের প্রতিষ্ঠাতা কে? (৪) 'বাহমনী' শব্দের অর্থ কি? (৫) বাহমনী বংশের শেষ সুলতানের নাম কি? (৬) কোন্ অঞ্চল নিয়ে বিজয়নগর ও বাহমনী রাজত্বের সংঘর্ষ শুরু হয়েছিল? (৭) সোনা-মসজিদ কে নির্মাণ করেন? (৮) কোন্ কোন্ বিদেশী পর্যটক বিজয়নগর রাজ্য পরিভ্রমণ করেন? (৯) তালিকোটার যুদ্ধ কাদের মধ্যে হয়েছিল? (১০) মামুদ গাওয়ান কোন্ রাজ্যের মন্ত্রী ছিলেন?

(খ) সংক্ষেপে উত্তর দাও :

(১) বিজয়নগর সাম্রাজ্যে কয়টি রাজবংশ রাজত্ব করত? এইগুলির নাম উল্লেখ কর। (২) বাহমনী রাজ্যের ধ্বংসস্তূপের উপর কয়টি স্বাধীন রাজ্যের উৎপত্তি হয় ও কি কি?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) "সাংস্কৃতিক ক্ষেত্রেও ইলিয়াসশাহী বংশের অবদান নেহাৎ তুচ্ছ নয়"—উক্তিটি বিচার বিশ্লেষণ কর। (২) নসরৎশাহের কৃতিত্ব আলোচনা কর। (৩) আলাউদ্দীন হুসেন শাহের চরিত্র ও কৃতিত্ব আলোচনা কর। (৪) বিজয়নগর সাম্রাজ্যের গুরুত্ব আলোচনা কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) বাংলায় ইলিয়াস শাহী বংশের প্রতিষ্ঠা কিভাবে হইয়াছিল? এই বংশের শ্রেষ্ঠ সুলতানের কৃতিত্ব আলোচনা কর। (২) বাংলায় হুসেন শাহী বংশের প্রতিষ্ঠা কিভাবে হইয়াছিল? এই বংশের সর্বশ্রেষ্ঠ সুলতান কাহাকে বলা হয়? তাঁহার রাজত্বের সংক্ষিপ্ত বিবরণ দাও। (৩) ইলিয়াস শাহী ও হুসেন শাহী বংশের কৃতিত্বের মূল্যায়ন কর। (৪) বাহমনী ও বিজয়নগর সাম্রাজের মধ্যে সুদীর্ঘ সংঘাতের বিবরণ দাও। (৫) বিজয়নগর সাম্রাজের শাসন ব্যবস্থার বর্ণনা দাও। (৬) বিজয়নগর সাম্রাজ্যের সাংস্কৃতিক, সামাজিক ও অর্থনৈতিক অবস্থা সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর। (৭) বিজয়নগর সাম্রাজ্যের দেবরায় ও কৃষ্ণরায়ের কৃতিত্ব আলোচনা কর।

(ঙ) সংক্ষিপ্ত টীকা :

(১) বিজয়নগর সাম্রাজ্যের সাহিত্য ও সংস্কৃতি। (২) নসরৎ শাহ। (৩) ইবনবতুতা। (৪) দাক্ষিণাত্যের পঞ্চ রাজ্য। (৫) বাহমনী রাজ্যের কৃতিত্ব। (৬) বিজয়নগর সাম্রাজ্যের উৎপত্তি।

ভারতের উপর মুসলিম শাসনের প্রভাব
[Impact of MuslimRule on India]

(ক) এক কথায় উত্তর দাও :

(১) 'ভক্তিবাদ' কোন্ ধর্মে এবং 'সুফীবাদ' কোন্ ধর্মে ? (২) বৈষ্ণব ধর্মের প্রবর্তক কে ছিলেন ? (৩) বৈষ্ণব ধর্মের সর্বশ্রেষ্ঠ প্রচারক কে ? (৪) শিখ ধর্মের প্রবর্তক কে ? (৫) উর্দু ভাষায় কিরূপে উৎপত্তি হয় ? (৬) নামদেব কোন্ ভাষায় সাহিত্য রচনা করেন ? (৭) বাংলায় প্রথম রামায়ণ রচনা কে করেন ? (৮) নিজামুদ্দিন আওলিয়া কে ছিলেন ? (৯) গুরুনানক কোন্ খ্রীঃ জন্মগ্রহণ করেন ? (১০) আমীর খসরু কে ছিলেন ? (১১) আলাই দরওয়াজা কে নির্মাণ করেন ?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

(১) 'ভক্তিবাদ' বলিতে কি বুঝ ? (২) ধর্ম সম্পর্কে সুফী সম্প্রদায় কি মনোভাব পোষণ করিতেন ? (৩) রামানন্দ কাহার উপাসক ছিলেন ? (৪) 'শিখ' কাহাদের বলা হয় ? (৫) চৈতন্যদেবের প্রচারিত ধর্মের মূল কথা কি ছিল ? (৬) যবন হরিদাস কাহার শিষ্য ছিলেন ? (৭) গুরু নানক কোন্ খ্রীঃ জন্মগ্রহণ করেন ? তাঁহার প্রচারিত ধর্মের নাম কি ? (৮) তুঘলক যুগের স্থাপত্যে কোন্ রীতি গ্রহণ করা হয় ?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) হিন্দু ও মুসলমানদের মধ্যে প্রীতির সম্পর্ক গড়িয়া তুলিতে সাহায্য করিয়াছেন এমন যে কোন দুইজন ধর্ম ও সমাজ সংস্কারকের ভূমিকা পর্যালোচনা কর। (২) ইসলামীয় একেশ্বরবাদের সহিত হিন্দু একেশ্বরবাদের মিলন কাহারা আনেন—তাহা আলোচনা কর। (৩) সুফী সাধুগণের দর্শন কি ছিল ? (৪) 'ভক্তিবাদ' সম্পর্কে আলোচনা কর [মাঃ ১৯৭৯]। (৫) সুলতানী যুগে উর্দু ও হিন্দী সাহিত্য সম্পর্কে বিবরণ দাও। (৬) সুলতানী যুগে বাংলা সাহিত্যে পদাবলী ও মঙ্গলকাব্যের রচনার কি কাজ হয়। (৭) সুলতানী যুগে ইসলামীয় সভ্যতা কিভাবে ভারতীয় চরিত্র গ্রহণ করে তাহা হিন্দু মুসলিম সংস্কৃতির মিলনের উদাহরণসহ আলোচনা কর। (৮) সুলতানী যুগের স্থাপত্য সম্পর্কে আলোচনা কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) মধ্যযুগে হিন্দু-মুসলিম সভ্যতা ও সংস্কৃতির সমন্বয়ের কাহিনী বিবৃত কর। (২) সুফীবাদ ও ভক্তিবাদ সম্পর্কে আলোচনা কর। (৩) সুলতানী যুগের শিল্প ও স্থাপত্য সম্পর্কে আলোচনা কর। (৪) সুলতানী যুগের সাহিত্য সম্পর্কে যা জান লেখ।

মুঘল যুগ (১৫২৬-১৭০৭ খ্রীঃ)

(১) মুঘলযুগের ইতিহাসের উপাদান

(ক) এক কথায় উত্তর দাও :

(১) মুঘল যুগের ইতিহাসের জন্য আমরা কোন্ কোন্ শ্রেণীর উপাদানের উপর নির্ভর করি ? (২) আকবরের সভাসদ আবুল ফজলের রচিত দুটি বই-এর নাম কর ? (৩) 'তুজুক-ই-জাহাঙ্গীরি'—কার রচনা ? (৪) বাদাউনি রচিত বইটির নাম কি ? (৫) 'শাহজাহান নামা' কার রচনা ? (৬) 'দস্তুর-ই-আমল' কি ? (৭) "আকবরাত-ই-দরবাবই-মুয়ল্লা' কাকে বলে ? (৮) মুঘল যুগের ২।৩ জন বিখ্যাত বিদেশী পর্যটকের নাম কর। (৯) 'সভাসদ ভাস্কর' কোন্ অঞ্চলের ইতিহাস ?

(খ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) মুঘল যুগের ইতিহাসের উপাদান হিসাবে সমকালীন ঐতিহাসিকদের রচনা সম্পর্কে আলোচনা কর। (২) মুঘল যুগের ইতিহাসের উপাদান হিসাবে সমকালীন দলিলপত্রের ভূমিকা সম্পর্কে আলোচনা কর। (৩) বিদেশী পর্যটকদের বিবরণী মুঘল যুগের ইতিহাসের উপাদান হিসাবে কতটুকু মূল্যবান ?

(গ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) মুঘল যুগের ইতিহাসের প্রধান প্রধান উপাদানগুলি সম্পর্কে আলোচনা কর।

(২) বাবর, হুমায়ুন, শেরশাহ, জাহাঙ্গীর, আকবর, শাহজাহান, ঔরঙ্গজেব, শিবাজী ও ইউরোপীয় ব্যবসায়িক প্রতিষ্ঠান

(ক) এক কথায় উত্তর দাও :

(১) মুঘল সম্রাটগণ কোন্ বংশীয় ছিলেন ? (২) বাবরের পৈতৃকরাজ্যের নাম কি ? (৩) বাবরের পিতার নাম কি ? (৪) খানুয়ার প্রান্তরে বাবরের সঙ্গে কার যুদ্ধ হয় এবং কত খ্রীষ্টাব্দে হয় ? (৫) বাবরের আত্মচরিতের নাম কি ? (৬) চৌসার যুদ্ধ কত খ্রীষ্টাব্দে হয় ? (৭) বিল্বগ্রামের যুদ্ধ কাদের মধ্যে হয় ? (৮) শেরশাহের মুঘল প্রতিদ্বন্দ্বী কে ছিলেন ? (৯) কোথায় এবং কত খ্রীষ্টাব্দে শেরশাহের মৃত্যু হয় ? (১০) পাট্টা ও কবুলিয়ৎ কে প্রথম চালু করেন ? (১১) শেরশাহ প্রবর্তিত মুদ্রার নাম কি ছিল ? (১২) পানিপথের প্রথম যুদ্ধ কত খ্রীষ্টাব্দে এবং কাদের মধ্যে ঘটে ? (১৩) পানিপথের দ্বিতীয় যুদ্ধ কাদের মধ্যে ঘটে ? (১৪) কোথায় এবং কত খ্রীষ্টাব্দে আকবরের জন্ম হয়েছিল ? (১৫) হিমু কে ছিলেন ? (১৬) বৈরাম খাঁ কে ছিলেন ? (১৭) হলদিঘাটের যুদ্ধ কাদের মধ্যে এবং কত খ্রীষ্টাব্দে হয় ? (১৮) রানা প্রতাপ সিংহ কোথাকার রাজা ছিলেন ? (১৯) ইবাদৎখানা কে নির্মাণ করেন ? (২০) দীন-

ই-ইলাহী কে প্রচার করেন? (২১) টোডরমল আকবরের কোন্ দপ্তরের মন্ত্রী ছিলেন? (২২) জাহাঙ্গীর কোন্ শিখগুরুকে প্রাণদণ্ডে দণ্ডিত করেছিলেন? (২৩) জাহাঙ্গীরের আমলে কোন্ ইংরেজ দূতরূপে ভারতে আসেন? (২৪) নূরজাহানের আসল নাম কি? (২৫) শাহজাহানের আসল নাম কি? (২৬) মুঘল সাম্রাজ্যের "স্বর্ণযুগ" কোন বাদশাহের রাজত্বকালকে বলা হয়? (২৭) কত খ্রীষ্টাব্দে ঔরঙ্গজেব সিংহাসনে আরোহণ করেন? (২৮) তেগবাহাদুর কার আদেশে নিহত হন? (২৯) ঔরঙ্গজেবের সময়ে রাঠোর রাজপুত নেতার নাম কি? (৩০) শিবাজীর পিতামাতার নাম কি ছিল? (৩১) শিবাজীর অভিভাবকের নাম কি ছিল? (৩২) শিবাজী বিজাপুরের সুলতানের যে সেনাপতিকে নিহত করেন তার নাম কি? (৩৩) শিবাজী ঔরঙ্গজেবের সঙ্গে কোন্ সন্ধি করেন? (৩৪) শিবাজী কি উপাধি গ্রহণ করেছিলেন? (৩৫) শিবাজী প্রবর্তিত শাসনব্যবস্থায় প্রধানমন্ত্রীর নাম কি ছিল? (৩৬) শিবাজী প্রতিবেশী রাজ্যগুলি হতে যে কর আদায় করতেন তার নাম কি? (৩৭) শিবাজীর অশ্বারোহী সেনাবাহিনী কয় ভাগে বিভক্ত ছিল এবং কি কি? (৩৮) ভাস্কোডাগামা কত খ্রীষ্টাব্দে ভারতবর্ষে এসেছিলেন? (৩৯) ভারতে কোন্ ইউরোপীয় বণিকদল প্রথমে আসে? (৪০) ভারতে ব্যবসা বাণিজ্যের জন্য আগত ইংরেজ ব্যবসা প্রতিষ্ঠানটির নাম কি? (৪১) টমাস্ রো কে ছিলেন? (৪২) ক্যাপ্টেন হকিন্স কোন্ মুঘল সম্রাটের দরবারে উপস্থিত হয়েছিলেন? (৪৩) ইংরেজরা ভারতের কোথায় সর্বপ্রথম কুঠি স্থাপন করেন? (৪৪) কত খ্রীষ্টাব্দে ইংরেজরা বাংলায় ব্যবসা করার অনুমতি পায়? (৪৫) কত খ্রীষ্টাব্দে ফরাসী ইষ্ট-ইণ্ডিয়া কোম্পানি প্রতিষ্ঠিত হয়? (৪৬) ভারতে ফরাসীদের প্রধান ব্যবসাকেন্দ্র কোন্‌টি ছিল?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

(১) কোন্ সুলতানকে পরাজিত করে বাবর ভারতবর্ষে মুঘল শাসনের সূত্রপাত ঘটিয়েছিলেন? (২) চৌসা ও বিল্ল গ্রামের যুদ্ধের গুরুত্ব কি? (৩) শেরশাহের প্রথম জীবন কি রকম ছিল? (৪) শেরশাহের আমলে কেন্দ্রীয় মন্ত্রীরা কারা ছিলেন? (৫) শেরশাহের শাসন ব্যবস্থার উল্লেখযোগ্য বৈশিষ্ট কি? (৬) পানিপথের দ্বিতীয় যুদ্ধের গুরুত্ব কি? (৭) ইবাদৎখানায় কি হত? (৮) কি কি নীতির বলে আকবর রাজপুতদের সঙ্গে সম্পর্ক স্থাপন করেছিলেন? (৯) রানা প্রতাপের সঙ্গে আকবরের সংঘর্ষের ফলাফল কি হয়েছিল? (১) জাহাঙ্গীরের আমলে কোন্ সেনাপতি এবং কেন বিদ্রোহ করেছিলেন? (১১) শাহজাহানের পুত্রদের মধ্যে গৃহবিবাদের ফলাফল কি হয়েছিল? (১২) ঔরঙ্গজেবের রাজত্বকালে রাজপুত, জাঠ, মারাঠা প্রভৃতি জাতি মুঘল সম্রাটের শত্রুতে পরিণত হয়েছিল কেন? (১৩) অষ্টাদশ শতাব্দীতে মারাঠাদের মধ্যে নবজাগরণের কারণ কি? (১৪) জায়গীর প্রথা কি? (১৫) জাবাত ব্যবস্থায় কিভাবে রাজস্ব আদায় করা হত? (১৬) ঔরঙ্গজেবের নির্দেশে কোন্ কোন্ হিন্দু মন্দির ধ্বংস করা হয়েছিল? (১৭) কি কারণে ঔরঙ্গজেব ১৬৮২ খ্রীষ্টাব্দে দাক্ষিণাত্যে

গিয়েছিলেন ? (১৮) শিবাজীর শাসনব্যবস্থার প্রকৃতি কি রকম ছিল ? (১৯) শিবাজী কি শাসন বিভাগ করেছিলেন ? (২০) ভাস্কোডাগামা কোন্ পথে ভারতবর্ষে এসেছিলেন ? (২১) আলবুকার্ক কে ছিলেন ? (২২) কোন্ সম্রাটের সঙ্গে এবং কি কারণে ইংরেজ কোম্পানীর সংঘর্ষ শুরু হয়েছিল ? (২৩) ফরাসী ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর গঠন কি রকম ছিল।

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) পানিপথের প্রথম যুদ্ধের কারণ এবং ফলাফল বর্ণনা কর। (২) হুমায়ুনের সঙ্গে শেরশাহের দ্বন্দ্বের বিবরণ দাও। (৩) শেরশাহের প্রজা হিতৈষণার পরিচয় দাও। (৩) শেরশাহ রাজস্ব বিভাগের কি সংস্কার করেছিলেন ? (৫) দ্বিতীয় পানিপথের যুদ্ধের কারণ এবং ফলাফল আলোচনা কর। (৬) আকবরের দাক্ষিণাত্য নীতি আলোচনা কর। (৭) আকবরের সঙ্গে মেবারের যুদ্ধের বর্ণনা দাও। (৮) আকবরের ধর্মনীতি কি ভিত্তিতে গড়ে উঠেছিল। (৯) দীন-ই-ইলাহী কে ব্যাখ্যা করেন। (১০) মনসবদারী প্রথা কি। (১১) আকবরের রাজস্ব ব্যবস্থার সংক্ষিপ্ত পরিচয় দাও। (১২) আকবরের কৃতিত্ব সম্পর্কে আলোচনা কর। (১৩) জাহাঙ্গীরের রাজত্বকালে নূরজাহানের ভূমিকা কি ছিল ? (১৪) শাহজাহানের দাক্ষিণাত্য নীতি আলোচনা কর। (১৫) শাজাহানের উত্তর-পশ্চিম সীমান্ত নীতি আলোচনা কর। (১৬) শাহজাহানের রাজত্বকালকে মুঘল রাজত্বের স্বর্ণযুগ বলা যায় কি ? (১৭) ঔরঙ্গজেবের ধর্মনীতির সংক্ষিপ্ত পরিচয় দাও। (১৮) ঔরঙ্গজেবের দাক্ষিণাত্য নীতি বর্ণনা কর। (১৯) ঔরঙ্গজেবের শাসন ও সামরিক ব্যবস্থা সম্পর্কে আলোচনা কর। (২০) ঔরঙ্গজেবের কৃতিত্ব সম্পর্কে আলোচনা কর। (২১) কি কারণে ইউরোপীয় বণিকরা ভারতে আসতে প্রলুব্ধ হয়েছিল ? (২২) প্রথমদিকে ইংরেজ বণিকরা ভারতে কি ধরনের বাধার সম্মুখীন হয়েছিল ? (২৩) শিবাজীর শাসনব্যবস্থা আলোচনা কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) "ইতিহাসে ভারতবিজেতা বাবর বিশিষ্টস্থান অধিকার করে আছেন"—আলোচনা কর। (২) বাবরের চরিত্র ও কৃতিত্বের মূল্যায়ন কর। (৩) শেরশাহের শাসনব্যবস্থা বর্ণনা কর। (৪) উত্তর ভারতে আকবরের রাজ্যবিস্তারের সংক্ষিপ্ত বিবরণ দাও। (৫) দক্ষিণ ভারতে আকবরের রাজ্যবিস্তারের বিবরণ দাও। (৬) আকবরের শাসনব্যবস্থা সম্পর্কে যা জান লিখ। (৭) মনসবদারী প্রথা ও আকবরের রাজস্ব সংস্কার সম্বন্ধে আলোচনা কর। (৮) দীন-ই-ইলাহী ধর্মমত কি ? এর রাজনৈতিক গুরুত্ব কি ছিল ? (৯) আকবরের ধর্মনীতি আলোচনা কর। (১০) শাসক ও বিজেতারূপে আকবরের গুণাগুণ নির্ণয় কর। (১১) শাহজাহানের রাজত্বকালে দাক্ষিণাত্যে মুঘল আধিপত্য কিভাবে বিস্তার লাভ করেছিল। (১২) শাহজাহানের রাজত্বকালকে মুঘল রাজত্বের স্বর্ণযুগ বলা হয় কেন ? (১৩) ঔরঙ্গজেবের

রাজপুত নীতির মূল্যায়ন কর। (১৪) ঔরঙ্গজেবের দাক্ষিণাত্য নীতি ও তার ফলাফল আলোচনা কর। (১৫) ঔরঙ্গজেবের ধর্মনীতি সম্পর্কে একটি সংক্ষিপ্ত আলোচনা কর। (১৬) শাসকহিসাবে ঔরঙ্গজেব কি রকম ছিলেন? (১৭) ঔরঙ্গজেবের চরিত্র ও কৃতিত্বের মূল্যায়ন কর। (১৮) মারাঠাজাতির সংগঠক হিসাবে শিবাজীর কৃতিত্ব আলোচনা কর। (১৯) শিবাজীর শাসনব্যবস্থা সম্বন্ধে আলোচনা কর। (২০) ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী কিভাবে ভারতবর্ষে ব্যবসা শুরু করেছিল। (২১) পর্তুগীজরা কি ভাবে ভারতে ব্যবসা শুরু করে এবং পরবর্তীকালে তারা ব্যর্থ হয়েছিল কেন?

(৩) মুঘলদের অধীনে ভারত

(ক) এক কথায় উত্তর দাও ঃ

(১) মুঘলশাসন ব্যবস্থার প্রকৃতি কি রকম ছিল? (২) জায়গীরদার কাদের বলা হত? (৩) সমগ্র সাম্রাজ্যকে কি নামে ভাগ করা হত? (৪) মুঘল যুগে কেন্দ্রীয় মন্ত্রী কারা ছিলেন? (৫) সুবা বা প্রদেশের কর্মচারীদের কে নিযুক্ত করতেন? (৬) জাবতি ব্যবস্থায় জমিকে কয়ভাগে ভাগ করা হত? (৭) মুঘল যুগে সমাজ কি ভিত্তিতে বিভক্ত ছিল? (৮) মুঘলযুগে বিশিষ্ট শহরগুলি কি কি ছিল? (৯) মুঘল যুগে অর্থনীতির ক্ষেত্রে প্রধান উপজীবিকা কি ছিল? (১০) মুঘল যুগে প্রধান শিল্প বলতে কোন্ শিল্পকে বোঝাত? (১১) মুঘল যুগের শিল্পে কোন্ দেশের প্রভাব বেশী লক্ষ্য করা যায়? (১২) আকবরের নির্মিত সৌধগুলির মধ্যে দু'একটির নাম কর। (১৩) বুলন্দ্ দরোয়াজা কে নির্মাণ করেন। (১৪) তাজমহল কার স্মৃতির উদ্দেশ্যে নির্মিত হয়েছিল? (১৫) 'প্রাচ্যের রাফায়েল' কাকে বলা হত? (১৬) আকবরের সভাগায়ক কে ছিলেন? (১৭) গুলবদন বেগমের রচিত পুস্তকের নাম কি? (১৮) আকবরের আদেশে কে রামায়ণ ও মহাভারতের কিছু অংশ অনুবাদ করেন? (১৯) 'রাম চরিত মানস' কার রচনা? (২০) বাংলায় মহাভারত কে রচনা করেন?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

(১) মুঘল কেন্দ্রীয় মন্ত্রীদের কি বলা হত? (২) জাব্‌তি ব্যবস্থা কি? (৩) মনসবদার কাদের বলা হত? (৪) মুঘল অভিজাতরা কি রকম জীবন-যাপন করত? (৫) মুঘল যুগে মধ্যবিত্ত শ্রেণী ছিল কি? (৬) মুঘল যুগে সাধারণ শ্রেণীর অবস্থা কেমন ছিল? (৭) বিদেশী পর্যটকরা সামাজিক রীতিনীতি সম্বন্ধে কি বলেছেন। (৮) মুঘল যুগে কি কি কৃষি পণ্য উৎপাদিত হত। (৯) বার্নিয়ার বাংলাদেশের তুলা ও রেশম সম্পর্কে কি বলেছেন। (১০) মুঘলযুগের প্রধান বন্দরগুলি কি কি ছিল। (১১) আকবর নির্মিত সৌধগুলির নির্মাণ রীতি কি রকম ছিল। (১২) ফতেপুর সিক্রি সম্পর্কে বেনসেন স্মিথ কি মন্তব্য করেছেন। (১৩) শাহজাহানের আমলে বিখ্যাত সৌধগুলি কি কি? (১৪) কত বছরে এবং কত মুদ্রা ব্যয়ে তাজমহল নির্মিত হয়েছিল।

(১৫) মুঘল যুগের অনুবাদ সাহিত্য সম্পর্কে কি জান? (১৬) মুঘল যুগে বৈষ্ণব সাহিত্যের রচয়িতাদের নাম কর।

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) মুঘলযুগে শাসনব্যবস্থা কি ভাবে কেন্দ্রীভূত হয়েছিল? (২) মুঘল যুগে সামাজিক অবস্থা কেমন ছিল? (৩) মুঘলযুগের অর্থনৈতিক জীবনের পরিচয় দাও। (৪) মুঘলযুগের স্থাপত্যকলা সম্পর্কে একটি সংক্ষিপ্ত রচনা লেখ। (৫) মুঘলযুগের চিত্র ও সঙ্গীত শিল্প সম্পর্কে কি জান? (৬) মুঘল যুগের ইতিহাস ও অনুবাদ সাহিত্য সম্বন্ধে আলোচনা কর। (৭) মুঘলযুগের হিন্দি ও আঞ্চলিক সাহিত্য সম্পর্কে আলোচনা কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) মুঘল যুগের কেন্দ্রীয় শাসনের পরিচয় দাও। মুঘল যুগের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা সম্পর্কে আলোচনা কর। (৩) মুঘল যুগের শিল্প ও স্থাপত্যকলা সম্পর্কে আলোচনা কর। (৪) মুঘল যুগের সাহিত্য সম্পর্কে যা জান লেখ।

ভারতবর্ষের ইতিহাস

মুঘল সাম্রাজ্যের পতন ও ভাঙ্গন

(ক) এক কথায় উত্তর দাও ঃ

(১) ঔরঙ্গজেবের ব্যর্থতার মূল কারণ কি ছিল? (২) ঔরঙ্গজেবের দাক্ষিণাত্যে সুদীর্ঘকাল উপস্থিতির ফল কি হয়েছিল? (৩) ঔরঙ্গজেব রাজপুতদের সম্পর্কে কি নীতি নিয়েছিলেন? (৪) ঔরঙ্গজেব হিন্দুদের আস্থা হারালেন কেন? (৫) ঔরঙ্গজেবের উত্তরাধিকারীরা কি প্রকৃতির ছিলেন। (৬) মুঘল যুগের শেষ দিকে অভিজাত শ্রেণীর প্রকৃতি কি রকম ছিল? (৭) জায়গীর হ্রাস পাওয়ায় মুঘল সাম্রাজ্যের কি ক্ষতি হয়েছিল। (৮) মুঘল সেনাবাহিনী দুর্বল হয়ে পড়েছিল কেন? (৯) মুঘল যুগের শেষদিকে কৃষকদের অবস্থা খারাপ হয়েছিল কেন? (১১) মুঘল যুগে ভারতীয়দের জাতীয়তাবোধ ছিল কি? (১০) মুঘলযুগের শেষ দিকে পারস্যের কে ভারত আক্রমণ করেছিলেন?

(খ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) মারাঠাদের সঙ্গে ঔরঙ্গজেবের কূটনীতি ব্যর্থ হয়েছিল কেন? (২) ঔরঙ্গজেবের রাজপুত নীতি মুঘল সাম্রাজ্যের পতনের জন্য কতটুকু দায়ী? (৩) মুঘল সাম্রাজ্যের পতনের জন্য ঔরঙ্গজেবের ধর্মনীতিকে দায়ী করা যায় কি? (৪) মুঘল সাম্রাজ্যের পতনের জন্য ঔরঙ্গজেবের পরবর্তী বংশধরেরা কতটুকু দায়ী? (৫) মুঘল অভিজাত শ্রেণী মুঘল সাম্রাজ্য পতনের জন্য কতটুকু দায়ী ছিল? (৬) কৃষক শ্রেণীর প্রতি অবহেলা ও কৃষক বিদ্রোহ মুঘল সাম্রাজ্যের পতনের জন্য কতটুকু দায়ী ছিল?

(৭) জাতীয়তাবোধের অভাবই কি মুঘল সাম্রাজ্য পতনের অন্যতম কারণ? (৮) সেনাবাহিনীর দুর্বলতা মুঘল সাম্রাজ্যের পতনের জন্য কতটুক সাহায্য করেছিল? (৯) মুঘল সাম্রাজ্য পতনের জন্য বিদেশীদের আক্রমণ কতটুকু দায়ী ছিল?

(গ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) মুঘলসাম্রাজ্য পতনের জন্য ঔরঙ্গজেবের দায়িত্ব সম্বন্ধে আলোচনা কর। (২) মুঘল সাম্রাজ্যের পতনের পিছনে প্রধান কারণগুলি কি ছিল? (৩) অভিজাত শ্রেণীর দুর্নীতি, স্বার্থপরতা, মুঘল সাম্রাজ্য পতনে কতটুকু সাহায্য করেছিল। (৪) মুঘলযুগের শেষদিকে সেনাবাহিনীর দুর্বলতা ও বিদেশী আক্রমণ মুঘল সাম্রাজ্যের পতনকে কতটুকু ত্বরান্বিত করেছিল।

আঞ্চলিক শক্তিসমূহের উদ্ভব

(ক) এক কথায় উত্তর দাও :

(১) কত খ্রীষ্টাব্দে মুর্শিদকুলী খাঁ বাংলার দেওয়ান পদে নিযুক্ত হন? (২) কত খ্রীষ্টাব্দে মুর্শিদকুলী খাঁ বাংলার সুবেদার পদে নিযুক্ত হন? (৩) সম্রাট ফারুখশিয়ারের দরবারে কোন্ ইংরেজ দূত গিয়েছিলেন? (৪) কত খ্রীষ্টাব্দে ফারুখশিয়ারের কাছ থেকে ফরমান লাভ করেন? (৫) মুর্শিদকুলীর পরে বাংলার নবাব কে হয়েছিলেন? (৬) কত খ্রীষ্টাব্দে আলিবর্দীখান বাংলার নবাব হন। ইংরেজ ইউরোপীয় বণিকদের প্রতি আলিবর্দীর দৃষ্টিভঙ্গি কিরূপ ছিল? (৮) হায়দরাবাদ রাজ্যের প্রতিষ্ঠাতা কে ছিলেন? (৯) কত খ্রীষ্টাব্দে নিজাম-উল-মুলক্ মুঘল সাম্রাজ্যের উজীর পদে নিযুক্ত হন? (১০) নিজামের হিন্দু দেওয়ানের নাম কি ছিল? (১১) কত খ্রীষ্টাব্দে হায়দার আলি জন্মগ্রহণ করেন? (১২) কাকে বন্দী করে হায়দার মহীশূর রাজ্যের কর্তৃত্ব লাভ করেন? (১৩) কে স্বাধীন অযোধ্যা রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন? (১৪) সাদাত-খানের পরে অযোধ্যার শাসক কে হন? (১৫) কত খ্রীষ্টাব্দে তেগবাহাদুর মৃত্যুবরণ করেন? (১৬) খালসা কি? (১৭) গুরু গোবিন্দ সিংহ কে ছিলেন? (১৮) কত খ্রীষ্টাব্দে শাহু মুঘল দরবার থেকে মুক্তি পান? (১৯) কোন্ সন্ধিতে মারাঠাদের গৃহ-বিবাদের অবসান হয়? (২০) বালাজী বিশ্বনাথ কত খ্রীষ্টাব্দে পেশোয়া পদলাভ করেন? (২১) মুঘল দরবারে ক্ষমতাশালী কোন্ অভিজাতের সঙ্গে ১৭১৪ খ্রীষ্টাব্দে মারাঠাদের চুক্তি হয়েছিল? (২২) কোন্ মারাঠা পেশোয়া 'হিন্দু-পাদ-পাহশাহী' আদর্শ তুলে ধরেন? (২৩) কত খ্রীষ্টাব্দের পেশোয়া বাজীরাও ও নিজামের মধ্যে ভূপালের যুদ্ধ হয়? (২৪) তৃতীয় পানিপথের যুদ্ধ কত খ্রীষ্টাব্দে এবং কাদের মধ্যে হয়েছিল? (২৫) উদগিরের যুদ্ধ কাদের মধ্যে হয়েছিল? (২৬) তৃতীয় পানিপথের যুদ্ধে মারাঠা সেনাপতি কে ছিলেন?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

(১) মুর্শিদকুলী রাজস্ব আদায়ের কি ব্যবস্থা করেন ? (২) ১৭১৭ খ্রীষ্টাব্দে ফারুক-শিয়ারের ফরমানে কি বলা হয়েছিল ? (৩) আলিবর্দী ইউরোপীয় বণিকদের কিভাবে নিয়ন্ত্রণ করেছিলেন ? (৪) নিজাম-উল-মুলক্ আসফজা কিভাবে হায়দরাবাদ রাজ্যের প্রতিষ্ঠা করেন ? (৫) সাধারণ সৈনিক থেকে হায়দার আলী কিভাবে মহীশূরের অধিপতি হন ? (৬) কোন্ গুরুর আমলে শিখ সম্প্রদায় সংগঠিত হতে থাকে ? (৭) কোন্ শিখগুরু ঔরঙ্গজেবের পক্ষ নিয়ে আসাম যুদ্ধে যোগ দিয়েছিলেন ? (৮) খালসার সদস্যদের কি পঞ্চ 'ক' ধারণ করতে হত ? (৯) শাহুর পেশোয়া কে ছিলেন ? (১০) হুসেন আলী সৈয়দের সঙ্গে মারাঠাদের কি চুক্তি হয়েছিল ? (১১) 'হিন্দু-পাদ-পাদশাহী' বলতে কি বুঝ ? (১২) তৃতীয় পানিপথের যুদ্ধের ফলাফল কি হয়েছিল ?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) মুর্শিদকুলী খান কিভাবে বাংলাকে প্রায় স্বাধীন করেছিলেন ? (২) আলিবর্দী খানের শাসনকাল বর্ণনা কর। (৩) নিজাম-উল্-মুলক্ কিভাবে হায়দরাবাদ রাজ্যের শাসন পরিচালনা করেছেন ? (৪) মহীশূর রাজ্যে হায়দার আলী কিভাবে ক্ষমতায় আসেন ? (৫) অযোধ্যার নবাব সাদাত খানের শাসন সম্পর্কে কি জান ? (৬) গুরু গোবিন্দ সিংহ শিখ শক্তিকে কিভাবে সংহত করেছিলেন ? (৭) ১৭০৭ খ্রীষ্টাব্দে শাহুর মুক্তির পরে মারাঠা রাজ্যের কি পরিস্থিতি দেখা দেয় ? (৮) বালাজী বিশ্বনাথ কি ভাবে মারাঠা রাজ্যকে সংহত করেন ? (৯) তৃতীয় পানিপথের যুদ্ধের কারণ ও ফলাফল আলোচনা কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) স্বাধীন রাজ্য হিসাবে বাংলার উত্থানের বিবরণ দাও। (২) নিজাম-উল-মুলক্ কিভাবে স্বাধীন হায়দরাবাদ রাজ্যের পত্তন করেন ? (৩) হায়দার আলি কি ভাবে মহীশূরের অধিপতি হন ? (৪) তেগবাহাদুরের সময় থেকে শিখ শক্তির উত্থান সম্পর্কে আলোচনা কর। (৫) তিন পেশোয়ার অধীনে মারাঠা শক্তির উত্থানের সংক্ষিপ্ত বিবরণ দাও। (৬) পানিপথের তৃতীয় যুদ্ধের কারণ ও ফলাফল আলোচনা কর।

ইউরোপীয় বাণিজ্য-বৃদ্ধি ও ইউরোপীয় কোম্পানিগুলির মধ্যে সংঘর্ষ

(ক) এক কথায় উত্তর দাও ঃ

(১) কত খ্রীষ্টাব্দে ইংরেজরা মাদ্রাজের ইজারা পায় ? (২) মাদ্রাজে ইংরেজরা যে দুর্গ নির্মাণ করে তার নাম কি ছিল ? (৩) ভারতে ফরাসীদের প্রধান ঘাঁটি

কোন্‌টা ছিল? (৪) কত খ্রীষ্টাব্দে নিজাম-উল-মূলক্‌ আসফজার মৃত্যু হয়? (৫) করমণ্ডল উপকূলকে ইউরোপীয়রা কি বলত? (৬) কত খ্রীষ্টাব্দে এবং কার দ্বারা কর্ণাটক নবাব দোস্ত আলীর মৃত্যু হয়? (৭) ইঙ্গ-ফরাসী যুদ্ধের সময় কর্ণাটের নবাব কে ছিলেন? (৮) দ্যুপ্লে কে ছিলেন? (৯) কোন্‌ সন্ধিতে প্রথম কর্ণাট যুদ্ধের অবসান হয়? (১০) নিজাম-উল-মূলক্‌-এর মৃত্যুর পর কাদের মধ্যে সিংহাসন নিয়ে প্রতিদ্বন্দ্বিতা দেখা দেয়? (১১) মহম্মদ আলী কে ছিলেন? (১২) আর্কট কোন্‌ রাজ্যের রাজধানী ছিল? (১৩) কত খ্রীষ্টাব্দে দ্যুপ্লে দেশে ফিরে যান? (১৪) বন্দীবাসের যুদ্ধ কাদের মধ্যে হয়েছিল? (১৫) কোন্‌ সন্ধিতে তৃতীয় কর্ণাট যুদ্ধের অবসান হয়?

(খ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) সুরাটের পর ইংরেজরা কোথায় কোথায় কুঠি স্থাপন করে? (২) ইংরেজরা মাদ্রাজে কিভাবে আধিপত্য বিস্তার করে? (৩) ফরাসীরা দাক্ষিণাত্যের কোন্‌ অঞ্চলে সামরিক ঘাঁটি স্থাপন করেছিল? (৪) অষ্ট্রিয়ার উত্তরাধিকার যুদ্ধের প্রভাব ভারতের উপর কিভাবে পড়েছিল? (৫) লা-বুরদনের ফরাসী নৌবহর প্রথম কর্ণাট যুদ্ধে কি ভূমিকা নিয়েছিল? (৬) দ্যুপ্লে কর্ণাটে ও হায়দরাবাদে কার কার পক্ষ গ্রহণ করেছিলেন? (৭) দ্বিতীয় কর্ণাট যুদ্ধে ক্লাইভের ভূমিকা কি ছিল? (৮) কাউন্ট লালি কে ছিলেন? (৯) ফরাসীদের পতনের পিছনে নৌবাহিনীর ভূমিকা কি ছিল? (১০) ফরাসীদের পতনের পিছনে ফরাসী কর্মচারীদের ভূমিকা কতটুকু ছিল?

(গ) রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) ভারতে আগমনের পর ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী ও ফরাসী ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী কিভাবে শক্তি বৃদ্ধি করেছিল? (২) প্রথম কর্ণাট যুদ্ধের কারণ এবং ফলাফল আলোচনা কর। (৩) দ্বিতীয় কর্ণাট যুদ্ধে দ্যুপ্লের নীতি কি ছিল? (৪) তিনি কি সফল হতে পেরেছিলেন? (৫) তৃতীয় কর্ণাট যুদ্ধের কারণ এবং ফলাফল আলোচনা কর। (৬) কর্ণাট যুদ্ধে ফরাসীদের বিফলতার কারণগুলি আলোচনা কর।

বাংলাদেশে ১৭৬৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর বাণিজ্যিক ও রাজনৈতিক শক্তির প্রসার

(ক) এক কথায় উত্তর দাও ঃ

(১) কত খ্রীষ্টাব্দে এবং কোন্‌ বাদশার বিরুদ্ধে ইংরেজরা যুদ্ধ ঘোষণা করে? (২) কত খ্রীষ্টাব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী সুতানটি, কলিকাতা ও গোবিন্দপুরের জমিদারি স্বত্ব পায়? (৩) 'দস্তক' কি? (৪) কত খ্রীষ্টাব্দে সিরাজদ্দৌল্লা বাংলার সিংহাসনে বসেন? (৫) সিরাজের বিরুদ্ধে তার কোন্‌ মাসী ষড়যন্ত্র করেছিলেন? (৬) সিরাজ ইংরেজ এবং ফরাসীদের কি নির্মাণ করতে বারণ করেছিলেন? (৭) কত খ্রীষ্টাব্দে সিরাজ কলিকাতার ফোর্ট উইলিয়ম দুর্গ দখল করেন? (৮) আলিনগরের

সন্ধি কত খ্রীষ্টাব্দে এবং কাদের মধ্যে হয় ? (৯) সিরাজের বিরুদ্ধে ষড়যন্ত্রে কারা লিপ্ত হয়েছিলেন ? (১০) কত খ্রীষ্টাব্দে পলাশীর যুদ্ধ হয় ? (১১) পলাশীর যুদ্ধের পর বাংলার সিংহাসনে কোন্ নবাব বসেন ? (১২) কত খ্রীষ্টাব্দে মীরজাফর পদচ্যুত হন ? (১৩) মীরকাশিমের রাজধানী ছিল কোথায় ? (১৪) ১৭৬৩ খ্রীষ্টাব্দে ইংরেজদের সঙ্গে মীরকাশিমের বিরোধের মূল কারণ কি ? (১৫) কত খ্রীষ্টাব্দে বক্সারের যুদ্ধ হয় ? (১৬) এলাহাবাদের সন্ধি কত খ্রীষ্টাব্দে হয়েছিল ?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

(১) ঔরঙ্গজেবের আমলে ইংরেজ কোম্পানীর সঙ্গে যুদ্ধের ফল হয়েছিল কি ? (২) কত খ্রীষ্টাব্দে ঔরঙ্গজেব তাদের পুনরায় ব্যবসা করার অনুমতি দেন এবং কি শর্তে ? (৩) বাংলার নবাবরা ইংরেজ বণিকদের পছন্দ করতেন কি ? (৪) দস্তক বিষয়ে আলোচনা কর ? (৫) সিরাজদৌল্লার সিংহাসনে আরোহণের সময় কে কে তার বিরুদ্ধে ষড়যন্ত্র করেছিলেন। (৬) রাজবল্লভ পুত্র কৃষ্ণদাসকে কারা আশ্রয় দিয়েছিলেন ? (৭) ১৭৫৬ সালে কলকাতা ও চন্দননগরে ইংরেজরা ও ফরাসীরা কেন দুর্গ নির্মাণ করছিল। (৮) দস্তকের অপব্যবহার সম্পর্কে সিরাজের কি অভিযোগ ছিল। (৯) সিরাজের বিরুদ্ধে রাজদরবারে কারা ষড়যন্ত্র করছিলেন ? (১০) পলাশীর যুদ্ধের পর ইংরেজরা কি পেয়েছিল ? (১১) পলাশীর যুদ্ধের পর পুতুল নবাব কাকে বলা হয়। (১২) মীরকাশিম ইংরেজ অনুগত জমিদারদের কি ভাবে দমন করেছিলেন ? (১৩) ১৭৬৩ খ্রীষ্টাব্দে মীরকাশিমের সঙ্গে ইংরেজদের যুদ্ধ শুরু হল কেন ? (১৪) বক্সারের যুদ্ধে দুই বিরোধী পক্ষ কারা ছিল ? (১৫) এলাহাবাদের প্রথম চুক্তি কাদের মধ্যে হয়েছিল ? (১৬) এলাহাবাদের দ্বিতীয় চুক্তি কাদের মধ্যে হয়েছিল ?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) ইংরেজরা বাংলায় আগমনের পর কিভাবে শক্তিশালী হয়ে ওঠে ? (২) বাংলার নবাবদের সঙ্গে ইংরেজদের সম্পর্ক কি ছিল ? (৩) সিরাজের সঙ্গে কি কি কারণে ইংরেজদের বিরোধ শুরু হয়েছিল ? (৪) পলাশীর যুদ্ধের ফলাফল কি হয়েছিল ? (৫) মীরকাশিম স্বাধীন হবার জন্য কি কি ব্যবস্থা নিয়েছিলেন ? (৬) মীরকাশিমের সঙ্গে ইংরেজদের বিরোধের কারণগুলি কি ? (৭) বক্সারের যুদ্ধের গুরুত্ব কি ? (৮) ক্লাইভ দ্বিতীয়বার বাংলায় এসে কাদের সঙ্গে কি কি চুক্তি করেন ?

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) কিভাবে ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী বাংলার শক্তিশালী হয় ? (২) বাংলার নবাবদের সঙ্গে ইংরেজ ব্যবসায়ীদের সম্পর্ক কি রকম ছিল ? (৩) পলাশীর যুদ্ধের কারণ ও ফলাফল আলোচনা কর ? (৪) মীরকাশিমের সঙ্গে ইংরেজদের বিরোধ কেন শুরু হয় ? (৫) ক্লাইভ দ্বিতীয়বার বাংলাদেশে এসে কি ব্যবস্থা অবলম্বন করেন।

ব্রিটিশ সাম্রাজ্যবাদী বিস্তার—১৭৬৭-১৮৫৭

(ক) এক কথায় উত্তর দাও :

(১) কত খ্রীষ্টাব্দে পেশোয়া মাধব রাও মারা যান ? (২) রঘুনাথ রাও বা রাঘোবা কে ছিলেন ? (৩) নানা ফড়নবিশ কে ছিলেন ? (৪) কত খ্রীষ্টাব্দে এবং কাদের মধ্যে সুরাটের সন্ধি স্বাক্ষরিত হয় ? (৫) কত খ্রীষ্টাব্দে পুরন্দরের সন্ধি স্বাক্ষরিত হয় ? (৬) কত খ্রীষ্টাব্দে এবং কোন্ সন্ধিতে প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধের অবসান হয় ? (৭) কে অধীনতামূলক মিত্রতা নীতি প্রবর্তন করেন ? (৮) কত খ্রীষ্টাব্দে এবং কাদের মধ্যে বেসিনের সন্ধি স্বাক্ষরিত হয় ? (৯) সিন্ধিয়া কোন্ সন্ধিতে অধীনতামূলক মিত্রতা নীতি মেনে নেন ? (১০) কোন্ গভর্নর জেনারেলের আমলে তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ শুরু হয় ? (১১) কত খ্রীষ্টাব্দে প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধ শুরু হয়েছিল ? (১২) কত খ্রীষ্টাব্দে এবং কাদের মধ্যে ম্যাঙ্গালোরের সন্ধি স্বাক্ষরিত হয় ? (১৩) তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ কোন্ সন্ধিতে অবসান ঘটে ? (১৪) কত খ্রীষ্টাব্দে টিপু সুলতান পরাজিত ও নিহত হন ? (১৫) সগৌলির সন্ধি কত খ্রীষ্টাব্দে অনুমোদিত হয় ? (১৬) কত খ্রীষ্টাব্দে এবং কোন্ সন্ধিতে প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ অবসান ঘটে ? (১৭) কোন্ গভর্নর জেনারেলের আমলে দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ শুরু হয় ? (১৮) কত খ্রীষ্টাব্দে ইংরেজরা সিন্ধু অধিকার করে ? (১৯) 'মিসল' কি ? (২০) রণজিৎ সিংহের সঙ্গে কত খ্রীষ্টাব্দে এবং কোন্ চুক্তি হয়েছিল ? (২১) প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধ কত খ্রীষ্টাব্দে হয় ? (২২) দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ কত খ্রীষ্টাব্দে শুরু হয় ? (২৩) স্বত্ব বিলোপ নীতি কি ? (২৪) কোন্ গভর্নর জেনারেল স্বত্ববিলোপনীতি গ্রহণ করেছিলেন ?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

(১) পেশোয়া মাধব রাওয়ের মৃত্যুর পর রঘুনাথ রাও কি ভূমিকা নিয়েছিলেন ? (২) সলবাঈয়ের সন্ধির শর্তগুলি কি ছিল ? (৩) অধীনতামূলক মিত্রতা নীতি বলতে কি বোঝ ? (৪) বেসিনের সন্ধি কেন হয়েছিল ? (৫) দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধে কোন্ মারাঠা দলপতিরা যোগ দিয়েছিলেন ? (৬) তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের ফলাফল কি হয়েছিল ? (৭) মারাঠাদের পতনে মারাঠা দলপতিদের কি ভূমিকা ছিল ? (৮) কত খ্রীষ্টাব্দে এবং কি শর্তে প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধের অবসান হয় ? (৯) শ্রীরঙ্গপত্তমের সন্ধির শর্তগুলি কি ছিল ? (১০) ওয়েলেসলি টিপুর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিলেন কেন ? (১১) ইঙ্গ-নেপাল যুদ্ধে কোন্ সেনাপতি ইংরেজদের নেতৃত্ব করেছিলেন ? (১২) প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের পর ইয়ানদাবুর সন্ধিতে ইংরেজরা কোন্ কোন্ স্থান লাভ করেছিল ? (১৩) সিন্ধু অধিকারের জন্য ইংরেজরা তৎপর হয়েছিল কেন ? (১৪) ১৮০৯ খ্রীষ্টাব্দে রণজিৎ সিংহ ও ইংরেজদের মধ্যে স্বাক্ষরিত অমৃতসর সন্ধির শর্ত কি ছিল ? (১৫) ১৮৪৬ খ্রীষ্টাব্দে প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধের পর স্বাক্ষরিত লাহোর সন্ধির শর্ত কি ছিল ? (১৬) স্বত্ব বিলোপ নীতি অনুযায়ী ডালহৌসি কোন্ কোন্ রাজ্য দখল করেছিলেন ?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধের কারণ কি? (২) দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের পরিপ্রেক্ষিতে আলোচনা কর। (৩) তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের ফলাফল কি হয়েছিল? (৪) মারাঠাদের পতনের কারণগুলি কি কি ছিল? (৫) প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধের কারণ কি? (৬) দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধের কারণ কি এবং কোন্ সন্ধিতে এই যুদ্ধের অবসান হয়? (৭) ওয়েলেসলির সঙ্গে টিপুর বিরোধের কারণ কি? (৮) ইঙ্গ-নেপাল যুদ্ধের কারণ এবং ফলাফল আলোচনা কর। (৯) প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের কারণ ও ফলাফল আলোচনা কর। (১০) ইংরেজরা কিভাবে সিন্ধু অধিকার করে? (১১) রণজিৎ সিংহের ইংরেজদের সম্পর্ক নিয়ে আলোচনা কর। (১২) রণজিৎ সিংহের কৃতিত্ব সম্বন্ধে আলোচনা কর। (১৩) কিভাবে দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ শুরু হয়? (১৪) স্বত্ব বিলোপ -নীতি ও তার প্রয়োগ ব্যাখ্যা কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) প্রথম ও দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের কারণ ও ফলাফল আলোচনা কর। (২) মারাঠাদের পতনের কারণগুলি সম্পর্কে আলোচনা কর। (৩) টিপু সুলতানের সঙ্গে ইংরেজদের সম্পর্ক কি রকম ছিল সে সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা কর। (৪) ইঙ্গ-নেপাল যুদ্ধের কারণ ও ফলাফল আলোচনা কর। (৫) প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ ও দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের কারণ ও ফলাফল আলোচনা কর। (৬) রণজিৎ সিংহের নেতৃত্বে শিখ শক্তির উত্থান সম্পর্কে আলোচনা কর। (৭) দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধের কারণ এবং ফলাফল আলোচনা কর। (৮) ডালহৌসি সাম্রাজ্যবাদী নীতি সম্পর্কে কি জান?

শাসন-বিষয়ক ভিত্তি প্রতিষ্ঠা

(ক) এক কথায় উত্তর দাও :

(১) কোন্ সম্রাট ইংরেজ কোম্পানীকে বাংলার দেওয়ানীর দায়িত্ব দেন? (২) কত খ্রীষ্টাব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী দেওয়ানীর দায়িত্ব পায়? (৩) দেওয়ানীর বিনিময়ে মুঘল সম্রাট বছরে কত লক্ষ টাকা পাবেন বলে স্থির হয়? (৪) দ্বৈত শাসন কি? (৫) কোম্পানী কাকে 'নায়েব সুবা' পদে নিয়োগ করে? (৬) কত খ্রীষ্টাব্দে বাংলায় মন্বন্তর দেখা দেয়? (৭) কত খ্রীষ্টাব্দে ও কে দ্বৈত শাসনের অবসান ঘটান? (৮) কোম্পানীর বিত্তশালী কর্মচারীদের ইংলণ্ডে কি বলা হত? (৯) কত খ্রীষ্টাব্দে রেগুলেটিং আইন পাস হয়? (১০) রেগুলেটিং আইন অনুসারে প্রথম গভর্নর জেনারেল কে হন? (১১) কোন্ আইনে কলকাতায় সুপ্রীম কোর্ট স্থাপিত হয়? (১২) কত খ্রীষ্টাব্দে "পিটের ভারত শাসন আইন" পাস হয়? (১৩) হেস্টিংসের আমলে দুটি জেলা আদালতের নাম কি ছিল? (১৪) ভ্রাম্যমান ফৌজদারী আদালত কার আমলে প্রতিষ্ঠিত হয়? (১৫) বেন্টিঙ্কের সময় জেলা দেওয়ানী ও ফৌজদারী

বিচারককে কি বলা হত ? (১৬) কার আমলে 'থানা' প্রতিষ্ঠিত হয় ? (১৭) 'দারোগা' কাদের বলা হত ? (১৮) পাঁচশালা বন্দোবস্ত কি ? (১৯) আমিনি কমিশন কবে নিয়োগ করা হয়েছিল ? (২০) চিরস্থায়ী বন্দোবস্ত কবে প্রবর্তিত হয় ? (২১) রায়তওয়ারী ব্যবস্থা কোথায় প্রবর্তিত হয়েছিল ? (২২) মহলওয়ারী ব্যবস্থা কোন্ অঞ্চলে প্রবর্তিত হয়েছিল ?

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

(১) নিজামত বলতে কি বোঝ ? (২) দেওয়ানী লাভের পর (১৭৬৫) ইংরেজ কোম্পানী বাংলার কোন্ কোন্ দায়িত্ব নেয় ? (৩) নায়েব-সুবা কাকে বলা হয় ? (৪) দ্বৈত-শাসন কাকে বলে ? (৫) ক্লাইভের পর বাংলার গভর্নর কে কে হন ? (৬) কত খ্রীষ্টাব্দে ও কে দ্বৈত শাসনের অবসান ঘটান ? (৭) নায়েব-সুবা পদে কে নিযুক্ত হন ? (৮) ১৭৭২ খ্রীঃ শাসন সম্পর্কে কি কি সমস্যা দেখা দেয় ? (৯) কত খ্রীষ্টাব্দে ও কে রেগুলেটিং আইন পাস করে ? (১০) কলকাতায় সুপ্রীম কোর্ট কত খ্রীঃ প্রতিষ্ঠিত হয় ? এর গঠন কি রকম ছিল ? (১১) ১৭৮৪ খ্রীষ্টাব্দের আইনকে কি বলা হয় ? তখন ইংলণ্ডের প্রধানমন্ত্রী কে ছিলেন ? (১২) মফঃস্বল দেওয়ানী আদালত ও মফঃস্বল ফৌজদারী আদালত কার সুপারিশে, কে প্রতিষ্ঠা করেন ? (১৩) সদর দেওয়ানী আদালত ও সদর নিজামত আদালতে হেস্টিংসের সময় কারা বিচার করতেন ? (১৪) কর্নওয়ালিসের সময় সদর নিজামত আদালতে কারা বিচার করতেন ? (১৫) বেণ্টিঙ্কের সময় জেলা দেওয়ানী ও ফৌজদারী বিচারের কি ব্যবস্থা হয়েছিল ? (১৬) কর্নওয়ালিশ 'থানা' ব্যবস্থা করেছিলেন কেন ? (১৭) 'পাঁচশালা' বন্দোবস্ত কি ? (১৮) চিরস্থায়ী বন্দোবস্তে শর্ত কি ছিল ? (১৯) রায়তওয়ারী ব্যবস্থা কি ? (২৯) মহলওয়ারী ব্যবস্থা কি ?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) দেওয়ানী লাভের পর (১৭৬৫) ইংরেজ কোম্পানী নবাবের সঙ্গে কি ব্যবস্থা করেছিল ? (২) দ্বৈত শাসন বলতে কি বোঝ ? (৩) দ্বৈত শাসনের কুফলগুলি আলোচনা কর। (৪) কি কারণে ইংলণ্ডের সরকার কোম্পানীর কাজে হস্তক্ষেপ করেছিল ? (৫) রেগুলেটিং আইনের শর্তগুলি আলোচনা কর। (৬) 'পিটের ভারত শাসন' আইনের সম্বন্ধে আলোচনা কর। (৭) হেস্টিংস বিচার ব্যবস্থার কি সংস্কার করেছিলেন ? (৮) কর্ণওয়ালিশ বিচার ব্যবস্থার কি কি সংস্কার করেছিলেন ? (৯) বেণ্টিঙ্কের আমলে বিচার ব্যবস্থার কি পরিবর্তন হয়েছিল ? (১০) কোম্পানীর আমলে পুলিশ ব্যবস্থা সম্বন্ধে আলোচনা কর। (১১) চিরস্থায়ী বন্দোবস্ত কিভাবে প্রবর্তিত হল ? (১২) চিরস্থায়ী বন্দোবস্তের ত্রুটিগুলি আলোচনা কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) দ্বৈত শাসন ব্যবস্থার প্রবর্তন ও তার ত্রুটিগুলি সম্বন্ধে আলোচনা কর। (২) কি পরিস্থিতিতে রেগুলেটিং আইন পাশ হয়েছিল ? এই আইনের শর্ত ও ত্রুটিগুলি

আলোচনা কর। (৩) হেস্টিংস ও কর্ণওয়ালিশের আমলে বিচার সংস্কার সম্বন্ধে আলোচনা কর। (৪) চিরস্থায়ী বন্দোবস্ত কিভাবে প্রবর্তিত হয়েছিল? এই ব্যবস্থার গুণাগুণ সম্পর্কে আলোচনা কর। (৫) রায়তওয়ারী ব্যবস্থা সম্পর্কে আলোচনা কর।

ব্যবসা-বাণিজ্য ও শিল্প

(ক) এক কথায় উত্তর দাও :

(১) ব্রিটিশরা আসার পূর্বে ভারতের প্রধান শিল্প কি ছিল? (২) বিদেশী বাণিজ্য ভারতের অনুকূলে ছিল কি? (৩) কত খ্রীষ্টাব্দে ইংলণ্ডে আইন করে ভারতের ছাপা কাপড় ব্যবহার নিষিদ্ধ হয়? (৪) কত খ্রীষ্টাব্দে কোম্পানীর একচেটিয়া বাণিজ্যের অধিকার লোপ পায়? (৫) বাংলা তথা ভারতের প্রধান শিল্প কি ছিল? (৬) ভারতের বস্ত্রশিল্প কার সঙ্গে প্রতিযোগীতায় পিছিয়ে গেল? (৭) ভারতীয় বস্ত্রশিল্প ধ্বংসে কার উপর চাপ পড়ল?

(খ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) ইংরেজরা আসার পূর্বে ভারতের শিল্প ও বাণিজ্য কিরকম ছিল? (২) বহির্বাণিজ্যের ক্ষেত্রে ভারতের বস্ত্রের কিরকম চাহিদা ছিল? (৩) পলাশীর যুদ্ধের পর বস্ত্রব্যবসায়ের কি পরিস্থিতি দেখা দিল? (৪) ইংলণ্ডের শিল্পবিপ্লব ভারতের বাণিজ্যকে কিভাবে প্রভাবিত করেছিল? (৫) ভারতের গ্রামীণ বস্ত্রশিল্প সম্পর্কে আলোচনা কর। (৬) ইংলণ্ডের শিল্পবিপ্লবের প্রভাব ভারতীয় বস্ত্রশিল্পের উপর কিভাবে পড়ে? (৭) ভারতীয় বস্ত্রশিল্পের ধ্বংসের ফলাফল কি হয়েছিল?

(গ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) ইংরেজরা শাসন অধিকার পাওয়ার পর ভারতের বাণিজ্যে অবনতি সম্পর্কে আলোচনা কর। (২) কি কি কারণে ভারতের বাণিজ্যের অবনতি হয়? (৩) ভারতের বস্ত্রশিল্পের অবনতির বা বিনাশের কারণ কি? এর পরিণাম কি হয়েছিল?

ঊনবিংশ শতকে সাংস্কৃতিক ও সামাজিক ক্ষেত্রে নবজাগরণ

(ক) এক কথায় উত্তর দাও :

(১) পুরোন পদ্ধতিতে কোন্ কোন্ শিক্ষা প্রতিষ্ঠান ছিল? (২) কে এবং কত সালে 'কলকাতা মাদ্রাসা' প্রতিষ্ঠা করেন? (৩) 'এশিয়াটিক সোসাইটি'র প্রতিষ্ঠাতা কে? (৪) ফোর্ট উইলিয়াম কলেজ কে, কত সালে প্রতিষ্ঠা করেন? (৫) ইংরেজ শিক্ষা বিস্তারের কথা কোন্ কোন্ ইংরেজ চিন্তাবিদ্ প্রথমে বলেন? (৬) ডেভিড হেয়ার কে ছিলেন? (৭) কত সালে হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়? (৮) কত সালে 'স্কুল বুক সোসাইটি' প্রতিষ্ঠিত হয়? (৯) কোন্ আইনে সরকারকে ১ লক্ষ টাকা শিক্ষার জন্য ব্যয় করতে নির্দেশ দেওয়া হয়? (১০) টমাস ব্যাবিংটন মেকলে কে

ছিলেন ? (১১) কত খ্রীষ্টাব্দে ইংরেজী শিক্ষায় সরকারী অর্থ ব্যয়ের সিদ্ধান্ত নেওয়া হয় ? (১২) প্রাচ্য পন্থী কাদের বলা হত ? (১৩) 'উড ডেস্‌প্যাচ' কত খ্রীষ্টাব্দে রচনা করা হয় ? (১৪) ১৮৫৭ সালে কোথায় কোথায় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছিল ? (১৫) রামমোহন কোথায় জন্মগ্রহণ করেন ? (১৬) 'আত্মীয় সভা' কোথায় ও কত সালে স্থাপিত হয় ? (১৭) রামমোহন কি প্রকৃতির ধর্মীয় উপসনার কথা বলেছিলেন। (১৮) রামমোহন কোন্ কোন্ ধর্মীয় পুস্তকের বাংলা অনুবাদ করেছিলেন ? (১৯) কত সালে রামমোহন 'ব্রাহ্মসভা' স্থাপন করেন ? (২০) সতীদাহ প্রথা কবে রদ হয় ও কে রদ করেন ? (২১) হেনরী ভিভিয়ান ডিরোজিও কোথায় শিক্ষকতা করতেন ? (২২) নববঙ্গীয় কাদের বলা হত ? (২৩) ২।৩ জন নব্যবঙ্গীয় নেতার নাম কর ? (২৪) "এ্যাকাডেমিক এ্যাসোসিয়েশন" কারা প্রতিষ্ঠা করেন ? (২৫) "জ্ঞানান্বেষণ" পত্রিক কারা বের করেন ? (২৬) "তত্ত্ববোধনী সভা" কে প্রতিষ্ঠা করেন ? (২৭) কত খ্রীষ্টাব্দে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সংস্কৃত কলেজের অধ্যক্ষ হন ? (২৮) স্ত্রীশিক্ষা বিস্তারে বিদ্যাসাগর কাদের সাহায্য পেয়েছিলেন ? (২৯) শিশুদের শিক্ষা দেওয়ার জন্য বিদ্যাসাগর রচিত পুস্তকগুলির'র নাম কর ? (২০) ইংরেজী শিক্ষার জন্য বিদ্যাসাগর কোন্ বিদ্যালয় স্থাপন করেন ? (২১) কত সালে বিধবা বিবাহ আইন পাস হয় ? (২২) ১৮৪৯ সালে মহারাষ্ট্রে কোন্ সভা প্রতিষ্ঠিত হয় ? (২৩) মহারাষ্ট্রের আধুনিক শিক্ষা ও সমাজ সংস্কারের পথিকৃৎ কাকে বলা হয়।

(খ) সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

(১) ভারতের পুরোন শিক্ষা পদ্ধতি কি রকম ছিল ? (২) ইংরেজ শাসকরা প্রথম দিকে শিক্ষা সম্পর্কে কি নীতি নিয়েছিলেন ? (৩) পাশ্চাত্য শিক্ষার পক্ষে কোন্ ইংরেজ চিন্তাবিদ্‌রা সচেষ্ট হয়েছিলেন ? (৪) পাশ্চাত্য শিক্ষা বিস্তারে উইলিয়াম কেরী'র কি অবদান ? (৫) কোম্পানী কত সালে শিক্ষার জন্য ১ লক্ষ টাকা বরাদ্দ করেছিল ? (৬) কলিকাতায় সংস্কৃত কলেজ কবে প্রতিষ্ঠিত হয়েছিল ? (৭) মেকলে প্রতিবেদন কি ? (৮) উড ডেসপ্যাচে কি সুপারিশ করা হয়েছিল ? (৯) ইংরেজীর মাধ্যমে শিক্ষা বিস্তারের ফলে মাতৃভাষা'র অবনতি হয়েছিল কি ? (১০) রামমোহনের 'আত্মীয় সভায়' কি বিষয়ে আলোচনা হত ? (১১) শিক্ষা সম্পর্কে রামমোহন বড়লাটকে কি চিঠি দিয়েছিলেন ? (১২) নারীর অধিকার প্রতিষ্ঠা সম্পর্কে রামমোহনের অবদান কি ? (১৩) সতীদাহ প্রথা বিলোপের জন্য রামমোহন কি করেছিলেন ? (১৪) স্ত্রীশিক্ষা বিস্তারে বিদ্যাসাগর কি করেছিলেন ? (১৫) বিধবা বিবাহ আইন রচনায় বিদ্যাসাগরের কি ভূমিকা ছিল ? (১৬) নব্যবঙ্গদের কে প্রেরণা দিয়েছিলেন ? (১৭) নব্যবঙ্গীয়দের বিতর্ক সভা ও পত্রিকাগুলির কি নাম ছিল ? (১৮) তত্ত্ববোধিনী সভা কে প্রতিষ্ঠা করেন ? (১৯) "জ্ঞান প্রকাশ মণ্ডলী' কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল এবং কেন ? (২০) মহারাষ্ট্রে বিধবা বিবাহ প্রচলনের চেষ্টা কে করেন ?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন :

(১) ১৮১৩ খ্রীষ্টাব্দ থেকে ১৮৩৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত শিক্ষা বিষয়ে যে বিতর্ক হয় সেই সম্পর্কে আলোচনা কর। (২) উড ডেসপ্যাচের সুপারিশগুলি নিয়ে আলোচনা কর। (৩) রামমোহন রায়ের ধর্ম সংস্কার সম্পর্কে কি জান ? (৪) শিক্ষাসংস্কারের জন্য রামমোহন কি করেছিলেন ? (৫) সতীদাহ প্রথা নিবারণে ও নারীর অধিকার প্রতিষ্ঠায় রামমোহন কি ভূমিকা নিয়েছিলেন ? (৬) নব্যবঙ্গীয়দের সম্পর্কে আলোচনা কর। (৭) শিক্ষা সংস্কারে বিদ্যাসাগরের ভূমিকা আলোচনা কর। (৮) বিধবা বিবাহ আন্দোলনে বিদ্যাসাগরের অবদান কি ছিল ? (৯) মহারাষ্ট্রে সমাজসংস্কার আন্দোলনের বিষয়ে আলোচনা কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) উনবিংশ শতাব্দীর প্রথমার্ধে পাশ্চাত্যশিক্ষা বিস্তার সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর। (২) রামমোহনকে আধুনিক ভারতের জনক বলা হয় কেন ? (৩) ধর্ম ও সমাজ সংস্কারে রামমোহনের অবদান সম্বন্ধে আলোচনা কর। (৪) উনবিংশ শতকের নবজাগরণে ডিরোজিও ও নব্যবঙ্গের ভূমিকা সম্পর্কে আলোচনা কর। (৫) সমাজ ও শিক্ষা সংস্কারে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ভূমিকা কি ছিল ? (৬) উনবিংশ শতকের প্রথমার্ধে মহারাষ্ট্রে সমাজ সংস্কার আন্দোলন সম্পর্কে আলোচনা কর।

কৃষক বিক্ষোভ ও বিদ্রোহ

(ক) এক কথায় উত্তর দাও :

(১) ওয়াহাবি শব্দের অর্থ কি ? (২) আরব দেশে ওয়াহাবি আন্দোলন কে শুরু করে ? (৩) সৈয়দ আহমদ্ কোথাকার লোক ছিলেন ? (৪) কত খ্রীষ্টাব্দে সৈয়দ আহমদ্ ওয়াহাবি আন্দোলনের সংস্পর্শে আসেন ? (৫) মক্কা থেকে ফিরে সৈয়দ আহমদ্ কোথায় তাঁর সংগঠন গড়ে তোলেন ? (৬) উত্তর-পশ্চিম ভারতের কোন্ দুর্গে ওয়াহাবিরা আশ্রয় নিয়েছিল ? (৭) কত খ্রীষ্টাব্দে সৈয়দ আহমদের মৃত্যু হয় ? (৮) তিতুমীর কে ছিলেন ? (৯) তিতুমীর কোথায় বাঁশের কেল্লা তৈরী করে নিজেকে বাদশা বলে ঘোষণা করেছিলেন ? (১০) ফরাজী আন্দোলনের প্রবর্তক কে ? (১১) বাংলার কোন্ অঞ্চলে ফরাজী আন্দোলন শুরু হয়েছিল ? (১২) দুধুমিঁয়ার আসল নাম কি ছিল ? (১৩) কোন্ অঞ্চলে এবং কত খ্রীষ্টাব্দে কোল বিদ্রোহ হয়েছিল ? (১৪) সাঁওতাল বিহার ও বাংলার কোন্ অঞ্চলে বাস করত ? (১৫) সাঁওতাল বিদ্রোহের অন্যতম প্রধান কারণ কি ? (১৬) কত খ্রীষ্টাব্দে সাঁওতাল বিদ্রোহ শুরু হয়েছিল ? (১৭) সাঁওতাল বিদ্রোহের নেতৃত্ব দিয়েছিলেন কে কে ?

(খ) সংক্ষিপ্ত উত্তর ভিত্তির প্রশ্ন :

(১) ভারতে ওয়াহাবি আন্দোলনের সূত্রপাত ঘটান কে ? (২) সৈয়দ আহমদের পূর্ব জীবন কি রকম ছিল ? (৩) পাঞ্জাবে কাদের সঙ্গে ওয়াহাবিদের যুদ্ধ হয়েছিল ?

(৪) সমাজের কোন্ শ্রেণীর মানুষ ওয়াহাবি আন্দোলনে বেশী যোগ দিয়েছিলেন? (৫) কত খ্রীষ্টাব্দে এবং কোথায় তিতুমীরের জন্ম হয়? (৬) তিতুমীর কাদের বিরোধী ছিলেন? (৭) ওয়াহাবি আন্দোলনের প্রকৃতি কেমন ছিল? (৮) ফরাজী আন্দোলনে মূলতঃ কারা যোগ দিয়েছিল। (৯) 'হলকোয়াস' কাকে বলা হয়? (১০) দুধুমিঁয়ার উদ্দেশ্য কি ছিল? (১১) কোল বিদ্রোহ কোথায় এবং কেন হয়েছিল? (১২) সাঁওতালরা বিহার থেকে কোন অঞ্চলে চলে আসে? (১৩) কারা সাঁওতালদের শোষণ করত? (১৪) সাঁওতাল বিদ্রোহের ফলে সরকার কি ব্যবস্থা নিয়েছিল?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন:

(১) ওয়াহাবি আন্দোলনে সৈয়দ আহমদের ভূমিকা আলোচনা কর। (২) ওয়াহাবি আন্দোলনে তিতুমীরের কি ভূমিকা ছিল? (৩) ওয়াহাবি আন্দোলনের প্রকৃতি সম্বন্ধে আলোচনা কর। (৪) ফরাজী আন্দোলনে দুধুমিঁয়ার ভূমিকা কি ছিল? (৫) কোল বিদ্রোহ সম্পর্কে আলোচনা কর। সাঁওতালরা কেন বিদ্রোহ ঘোষণা করেছিল?

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন:

(১) ওয়াহাবি আন্দোলন সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর। (২) ওয়াহাবি আন্দোলনের প্রকৃতি সম্পর্কে আলোচনা কর। (৩) বাংলাদেশে ফরাজী আন্দোলন সম্পর্কে কি জান? (৪) সাঁওতাল বিদ্রোহের কারণ ও ফলাফল আলোচনা কর।

১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ

(ক) এক কথায় উত্তর দাও:

(১) ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহে অযোধ্যার কোন্ শ্রেণীর মানুষ যোগ দিয়েছিল? (২) মুসলমান সম্প্রদায় কাকে বাদশাহ উপাধি ব্যবহার করতে না দেওয়ায় অসন্তুষ্ট হয়েছিল? (৩) কালাপানি কি? (৪) এনফিল্ড রাইফেল কি? (৫) কোথায় সর্বপ্রথম বিদ্রোহ শুরু হয়? (৬) কে সর্বপ্রথম বিদ্রোহ শুরু করেন? (৭) তাঁতিয়া টোপী কে ছিলেন? (৮) সম্রাট বাহাদুর শাহের সেনাবাহিনীর অধ্যক্ষ কে ছিলেন? (৯) কুনওয়ার সিং কোথাকার জমিদার ছিলেন? (১০) ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহে অন্যতম নেত্রী কে ছিলেন?

(খ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন:

(১) দেশীয় রাজারা ইংরেজ সরকারের ওপর চটেছিল কেন? (২) মুসলমান সম্প্রদায়ের অভিযোগ কি ছিল? (৩) ভারতীয়দের প্রতি ইংরেজদের মনোভাব কিরকম ছিল? (৪) কোন্ কোন্ যুদ্ধের পর ভারতীয়দের আত্মবিশ্বাস জন্মে? (৫) এনফিল্ড রাইফেল সম্পর্কে কি জান? (৬) সিপাহীদের বিদ্রোহ কোথায় বিস্তৃত হয়েছিল?

(৭) অযোধ্যার তালুকদারেরা বিদ্রোহে যোগ দিয়েছিল কেন ? (৮) নানাসাহেব কেন বিদ্রোহ করেছিলেন ? (৯) ঝাঁসির রানীর কি অভিযোগ ছিল ?

(গ) সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন ঃ

(১) ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহে রাজনৈতিক কারণ কি ছিল ? (২) মুসলমান সমাজ ইংরেজদের উপর ক্ষুব্ধ হয়েছিল কেন ? (৩) ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের পূর্বে চাকরীর ক্ষেত্রে কি বৈষম্য ছিল ? (৪) ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহে অর্থনৈতিক কারণ কি ? (৫) ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের পিছনে সিপাহীদের কি বিক্ষোভ ছিল ? (৬) ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের নেতৃবৃন্দের সম্বন্ধে আলোচনা কর। (৭) ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের প্রকৃতি সম্বন্ধে আলোচনা কর।

(ঘ) রচনাভিত্তিক প্রশ্ন :

(১) ১৮৫৭ সালের বিদ্রোহের রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক কারণ সম্বন্ধে আলোচনা কর। (২) ১৮৫৭ সালের বিদ্রোহের বিস্তার ও জনগণের অংশগ্রহণ সম্পর্কে আলোচনা কর। (৩) ১৮৫৭ সালের বিদ্রোহকে ভারতের প্রথম স্বাধীনতা যুদ্ধ বলা যায় কি ? যুক্তিসহ আলোচনা কর।

S.C.E.R.T., West Bengal
Library
Calcutta
25/3, B. L. Road



H IX
KAM